

অফ্টম খণ্ড।

ভারতবর্ষ

(প্রাচীন ভারতবর্ষ)

ৰীত্বৰ্গাদাস লাছিড়ী প্ৰণীত।

প্রকাশক,— শ্রীধীরেন্দ্রনাথ লাহিড়ী। "পৃথিবীর ইতিহাস" কার্যালয়, হাওড়া। শপৃথিবীর ইতিহাস" প্রিন্টিং ওয়ার্কস,
 ৬৫, কালীপ্রসাদ বানাজ্জীর লেন, ক্ষীরেরতলা, হাওড়া হইতে
 শ্রীধীরেক্রনাথ লাহিড়ী দ্বারা মুদ্রিত।

ाने. चक्का t

"পৃথিবীর ইতিহাস" অষ্ট্রম খণ্ড প্রকাশিত হইল। এই আষ্ট্রম খণ্ডে প্রাচীনা ভারতবর্ষ" শেষ করিলাম।

প্রাচীন ভারতবর্ষের ইতিহাস—অনস্ত কালের অনস্ত কাছিনী বন্ধে ধারণ করিরা আছে।
আট খণ্ড "পৃথিবীর ইতিহাসে" তাহার কতটুকু পরিচর দেওয়া সন্তবপর! হতরাং অলের
মধ্যেই অনেক বিষয় সালোচনা করিতে হইরাছে। এক এক রাজার বা এক এক রাজাদ্বের
বিবরণ লিপিবদ্ধ করিতে হইলেই প্রকাণ্ড প্রকাণ্ড গ্রন্থ-রচনা আবশুক হয়। কিন্তু প্রাচীন
ভারতবর্ষে কত রাজার ও কত রাজ্যের অভ্যুখান ও পতন সন্ত্রটিত হইরাছে, তাহার ইয়ন্তা
নাই। সে ইতিহাস চয়ন করিতে হইলে, কি পরিমাণ আয়াস-স্বীকার আবশুক, তাহা
সহজেই অনুমান করা যায়।

প্রানি ভারতের প্রারত্ত—বেদাদি শাস্ত্রগ্রেষ্থ বীজ-রূপে নিহিত আছে। প্রাণ-উপপ্রাণে এবং রামায়ণ-মহাভারত প্রভৃতিতে তাহার সামায় অঙ্কুর-পল্লব মাত্র পরিদৃষ্ট হয়। তাহাতেই বৃথিতে পারা যায় না কি—প্রার্ত্তের কি বিরাট উপাদান স্তরে স্তরে সজ্জিত রহিয়াছে!

এক এক দিকের এক এক বিষয়ের আলোচনা করিয়াই অধুনা এক এক জন দেশ-বরেণ্য পণ্ডিত বলিয়া গণনায় হইতেছেন। কেহ বা প্রাচীন ভারতের বৈদেশিক বাণিজ্ঞা-প্রসঙ্গে, কেহ বা হিন্দুগণের রাষ্ট্রনীতির আলোচনায়, কেহ বা তাঁহান্গির রুমায়ন-জ্ঞানের গবেষণায়,— নানা জনে নানা ভাবে নানা দিক হইতে অনুসন্ধান করিয়া, যশের জয়মাল্য লাভ করিতেছেন। কিন্তু সকলের সকল অনুসন্ধানের ভিত্তি-ভূমি যে শাস্ত্র-গ্রন্থ, তিহিষয়ে কোনই সংশয় নাই। সেই ভিত্তির উপর, স্বদেশের ও বিদেশের কিন্তুন্তরী-কাহিনী-সমূহ মিলিত হওয়ায়, ভিন্ন ভিন্ন অট্রালিকা বিগঠিত হইতেছে। অনেক স্থলে আবার শাস্ত্রোক্তির প্রতিষ্ঠা-কল্পে বৈদেশিকের বাক্যাদিও প্রমাণ-মধ্যে পরিগণিত!

"চতুর্বেদের" ব্যাখ্যা ও সম্পাদন-কার্য্যে আত্মনিরোগ করার পর হইতে মনের গতি অগ্র পথে প্রধাবিত। এখন দেখিতে পাইতেছি, যিনি যে বিষয়ে যতই গবেষণা করুন না কেন, বেদের মধ্যে বীজ-ভাবে সকলেরই মূল-তর্ব নিহিত রহিয়াছে কিবা ধর্ম-বিষয়ে, কিবা সমাজ-বিষয়ে, কিবা বিজ্ঞান-বিষয়ে, কিবা রাষ্ট্রনীতি বিষয়ে,—যে বিষয়েই যিনি কোনও নৃতন তম্ব উদ্ভাবন করিবেন, আমরা দেখাইতে পারি, বেদে বীজ-রূপে সে সকলই বর্তমান রহিয়াছে। প্রত্নতম্বামু-সন্ধিৎমু পণ্ডিতগণ কেহ কেহ সময়ে সময়ে ভামাদিগের নিকট আসিয়া বিভিন্নরূপ প্রশ্নের উত্তর প্রার্থী হয়েন। বিভিন্নরূপ সমাজের, বিভিন্নরূপ ধর্মের, বিভিন্নরূপ রাজনীতির, বিভিন্নরূপ জ্ঞান-বিজ্ঞানের আলোচনা—এতৎসম্পর্কে হইয়া থাকে। সেই আলোচনার কলে দেখিতে ন পাই,—সকলের সকল প্রকার প্রশ্নের মীমাংসাই বেদাদি শাস্ত-গ্রন্থে প্রাপ্ত হওরা বার। কাল অনস্ত! কার্যাবলি অনস্ত! অনস্তের সেই অনস্ত আলেখা অনস্ত আবরণে আবৃত আছে। প্রয়োজন অঃসারে ইতিহাস তাহারই এক এক প্রান্তের আবরণ উন্মোচন করে মাত্র। তাই যে দৃষ্টিতে যিনি অনুসন্ধান করেন, ইতিহাসে সেই সামগ্রীই তিনি প্রাপ্ত হইয়া থাকেন। জ্বাতীয় জাবন সংগঠনের যে উপাদান, রাষ্ট্রনীতির মধ্য দিয়া তাহা প্রদর্শন করাই পৃথিবীর ইতিহাসের এক লক্ষ্যস্থল। আমরা যে লক্ষ্য লইয়া এই "পৃথিবীর ইতিহাস" প্রণয়নে প্রস্তুত হইয়াছি, জানি-না, সে লক্ষ্য কত দিনে সিদ্ধ হইবে!

এই "পূথিবীর ইতিহাস" প্রণয়নে প্রথম হইতেই বলিয়া আসিরাছি,—বেদরত্ব শ্রীমান্ প্রমথনাথ সাম্ভাল আমার দক্ষিণহস্তস্থানীয়। এই অন্তম খণ্ড "পূথিবীর ইতিহাস" প্রকাশ তাঁহারই কাতত্বের নিদর্শন। এই শন্তম খণ্ডের অতি সামান্ত অংশ মাত্র আমার রচনা বলিতে পারি। এই খণ্ডের এণয়নে তিনি এমনি স্থালরভাবে আমার অনুসরণ করিয়াছেন যে, আমি তাহাতে আশ্চর্যান্থিত হইয়াছি। তাঁহার অনেক রচনা পড়িতে পড়িতে আমার নিজের রচনা বলিয়াই মনে হয়। শ্রীমান্ প্রমণনাথ দার্যজীবী হউন, তাঁহার যশঃপ্রভা দিগন্তবিশ্রুত হউক,—ইহাই আমার আন্তরিক আশীর্কাণ। ইতি ১৪ই আখিন, সন ১৩৩৩ সাল।

'পৃথিবীর ইতিহাস'' কার্য্যালয়, হাওড়া। • • নিবেদক, মতুর্গাদাস লাহিড়ী (শর্মা)

ভারতবর্ষ

-\$\$ ***** \$\$:-

সংক্ষিপ্ত স্থচীপত্ৰ

পরিচেদ্রদ	! त् मश	পৃষ্ঠা
১ম।	অনুর্বত্তি	
•	👡 ধর্ম-শক্তির ক্রিয়া ৯; অধণ্যে উচ্ছেদ ১•; আবর্ত্তন-বিবর্ত্তন ১১।	
২য়।	কুশনগণ ও পারসিকগণ	>4
	কুশন-বংশের অধঃপতনে পারস্তের প্রভাব ১৩ ; কুশন-বংশের পরিচয়- চিহ্ন ১৫ ; রাজ্যকাল-সম্বন্ধে জালোচনা ১৬।	
তয়।	বৈদেশিক সংশ্রবে পরিবর্ত্তন-প্রদঙ্গ	
	যবনগণ ২০ : যবনগণের পরিচয়-প্রসঙ্গে ২০ , যবনরাজ মেনান্দার ২১ ; ধন্মোনতিকলে যবনের দান ২২ ; যবনগণ কি হিন্দু ছিলেন ২৩ ; যবনের হিন্দুধর্মগ্রহণ ২৩ ; বৌদ্ধধ্যাবলম্বী শক্তাণ ২৪ ; শক্তাণ ব্রাহ্মণ্য- ধর্ম্মের পোষক হন ২৫ ; শক্দিগের হিন্দুভাব ২৭ ; শক্বংশীয় রুদ্রদমন হিন্দু হন ২৭ ; আভীরগণ ২৮ ; আভীরগণের পরিচয় ২৮-২৯।	
8र्थ	ভারতে 'হেলেনিক' প্রভাব	૭ર
	বৈদেশিকের স্বধর্মত্যাগ ৩২; সমসাময়িক বৈদেশিক (ভারতেরু সহিত তুলনায়) নৃপতিগণ ৩৪; উপসংহার ৩৬।	
৫ম	গুপ্ত-বংশের অভ্যুদয়ে সমাজ-ধর্ম	୬ବ
	ইতিহাসে বিশেষত্ব ৩৭; বৌদ্ধধর্মের প্রসার ৩৭; সিংহলে বৌদ্ধ- প্রভাব ৩৮; লিপি প্রভৃতির প্রমাণ ৪০; হুয়েনৎ-সাঙের বর্ণনা ৪২;	

ব্দংপতন ৪৭; গুপ্ত-বংশের অভ্যাদয়ে বৌদ্ধ ও জৈনধর্ম্বের পরিণতি ৪৮।

পরিচ্ছেদ।

বিষয়

श्रृष्ट्रा ।

৬। গুপ্ত-কাল-গণনায় বুদ্ধের নির্বাণ-প্রসঙ্গ

(t o

লিপির প্রামাণ্য ৫০; নির্বাণ-বিষয়ে সমস্থা ৫০; পাশ্চাত্য-মতের আলোচনা ৫২; কোলত্রকের সিদ্ধান্ত ৫৩; আলোচনার প্রকৃত তথ্য-নির্ণয় ৫৪; মৌগ্যরাজ্ঞগণের কাল-প্রসঙ্গে বিতর্ক ৫৫; সামঞ্জন্ত-সাধনের প্রায়াদ ৫৬; মহাবংশের মত ৫৬; বিরুদ্ধ মতের সামঞ্জন্ত-সাধন ৫৮; অধ্যাপক কার্ণের অভিমত ৫৯; উপসংহার ৬০।

৭ম। গুপ্ত-প্রদঙ্গে অন্ধুগণ

৬১

পূর্বাভাস ৬১; প্রাচানত্ব বিষয়ে অথব্রণাচার্যাের অভিমত ৬১; অথব্রণাচার্যাের উক্তির অযৌজিকতা বিচার ৬২; শাস্ত্র প্রমাণ ৬৬; অঞ্জনগণের পরিচয় ৬৪, লিপির প্রমাণ ৬৫, অঞ্জ ও দকি গণেপ ৬৬, অঞ্জন্তের পেথান ও কলিয়েন। ৬৭, অঞ্জ ও শক ৬৭; টলেমিব এফে পরিচয় ৬৮; মুলাদির প্রমাণ ৭০; সাহিত্যে নিদর্শন ৭১, মন্তব্য ৭২, অঞ্জ বংশের পরিচয়ে সমসাময়িক থহুবাট্ ও শক সাত্রাপ্রণ ৭০।

৮ম। গুপ্ত-প্রাধান্মের প্রাকালে ভারতের বাণিজ্য

98

প্রতিষ্ঠার চরম চিত্র ৭৪, পূর্বাভাস—বাণিজ্য স্থাত্র সন্ধর গতেবিধি ৭৪; অর্থপোতের কথা ৭৫, মৌয্য-প্রাধান্তে উৎকর্ম ৭৫: কেনেজের সাক্ষ্য ৭৬; কুশন ও অন্ধ্র-রাজ্যও বাণিজ্যের পরিচয় ৭৭, ফুলাদির সাক্ষ্য ৭৮; বাইবেলে বাণিজ্য-প্রসঙ্গ ৭৯; বাণিজ্যের কেল্ড ৮০, মিশরের সহিত বাণিজ্য ৮০; বন্দরের পরিচয় ৮২; প্লিনির গ্রাহে বাণিজ্য পথের পরিচয় ৮২; বিবিধ প্রসঙ্গে ৮৩।

৯ম। রোমে ভারতের বাণিজ্য

68

রোমে বাণিজ্য-প্রসঙ্গ ৮৪; বাণিজ্যে অর্থ-শোষণ ৮৪; রোমে ভারতায় দ্ত ৮৫; রোমে ভারতীয় পণ্য ৮৬; হীরকাদি পণ্য-সম্ভার ৯৭; বাণিজ্যে অ্বনতি ৮৮; ভারতের সৈনিক-বিভাগে স্বন-দৈশ্র ৮৮; ভারতে ক্বনের ধর্ম-মন্দির-নির্মাণ প্রসঙ্গ ৮৯।

>০ম I সাহিত্যে বাণিজ্য-প্রসঙ্গ

20

বেদাদিতে বাণিজ্যের কথা ৯০; প্রাচীন সাহিত্যে রোমক প্রসঙ্গ ৯০; পালি-গ্রন্থে রোমক পরিচয় ৯১; বাণিজ্য-প্রসঙ্গে থাবেরিজ বন্দর ৯২; ভারতে বৈদেশিক শিল্পী ৯৩; ভারতের জেটি ও আলোক গৃহ (লাইট হাউদ) প্রভৃতি ৯৩। विषय !

शृष्ट्री।

১১শ I পাশ্চাত্য-সাহিত্যে বাণিজ্য-প্রসঙ্গ

DO

জাগাথারকাইডিস ও প্রিনি ৯৫; টালমি ও পেরিপ্লাস ৯৫; পেরি-প্লাসে বন্দরের পরিচয় ৯৬; টলেমির চিত্র ৯৭; কসমাসের সাক্ষ্য ৯৮; উপসংহারে বক্তবা ৯৮; বিরুদ্ধ-মতের আলোচনা ১০০।

১২শ। প্রাচ্যে ভারতের বাণিজ্য

205

চীনে বাণিজ্ঞা ১০২ : চীনে ভারতের উপনিবেশ ১০২ : চীনে ভার-তের টাকশাল ১০৩ : উপনিবেশ সম্বন্ধে বিবিধ তথা ১০৩ : ক্ড উপ-ঢৌকনে বাণিজ্ঞা প্রতিষ্ঠা ১০৪ : ভারতের সহিত সম্বন্ধ-সূত্র ১০৬ ; ভারত কর্ত্বক চীন বিজয় ১০৬ : দুতের গতিবিধি-সূত্রে বাণিজ্যেব প্রসার ১০৮ : রৌদ্ধ-ধর্ম-প্রচাতে বাণিজ্ঞার স্থবিধা ১০৯ : চীনে পঞ্চারির উপাসনা ১১১ ; চীনের হিন্দু অধিবাসী ১১২ : চীনে বৌদ্ধ-ধর্মের প্রতিষ্ঠা ১১০ : বৌদ্ধ-ধর্মের তথা নিরূপণে রাজকীয় কমিশন ১১৩ : বাণিজ্ঞো প্রতিদ্বন্থী ১১৪ : বিভিন্ন বাণিজ্ঞা-কেন্দ্র ১১৪ : চীনে অষ্ট্রস্থ পূজা ১১৫ : চীনাগণ হিন্দু ছিলেন ১১৬ : চীনে ভারতীয় ইক্ষু ও চিনি ১১৬ ; চীনে ভারতীয় মুক্তা-গুক্তি প্রস্থৃতি ১১৭ ; চীনদেশে ভারতের প্রবালাদি রত্ন ১১৮ ।

১৩শ। বহির্ন্বাণিজ্যে সমৃদ্ধির পরিচয়

320

প্রল-পথে বাণিজ্য ১২০: বণিকগণের মিলন-মন্দির ১২০; ভারতের বহির্ভাগে হিন্দুর উপনিবেশ ১২০: যবদ্বীপে হিন্দু-উপনিবেশ ১২২; বিভিন্ন পানে হিন্দু-উপনিবেশ ১২২: জন্মণীতে ভারতের উপনিবেশ ১২৩।

>8*। जन्तिशिका शिविष्ठी

>28

পাটলিপুত্র—বাণিজা-কেন্দ ১২৪; বিভিন্ন বাণিজ্য-পথ ১২৪; দক্ষিণ-ভারতের বাণিজ্য-পথ ১২৬; বাণিজ্য-বিষয়ক বিবিধ তথ্য ১২৬; ভারতে থাত্য-শস্থের রপ্তানি বন্ধ ১২৭; ভারতের যৌথ-কারবার ১২৮.; মুদা-প্রবর্ত্তনে টাকশাল স্থাপন ও ওজন পরিমাণ নির্দ্ধারণ ১২৮; ব্যাঙ্কের মধ্যস্থতার বাণিজ্য ১৩০; প্রাচীন ভারতের ব্যাক্ষ ১৩০।

>৫শ। সমাজ-নীতি ধর্ম্ম-নীতি প্রভৃতি

205

আদর্শ নীতি ১৩২; জাতিভেদ-প্রথা ১৩৩; বিবিধ উন্নতির পরিচয় ১৩৪; সমাজের বিবিধ চিত্র ১৩৫; ধর্ম্মে প্রতিষ্ঠা ১৩৫; প্রাচীন ভারতে স্বায়ক-শাসন ১৩৬। পরিচেছদ।

বিষয়।

शृह्य ।

১৬শ। বাণিজ্য-বিষয়ে বিবিধ তথ্য

209

অত্যাচারীর দণ্ডমূলক নীতি ১৩৭; সমৃদ্ধির পরিচয় ১৩৭; বিদেশে বাণিজ্য-পোত ১৩৮; বৈদেশিক উপনিবেশ ১৩৮।

১৭শ। ভারতের গুপ্ত-নুপতিগণ

202

আঁধারে আলোক ১৯৯; পূর্কামুস্তি ১৪০; চন্দ্র-গুপ্তের অভ্যাদয়ে ধর্মের প্রতিষ্ঠা ১৪১; গুপ্ত-গণের আদি-নির্দ্ধারণে সমস্তা ১৪২; আদি-নির্দ্ধার বাদ-বিত গু ১৪১; গুপ্ত-বংশের বংশ-লতা ১৪৪; প্রতিষ্ঠার পরিচয়ে ১৪৫; বংশ-পরিচয় ও জাতি-নিরূপণ ১৪৫; গুপ্ত-রাজ্ঞগণ কোন্ জাতীয় ছিলেন ১৪৬; বিতশার কারণ ১৪৭; আমাদিগের সিদ্ধান্ত ১৪৭; গুপ্তাগ কোন্ ধর্মাবলম্বী ছিলেন ১৪৯; গুপ্ত-বংশের নূপতি বৃন্দ ও রাজ্য-কাল ১৫০—১৫১; সর্দ্রতোন্থী উন্নতির পরিচয় ১৫১, সংস্কৃত-ভাষার পূর্ণ বিকাশ ১৫২; হিন্দু-ধর্মের প্রতিষ্ঠায় গুপ্ত-গণের সমদর্শন-নীতি ১৫৩; গুপ্রংশের আদি কে দু—মহার'জ গুপ্ত গুপ্ত গুড়াইকচ ১৫৪।

১৮শ। গুপ্ত-কাল বা গুপ্তাব্দ

300

গুপ্ত-কালেব পরিচয় ১৫৬: নামকরণে বিতন্তা ১৫৬: নামকরণে ডক্টর ফ্লিটের মন্তব্য ১৫৭; মর্ব্বি-দান-লিপি ১৫৮; নামকরণে অস্তান্ত সমস্তা ১৫৯: গুপ্ত-কালের আদি-নির্দ্ধারণে প্রয়াস ১৬০।

১৯শ। গুপ্ত-কাল দুচনায়

262

কাল-নিরপণে বিতর্ক ১৬১; ফ্রিটের প্রদন্ত বংশ-তালিক। ১৬১; বংশ-লতা সম্বন্ধে মস্তব্য ১৬৩; এম্ রিপো কর্ত্ ক আবুল ফজলের অমুবাদ ১৬৪; অধ্যাপক সাচৌ-র অমুবাদ ১৬৪; আল্-বারুণির মতের সমালোচনা ১৬৫; রিণোর অমুবাদের তুলনায় ১৬৬; ফ্রিটের মস্তব্য ১৬৭; রাজ্ব তর্কিণীর তুলনায় ১৬৮; আল্-বারুণির অপরাপর সিদ্ধান্ত ১৬৮; অমুবাদ সম্বন্ধে বক্তব্য ১৬৯; গুপ্তকাল সম্বন্ধে আল্-বারুণির মূল উক্তি ১৭১।

২০শ। পাশ্চাত্য-পণ্ডিতগণের গবেষণা

392

স্থানার বক্তব্য ১৭২; আচার-টীকার মন্তব্য ১৭৩; আচারটীকা সম্বন্ধে ফ্লিটের অভিমত ১৭৪; অস্তান্ত মন্তব্য ১৭৫।

২১শ ৷ পাশ্চাত্য-মতে গুপ্ত-কাল

296

টমাসের মস্তব্য ১৭৬; টমাসের মতের সমালোচনা ১৭৭; কানিং-হামের অভিমত ১৭৯; জুলিয়ানের বক্তব্য ১৮৩; হুয়েনৎ-সাঙ্গের মস্তব্য शतिष्टम ।

विशय।

शर्धा ।

প্রসঙ্গে বহলভীদিগের পরিচয় ১৮৩; বহলভীগণের বংশলতা ১৮৫; দাগুর্সনের সিদ্ধান্ত ১৮৫; রাজতরঙ্গিণীর আলোচনা ১৮৮; ভাউদাজির অভিমত ১৮৯; আস্তান্ত আলোচনাকারী ১৯১; ডক্টর হলের মন্তব্য ১৯১; নিউটনের সিদ্ধান্ত ১৯২; ওয়াটসনের বক্তব্য ১৯২; ডক্টর বুলারের সিদ্ধান্ত ১৯৬: ওল্ডেনবর্গের মত ১৯৬; হর্ণেলের সিদ্ধান্ত ১৯৪; বেলির মন্তব্য ১৯৪; প্রাচ্যদেশীয় বিভিন্ন পণ্ডিতগণের মত ১৯৫।

২২শ। সমস্থা-সমাধানে মান্দাসোর লিপি

284

স্চনায় কক্তব্য ১৯৭; মান্দাসোর লিপিতে সমস্তা সমাধান ১৯৭; গড়

কিসাবে সামপ্তস্ত-সাধনের প্রয়াস ১৯৮; নির্কাণান্দের সহিত সম্বন্ধ আলো

চনায় ১৯৯; ফ্লিটের আলোচনার মর্ম ২০০; বেরাবেল লিপির প্রসঙ্গ ২০১;

লিপির কাল নির্দ্দেশ ২০২; প্রতিবাদে বত্তব্য ২০০; বিরুদ্ধমত-গণ্ডনে

গক্তি ২০৪; গুপ্তকালের প্রাবস্ত ২০৫; সংশ্য স্চনায় ২০৬; আভাস্তবীণ

স্প্রমাণ ২০৭, বহিঃ-প্রমাণ ২০৯; প্রতিহাসিক প্রমাণের নিদর্শন ২১০।

২০শ। গুপ্ত-কাল-গণনার প্রণালী

२ऽ२

গৌর ও চাক্র গণন' পদ্ধতির ২১২; উত্তর ও দক্ষিণ ভারতের গণনা-পদ্ধতির তুলনা ২১২; বিভিন্ন অন্দের তুলনায় ২১১; গণনা-প্রাণালীর তুলনায় ২১৪; শককালের ক্রম-ত্লনায় ২১৬।

২৪শ। গুপ্ত-কাল-গণনায় লিপি

226

স্টনায় বক্তব্য ২১৮; মান্দাসোর লিপি ২১৮; লিপির অবস্থান ও নামকরণ ২১৮; লিপির প্রতিপাত্ম ২১৯; লিপির পরিচয় ২২০; মশ্মার্থাংশ ২২২।

২৫শ। এলাহাবাদ স্তম্ভলিপি

२१७

লিপির পরিচয় ও অবস্থান ২২০; ম্ললিপি ২২৩-২২৪; লিপ্র মর্মান্থবাদ ২২৫।

২৬শ। বিবিধ লিপি

२२१

জুনাগড়ের পার্বত্য লিপি ২২৭; লিপির অবস্থান ২২৭; লিপির প্রতিপাত্ম ২২৮; মূললিপি (প্রথম অংশ) ২২৮—২৩০; দ্বিতীয় অংশ ২৩০—২৩১; উদয়গিরি গুহালিপি ২৩১; অবস্থান ও পরিচয় ২৩১; লিপির উদ্দেশ্ম ২৩২; লিপির পরিচয় ২৩২; লিপির মর্ম্ম ২৩২; কাহাউম

পরিচ্ছেদ। বিষয়।

স্তম্ভলিপি ২৩২; অবস্থান নির্দেশ ২৩০; লিপির পরিচয় ২৩০; লিপির মর্ম্ম ২৩০; ঘাটোয়া প্রস্থার লিপি ২৩৪; অবস্থান ও আবিষ্কার ২৩৪; প্রথম লিপি ২৩৪; দ্বিতীয় লিপি ২৩৫; লিপির পবিচয় ২৩৫; বিথারি স্তম্ভলিপি ২৩৫; অবস্থান নির্দেশ ২০৬; লিপির আদর্শ ২৩৬; মর্ম্মাভাস ২৩৭; মানক্যার লিপি ২৩৮; লিপির অবস্থান ২৩৯; লিপির প্রতিক্তি ২৩৯; মর্ম্মাভাস ২৩১।

২৭শা গুপ্ত-বংশের রাজগণ

280

भुष्टी ।

স্থানার ২৮০: সাদি-নির্ণয়ে ২৪০: গুপ্তগণের প্রাচীনত্ব ২৪১; ঘটোৎকচ ২৪১: বিবিধ প্রসঙ্গ ২৪২।

২৮শ। প্রথম চন্দ্র-গুপ্ত

289

মৌভাগোর স্কানায় ২৪০ ; লিচ্ছবি জাতির পবিচয় ২৪০ : চন্দ-গুপের রাজ্য-পবিচয় ২১৪ : ওপ কাল ২৪৫ : বিবিধ বক্তবা ২০৫।

২৯শ। সমুদ্র-গুপু

₹85

ইতিহাসে প্রতিষ্ঠা ২৪৬: সমুদ্র-শুন্তের রাজ্যপ্রাপ্তি ২৪৬: সমুদ্র-শুন্তের দিখিজয় ২৪৭; দিখিজয়ের পরিচয় ২৪৭: লিপিতে দিখিজয়-বর্ণন ২৪৮; বিজিত রাজা ও রাজ্যের পরিচয় ২৪৯; বিজিত পার্লতা-জাতি ২৫০: বিজিত সীমান্ত-জাতি ২৫০: জাতাতা নুপতিবৃদ্দ ২৫০: বৈদেশিক নুপতির পরিচয় ২৫০: জাতামেধ সজ্ঞ ২৫৫: দানশালতাব পরিচয় ২৫৫: এরণ লিপি ২৫৬: সমুদ্র-শুপুর রাজ্যকাল ২৫৭; বিবিধ জ্ঞাতব্য ২৫৮: সমুদ্র-শুপুর ও কাচ ২৫৯: সিংহলরাজ্যের দেতিঃ ২৬০।

৩০শ। চন্দ্ৰ-গুপ্ত বিক্ৰমাদিত্য

265

প্রতিষ্ঠার মূল ২৬১ : মালব-বিজয় ২৬১ ; ক্ষত্রপদিগের পরিচয় ২৬২ ; কাল-সম্বন্ধে বিভণ্ডা ২৬০ : চরিত্রের বিবিধ আদর্শ ২৬০ : চক্র ও চক্র-গুপ্ত ২৬৪ ; চৈনিক পরিত্রাজক ফা-হিয়ান ২৬৬ : রাজকর্মাচারীর পরিচয় ২৬৯ ; মুদার পরিচয় ২৭০ : চক্রগুপ্তের রাজসভায় মহাকবি কালিদাস ২৭১—২৭৫ : সমর্থক পাশ্চাত্য মত ২৭৫ ।

৩১শ। কুমার-গুপ্ত মহেন্দ্রাদিত্য

२ १७

রাজ্যকাল সম্বন্ধ মস্তব্য ২৭৬ ; মূদ্রায় ও লিপিতে পরিচয় ২৭৬ ; কুমার-গুপ্তাও বস্তবন্ধ ২৭৭ ; বিক্জমতের আলোচনা ২৭৯। পরিচেছদ।

বিষয় ৷

शृष्ट्रा ।

263

৩২শ। গুপ্তবংশের অক্যান্য নৃপতি

পতনের স্টনায় ১৮০; স্কন্দ-গুপ্ত ২৮০; বিজিত শক্রগণ ২৮২; স্থাসনের নিদর্শন ২৮২: লোকাস্তরে ২৮২: পুরগুপ্ত প্রকাশাদিত্য ২৮০; অস্তিস্থ-স্বন্ধে বিভণ্ডা ২৮০; নরসিংহ-গুপ্ত বালাদিত্য ২৮৪; দিতীয় কুমার-গুপ্ত ২৮৫; শেষ গুপ্ত-নৃপতি ২৮৫: গুপ্ত-বংশের সংক্ষিপ্ত পরিচয় ২৮৬; মালবের গুপ্ত-গণ ২৮৭; গুপ্ত-বংশের সম্বন্ধ পরিচয়ে বহলবী রাজবংশ ২৮৮; ভারতে ধেত-ভ্নগণ ২৮৮; গুজারগণ ২৯০।

৩৩শ। থানেশ্বর রাজ্য

275

প্রভাকর-বদ্ধন ২৯০; রাজ্যবদ্ধন ২৯১; হ্যবদ্ধন ১৯১—১৯৫;
শশাদ্ধ-বিজ্ঞা ২৯২, রাজ্যবিস্তার ১৯২; দান্ধিনাত্যে পরাজ্ঞা ২৯০;
বহলবা বিজ্ঞা ২৯০; রাজ্যশাসন-বিধি ১৯০; ধ্যাবিশ্বাস ১৯৪; ধ্যা-সজ্য ২৯৪; চানে দৌত্য ২৯৫, সপ্তম শতাক্ষার বিশিষ্ট বটনা ১৯৫; উৎসবে শাদা ২৯৭; উপসংহারে বিবিধ বক্তব্য ১৯৮।

৩৪শ। স্বাধান বঙ্গের স্বাধান নূপতি

299

স্বাধীন বঙ্গের শাসন-তন্ত্র ২৯৯; স্বাধীন বঙ্গের স্বাধীন নূপতি ৩০০; গোপালদের ৩০০; বর্মপাল ৩০১; দেবপালদের ৩০২; প্রথম বিএহপাল ৩০৬; সম্বন্ধ-নির্বন্ধে ৩০০; নারায়ণপাল ৩০৬ রাজ্যপাল ৩০৬; দিতীয় বিএহপাল ৩০৬; মহীপালদের ৩০৫; নরপাল ও তৃতীয় বিগ্রহপাল ৩০৬; দিতীয় মহীপাল ৩০৬; অক্তান্ত পালরাজ্বগণ ৩০৬; বিবিধ প্রসন্ধ ৩০৭; পালবংশের বংশতালিকা ৩০৯।

, ৩৫শ। ভারতের বিভিন্ন খণ্ড রাজ্য

050

নেপাল-রাজ্য ৩১০; কামরূপ রাজ্য ৩১১; কাশার রাজ্য ৩১২; কান্তকুজ, পাঞ্চাল প্রভৃতি ৩১৪; যেজাক্ভুক্তির চান্দেলবংশ এবং চেদির কলচুরি বংশ ৩১৮; চেদিরাজ্য ৩১৮; শেষ স্মৃতি ৩১৯; মালব-রাজ্য ৩১৯; রাজা মুঞ্জ ৩১৯; ভোজরাজ বা ভোজদেব ৩১৯; বিবিধ বক্তব্য ৩২০।

৩৬শ। দক্ষিণ-ভারতের বিভিন্ন রাজবংশ

৩২ ১

বাতাপার চালুক্য-বংশ ৩২১—৩২৩; প্রথম পুলকেশা ৩২১; বিতীয় পুলকেশা ৩২২; প্রথম বিক্রমাদিত্য ৩২৩; পরবর্তী রাজগণ ৩২৩; ধর্মো প্রবিস্তিন ৩২৩; রাষ্ট্রকুট বংশ ৩২৪—৩২৭; বংশের পরিচয় ৩২৪; পরিচেছদ।

বিষয়।

श्रृष्ट्री।

ষিতীয় গোবিন্দ ও অহাত নৃপতি ১২৪; অমোঘবর্ষ ১২৫; অহাত রাজগণ ৬২৫; রাষ্ট্রকূট সম্বন্ধে বক্তব্য ৩২৬; কল্যাণের চালুক্য-বংশ ৩২৭—৩২৯; তৈল ৩২৭; সত্যাশ্রয় প্রভৃতি ৩২৭; বিক্রমাদিত্য ৩২৮; পরবর্তী ঘটনা ৩২৮; ধন্মে পরিবর্ত্তন ৩২৮; হৈশল-বংশ ৩২৯—৩৩০; আদিকথা ৩২৯; অহাত পরিচয় ৩৩০; বাদবগণ ৩৩০—৩৩১; রাজা সিজ্যন ৩৩০; রাজা রামচন্দ্র ৩০০; বিবিধ ৩৩১; দাক্ষিণাত্যের প্রধান রাজবংশের বংশলতা ৩৩১—৩৩২; বাতাপির চালুক্য-বংশ ৩৩১; মাত্যথেতের রাষ্ট্রকূট বংশ ৩৩২; কল্যাণীর চালুক্য-বংশ ৩৩২; পাজ্যরাজগণ ৩৩৩—৩৩৫; চোল-রাজগণ ৩৩৫—৩৩৬; কেরল রাজ্য ৩৩৬—৩৩৭।

৩৭শ। স্বাধীনতার শেষ স্মৃতি

996

হচনায় ১০৮; পূর্বানুস্তি ১০৮, স্থানান গ্রান্ত্রায় ১০৯; পূর্ব-পরিচয় ৩৪০; বিজয়সেন ৩৪০—১৪১; বল্লালসেন ৩৪১—১৪০; কৌলীন্তের প্রবর্ত্তক কে ৩৪১; সেন-বংশ কোন্ ছাতি ১৪২; লক্ষণ-সেন ১৪৩—১৪৭; পরিচয় ও বিবিধ ৩৪৩—১৮৭; লক্ষণান্দ ১৪৪; বঙ্গে মুসলমান ৩৪৫; বৌদ্ধার্যের পরিণতি ১৪৫; মুসলমান কতুকি বঙ্গ-বিজয় ৩৪৬; লক্ষণসেনের বংশধরগণ ১৪৭; সেনবংশের বংশলতা ১৪৭, বঙ্গ-বিজয় ত৪৬; লক্ষণসেনের বংশধরগণ ১৪৭; সেনবংশের বংশলতা ১৪৭, বঙ্গ-বিজয় জালোচনা ১৫০; বিজনমুক্তির জালোচনা ৩৫০; সিদ্ধান্ত ১৫২; পরিপোষক যুক্তিসমূহ ৩৫১; বিবিধ প্রসঙ্গ ৩৫৮; লামা তারানাথের মত জালোচনা ১৫৭।

৩৮শ। ইতিহাদে বিশেষত্ব

906

ধর্মের প্রভাব ১৫৮; ধর্মের বিশেষত্ব ১৫৮; সমাজের বিশেষত্ব ১৫৯; ভৌগোলিক অবস্থানে বৈশিষ্ট্য ৬৬০; মুস্লমান আগমনের সমসাময়িক অবস্থা ৬৬১; পতনের কারণ ৩৬১; ধর্মহীনতা প্রাধীনতার কারণ ৩৬২; অদৃষ্টবাদিতায় পদস্থালন ৩৬৫; উপসংহার ১৬৬।

আট খণ্ড পৃথিবীর ইতিহাদের নির্ঘণ্ট

৩৬৭

ভারতবর্ষ

—\$; ***** ;\$—

প্রথম পরিচ্ছেদ।

অনুর্তি।

[ধর্মাণক্তির ক্রিয়া ;—অধন্মে উচ্ছেদ ;—আবর্তন-বিশ্তন।]

মহাভারতে মহাপ্রস্থান—ভারতের ভাগ্যাকাণে অমানিশার ঘোর অন্ধকার। বিধির বিধানে একতির পটে অমানিশার পর পৌর্ণমানীর আবঙ্ধন ঘটে। কিন্তু ভারতের এমনই হুভাগ্য যে, তাহার ভাগ্যে আর পূর্ণশার উদয় হয় নাই। প্রগাঢ় অন্ধকারের মধ্যে সময়ে সময়ে যে একটু আলোক-রশ্মি পরিফুট হইয়াছিল, প্রাধার ললাটে সিন্দূরবিন্দ্র ভাগ সে কেবল বিছাৎ-বিকাশ মাত্র। সে কেবল দেখাইবার জন্য—'ভারতবাদী! তোমরা দেখ—কোন্ শক্তির আশ্রয় গ্রহণে কি সম্পদের অধিকারী হইতে পার।'

বিষয়টী হালাত করাইবার জন্ত সময়ে সময়ে পুরাতনের পুনরার্ত্তি আবশুক হয়। তাহাতে নৃতনের মধ্যেও যে পুরাতনের স্থান আছে—স্বতঃই তাহা উপলব্ধ হইবে।

ধশ্মশক্তির ক্রিয়া।

ধর্মাশক্তিই স্থপ্রতিষ্ঠার মেরুদওস্থানীয়। ভারতের রাজা, ভারতের রাজা—ধর্মের ভিত্তির উপর প্রতিষ্ঠিত। ধর্মে উন্নয়ন, অধ্যে অধঃপ্তন—ভারতের ইতিহাদের প্রতি পত্রে প্রতি ছত্রে জাজলামান! ভারতের রাজা তাই "ধর্মারাজ্য" বলিয়া অভিহিত হন। ভারতের রাজা তাই 'ধর্মারাজ্য' বলিয়া পরিকীর্ত্তিত হয়। ধর্মারাজ্য-সংস্থাপন জন্মই ভগবান্ তাই আবিপ্তৃত হন। ধর্ম্মণক্তি—শ্রেষ্ঠ-শক্তি; ধন্মবল—শ্রেষ্ঠ-বল! বাহুবল, অস্ত্রবল, রাজ্যবল—সে শক্তির নিকট কদাচ তিষ্ঠিতে পারে না। অভ্যুথান অধঃপত্তন—সেই ধর্মাণক্তিরই ক্রিয়া-বৈচিত্র্য! তাই, যেথানেই প্রতিষ্ঠা দেখিতে পাই; যেথানেই গৌরবের বিজয়-বৈজয়ন্ত্রী উড্ডীন দেখি; সেথানেই সেই শক্তির প্রতিক্রিয়া প্রত্যক্ষ করি।

এই ভারতে কত রাজা কত রাজ্যের উত্থান-পত্ন সজ্জ্যীন হইল; কত রাজ্য—কত সাম্রাজ্য, জলবুদ্বুদের স্থায়, কালসাগরে বিলীন হইয়া গেল; কত পুরাতনের জীর্ণ-দীর্ণ কল্পালসার ভিত্তির উপর কত নৃতনের নবজ্জধরকান্তি কলেবর প্রতিষ্ঠিত হইল! কাহারও

गुः—है। ४९—२

গৌরব অঙ্গুল রহিল ; কেহ বা কালস্রোতে ভাসিয়া বিশ্বতির অন্ধতন গর্ভে নিমজ্জিত হুইল! ভারতের একই চিত্রপটের একই অঙ্গে এইরূপ কত পরিবর্তনই প্রত্যক্ষীভূত!

কেন এমন হয় ? এই উথান-পতনের—এই গৌরব-পদস্থালনের মূল অন্নুসন্ধান করিলে কি দেখিতে পাই ? দেখিতে পাই না কি ?—বৃঝিতে পারি না কি ?—সত্য-ত্রেতা-দ্বাপর-কলি চারি যুগে ফিনি যথনই প্রতিষ্ঠার তুলশৃঙ্গে আরোহণ করিয়াছেন ;—যে সামাজ্য যথনই জগতের ইতিহাদে বরণীয় শেষ্ঠ আসন লাভ করিয়াছে; —তখনই তাহার মূলে, ধর্মের প্রভাব বিছমান্ রহিয়াছে। ভারতের ইতিহাসে উথান-পতনের প্রতিষ্ঠা-পদস্থালনের যে অন্ধের প্রতিই দৃষ্টিপাত করি না কেন, সর্ম্বিত দ্যাশক্তির সেই অভিনব ক্রিয়া প্রত্যক্ষ হয়।

আমরা পুনংপুনং বলিয়া আসিয়াছি,—ভারতের ইতিহাস—ধর্মের ইতিহাস। তাই দেখিতে পাই, যখনই উচ্ছ্ জালতা প্রতিষ্ঠা লাভ করিয়াছে, যখনই ধর্মের প্রানিতে অধর্মের অভাগান ঘটিয়াছে, তখনই ভারতের ইতিহাস অন্ধলারে সমাচ্ছন্ন হইয়াছে। আবার, যখনই ধর্মের অভাগান ঘটয়াছে, তখনই ভারতের ইতিহাস অন্ধলারে সমাচ্ছন্ন গগনে বিহাচ্ছটার বিকাশ দেখিয়াছি। কিবা সাহিতো, কিবা ইতিহাসে, কিবা জ্ঞান-বিজ্ঞানে, কিবা কলাবিছার উৎকর্ম-মাধনে, সক্ষরই ধর্মের প্রভাব পূর্-প্রকটিত। ফলতঃ, ধর্ম ভিন্ন ভারতে কোনও বিছাই ক্রিলাভ করে, নাই, ধন্ম ভিন্ন ভারতে কোনও প্রতিভাই বিকাশ-প্রাপ্ত হয় নাই, ধন্ম ভিন্ন ভারতে কোনও প্রতিভাই বিকাশ-প্রাপ্ত হয় নাই, ধন্ম ভিন্ন ভারতে কোনও প্রতিহাসিক য়ুগের' কথা ছাড়িয়া দিয়া, যদি পৃষ্ট-জন্মের কয়েক শ্রাক্তী পুক্রের এবং তাহার প্রবর্তী কয়েক শ্রাক্তীর বিষয় আলোচনা করি, ভাহাতেও ঐ একই প্রমাণ প্রতাঞ্চ দেখি।

'शशस्त्र डिस्क्रम ।

আলেকজে ওারের ভারতাগননের সমন হইতে পণ্ডিতগণ 'ঐতিহাসিক মুগের' স্কুচনা বলিয়া সিদ্ধান্ত করেন। সেই সময় হইতে কনিক্ষের (কনিস্নের) রাজ্যকাল পর্যান্ত ভারতের অবস্থা-পরম্পরার আলোচনা করিলেও, নর্ম্মে প্রতিষ্ঠা অধর্মে উচ্ছেদ—এতগ্রুক্তর সার্থকতা দেখি। সে সময়ে শেষ-নন্দরাজগণ ভারতের সিংহাসনে সমাসীন ছিলেন। অর্থশান্তর প্রথম অধ্যায়ে, তাঁহাদের রাজ্যশাসনস্থানে একটা শ্লোক পরিদৃষ্ট হয়। সেই শ্লোক-পাঠেই বুঝিতে পারা যায়, ধর্মের প্লানি এবং অধ্যাের অভ্যুথানই নন্দরাজগণের অধ্যাপতনের একমাত্র কারণ। অর্থশান্ত হইতে সেই শ্লোকটা নিয়ে উদ্ধৃত হইল; যথা,—

''অপনীতো হি দণ্ডঃ মাৎস্তক্তায়মুদ্ভাবয়তি। বলীয়ান্ বলং হি গ্রসতে দণ্ডধরাভাবে॥'' ইত্যাদি॥

মগধের পূব্দ-গৌরবের অবসানে, নন্দরাজগণের কু-শাসনে, ধর্ম্মের গ্লানি সমুপস্থিত হইয়াছিল; ব্যাভিচার অরাজকতার প্রাবশ্যে রাজ্যে হাহাকার উঠিয়ছিল;—আর্ত্তের সকরণ ক্রন্দনে
গগন বিদীর্ণ হইতেছিল। ফলে, অধয়ের প্রাবল্যে ধর্ম্মের গ্লানি উপস্থিত হইয়াছিল। সে
সময়, রাজশক্তি ও জনশক্তি ছিল্ল-বিচ্ছিল; বহির্বিপ্লব অন্তর্বিপ্লবের ফলে রাজ্যে অরাজকতা
সমুপস্থিত; অনাচার-অবিচারের প্রবল ব্যায় দেশ পরিপ্লাবিত। ভারতের এই খোর ছ্র্দিনে,

ধর্ম্মের প্লানি বিদ্রণে, বিচ্ছিন্ন রাজশক্তিকে কেন্দ্রীভূত করিয়াছিলেন—রাজচক্রবর্ত্তী চন্দ্রগুপ্ত ! চন্দ্রগুপ্ত হইতেই ভারতের পূর্ন্ধ-গৌরবের পুনর্ন্ধিকাশ! ধর্ম-শক্তির প্রভাবেই চন্দ্রগুপ্ত যে ভারতে একছ্ত্র আধিপতা বিস্তার করেন,—জৈনধর্ম-প্রসঙ্গে তিষিয় প্রথাত হইয়াছে।

ধর্ম-শক্তির যে উন্মাদনায় চক্ত গুপ্ত সামাজ্য প্রতিষ্ঠা করিয়া যান; আর, যে ধর্মপ্রাণতা-গুণে, স্থশাসনে ও স্থপালনে, রাজচক্রবর্তী অশোক সেই সামাজ্যকে অতি উন্নত-স্তরে প্রতিষ্ঠিত করেন; তাঁহাদের বংশধরগণের হৃদয়-ক্ষেত্রে ধর্মের সে বীজ অন্ধরিত হইল না। স্ক্তরাং কল বিষময় কলিল! মৌর্য্য-সামাজ্য ছিন্ন-বিচ্ছিন্ন হইয়া ক্ষ্ম ক্ষ্ম স্থাধীন-রাজ্যে পর্যাবিদ্র হইল। এমন কি, পরিশেষে মৌর্যাগণ স্বদেশ হইতে বিতাড়িত হইলেন। বিভিন্ন রাজবংশের বিভিন্ন নুগতি তখন বিচ্ছিন্ন ভারত-সামাজ্যের বিভিন্ন কেলে আপন আপন প্রাধান্ত প্রতিষ্ঠা করিতে লাগিলেন। অশোকের পরবর্ত্তী—কিবা মৌর্য্য-বংশীয়, কিবা অন্ধ্র-বংশীয়, কিবা কার্য-বংশীয়, কিবা অন্ধ্র-বংশীয়, কিবা কার্যত করিতে সমর্থ হন নাই। স্থাতরাং তেভোদপ্ত ক্রমণঃ থকা হইয়া আদিতে লাগিল; বিপ্লবের পর বিপ্লবের কলে, যড়বন্ধের পর বড়বন্ধের প্রভাবের বিল্লবের পর বিদ্রের কলে, যড়বন্ধের পর বড়বন্ধের প্রভাবের বিল্লবের পর বিদ্রের কলে, যড়বন্ধের পর বড়বন্ধের প্রভাবের অনাচার-উণ্ডালার প্রবল বলা প্রাহিত ভইল।

অশোকের বংশনরগণ বিভিন্ন ধয়ে দীকিত হওয়য়, কোনও ধয়েয়ট প্রতিষ্ঠা সংবক্ষিত হয়
নাই। পুশ্সনিত স্থাগে বুলিয়া রাজণ্য-ধয়ের আশ্রয় গ্রহণ করেন। রাজণা-ধয়ের বিজয়বৈজয়স্তী উট্টান করিয়া তিনি একবার বিচ্ছিয় রাজশক্তিকে কেন্দ্রীভূত করিতে সমর্থ হন।
তাহাতেই পুশ্সনিত্রের রাজ্য প্রতিষ্ঠায়িত হটয়াছিল। পুশ্সনিত্রের পর, বৌদ্ধরমের প্রসার
বৃদ্ধি করিয়া কনিক অমরম্ব লাভ করিয়াছিলেন। কিন্তু ধয়শক্তির অভাব হওয়য় পরবর্তী
রাজগণ হীনপ্রভ, হীনবল ও হত্তী ইটয়া পড়েন। ফলে, ভারত বৈদেশিকের পদানত হয়।

খাবভন-বিবভন।

ভারতের এই ঘোর ছদিনে, ভারতবাদীর ককণ আর্ত্তনাদে আর একবার যেন ভগবানের আদন টিলল; আর্ত্তের আর্হ্তি-বিমোচনে, ধশ্মের গ্রানি-বিদ্রণে, ককণাময় ভগবান্ আর একবার যেন দৃষ্টিপাত করিলেন। কুশন বা শক-বংশে কনিক্ষের অভ্যাদয়—ভগবানেরই শুভ-পেরণা বলিয়া মনে করিতে পারি। শকগণ—কনিক্ষের পূর্বপ্রায়ছিলেন। বিদেশিক-রূপে ভারতে আগমন করিলেও, কনিক্ষ ভারতকেই আপনার বলিয়া জ্ঞান করিয়াছিলেন। নচেৎ, প্রভারতের সামাজিক, নৈতিক, আর্থিক ও রাজনৈতিক অধঃপতনেব দিনে, তিনি কদাচ প্রতিষ্ঠা লাভ করিতে পারিতেন না। তাঁহার আয় আয়নিষ্ঠ ধর্মপ্রাণ নূপতির আবির্ভাবে শকবংশ চিরম্মরণীয় হইয়া আছে। কনিক্ষের ধর্মপ্রাণতায়, তাঁহার স্থশাসন-স্থপালনে, বৈষম্যে সাম্য স্থাপিত হয়; ধর্ম-রাজ্যের প্রতিষ্ঠায় তিনি দেশে শাস্তি প্রতিষ্ঠিত করিতে সমর্থ হন।

কনিক্ষের লোকাস্তরের পর আবার কিন্তু বৈষম্য ঘটিল। কুশন-বংশের শেষ নূপতি প্রথম বাস্তদেবের রাজ্যকালের শেষভাগে আবার ভারতের অবন নিব ফুল্পাত হুটল। বাস্তদেবের পরলোকগমনের অব্যবহিত পরেই বিশাল শকরাজ্য ক্ষুদ্র ক্ষুদ্র থণ্ড রাজ্যে বিভক্ত হইয়া পড়িল। * ফলে, ভারতের উপর পারস্তের প্রভাব আদিয়া অধিকার বিস্তার করিল। তথনও কিছু কাল বাস্বদেবের নামান্ধিত মৃদ্রাই প্রচলিত ছিল। কিন্তু পরিশেষে পারস্ত-দেশীয় বেশ-ভ্ষায় সজ্জিত প্রথম সাপোর (সাপুর) প্রতিমূর্ত্তি মৃদ্রায় কোদিত হইতে আরম্ভ হইল। † ভারতীয় মৃদ্রায় পারস্ত-দেশীয় নুপতির প্রতিকৃতি অঙ্গনে স্পষ্ঠই প্রতীয়মান হয়,—সে সময় ভারতীয় রাজশক্তির পূর্ণ অবসান সংঘটিত হইয়াছিল; ভারত তথন পরাধীনতা-শৃঙ্গলে আবদ্ধ হইয়া পড়িয়াছিল। ধর্মাক্তির অভাবই ভারতীয় রাজশক্তির এই শোচনীয় পরিবর্ত্তনের মূল।

ঐতিহাসিকগণ ভারতে সিদীয় বা শকগণের রাজ্যাবসানের আর এক কারণ নির্দেশ করিয়া থাকেন। তাঁহারা বলেন,—'১৬৭ খুটান্দে বাবিলনে 'প্রেগ' মহামারী উপস্থিত হয়। রোম-সাম্রাজ্যে এবং পার্থায় সামাজ্যে বহুদিন ধরিয়া মহামারীর আক্রমণ অক্ষুগ্ন থাকে। রোম ও ইতালীর বিভিন্ন প্রেদেশর বহু নরনারী এই মহামারীতে কালগ্রাসে নিপতিত হইয়াছিল। তৎকালে ঐ সকল দেশের সৈত্ত-সামন্তগণও মহামারীর কবল হইতে পরিত্রাণ লাভ করে নাই।' ঐতিহাসিক নেবুর বলেন,—'অরেলিয়াসের রাজ্যকালে মহামারীতে যে অনিষ্ট সাধিত হইয়াছিল, তাহা আর পূরণ হইবার নহে। ভারতবর্ষও এই মহামারীর কবল হইতে পরিত্রাণ লাভ করে নাই।' ‡ যাহা হউক, যে কারণেই ভারতের শক্তি হাস প্রোপ্ত হউক, সকল কারণের মূলীভূত যে সেই একমাত্র কারণ—ধর্মশক্তির অভাব, তদিয়ায়ে সন্দেহ নাই। ধর্মশক্তি হীনপ্রভ হওয়ায়, নানা অনিষ্টের স্ত্রপাত ঘট্য়াছিল; আর, সেই জন্তই ভারত-ইতিহাসের গোরবময় আলেগ্য মসীনপ্তিত হইয়া রহিয়াছে।

- # কুশন বংশের শেব নৃপতি বাহ্নদেব (প্রথম) শৈবধর্মাবদ্ধী হিলেন। তাঁহার নামান্ধিত মুদ্রার একদিকে শিব নন্দী বৃধ প্রভৃতির প্রতিকৃতি, এবং অক্স দিকে তিশ্ন প্রভৃতি পরিদৃত্ত হয়। বাহ্নদেবের ঝোদিত-লিপিন্ম্হ মধুবা অঞ্চলই পাওয়া বার পণ্ডি হগা অনুমান কংনে, ৭৪ শকান্ধ ইইডে ৯৮ শকান্ধের মধ্যে ঐ লিপিগুলি উৎকীর্ণ হইয়াছিল। সে হিনাবে তাঁহার রাজাকাল ২০০ শকান্ধে আবাং ১৭৮ গৃষ্টান্ধে অবসান হয়। Vide Gardner, B. M. Catalogue, Greek and Indo Scythian Kings, V. A. Smith, Catalogue of Coins, Vol. I and Ea ly History of India.
- † Vide Von Sallet, Cat. of Indian Coins in 1 Museum, Vel. I, পাৰত অব্জ রাধালদাস বন্দোপাধার মহাশরের মতে বাহদেবের পরবর্ত্তিগণের নান বধাক্রমে বিভার কনিক (কানেস্থো Kaneshko), বিভার বাহদেব এবং বস (দেব) তৃত্তীর। ভিলেট সিথের মত,—বিকৃতপাঠযুক্ত মুস্তাসমূহের প্রমান্ত্র কার্মাণের উপর নির্ভর করিয়া রাধাল বাবু প্রথম বাহদেবের পরবর্তী নাজগণের নাম-পরিচয় প্রধান করিয়াছেন। Vide Notes on the Indo-Scythian Coinage, J. & Proc. A. S. B. 1908) বুসার পারত্তরাক্রের প্রতিকৃতি অহন-সম্বন্ধে ভিলেট স্থিথের অভিমন্ত,—'Coins bearing the name of Vasudeva continued to be struck long after he had passed away, and ultimately present the royal figure clad in the garb of Persia and manifestly imitated from the effigy of Sapor (Sahpur) I, the Sassanian-monarch, who ruled Persia from A.D. 238 to 269 V. A. Smith, M.A.I.C.S.—Early History of India.
- ‡ ঐতিহাসিক ইউট্রোপিরাস এই প্লেগ মহামারীর এক বিত্ত বিবরণ প্রদান করিলাছেল। ভালভে সহামারীর জীবস্ত চিত্র প্রকৃতিত স্ইলাছে। Vide History of the Romans under the Empire.

দ্বিতীয় পরিচ্ছেদ।

কুশনগণ ও পারসিকগণ।

[কুশন-বংশের অধঃপতনে পারস্তের প্রভাব ;—কুশন-বংশের পরিচয়-চিহ্ন,— কনিক্ষের কীর্ত্তি-স্বৃতি।]

কুশন-বংশীয় শেষ-নূপতি বাস্থদেবের পর ভারতে পারস্তের আধিপত্য সপ্রমাণ হয়। তবে ভারতের স্থান-বিশেষে মাত্র সে প্রভাব বিস্তৃত হইয়াছিল; ভারতের আভ্যন্তরীণ প্রদেশ-সমূহে তাহার কোনও নিদর্শন বিজ্ঞান নাই। ২৭৭ গৃষ্টাক হইতে ১৯৪ গৃষ্টাক্রের মধ্যে দ্বিতীয় বহাম পারস্ত হইতে সিস্তান আক্রমণে অভিযান করেন। তাৎকালিক পারস্ত নূপতিগণ 'সাসানীয়' নামেও অভিহিত হইতেন। যাহা হউক, গৃষ্টায় তৃতীয় শতাকীতে কোনও সাসানীয় নূপতির ভারত-আক্রমণের পরিচয় গ্রন্থপত্রে পরিদৃষ্ট হয় না। কিবা সাধারণ ঐতিহাসিক স্ত্রে, কিবা ক্লোদিত-লিপি, কিবা মুদ্রাদি—ইতিহাসের উপাদানভূত এতদ্বিষয়ক কোনও বিশিষ্ট নিদর্শন বর্তনান নাই। ভারতের ইতিহাসের এই এক অন্ধ অন্ধকারে সমাজ্যন্ন। বিভিন্ন ক্ষুদ্র মূপতি এই সময় আপন আপন নামে যে সকল মুদ্রার প্রবর্তন করিয়াছিলেন, তাহা হইতেও কোনও তথ্য-নির্গয় স্কুক্টন।

গৃষ্টায় ২২৬ অদে যথন উত্তর-ভারতে শক-বংশের এবং দক্ষিণ-ভারতে অঞ্ব-বংশের গৌরব-রিবি অন্তমিত ইইতেছিল, ঠিক সেই সময়ে পারস্থে আস্ াকিদান্-বংশের অবসানে সাসানীয়-বংশের অভ্যুদয় ঘটে। কিন্তু সমসাময়িক বিশ্বাস্যোগ্য কোনও উপাদান বর্তমান না থাকায়, ঐতিহাসিক তথ্য-নির্ণয়ে কল্লনা ও অন্তমানের উপর নির্ভর করা ভিল্ল গত্যন্থর নাই। পূর্ব্বোক্ত ঘটনাত্রিতয় অর্থাৎ শক-বংশের অধঃপত্রন ও অল্প-বংশের অবসান এবং পারস্তে সাসানীয়-দিগের অভ্যুত্থান—কোন-না-কোনও প্রকারে সম্বন্ধয়ুক্ত হওয়াও অসম্ভব নহে। পারস্ত-কর্তৃক ভারত আক্রমণও সম্ভবপর ইইতে পারে; আর সেই অন্তল্লেখযোগ্য আক্রমণের কোনও স্থায়ী ইতির্ভ্ত লিপিবদ্ধ নাও থাকিতে পারে। কিন্তু এইরূপ অন্তমানের ফলে কি সিদ্ধাস্তে উপনীত হইতে পারি ? যদি এরূপ অন্তমান মানিয়া না লই, তাহা হইলে প্রশ্ন উঠিতে পারে—কুশন-বংশের প্রবর্ত্তিত মুদ্রাদিতে পারস্ত-রাজের প্রতিকৃতি অন্ধিত হওয়া কির্নপে সম্ভবপর হইবে ? ও তাই ঐতিহাসিকগণের সিদ্ধান্ত এই যে, এই সময়ে ভারতে পারসিকগণের প্রভাব বিস্তৃত হইয়াছিল। যাহা হউক, পারসিকদিগের ভারত-আক্রমণের যদি কোনও প্রমাণ আমরা প্রাপ্ত হই, তাহা হইলে সেই আক্রমণকারী কাহাদিগকে নির্দেশ করিতে পারি ?

[.] Vide V. A. Smith, Early History of India,

খনেকে অনুমান করেন,—'তাহারা পারসিক বটে; কিন্তু দ্স্যুবৃত্তির দারা তাহারা জীবন-যাপন করিত; ইরাণীয়-দিগের প্রভাবে পরিচালিত হইয়া, তাহারা সিস্তান হইতে ভারত অভিমুখে অগ্রসর হইয়াছিল।'

সাহা হউক, প্রথম বাস্থদেবের পর কেহই আর ভারতের 'একছত্র সমাট্' পদবীতে সমাসীন হইতে সমর্থ হন নাই। তখন আবার ভারতন্সামাজ্য বিভিন্ন স্বাধীন নূপতির অধিনায়ক্ত্রে বিভিন্ন ক্ষুদ্র জনপদে বিভক্ত হইয়া পড়ে। কিন্তু ঐ সকল রাজ্য-জনপদ অবিক দিন স্থায়ী হয় নাই। খূইায় তৃতীয় শতালীর এই অভাবনীয় পরিবর্ত্তন এতই নীরস ও উপাদানবিহীন বে, তাহা হইতে ধারাবাহিক কোনও ঐতিহাসিক বিবরণ সঙ্গলন বা সংগ্রহ করা একরপ অসন্থা। অন্ধতমসাচ্ছয় ভারতের ইতিহাসের এই অঙ্গে বিভিন্ন পারিপার্থিক জাতির আক্ষিক অভাদয়ের বিষয় একমাত্র প্রাণাদির বিচ্ছিয় উপাদান হইতে কতক পরিমাণে সংগৃহীত হইতে পারে। কিন্তু তাহারও ঐতিহাসিক ভিত্তি কতদ্র প্রানাণ, ত্রিষয়ে সন্দেহ আসে। অরাজকতার এই গোর ছনিনে, ভারতের আভান্তরীণ অবস্থার বিশেষ বিবরণ পাওয়া যায় না বটে; তবে বিক্তিয় বিশ্রের উপাদান-সমূহ হহতে ব্রিতে পাবি, ভারতে কুশন-বংশের আধিপতা বিশ্রপ্ত হইলেও, পঞ্জাবে এবং কাবুলে ভাহাদের প্রভাব বহু দিন পর্যান্ত অক্ষ্ ছিল। খূষ্টায় পঞ্চম শতালী প্রান্ত কবিলে ভাহাদের প্রভাব প্রভিত্ত পাকে। পরে ভাহারা খ্রত-ছ্নগণ্ কর্ত্তক বিভাছিত হন। :

চঙুর্থ শতাক্তর প্রারম্ভে, কুশন-বংশের কোনও রাজা, সাসানীয়-বংশ-সভূত পারস্ত-রাজ বিতীয় হরমজ্বকে আপনার কন্তা সম্প্রদান করেন। ১৬০ গৃষ্টাকে পারস্তের বিতীয় সাপোর কতৃক তাইতীস নদীর তীরবর্তা আমিদা অবক্ষ হয়। আমিদা তথন রোমক-গণের অধিকার-ভুক্ত ছিল। আমেদার 'রোমান' সৈল্লগণ সাপোর নিকট প্রাজিত ও বিধ্বস্ত হয়। এই উপলক্ষে তিনি ভারতের কুশন-রাজের নিকট সৈন্তের ও ভারতীয় হস্তীর সহায়তা লাভ করেন। কুশন-রাজ গ্রাম্বেটিস সেগ হস্তী ও সৈল্ল পরিচালনা করিয়াছিলেন। সিস্তানের শকগণও এই সৃদ্ধে কুশন-রূপতির পক্ষ হইয়া পারস্ত-রাজের সহায়তা করিয়াছিল। † এত্তির ভারতের ইতিহাসের এই স্থায়ের অন্তা কোনও তথাই পাওয়া যায় না।

খুষ্টার তৃতীয় শতাকা হইতে আরম্ভ করিয়া চতুর্থ শতান্দীর প্রথম ভাগ পর্যান্ত, ভারতীয় রাজ-

- * It is certain that the Kushan Kings of Kabul continued to be a considerable power until the fifth century, when they were overthrown by white Huns" V. A. Smith, Early History of India. অকান নদার ভারে হনদিগের একটা সম্প্রণায়ের বসভি ছিল। ভারারা অকান ভারত হন ভারতে বছর। ভারতের প্রাপ্রালভিদিশ বা বেছ ছন (Epthalites or white Huns) নামে অভিহিত হইত i
- † কানিংহামের মতে, অনিযানাং, মাসে লিনাদের বণিত 'চিগুনিতাই' (Chionitai) এবং 'কুশন' অভিন্ন। (Numismatic Chronology, 1893)। গীবনের মতে, ৩৬০ গৃষ্টাকে ভাইনীস নদীয় ভীগবর্তী আামিদা অবক্ষত্ব হয়। অনেকে অনুমান করেন, আধুনিক দিয়ারবেন্দির (Diarbekir) এবং আমিদা অভিন্ন। জাবার কাহারও কাহারও মতে ৩৫৮ গৃষ্টাকে আমিদা-অবরোধের বিষয় প্রথাপিত হয়।

গণের ধারাবাহিক কোনও বিবরণই লিপিবদ্ধ হয় নাই। ঐতিহ'সিকগণ ভারতের ইতিহাসের এই অককে 'অন্ধতন' (Darkest in the whole range of Indian History) বিলয়া নির্দেশ করিয়াছেন। খৃষ্টায় পঞ্চন শতাকী প্র্যন্ত পাটলিপুত্রের গৌরব-গরিমা অকুপ্প ছিল। কিন্তু তথন পাটলিপুত্রের সিংহাসনে কোন্ বংশের কোন্ রাজা সমাসীন ছিলেন, তাহা নির্ণয় করা স্কুঠন। 'গুপ্ত-সংবতের প্রবর্তক কোনও গুপ্তবংশীয় নূপতি, ৩২০ খৃষ্টাকে লিচ্ছবিদিগের সহিত সম্বন্ধ-স্ত্রে আবদ্ধ হন। তৃতীয় শতাকীতে লিচ্ছবিগণ পাটলিপুত্রে আবিগতা বিস্তার করিয়াছিলেন। লিচ্ছবিজাতি তিক্কতীয়দিগের সহিত সম্বন্ধসূক্ত এবং তাহারা তিক্কতীয়দিগেরই অন্তত্ম সম্প্রদায়ভুক্ত। গাহা হউক, এইরপ বিবিধ অনুমান ভিন্ন এই সময়ের ইতিবৃত্ত সংগ্রহের অন্ত কোনও উপায় নাই। কুশন ও অন্ধ বংশের অবসান-কাল হইতে 'গুপ্ত-বংশের অভ্যাদয়কাল পর্যান্ত এক শতাকীর ইতিহাস অন্ধকারে সমাজ্যন। :

কুশন-বংশের পরিচয়-চিগ্ন।

কুশনবংশের কনিদ্ধ, হবিদ্ধ প্রভৃতি রাজগণের যে পরিচয় গ্রন্থ-পর্বে প্রাপ্ত হট, তাহা হইতে স্বতন্ত প্রকারের পরিচয়ও ইতিহাসের অঙ্কে দেখিতে পাই। বাগ্নিলারের ছুই মাইল দূনে, জারা নামক স্থানে, একথানি 'থারোস্থি লিপি' আবিদ্ধত হইরাছে। এই থারোস্থি-লিপির ছুই প্রকারে পাঠ প্রচলিত দেখি। প্রথম প্রকারের পাঠ। এট,—

- "(১) মহারাজ্স রাজতিরাজ্স দেবপুত্রাস প (^y) থাদরশ
 - (২) বশিষ্পপুত্রাস কনিসকস সম্বংসরে এক চতরি (স) -
 - (৩) সম ২০, ২০, ১, চেতদ মাসদ দিব ৪, ১, অত্র দিবদাসী নমিকা

 - (৫) অটমনস সভার্য পুত্রসজনুগত্যথে সভ্য · · · · · ·
 - (৬) · · · বরে হিমাঞ্চল। থিপম · ।''
- এই সময়ে পারভেগ সহিত পঞ্জানের সম্বন-স্তের কিঞ্চিৎ পরিচয় পাওয়া যায়: ভৎকাল-প্রচলিত মুদ্রাদি-দৃত্তে বিশেষজ্ঞগণ থির করিয়াছেন,—কুশন-বাশের শেব নৃপতিদিগের প্রবৃত্তি মুদ্রার সহিত সাসানীয় মুশতিদিগের সম্বন-স্তের কিঞ্চিৎ আভাষ পাওয়া যাইতে পারে। তাহাতে কনিক্ষের এবং ওাহার বংশধ্রগণের রাজস্কালে কিঞ্চিৎ অসামপ্রক্ত দাঁড়াইয়া যায়। ঐতিহাসিক ডুইন এ মত সমর্থন করেন (Vide Rev. Num. 1898)। ভিস্কেট স্মিধ বলেন,—"It is thus clear that in some way or other, during the third century, the Punjab renewed its ancient connection with Persia."— v. A. Smith, Early History of India এবং Catalogues of Coins in I. M. vol. I; R. D. Banerjea. Notes on Indo-Scythian Coinage, Journal and Procedure of Asiatic Society of Bengal. 1908.
- † এই পাঠ শীৰ্ক বাথালদাৰ বন্দোশোধায়ে মহাশ্যের প্রবর্তিত। তিনিই প্রথমে এই লিপির বিষয় আলোচনা করেন। তৎক কৃষ্ক লিপি প্রথমে বাধারণো প্রচারিত হয়। অধ্যাপক এইচ লুডার্ম বলেন, বন্দোনশায় মহাশায় উছোকে লিপির পাঠ সম্পূর্ণ করিতে অনুরোধ করেন। কিন্তু তিনিও লিপির সম্পূর্ণ পাঠোদ্ধারে সমর্থ হন নাই। লিপির শেষ হত্ত এখনও অন্ধিগ্যা।

এই থারোস্থি-লিপির যে অন্ত প্রকার পাঠ পরিদৃষ্ট হয়, তাহাও নিমে উদ্ধৃত করিতেছি। সে পাঠ এই * প্রকার; যথা,—

- "(১) মহারাজ্য রাজাতিরাজায় দেবপুত্রায় (ক) ই (ম) রম
 - (২) ভজেমপুত্রাস কনিম্বস সম্বৎসরে একাচপার (ই)
 - (৩) (সংয) সম ২০২০১ জেপদ মাদদ দি ২০৪১ ই (স) দিবসচ্চুণানি থা (ণ) এ
 - (৪) কুপে (দা) সভেরণা পোষাপুরিষপুত্রাণ মাতরপিতরণ পুর-
 - (৫) এ নমদ (স স) ভার্যা (স স) পুরাস অনুগ্রহর্থে সর্ব্ধ ... (প) ণ
 - (৬) (জা) তিশ হিতে ইমাচল থিয়ম · · · · । ২৯"

এই লিপির ব্যাখ্যা-বাপদেশে নানা তথ্যের উদবাটন হয়। ক্রমে তদিষয় আলোচনা করিতেছি। প্রথমতঃ লিপির একটা অনুবাদ নিমে প্রকাশ করিতেছি; যথা,—ভজেদের পুত্র মহারাজা রাজাতিরাজ দেবপুত্র কৈদর কনিদ্বের রাজত্বের ৪১ বৎসরে জ্রেঠ (জ্যেষ্ঠ) মাদের পঞ্চবিংশতি দিবদ; ঠিক এই সময়ে পোষপুরিয়পুত্র দশভেরগণের কৃপথনন। পুত্র-পরিবার এবং যাবতীয় প্রাণীর প্রতি অনুগ্রহ প্রদর্শন জন্ত পিতা-নাতার পূজায় নমদের কৃপথননের বিষয়। ইহাদের মঙ্গলের জন্ত (?)……।"

এই লিপিতে কয়েকটা বিচার্য্য বিষয় আছে। লিপিতে 'দশভের' এবং 'পোষপুরিয়পুত্র'— ছইটা পদ আছে। লিপিতে কৃপ-খননের উল্লেখ দেখিতে পাই। লিপিতে আরও দেখিতে পাই,—পিতা-মাতার পূজার জন্য কৃপ-খনন করা হয়। পণ্ডিতগণের দিদ্ধান্ত—'দশভের' শব্দে দশ জন সহোদরের প্রতি লক্ষ্য আছে। তার পর 'পোষপুরিয়পুত্র' পদ। প্রথম-দৃষ্টিতে ঐ পদে 'পোষপুরিয়' নামক কোনও ব্যক্তির 'পুত্র' বলিয়া মনে হয়। কিন্তু পণ্ডিতগণের দিদ্ধান্ত—'পোষপুরিয়' পদে 'পুরুষপুর' বৃঝাইতেছে। পুরুষপুর আধুনিক পেশোয়ার। 'পোষপুরিয়পুত্র' অর্থে, সে মতে, 'পুরুষপুরের অধিবাদী' অর্থ পরিগ্রহণ করা হয়।

রাজ্যকাল-সম্বন্ধে আলোচনা।

পালিভাষার গ্রন্থ-পত্রে কুশনগণের রাজকাল-সম্বন্ধে কিঞ্চিৎ আভাস পাওয়া যায়। লিপির অন্তর্গত অন্তান্ত অংশ বিশেষ উল্লেখযোগ্য বলিয়া বিবেচিত না হইলেও, উহার অন্তর্গত-

^{*} এই পাঠ অর্থনির প্রসিদ্ধ প্রত্তন্ত্বিং অধ্যাপক এইচ্ ল্ডার্নের উট্ডাবিত। অধ্যাপক ল্ডার্নের এবং শ্রীযুক্ত রাধানদান বন্দ্যোপাধ্যার মহাশরের পাঠের মধ্যে যে পার্থকা আছে, সাধারণ-দৃষ্টিতেই ভাষা বোধান্য হইবে। একংণ উক্ত পাঠ-পার্থকোর সম্বন্ধে কিঞ্চিং আলোচনা করিছেছি। বিভীর ছত্তের প্রথম শব্দের বিনিন্ন প্র্যান প্রদেশ প্রান্ধ পদের আলোচনার অধ্যাপক ল্ডার্ন বেলন, — কনিক্ষ, হবিক্ষ, বিশিক্ষ প্রভৃত্তি নামের মধ্যে অং অক্ষর সচরাচর দৃষ্ট হয়। কেডা লিপিতে 'কনিন্ক্রণ্ নামের উল্লেখ আছে। ক্ররাং বিনিন্কপ্রান্ধ পদের প্রপ্রবর্ধ পরিবর্ধে 'ক্ষ' হওরাই সক্ষত। ভূতীর ছত্তে সমরের উল্লেখ আছে। অধ্যাপক এইচ ল্ডার্ন্, ররেল এনিয়াটিক দোলাইটীর জ্বণিলে এত বিষয় বিশিল্ভাবে আলোচনা করিয়াছেন। (Journal of the Royal Asiatic Society, 1909, p. 652)। ভক্ষণিলা,লিপিতে 'সম্বংসর্কে' পদ আছে। ব্রুলার ও সেনার্ট উক্ত লিপির বিষয়ে একই মত প্রকাশ করিয়াছেন। ভাহাদের পাঠত 'সম্বংসর্কে' (Samvatsaraye)। Epigraphika Indika, 4, 54 Buhler; and Journal Aslatique, ix, Senart),

তারিথাদি বিশেষ প্রয়োজনীয় বলিয়া সিদ্ধান্তিত হয়।

এ পর্যান্ত বে সকল লিপি আবিষ্কৃত হইয়াছে, তাহাতে কুশন-রাজতের যে তারিথাদি দেখিতে পাই, তাহার আলোচনায় ঐ বংশের রাজ্যকাল-নির্দ্ধেশ কোনই আয়াস যাকার করিতে হয় না। তদমুদারে কনিক্ষের রাজ্যকাল ৩—১১, বিসিঙ্কের রাজ্যকাল ২৪—২৮, হবিষ্কের রাজ্যকাল ৩০—৬০ এবং বাম্থ-দেবের রাজ্যকাল ৭৪—৯৮ বৎসর নির্দ্ধিষ্ট হইয়া থাকে। কিন্তু এই লিপিতে কনিক্ষের রাজ্যকাল ৪১ অব্দ দেখিতে পাই। তহাতেই যত কিছু গণ্ডগোলের স্ত্রপাত হইয়াছে। কনিক্ষ যে ৪১ বর্ষে সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন, লিপিতে তাহার কোনই উল্লেখ নাই। লিপির অন্তর্গত কনিস্ক্রস সম্বংসরে একচাপারিসে বাকোর অর্থ—'কনিষ্কের রাজ্যকালের ৪১ বর্ষে।' ইহার তাৎপর্য্যার্থ—'কনিস্ক-প্রবর্ত্তিত অব্দের ৪১ বৎসরে।' রাজার নামের সহিত বৎসরের এইরূপ সমাবেশে রাজার রাজত্বকালের বিষয়ই সর্ব্বথা স্চিত হয়। অভিজ্ঞগণের ইহাই সিদ্ধান্ত।

লিপির মধ্যে কনিস্ক বহু উপাধি-ভূষণে ভূষিত হইয়াছেন। লিপির মধ্যে তাঁহার জন্মসম্বন্ধেও কিঞ্চিৎ আভাস আছে। কোনও কোনও প্রত্নতন্ত্বিৎ, কনিক্ষকে বসিস্কের ও হবিস্কের সমসাময়িক বলিয়া প্রতিপন্ন করেন। তদমুসারে বুঝা যায়,—১০ হইতে ১৪ বর্ষের মধ্যে কনিক্ষ ভারতের রাজ্যভার বসিস্ককে প্রদান করেন। বসিস্কের পরবর্ত্তী ভারত-সম্রাট হবিস্ক। করেলমাত্র উত্তরভারতেই তাঁহার রাজ্য সামাবদ্ধ ছিল। প্রত্নতবিদ্গণের কেহ কেহ এ মত সমর্থন করেন না। এদিকে আবার বসিস্কের ও হবিস্কের উপাধিসমূহের আলোচনায় একজন অপরের অবীন ছিলেন বলিয়াও বুঝিতে পারি। ইশাপুর ও সাঞ্চার লিপিতে বসিস্কের 'মহারাজা রাজাতিরাজ দেবপুত্র স্থি' উপাধি দেখি। ৪০ অক পর্যান্ত হবিস্কের 'মহারাজ দেবপুত্র' উপাধি তাহাতে পরিদৃষ্ট হয়। পণ্ডিতগণ কেহ কেই উহাকে লিপিকারপ্রমাদ বলিয়া নির্দেশ করেন।

চল্লিশ সম্বতে চাড়গাও নামক স্থানে, নাগের প্রতিমূর্ত্তির উপরিভাগে, এক লিপি উৎকীর্ণ হয়। তাহাতে হবিদ্ধ 'মহারাজা রাজাতিরাজ' বলিয়া উল্লিখিত হইয়াছেন। একার সম্বতে উৎকীর্ণ 'ওয়ারদাকের' লিপিতেও তাঁহার দেইরূপ উপাধির ই পরিচয় পাই। কিন্তু বাট সম্বতে উৎকীর্ণ মথুরার স্তস্তগাত্রে অন্ধিত লিপিতে উক্ত উপাধির কিঞ্চিৎ ব্যত্তায় দেখি। সেখানে হবিস্ক 'মহারাজ রাজাতিরাজ দেবপুত্র' বলিয়া অভিহিত। এই সকল বিষয়ের আলোচনায় মধ্যাপক লুডার্স সিদ্ধান্ত করেন,—'লিপি-বর্ণিত কনিক্ষ এবং শকন্পতি স্থপ্রসিদ্ধ কনিক্ষ এক ব্যক্তি নহেন। লিপির পরিচয়ে—কনিক্ষ ভজেত্বের পুত্র। কনিক্ষের এরূপ পরিচয় জ্ঞা কোথাও পরিদৃষ্ট হয় না। ইহাতে মনে হয়, লিপির কনিক্ষকে স্থপ্রসিদ্ধ বৌদ্ধন্পতি কনিক্ষ হইতে স্বতম্ব রাথিবার জ্ঞাই লিপিতে ঐরপ বিশেষণ-সমূহের সমাবেশ করা হইয়াছিল। ভজেয়, ভাজেয় ও ভজিয় একই প্রকারের শল। ‡ লিপিতে এবং মুদ্রা-গাত্রে হবিস্ক নামের যে

^{*} Vide The Indian Antiquary, vol. xlii.

[†] মধুরার দরিকটে বে লিপি আরে হওল। পিলাচে, ত্রিটিশ মিউলিলনে একিং েই লিপিতেই এবাখধ ক্লু-প্রিচলের উলেব দে,বতে পাই।

[‡] Gardner Coins of, Greek and Scythic Kings of Bactria and India.. 2:- ₹ 1 54-0

প্রকারভেদ পরিদৃষ্ট হয়, পূর্বেল জ আরুতিদ্বয়ে ততটা প্রকারভেদ নাই। এইরপ আদোচনায় মনে স্বতঃই প্রশ্ন উঠে,—শিপি-বর্ণিত কনিস্ক রাজচক্রবন্তী কনিস্কের পুত্র হইতে পারেন কি না ? যদি তাহা হয়, তাহা হইলে লিপির কনিক্ষ রাজচক্রবন্তী কনিক্ষের পৌত্র হইতে পারেন। কারণ, উত্তরভারতে প্রধানতঃ পৌত্রগণের নামের সঙ্গে সঙ্গে পিতামহের নাম ব্যবহৃত হইয়া থাকে। এইরপ সিদ্ধান্তে কনিস্কের বংশ-পরিচয়ে যাহা প্রাপ্ত হওয়া যায়, তাহা এই; যথা,— ১১—২৪ অক্টের মধ্যে কনিস্কের পর বিসিন্ধ রাজ্য প্রাপ্ত হন। ২৮ সম্বতের পর বিসম্বের লোকান্তরে রাজ্য বিভক্ত হইয়া যায়। দিতীয় কনিস্ক শক্সান্রাজ্যের উত্তরভাগ অধিকার করিয়া বসেন; অবশিষ্ট সমস্ত রাজ্যই হবিস প্রাপ্ত হন।

দিতীয় কনিম্নের রাজা ৪১ সন্থং পর্যান্ত বর্তমান ছিল। কিন্তু ৫০ সন্থতের পূর্কেই হবিশ্ব উত্তর ভারতের আধিপতা পুনংপ্রাপ্ত হন। কাবুলের দক্ষিণ-পশ্চিমে 'ওয়াদ কি' নামক স্থানে বারোন্তি-লিপি উৎকীণ হইয়াছে, তাহাতে রাজাদিগের নামের মধ্যে হবিস্কের নামেরও উল্লেখ আছে। এই লিপি এক বিতপ্তামূলক প্রশ্নের অবতারণা করিয়াছে। সে বিতপ্তার মীমাংসা-কল্পে পণ্ডিতগণ অশেষ আয়াস স্বীকার করিয়াছেন; এবং বহু চেষ্টার ফলে তাঁহারা এক ছির সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। লিপির মধ্যে সময়ের উল্লেখ, কনিক্ষের রাজ্যকাল লইয়া আর এক মহা গণ্ডগোলের স্থান্ত হইয়াছে। লিপিতে 'কইসরস' পদ দৃষ্ট হয় ৮ তাহাই 'কৈসর' (কাইজার) উপাধির আদিভূত ধলিয়া মনে করি। 'কেসর' উপাধি ভারতের অহ্যত্র পরিদৃষ্ট হয় না। এতদ্বারা অনুমান করা যায়, কুশনগণের রাজত্ব বহু দেশে বিস্তৃত হইয়াছিল এবং তাহারা বহু প্রকারের রাজ-উপাধিতে ভূমিত ছিলেন। * যাহা হউক, পূর্ক্ষাদ্ধৃত লিপি কুশন-গণের রাজত্ব-কালে ৪১ সন্থতে উৎকীণ হইয়াছিল, সিদ্ধান্তিত হয়।

* 'কৈদর' (কাইজার) উপাধি এ পথান্ত ভারতবর্ধের কোথাত অনুসন্ধান করিয়া পাওরা যায় নাই। ঐ ওহানিকাদিগের নিদ্ধান্ত,—কুশ-গণের প্রভাব ভিন্ন ভিন্ন দেশে বিস্তৃত হইলে, তাহারা দেই সকল দেশের উপাধিতে আপনাদিগকে ভ্ষিত করিছেন। তাহাদের এক উপাধি 'মহারাজ'; ইহ' গাঁটি ভারতীয় উপাধি। তাহাদের আর এক উপাধি 'রাজাতিরাজা।' এ উপাধি মধা-পারতের 'দাওয়ানো দাও' উপাধিরই অনুরূপ। কনিক, হবিস্ক ও বাহাদেবের নামাজিত মুমায় দে পরিচর পাওয়া যায়। তৃতীয় উপাধি 'দেবপুত'—চীনদেশীর 'টিয়েন-ট্-জে' উপাধির অনুরূপ। উহার অর্থ – Son of heaven—দেবতার পুতা। এই সকল উপাধির সহিত রোমক উপাধি 'দিলর' সমাবিত্ত হইয়াছিল। ইহাতে বুঝা যায়, সকলের শ্রেষ্ঠ প্রতিগার করিবার লক্ষ কুশন নৃ:তিগণ বিবিধ উপাধি-ভূষণে আপনালেগকে ভূষিত কারয়াছিলেন। 'মহারাজা', 'রাজাতিরাজ', 'দেবপুত', কৈদর' প্রভৃতি উপাধিতে বুঝা, যায়, উত্তর-দাক্ষণ-পূর্বা-পান্তম গকল দিকে তাহাদের আধিপতা বিস্তৃত ইয়াছিল। তাই, মুলাতে কুশন রাজগণ গময় সময় 'দর্বালোগৈরর' বলিয়া পরিচিত হইয়াছেন। তাহাদের মুদ্রায় 'দর্বালোগেরর' পদের বহল প্রায়োগ পরিদৃত্ত হয়। হিন্দুরাজগণের অনেকেই দিখিলারে আনক্ষ উপভোগ করিতেন। তৎসম্বর্জে 'লশবিহারস্ত্র' নামক প্রস্থের চীনা-ভাষার অনুবাদ হইতে একটা আংশ উদ্ধ ভ্রার করিলাম; যথা, —

"In the len-f-con-ti (Jambudvipa) there are... four sons of heaven (t'ien-tsen). In the East there is the son of heaven of the Tsin (the Eastern Tsin 317-420); the

যে মূল স্ত্র ধরিয়া এই কাল-গণনা আরম্ভ হইয়াছে, সেই মূল স্ত্র তাদৃশ দৃঢ়-ভিত্তির উপর প্রভিষ্ঠিত নহে। কানিংহামের মতে, কৃশনদিগের প্রবর্ত্তিত অল এবং ৫৭ মালব বিক্রম সংবৎ অভিন্ন। ডক্টর ফ্লিট এ মতের সমর্থন করিয়াছেন। অধ্যাপক ও-ফ্রাঙ্ক এবং লুডার্স ও এই মতেরই পরিপোষক। কিন্তু 'কৈসরস' শন্দ সকল সিদ্ধান্ত উণ্টাইয়া দিয়াছে। খুই-জন্মের পূর্বে কোনও ভারতীয় নৃপতি যে 'কৈসর' বা 'সিজর' উপাধি গ্রহণ করিয়াছিলেন, প্রত্তত্ত্ববিদ্যাণ তাহা স্বীকার করেন না।

আমরা যদি চীন-পরিব্রাজক হয়েনসাংবর্ণিত 'টা-যু-চি-পো-টি-আ্বাও-কে' হবিদ্ধের উত্তরাধিকারী বাস্থদেবের সহিত অভিন্ন বলিয়া স্বীকার করিয়া লই, তাহা হইলে কাল-নিরূপণের এই সমস্রার কতকটা নিরুসন হইতে পারে। প্রকাশ এই যে,—টা-যু-চি-পো-টি-আর ২২৯ খৃষ্টান্দে চীনদেশে দৃত প্রেরণ করিয়াছিলেন। সে ক্ষেত্রে ঐ অন্দ খৃষ্ট-জ্বন্মের পরবর্ত্তী ১৩০ অথবা ১৩৮ অন্দে নির্দেশ করা যাইতে পারে। এতৎসম্বন্ধে ওল্ডেনবার্গ যে সকল প্রমাণ প্রদর্শন করিয়াছেন, তাহার একটীও সংশ্বস্থা নহে। অত্যপক্ষে, অধ্যাপক 'সভানিসের' (Chavanises) মতে, পো-টি-আও-কে এবং বাস্থদেবকে অভিন্ন প্রতিপন্ন করিবার কোনও আবশ্রকতা অনুভূত হয় না। তাহা হইলে, হবিদ্ধের পরবন্ত্রী বাস্থদেব ভিন্ন আরও এক বাস্থদেবের অন্তিম্ব কল্পনা করিতে হয়। স্ক্তরাং যে দিক দিয়াই দেখি, যে ভাবেই আলোচনা করি, সমস্রা একই রহিয়া যায়।

'রয়েল এসিয়াটিক সোসাইটির জর্ণালে' মিঃ জে কেনেডি কনিস্কের কাল-সম্বন্ধে যে মস্তব্য প্রকাশ করিয়া গিয়াছেন, এন্থলে তাহা সনিশেষ উল্লেখযোগ্য। তাঁহার মতে, ৫০ খৃষ্টান্দের ১০০ বংসর পূর্ব্বে অথবা ১০০ বংসর পরে (অর্থাং আলুমানিক ১২০ খৃষ্টান্দে) কনিক্ষের রাজ্যকাল নির্দিষ্ট হয়। কনিক্ষের মূদ্রায় উৎকীর্ণ গাথা-সমূহ গ্রীক-ভাষায় লিখিত। অসুসন্ধানে প্রতিপন্ন হয়, দৈনন্দিন ব্যাপারে গ্রীকভাষার প্রচলন, ইউফ্রেভিস নদীর পূর্ববিত্তী ভূভাগে প্রথম খৃষ্ট-শতান্দীর শেষভাগেই দ্বগিত হইয়া বায়। স্কৃতরাং খৃষ্টায় দিতীয় শতান্দীতে কনিক্ষের রাজ্যকাল কোনমতেই নির্দিষ্ট হইতে পারে না; পরস্ক খৃষ্ট-জন্মের পূর্ববিত্তী সময়েই কনিক্ষের রাজ্যকাল নিরূপিত হওয়া সঙ্গত। কেনেডির এ সিদ্ধান্তের প্রতিবাদও গ্রাহ্ণতে পোওয়া যায়। যাহা হউক, কনিস্কের পর হইতেই যে কুশন রাজ্যবংশের গৌরব-রবি অস্তমিত হইতে থাকে, তির্বিয়ে আদি) সন্দেহ নাই। *

population is highly prosperous. In the south there is the son of heaven of the kingdom of *Tien tchou* (India); the land produces many celebrated elephants. In the west there is the son of heaven of the Ta-ts'in (the Roman Empire); the country produces gold, sliver and precious stones in abundance. In the North-West there is the son of heaven of the Yue-tchi; the land produces many good horses."

চীলাদিগের অমুবাদিত প্রন্থে উদ্ভ অংশ হইতেও মুক্তাদিতে উৎকীর্ণ সর্বালোগৈখন' পদের সার্থকত। প্রতিপর হয়। Vide also Indian Antiquary, vol. xlii, p. 136.

Vide Journal of the Royal Asiatic Society and Indian Antiquary, Vol. xlii.

তৃতীয় পরিচ্ছেদ

বৈদেশিক সংশ্রবে পরিবর্ত্তন-প্রসঙ্গ।

[যবনগণ; — শবনগণের পরিচয়- প্রসঙ্গ, — পাতঞ্জলির মহাভাষ্যের প্রমাণ; — যবনরাজ মেনান্দার; — বিশ্বোন্নতি-কল্পে যবনের দান; — যবনগণ কি হিন্দু ছিলেন; — যবনের হিন্দুধর্ম্ম-গ্রহণ; — বৌদ্ধার্ম্মাবলম্বী শকগণ; - শকগণ আদ্ধান্ত্র্যের পোষক হন; – শকদিপের হিন্দুগন ; — শকবংশায় কাদ্ধানের হিন্দুগন্যগ্রহণ; — আভীরগণ।]

गननश्व ।

ভারতে নৈদেশিক সংশ্রবের স্ত্রপাত—গ্রীকবীর আলেকজাপ্তারের সময় হইতেই আরম্ভ হয়। তাঁহার আগমনের পূর্বেও বৈদেশিকগণ ভারতে আগমন করিয়াছিলেন বটে; কিন্তু তাঁহারা কেহই ভারতের অঙ্গে অঙ্গ মিশাইতে প্রয়াদ পান নাই। পুরাণাদিতে তৎসম্বন্ধে যে প্রমাণ পাওয়া যায়, তাহা প্রায়ই বিচার-সাপেক্ষ। সমসাময়িক উপাদান—খোদিত লিপি, ভূপ ও মুদ্রাসমূহ—যে সাক্ষ্য বক্ষে ধারণ করিয়া আছে, পপ্তিতগণ তাহাই প্রামাণ্য বলিয়া স্বীকার করিয়া থাকেন। ঐতিহাদিক উপাদান হিসাবেও তাহার যাথার্থ বিষয়ে কেহ সন্দিহান নহেন। স্বতরাং দেই সকল প্রামাণ্য উপাদান হইতে যে তথ্য নিক্ষাশিত হয়, তাহার সত্যতা অবিসংবাদিত বলিয়া নিঃসন্দেহে গ্রহণ করা যাইতে পারে। রাজচক্রবর্ত্তী অশোকের সময় হইতেই ভারতে লিপি ক্ষোদিত হইবার পরিচয় প্রাপ্ত হই। অশোকের ক্ষোদিত ক্রেয়াদশ অনুশাসনলিপিতে পাঁচ জন বৈদেশিক নুপতির নাম উলিখিত আছে। বৌধ-সৌকার্যার্থ অশোকের প্রবর্ত্তিত পূর্ব্বেক্ত সেই লিপির কিয়দংশ এন্থলে উদ্ধৃত করিতেছি; যথা,—

"এসে চ মু (থ) মুতে বিজয়ে দেবানং প্রিয়স যা এক বিজয়ো সো চ পুন লধো দেবানং প্রিয়স ইহ চ স (ব্র) স্ক চ অংতেস্ক অগ্রস্থ পি যোজনশ (তে) যু যত্র অংতিয়োকো নম যোনরজ পরং চ তেন অংতিয়োকেন চতুরে (৪) রজনি তুরময়ে নাম অংতিকনি নম মক নম অলিকস্কদরো নম।"

যবনগণে পরিচয়-প্রদক্ষ।

লিপিতে যথাক্রমে পাঁচ জন বৈদেশিক নৃপতির নাম উল্লিথিত হইয়াছে; যথা—অনতিওক, তুরাময়, অন্তিকিনি এবং অলিকস্থদর। পণ্ডিতগণ সকলেই একবাক্যে তাঁহাদিগকে গ্রীকন্পতি বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন। এটিওকাস সোটর—সিরীয়ার, টলেমি ফিলাডেলফাস—
মিশরের, এটিগোনাস গোনাটাস—মাকিদনের, আক্রেক্সাণ্ডার—এপিরাসের সিংহাসনে

সমাসীন ছিলেন। লিপিতে এণ্টিওকাস যোনরাজ অর্থাৎ ষবন-রাজ বলিয়া উক্ত হইয়াছেন। স্বতরাং প্রতিপন্ন হইতেছে,—প্রাচীনকালে 'ষবন' বলিতে গ্রীকগণকেই ব্যাইত। আবার অনেকে বলেন,—'আইওনিয়ান' শব্দ ইইতে 'ষবন' শব্দের উৎপত্তি। কিন্তু 'আইওনিয়ান' শব্দ 'ষবন' রূপে উচ্চারিত হওয়াও অসম্ভব নহে। * যাহা হউক, গ্রীকবীর আলেকজান্তারের সমভিব্যাহারে গ্রীকগণ, ভারতবর্ষে আগমন করেন সত্য; কিন্তু তথন তাঁহারা ভারতে অধিক দিন তিষ্টিতে পারেন নাই। আলেকজান্তারের মৃত্যুর পর, রাজচক্রবর্তী চক্রপ্তপ্ত গ্রীকদিগকে ভারত হইতে বহিষ্কৃত করিয়া দেন। গ্রীকগণ ভারতবর্ষ হইতে বিতাড়িত হইলেন বটে; কিন্তু পারস্থের পূর্ব্ব-প্রদেশে—হিন্দুকৃশ-পর্বতের সন্নিকটে 'বাক্তিয়ানা' প্রদেশে তাঁহাদের প্রভাব-প্রতিপত্তি অক্ষ্ম রহিল। মোর্য্যবংশের অবসানে শুক্স-বংশের অভ্যাদয়ে তাঁহারা এই স্থান হইতেই ভারতে আধিপত্য-বিস্তারে সমর্থ হইয়াছিলেন। তথন কেবল পাঞ্জাবে নহে; পাঞ্জাবের দক্ষিণ-পূর্ব্ব যমুনা নদীর তীর পর্য্যস্ত এবং কাথিয়াবাড়-প্রদেশে তাঁহাদের প্রভাব বিস্তৃত ইইয়াছিল।

পতঞ্চলির মহাভায়ে জনৈক গ্রীকরাজের উল্লেখ দেখিতে পাই; নথা,—"অরুণছাবনো মধ্যমিকাম্"। লঙ্বিভক্তির দৃষ্টাস্ত-রূপে ভাষ্যে পতঞ্জলি তুইটী দৃষ্টাস্তের উল্লেখ করিয়াছেন। দৃষ্টাস্তের ব্যাখ্যার অর্থাৎ এই বিভক্তির ব্যাখ্যা-ব্যপদেশে তিনি আবার বলিয়াছেন,—"পরোক্ষেচ লোকব্রিজ্ঞাতে প্রযোক্ত দর্শনবিষয়ে!" অর্থাৎ,—বর্ণনাকারী যে ঘটনা সংঘটিত হইতে দেখেন নাই অর্থচ যাহা দেশবিশ্রুত, এমন কি বর্ণনাকারী হয় তো কালে সে ঘটনা প্রত্যক্ষ করিতে পারেন—এমন ঘটনার বিবৃতি-কালে 'লঙ্' বিভক্তির প্রযোগ হয়। বৈয়াকরণের এই ব্যাখ্যা ও মন্তব্য হইতে আমরা কি বৃথিতে পারি ? বৃথিতে পারি না কি—যবনগণ যথন সাকেত এবং মাধ্যমিকা অবরোধ করেন, পতঞ্জলি তথন বর্তমান ছিলেন। পণ্ডিতগণ অযোধ্যাকে 'সাকেত' বলিয়া নির্দ্দেশ করেন। তাঁহাদের মতে, উদয়পুররাজ্যে, চিতোরের উত্তর দিকে, নগরী মাধ্যমিকার অবস্থিতি নির্দ্দিষ্ট হয়। এ সকল ক্ষেত্রে গ্রীকগণত 'যবন' বলিয়া পরিচিত ছিলেন।

যবনরাজ **মেনান্দার**।

পণ্ডিতগণ দিদ্ধান্ত করেন,—পতঞ্জলির মহাভাষ্যে যে যবন-রাজের উল্লেখ আছে, তিনি মেনান্দার। বিভিন্ন জনের উচ্চারণে তিনি কোথাও বা মেনাতার, কোথাও বা মিনান্দার, কোথাও বা মিলিন্দ প্রভৃতি নামে অভিহিত আছেন। গ্রীক ঐতিহাসিক ট্রাবোর গ্রন্থে প্রকাশ,—এই মেনান্দারই 'ইসামাদের' (যমুনার) তীরবর্ত্তী প্রদেশে প্রবেশ করিয়া পোটালিন' (সিন্ধুনদের অন্তর্গত একটী দ্বীপ) এবং 'সারাওষ্টোস' (সৌরাট্র বা কাথিয়াবাড় প্রদেশ) অধিকার করিয়াছিলেন। ‡ 'পেরিপ্লাস' গ্রন্থেও এই মতের সমর্থন দৃষ্ট হয়। গ্রন্থকারের মন্তর্বা-পাঠে বুঝা যায়,—তৎকালে 'বারিগাজা' (ভরুকছে অর্থাং 'ব্রোচ') বন্দরে মিনান্দারের

^{*} Vide, Epigraphica Indica, Vol. iv. p. 215-

⁺ Smith's Early History of India, p. 173.

[‡] স্থিপ প্ৰাণীত ভারতের প্রাচীন ইভিহাসে ইহার বিভ্ত বিবরণ লিপিবদ্ধ আছে: Vide Smith's Early History of India, pp. 187, 189 and 201.

ও এপলোডোটাসের প্রবর্ত্তিত মুদ্রা প্রচলিত ছিল। এমন কি, বর্ত্তমানকালেও যমুনার তীরবর্ত্তী প্রদেশে দক্ষিণে ও পূর্দের এবং কাথিয়াবাড়ে ঐ সকল মুদ্রা দেখিতে পাওয়া যায়। *

'মিলিন্দপক্ষ' বৌদ্ধগণের এক প্রধান গ্রন্থ। ঐ গ্রন্থে প্রকাশ,—'মিলিন্দ' যবন ছিলেন; নাগদেন কর্ত্বক তিনি বৌদ্ধধর্মে দীক্ষিত হইয়াছিলেন।' + প্রচলিত মতামুদারে 'মিলিন্দপক্ষোক্ত' এই নিলিন্দ ও গবনরাজ মেনান্দার অভিন্ন প্রতিপন্ন হন। মেনাগুরের নামাঙ্কিত মুদ্রাদিতেও তাহার সমর্থন দেখিতে পাই। মুদ্রায় বৌদ্ধর্মেচক্র অন্ধিত আছে এবং মেনা গ্রার সেই মুদ্রায় 'ধান্মিক' বলিয়া উক্ত হইয়াছেন। জনশ্রুতি-মূলে এবং প্রচলিত আখ্যায়িকাদি হইতে প্রতিপন্ন হয়, মেনা গ্রার বৌদ্ধদিগের অতিশয় প্রিয়্নপাত্র হইয়া উঠিয়াছিলেন;—এত প্রিয় হইয়াছিলেন বে, তাঁহার মৃত্যুর পর প্রায় সাতটী জনপদের অধিবাসী তাঁহার মৃতদেহ লইয়া পরম্পর দক্ষে প্রবৃত্ত হইয়াছিল। ‡

ধর্ম্মোন্নতি-কল্পে যবনের দান।

পশ্চিম ভারতের গিরিগুহাভাস্থরত্ব লিপি-সমূতে যবনগণের বিবিধ দানের উল্লেখ আছে। প্রধানতঃ বৌদ্ধস্থপ এবং বৌদ্ধমন্দির সম্পর্কেই সেই সকল দানের পরিচয় পাওয়া যায়। তাহা হইতে বৃদ্ধিতে পারি, কেবল যবনরাজা বলিয়া নহেন, যবনদিগের মধ্যে ধর্মপ্রোণ ব্যক্তিমাত্রেই ধর্মের নামে বহুবিধ দান করিয়া গিয়াছেন। পুনার সন্নিকটে জুলার, নাসিক ও কার্লির গিরিগুহা-সমূহে গোদিত লিপিতে তাহার প্রচুর প্রমাণ বিভ্যমান আছে। § বক্ষামাণ প্রসঙ্গের আলোচনা উপলক্ষে সেই সকল লিপির আবগুক অংশসমূহ নিম্নে প্রদান করিতেছি; যথা,—

^{*} ভি এ শিষ্ণ ও এই মতেবই প্রিণোষক। ডক্টর ভাতারকারের মতে পতঞ্জলির সমসাময়িক ব্বনবাল, ডেমিট্রিযাস ভিল্ল অল্প কেছন নালে। পার্দি গার্ডনারের মতে (British Museum Catalogue of Greek and Seythic. Kings of India, Introduction) মেনাভাব ১১০ পূর্ন্ন-গৃষ্টাব্দে অথবা ভাছার কিকিৎ পরবর্ত্তিকালে প্রাচ্ছতি হন। 'পেবিপ্লাস' গ্রন্থের সহিত এই মতের ঐকা আছে। সে মতে প্রতিপল্ল হয়, এপলোডোটাসের ও মেনাভারের মুদ্রা ভৎকালে (৮৯ খ্রান্দে) বারিগালা বা ব্রোচে প্রচলিত ছিল। তদ্বারা আরও প্রতিপল্ল হয়, — পূর্বোক্ত যংকালেররের একজন অপরেব উত্তরাধিকারী ছিলেন। এরূপ সিদ্ধান্তের কারণ এই য়ে যেখানেই মেনাভারের প্রবৃত্তির মূদ্রা, সেইখানে এপোলোডোটাসের মূদ্রাও দেখিত পাওয়া যায়। যাহা ছউক, পতঞ্জলির গ্রন্থেকে যবনরাজের বিষয় আলোচনায় প্রতিপল্ল হয়, যবনরাজা ভখন অধিক দিন স্থায়ী হয় নাই; পরস্তু পর পর প্রত্তিকন যবন নূপতি ভিল্ল অপর কেছ স্থায়িত্ব লাভে সমর্থ হয় নাই। Vide Indian Antiquary, vol. xl, p. 11

[†] এই •মুজার আকৃতি-প্রকৃতি •সম্বন্ধে পণ্ডিতগণ নিয়ন্ত্রপ সিদ্ধান্তে উপনীত হন; বধা—"()n the obverse of his coins is the legend, Basilous Suthros Menandros, in Greek language and characters, and on the reverse the legend Maharajasa Taradarsa Menandrasa in the Pall language and the ancient Brahmi characters. One is exact translation of the other."—Smiths' Catalogue of the Coins in the Indian Museum, Calcutta, vol. I, and Indian Antiquary, vol. xl.

[†] The Sacred Books of the East, Vols. xxxv and xxxvl.

[§] Arlana Antiqua, p. 283 and Sacred Books of the East vol. viii.

(১) "ধেকুকাকাটা যবনস সিহধ্যান থংভো দান। (২) ধেকুকাকাটা ধংম্যবনস।"—কালি। (৩) "যবনস ইরিলস গতান দেয়ধ্য তে পোঢ়িয়া। (৪) যবনস চিটস গতানং ভোজনমটপো দোধ্য সধে। (৫) যবনস চংদানং দেয়ধ্য গভদার।"—জুলার। (৬) "সিধং ওতরাহ্স দতাক্ষিতিয়কস ফোনকস ধংমদেবপুত্স ইক্রাগ্রিদতস ধংমায়না ইমং লেণং।"—নাসিক।

ঐ সকল লিপির এইরূপ অর্থ প্রতিপন্ন হয়। যথা,---

(১) 'ধেত্বকাকাতার সিংহধণ্য নামা জনৈক যবনের দান—এই স্তস্ত ; (২) পেন্থ কাকাতার ধর্ম-নামা যবনের দান'—কালি। (৩) 'গর্ভাসের যবন ইরিলার দান ; (৪) সংযের হিতসাধন জন্ত গর্ভাসের যবন চিত এই ভোজনাগার দান করেন। (৫) যবন চংদ এই দরজা নির্মাণ করিয়া দেন'—জুয়ার। (৬) 'দত্তমিত্রবাণী ধর্মদেবের পুত্র ধর্মপ্রাণ ইক্রায়িদত্ত এই বাসগৃহ নির্মাণ করিয়া দেন।'—নাসিক।

যবনগণ কি হিন্দু হইয়াছিলেন ?

শিপিসমূহের নাম এবং সেই নাম থাহাদের, তাহাদের অনেকের কার্য্যকলাপ দেথিয়া, মনে স্ব তঃই প্রশ্ন উঠে,—যবনগণ কি হিন্দু হইয়াছিলেন ? লিপি-সমূহে উৎকীণ যবন-নামের মধ্যে ইরিলা বৈদেশিক নাম বলিয়া প্রতিপর হয়। তাছর, অন্তান্ত নামের সহিত হিন্দু-নামের সৌসাদৃশ্র আছে। পণ্ডিতগণের মতে — কালির শিপিমধাস্থ ধেলুকাকাতার যবন—হিন্দু বলিয়া প্রতিপাদিত। কারণ, তাহারা 'সিংহধ্যা' নামের সহিত 'সংহধ্যা' নামের, 'ধ্যা' নামের সহিত 'ধর্মা' নামের অভিরতা লক্ষ্য করিয়া থাকেন। জুয়ারের ও নাসিকের লিপি-সম্বন্ধেও তাহারা একই সিদ্ধান্তে উপনীত হন। জুয়ারের 'চিত' এবং 'চংদ' যথাক্রমে 'চিত্র' ও 'চন্দ্র' বিলিয়া অভিহিত হয়। নাসিকের 'ইন্দ্রাগ্রিদন্ত' এবং তাহার পিতার 'ধর্ম্মদেব' নাম—হিন্দু-নামের অক্রপ। মহাভাষ্যের মতে—দন্তামিত্র-নগর সৌবীরের অন্তর্ভুক্ত হয়; সে মতে—গ্রীকরাজ ডেমিত্রিয়াস ঐ নগর প্রতিষ্ঠিত করেন। তিনিই যে দন্তামিত্র; অথবা, দন্তামিত্রই যে বৈদেশিকের নিকট 'ডেমিষ্ট্রীয়াস্' ইইয়াছেন,—এ বিষয়ে সংশ্র আসে।

यवत्नत हिन्दूधर्या-श्रह्ण।

পশ্চিম-ভারতের গুহালিপি-সমূহে উৎকীর্ণ যবনগণের নামের সহিত হিন্দুনামের যে সাদৃশ্য আছে, তদৃষ্টে আমরা কি সিদ্ধান্তে উপনীত হইতে পারি ? বৌদ্ধগণের চৈত্য-বিহারে ও সজ্বারামে যবনগণের যে বদান্তভার পরিচয় প্রাপ্ত হই, তাহাতে তাঁহারা যে বৌদ্ধধর্মের পরিপোষক ও বৌদ্ধধর্মাবলম্বী ছিলেন, তাহা নিঃসন্দেহে সপ্রমাণ হয়। যবনগণ কেবল বৌদ্ধধর্ম গ্রহণ করিয়াই ক্ষান্ত হন নাই; পরস্ত তাঁহারা হিন্দুর নাম-পর্যান্ত গ্রহণ করিতেও কুঠা বোধ করেন নাই। ফলতঃ, নামে ও কম্মে তাঁহারা হিন্দুর সহিত এমনি ভাবে অঙ্গে অঙ্গ মিশাইয়াছিলেন যে, লিপি-সমূহে 'ঘবন' শন্ধের উল্লেখ মাত্র না থাকিলে, তাঁহাদের প্রকৃত পরিচয়-নির্দেশ অসম্ভব হইয়া পড়িত।

যবনগণ বৌদ্ধধন্মই গ্রহণ করিয়াছিলেন, হিন্দ্ধন্মের সহিত তাঁহাদের কোনই সংশ্রব ছিল না,—প্রত্নতত্ত্ববিদ্গণ প্রথমতঃ এই ধারণারই বশবর্তী হন। কিন্তু মালব-প্রদেশের গোয়ালিয়র রাজ্যের অন্তর্গত বেজনগরে আবিষ্কৃত স্তম্ভলিপি-দৃষ্টে তাঁহাদের সে ভ্রমধারণা তিরোহিত হইয়াছে। ঐ লিপিতে গরুড়ধ্বজের বিষয় উল্লিখিত আছে। দেবাদিদেব বাস্থদেবের প্রতি সম্মান-প্রদর্শন জন্ত 'দিয়ার' পূত্র 'হেলিওডোরা' ঐ গরুড়ধ্বজ নির্মাণ করেন। রাজা আন্টালিকিতা (এন্টিয়ালকিডাস), রাজা ভাগভদ্রকে ঐ গরুড়ধ্বজ উপহার দেন। *

এক্ষণে দেখা যাউক, গরুড়ধ্বজ নিম্মাণকারী হেলিওডোরা এবং রাজা আস্তালিকিতা প্রভৃতির কি পরিচয় পাইতে পারি। পণ্ডিতগণের গবেষণামুসারে, হেলিওডোরা যবন অর্থাৎ গ্রীক-দৃত বলিয়া উল্লেখিত। তাঁহারা বলেন,—হেলিওডোরা ও দিয়া এবং গ্রীকদিগের হেলিওডোরাস ও ডিওন অভিয়। গ্রীকগণ কর্ভ্ক এই গরুড়ধ্বজ নিম্মাণে কি প্রতিপন্ন হয় ? প্রতিপন্ন হয় না কি—যদিও তাঁহারা যবন বা গ্রীক ছিলেন; তথাপি তাঁহারা হিল্পের্ম গ্রহণ করিয়া বৈষ্ণব-সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হইতে কুঠা বোধ করেন নাই! পূর্ব্বোক্ত লিপিতে যবনরাজ ভাগবত উপাধিভূষণে ভূষিত হইয়াছিলেন।

যবনগণের হিন্দুধন্মগ্রহণ—ভারতের গৌরব-গরিমার পরিচায়ক, সন্দেহ নাই। ভারতের প্রভাব—ভারতের শৌর্যাবাঁশ্য—তথন যে পৃথিবীর সক্ষত্র প্রভিষ্টিত হইয়ছিল, এ পরিচয় তাহারই জাবন্ত দৃষ্টান্ত বক্ষেধারণ করিয়া রহিয়াছে। হিন্দুধন্ম যে একদিন পৃথিবীর শ্রেষ্ঠ-ধর্ম মধ্যে পরিগণিত হইয়াছিল, হিন্দুগণ যে শ্রেষ্ঠ বরণীয় আসন লাভ করিয়াছিলেন, স্কদ্র গ্রাক-রাজ্যেও যে তাহাদের শ্রেষ্ঠ প্রথাপিত হইয়াছিল, যবনের হিন্দুধন্ম-গ্রহণ-ব্যাপারে ইতিহাস যে সাক্ষ্য বক্ষেধারণ করিয়া আছে। ত্ব

বৌদ্ধ-ধন্মাবলম্বী শক্সণ।

গ্রীকদিগের সঙ্গে সঙ্গে শকজাতির প্রসঙ্গ উল্লিখিত হয়। যবন বা গ্রীক যেমন বৈদেশিক জাতি; শকগণও তেমনি বিদেশাগত। তার পর গ্রীকগণ বা যবনগণ যেমন ভারতে আসিয়া ভারতের অঙ্গে অঙ্গ মিশাইয়া ফেলিয়াছিলেন; শকগণও সেইরূপ ভারতে আসিয়া আপনাদিগের অন্তিত্ব ভারতেরই অন্তানিবিষ্ট করিয়া লইয়াছিলেন।

যে সময়ের ইতিবৃত্ত আলোচনা করিতেছি, সে সময়ে শকজাতি পাঞ্জাবে এবং আফগানি-স্থানের পূর্ব্ব-প্রদেশে আধিপত্য স্থাপন করিয়াছিলেন। তথন তাঁহাদের শৌর্যবীর্য্যে ও তাঁহাদের গৌরব-গরিমায় ভারতের উত্তর মধ্য ও পশ্চিমাঞ্চল সমাচ্ছন্ন হইয়াছিল। ‡

^{*} Vide Arcaceological Survey of West India, vol. iv and Epigrapica Indica, vols. vii and viii.

[†] Journal of the Royal Asiatic Society for 1909; Journal of the Bombay Asiatic Society, vol. xxiii, p. 104 and Indian Antiquary, vol. xl.

[়] এতংগ্রসঙ্গে ক্রেছ হয় তো ভাগত্তি ক্রিয়া বলিতে পারেন, – ব্বনগণ হিলুধর্ম গ্রহণ ক্রেন নাই; হিলুদিগের ধর্মে ক্রেছ উৎসাহ-দান ক্রিয়া তাহারা উচ্চ রাজনীতিজ্ঞতারই প্রিচয় দিয়াছিলেন ; ভ্রেন দেশ

শকদিগের অধিনায়কত্বে তাঁহাদের অধিকৃত দ্রবর্ত্তী প্রদেশ-সমূহে থাহারা শাসন-কার্য্য পরিচালনা করিতেন, তাঁহাদের উপাধি 'ক্ষত্রপ' বা 'সাত্রাপ' ছিল। সাত্রাপপণ অতি অল্প কাল মধ্যেই শকদিগের অধীনতা পাশ ছিল্ল করিয়া স্বাধীনতা অবলম্বন করেন। সেই সময়ে ক্ষত্রপদিগের একটা শাখা তক্ষশিলার পারিপার্শ্বিক স্থানসমূহে উপনিবিষ্ট হয়। তাহাদের একটা শাখা মথুরায়, একটা শাখা কাথিয়াবাড়ে ও মালোয়া (মালব) প্রদেশে এবং একটা শাখা দাক্ষিণাত্যে আধিপত্য বিস্তার করে। শকরাজগণের অনেকেই যে বেক্লি-ধর্ম্ম গ্রহণ করিয়াছিলেন, তহিষয়ে কোনই সন্দেহ নাই। তাহাদের মধ্যে স্পালিরাইদেস, আজাস ও মেয়োস এবং স্পালোহোরস ও স্পালগাদানেস আপন আপন মৃদায় 'প্রমিকা' বা 'ধার্ম্মিকা' বিলিয়া অভিহিত হইয়াছিলেন। বৌদ্ধানগের মধ্যে 'ধার্ম্মিকা' বা 'প্রমিকা' বা গ্রহাল করে স্ক্রান্ত শকরপতিগণ যে বৌদ্ধবন্মাবলম্বী ছিলেন, তাহাতে তাহা সপ্রমাণ হয়। তাহাদের মুদ্রায় চক্র-চিক্র বর্ত্তমান। তাহাতে বৌদ্ধদিগের ধন্ম-চক্রের বিষয় মনে আদে।

মথুরার সিংহ্ছারে উৎকীর্ণ লিপি হঠতে স্থানা হয়—মহাক্ষত্রপ রাজুলার সহধর্মিণী নাদাসীকাস, বুদ্ধদেবের স্মাধির উপরিভাগে এক ভূপ নিম্মাণ করিয়া দিয়াছিলেন। তাঁহারই বংশধর অবুহোলা, হাধুয়ারাওহান প্রভৃতির বিবধ বদান্তভাব ওদানশীলতাব বিষয় ঐ ভূপগাত্রস্থিত লিপিতে পরিকীর্ত্তিত রহিয়াছে। মহাক্ষত্রপের প্রভাব পাঞ্জাবের পূর্বে সীমাস্ত পর্যন্ত —রাজপুতনার উত্তর-পূর্বে এবং মথুরার পার্মবিত্তী রাজ্যসমূহে বিস্তৃত হইয়া পাড়য়াছিল। তক্ষশীলায় 'কুসলক' নামে আর এক ক্ষত্রপ-বংশের পরিচয় পাওয়া যায়। ক্ষত্রপ লিয়াক—এই বংশের অন্ততম। পাঞ্জাবের একথানি তামশাসনে তাঁহার পরিচয় আছে। তাহাতে প্রকাশ, —বুদ্ধদেবের সমাধির উপরিভাগে তিনি এক ভূপ নিম্মাণ করাইয়াছিলেন। সেই ভূপের রক্ষণাবেক্ষণের জন্ম তিনি বিবিধ বিধি-ব্যবস্থা প্রণয়ন করিয়াছিলেন, —পূর্বেরাক্ত তামশাসনে তাহাও পরিদৃষ্ট হয়।

শকগণ ব্রাহ্মণ্য-ধর্ম্মের পোষক হন।

ক্তপদিগের আর ত্ইটা সম্প্রদায় রাহ্মণা-ধর্মের পরিপোষক ছিলেন। তাঁহাদের এক সম্প্রদায়ের প্রাধান্ত কথিয়াবাড় ও মালবে এবং অন্ত সম্প্রদায়ের আধিপতা দাক্ষিণাত্যে বিস্তৃত হইয়া পড়িয়াছিল। নাসিক, কালি এবং জুয়ার গিরিগুহায় শেষোক্ত ক্তপ-বংশের ক্তকগুলি লিপি আবিষ্কৃত হইয়াছে। তাহাতে এই বংশের কিঞ্চিং পরিচয় পাওয়া যায়। ক্তপে-বংশের পরিচয়-মূলক নাসিকের সেই লিপির কিয়৸ংশ নিয়ে উৡত করিতেছি; যথা,—

"সিদ্ধিং রাজ্ঞ: ক্ষ্রাতশ্র ক্ষত্রপশ্র নহপানশ্র জামাত্রা দীণীকপুত্রেণ উষভদাতেন ত্রিগোশতসহস্রদেন·····দেবতাভ্যো ব্রাক্ষণেভ্যান্চ ষোড়শগ্রামদেন

অমুবর্ষমং ব্রাহ্মণশতসাহস্রীভোজপদিত্রা প্রভাবে পুণ্যতীর্থে ব্রাহ্মণেভ্যঃ অইভার্য্যাপ্রদেন।'' লিপিতে উষ্বদাত্তের দানকাহিনী পরিবর্ণিত। ঋ্যভদত্ত বা বুষভদত্ত নামেও তিনি পরিচিত।

তাঁহাদের বক্ততা তীকার করিয়াচিল। আমেরা তাহা ত্থীকার করি না। ভারতের ধ্রতাব তাহাদিগকে এাস ক্রিয়াচিল ;—ভারতে আনিচা তাহারা প্রম্প্রার্থিকাত করিতে সমর্থ ইইয়াছিলেন।

र्:-रे। ४४-8

নাসিকের আর একটা লিপিতে তাহার সহধ্যিতী স্ক্র্মিতা বা স্ক্র্মিতা নামে অভিহিত ইইয়াছেন। ব্যভদত এবং স্ক্রামত্রা উভয়ই হিন্দুদিগের নামের সহিত সাদ্গু-সম্পন।

নামে যদিও হিন্দু বলিয়া মনে হয়, কিন্তু নাসিকের তৃতীয় লিপিতে তাঁহাদিগকে স্পষ্টতঃ 'শক' বলিয়া অভিহিত করা হইরাছে। । পণ্ডিতগণের এরূপ সিদ্ধান্তের একমাত্র কারণ—পূর্ব্বোদ্ধত লিপিতে ব্যভদত্তর পিতা 'দীনিক' নামে এবং সংঘমিতার পিতা 'নহপান' নামে উল্লিখিত হইরাছেন। পণ্ডিতগণের ধারণা,—দীনিক এবং নহপান কেইই হিন্দু ছিলেন না; তাঁহারা ভারতবাসীও নহেন। আবার, নহপান—ক্ষহ্রাং বংশসন্তৃত এবং ক্ষত্রপ নামেও অভিহিত। 'ক্ষহ্রাত' অথবা 'নহপান' নাম হিন্দুদিগের মধ্যে প্রচলিত নাই। 'ক্ষত্রপ' শব্দের উৎপত্তিমূলেও কোনও সংস্কৃত প্রভাবের পরিচয় পাই না; অথবা, সংস্কৃতবিৎ পণ্ডিতগণের মতে 'ক্ষত্রপ' পদের উৎপত্তি-মূলে সংস্কৃত-ভাষার প্রভাব-বিষয়েও কোনও পরিচয় বিজমান নাই। ক্ষত্রপ উপাধির মূলে পারস্ত-ভাষার প্রভাবও অনেকে অন্মান করেন। তাঁহাদের মতে, পাশি-উপাধি 'ক্ষত্রপায়ন' পদের সংস্কৃত অপল্বংশ যে পদ ব্যবহৃত হয়, এংগ্রোভ্যারন ভাষায় তাহাই 'সাত্রাপ' রূপে রূপান্তরিত।

যাহা হউক, মে দৃষ্টিতেই নেথি,—হিন্দু-নামের সহিত সাদ্গু-সম্পন্ন হইলেও, উষবদত্ত নামের বৈদেশিক সংশ্রীন কিছুতেই অস্থাকার করা যায় না। পূর্দ্ধোদ্ধত লিপিতে, উষবদত্তকে 'ত্রিগোশতসহস্রদ' বলা হইয়াছে। তিনি বাজন ও দেনতার নামে বোলথানি গ্রাম উৎসর্গ করিয়াছিলেন এবং কাথিয়াবাড়ের অন্তর্গত দোমনাথপত্তনে প্রভাগতীর্থে আট জন ব্রান্ধণের বিবাহের ব্যবস্থা করিয়া দিয়াছিলেন। অধিকস্ক প্রতি বংসর তিনি একশত সহস্র অর্থাৎ লক্ষ ব্রান্ধণকে চব্যচ্যুলেহ্বপ্রে প্রভৃতি দ্বারা ভোজন করাইতেন;—'অনুবর্ষমং ব্রান্ধণশতসাহস্রী-

🛊 এই বংশের রাজগণকে শ্মিণ ইণ্ডোপাথীয় বলিয়া মনে করেন। এই বংশের কোনও কোনও রাজার নামের সহিত ইরাণ-দেশীয় নামের সাদৃষ্ট বোধ ২য়, তাহার এইরূপ সিদ্ধান্তের মূলী ছুত। বৈদেশিক বছ রাজা ভারতীয় নাম এহণ করিয়াছিলেন, তাঁহাদের অনেকের ইরাণীয় মাদৃশু-মূলক নামও ছিল। মোয়াস, আলাস প্রস্তুতি দিদীয় নাম। স্তরা: ইওোপার্থীয় না হইয়া, ঠাহাদের ইঞ্জো-দিদীয় হওয়ারই অধিক সন্তাবনা। মধুবার বিংগ্রাবের বিপিতে 'নাকস্তানের' উল্লেখ আছে। তদ্বারা ঐ সকল মালাকে শক-জাতির অন্তর্ভুক্ত করা হয়। প্রত্তত্ত্বিৎ কোনও কোনও পণ্ডিত এতৎসখলে বিরুদ্ধ মত প্রকাশ করিয়াছেন। কিন্ত মিষ্টার এফ ভবলিউ টমান (Epigraphica Indica vol. ix) এবং ডটার ভাতারকার (Indian Antiquary, vol. মা) দে মত গ্রহণ করেন নাই। তাহাদের মতে ঐ লিপিতে শকরালোর কথা পাছে। দে সময়ে শকরালা বলিতে কেবল আধুনিক দীন্তানকেই বুঝাইত না; পরস্ত ইত্যোদিদিয়াও তাহার অন্তভুক্ত হইত। 'পেরিপ্লাদে' এবং টলেমির রাপ্তে এই ভাবেই শক-রাজ্যের বিষয় উলিপিত হুইয়াছে। তবে গণ্ডোফেরাস রাজবংশকে পণ্ডিতগণ ইভোপার্থীয় বলিয়াই অনুমান করেন. ঐ বংশের কাছারও নামের সাহিত দিদীয় নামের সাদৃত্য পুঁজিয়া পাওয়া ৰায় ন।। ভেনোনেদ শকবংশের প্রতিষ্ঠা করেন। দেই বংশের রাজগণের তালিকা সম্বন্ধে সকলেই একমত পোষণ করেন। মধুরার লিপিতে গোদাদের রাজ্যকাল ৭২, তক্ষণিলার লিপিতে পতিকের রাজ্যকাল ৭৮, তথৎ-ইবাহি লিপি ত গণ্ডোফেরাদের রাজ্যকাল ১০০ এবং পাঞ্জীর লিপিতে, গুণন (ব) কুশন) বংশের রাজ্যকাল ১২০ অব নিশিষ্ট আছে। অনেকে ঐ কালনির্দোলের পভিন্ন ভিন্ন বাাখ্যা গ্রহণ করিয়াছেন। কিন্ত ঐ সকল ভারিথ বে একই অব্দের, পণ্ডিভগণের দিছান্তে ভাষা প্রমাণিত হইভেছে। দেই অন্ধ 'বিক্রম অন্ধ' বলিয়া নিন্দিষ্ট

ভোজপয়িতা।' এই সকল কারণে উষভদত্ত ব্রাহ্মণা-ধর্ম্মের একজন প্রধান পৃষ্ঠপোষক বলিয়া প্রথাত। কিন্তু তাহা হইলেও তিনি বৈদেশিক এবং শকবংশীয়, তদ্বিয়ে সন্দেহ নাই।

শকদিগের হিন্দুভাব।

দাক্ষিণাত্যে ক্ষত্রপ-রাজ্য অধিক দিন স্থায়ী হয় নাই। অতি অল্পদিনের মধ্যে 'সাত্রাহন' বা শালিবাহন-বংশের গোত্মীপুত্র পাত্রকণি দাক্ষিণাত্যে বিশেষ শক্তি সম্পন্ন হইয়া উঠেন। তাঁহার এবং তাঁহার পুত্র বশিষ্ঠাপুত্র পূল্মাইর রাজত্বকালে ক্ষত্রপ-প্রভাব একেবারে বিল্পু হয়। এই সময়ে পূর্কোক্ত ক্ষত্রপ-বংশের সমসাময়িক আর এক ক্ষত্রপ বংশ কাথিয়াবাড়—মালবে রাজত্ব করিতেন। উজ্জ্বিনী নগরে তাঁহাদের রাজধানী ছিল। এই বংশের উনিশ জন নূপতি ২৭০ হইতে ৩৮৮ পৃষ্টাক্ষ পর্যান্ত রাজত্ব করেন। চল্ল-এই ক্ষত্রপ-বংশের প্রতিষ্ঠাতা। চল্লের পিতার নাম ঘমোটিকা (Ghsamotika)। চল্ল এবং গ্রোটিকা—উভর্ত যে বৈদেশিক নাম, তিরিয়ে কোনও সন্দেহ নাই। কিন্তু তাঁহাদের বংশগ্রগণের নামের প্রতি দৃষ্টিপাত করিলে, তাঁহাদিগকে হিন্দু বলিয়াই প্রতিপর হয়। চল্লের প্রতের নাম জ্বদমন, তাহার পুত্র ক্রদমন। অধ্যাপক ব্যাপ্সনের মতে,—'ম্পলগ্রেম্ন' নামের অন্তর্গত 'ডেম্ম' এবং 'দমন' একই ভাবস্পান বলিয়া প্রতিপর হয়। *

শকবংশায় রুদ্রমন হিন্দু হন।

শক-বংশীয় কদ্রদান যে হিন্দু হইয়াছিলেন, তাহার বিশিষ্ট আলোচনা দৃষ্ট হয়। 'ক্রদ্র' এবং 'জয়' শক্ষ যে হিন্দুনামার্থবাধক, তাহাতে কোনই সন্দেহ নাই। জ্নাগড়ের পর্বতগাতে যে লিপি দৃষ্ট হয়, তাহাতে রংজদমনের বিষয় উলিখিত আছে। নিয়ে তাহা উদ্ধৃত হইল; যথা,—"শক্ষার্থ গান্ধর্ব-ভায়াভানাং বিভানাং মহতীনাং পারণ—ধারণ—বিজ্ঞান—প্রায়োগাবাপ্রবিপ্রকীর্ত্তিনা—।" এই লিপিতে প্রতিপন্ন হয়,—ক্রদ্রদান কেবল যে হিন্দু ছিলেন, তাহা নহে; পরস্ত তিনি ব্যাকরণে, তকশাস্থে এবং সঙ্গীত-বিভায় আশেষ পারদর্শিতা লাভ করিয়াছিলেন। হিন্দুদিগের বিজ্ঞান-শাস্থেও তাঁহার ব্যুৎপত্তির অবধি ছিল না। কিন্তু তথাপি মূলে তিনি বৈদেশিক।

প্রত্তত্ত্ববিদ্যাণ বলেন,—বিদেশাগত শকগণ এমনই তাবে হিন্দ্দিগের সহিত অঙ্গে অঙ্গ মিশাইয়া দিয়াছিলেন যে, তাৎকালিক ভারতীয় হিন্দ্রাজগণ হাঁহাদের সহিত বিবাহ-ক্ত্রে সম্বন্ধ হইতেও কুণ্ঠা বোধ করেন নাই। মহারাষ্ট্র-দেশের স্থপ্রসিদ্ধ সাতবাহন বা শালিবাহন-বংশ এই ক্ষত্রপদিগের সহিত বিবাহ-ক্ত্রে আবদ্ধ হন। 'কানহারি' গুহার লিপিতে তাহার যথেষ্ট প্রমাণ বত্তমান আছে; যথা,—

- ".....(বা) সিষ্টাপুত্রশু শ্রীসাতকণীশু দেব্যাঃ কাদমকর্জবংশপ্রভবায়া মহাক্ষত্রপ রু(দ্র) পুত্র্যা.....
- ·····ইয় বিশ্বস্তুত্ত অমাত্যস্ত সতেরাক্স পানীয়ভোজনং দেয়ধর্শঃ (॥) †"
- · Vide Epigraphica Indica, Vol. viii.
- † Catalogue of Indian Coins, Introduction,

এই লিপিতে 'সতেরাকা' নামক মন্ত্রীর দানের বিষয় উল্লিখিত। তিনি কোনও রাণীর মন্ত্রী ছিলেন। সে রাণীর নাম এখন বিলুপ্ত। কিন্তু তিনি বশিষ্ঠীপুত্র শ্রীসাতকর্ণির সহধর্মিণী এবং কদ্রনামা মহাক্ষত্রপের কতা বলিয়া অভিহিত। শ্রীসাতকর্ণি—সাতবাহন বংশসন্তৃত ছিলেন। ডক্টর বুলাবের মতে, লিপি-উদ্ধৃত রুদ্রই এই রুদ্রদমন রাজা। এই লিপির আলোচনায় সপ্রমাণ হয়,—খহরাত ক্ষত্রপ-বংশের নিন্তুলকারী গৌতনীপুত্র সাতকর্ণির দ্বিতীয় পুত্র, সাতবাহন-বংশ-সন্তুত বিস্থীপুত্র শ্রীসাতকির্ণ মহাক্ষত্রপ রুদ্রমনের ক্যাকে বিবাহ ক্রিয়াছিলেন।

নাসিকের একটা গিরিগুহায় বিষ্ণুদত্তের কীর্ত্তিকাহিনী পরিবর্ণিত। তাঁহার বিবিধ দানের মধ্যে পীড়িতদিগের চিকিৎসার জন্ম স্থায়ী দানের পরিচয় পাওয়া যায়। নাসিকের গিরিগুহাক্ষিত সেই লিপিটা প্রথমে উদ্ধৃত করিতেছি; যথা,—

শকাগ্নিবশ্বণঃ ছহিত্রা গণপকশু
 বেভিল্ফ ভার্যায়া গণপকশু বিশ্ববম্প্র
মাত্রা শক্তিকয়া উপাদিকয়া বিয়ুদ্ভায়া

গিলানভেষজার্থং অক্ষয়নীবি প্রযুক্তা ॥"

কথিত হয়,—ঈশ্বরসেন নামক জনৈক রাজার রাজস্বকালে এই লিপি উৎকীর্ম হইয়াছিল।
বিষ্ণুনন্তা—'উপাদিকা' বলিয়া লিপিতে পরিকীন্তিত। তিনি বৌদ্ধর্মের উপাদিকা ছিলেন।
পণ্ডিতগণ বলেন,—তিনি শকজাতীয় অগ্নিবর্মণের কন্তা। 'সাসানিকা' নামেও তিনি অভিহিত
হইতেন। স্কুতরাং পিতাও কন্তা উভয়েই যে শকজাতীয় ছিলেন, তদ্বিয়ে সন্দেহ নাই।
বিষ্ণুন্তের পিতাকে 'শক অগ্নিবর্মণ' বলা হইয়াছে। নাম হইতে তিনি ক্ষত্রিয় ভিন্ন অন্তা কিছুই
উপপন্ন হন না। শকের ল্যায় গণপকও একটা জাতীয় সংজ্ঞাবিশেষ। গণপক ভারতীয় কি
বৈদেশিক নাম, তদ্বিয়ে সন্দেহ উপস্থিত হয়। তবে একটা বিষয় এখানে বিচার করিবার
আছে। বিষ্ণুন্তা শকের কন্তা; বিবাহ হইল তাঁহার গণপকের সহিত। তথাপি তিনি
'শাকানিকা' বলিয়া অভিহিত হন কেন ? * ইহার কারণ এই যে, পূর্ব্বকালে এমন
কি বর্ত্তমানকালেও রাজপত্র-বংশে এ দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়।

'
কানও রাজপত্র-বংশে এ দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়।

আভীরগণ।

শকদিগের সমসময়ে 'আভির' নামক আর এক বৈদেশিক জাতি ভারতে প্রবেশ করে। ভারতের বিভিন্ন স্থান লুঠন করিয়া, তাহারা ভারতে বসতি স্থাপন করিয়াছিল। যুক্তপ্রদেশে 'অরউরা' নামে একটা পল্লী পরিদৃষ্ট হয়। সংস্কৃত-ভাষায় ঐ স্থান 'আভিরাবাটক' নামে উল্লিখিত। আবার ঝান্সীর সন্নিকটে 'আহিরওয়ার' নামে আর এক স্থানের উল্লেখ আছে। প্রত্নত্ববিদ্গণ অনুমান করেন,—'আভির' বা 'আহিরগণ' সেই সকল স্থানে বসতি স্থাপন

^{*} Archaeological Survey of India, Vol. vi, p. 78

কারষাছিল। সেইজন্মই ঐরপ নামকরণ হইয়াছে। আভিরগণ এক সময়ে এতই পরাক্রমশালী হইরাছিল যে, তাহাদের প্রভূত-প্রতিপত্তি দাক্ষিণাত্য পর্যস্ত বিস্তৃত হইয়া পড়ে। পরাণাদিতে প্রকাশ,—অন্ধৃত্ততিদিগের পর, আভীরগণ দাক্ষিণাত্য অধিকার করে। নাদিকে প্রাপ্ত লিপি হইতেও এতিছিয়র সপ্রমাণ হয়। 'আভীর' জাতীয় জনৈক রাজার রাজত্বকালে ঐ লিপি উৎকীর্ণ হইয়াছিল বলিয়া প্রকাশ।

আভিরগণ যে বৈদেশিক, তদ্বিষয়ে সন্দেহ নাই। বিষ্ণু-প্রাণে এবং মহাভারতের মুসলপর্বে তদ্বিয় সপ্রমাণ হয়। সেখানে তাহারা দস্ত্য এবং শ্লেচ্ছ বলিয়া উল্লিখিত। মহাভারতের যে প্রসঙ্গে আভীরিদিগের নাম দৃষ্ট হয়, তাহা এই,—কৃষ্ণ-বলরাম দেহত্যাগ করিলে ফর্জুন প্রভৃতি তাঁহাদিগের সংকার করেন। দারকায় তাঁহাদের সমাধি হয়। পাঞ্জাবের মধ্য দিয়া মথুরায় প্রত্যাবর্ত্তনকালে আভীরগণ তাঁহাদিগকে আক্রমণ করে। তাঁহাদিগের মর্থাদি এবং বাদবদিগের সুন্দরী রমণী তাহারা হরণ করিয়া লয়। *

যাহা হউক, পরে তাহার। দস্কার্ত্তি পরিত্যাগ করিয়া রাজ্যস্থাপনে ব্রতী হয়। যোধপুরের বাইশ মাইল উত্তর-পশ্চিমে 'ঘাটিয়ালা' নামক স্থানে একটা লিপি দেখিতে পাওয়া যায়। পতিহার-বংশের রাজকুমার কুকুরের নামের সহিত ঐ লিপির সম্বন্ধ স্থিতি হইয়া থাকে। ঘাটিয়ালার সেই লিপিতে নিম্নলিখিত ছুইটা ছত্র পরিদৃষ্ট হয়; যথা,—

"রোহিন্দকুপকগ্রামঃ পূর্ব্বমাসীদনাশ্রয়ঃ।

অসেব্যঃ সাধুলোকানাং আভীরজনদারুণঃ ॥''

এই লিপি হইতে ব্ঝিতে পারি, আভীরদিগের জ্বল্ড বোহিন্সকৃপক' অর্থাৎ 'ঘাটিরালা' গ্রাম সজ্জনের বাদের অনুপ্রোগী হইয়া পড়িয়াছে। গ্রাম জনশুল হইয়া গিয়াছে।

পূর্ব্বে সাকানিকা বিষ্ণুদত্তের যে লিপির বিষয় উল্লিখিত হইয়াছে, সেই লিপির কিয়দংশ উদ্ধৃত ক্রিতেছি; তাহাতে এই বিষয়টা অধিকতর বিশ্বন হইতে পারে। যথা,—

> "সিদ্ধং রাজ্ঞঃ মাটরীপুত্রস্থ শিবদন্তাভীরপুত্রস্থ আভীরস্থেশ্বরসেনস্থ সংবৎসরে নবম ১ গিন্ধ পথে চৌথে ৪ দিবস ত্রয়োদশ ১৩ ।''

- শিবদত্তের পুত্র মাধারিপুত্র ঈশ্বরসেনের রাজত্বকালে এ লিপির পরিচয় পাওয়া যায়। সেথানে
 ঈশ্বরসেন এবং শিবদত্ত উভয়েই 'আভীর' নামে আথ্যাত হইয়াছেন। এথানে একটা বিষয়
 লক্ষ্য করিবার আছে। সে বিষয়টা এই—ঈশ্বরসেন এবং তাঁহার বংশবরগণ 'মাধারীপুত্র' নামে
 - িন্দু-ধর্মের শীর্দ্ধি-সাধনে শক্ষিগের বিবিধ দানের পরিচয় পাওয় হায়। নানিকের চুইটা দ্বাহা ভাহার হথেই প্রমাণ বিজ্ঞান। তেওঁ লিপিতে দেখিতে পাই, "নিদ্ধাণকদ দামচিক্স দেখকদ বৃদ্ধিক বিক্ষুদ্ধেপুত্স দশপুর বাহবেদ লেগ পোঢ়িয়ো চ দো।" বিঞ্দত্তের পুত্র ভূধিক বা বৃদ্ধিকের দানের বিষয় এই লিপিছরে প্রকৃতি । গোয়ালিয়র রাজ্যের অন্তর্গত দানপুর বা মান্দানের ভাহারা বাদ করিতেন। তিনি একটা বানোপ্যোগী শুহা এবং ছুইটা ইনির। প্রস্তুত করাইয়া দিয়াছিলেন। 'শব' বলিয়া লিপিতে উল্লেখ থাকিলেও ভাহারা হিন্দু বলিয়াই অভিহিত হইতেন। উক্ত শুহার আর একটা লিপি স্বর্গেন নামক জনৈক রাজ্যার রাজ্যুকালে উৎকার হয়। নে লিপিতেও বিবিধ দাবের পরিচয় আছে।

পরিচিত হইয়াছেন। তাহার কারণ এই বলিয়া মনে হয় বে,—তাৎকালিক নূপতিগণ আপন আপন নামের সহিত মাতৃ-পরিচয় সন্নিবিষ্ঠ করিতেন। এ ক্ষেত্রে সেই প্রথারই অনুসরণ দেখিতে পাঁই। *

কাথিয়াবাড় জেলার গণ্ডা নামক স্থানে, আভীরদিগের আর একটী লিপি আবিষ্ণৃত হটয়াছে। ঐ লিপি ১০২ শকান্দে অর্থাৎ ১৮০ খৃষ্টান্দে উৎকীর্ণ হওয়ার পরিচয় পাওয়া য়ায় । ক্দেদমনের পুত্র রুদ্দিংহের রাজম্বকালের পরিচয়ের আভাষ উহাতে সন্নিবিষ্ট আছে। সেনাপতি বাহকের পুত্র রুদ্দৃত্তির বিবিদ দানের পরিচয়ও ঐ লিপিতে পাওয়া য়ায় । প্রকাশ—রুদ্দৃতির সেনাপতি রুদ্দৃত্তিব নামে দান করিয়াছিলেন। এগানেও রুদ্দৃত্তি 'আভীর' বলিয়া পরিচিত। আভীর-জাতীয় হইলেও, তাঁহার নাম হিন্দুর প্রিচায়ক।

বর্তমানে 'আহির' বলিয়া দাহারা আথাত হন, প্রাচীনকালে তাহারাই 'আভীর' নামে অভিহিত হইত,—প্রত্ত্ববিশারদগণের ইহাই সিদ্ধান্ত। ইহারা ক্রমে পূর্বাদিকে বঙ্গদেশ এবং দক্ষিণে দাগিণাত্য পদান্ত বিস্তৃত হইয়া পড়িয়াছিল। এক্ষণে তাহাদের অধিকাংশ গো ব্যবসায়া। বেং কেই অন্ত ন্যবসায়প্ত গ্রহণ করিয়াছে। থানেশ অঞ্চলে, এখন আমরা যে সোনার, সাহ্রি সোনার, স্তার, আহার স্তাব প্রভৃতি দেখিতে পাই, তাহারা পূর্ব্বাক্ত আভীর জাতিরই অন্ত ভূত। থানেশে, রাজপ্তানায় এবং গুজরাটে আভীর, রাজণের অন্তিরের বিষয় জানা নার। ইহাদের সংখ্যা এতই অধিক যে, ইহাদের স্তন্ত্র একটী ভাষা স্থ ইইয়া গিয়াছে। খানেশে তাহাদের সেই ভাষার নাম—'আহিরাণা'। মহারাষ্ট্র ভাষার সহিত সৌসাদ্ধ্য থাকিলেও, ইহাদের ভাষাব বিশেষত্ব মহারাষ্ট্র ভাষা হইতে ইহাকে স্বতন্ত্র করিয়া রাখিয়াছে। সাহা হউক, বৈদেশিক জাতি হইলেও আভীরগণ এখন ভারতের হিন্দু বলিয়াই পরিচিত। ভারতীয় হিন্দুগণের সহিত এখন আর তাহাদের কোনও পার্থক্যের বিষয়ই উপলব্ধ হয় না।

নাহা হউক, শক, আভীর প্রস্তুতি জাতির পর কুশনরাজগণ উত্তর-ভারতে আধিপত্য বিস্তার করেন। এই বংশের প্রথম রাজার নাম—'কাজুলা কাদ্ফাইসেস'। তাঁহার প্রবর্ত্তিত মুদ্রায় তিনি "সহধর্মস্থিত" অর্থাৎ সত্যধর্মান্বিত বলিয়া পরিচিত। ইহাতে বুঝা নায়— তিনি ব্রাহ্মণা-ধর্মানলম্বী ছিলেন। কিন্তু প্রধানতঃ তিনি শিবের উপাসনা করিতেন। তাহাতে কেহ কেহ তাঁহাকে 'শৈব' বলিতেও কুঞ্চিত নহেন।

কাদফাইসেদের প্রবর্ত্তি মূজার এক অংশে, তাঁহার পরিচয়ে মহারাজস রাজাধিরাজস

* এইরপ অভিনবত সম্বর্ধে পণ্ডিভগণ এক দৃষ্টান্তের অবভারণা করিয়া থাকেন। সে দৃষ্টান্ত রাজপুতদিগের নামকরণাদি সংক্রান্ত। ভক্টর ভাণ্ডারকার এভংগলকে নিয়রপ মত প্রকাশ করেন; যথা, - "This reminds us of the present Rajput princesses, who are known at their husband chief's homes by the tribal name of their father. Thus the ruling dynasty of Jodhpur is Rathod, but the queen of the present Maharaja is styled Hadiji i.e., the daughter of a Hada, a Subdivision of the Chohans to which belongs the Binodi family from which she has sprung "—Indian Antiquary Vol. xl. pp. 15-16.

সর্বলোগঈশ্বরস মহীশ্বরস উইম-কাথকিশস এতস উক্তি দেখিতে পাই। । পণ্ডিতগণ অনুমান করেন,—'মহীশ্বরস' পদ সংস্কৃত 'মহেশ্বরস' পদের পরিবর্তে ব্যবস্থৃত। স্কৃতরাং তিনি যে শৈব ছিলেন, তিষিয়ে আদৌ সন্দেহ থাকিতে পারে না! আমরা কিন্তু অন্ত সিদ্ধান্তে উপনীত হই। 'মহীশ্বরস' পদ 'পৃথিবীপতি' অর্থেও প্রযুক্ত হওয়া অসন্তব নহে। স্কৃতরাং 'মহীশ্বরস' পদকে 'মহেশ্বরস' পদে রূপান্তরিত করিবার কোনই কারণ দেখি না। কিন্তু তিনি ● যে শিবের উপাসক ছিলেন, মুদ্রার অপর (বিপরীত) দিকের প্রতিমূর্ত্তি প্রভৃতি দৃষ্টে তাহা সহজেই উপলব্ধি হইতে পারে। সেখানে নন্দীর প্রতিমূর্ত্তি আছে। কথনও বা সে মূর্ত্তির সহিত বিশূল এবং ব্যাঘ্রচর্ম্ম রহিয়াছে।

কাডফাইসেনের পর ক্রমে কনিক্ষ, হবিদ্ধ এবং বাস্তদেব সিংহাসন লাভ করেন। তাঁহারা সকলেই যে একই বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন, তাহা নহে। তাঁহাদের মূদায় গ্রীক ও ইরাণীয় দেবদেবীর প্রতিমূর্ত্তির সহিত হিন্দ্র দেবদেবীর প্রতিমূর্ত্তি দেখিতে পাওয়া যায়। কনিক্ষের মূদায় বৃদ্ধদেবের প্রতিমূর্ত্তি আঙ্কিত আছে। পণ্ডিতগণের মতে, একমাত্র কনিক্ষের মূদায়ই বৃদ্ধদেবের প্রক্রত মূর্ত্তি প্রথম দেখা যায়। উত্তরদেশীয় বৌদ্ধগণ বলেন,—কনিক্ষ তাঁহাদের একজন পৃষ্ঠপোষক ছিলেন। এতদ্বারা তাঁহাদের উক্তির সাগকতা সপ্রমাণ হয়। কিন্তু কনিক্ষ্ণের পরবর্ত্তী রাজ্বগণের কাহারও মূদ্রায় কনেক্র, কাহারও মূদ্রায় মহাসেনের, কাহারও মূদ্রায় কুমারের, কাহারও মূদ্রায় বিশাণের এবং কাহারও মূদ্রায় 'ওয়েনো' অথাৎ শিবের প্রতিক্ষতি উৎকীর্ণ আছে। সে সকলই রাহ্মণ্য-প্রথমর 'অনুসারী। † কিন্তু তাহা হইলেও এই সকল কুশন-রাজ যে বৈদ্যোশক, তাহা অবিস্থাদিত। কাজুলা কাডফাইসেস, ওয়েমা কাডফাইসেস, কনিক্ষ, হবিদ্ধ প্রভৃতি নাম—ভারতীয় নাম নহে। মূদ্রাদির প্রমাণ হইতে সিদ্ধান্তিত হয়,—তাহারা তুকির পরিচ্ছদ পরিধান করিতেন, আর আরুভিতে তাহারা নঙ্গোলয়দিগের অনুক্রপ ছিলেন। ‡ কিন্তু তাহা হইলেও, বৈদেশিক্রপে ভারতে উপনিবিষ্ট হইলেও, তাহারা হিন্দদেবদেবীর প্রতি যথেষ্ট শ্রদা-ভক্তি করিতেন। §

বিদেশাগত জাতিসমূহের অনেকে ভারতের হিন্দু, বৌদ্ধ ও ব্রাহ্মণ্য-ধন্ম গ্রহণ করায়, ভারতের ধন্মের শ্রেষ্ঠত্বই প্রতিপন্ন হইতেছে। ভারতব্য এক সময়ে যে সর্ক্রিবরে পৃথিবীর মধ্যে বরণীয় আসন লাভ করিয়াছিল, আর ভারতের হিন্দুজাতি যে এক সময়ে অশেষ গৌরবে মণ্ডিত ছিল, পূর্ব্বোক্ত বিবিধ আলোচনায়, নিঃসন্দেহে তাহা সপ্রমাণ হয়।

- * মহাভারত, মুখলপর্বা, সপ্তম অধ্যায় এবং বিষ্ণুপুরাণ পঞ্চম অংশ ৩৮ অধ্যায় এইবা। Archaeological Survey of Western India, Vol. il এও ইহার কিঞিং আভাব পাওয়া বায়।
 - † Wilson's Indian Castes, Vol. ii,
 - ‡ Smith's Catalogue of the Coins in the Indian Museum, Calcutta, p. 68.
- § On the coins of his (Kaniksha's) successors occur the figures of 'Skando' (Skanda), 'Mahaseno' (Mahasena), 'Komaro' (Kumara) 'Bizago' (Visakha) and 'Oesho' (Siva)—all from the Biahmanic pantheon,"—Indian Antiquary, Vel·xl, p. 17.

চতুর্থ পরিচ্ছেদ।

ভারতে 'হেলেনিক' প্রভাব।

[বৈদেশিক সংশ্রবে ভারতের অবস্থা ;—বৈদেশিকগণই ভারতের অঙ্গে অঙ্গ মিশাইরাছিলেন ;—সমসাময়িক বৈদেশিক নূপতি ;—উপসংহার।]

* * *

বৈদেশিকের স্বধর্মত্যাগ।

বৈদেশিক-সংশ্রবে ভারতের নানারপ অবস্থা-বিপর্যায় সংঘটিত হইয়াছিল, তাহাতে সন্দেহ করিবার কোনও কারণ নাই। তবে সে অবস্থা-বিপর্যায় সমগ্র ভারতের উপর ক্রিয়াশীল হইয়াছিল বিশ্বা মনে করি না। বিশাল বিস্তৃত ভারত-সাত্রাজ্যের বিভিন্ন রাজশক্তির অভ্যন্তরে, স্থানে খানে বৈদেশিকগণের প্রভাব বিস্তৃত হইয়াছিল বটে; কিন্তু তাহাতে ভারতের বিশেষ কোনও পরিবর্ত্তন সাধিত হয় নাই। পরস্ত ভারতবর্ষই অনেক বৈদেশিক শক্তিকে আপনার কৃষ্ণিগত্ত করিয়া লইয়াছিল। পুর্বের্গক বিবরণ-পরশ্বায় তাহাই প্রতিপন্ন হয়।

যে সকল বৈদেশিক ভারতবর্ষে খ্যাতি-সম্পন্ন হইয়া আছে, তাহাদিগের মধ্যে যবনগণ সমধিক প্রসিদ্ধিসম্পন্ন। তাই তাহাদের সংস্পর্শে ভারতের কি আভ্যন্তরীণ পরিবর্ত্তন সাধিত হইয়াছিল,—অনুসদ্ধিৎস্থাণের মনে স্বতঃই সেই প্রশ্ন জাগিরা উঠে। পাশ্চাত্য ঐতিহাসিকগণ যথন একবাকো ভারতের নৈতিক, সামাজিক, আর্থিক ও রাজনৈতিক শ্রীর্দ্ধিসাধনের মূলে 'হেলেনিক' বা গ্রীক-প্রভাবের শ্রেষ্ঠ্য খ্যাপনে প্রযন্ত্রপর হন, তথন সে কৌতূহল যেন আরও বৃদ্ধিপ্রাপ্ত হয়। তথন স্বতঃই প্রশ্ন উঠে,—পরোক্ষভাবে বা প্রত্যক্ষভাবে, জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে, পাশ্চাত্য-সভ্যতা ভারতের উন্নতির কত্যুক্ সহায়ক ইইয়াছিল এবং ভারতের রাজ্যতন্ত্রের প্রাচীনতম সৌধের শ্রীসৌন্দর্য্যসম্পাদনে 'হেলেনীয়' প্রভাব কত্যুর কার্য্যকরী হইয়াছিল ? এই সকল সংশন্ধ-প্রশ্নের সমাধানে, পাশ্চাত্য ঐতিহাসিকগণ মহাবীর আলেজ-কণ্ডারের ভারত-আক্রমণ-প্রসঙ্গে এবং উত্তর-পশ্চিম সীমান্তে গ্রীক-শাসনের শ্রেষ্ঠত্ব খ্যাপনে, 'হেলেনিক' প্রভাবে ভারতের বিবিধ বিভিন্নমুখী উন্নতির বিষয়ই কীর্ত্তন করিয়া থাকেন।

ঐতিহাসিকগণের মধ্যে থাহারা এবন্ধি মতের পরিপোষক, তন্মধ্যে হার নিস্ সর্ববাঞ্চাণ্য। তাঁহার বিশ্বাস,—আলেকজাগুরের প্রবর্ত্তি বিধি-বিধানই ভারতের উন্নতির মূলীভূত; আর, সেলিউকাস নিকাটরের নিকট পরাভূত হইয়া রাজচক্রবর্ত্তী চক্রগুপ্ত তাঁহার বশুতা-স্বীকারে বাধ্য হইয়াছিলেন; এবং সেই স্ত্রেই গ্রীসের প্রভাব সর্বতাভাবে ভারতে বিশ্বত হয়,— হেলেনিক আচার-ব্যবহার রীতি-নীতি বিধি-বিধান ভারতের অহিমজ্জান্ব মিশিরা যায়। নিসের এবং তাঁহার অম্বর্ত্তী ঐতিহাসিক্লিগের এই মত যে কতদ্র সমীচীন, সামান্ত ক্রেন্টেই তাহা হ্লমঙ্কম হইতে পারে। স্থাসিদ্ধ ইংরেজ ঐতিহাসিক্লিগের কেহ কেহ নিসের মতের

পরিপোষক। কিন্তু, পূজারপুজ আলোচনায় তাঁহাদের এই মত ভ্রান্ত বলিয়া প্রতিপন্ন হইয়া থাকে। আলেকজাণ্ডারের ভারত আক্রমণ হইতে আরম্ভ করিয়া কৃশন-বংশের রাজ্যাবসান-কাল পর্যান্ত অর্থাৎ গুপুবংশের অভ্যাদয়ের পূর্ব্ব পর্যান্ত, প্রায় চারি শতান্দী কাল, বৈদেশিক জাতির সংশ্রবে, ভারতের কি পরিবর্ত্তন সাধিত হইয়াছিল, তাহা বিচার করিলে বেশ বৃথিতে পারা যায়—বৈদেশিক প্রভাব ভারতের প্রান্তভাগে মাত্র বিস্তৃত হইয়াছিল এবং তদ্ধারা ভরতের বিশেষ কোনই পরিবর্ত্তন সংসাধিত হয় নাই; পরস্ক বৈদেশিকগণই তথন ভারতের অঙ্গে অঙ্গ ঢালিয়া দিতে বাধ্য হইয়াছিলেন; ভারতের ধর্ম্ম, ভারতের আচার-ব্যবহার তথন তাঁহাদিগকেই গ্রাম ফেলিয়াছিল।

আলেকজাণ্ডার মাত্র দেড় বংসর কাল ভারতে অবস্থান করিয়াছিলেন। তাঁহার করনা যতই দ্রগামী ইউক না কেন,—প্রতিনিয়ত বিবাদ বিসম্বাদে লিপ্ত থাকায় তিনি স্থায়ী কোনও বিধান যে প্রবৃত্তিত করিতে সমর্থ হন নাই, তাহাতে বিন্মাত্র সন্দেহ থাকিতে পারে না। স্কৃতরাং হিন্দুদিগের প্রতিষ্ঠিত রাজ্যতন্ত্রে বা তাঁহাদিগের সমাজ-তন্ত্রে বৈদেশিক প্রভাবের কোনও স্থায়ী পরিবর্ত্তনের চিহ্ন বর্ত্তমান নাই। প্রকৃতপক্ষে, আলেকজা গুার ভারতের রাজনৈতিক ও সমাজ-নৈতিক অবস্থার পরিবর্ত্তন-সাধনে আদৌ সমর্থ হন নাই। অপিচ, তাঁহার মৃত্যুর পুর চুট বংসরের মধ্যেই ভারত্বে মাসিডনীয় শাসন-সন্তের সম্দায় অঙ্গ বিপশ্যত হইয়াছিল। তথন একমাত্র সিন্ধুনদের তীরবর্ত্তী ভূভাগে মৃষ্টিমেয় সৈন্থ লইয়া ইউডেমাস গ্রাক্দিগের শেষ নিদর্শন-স্করপ বর্ত্তমান ছিলেন। কিন্তু ৩১৬ পূর্ব্ব-গৃষ্টাব্দের পর সে চিহ্নও একেবারে বিল্প্ত হয়।

আলেকজাণ্ডারের প্রভাবের শ্বতি-চিহ্ন-স্বরূপ সৌভূতি গ্রীকদিগের অন্তকরণে কতকণ্ডলি মুদ্রা অন্ধিত করিয়াছিলেন মাত্র। এতন্ত্রির স্থাপত্য প্রভৃতির শিল্প-সৌল্র্বেয় হেলেনিক প্রভাবের কোনও পরিচয়-চিহ্নই বিভ্নমান নাই। স্ক্রত্রাং তথন পাশ্চাত্য-শিল্পকলা যে এতদেশে প্রবেশ-লাভ করে নাই; তাহা নিঃসন্দেহে বলা যাইতে পারে। তক্ষশিলায় 'আইওনিক' স্তম্ভ সমন্বিত যে মন্দির আবিষ্কৃত হুইয়াছে, প্রভুত্তবিদ্গণ তাহাকে প্রথম আজেসের (৮০ পূর্ব্ব-খৃষ্টান্ধ) সমদামন্ত্রিক বলিয়া সপ্রমাণ করিতে প্রন্নাস পান। কিন্তু উহার নির্ম্মণা-কৌশলে গ্রীসদেশীয় শিল্পের কোনও অনুস্তিই পরিলক্ষিত হয় না। স্তম্ভলতে বৈদেশিক আদর্শের অনুকরণ পরিদৃষ্ট হয় বটে; কিন্তু তাহাতেও গ্রীসদেশীয় মৌলিকতার কোনও নিদর্শন বর্ত্তমান নাই। ইন্দো-গ্রীক প্রস্তর-মূর্ত্তি-সমূহও আজেসের সমসামন্ত্রিক বলিয়াই সিদ্ধান্তিত হয়। কিন্তু ডেমিত্রিয়াস, ইউক্রেটাইডস অথবা মেনা গ্রাবের সমসামন্ত্রিক একটী নিদর্শনও পরিদৃষ্ট হয় না।

এইরপে আমরা এতৎসম্বন্ধে এই স্থির সিদ্ধান্তে উপনীত হই যে, কিবা আলেকজাশুর কিবা এণ্টিওকাস দি গ্রেট, কিবা ডেমিত্রিয়াস, কিবা ইউক্রেটাইডস্, কিবা মেনাণ্ডার— কেহই ভারতীয় সনাতন বিধি-বিধানে বৈদেশিক-ভাবের উন্মেষ করিতে সমর্থ হন নাই। রাজ্যলিক্ষার বশবর্ত্তী হইয়া তাঁহারা ভারতে আদিয়াছিলেন; যুদ্ধবিগ্রহেই তাঁহারা সর্বাদা লিপ্ত ছিলেন; তাই কোনও স্থায়ী আদর্শ প্রতিষ্ঠায় তাঁহারা কেহই মনোযোগী হইতে পারেন নাই। পাঞ্জাবে এবং তৎসন্নিকটবর্ত্তী প্রদেশে বহুদিন পর্যান্ত গ্রীকদিগের প্রভাব বর্ত্তমান ছিল বটে; কিন্তু তাহা হইলেও সে প্রভাব ভারতের অন্ধে স্থায়ী হয় নাই। তাই গ্রীসের স্থাপত্য, গ্রীসের কলা-বিছা, গ্রীদের কার্ক-শিল্প প্রভৃতির কোনও নিদর্শনই ভারতের তাৎকালিক সমাজে বর্তুমান নাই। ভারতের সাহিত্যে গ্রীক-সাহিত্যের যে ক্ষীণ ছায়াপাত পরিদৃষ্ট হয়, তাহারও কোনও নিদর্শন শুপ্ত-বংশের অভ্যুদয়ের পূর্ব্ব পর্যায় পরিদৃষ্ট হয় না। স্ক্তরাং বৈদেশিকদিগের প্রভাব যে কোনপ্রকারে ভারতে রাজনৈতিক ও সমাজনৈতিক আছে স্থান লাভ করিতে পারে নাই, তাহা নিঃসন্দেহে বালতে পারা যায়।

সমসাময়িক বৈদেশিক নূপতিগণ।

ভারতের বহির্ভাগ হইতে যে সকল জাতি ভারতের সহিত সম্বন্ধ-স্ত্রে আবদ্ধ হইয়াছিলেন, তাঁহাদিগের মধ্যে 'বাক্রিয়' ও 'ইন্দো-গ্রীক' জাতি সবিশেষ প্রতিষ্ঠান্বিত। গ্রীক্বীর আলেকজাভারের সময় হইতেই তাঁহারা ভারতের প্রতি লোল্প দৃষ্টি সঞ্চালন করিয়াছিলেন; কিন্তু তাঁহাদের সেনেই আদৌ ফলবতা হয় নাই। পশ্চিম-ভারতের প্রদেশ-বিশেষ তাঁহাদের প্রশ্নং আক্রমণে বিপ্রস্থ হইয়াছিল সত্য; কিন্তু সে আক্রমণের ফল অধিক দিন স্থায়ী হইতে পারে নাই। ভারতের আভান্তরীণ অবস্থা তো দূরের কথা;—ভারতের যে প্রদেশ বা অংশ তাঁহাদের লীলাক্ষেত্র ছিল, সে অংশও তাঁহাদের প্রভাবে পর্যুদ্ত হয় নাই। পরবর্ত্তিকালে তাঁহাদের অনুকরণে ভারতের কোনও কোনও অংশে মুদ্রাদির প্রবর্ত্তন হইলেও সে প্রবর্ত্তনার প্রভাব অত্যলকালের মধ্যেই বিলুপ্ত হইয়াছিল। যাহা হউক, জার্মাণ ঐতিহাসিক ভন্ স্থালেট ভারতের সহিত সম্বন্ধযুক্ত সেই সকল বৈদেশিক নুপতির বিবরণ সম্বানিত এক তালিকা প্রস্তুত করিয়াছেন। সেই তালিকায় তৎকালান নুপতিগণের ক্রমপর্য্যায় নির্দেশ নাই। সেই তালিকার অনুসরণে আমরা এক তালিকা প্রদান করিতেছি। তাহাতে সম্প্রামূলক অনেক বিষয় কতকটা বোগগম্য হইবে। তালিকাটা এই,—

রাজার বা	গ্রীসদেশীয়	মস্তব্য।
রাণীর নাম।	পরিচয়।	(পা*চত্যমতাব লম্বনে)
১। অগোথোকলেই	<u>থিওটোপ</u> স	ইনি সম্ভবতঃ প্রথম ষ্টেটোর মাতা।
২। আগাথোক্রেস	ডিকাইওস	প্যাণ্টালিওনের উত্তরাধিকারী এবং প্রথম
		হউথিডেনস বা ডেমিট্রিয়নের সমসাময়িক 🗗
৩। এমিন্টাস	নিকাটর	হারমেয়সের 'অব্যবহিত পূর্ব্ববর্ত্তী।
৪। এন্টিয়াল্কিডাস	নিকেফোর স	ইনি তক্ষশিলার অধিপতি। ইউক্রেটাইড্সের
	-	সমসাময়িক বলিয়া অনেকের অনুমান।
ে। শাওডিকি		ইউক্রেটাইডদের মাতা
७। निभिग्नाम	এনিকেট দ	এন্টিয়ান্ধিড্সের পূর্ববন্তী বলিয়া কেহ কেহ
		অহ্মান করেন।
ণ। মোনাগুার	ডিকাইওস সোটর	ইউক্রেটাইড্সের পরবর্ত্তী ; ১৫৫ পূর্ব্ব-খৃষ্টাব্বে
		ভারত আক্রমণ করেন। গার্ডনারের মতে

রা জার বা	গ্রীসদেশীয়	মস্তব্য ।
রাণীর নাম।	পরিচয় ।	(পা*চাত্যমতাবলম্বনে)
৮। নিকিয়াস	সে টির	ইউক্রেটাইড্সের পরবর্তী। কেবলমাত্র
		শতদ্র নিকটবর্ত্তী স্থানে তাঁহার মূদ্রা
		পরিদৃষ্ঠ হয়।
৯। এন্টিমেকস—প্রথম	থিওস	কাবুলের ডিওডোটাসের (দিতীয়) পরবর্ত্তী।
১ ০। এটিমেকদ —দ্বিতীয়	নিকেফোরস	ইউক্রেটাইড্দের সমসাময়িক বা পরবর্তী।
১১। এপোলোডোটাস	সোটর, মেগাস	ইউক্রেটাইড্সের পুত্র। ভারতের সমগ্র
	ফিলপেটর	পশ্চিম-সীমান্তের অধিপতি।
>२।	দোটর	পূক-পাঞ্জাবে; প্রথম বা দিতীয় ষ্ট্রেটোর
	ভিকেইরস	সমসাময়িক ।
১৩। আদে বিয়স	নিকেফোরস	হেলিওক্লেসের সহিত সম্বন্ধযুক্ত।
১৭। আটি মেডোরস	এনি ফেটস	প্রথম ইউথাইডেমদের পুত্র।
২৫। প্যাণ্টালিওন		ইউথাইডেমসের বা ডেমিট্রিয়সের সমসাময়িক
•		সন্তবতঃ আগাথোক্লেসের পূর্দ্রবর্তী ; পূর্দ্ <u>র</u> -
		शृष्टीक २२०।
১৬। পিউফেলেয়দ	ডিকাইয়স, সোটর	হিফাঙ্টেটসের সমসাময়িক ।
১৭। ফিলফোনস	এনিকেটস	দ্বিতীয় এ ন্টি ওকদের পরবর্ত্তী।
১৮। প্লেটো	এপিদেনস্	১৬৫ পূর্ব্ধ-খুষ্টান্দ। দিন্তানের শাদনকর্ত্তা
		ইউক্টোইড্সের সম্াম্যিক।
: ৯। ডেমিট্রাস	গেনিফেটস	প্রথম ইউথিডেমসের পুত্র।
২০। ডিওডোটাস—প্রথম		২৫০—২৪৫ পূৰ্ব্ব-গৃষ্ঠাব্দ।
২১। ডিওডোটাস—দিতীয়	সোটর	প্রথম ভিওডোটাদের পুত্র।
>২। ডিওমেডিস	সোট্র	ইউক্টোইড্সের সহিত সম্বন্ধ-বিশিষ্ঠ ব লি য়া
•		অনেকে মনে করেন।
২৩। ডাইওনিসিয়াস	সো টর	এপলোডোটাদের পরবর্ত্তী।
• ঃ। ইপাণ্ডার	নিকেফে রস	ইউক্রেটাইড্সের পরবর্ত্তী বলিয়া উল্লিথিত।
২৫। পলিকেদনদ	এপিফেন্স্ সোটর,	ই হার মুদ্রা পাওয়া যায়। কিন্তু র ্যা পিসন
	সোটর, এপিফেনিস	প্রভৃতি সেই মুদ্রার বিষয়ে সমস্থার
		কথা ভূলেন।
২৬। ফ্লেটো—প্রথম,	ডিকেয়স	হেলিওক্লেসের সমসাময়িক।
२१। টেলিকস	ইউয়ারগেটিস	
২৮। ইউক্রেটাইড্স্	মেগাস	প্রথম মিথে ডেটিদের সমসাময়িক। ১৭৫—
	E-democracy	১৫৬ পূর্ব্ব-খুষ্টান্দ।

রাজার ৰা	<u> शिमतम्भीय</u>	मस्त्रना ।
রণীর নাম।	পরিচয়।	(পা*চাত্যমতাবলম্বনে)
১১। ইউথিডেমস—প্রথম		দিতীয় ডিওডোটাদের পরবর্ত্তী। ২৩•—
		२०० পূर्व्त-थृष्टीम ।
৩০। ইউথিডেমদ—দ্বিতীয়		ডেমিট্রি য়াসের পুত্র বিলয়া অনেকের অহুমান।
৩১। হেলিওক্রেস	ডিকাই য় স	ইউক্রেটাইডসের পুত্র। বাক্ত্রিয়-বং শে র
		শেষ নৃপতি
৩২। স্ট্রেটো—দ্বিতীয়	<u> শেটার</u>	প্রথম ষ্ট্রেটোর পৌত্র।
৩০। থিওফিলস	ডিক া ইয়ৃদ্	লিসিয়াদের সহিত সম্বন্ধ-বিশিষ্ট।
৩৭। হারমেরস	শে টার	কাবুলের শেষ ইন্দো-গ্রীক নুপতি ; ১০ পূর্ব্ব
		খৃষ্ঠাক হ্ইতে ২০ খৃষ্টাক পৰ্যান্ত।
०६। हिकरङ्केष	দোটর, মেগাস	এপলোডে।টাদের পরবর্ত্তী।
৩৬। জেই ল স্	সোটর ডিকেয়স	পাঞ্চাবের পূর্দ্ধবর্ত্তী ভূভাগে প্রতিষ্ঠিত।
•		ডাইওনিসানের সমসাময়িক।
৩৭। ফেলিওপ	-	হ।রমেয়সের বাণী।

উলিথিত তালিকার অন্তর্গত নৃপতিগণের বিষয় আলোচনা করিলে, মেনান্দার প্রভৃতির আলেথ্য স্মৃতিপটে উদ্থাসিত হইলে, স্বতঃই বুঝা যাইবে—কোন্ প্রভাব কত দিকে কি পরিমাণ কার্য্যকরী হুইয়াছিল এবং কি ভাবে তাঁহারা ভারতের সহিত সময়কুত হুইয়াছিলেন।

উপ**সংহার**।

পাশ্চাত্য পশুতগণের কেহ কেহ বলেন,—বৈদেশিক সংশ্রবে ভারতের সমাজ-ধর্ম্ম বিবিধ পরিবর্ত্তন সংসাধিত হইয়াছিল। কিন্তু পূর্ববর্ত্তী আলোচনার তাঁহাদের সে সিদ্ধান্ত অমূলক প্রতিপন্ন হয়। বৈদেশিকগণ ভারতে আগমন করিয়া, ভারতের সমাজ-ধর্মের কোনও পরিবর্ত্তন সাধন করা দূরের কথা, বরং তাঁহারাই স্বধর্ম-পরিত্যাগে বাধ্য হইয়াছিলেন। ভারতের ধর্ম—ভারতের সমাজ দৃঢ়-ভিত্তির উপর প্রতিষ্ঠিত ছিল। সে ভিত্তির বিলোপ-সাধনে, নবং ধর্মের নৃতন সৌধ-নির্মাণে কেহই সমর্থ হন নাই। তাই দেখিতে পাই, ভারতের সংস্পর্শে আসিয়া কেহ হিন্দু-ধর্ম, কেহ জৈন-ধর্মা, কেহ বৌদ্ধ-ধর্ম আলিঙ্গন করিয়া আপনাকে ধ্রা মনে করিয়াতছেন। তাই দেখিতে পাই,—ধর্মের নামে দানধ্যান করিয়া বৈদেশিক নূপত্তি ভারতীর সমাজ-ধর্মের শ্রেষ্ঠন্ব থ্যাপনে আপনি গৌরীবান্বিত হইতেছেন। স্বদেশ-পরিত্যাগে বিদেশে আসিয়া, তাঁহারা বিদেশকে স্বদেশ করিয়া লইতে পারিয়াছিলেন; ভারতের শ্রেষ্ঠন্বই স্থামাণ হয়। তাহার সমাজ-ধর্ম্মের দৃঢ়তার বিময়ই হাদমে প্রতিভাত হইয়া উঠে। নচেৎ, বৈদেশিক-গণের প্রভাবে, বস্তার প্রাবনে তৃণ-থণ্ডের স্তায় ভারত কোথায় ভাসিয়া যাইত, কে বলিতে পারে!

পঞ্চম পরিচ্ছেদ

গুপ্ত-বংশের অভ্যুদ্ধে সমাজ-ধর্ম।

[ইতিহাসে বিশেষত্ব ;—বৌদ্ধ-ধর্মের প্রসার,—সিংহলে বৌদ্ধ-প্রভাব,—সিংহল-জয়ে বিজয় ;লিপি প্রভৃতির প্রমাণ ;—হয়েন-সাঙ্কের বর্ণনা,—দাক্ষিণাত্যে বৌদ্ধ-প্রভাব ;—জৈনধর্ম্মের প্রসার-প্রতিপত্তি ;—জৈন ও বৌদ্ধর্মের অধঃপতন ;—শঙ্করাচার্য্যের
প্রভাবে বিলোপ-সাধন ;—গুপ্ত-বংশের অভ্যাদয়ে পরিণতি।

ইতিহাসে বিশেষত্ব।

ভারতের ইতিহাস —ধর্মের ইতিহাস। ভারতের ইতিহাসের ইছাই রিশেষর। এই বিশেষর আছে বিলামাই ভারতের ইতিহাস—পৃথিবীর ইতিহাসে বর্ণীয় জাসন লাভ করিয়া আছে। তাই যথনই সে ইতিহাসের অসম্পূর্ণতা নয়নপণে পতিত হয়, তথনই তাহাতে ধর্মাণজির অসম্ভাব বুঝিতে পারি;—তাই এই ধর্মা-পজির সাময়িক অসদ্ভাব জ্বস্তুই ইতিহাসের অভ্যন্তরে তমিন্সার ঘনঘটা দৃষ্টিগোচর হয়। বৈদিক ধর্মের—ব্রাহ্মণ্য-ধর্মের পূর্ণ-প্রভাবে ভারতের অসীন গৌরব-গরিমার জ্বলম্ভ চিত্র ইতিহাসের অক্ষ অলক্ষ্ত করিয়া আছে। ভাবার জৈন ও বৌদ্ধ-ধর্মের গৌরবময় প্রভাবের দিনে, ভারতের ইতিহাস যে শীর্ষ-স্থান অধিকার করিয়া ছিল, তাহার বিচিত্র তিত্র পর্ব্বত-গারে, গিরিগুহায়, স্তম্ভ-পৃষ্ঠে ও মুদ্রাদিতে দেদীপানান রহিয়াছে। জৈনধর্মাও বৌদ্ধধর্মের অধঃপতনের সঙ্গে দঙ্গেন ভারতের অক্ষ যে কলক্ষ-কালিমা বিলেপিত হইয়াছে, তাহারও সাক্ষ্য ইতিহাসই প্রদান করিতেছে।

বৌদ্ধ-ধর্ম্মের প্রসার।

বৌদ্ধ-ধর্ম ও জৈন-ধর্ম যখন গৌরবের উচ্চ-চূড়ায় সমাসীন, ভারতেব সে গৌরব-চিত্র ইতিহাসের অন্ধ অলম্কত করিয়া আছে। রাজধর্মকাপে পরিগৃহীত হইয়াছিল বলিয়াই তাহার এত গৌরব গরিমা! কিন্তু যখন ক্রমে সে গৌরব-রবি অন্তমিত হইয়া আসিল, তখনই ইতিহাসের অক্ষে কালিমা বিলেপিত হইতে লালিল। অভ্যুত্থান ও অধঃপতনের এ ইতিহাস বড়ই বৈচিত্র্যময়। গুপ্ত-বংশের অভ্যুদয়ে সে ইতিহাস কতটুকু সহায়তা করিয়াছিল,—ভারতের সেই ধর্ম-বিপ্লবের দিনে গুপ্তবংশের প্রতিষ্ঠাতা কি ভাবে বিচ্ছিন্ন শক্তিকে কেন্দ্রীভূত করিয়াছিলেন, এন্থলে তাহার কিঞ্চিৎ আভাষ প্রদান করা আবশ্রুক মনে করি। ভারতের ধর্মনৈতিক উন্নতিই তাহার রাজনৈতিক উন্নতির মূলীভূত। যথন বৌদ্ধর্মের গৌরর-রবি অস্তমিত হইল, যথন জৈনধর্মের উন্নত-শির অবনত হইয়াই পড়িল, তখন এক ঐশী শক্তির লীলাই তাৎকালিক

বিচ্ছিন্ন ভারতকে একসত্তে গ্রথিত করিয়াছিল। ধর্মাশক্তির উপরই যে রাজশক্তি প্রতিষ্ঠাপন্ন, ইতিহাস তথন সেই সাক্ষ্যই প্রদান করিল।

'মহাবংশ'—বৌদ্ধের্মের প্রমাণ্য গ্রন্থ। পণ্ডিতগণ তাহা একবাক্যে স্বীকার করিয়াছেন। সেই 'মহাবংশ' গ্রন্থে প্রকাশ,—শাক্য-বংশীয় জনৈক রাজকুমার সিংহলদ্বীপে গমন করেন। আরও প্রকাশ,—বৃদ্ধদেবের নির্কাণ-লাভের দিনে, তিনি সিংহলে পদার্পণ করিয়াছিলেন। * সেই সময়ে উত্তর-ভারতে পরিবর্তনের প্রবল বন্ধা প্রবিত্তনের সে প্রলবেগে ধর্ম্মের ভিত্তি চূর্ণ-বিচূর্ণ হটল। হইলেও, কয়েক বংসরের মধ্যেই পরিবর্তনের সে প্রলবেগে ধর্ম্মের ভিত্তি চূর্ণ-বিচূর্ণ হটল। বৃদ্ধদেব আপনার ধর্ম্মমত ব্যক্ত করিয়া, নির্কাণ-লাভের পূর্ব্ব পর্যান্ত ধর্ম্ম-প্রচারে ব্রতীছিলেন। বত ব্যক্তি তাহার প্রচারিত ধর্ম্মে দীক্ষা গ্রহণ করেন। শাক্যবংশে তিনি জন্মগ্রহণ করিয়াছিলেন। স্থতরাং শাক্যবংশের সকলেই তাঁহার প্রবর্ত্তিত ধর্ম্মত গ্রহণ করেন। এমন কি, শাক্যবংশসন্থত বিজয় সিংহল-দেশেও সে মতের বহুল-প্রচারে কৃষ্টিত হন নাই।

* *

সিংহলে নৌদ্ধ-প্রভাব।

সিংহল দিলে প্রথমে যক্ষদিণের বাস ছিল। সিংহল-বিজয়ী বিজয়ের অসংখ্য অস্কুচরগণ যথন যক্ষণণকে প্রাজিত করিয়া দেশের পব দেশ, জনপদের পর জনপদে অধিকার করিতেছিলেন, মক্ষণণও তথন বৌদ্ধধর্মের নীতি গ্রহণ করেন। স্কুতরাং, উত্তরভারতে এবং ভারতের অস্তান্য ভানে বৌদ্ধধর্ম প্রচারিত হুইবার বহু পূর্ব্বে যে সিংহল-দ্বীপের অধিবাসিগণ বৌদ্ধধর্ম গ্রহণ করিয়াছিল, তদ্বিয়য়ে কোনও সন্দেহ নাই।

ঐতিহাসিকগণের ধারণা,—রাজচক্রবর্তী অশোকের পূর্বের বৌদ্ধর্ম্ম ভারতে বিশেষ প্রতিষ্ঠালাভে সমর্গ হয় নাই। মৌণ্য-বংশের নূপতিগণ যেমন প্রচারক-সংঘ সংগঠন করিয়া, দেশে
বিদেশে বৌদ্ধর্ম্ম-প্রচারের ব্যবন্থা করিয়াছিলেন, মৌণ্যগণের পূর্বের বৌদ্ধর্ম্ম প্রচারের সেরপ
কোনও ব্যবস্থার নিদর্শন গ্রন্থ-পত্রে পরিদৃষ্ট হয় না। এমন কি, বৃদ্ধদেবের জীবিতকালে তিনিও
আপনার প্রবিত্তি ধর্ম-প্রচারকল্পে বিশেষ কোনও আয়োজন করিতে পারেন নাই। তাই দক্ষিণভারতে বহুকাল পর্যান্ত বৌদ্ধর্মের কোনও নিদর্শনই বিশ্বমান দেখি না। ফলতঃ, অশোকের
পূর্বের, উত্তর-ভারতে অথবা দাক্ষিণাত্যে বিশেষভাবে বৌদ্ধর্মের প্রতিষ্ঠা-কল্পে কোনও চেষ্টার গ্রিরিয়-চিহ্নই বিশ্বমান নাই।

অশোকের বহু পূর্বের, দাক্ষিণাত্যের পাণ্ড্য-রাজ্যে বৌদ্ধর্মের বিজয়পতাকা উজ্ঞীন হইয়াছিল. ইতিহাসে তাহার প্রমাণ পাই। দাক্ষিণাত্যের পাণ্ড্য রাজ্য এবং সিংহল-দেশ পরস্পর

^{*} বিজয় ও বৃদ্ধদেব সমসাময়িক বলিয়া কথিত হন। বিজয়ের ভাডুপুর পাড়-বাহদেব বৃদ্ধদেবের ভাডুপুরীর পাণিগ্রহণ করিয়াছিলেন। এই ঘটনা হইতেই পূর্বরূপ সিদ্ধান্ত দাঁড়াইয়া গিয়াছে। কিন্তু মহাবংশে উলিখিত কালাদি নিরূপণে নানা ভ্রমপ্রনাদেব প্রমাণ পাওয়া গিয়াছে। হওরাং পূর্ব্বাক্ত সমসাময়িকদ্বের সিদ্ধান্ত একেবারে অভান্ত বলিয়া গ্রহণ করা ঘাইতে পারে না। বিজয়ের ও বৃদ্ধদেবের বিস্তামন-কালের মধ্যে যে অধিক পার্থকা নাই, এ অফুসানও অস্থীচীন বলিয়ামনে করি না। বৃদ্ধদেবের নির্বাণ-প্রান্তির কাল মুদ্ধ নানা বিভঙা দেখিতে পাই বাহা হউক, এ সকল বিষয়ের জালোচনা পরিছেদান্তরে পরিদৃত্ত ইইবে।

নিকটবর্ত্তী বলিয়া উভয় দেশের মধ্যে গতাগতির বিশেষ স্থবিধা ছিল। সিংহল-রাজ্যে মন-কালে বিজয় পাণ্ডরাজ্যে পদার্পন করিয়াছিলেন প্রমাণ পাণ্ডয়া যায়। 'মহাবংশে' একটা আথ্যায়িকা পরিদৃষ্ট হয়। সে আখ্যায়িকাটা এই,—সিংহ্বাহুর পুত্র বিজয় উচ্চ্ছাল হয়য় উঠিলে, তিনি লক্ষায়ীপে নির্বাসিত হন। সিংহ্বাহু গুজরাটের অন্তর্গত 'লালা' পল্লীর অধিপতি ছিলেন। তাঁহার মাতা কলিঙ্গদেশায় রাজকভা। পিতা কর্ত্বক নির্বাসিত হয়য়া বিজয় প্রথমে ফক ও ফকিনী পরিস্ত 'তাম্বপন্নি' অথবা লক্ষায়ীপে অনতরণ করেন। ক্বেণা নায়ী জনৈক যক্ষিণীর সাহাব্যে, বিজয় তত্রতা রাজা কালসেনকে পরাজিত করিয়া সিংহল অধিকার করিয়ালন। সিংহলবাসীরা তথন শক্তি-ময়ের উপাসনা করিত। বিজয় সিংহল-দ্বীপে কালীমূর্ত্তি কালীমন্দির দেখিতে পান। কিছুকাল অতিবাহিত হউলে, বিজয় তাঁহার সক্ষিণা-পত্নীকে বিতারিত করিয়া দক্ষিণ-মাতরার 'আন্তর' (পাণ্ডা) রাজকভার পাণিতাহণ করেন। সেই সময় হইতেই সিংহল-দ্বীপের বহুমুল্য দ্ব্যাদি উপটোকন-স্বরূপ পাণ্ডা-বাজ্যে প্রেরিত হঠতে থাকে।'

এই সাধ্যায়িকা হইতে চারিটা বিষয় প্রতিপন্ন হয়। প্রথম—বিজয় উত্তর-ভারতের একজন পরাক্রমশালী ব্যক্তি ছিলেন; দিতীয়—তাৎকালিক অধিবাদাদিগেব সহিত তিনি বন্ধ বন্ধনে সাবদ্ধ হয়েন এবং তাহাদিগের নিকট সিংহল-রাজের শক্তিহীনতার সন্ধান পাইয়া, ভাহাদেরই সাহায্যে, সিংহল-দেশ জ্বয় করেন। পরে পারিপাশ্বিক রাজগণের সহিত সংগ্রতা-স্থাপন করিয়া, বিজয় আপন সামাজ্যের ভিত্তি স্তৃত্ করিয়াছিলেন; এমন কি, বাধিক কর প্রদানে এবং বিবাহ্বদ্ধনে আবদ্ধ ইইয়া তাহাদিগকে বনাভূত করিতেও বিজয় কুণ্ডিত হন নাই। চঙ্গ—নানা স্থান হইতে অন্তর সংগ্রহ করিয়া বিজয় সিংহলে উপনিবেশ স্থাপন করিয়া সামাজ্যের ভিত্তিভূমি দৃত্ করিয়াছিলেন। *

মহাবংশের পূর্ব্বোক্ত বর্ণনা হইতে আরও বৃঝা যায়,—বিজয়ের অনুচর-বর্ণের পরিচ্যার জন্ত, পাণ্ডাদেশ হইতে কতকগুলি স্নীলোক সিংহলে প্রেরিত হইয়াছিল। স্কুতরাং সিংহল এক সময়ে যে পাণ্ডাদেশীয় রমণীগণের এবং শাকা-বংশায় প্কুষদিগের দ্বারা উপনিবিষ্ট হইয়াছিল, এতৎপ্রসঙ্গে তাহাই বুনিতে পারি। বিজয়ের সিংহল-জয়ের পূব্বোক্ত আথ্যায়িকা হইতে আরও বুঝিতে পারি,—খুই-পূর্ব্ব পঞ্চম শতাকীতেও পাণ্ডাগণ সিংহলে গতিবিধি করিতেন। সে সময় পাণ্ডাগণ বুদ্ধের ধক্ষমত (বৌদ্ধধর্ম) এহণ করেন নাই। কিন্তু তাহা হইলেও বৌদ্ধধ্মের বিষয় তাঁহারা অবগত ছিলেন, নিঃসন্দেহে বলা যাইতে পারে।

রাজচক্রবর্ত্তী অশোকের রাজত্বকালে সিংহলে বৌদ্ধধর্ম প্রচারিত হইয়াছিল। 'মহাবংশের' মতে—মৃতিশিরের দ্বিতীয় পুত্র তিস্স কর্তৃক সিংহলের অধিবাসিগণ বৌদ্ধধর্ম দীন্ধিত হয়। তিস্সের আগ্রহাতিশয্যে, তাংকালিক প্রশিদ্ধ রাজনীতিক, তিস্সের মাতৃল মহাঅরিত্ত মোর্যান্র রাজসভায় গমন করেন এবং তথা হইতে বোধিরক্ষের শাখা এবং থেরি (ভগ্নী) সম্পমিত্তাকে

• বিজ্ঞার সিংহল-জারের আখ্যায়িক। আমর। কয়েকটা গুঢ় বিষয় উপলবি করিতে পারি। আজকাল খাহাকে diplomacy বলে, যে diplomacy প্রভাবে পৃথিবীতে জাতি প্রেট য়ান অধিকার করে, গৃষ্ট-জারের বহু পুর্বে হইতেই ভারতবাদী দেই কুট রাজনীতিতে জাভিজ্ঞ ছিল, এতংগ্রদঙ্গে ভাষার একটা প্রমাণ পাওয়া যায়। ভারতবাদী দেশে বাংশদে বাইরা উপনিবেশ স্থাপন করিয়াছিলেন, এ প্রসঙ্গে তাহাও বোধপমা হয়।

আনয়ন করিয়াছিলেন। অশোকের রাজত্বের অষ্টাদশ বর্ষে এই ঘটনা সংঘটিত হয়। মহিন্দের সিংহল গমনে বৌদ্ধর্শের প্রসার আরও বৃদ্ধি হইয়াছিল। * এইরূপে, একদিকে রাজচক্রবর্ত্তী অশোক এবং তিস্স যেমন গৌতম বুদ্ধের প্রবৃত্তিত ধর্মের প্রচার কার্য্যে অশেষ সহায়তা করিয়াছিলেন, তেমনই বৌদ্ধর্মের প্রধান পুরোহিত মহিন্দ ও অরিন্ত বৌদ্ধর্মের প্রধার-প্রতিষ্ঠায় যথেষ্ট প্রয়াস পাইয়াছিলেন। ২৪৭—২৩৭ পূর্ব্ব-পৃষ্টান্দে 'দেবানামপিয়' তিস্সের ভ্রাতা স্থরতিস্স সিংহলের বহু স্থানে বিহার নিম্মাণ করেন। তন্মধ্যে 'অরিন্ত' পর্বতের পাদদেশস্থিত 'লঙ্কাবিহার' বিশেষভাবে উল্লেখযোগ্য। সিংহলদ্বীপে: ধর্ম্ম প্রচার করিয়াই তাঁহারা ক্ষান্ত হন নাই। সেথান হইতে তাঁহারা চারিদিকে প্রচারক প্রেরণ করিয়াছিলেন। † সিংহল-দ্বীপ হইতে প্রচারকগণ যে সকল দেশে বৌদ্ধর্ম্ম প্রচার করিতে গমন করেন, প্রত্নতত্ত্ববিদ্যাণের মতে তন্মধ্যে পাণ্ডাদেশই প্রথম বৌদ্ধর্ম্ম প্রচণ করিয়াছিল।

লিপি-প্রভৃতির প্রমাণ।

প্রাচীন ভারতের প্রাচীন ইতিহাসের উপযোগা সমসাময়িক কোনও প্রামাণিক উপাদানের অসম্ভাব-হেন্দু সে ইতিহাস সম্বান নানা বিজ্বনা ভোগ করিতে হয়। পর্ব্বতগ্রাত্তে, গিরিগুহায়, শিলা-পৃষ্ঠে, ধাতুক্লকে বিশেষ বিশেষ সময়ের সে সকল উপাদ্দন প্রাপ্ত হওয়া যায়, প্রস্মুভত্ববিদ্যাণ তত্তৎকালের ইতিহাস সম্বানে তাহাকেই প্রামাণ্য উপাদ্দন প্রিয়া গ্রহণ করিয়া থাকেন।

- ক মেবিলের রাজধানী হইতে মহিন্দ আকালপথে (through the air) দিংহলে গমন করিয়াছিলেন,—মহাবংশে উমিধিত আছে। এই বর্ণনা হইতে একটা বিষয় বোধগম্য হয়। পূপ্ক রথে রামের লক্ষা হইতে অবটা গমনের কথা, এবং সীতা হরণ করিয়া পূপ্ক রথে রাবণের লক্ষার গমনের বিষয়, সকলেই অবগত আছেন। মহেন্দ্র বে বার্পথে দিংহলে গমন করেন, ভাহাতেও সেই পূপক-রথের ক্ষাই মনে আদে। আজি কালি বেমন 'এরোপ্লেন' প্রভৃতির প্রচলন দেখি; সেই প্রাচীন-কালের ভারতবাসীরাও বে এরোপ্লেন অথবা তদকুরপ অস্ত কোনও আকালগামী বান ব্যবহার করিতেন, এ বর্ণনায় ভাহাই উপলব্ধ হয়। অপিচ, পাশ্চাতা-জাতি 'এরোপ্লেন' (বায়ুবান) উদ্ভাবন করিয়াছেন বলিয়া যে শক্ষা করেন, প্রাচীন ভারতের পূরাতব্বের আলোচনায়, ভারতবাসীর বারুপথে গমনাগমন প্রদক্ষ, ভাহাদের সে শক্ষার কোনই কারণ দেখি না। প্রকৃতপক্ষে ভারতই সেই বায়ুবান প্রভৃতি প্রথম উদ্ভাবন ও ব্যবহার করেন, প্রতিপন্ন হয়। পাশ্চাত্যে সেই প্রাচারই জনুস্তি দেখি।
- † মহাবংশের যে ইংরাজী অনুবাদ দৃষ্ট হয়, তাহা হইতে এতংসংক্রান্ত করেক হত উদ্ভ করিতেছি। তাহাতেই বিষয়টা বিশদ হইবে ; যথা,—

"The five principal theras who had accompanied Mahindra from Jambudwipa, as well as those of whom Aritta was the principal, and in like manner the thousands of sanctified priests, all natives of Lanka and inclusive of Sangamitta, the twelve theris who came from Jambudwipa, and the many thousands of pious priestesses, all natives of Lanka, all these profoundly learned and infinitely wise personages having spread abroad the light of Vinya and other branches of faith, in due course of nature at subsequent periods, submitted to the lot of mortality."

পূর্ব্বোক্ত প্রসঙ্গের প্রমাণ-মূলক যুক্তি-পরম্পরা-নির্দ্ধেশ আমাদিগকে তাই পূর্ব্বোল্লিখিত প্রমাণ-সমূহের উপরই প্রধানতঃ নির্ভর করিতে হইতেছে।

তিয়েভেলি জেলার 'মরুগালতলাই' পল্লীতে মিষ্টার ছাডউইক প্রথমতঃ এক ব্রান্ধী-লিপি আবিষার করেন। তার পর মাত্রা জেলার নানা স্থানের প্রস্তর-গাত্রে খৃষ্ট-পূর্বর তৃতীয় শতালীর বিবরণ-সম্বলিত বছ লিপি উৎকীর্ণ হইতে থাকে। তল্লধ্যে, প্রাচীন জৈন-উপনিবেশ নরসিংহম পল্লীর সিরিকটে 'আনইমালই' পর্বতে একটা এবং নেলুর তালুকের অন্তর্গত 'অরিন্তপত্তি' নামক স্থানে চারিটী লিপি পাওয়া যায়। এতহাতীত, 'চাভাড়ি' পল্লীর সিরিকটে 'তিরুপ্পারাংড়ণরাম' নামক স্থানে একটা, 'আলগারমলই' এবং 'আমাণমলই' নামক পল্লীরুরে যথাক্রমে একটা করিয়া স্থাতি-স্তম্ভ আবিস্তত হইয়াছে। অতঃপর, অন্তুসন্ধানের ফলে 'কোওর-পুলিয়স্থলাম' নামক স্থানে একটা, মেতুপত্তি নামক স্থানে আর একটা, ভাবিচির্ভর-কিলালাভালু প্রভূতি পল্লীতে আরও একটা করিয়া স্তম্ভ-লিপি পাওয়া গিয়াছে। ৮ প্রত্রত্রবিদ্গণের সিদ্ধান্ত,—এই স্তম্ভগুলি অতি প্রাচীন। দক্ষিণ ভারতের কোথাও ইহার অপেক্ষা প্রাচীন স্তম্ভ বা প্রাচীন লিপি দৃষ্ট হয় না। এই সকল স্তম্ভ ও গুহা সমূহের অবস্থানের প্রাত্ত দৃষ্টিপ ত করিলে, বৌদ্ধাত্যণের প্রাক্তক সৌলর্মোর প্রতি অন্থরাগের এবং তাহাদের নির্জ্জনপ্রিয়তার ও কর্ম্মতংগরর পরিচয় পাওয়া যায়।। চৈনিক-পরিব্রাজক কাছিয়ান যথন ভারতে আগমন করেন, সে সময়েও বে ভারতীয় যতিগণ গিরিগন্ধরের বাস করিত্রন, পরিব্রাজকের উক্তিতেই তাহা স্প্রমাণ হয়। † পরবর্ত্তী বৌদ্ধ্যতিগণও এই রীতির অন্থ্যন্ত্রণ করিয়াছিলেন।

গুহা ও স্তম্ভ সমূহে উৎকীর্ণ লিপির আলোচনায় বৃঝা যায়,—অশোকের রাজত্বের অষ্টাদশ বর্ষে, সিংহল হইতে পাণ্ড্য-রাজ্যে বৌদ্ধ-ধর্মা প্রচারিত হইয়াছিল। খৃষ্ট-পূর্বর পঞ্চম শতান্দীতেও পাণ্ড্য-রাজ্যে বিষ্কি-প্রভাব বিস্কৃতি লাভ করে, সিংহল-দ্বীপের উপনিবেশিকগণের সহিত পাণ্ড্যগণের বিবাহ-সম্বন্ধের উল্লেখেই তাহা সপ্রমাণ হয়। কেবলমাত্র পাণ্ড্য-রাজ্য নহে; ক্রমশঃ পাণ্ড্য-রাজ্য হইতে দাক্ষিণাত্যের অস্থান্ত প্রদেশেও বৌদ্ধ-ধর্মের প্রভাব বিস্তৃত হইয়া পড়িয়াছিল।

- * Vide Annual Reports of the Assistant Archaeological Superintendent for the year 1906-7, 1907-8 and 1908-9. Vide also Mr. Venkayya's remarks in the Annual Reports on Epigraphy for 190-8.
 - † Vide Ajanta Paintings by Mr. Griffiths, Introduction.
- ‡ এতংসথকে পরিব্রালক কা-হিরানের উল্পি নিমে উদ্ধৃত করিতেছি। চৈনিক ভাষার প্রমণ বৃত্তান্ত ইংরাজী ভাষার বেরূপ অধুবাদ আছে, তাহাই এছলে প্রদৃত হইল ; যথা, –

"Three li before you reach the top of Mount Gridbrakuta there is a cavern in the rocks facing the south in which Budha sat in meditation; thirty paces to the northwest there is another where Ananda was sitting in meditation when the Deva, Mara Pisuna, having assumed the form of a Vulture took his place in front of the cavern and frightened the disciple; going on still to the west they found the cavern called Sritapara, the place where after the nirvana of Budha 500 arhats collected the Sutras."—Ajanta Paintings by Griffiths, Introduction.

হয়েন-সাঙের বর্ণনা।

খৃষ্টায় সপ্তম শতালীতে চীন-দেশীয় পরিপ্রাজক হিউয়েন-সাং ভারত-ভ্রমণে বহির্গত হন। ৬৪০ খৃষ্টান্দে কজেভরনে তাঁহার উপস্থিতির পরিচয় পাওয়া যায়। পরিপ্রাজকের বর্ণনায় কজেভরম তথন দাবিড়-রাজ্যের রাজধানী ছিল। বুদ্ধদেবের সময়ে কাঞ্চীর নাম উল্লেখ আছে। বুদ্ধদেব স্বয়ং কাঞ্চীর অধিবাদীদিগকে নৌদ্ধ-ধর্মে দীক্ষিত করিয়াছিলেন। এই কাঞ্চীতেই ধর্ম্মপাল জন্মগ্রহণ করেন; এই কাঞ্চীতেই অশোকের ভূপ প্রতিষ্ঠিত হয়। তথন জৈন-ধর্মের অত্যন্ত প্রভাব; বৌদ্ধ-ধর্মা এবং ব্রাহ্মণ্য-ধর্মা তাদৃশ প্রতিষ্ঠাসম্পন্ন না হইলেও তথন একই পর্যায়ে অবস্থিত। গ

পরিব্রাজক হয়েন-সাং বহু বিষয়ে প্রধানতঃ জনগ্রুতির উপরই নির্ভর করিয়াছিলেন। কিন্তু তাহা হইলেও তাহার বর্ণনার প্রামাণ্য সপ্রমাণ হয়; আর সপ্তম শতান্দীর রাজনৈতিক ও সমাজ-নৈতিক ডিল্ল সে বর্ণনায় প্রাত্তাক্ষ হয়। কাঞ্চীর সহিত বৃদ্ধদেবের যে সম্বন্ধ-স্ক্রের বিষয় গরিব্রাজকের বর্ণনায় প্রাক্তাক্ষ তাহার যাথার্থ্য নির্ণয় সন্তব্পর না হইলেও রাজচক্রবৃত্তী আশোক যে তথায় অসংগ্য ভূপ নিস্মাণ করিয়াছিলেন, সে বর্ণনা হইতে তাহা বৃদ্ধা যায়।

মৌগা-সন্ত্রাট অংশাকের প্রেরিড বংগ প্রচারকগণ সে সময়ে যে সকল স্থানে বৌদ্ধ-ধর্মের বিজয়-পতাকা উড্ডান করিয়াছিলেন, তন্যাধ্যে মহিষমগুল, বনবাসী, অপরাস্ত এবং মহারাটা প্রভৃতির নাম সবিশেষ উল্লেখযোগ্য। এই সকল স্থান দাক্ষিণাত্যেরই অন্তর্ভুক্ত বলিয়া নির্দিষ্ট হয়। মহিষমগুল এবং বর্তুমান মহাশূর-রাজ্য অভিন্ন বলিয়া সপ্রমান হট্যা থাকে। তামিল-গ্রন্থে মহিষমগুল প্রকাইটর' নামে অভিহিত। বনবাসী কাদ্দ্মণ'-দিগের রাজধানী। তাহাদের রাজ্য প্রসাবিদ্যের রাজ্য-সীমান্তে অবস্থিত ছিল। কিন্তু বৃহৎ-সংহিতার বরাহমিহির পশ্চিম বিভাগে 'অপরাস্তক' এবং দক্ষিণ বিভাগে 'বনবাসী' নির্দেশ করিয়াছেন। যাহা হউক, স্থান-নির্দেশে মতভেদ থাকিলেও, পরবর্তী ব্রুকাল পর্যান্ত কোঞ্জণ-রাজ্যে বৌদ্ধ-ধন্মের প্রভাব অক্ষ্য ছিল, তদ্বিষয়ে সন্দেহ নাই।

মহীশূর-রাজ্যের সিদ্ধপুরায় অশোকের পার্ন্ধত্যিলিপি দেই প্রদেশে নৌদ্ধ-ধশ্ম-প্রচারের পরিচয় প্রদান করিতেছে। কাঞ্চীতে অশোকের নিশ্মিত ভূপের কোনও নিদর্শন অধুনা পরিদৃষ্ট হয় না। তবে, মহিষমণ্ডল এবং বনবাসীতে মৌর্য্যসূমটি অশোকের প্রচারকগণ বথন বৌদ্ধ-ধর্মের মাহাত্ম্য প্রচার করিতেছিলেন, তথন তাঁহাদের প্রভাব কাঞ্চীতে বিস্তৃত হইয়াছিল, তাহা অনুমান করা অসঙ্গত নহে। †

দাক্ষিণাতো বৌদ্ধ-প্রভাব।

'মণিমেগলাই' নামক তামিল ভাষার পছে, চোলদিগের প্রাচীন রাজধানী 'কবিরিপুমপট্টম' নগরে একটা স্থারহৎ থৌদ্ধ-ধর্ম্ম-মন্দিরের বিভ্নমানতা সপ্রমাণ হয়। ঐ নগর সমূদ্র-গর্ভে নিমগ্র

^{*} Sewell's Lists of Antiquities, Vol I.

[†] দক্ষিণ আকট এবং ক্রি.চনোপাল জেলার এরাণ গুণার পরিচয় পাওয়া যার। উহাতে প্রস্তুর নির্দ্ধিত দিশি আছে; আর দেই দি ড়ি ছার। গুণার অভ্যন্তরে প্রবেশ করা যায়। কোন্ সময়ে ঐ সকল গুণা নির্দ্ধিত হুইয়াছিল, ভাষার প্রমাণ পাওয়া যায় না। উহাতে কোনও বৌদ্ধ বা জৈন যতির বাদেরও কোনও নিদর্শন

হইলে চোলগণ কাঞ্চীতে গমন করে। তত্রতা বৌদ্ধ-মন্দিরের এবং বৌদ্ধ-ভিক্ষ্পণের পরিচয়ে সে সাক্ষা প্রাপ্ত হওয়া যায়। কঞ্জেভরমে বৌদ্ধ-চৈত্য-নির্ম্মাণের উল্লেখও সেই তামিল পছেই দেখিতে পাই। চোলরাজ টোড় কালারকিল্লি এবং টুনাইয়িলঙ্কিল্লি ঐ মন্দির নির্মাণ করিয়াছিলেন, 'মনিমেগলাই' গ্রন্থে তাহা প্রকাশ আছে।

পরিব্রাজক হুয়েন-সাছের বর্ণনায় ধান্তকাকাতা বা অমরাবতীতে, পূর্কশিলা ও অপর-শিলা নামে হুইটা বৌদ্ধ-সংঘারামের পরিচয় পাওয়া যায়। পরিব্রাজক যে যে পথে গমন করিয়াছিলেন, তাহার পাখবর্তী স্থান-সমূহে অসংখ্য মন্দিরের বিভ্যমানতার বিষয় তাঁহার ভ্রমণ-ব্রাস্তে দেখিতে পাই। তথন সেই সকল মন্দিরের কৃতকগুলি গৌরবের উচ্চ-চূড়ায় সমাসীন ছিল; কতকগুলি অধঃপতনের অক্ষতম গর্ভে নিম্ফ্রিত ইইতেছিল। এই সকল মন্দির ব্যতীত পরিব্রাজক 'পোলোমোলোকিলি' নামে আব একটা মন্দিরের উল্লেখ করিয়া গিয়াছেন। প্রকাশ,—'সো-টো-পো-হো' সেই মন্দির নিম্মাণ করিয়াছিলেন।

প্রত্ত্রবিদ্যাণ বলেন,—'পোলোমোলোকিলি' 'প্রমন্ষ্ণিতা' * এবং 'সো-টো-পো-হো' শতবাহন নৃপতি। পণ্ডিতগণের এ সিদ্ধান্ত সত্য হুইলে এক নূতন সমস্তার স্ষ্টি হয়। আর তাহাতে তাৎকালিক ইতিহাসের এক নূতন তথ্য নির্ণীত হুইতে পারে।

শতবাহনু বংশের রাজগণ গৃষ্ট-পূর্ব দিতীয় শতানীর প্রারম্ভি বিশেষ প্রতিষ্ঠাসম্পন্ন হন।
তাঁহাদের রাজহকালে বৌদ্ধ-ধর্মের অশেষ প্রভাবের পবিচয় পাওয়া যায়। তাঁহাদেরই যত্নে
স্থানরকারুগচিত অমরাবতী স্থপ নির্মিত হইয়াছিল। শতবাহন-বংশের অন্ধরাজগণ, দাক্ষিণাত্যের অধিকাংশ স্থানে আধিপত্য বিস্তার করিয়াছিলেন। সেই সকল জনপদে তাঁহাদের
যে মুদ্রাদি প্রাপ্ত হই, তাহাতেই সে পরিচয় দেদীপামান দেখি।। মুদ্রাসমূহের আলোচনায়
প্রতিপন্ন হয়, দাক্ষিণাত্যের যে সকল জনপদে শতবাহন-বংশায় নূপতিদিগের আধিপত্য কিন্তুত
হইয়াছিল, সেই জনপদ-সমূহে গৌদ্ধ-প্রপ্র প্রতিষ্ঠা লাভ করিয়াছিল। ফা-হিয়ানের গ্রন্থ-পত্রেও
দাক্ষিণাত্যে বৌদ্ধ-প্রভাবের কতক পরিচয় প্রাপ্ত হই। তিনি দাক্ষিণাত্যে প্রবেশ করেন নাই
স্বিত্ত অনুসন্ধানে তিনি অনেক তথাই সংগ্রহ করিতে পারিয়াছিলেন। ‡

নাই। তামিল 'দিবারাম' দৃষ্টে বুঝা যাং, দক্ষিণ আকটো জৈনধৰ্মের বহু উপাদক তথনও বর্ত্তমান ছিলেন। পালঘাট এক সমরে বৌদ্ধদিগের একটী বর্দ্ধিয়ু স্থান বলিয়া উক্ত হুইত; কিন্তু তৎসম্বন্ধে বিশেষ কোনও প্রমাণ কম্বন্তে পাওয়া যায় না।

- * বৌদ্ধর্মের প্রচারকদিগের মধ্যে রক্ষিতা, মহারক্ষিতা, ধর্মরক্ষিতা নাম পরিদৃষ্ট হয়। পরিবাজকের বর্ণনাম একটা বৌদ্ধ-মন্দিরের উল্লেখ আছে। অলোকের প্রেরিড যে দকল প্রচারক মহিষমগুলে এবং জ্বপরাস্তকে ধর্মপ্রচার করিতে গিয়াছিলেন, ভাহাদেরই কাহারও নামে ঐ মন্দিরের নামকরণ হইয়াছিল।
 - † Imperial Gazetteer. of India, vol. x, p. 291 and vol. xv p. 357.
- ়ু রেভাবেও মিষ্টার কোক্স এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। তিনি বলেন, ফা-হিয়ানের গ্রন্থে বণিত এমন কাঁকজমকবিশিষ্ট মন্দির, কোনও এক প্রবস্থাতা গায়িত স্থাট কর্তৃক নির্মিত হইয়াছিল। নির্মাণ-কোঁশল এবং হচাক্র কাক্রকাগ্য প্রভৃতির পরিচরে বুঝা যার, মাত্র একজন রাজার রাজত্ব সময়ে গৈ মন্দির নির্মিত হওয়া সভবপর নহে। একই বংশের পর পর ক্রেকজন রাজার রাজত্ব সময়ে ইহার নির্মাণ-কাগ্য সম্পূর্ণ হয়। মন্দিরের প্রভিটাতা নুপ্তিগণ বৌদ্ধর্শ্বাবল্থী ছিলেন।

এইরপে, আলোচনায় প্রতিপন্ন হয়,—এক সময়ে সমগ্র দাক্ষিণাত্য প্রদেশে বৌদ্ধ-ধর্মের প্রবল প্রভাব বিস্তৃত হইয়া পড়িয়াছিল। কি ভাবে কেমন করিয়া সে প্রভাব বিস্তৃতি লাভ করে, তাহার আলোচনায় দেখিতে পাই,—খৃষ্ট-পূর্ব্ব তৃতীয় শতান্দীতে মৌর্যারাক্ত আলোকের এবং সিংহলরাজ তিস্পার প্রচেষ্টায় দাক্ষিণাত্যে বৌদ্ধ ধর্মের প্রতিষ্ঠা হইয়াছিল।

খুষ্ট-শতাদীর প্রারম্ভে উত্তর-ভারত হইতে পহলব এবং গুপ্ত-বংশীয়গণ দাক্ষিণাত্যে বসবাস আরম্ভ করেন। তাঁহারা যে বৌদ্ধর্ম্মাবলদ্বী ছিলেন, নানাভাবে তাহা সপ্রমাণ হয়। পহলবদিগের আদিপুরুষ—অংশাক-বর্মাণ বিশিয়া প্রথাত। তিনি বৌদ্ধর্ম্মাবলদ্বী ছিলেন। আনেকে মৌর্যাজ অংশাকের সহিত ভাহার অভিনতা সপ্রমাণের প্রয়াস পান। অন্তদিকে চোলবাজ কিন্তির বৌদ্ধ-ধর্মা গ্রহণ করিয়াছিলেন। তিনি নাগরাজ ভড়ইভননের কল্পা পিলিভড়ইকে বিবাহ করেন। চোল এবং পান্ডা রাজ্যের আনেকেই তথন বৌদ্ধ-ধর্ম্মে দীক্ষিত হইয়াছিলেন।

যাহা হউক, এই সময়ে উত্তর ও পশ্চিম ভারতে বৌদ্ধ-ধর্ম কিরপে প্রতিষ্ঠা লাভ করিয়াছিল, পৃথিবীর ইতিহাসের' পূর্ব্ববৃত্তী খণ্ড-সমূহে তাহার বিস্তৃত নিদর্শন প্রদান করিয়াছি। স্কুতরাং এস্থলে তাহার পূন্কলেখ নিম্প্রাজন। তবে এই সময়ে, গুপ বংশের অভ্যুদয়ের অব্যবহিত পূর্ব্বে বৌদ্ধ-ধর্ম ভারতের সন্ধত্ত বংশেত্র প্রতিষ্ঠা লাভ করিয়াছিল, দেশে-বিদেশে তাহার প্রভাব বিস্তৃত হটয়াছিল,—প্রবাত্রের আলোচনায় তাহা সর্ব্বেণা স্থামাণ হয়।

देखनभएर्यत्र श्रान ।

বৌদ্ধধর্মের পরিচয়ের সঙ্গে সথে জৈন-ধর্মের পরিচয় প্রধান করাও আবশ্রক বিশ্বয়া মনে করি। উভয়ই পরস্পর এক অছেছে সম্বন্ধনে সম্বন্ধ; উভয়ই উভয়ের অক্ষীভূত; উভয়ই একই নহীক্রহের ছইটা বিভিন্ন শাখা-বিশেষ। সাগরগানিনা স্রোত্রিনী সকলেই এক সাগরের উদ্দেশ্রেই প্রধাবিত হয়। পথ বিভিন্ন হইলেও সকলেরই মূল লক্ষ্য অভিন্ন। দেশ-কাল-পাত্র-ভেদে উভয় ধর্মের কর্ম্ম-পদ্ধতি স্বাতয়্য-ব্যঞ্জক হইলেও উদ্দেশ্র যে এক অভিন্ন, তিরিয়ের সন্দেহ নাই। স্ক্তরাং কিবা জৈনপর্মা, কিবা বৌদ্ধর্মা উভয়ই সমভাবে ভারতের বিপত্তি-দ্রীকরণে, ইহলোকিক ও পারলোকিক উৎকর্ষসাক্রনে, সহায়তা করিয়াছিল, তাহা অস্বীকার করিবার উপায় নাই। সে পক্ষে যেমন বৌদ্ধর্মেরে, তেমনই জৈনধর্মের কার্য্য-কারিতা স্বীকার করিতে হয়। কিন্ত গুপ্তবংশের অভ্যাদয়ের উভয় ধর্ম্মেরই প্রভাব থর্ম হয়। ভারতীর রাজগণের উত্থান-পতনের সম্পে ধর্মের উত্থান-পতনের সহিত সম্বন্ধ্যুক্ত। তাই রাজার ও রাজ্যের উত্থান-পতনের সঙ্গে ধর্মের অভ্যাণান ও অধঃপতনের ইতিহাস আলোচনার আবশ্রক হইয়া পড়ে।

একদিকে যেমন বৌদ্ধর্মের পরিপৃষ্টি হইতেছিল; অন্ত দিকে তেমনই জৈনধর্ম শ্রীসম্পন্ন হইন্না উঠিতেছিল। উভন্ন ধর্মের প্রবর্ত্তক বিভিন্ন হইলেও উভয়েই একই পথের অমুসরণকারী। *

^{*} শুর আলেকলাণ্ডার কানিংগানের মতে.—"both these Sects were branches of one stock," ভক্তর হ্যানিটেন এবং মেজর ডেলামেইনও পুর্বোক্ত মতেরই পারিপোষক। তাঁহারা বলেন,—"Gautama of the Jainas and of the Budhas is the same personage."—Indian Antiquary Vol. xi.

তবে অনেকে বলেন,—'উভয় ধর্মাই একই বাক্তি প্রবর্ত্তন করিয়াছিলেন। গৌতমই জৈন ও বৌদ্ধ ধর্ম্মের একমাত্র প্রবর্ত্তক।' একপ সিদ্ধান্তের কারণও যথেষ্ট পাওয়া যায়। জৈনদিগের যিনি গৌতম ছিলেন, তাঁহার কোনও শিয়্যের পরিচয় পাওয়া যায় না। তাই সিদ্ধান্ত হয়,— গৌতমের শিশ্বগণই বৌদ্ধ-সম্প্রদায়ের সৃষ্টি করিয়াছিলেন।

তত্বাহ্বসন্ধিংস্করণ স্থধর্মার শিশ্য জৈনদিগের নীতির সহিত পূর্ব্বোক্ত বৌদ্ধ-সম্প্রদায়ের নীতির অনেক সাদৃগ্য লক্ষ্য করিয়া থাকেন। উভয় সম্প্রদায়ই হিন্দু দেবদেবীর উপাসনার অনুমোদন করিয়াছেন বটে; কিন্তু তাঁহারা সকলেই বেদের প্রতি উপেক্ষা প্রদর্শন করেন।

বৌদ্ধ ও জৈনদিগের নীতির সাদৃশ্যের বিষয় 'পৃথিনীর ইতিহাসের' পূর্ব্ব থণ্ডে বিশদভাবে আলোচনা করা হইয়াছে। এন্থলে তাহার বিস্তৃত আলোচনা নিম্পায়োজন। তবে খৃষ্টায় সপ্তম শতাকীতে, অধঃপতনের যুগোও, উভয় ধর্মের কি সৌসাদৃশ্য বা ঐকমত্য ছিল, এবং গুপ্ত-গণের অভ্যাদয়ে সে ধ্যা কতটুকু সহায়তা করিয়াছিল, তাহা প্রদর্শন করাই এতংপ্রসঙ্গের উদ্দেশ্য।

চৈনিক পরিব্রাজক হয়েন-সাং, তাঁহার ল্রমণ বৃতান্তে এতংসম্বন্ধে এক উল্লেল চিত্র প্রকটন করিয়াছেন। * তাহাতে দেখিতে পাই,—জৈন ও বৌদ্ধর্মের মল অভিন্ন। তবে সিংহল-দেশীয়া বৌদ্ধগণ সতম্ভ মত পরিপোষণ করেন। তাঁহারা গৌতন বৃদ্ধের পূর্লবৃত্তী আরও চিবিশ জন বৃদ্ধের অন্তিত্বের বিষয় স্বীকার করিয়া থাকেন। জৈনগণও আপনাদের ধর্ম-প্রবর্তকের পূর্ববৃত্তী চবিবশ জন তীর্থিদ্বের বিছনানতা স্বীকার করেন। এতদারা সপ্রমাণ হয়,—জৈন ও বৌদ্ধপর্মের প্রবর্তক এক অভিন্ন ব্যক্তি। উভয় ধর্মের মধ্যে পার্থক্য অতি জল্ল। বিশেষ এই বে, – গৌতমবৃদ্ধ জৈনমহাবীরের শিষ্য বলিয়া প্রধাত। স্থতরাং বেশ বৃষ্ণ গায়,—উভয় ধর্ম্মই একই সময়ে একই অবস্থায় উদ্ধব হইয়াছিল;—কেহ গৌতমবৃদ্ধের অনুসরণ করিয়াছিলেন. কেহ মল-ধর্মের পরিপোষক ছিলেন।

জৈন ও বৌদ্ধার্মের প্রবর্ত্তক অভিন্ন—অধুনাতন পণ্ডিতগণের গবেষণায় তাহা সপ্রমাণ না হইলেও পূর্ব্বাপর সাদৃশ্রাদি দৃষ্টে এ সিদ্ধান্ত অযৌক্তিক মনে করিতে গারি না। যাহা হউক,

^{*} অধ্যাপক বিল, হংয়ন সাঙের জ্বণ-বৃত্তান্তের ইংরাজী অনুবাদ প্রকাশ ববেন। তাঁহার গেই অনুবাদ হইতে হ্রেন-সাঙের মত নিয়ে উদ্ভূত হইল; যথা,—

[&]quot;The Jainas have built a temple of the Gods. The Sectaries, that frequent it, submitthemselves to strict austerity; day and night they manifest the most ardent zeal, whithout taking an instant's rest. The law that has been set forth by the founder of their sect has been largely appropriated from the Buddist Books on which it is guided in establishing its precepts and rules. The more aged of the sectures bear the name of Bhikshus; the younger they call Chamis (sramans). In their observances and religious exercises, they follow almost entirely the rule of the Sramans. The statue of their divine master resembles by a sort of usurption that of juilai (the Tathagata); it only differs in costume; its marks of beauty (Mahapurusha-lakshmana, are exactly the same."

প্রত্তত্ত্বিদ্গণের সিদ্ধান্ত — মোর্যসমাট চন্দ্রপ্ত দক্ষিণ-ভারতে জীবনের শেষ ভাগ অতিবাহিত করেন। মহীশূর-রাজ্যের 'প্রাবণ বেলগোলায়' তাহার বসবাসের পরিচয় পাওয়া যায়। মোর্য্য-সমাট চন্দ্রপ্তথ যথন দাক্ষিণাত্যে আগমন করেন, সেই সময় তাঁহার ধর্মপ্তর ভদ্রবাহ তাহার সহিত দক্ষিণ-ভারতে অবস্থান করিয়াছিলেন। দক্ষিণ-ভারতের পুন্নাড় জনপদে ভদ্রাহর লোকাস্থর হয়।

চন্দ্রপ্ত যে দক্ষিণ-ভারতে অবস্থান করিয়াছিলেন, সে প্রমাণের অসদ্ভাব দেখি। তবে, সিদ্ধপ্রায় আবিষ্কৃত রাজচক্রবর্তী অশোকের প্রস্তর-লিপি হঠতে তাহার সামান্ত নিদর্শন প্রাপ্ত হট। মৌর্য্য-বংশার রাজ্য-সীমা যে দক্ষিণ-ভারতে বিস্তৃত হইয়াছিল, উক্ত লিপি হঠতে তাহা নিঃসন্দেতে সপ্রমাণ হয়। খুগায় দিতীয় শতাকীর শেষভাগে কৈন-পুরোহিত সিংহনলী মহীশুরের অন্ত এক জনপদে বসতি স্থাপন করেন। ঐতিহাসিকগণের সিদ্ধান্ত—মহীশুরের রাজকুমার স্থ্য-বংশায় দাগিদা এবং নাধব, সিংহনলীর শিষ্মত্ব গ্রহণ করিয়াছিলেন এবং তাঁহারই মতান্ত্রবর্ত্তী হইয়া রাজ্য-শাসনে প্রবৃত্ত হইয়াছিলেন। •

দিক্ষণ-ভারতের যে সকল নুপতি বৌদ্ধপন্ম গ্রহণ করিয়াছিলেন, তাঁহাদের নাম অপরিজ্ঞাত। কিন্তু যাঁহার জৈনধন্ম গ্রহণ করিয়াছিলেন, তাহাদের কতক পরিচয় প্রাপ্ত হওয়া যায়। কাঞ্চী প্রদেশে পহলব-বংশের এবং পাশু-রাজ্যের কয়েক জন নুপতি এবং চালুক্র, গাঙ্গাও রাষ্ট্রবূট রাজগণ—সকলেই জৈনধন্মাধলম্বী ছিলেন। তাহাদের মধ্যে কেহ কেহ ভিন্নমতাবলম্বীর প্রতি অত্যাচার-উৎপীড়নেও বিরত হন নাই। তাৎকালিক নুপতিগণেব এইরূপ ভিন্ন নীতির অনুসরণই ধন্মের অধঃপনের মুলীভূত।

বিজয়াদিতা, দিতীয় পুলিকেশি ও দিতীয় বিক্রমাদিত্যের লিপি হইতে বুঝিতে পারি, তাঁহারা জৈনবংশ্বরই প্রধান পৃষ্ঠপোষক ছিলেন। তাঁহারা ধর্মের নামে কতকগুলি গ্রাম জনপদ ও মন্দির উৎসর্গ করিয়াছিলেন। গহলব-রাজ মহেন্দ্রবর্মণ, প্রথমে জৈনধর্মাবলম্বী ছিলেন। রাষ্ট্রকূট রাজগণেরও জৈনধর্ম-গ্রহণের পরিচয় গ্রন্থ-পত্রে পাওয়া যায়। আমোঘবর্ষ স্বয়ং জৈনধন্মাবলম্বী হটলেও বৌদ্ধধর্মের প্রতি যথেষ্ট সম্মান প্রদর্শন করিতেন। তিনি প্রসিদ্ধ প্রচারক জিনসেনের শিষ্য ছিলেন।

দক্ষিণ-ভারতে জৈনধশ্মের প্রভাবের মূলে, এক সমবেত শক্তির ক্রিয়া বর্ত্তমান ছিল, বুঝিতে পারি। সে প্রসঙ্গে কয়েকজন জৈনধর্ম্ম-প্রচারকের নাম বিশেষভাবে উল্লিখিত হয়; যথা,—
(১) সামস্কল্য—কাঞ্চী-দেশে ধর্ম-প্রচারে প্রবৃত্ত হন; (২) অকলক্ষ—ধর্ম-মীমাংসায় বৌদ্ধগাণকে পরাজিত করেন। (৩১ বিছ্যানন্দ ও মাণিক্যানন্দ; (৪) প্রভাচন্দ্র; (৫) জিনসেন্—
রাষ্ট্রক্ট-রাজ প্রথম অমোঘবর্ষের ধর্মাগুরু ছিলেন; (৬) গণভদ্র; (৭) মগুনপুরুষ প্রভৃতি।
ইহারা সকলেট জৈনধর্মের খ্রীসম্পাদনে জীবন উৎসর্গ করিয়াছিলেন।

'জীবকচিন্তামণি' এছোক প্রাসিদ্ধ জৈনধর্ম প্রচারক অজ্ঞানন্দীও অর প্রসিদ্ধিসম্পন্ন নহেন। মাহ্রা-জেলার অন্তর্গত মেলুর, পেরিয়কুলম, পাললি এবং মাহ্রা তালুকের বিভিন্ন স্থানে যে সকল লিপি উৎকীর্ণ ইইয়াছে, তাহাতে বহু বিস্তৃত রাজ্যখণ্ডে অজ্ঞানন্দীর প্রভাব-প্রতিপত্তি ও

^{*} Imperial Gazetter, Mysore & Coorg, Page 9.

প্রসারের পরিচয় বিজ্ঞান আছে। এতদ্বিন, উত্তর আর্কটে, দক্ষিণ আর্কটে, মাত্রা জেলায়, তিল্লেভেলি জেলায় ও মহীশূর রাজ্যে জৈনধর্মের প্রভাবের মথেষ্ঠ নিদর্শন বর্ত্তমান। কথিত হয় অজ্জানন্দীর প্রচেষ্টায় ঐ সকল স্থানে জৈনধর্ম প্রতিষ্ঠা লাভ করে।

পহলবরাজ মহেন্দ্রবর্মণ কুডালোরের জৈনদিগের স্থৃতিস্তত্যাদি ধ্বংস করিয়া তছপরি শিব-মন্দির নির্মাণ করাইয়াছিলেন, সে পরিচয়ও ঐ সকল লিপিতে বর্তমান রহিয়াছে। এইরূপে, দক্ষিণ-ভারতেও নূপতি-বৃন্দের উৎসাহবারিনিষেকে এবং পৃষ্ঠপোষকতায়, কয়েক শতাকী প্রয়ন্ত জৈন ও বে দ্ব বর্ম প্রতিষ্ঠার শ্রেষ্ঠ আসনে সমাসীন ছিল।

বৌদ্ধামের অধঃপত্ন।

একদিকে যেমন জৈন ও বৌদ্ধ ধর্ম, অন্তদিকে তেমনি শৈব ও বৈষ্ণৰ ধর্ম—সকল ধ্যাই আপন আপন স্বাভন্তা প্রতিষ্ঠা করিতেছিল। ছৈন-ধ্যের প্রভাব বিস্তারে বৌদ্ধপ্র ক্রমশঃ জ্রী-হীন হইতে থাকে। তামিল এবং সংস্থৃত সাহিত্য সে সাম্যা প্রদান করিতেছে। একদিকে সামস্তভদ্র এবং অকলম্ব বৌদ্ধর্মের প্রভাব থকা করিতে লাগিলেন; অন্তদিকে প্রচারক দিগের মধ্যে পরম্পর বিরোধ উপস্থিত হওয়ায় নৌদ্ধর্মের প্রসার হাস হইয়া আদিল। সে সময়ে রাজগণ ভিন্নপ্রমাবলম্বী হইলেন; স্থাতরাং তাহারা নৌদ্ধর্মের প্রতিষ্ঠাক্ষে সার কোনও সহায়ভা করিলেন না। শৈব ও কৈঞ্চৰ ধর্মের প্রসার-প্রতিপত্তি ক্রমশংই বৃদ্ধি পাইতে লাগিল। ফলে, কয়েক বৎসরের মধ্যেই দক্ষিণ-ভারতে বৌদ্ধর্মের প্রভাব বিল্প হইয়া আসিল। পরিশেষে বৌদ্ধর্মের অন্তিষ্ঠা একেবারে কিল্প হইয়া আসিল।

বৌদ্ধ-ধর্মের স্থায় জৈন-ধ্যেরেও ক্রমশঃ একট পরিণতি ঘটিন। বিভিন্ন আচর পদ্ধতির এবং বিভিন্ন নীতির অনুবর্ধিগণের সংশ্রাদ মণ্দ্রেশ ক্রমশঃ বন্ধে গ্লানি আদিয়া উপস্থিত হইল। নানা অবাস্তর বিষয়ের সমাবেশে জনাচাব অবিচারে সনাতন নীতি কল্বিত হইয়া পড়িল। প্রথমে স্বেচ্ছায় ধর্মান্থবর্ত্তিগণ মন্দিরাদিতে ধর্মালোচনার জন্ম গমন করিত। তথন, দীক্ষা-গ্রহণের পর, মন্দিরে ধর্মোপদেশাদি শ্রবণ ধর্মগ্রহণের একটা প্রধান অঙ্গ মধ্যে পরিগণিত ছিল। কিন্তু পরবর্ত্তিকালে তাহাতে অনাস্থা আদিয়া পড়িল। ক্রমে মন্দিরে লোকসমাগম কমিয়া আদিল। স্ক্তরাং তথন নানা অবৈধ উপায় অবলম্বনের আবশ্রক হইয়া পড়িল। রাজকর্মাচারিগণের সহায়তায় নানা অত্যাচার-উৎপীড়ন আরম্ভ হইল। এইরপে ধন্মে প্রকৃত শ্রদ্ধা উৎপাদন করা অপেক্ষা, মন্দিরে জনসংখ্যা-বৃদ্ধিই সকলের প্রধান লক্ষ্য হইয়া পড়িল। লক্ষান্রেই ইওয়ায় ক্রমশঃ ধর্মো গ্রানি আদিয়া উপস্থিত হইল।

ক্রমে অত্যাচারের ভীষণ নিম্পেষণ অসহ হইরা উঠিল। জনসাধারণ শক্তিশালী কোনও আণকর্তার আবির্ভাব কামনা করিতে লাগিল। এই ঘোর ছদ্দিনে বৈষম্যে সাম্য হাপন জন্ত আবার যেন ভগবানের আসন টলিল। এই সময় অদ্বৈত-তত্ত্বের প্রতিষ্ঠাতা শঙ্করাবতার শঙ্করাচার্য্য আবিন্তৃতি হইলেন। সঙ্গে নানাসকানন্দ, ত্রিরুণাভুক্করন্থ (অপ্পর) এবং স্থন্দর প্রভৃতি শৈবধর্মের পৃষ্ঠপোষকগণ ধর্মমাহাত্ম্য-কীর্তনে, ধর্মের প্লানি-বিদ্রণে উদ্বৃদ্ধ হইলেন। বৈষ্ণব-ধর্মের প্রচারক নমালচর, মধুরাক্বি এবং তিরুমংঘাই প্রভৃতি প্রম বৈষ্ণবের আবির্ভাব হইল। শৈবনর্মের আর একজন প্রধান পৃষ্ঠপোষক হুটলেন—মাণিক্যাবসাগর। জৈনধর্মের উচ্ছেদসাধনে তাঁহার প্রভাবেরও যথেষ্ঠ পরিচয় পাওয়া যায়। এইরূপে, শৈব ও বৈষ্ণব ধর্মের প্রভাবে, বৌদ্ধ ও জৈন ধর্ম ক্রমশঃ হীনপ্রভ হুইয়া পড়িল। শেষ নিদর্শন—শঙ্করাচার্য্যের প্রভাবে একেবারে বিলপ্ত হুইয়া গেল।

* *

গুপ্ত-বংশের অভ্যুদয়ে বৌদ্ধ ও জৈন ধর্ম্মের পরিণতি।

যেমন দক্ষিণ-ভারতে তেমনি উত্তর-ভারতে কালক্রমে বৌদ্ধর্ম্মের ও জৈনধন্মের একই পরিণতি সংঘটিত হইল। বে অবস্থায় যে ভাবে বৌদ্ধর্মের ও জৈনধর্মের ধ্বংস সাধিত হইল, সে ইতিহাস বৈচিত্রাপূর্ণ। বৃদ্ধদেবের সময় হইতে বৌদ্ধয়ের প্রভাব যে ভাবে উত্তর-ভারতে ও দক্ষিণ-ভারতে বিস্তৃত হয়, এবং স্থমাত্রা, যবদ্বীপ, মালয়, চীন, জাপান ও কোরিয়া প্রভৃতি রাজ্যে প্রবেশলাভ করে, তাহাব বিস্তৃত বিবরণ এই গ্রন্থেরই পঞ্চম গণ্ডে বিশেষ ভাবে ও অস্তান্ত থণ্ডে বিকিপ্ত ভাবে স্থানিটি হইয়াছে। এন্থলে তাহার পুনরালোচনা নিস্তান্মেজন। *

মৌগা-নপতি চক্দগুপ্ত ও অশোকের রাজন্বকালে নৌদ্ধ ও জৈন ধন্ম কিন্ধপ গৌরবের উচ্চ চূড়ায় সমাসীন হইয়াছিল, সে ইতিহাস পূর্ব্বেই আলোচিত হইয়াছে। মৌগ্য-বংশের অবসানে কুশন-বংশের অভ্যুদয়ে নৌদ্ধন্মের একটু প্রকারভেদ হইয়া পড়ে। কনিক্ষের রাজন্ব-কালে প্রায় পঞ্চশতাধিক বৌদ্ধ-ভিক্ষুর এক 'কোন্সিলের' বা 'সংঘের' অধিবেশন হয়। তাহাতে ধন্ম-গ্রের তিবিধ টীকা সন্ধলিত হইয়া যায়। সেই টাকা 'ত্রিপিটক' নামে অভিহিত। এই স্ভ্যাধিবেশনে কনিক্ষ একটু ভ্রান্ত-পথের অন্তব্রত্তী হইয়াছিলেন। তাই বৌদ্ধধ্যের গৌরব-রবি অচিরে অন্তমিত হইয়া যায়।

কনিক্ষের পূর্নের পাটলিপুত্র-নগরে রাজচক্রবন্ত্রী অশোক বৌদ্ধ-ভিক্স্গণের এক সজ্য আহ্বান করেন। তাহাতে বিরোধীয় বিষয়-সমূহের নীমাংসা হইয়াছিল। কনিক্ষ যদি সেরপ কোনও ব্যবস্থা করিতেন, তাহা হইলে মূল-ধন্মে বৈষম্য উপস্থিত হইত না। কিন্তু কনিক্ষ ভিন্ন-প্রথ অবলম্বন করায়, তাঁহার সজ্যাধিবেশনের ফলে, বৌদ্ধার্মা বিভিন্ন প্রেদেশে বিভিন্ন আক্বতি পরিগ্রহণ করিল। ফলে, ক্রমশঃ সজ্য-শক্তি হ্রাসপ্রাপ্ত হইল। † পরিশেষে শুঙ্গবংশীয় পৃশ্বমিত্রের (পুল্পমিত্রের) রাজত্বকালে বৌদ্ধার্মের ও জৈনধর্মের পতনের পথ আর একটু প্রেশন্ত হইয়া আদিল।

বৌদ্ধ ও জৈন ধন্মের নীতির অস্বাভাবিক কঠোরতা পুষ্পামিত্র বিশেষভাবে উপলব্ধি করিলেন। 'অহিংদা' নীতির অন্ধুদরণে প্রাণি-হত্যার স্রোত বন্ধ হইয়াছিল বটে; কিন্তু ব্রাহ্মণ্য-ধর্ম্মের পুনরভূদয়ে সে স্রোত পুনঃপ্রবাহিত হইল। ব্রাহ্মণ্য-ধর্ম্মের অনুষ্ঠান-বিশেষে বলিদানের আবগুক হয়। বৌদ্ধ ও জৈন ধর্ম্মের অহিংদা-নীতির অনুদরণে ব্রাহ্মণ্য-ধর্মের সে অনুষ্ঠানাদি এতদিন একরপ বন্ধ ছিল। পু্যামিত্রের রাজত্বকালে সে বলিদান সম্পন্ধ হইতে লাগিল। অস্থমের যজের অনুষ্ঠানে স্বরং পু্যামিত্র ব্রাহ্মণ্য-ধর্মের পুনরক্ষীপনের স্থ্রপাত করিলেন।

 [&]quot;পৃথিবীর ইতিহাস", বঠ ও সপ্তম খণ্ডে এতিছিয়য় বিশৃত আলোচনা পরিদৃষ্ট ইইবে।

[†] R. C. Dutt, Civilization in Ancient India.

বৌদ্ধশ্ম গ্রন্থকারগণের পৌরাণিক আখ্যায়িকায় সপ্রমাণ হয়,—পুষ্যমিত্র কেবলমাত্র ব্রহ্মণা-ধশ্মের অক্ষানাদির প্রবর্তনেই পরিভ্প্ত হন নাই। প্রকাশ—তিনি নৌদ্ধ-ধর্মের উচ্ছেদ-সাধনে বদ্ধপরিকর হইয়া বৌদ্দদিকে নানা ভাবে উৎপীড়ন করিয়াছিলেন। তাঁহার রাজত্বকালে বৌদ্ধগণের মন্দিরাদি দগ্মীভূত হয়, মগধ হইতে জলন্ধর পর্যাস্ত ভূভাগে বৌদ্ধ-যতিগণ রাজ্ঞাদেশে নির্যাতিত ও নিহত হন। অনেকে পলায়ন করিয়া প্রাণরক্ষা করেন। *

কিন্তু পূষ্পমিত্র কর্তৃক বৌদ্ধগণের উৎপীড়নই বৌদ্ধধর্মের অধংপতনের একমাত্র কারণ নহে। ভিন্ন-ধর্মের পরিপোষক নূপতি-বিশেষের রাজ্যকালে অত্যাচার-উৎপীড়নাদি হওয়া অসম্ভব নহে। ইতিহাসে সে দৃষ্টান্তের অসম্ভাব নাই। বৌদ্ধ ও জৈন ধর্মের নীতি-সমূহের আস্বাভাবিক কঠোরতা দৃঢ়-প্রতিষ্ঠিত হইলে, সহস্র ঝড়ঝঞ্চাতেও সহসা ধর্মসৌধের সে ভিত্তি টলাইতে পারিত না। তাই, বৌদ্ধ ও জৈন ধর্মের উচ্ছেদের কারণ অক্তরূপ বলিয়া মনে হয়।

গুপ্ত-বংশের রাজত্বকালে রাহ্মণ্য-ধর্মের প্রাধান্ত প্রতিষ্ঠিত হয় সত্য। কিন্তু ধর্ম্মে সমদর্শন নীতির অনুসরণে গুপ্তরাজগণ বৌদ্ধ ও জৈন ধর্মের সমাদরেও কুণ্টিত ছিলেন না। কিন্তু রাজ্ঞা ভিন্নধর্ম্মাবলম্বী। সাম্যভাব-সংরক্ষণের প্রয়োস পাইলেও তিনি অধ্যের প্রতিষ্ঠাই কামনা করেন। তাই রাজকীয় পৃষ্ঠপোষণের অভাবে বৌদ্ধ ও জৈন ধ্যা ক্রমশঃ ধ্বংদের প্রেথ অগ্রাসর হয়।

গুপ্ত-রাজ্ঞাণের রাজত্ব-কালে সংস্কৃত-ভাষার অশেষ শ্রীরৃদ্ধি সংসাধিত হইয়াছিল। গুপ্তবংশীয় নূপতিগণ 'গৌড়া' হিন্দু ছিলেন। তাঁহারা আচারে ব্যবহারে, অশনে বসনে, বাক্যে ও কার্য্যে— হিন্দুধর্ম্মের অনুশাসন মান্ত করিতেন। কিবা রাজানীতি-ক্ষেত্রে, কিবা ব্যবহার-বিষয়ে, কিবা বিষয়-কর্ম্মে—সর্ব্যেই তাঁহারা ব্রাহ্মণ্য-ধর্মের অনুশাসনে পরিচালিত হইতেন। তাই উৎসাহ-বারিনিষেকের এবং পৃষ্ঠপোষকতার অভাবে বৌদ্ধনম্ম ও জৈনধ্য একই পরিণতি প্রাপ্ত হয়। দাকিণাত্যে যে ভাবে যে অবস্থায় বৌদ্ধ ও জৈনধ্যের উচ্চেদ ঘটিয়াছিল, উত্তর-ভারতেও সেই ভাবে সেই অবস্থায়ই তাহাদের শেষ-চিক্ত পর্যান্ত বিলপ্ত হইয়াছিল।

ধর্মবিপ্লবের এই ছার্দ্ধনে গুপ্ত-বংশের অভ্যুদয় হয়। বিচ্ছিন্ন শক্তিকে কেন্দ্রীভূত করিতে পারিয়াছিলেন বলিয়াই ইতিহাসে গুপ্ত-বংশের প্রতিষ্ঠা।

• তারানাথের মতে পূপামির (পুরামির) ব্রাহ্মণ ছিলেন। তিনি বলেন,—প্রামিত প্রথমে পোরোছিতা করিতেন। (Vide Divyavadana in Bu noul's Introduction). অধ্যাপক রিজ ভেডিড শুপ্রামিত্র কর্ত্ব বৌদ্ধার্থের উৎপীড়নাদি বীকার করেন না! (Journal, Pali Text Soc. 1866) কিন্ত হগদন, দিওয়েল এবং ওরাটার্গ দে নবদের দাক্ষ্য দেন। তৈনিক পরিপ্রায়ক হয়েন-সাভের গ্রন্থে (Beal's Records) শশাকের দৃষ্টাস্তই ভাষার প্রমাণ। মিহিরকুলের অহাচারও দে বিষয়ে সাক্ষ্য দিতেছে। প্রস্কৃত্ববিদ্যাণ বলেন,—প্রাচীন কালে তিক্তিত ও খোটান ভারতের সহিত একপ্রে আবদ্ধ ছিল। রাজা লাং ডরম্ (Langdarma) কর্ত্ব ৮৪০ গৃষ্টান্ধে বৌদ্ধারির প্রতি অভ্যাচারের বিষয় হাক্রেভীর ইতির্ভে সন্ম্রদ্ধ আছে। (Rockhill, Life of Buddaa, pp. 226, 243); খোটানের ইতির্ভ্রেও প্ররাণ অভ্যাচার-অবিচারের আছান পাওয়া বায়। খুন্তার সপ্রন শভাবীতে দাক্ষিণাত্যে হৈলনধর্মের প্রস্কাপ সুরবন্ধার পরিচর প্রাপ্ত হই। (Elliot, Coins of Southern India) গুজরাটের শৈবরাজ অলম্বনের, উহার রাজত্বের প্রারহ্মে, অভি নুশংসের জার, জৈনদিগকে উৎপীড়িত করিয়াছিলেন। সেই উপলক্ষে জৈনধর্মের নেতৃত্বানীর করেক্ষম প্রসিদ্ধ বাজি নিহত হন।

ষষ্ঠ পরিচ্ছেদ

গুপ্ত-কাল-গণনায় বুদ্ধের নির্ববাণ-প্রসঙ্গ।

[লিপির প্রামাণ্য ;—নির্ন্ধাণ-বিষয়ে সমস্থা :—পাশ্চাত্য-মতের আলোচনা ;—ফ্লিটের অভিমত,
—তাঁহাদের ত্রিবিধ যুক্তি ;—কোলক্রকের সিদ্ধান্ত ;—আলোচনায়:প্রকৃত তথ্য-নির্ণয় ;—
মোর্য্যরাজগণের কাল-প্রসঙ্গে বিতপ্তা ; – স্থাপ্তস্ত-সাধনে প্রয়াস ;—মহাবংশের মত ;—
বিকৃদ্ধ-মতের সমন্বয়-সাধন ;—অধ্যাপক কার্ণের অভিমত ;—উপসংহার ।]

লিপির প্রামাণা।

রাজ্বচক্রবর্ত্তী অংশাকের পূর্বের বৌদ্ধান্তের উন্নতি-পরিপৃষ্টির কোনও পরিচয় বিশ্বমান নাই। বৃদ্ধদেনের আবিভান, তাঁহার ধর্মপ্রচার ও নির্বাণ সম্পর্কীয় ইতিবৃত্তও অধিকাংশছলে বিনিধ আখ্যায়িকায় পরিপূর্ণ। সেই প্রাচীন ইতিহাসের প্রকৃত তথ্য নির্ণয়ে পণ্ডিতগণ তাই লিপি ও মুদ্রা প্রভৃতির প্রামাণ্য স্বীকার করেন। পুরারুত্তের আলোচনায় তাহাই প্রধান অবলম্বনক্রপে পরিগৃহীত হইয়। থাকে।

'পৃথিবীর ইতিহাসের' বিশেষ বিশেষ সময়ের তথ্য-সংগ্রহে আমরাও তাই অনেক স্থলে তাঁহা দেরই প্রদর্শিত পদ্মার অনুসরণে বাধ্য হইয়াছি। রাজচক্রবর্ত্তী অশোকের পূর্বের্ব অন্ত কোনও ভারতীয় নূপতির প্রবর্ত্তি লিপির পরিচয় গ্রন্থপত্রে উল্লেখ নাই। মুদ্রা প্রভৃতির প্রমাণও অশোকের পরবর্ত্তী রাজগণের প্রবর্ত্তন। বলিয়া সিদ্ধান্তিত হয়। অশোকের লিপি-সমূহে তাৎকালিক ইতিহাসের উপাদানভূত অনেক তথ্যের সন্ধান পাই। এতৎপ্রসঙ্গে আমরা সেই লিপিসমূহ হইতে বিতণ্ডা-মূলক কয়েকটা সমস্তার নিরসন-পক্ষে প্রয়াস পাইতেছি।

নিৰ্কাণ বিষয়ে সমস্থা।

একটা প্রধান সমস্থার অবতারণা হয়—বুদ্দদেবের নির্বাণ-কাল লইয়া। বুদ্দদেবের নির্বাণ-প্রাপ্তির কাল সম্বন্ধে নানা গবেষণা দেখিতে পাই। সে আলোচনায় যে সিদ্ধান্তে উপনীত হই, পরবর্ত্তী অংশে তাহা প্রদর্শনের প্রয়াস পাইতেছি। প্রথম-দৃষ্টিতে বিষয়টা অবাস্তর বিলয়া উপলব্ধি হইবে, সন্দেহ নাই। কিন্তু গুপ্ত-রাজগণের কাল-গণনা-প্রসঙ্গে ইহার আবশ্রকতা বিশেষভাবে অনুভূত হয়। তাহার সহিত বিশেষ সম্বন্ধ আছে বিলয়াই এতৎপ্রসঙ্গের অবতারণা করিতেছি।

সিংহল ও ব্রহ্মদেশের পালি-প্রন্থে ৫৪৪ পূর্ব্ব-খৃষ্টাব্দে বৃদ্ধদেবের নির্ব্বাণের বিষয় উল্লিখিত আছে। কিন্তু সেই গ্রন্থয়েই আবার চক্তগুপ্তের সিংহাসনাধিরোহণের কাল, বৃদ্ধদেবের নির্ব্বাণ-লাভের ১৬২ বংসর পরে এবং অশোকের রাজ্যপ্রাপ্তির কাল বৃদ্ধদেবের নির্ব্বাণ-লাভের ২১৮

বংসর পরে নির্দিষ্ট হইয়াছে। পূর্ব্বোক্ত পালিগ্রন্থে চক্রপ্তপ্তের ও অশোকের যে রাজ্যপ্রাপ্তি-কালের উল্লেখ দেখি। তাহাতে এক সমস্থার অবতারণা হয়। যদি পূর্ব্বোক্ত নূপতিদ্বরের রাজ্য-প্রাপ্তি-কাল ঐরপভাবে নির্দিষ্ট না হইত, তাহা হইলে বুদ্ধদেবের নির্ব্বাণ-প্রাপ্তির পূর্ব্বোক্ত গণনা অনেকেই প্রমাণ্য বলিয়া গ্রহণ করিতে পারিতেন।

শুর উইলিয়ম জোন্দের মতে চক্রগুপ্ত ও দেলিউকাস নিকাটরের মিত্ররাজ সাক্রাকোটাস অভিন্ন প্রতিপন্ন হন। অশোকের পরিচয় তাঁহার লিপিতেই প্রকাশিত আছে। অশোক তাঁহার লিপিতে সমসাময়িক পাঁচ জন গ্রীক-নৃপতির নাম প্রকাশ করিয়াছেন। * সে হিসাবে চক্রগুপ্তের রাজ্যপ্রাপ্তি-কাল ৩১৬ পূর্ব্ধ-খৃষ্টান্দে এবং অশোকের রাজ্যাভিষেক ২৬০ পূর্ব্ব-খৃষ্টান্দে নির্দিষ্ট হয়। রাজ্যাভিষেকের চারি বংসর পরে অশোক সিংহাসনে অধিরোহণ করেন। তাহা ইইলে ২৬৪ পূর্ব্ব গৃষ্টান্দে অশোকের রাজ্যপ্রাপ্তি-কাল নির্দিষ্ট হইতে পারে।

কিন্তু যদি বুদ্ধদেবের নির্দ্ধাণ-প্রাপ্তির কাল ৫৪৪ পূর্ব্ধ-পৃষ্ঠান্দে মানিয়া লওয়া যায়; আর যদি পূর্ব্বোক্ত পালি-গ্রন্থের হিসাবে বুদ্ধদেবের নির্দ্ধাণ-লাভের ১৬২ বৎসর পরে চক্রপ্তপ্তের এবং ২১৮ বৎসর পরে অশোকের রাজ্যপ্রাপ্তির কাল নির্দ্ধিষ্ঠ হয়; তাহা হইলে, চক্রপ্তপ্তের এবং অশোকের রাজ্য-প্রাপ্তি-কাল নথাক্রনে ৩৮২ পূর্ব্ব-পৃষ্ঠান্দ এবং ৩৩০ পূর্ব্ব-পৃষ্ঠান্দ নির্দ্ধিষ্ঠ হইয়া যায়। সে হিসাবে, চক্রপ্তপ্তের রাজ্যপ্রাপ্তিকাল প্রায় অশোকের ৬৬ বংসর পূর্বের স্থির হয়। আর অশোকের রাজ্যপ্রাপ্তির কাল, সিরীয়ার রাজা দিতীয় এন্টি বকাদের ৬৬ বংসর পূর্বের এবং এপিবাসের রাজা দিতীয় আলেকজাপ্রারের প্রায় ৫৮ বংসর পূর্বের পিছাইয়া পড়ে। স্কতরাং বুদ্ধদেবের নির্ব্বাণ-কাল-গণনায় এবং চক্রপ্তপ্ত-আশোকাদির রাজ্যপ্রাপ্তি-কাল-গণনায় প্রায় ৬৬ বৎসরের ইতর-বিশেষ হইয়া পড়ে।

বৃদ্দেবের নির্ন্ধাণ-লাভের পর হইতে অশোকের রাজাপ্রাপ্তিকাল পর্যান্ত পর পর বৌদ্ধন্মের বহু উপদেষ্টা জন্মগ্রহণ করিয়াছিলেন। তাঁহাদের পর্যায়ে ক্রমভঙ্গের কোনই নিদর্শন প্রাপ্ত হই না। তাংকালিক ও সমসাময়িক সিংহল নূপতিগণের রাজ্যকালের ক্রমভঙ্গেরও কোনও পরিচয় বিভ্যমান নাই। স্ততরাং তাংকালিক ঐতিহাসিক উপাদান-সমূহের আলোচনায়, বৃদ্দদেবের নির্ন্ধাণ-প্রাপ্তির কাল ৫৪৪ পূর্ব্ধ-খৃষ্টান্দ অপেকা ৪৭৮ পূর্ব্ব-খৃষ্টান্দে নির্দ্দিষ্ট হওয়াই সঙ্গত ও সমীচীন বলিয়া সিদ্ধান্তিত হয়।

এখানে একটা সমস্থা-মূলক প্রশ্ন উঠিতে পারে। সে সমস্থা—পূর্ব্বাপর সামঞ্জন্ম রক্ষা করিতে হউলে, পূর্ব্বোক্ত গণনা অনুসারে সিংহল-রাজ বিজয়ের রাজ্য-প্রাপ্তিকালও প্রায় ৬৬ বৎসর পিছাইয়া পাড়ে; আর, তাহা হউলে, সিংহল-দেশের কাল-গণনা পদ্ধতি সকলই

^{* &}quot;পুৰিবীর ইতিহাস". সপ্তম খণ্ড, ২০০ পৃঠা জন্তবা। ঐ সপ্তম খণ্ডে আশোকের লিপিসমূহেধ বিভ্তুত পরিচর প্রদান কর। হইরাছে। আরোদশ লিপিতে সমদামরিক পাঁচ জন যবনরাজের নামোলেগ দৃষ্ট হয়। এছলে দেই লিপির কিলদংশ উদ্ধৃত করিভেছি; যথা, - "বত্র আংতিরোকে। নাম যোনবাজ পরং চ তেন আংতিরোকেন চতুর রক্ষনী তুরময়ে নম আংতিকিনি নম মক নাম অলীকস্থদর নম' ইত্যাদি। লিপিতে দিনীয়বাজ এণ্টিওকাদ থিবস, মিশরের অধিপতি টলেমি ফিলাভেলফাস, মানিজনাধিপতি এণ্টিগোনাস গোনাটাস অথবা বিতীয় এণ্টিগোনাস, এপিরাসের অধিপতি আলেকজাভাত এবং সাইরিণাধিপতি মেগাসের নাম দৃষ্ট হয়।

উন্টাইয়া যায়। কিন্তু এ বিষয়ে পণ্ডিতগণের সিদ্ধান্ত অন্তর্মপ। তাঁহারা সিংহল-দেশীয় কাল-গণনা-পদ্ধতিতে আন্থা স্থাপন করেন না। তাঁহাদের মতে, সিংহলদেশীয় কালগণনা-পদ্ধতি ভ্রমপ্রমাদ-পূর্ণ। সে গণনায় প্রায় ৬৬ বংসরের তারতম্য রহিয়াছে।

সিংহলদেশীয় ইতিবৃত্তে প্রকাশ,—ব্দ্দেবের নির্বাণ-লাভের ১৭৬ হইতে ৩১৮ বৎসরের মধ্যে সিংহল-দেশে মৃত।শিয় এবং তাঁহার নয় পুত্র প্রায় ১৬২ বৎসর রাজত্ব করিয়াছিলেন। ঐতিহাসিকগণ তাহা স্বীকাল করেন না। তাঁহাদের মতে, তুই পুরুষের কয়েক জন মাত্র নুপতির রাজত্ব-কাল এত অধিক দিন স্থায়ী হইতে পারে না। কেহ কেহ আবার বলেন,— তুই পুরুষের এক শত বৎসরের অধিককালব্যাপী রাজত্বের দৃষ্টাস্ত তাঁহারা অবগত নহেন। এ সম্বন্ধে তাঁহারা নানা দৃষ্টান্তের অবতারণা করেন।

কানিংহাম বলেন,—৯৬৮০ বংশরের অধিককাল রাজত্বের পরিচয় তিনি কোনও বংশেই প্রাপ্ত হন নাই। তিনি মতদ্র আলোচনা করিয়াছেন, তাহাতে তিনি যে সিদ্ধান্তে উপনীত হন, তাহার মর্মা এই,—ইংলওের রাজা হতীয় হেনরি এবং প্রথম এডওয়ার্ড উভয়ের রাজ্যকাল ৯১ বংসর। ফরাসীদেশের এয়োদশ ও চতুর্দ্দশ লুই উভয়ে ১০৫ বংসর রাজত্ব করেন। ভারতের ছই জন ডালুক্যরাজ ১০২ বংসর, বিকানীরেব ছই রাজা ১০০ বংসর, কাশ্মীরের ছই রাজা ৮৬ বংসর, হিন্দ্রের ছই রাজা ৯৬ বংসর রাজত্ব করিয়াছিলেন। গড় হিসাবে প্রাতি ছই জন করিয়া রাজার ৯৭ বংসর রাজত্বের প্রমাণ পাওয়া য়ায়।

এইরপ গণনা-পদ্ধতির প্রয়োগে সিংহল দেশীয় কাল-গণনায় প্রায় ৬৫ বৎসরের প্রম-প্রমাদ প্রদর্শিত হইতে পারে। তাই কানিংহান মুতাসিয়ার সিংহাসন-প্রাপ্তিকাল, বৃদ্দেবের জন্মের পরবর্তী ১৭৬—৪৭৮ =৩০২ পূর্ব-খৃষ্টান্দে নির্দেশ করেন। এ হিসাবে, মুতাসিয়ার দিতীয় পুত্র 'দেবেনিপিয় তিস্দ' রাজচক্রবর্তী অশোকের সমসাময়িক প্রতিপন্ন হন। সিংহলদেশীয় পুরারত্তের সহিত্ত তাহাতে সামঞ্জ্ঞ সংর্কিত হয়।

পাশ্চাত্য-মতের আলোচনা।

যাহা হউক, বুদ্ধদেবের নির্ম্মণ-প্রাপ্তির কাল-সম্বন্ধে পাশ্চাতা পণ্ডিতগণ বিবিধ বিভিন্ন মত প্রকাশ করিয়াছেন। সামরা যথাস্থানে তাহার আলোচনা করিয়াছি। বক্ষ্যমাণ প্রসঙ্গে তাহার সংক্ষিপ্ত মন্ম প্রদান করিতেছি। তাহাতে বিষয়টা সহজবোধ্য হইতে পারে।

চীনদেশীয় গ্রন্থপত্রে এবং অন্তান্ত বিবরণে বুদ্ধদেবের নির্মাণ-কাল বিবিধর্মপে নির্মাপত হয়। তাহার কতকগুলি পৌরাণিক আখ্যায়িকা-মূলক, কতক বা কিংবদন্তীর অমুসারী। পাশ্চাত্য প্রত্নত্ত্ববিং ডক্টর ফ্রিটের মতে, বৃদ্ধদেবের নির্মাণ-কাল ৪৮২ পূর্ব-খৃষ্টাব্দে নির্দ্দিষ্ট হয়। * এক্ষণে, প্রত্নতত্ত্ববিদ্যাণের অনেকেই বুদ্ধের নির্মাণ ৪৯০ হইতে ৪৮০ পূর্ব-খৃষ্টাব্দের মধ্যে নির্দ্দেশ করিতেছেন। সিংহলদেশীয় গ্রন্থপত্রে উল্লিখিত পৌরাণিক কালের প্রতি তাঁহারা কেইই আস্থা স্থাপন করেন না।

[•] Vide Journal of the Royal Asiatic Society, 1906, p. 667.

প্রত্তর্বদেশণের গবেষণায় বৃদ্ধদেবের নির্বাণ-কাল যে ভাবে ৪৮৭—৪৮৬ পূর্ব-খৃষ্টান্দে নির্দিষ্ট হয়, তদ্বিরের তাঁহারা ত্রিবিধ যুক্তি প্রদর্শন করেন; যথা,—(১) ৪৮৯ পূর্ব-খৃষ্টান্দ পর্যান্ত চীনদেশের ক্যাণ্টন নগরে যে সকল বিন্দুচি দুর্ভ পুথিপত্র সংগৃহীত ছিল, তাহাতে ঐ অন্ধ পর্যান্ত ৯৭৫টা বিন্দু পরিদৃষ্ট হয়। তদমুসারে বৃদ্ধদেবের নির্বাণ-কাল ৯৭৫—৪৮৯ = ৪৮৬ পূর্ববিদ্ধান্ত নির্দিষ্ট হইতে পারে। • (২) বস্থবদ্বর জীবনী-প্রণেতা পরনার্থের মতে, খৃষ্টান্দ্র পঞ্চম শতান্ধীতে (৪১৩ খৃষ্টান্দ) বৌদ্ধপ্রচারক বৃষণণ এবং বিদ্ধাবাদ (বৃদ্ধদেবের নির্বাণ-লাভের প্রায় ৯০০ বৎসর পরে) বিভ্যমান ছিলেন। সে হিসাবে (৪৮৭ + ৪১০ = ৯০০) ৪৮৭ পূর্বব-খৃষ্টান্দে বৃদ্ধের নির্বাণ-কাল নির্দ্ধেশ করা ষাইতে পারে। (৩) বোটানের একটা আগ্যায়িকা হইতে জানা যায়,—ধর্মাশোক, বৃদ্ধের নির্বাণের ২৫০ বৎসর পরে প্রাহ্মভূতি হন। ঐ আখ্যায়িকায় অশোক চীনসমাট দি-হোয়াং-টির সমসাময়িক প্রতিপন্ন হইয়াছেন। কথিত হয়,—চীনসমাট দি-হোয়াংটিই চীনদেশের প্রদিদ্ধ প্রাচীর নির্মাণ করাইয়াছিলেন। তিনি ২৪৬ পূর্বব-খৃষ্টান্দে সিংহাসনে অধিরোহণ করেন। ২২১ পূর্বব-খৃষ্টান্দে হিনি একছত্র স্ত্রাট বিন্মা বিঘোষিত হন; এবং ২১০ পূর্বব-খৃষ্টান্দে সিংহাসনে প্রতিষ্ঠিত থাকেন। কিন্তু পুজামুপুজ্ব আলোচনায় এ গণনাও ভ্রমপূর্ণ সপ্রমাণ হয়। যাহা হউক, আমরা নিয়ে যথাক্রমে তৎসম্বন্ধে আমাদের বক্তব্য প্রকাশ করিতেছি।

* * *

কোলক্রকের সিদ্ধান্ত।

কৈনদিগের মতে, তাঁহাদের তার্থক্ষরের প্রধান শিশ্ব মহাবীর 'গোতমস্বামী' বলিয়া অভিহিত হইতেন। 'গোতম ইক্রভূতি' নামেও ঐ জৈন-গ্রন্থপত্রে তাঁহার পরিচয় দেখিতে পাটা; জৈনদিগের এই সিন্ধান্ত অনুসারে পাশ্চাত্য পণ্ডিতগণের অনেকেই মহাবীরের প্রধান শিশ্ব গোতমস্বামীকে গোতম বুদ্দের সহিত অভিন বলিয়া প্রতিপন্ন করিবার প্রশ্নাস পান। কেবল ডক্টর হামিন্টন ও মেজর ডেলামেন্ন নহেন; প্রসিদ্ধ প্রত্নতন্ত্বিৎ কোলক্রকও সিই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। §

যে কারণে কোলক্রক সে সিদ্ধান্তে উপস্থিত হন, তাহার সার্থ্য নিমে প্রদান করিতেছি; যথা,—করস্থতে এবং জৈনদিগের অস্তান্ত গ্রন্থে মহানীরের প্রথম ও প্রধান শিশ্ব 'ইক্রভৃতি' নামে পরিচিত। কিন্তু লিপি-সমূহে তিনি 'গোতমস্বামী' নামে উল্লিথিত হন। মহাবীরের আর যে দশজন শিশ্ব ছিলেন, গ্রন্থপত্রে এবং লিপিতে

- * স্পতিত টাকাকুত্র মত্তবা এইবা। Vide, Takaku u in Journal of the Royal Asiatic Society, 1905, page 5.
- † Saratchandra Das. Journal of the Asiatic Society of Bengal, part I, 1886; Tchang, Synchronismes Chineis and Rockhill, Life of Budha.
- † Vide Ward's Hindus, vol. II; Colebrooke's Essays, I1-279; and Stevenson's Kalpasutra, p 92.
 - § Vide, Colebrooke, Essays, Vol. II. p 276 and Indian Atiquary, vol. XL.

তাঁহাদের নামের অসামঞ্জন্ম নাই। স্থতরাং গৌতম এবং ইক্রভূতি অভিন্ন বলা যাইতে পারে। জৈন ও বৌদ্ধদিগের গৌতম অভিন্ন প্রতিপন্ন হন। তাহাতে উভয় ধর্মের মূল যে এক 'মভিন্ন, তাহা সহজেই উপলব্ধ হয়।

'জৈনদিগের মতে, নহাবীরের এগার জন শিষ্মের মধ্যে মাত্র এক জনের শিষ্মাদির পরিচয় পাত্রয় যায়। তাহার নাম স্থধর্মসামী। স্কৃতরাং একমাত্র স্থধর্মসামীর শিষ্মগণই জৈনধর্মের প্রাসার-বৃদ্ধি করিয়াছিলেন বৃথিতে পারি। নহাবীর বা ইক্তভূতির সাত জন শিষ্মের মধ্যে একজন জীবিত ছিলেন। জৈন-সম্প্রদায়ের ইক্তভূতির কোনও শিষ্ম ছিল না। ইহাতে অনুমান হয়,—তিনি জৈন-সম্প্রদায়ের কাহাকেও শিষ্মত্বে গ্রহণ করেন নাই। গৌতমের শিষ্মগণ—বৌদ্ধ-সম্প্রদায়ভুক্ত। বৌদ্ধধর্মের ও জৈনধর্মের নীতি-সমূহ প্রায়শঃ অভিয়। উভয় ধর্মেই হিন্দ্দিগের বহু দেবদেবীর উপাসনার প্রথা বর্ত্তমান; উভয়েই বেদের বিরোধী; উভয় ধর্মেই যতিগণ ভগবানের উচ্চ আসনে সমারাচ্।'

আলোচনার প্রকৃত তথ্য-নিণ্য।

একণে যদি কোলকক প্রম্থ পাশ্চাত্য-পণ্ডিতগণের এই সিদ্ধান্তই মানিয়া লই,—
মহাবীরের প্রধান শিষ্য গোত্রমন্থানী এবং গৌত্রমবৃদ্ধ যদি অভিন্ন বলিয়া স্বীকৃষর করি;
বৃদ্ধদেবের নির্কাণপ্রাপ্তির কাল-গণনায় সামান্ত ইতরবিশেষ হইলেও একটা স্থির সিদ্ধান্তে
উপনীত হইতে পারি—একটা সঠিক কালের সন্ধান পাওয়া ঘাইতে পারে। সে কাল-গণনায় তিন্টা বিষয়ের প্রতি বিশেষ লক্ষ্য রাথা প্রয়োজন।

সে বিষয় তিন্তী এই,—(১) জৈনদিগের প্রদর্শিত প্রচলিত প্রমাণ-পরম্পরা হইতে বুঝা যায়,—জৈনদিগের শেষ তীর্গন্ধ মহানীর ৫২৭ পূর্ক-গৃষ্ঠান্দে পরলোকগনন করেন; (২) গৌতম ক্ল যদি মহানীরেরই শিষ্য হন, তাহা হইলে ব্রুগয়ায় (উক্রবিছ্ক) বোধিরক্ষমূলে সমাধি-প্রাপ্তিন পূর্কে জ্যাকালের জ্যা তিনি মহানীরের শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন; (৩) যুবরাজ সিদ্ধার্থ, সরা সা-ধর্ম গ্রহণ করিয়া যথন পিতৃগৃহ পরিত্যাগ কল্পেন, তথন তাঁহার বয়স ছিল—উন্ত্রিশ বৎসর। ৪৭৮ পূর্ক-গৃষ্টান্দে ৮০ বৎসর ব্যুদ্দে তাঁহার লোকান্তর হয়। তাহা হইলে, পৃষ্ট-পূর্কাক্ষ ৪৭৮ + ৫১ = ৫০৯ পূর্ক-গৃষ্টান্দে, গৌতমবৃদ্ধ মহাবীরের শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন সপ্রাণ হলতে পারে। মহাবীর ৫ ৭ পূর্ক-গৃষ্টান্দে লোকান্তরগমন করেন। এইরপ গণনার, ৫০৭ পূর্ক-গৃষ্টান্দের তা বৎসর পূর্কে অর্থাৎ ৫৫৮ পূর্ক-গৃষ্টান্দে বুদ্ধের জন্মকাল এবং ৪৯ বংসর পূর্বে অর্থাৎ ৫৫৮ পূর্ক-গৃষ্টান্দে বুদ্ধের জন্মকাল এবং ৪৯ বংসর পূর্বে অর্থাৎ ৫৫৮ পূর্ক-গৃষ্টান্দে বুদ্ধের জন্মকাল এবং ৪৯ বংসর পূর্বে অর্থাৎ ৪৭৮ পূর্ক-গৃষ্টান্দে তাঁহার নির্কাণ-প্রাপ্তি-কাল নির্দিষ্ট হয়।

এই প্রদক্ষে আর একটা বিচার্য্য বিষয় আছে। গয়ার সন্নিকটে প্রাপ্ত সংস্কৃত-ভাষার উৎকীর্ণ একটা লিপিতে, বৃদ্ধদেবের নির্ব্ধাণ সম্বন্ধে একটা উক্তি দৃষ্ট হয়। তাহাতে বৃদ্ধিতে পারি,— বৃদ্ধদেবের নির্দ্ধাণের ১৮১৩ বৎদরৈ, বৃধবারে কার্ত্তিক মাদের ক্ষণা প্রতিপদে, ঐ লিপি উৎকীর্ণ হইয়াছিল। লিপিতে মাদের ও দিনের উল্লেখ আছে মাত্র। স্বতরাং পৃষ্ণারুপৃষ্ণ বিচার করিতে গেলে প্রশ্ন উঠে — উত্তর-ভারতীয় বৌদ্ধগণ কোন্ গণনা-পদ্ধতি

অবশ্বনে বৃদ্ধ-নির্বাণের পূর্ব্বোক্ত কাল নির্দারণ করিয়াছিলেন? সে ক্ষেত্রে তাঁহারা সিংহল-দেশীয় কালগণনা-পদ্ধতির অনুসরণ করিয়াছিলেন ?—কি, তাঁহাদের নিজস্ব কোনও গণনা-পদ্ধতি তথন প্রচলিত ছিল? কিন্তু এ সম্বন্ধে কাহারও কোনও সিদ্ধান্তের নিদর্শন কোগাও প্রাপ্ত হই নাই।

যাহা হউক, পূর্ব্বোক্ত গণনা-পদ্ধতি অনুসারে বৃদ্ধদেবের নির্ব্বাণ ৫৪৪ পূর্ব্ব খৃষ্টান্দ স্বীকার করিলে, ১২৬৯ খৃষ্টান্দে (৫৪৪ পূর্ব্ব-খৃষ্টান্দ—১৮১৩ বংসর) লিপির কাল নির্দিষ্ট হয়। সে বংসরে প্রথম কার্ত্তিক বিদি, ২৭ অক্টোবর রবিবারে পড়িয়া যায়। তাহাতে লিপির উক্তির সহিত যথেষ্ট অসামঞ্জন্ম দাঁড়ায়। পূর্বে যে ৬৬ বংসরের ভ্রমের বিষয় উল্লেখ করা হইয়াছে, এখানে সেই ভ্রম সংশোধিত হইলে অর্থাং সেই ৬৬ বংসর যোগ দিলে, লিপির কাল ১৩৩৫ খৃষ্টান্দের ৪ঠা অক্টোবর নির্দিষ্ট হইতে পারে; ঐ খৃষ্টান্দের ৪ঠা অক্টোবর—ব্ধবার এবং তাহাতে পূর্বোক্ত সকল অসামঞ্জন্ম ও সংশ্র মিটিয়া যায়।

মৌর্যারাজগণের কাল-প্রসঙ্গে বিতর্ক

প্রতাত্তিকের মতে, চক্রপ্তপের রাজ্যপ্রাপ্তি-কালের বিচারেও ব্দের নির্বাণ-কাল প্রায় সঠিকর্মণে নিরূপিত হলতে পারে। উক্টর বুলালের মতে, ১০১ ইউতে ১১০ পূর্ব্বগৃষ্টান্দের মধ্যে চক্রপ্তপ্তের রাজ্যকাল আরম্ভ হয়। কিন্তু রক্ষদেশ ও সিংহলদেশের পালিএছে
চক্রপ্তপ্তের রাজ্য-প্রাপ্তি, বৃদ্ধের নির্বাণের ১৮২ বংসর পরে নির্দিষ্ট ইইয়া থাকে। সে
হিসাবে, বুদ্ধের পরলোকগমনের কাল ১২১ + ১৬২ = ৪৮০ পূর্ব্ব-গৃষ্টান্দ এবং ১১০ + ১৬১ =
৪৭২ পূর্ব্ব-গৃষ্টান্দের মধ্যে নির্দিষ্ট হয়। এই সময়ের মধ্যে মাত্র তিনটা বিষয়ে, গয়ার
সংস্কৃত লিপির উক্তির মিল দেখিতে পাওয়া শয়। সে বিষয়-তিনটা—১১৯, ৩১৬ এবং
৩০৯—পূর্ব্ব-গৃষ্টান্দ। এই তিন পূর্ব্ব-গৃষ্টান্দে প্রথম কার্ত্তিক বদি বৃধবার পড়ে। শেষোক্ত
অন্ধ স্থীকার করিলে, অশোকের রাজ্যাভিষেক ২৫০ পূর্ব্ব-গৃষ্টান্দে, তাঁহার রাজ্যপ্রাপ্তি
২৫০ পূর্ব্ব-গৃষ্টান্দে এবং তৎকর্ত্বক বৌদ্ধর্ম্মগ্রহণ ২৫৯ পূর্ব্ব-গৃষ্টান্দে নিম্পন্ন হয়। কিন্তু
যবনরাজ্যণের সহিত মিত্রতা-স্থাপনের ইতির্ত্ত আলোচনায় পূর্ব্বাক্ত গণনা প্রামাণ্য
বিলিয়া গ্রহণ করা যায় না।

২৫৪ পূর্ব্ধ-খৃষ্টান্দে এপিরাসের রাজা দিতীয় আলেকজাণ্ডার এবং ২৫৮ পূর্ব্ব-খৃষ্টান্দে মেগাস লোকাস্তর গমন করেন। তাঁহাদের মৃত্যুর পূর্বেই যে অশোক তাঁহাদের সহিত মিত্রতা-স্ত্রে আবদ্ধ হইয়াছিলেন, তদ্বিয়ে সন্দেহ নাই। আবার যদি ৩০৯ পূর্ব্ব-খৃষ্টান্দে চক্রপ্তপ্তের রাজ্যপ্রাপ্তির কাল মানিয়া লই, তাহা হইলে লিপি-বর্ণিত অশোকের রাজত্বের দশন ও দাদশ বর্ষ যথাক্রমে ২৪২ ও ২৪০ পূর্ব্ব-খৃষ্টান্দে আদিয়া পড়ে। কিন্তু তাহা কদাচ সম্ভবপর নহে। কারণ, অশোকেয় সমসাময়িক যবন-রাজ একিওকাস থিয়স ২৪৬ পূর্ব্ব-খৃষ্টান্দের প্রারম্ভেই পরলোকগমন করেন বলিয়া প্রকাশ। স্কতরাং অশোকের রাজত্বের দাদশ বর্ষ ২৪৬ পূর্ব্ব-খৃষ্টান্দে নির্দিষ্ট হওয়াই সঙ্গত। স্থূলতঃ, এই সিদ্ধান্তই সমীচীন মনে হয়।

সামঞ্জশু-সাধনে প্রশ্নাস।

এক্ষণে দেখা যাউক, চক্রগুপ্তের রাজ্য-প্রাপ্তি ৩১৬ বা ৩১৯ পূর্ব-খৃষ্টাব্দে নির্দিষ্ট হইবে, সর্ববামঞ্জন্ম রক্ষিত হইতে পারে কিনা। ঐ ছই অব্দের মধ্যে ছই বৎসরের ব্যবধান দাঁড়ায়। উহাদের যে কোনও একটা চক্র ২প্তের রাজ্য-প্রাপ্তি-কাল ধরিয়া লইলে, অশোকের রাজ্যকালের পরিমাণ নিয়র্ক নির্দিষ্ট হইতে পারে; যথা,—

অশোকের সিংহাসনাধিরোহণ · · ২৬৭ অথবা ২৬৪ পূর্ব্ধ-খৃষ্টাব্দ।

- ু, রাজ্যাভিষেক · ২৬০ " , (প্রথম বৎসর)।
- " त्रीक्रधर्म्म मीक्का · २७० " २८१ " "
- , রাজত্বের দশম বর্ষ ২৫৪ , ২৫১ , ,
- .. রাজত্বের দানশ বর্ষ 🕟 ২৫২ " ২৪৯ "

রাজচক্রবর্ত্তী অশোকের ইতিবৃত্ত সংক্রান্ত এইরূপ কাল-নির্দেশ অসমীচীন বলিয়া মনে হয় না। কিন্তু তাহা হইলেও পাশ্চাত্য প্রত্নতন্ত্রবিদ্যাণের অনেকেই ৩১৬ পূর্ব্ব-খৃষ্টান্দকেই প্রামাণিক বলিয়া গ্রহণ করেন। তাঁহাদের এইরূপ সিদ্ধান্তের কয়েকটা কারণ আছে; তন্মধ্যে প্রধান একটার উল্লেখ করিতেছি; যথা,—

তাঁহাদের মতে,—পুরাণোক্ত 'কান্সায়ন' বা 'কাগ্বংশ' উত্তর-ভারতের 'ইঙ্খো-সিদীয়' বা 'তুরক্ষ' জাতি। তাঁহারা এই কাগ্ধ-বংশের রাজ্যকাল ৩৪৫ বংসরের পরিবর্ত্তে ১৪৫ বংসর স্থির করেন। কাহারও কাহারও মতে আবার কগ্ধ-বংশের রাজ্যকাল মাত্র ৪৫ বংসর নির্দিষ্ট হট্যা থাকে। *

পাশ্চাত্য পণ্ডিতগণের এ সিদ্ধাস্ত মানিয়া লইলে, কার্থনিগের রাজ্যকাল ৭৯ খৃষ্টাব্দেরও পরে পিছাইয়া পড়ে। সে হিসাবে, বলিতে হয়,—কারগণ ৬৭ পূর্ব্ব-খৃষ্টাব্দে রাজ্যলাভ করিয়াছিলেন। শুস্ত-বংশের বাজ্যকাল ১১২ বৎসর এবং মৌর্যবংশের রাজ্য-কাল ১৩৭ বৎসর পূর্ব্বেই নির্দেশ করা হইয়াছে। স্কৃতরাং উক্ত ৬৭ + ১১২ = ১৭৯ পূর্ব্ব-খৃষ্টাব্দে শুক্ত-বংশের এবং ১৭৯ + ১৩৭ = ৬১৬ পূর্ব্ব-খৃষ্টাব্দে চদ্রগুপ্তের রাজ্য প্রাপ্তির বিষয় সহজেই প্রতিপন্ন হইতে পারে। বলা বাহুল্য, মৌর্য্য-বংশের অবসানে, ভারতে শুস্ত-বংশের এবং তাহার পর কার্য-বংশের অভ্যুদর ঘটিয়াছিল। শুপ্ত-বংশের অভ্যুদর কালেও তাহাদের বিভ্যানতা সপ্রমাণ হয়।

মহাবংশের মত।

গাহা হউক, রাজচক্রবত্তী অশোক যে ৪১ বংসর রাজত্ব করিয়াছিলেন, তৎসম্বন্ধে কোনও মতান্তর নাই। 'মহাবংশে' তাঁহার রাজত্ব-কাল ৩৭ বংসর উক্ত হইয়াছে। সে উক্তিতে একটু অসামঞ্জন্ম আসিয়া পড়ে। কিন্তু একটু অভিনিবেশ সহকারে বিচার করিলে বুঝিতে পারি,—'মহাবংশে' অশোকের রাজ্যাভিষেক-কাল হইতেই তাঁহার রাজ্যকাল গণনা করা হইয়াছে। এ সিদ্ধান্তে সকল সমস্থার সমাধান হইয়া যায়।

কাহারও মতে শুল্লিগের রাজ্যকাল ৩৪৫ বংশর হওলা আশস্তব। তাহারা বলেন, একই বংশের
এডাধিক কাল সিংহাসনে অবস্থিতির প্রমাণ ইতিহাসে পাওরা বাছ না।

'মহাবংশে' দেখিতে পাই,—মহিন্দ বিংশ বর্ষ বয়ঃক্রমকালে ধর্মাধক্ষের পদ প্রাপ্ত হইয়াছিলেন। বৃদ্ধদেবের জীবনী-সংক্রান্ত ব্রহ্মদেশীয় গ্রন্থ-পত্রে আবার ভিন্ন ভাব পরিলক্ষিত হয়। সেথানে অষ্টাদশ বর্ষ বয়ঃক্রমকালে মহিন্দের ধর্মাধ্যক্ষ-পদ-প্রাপ্তির উল্লেখ রহিয়াছে। আর তাহাতে প্রতিপন্ন হয়,—আশোক নয় বৎসর কাল উজ্জয়িনী শাসন করিয়াছিলেন। তাহাতে পূর্ব্ব-প্রদান্ত কালপরিমাণের ছই বৎসর পরে অর্থাৎ ২৭৪ পূর্ব-পৃষ্ঠান্দে মহেক্রের জন্মকাল নির্দ্দিষ্ট হয়। তাহাতে আরও বৃঝিতে পারি,—আশোকের রাজত্বের ষষ্ঠ বৎসরে মহিন্দ, প্রোহিত পদে প্রতিষ্ঠিত হইয়াছিলেন; আর বার বৎসর পৌরোহিত্যের পর মহিন্দ সিংহলে গমন করেন। সে ঘটনা—আশোকের রাজত্বের অষ্টাদশ বৎসরের, এবং বৃদ্ধদেবের নির্ব্বাণের ২৩৬ বৎসর পরের ঘটনা। বৃদ্ধের নির্ব্বাণের ২১৮ বৎসর পরে আশোকের রাজাজিষেক, এবং নির্ব্বাণের ২৩৬ বৎসরে ঠাহার রাজত্বের অষ্টাদশ বৎসর অতিবাহিত হয়।

এরপ গণনায়ও প্রতিপন্ন হয়,—মহাবংশের কাল-গণনা অশোকের রাজ্যাভিষেক হইতেই আরম্ভ হইয়াছিল। এন্থপত্রে প্রকাশ,—রাজ্য-প্রাপ্তির চারি বংসর পরে মৌর্য্যসমাট অশোকের অভিষেক-ক্রিয়া সম্পন্ন হয়। এইরপে অশোকের রাজ্যন্তের প্রধান প্রধান ঘটনার যেরূপ কাল-নির্দ্দেশ হইয়া থাকে, নিম্নে ভাহা প্রদর্শিত হইল; যথা,—

পূर्क- यृ ष्ठीक ¶	প্ৰধান ঘটনা।		বৌদ্ধাব্দ।	ব্ধ।
8 9 b *	বুদ্দেৰ বা শাকামূনির নিকাণ	• •	5	•••
७३५	চন্দ্রগুপ্ত মোর্য্য, ২৪ বৎসর	. •	`.\s	• • •
ર ৯૨	বিন্দুসার, ২৮ বৎসর		369	• • •
२११	,, অশোক—উজ্জ্যিনীর শাসন-ক	ৰ্ভা	२०७	
२ १७	,, মহিন্দের জন্ম		₹ • 8	• • •
રહ 8	অশোক—ল্লাভূগণের সহিত বিরোধ—চারি ব	বংসর	२५€	•••
२७०	—রাজ্যাভিষেক · · ·		₹ >5	>
209	—বৌদ্ধ-ধম্মে দীক্ষা		२२२	8
૨ ৫৬	—এ ন্টিওকানের সহিত স ন্ধি	•	२२७	œ
200	—মহিন্দের পৌরোহিত্যে বরণ	•	२२ 8	৬
200	—পর্বত-গাত্রে অঙ্কিত লিপির প্রথম কাল…	•	२२४	> 0
২ ৪৯	— ,, ,, ,, দ্বিতীয় কাল …	•	२७०	> ?
₹8₩	—পার্থিয়ায় আর্দাকিদিগের বিদ্রোহ · · ·		20>	2.0
₹8%	—বাক্তিয়ায় ডিওডোটাসের বিদ্রোহ …		২ ೨೨	3 C
₹88	—মোগালিপুত্রের অধিনায়কত্বে তৃতীয় বৌদ্ধ-	সূত্য	२ ७৫	>9
₹8•	—মহিলের সিংহল-যাত্রা		২৩৬	22
*83	—বরাবর গুহায় উৎকীর্ণ লিপি	•	২ ৩৭	> か
₹.08	—ক্তম্ভ-লিপি	•	₹8¢	₹ 9
- S				

পূर्क-शृष्टीक।	श्रधान घटेना।		বৌদ্ধাব্দ।	বৰ্ষ।
२७५	—রাজ্ঞী অসন্ধিমিতার পরলোকগমন	• • •	₹8৮	೨۰
२२४	—দিতীয় রাজ্জী গ্রহণ	•••	₹ @ >	৩৩
2	—তংকর্তৃক বেধি-রুক্ষ-ধ্বংসের চেষ্টা	•••	२৫৩	೨ @
2 2 @	—অশোকের সন্ত্যাস-গ্রহণ		२ ৫ 8	৩৬
२ २8	—ক্রপনাথ ও সাসারামের লিপি		२ ৫ ৫	۹د
२२७	—অশেকের লোকান্তর	,	२७७	৩৮
२५७	—দশরথের গুহালিপি, নাগার্জ্নী		૨ ৬8	
	* .			

বিক্রদ্ধ-মতের সামঞ্জস্ত-সাধন।

পূর্ব্বরতী কাল-গণনায় আমরা সিংহল-দেশীয় বৌদ্ধদিগের গণনা-পদ্ধতির অনুসরণ করিয়াছি মাত্র। একণে দেখা যাউক, বুদ্ধের নির্বাণ-প্রাপ্তির কাল-নির্বাণ উত্তর-দেশীয় ও দক্ষিণ-দেশীয় বৌদ্ধদিগের গণনা-পদ্ধতিতে যে অনৈক্য রহিয়া গিয়াছে, তাহার কোনও সামঞ্জন্ত সাধিত হইতে পারে কি না।

সিংহলদেশীয় কালনির্দেশে কানিংহাম ৬৬ বৎসরের জমপ্রমাদ প্রদর্শন কুরিয়াছেন। তিনি বলেন,—তাহার সংশোধনেই সকল সমস্থার নিরসন হইতে পারে। যে ভাবে তিনি আপনার মত সমর্থনের প্রয়াস পাইয়াছেন, তাহার একটু পরিচয় এস্থলে প্রদান করিতেছি।

কানিংহাম বলেন,—উত্তর-ভারতীয় বৌদ্ধগণের 'অশোক অবদান' গ্রন্থে বুদ্ধদেবের একটা ভবিষ্ণদ্বাণীর বিষয় উল্লিখিত আছে। সে ভবিষ্ণদ্বাণী—তাঁহার নির্বাণের এক শত বৎসর পরে, পাটলিপুত্র-নগরে 'অশোক' নামে এক রাজা হইবেন। তিনি সর্বত্র তাঁহার স্মৃতি-চিহ্ন-সমূহ রাখিয়া যাইবেন। চীনদেশায় পরিব্রাজক হয়েন-সাংও এই ১০০ বৎসরের বিষয়ই উল্লেখ করিয়া গিয়াছেন। *

এদিকে আবার 'অবদানশতক' নামক আর একখানি বৌদ্ধ-গ্রন্থে অশোকের সিংহা-সনাধিরোহণের কাল—বুদ্ধের নির্ম্বাণের ২০০ বৎসর পরে নির্দ্দিষ্ট আছে। অনেকের মতে, এ গণনাও অভ্রাস্ত নহে।

বাহা হউক, তিব্বতীয় ও মঙ্গোলীয় গণনা-পদ্ধতির অনুসরণে ঐ ১০০ বৎসরের সহিত আর ১০ বৎসর ধরিয়া লইলে অনেকটা মিল হইতে পারে। তাহাতে অশোকের রাজ্যপ্রাপ্তিকাল বুদ্ধদেবের নির্ব্বাণের ১১০ বৎসর পরে গিয়া দাঁড়ায়। এ হিসাবে, অবদানশতকের মতে, অশোকের কাল ২১০ বৌদ্ধাদে স্থিরীকৃত হয়। দক্ষিণদেশীয় বৌদ্ধদিগের কাল-গণনায় নির্দিষ্ট অশোকের রাজ্যকাল ২১৪ বৌদ্ধাদের প্রায় কাছাকাছি আসিয়া পড়ে।

'অবদানশতকে' ২০০ বৌদ্ধান্দে অশোকের সময়-নিরূপণ যে একেবারে ভ্রমপূর্ণ নহে, উত্তর-দেশীর গণনা-পদ্ধতির আলোচনাও তাহা স্প্রমাণ হয়।

^{*} Vide, Burnouf, Introduction a'l' Historic da Budhism Indien' and Julien's Hwen Thsang, II, 170.

পরিবাব্দক হয়েন-সাং কনিক্ষের রাজ্যপ্রাপ্তিকাল প্রসঙ্গে, বৃদ্ধদেবের নির্বাণের ৪০০ বংসর পরে কনিক্ষের রাজ্যপ্রাপ্তির বিষয় পুনঃপুনঃ উল্লেখ করিয়া গিয়াছেন।

তিব্বতদেশীয় গ্রন্থপত্রে বৃদ্ধদেবের নির্ব্বাণ-প্রাপ্তির ও কনিক্ষের রাজ্য-প্রাপ্তির মধ্যে ৪০০ বৎসরের অধিক কাল-ব্যবধান স্বীকৃত হইয়াছে। স্থতরাং বৃঝা ঘাইতেছে,—উত্তর ভারতীয় বৌদ্ধগণ সকলেই নির্ব্বাণের ও কনিক্ষের রাজ্যপ্রাপ্তির মধ্যে প্রায় ৪০০ বৎসরের ব্যবধানের বিষয় স্বীকার করিয়া গিয়াছেন।

কনিক্ষের রাজস্বকালে ম্যাণিক্যলায় যে স্থৃপ নির্মিত হইয়াছিল, তাহা হইতে মিষ্টার কোট বে সকল রোপ্যমূদা বাহির করিয়াছিলেন, সেই মূদ্রার তারিথ হইতে কনিক্ষের বিজ্ঞমান-কাল অনেকটা সঠিকরূপে নির্ণীত হইতে পারে। মার্কাস এন্টনিয়াসের মূদ্রাও তন্মধ্যে তিনি প্রাপ্ত ইইরে পারে। মার্কাস এন্টনিয়াসের মূদ্রাও তন্মধ্যে তিনি প্রাপ্ত ইইয়াছিলেন। ঐ মূদ্রার তারিথ ৪৩ পূর্ব্ব-খৃষ্টান্দের পূর্ব্ববর্তী বলিয়া বৃঝা যায় না। তবে তাহাতে বৈদেশিক-দিগের সহিত ভারতের সংশ্রব-স্বন্ধ উপলব্ধ হয়।

স্কৃতরাং এ হিদাবে এই সময় হইতে পূর্ববিত্তী ৪০০ বংসরের কিছু বেশা সময় ধরিয়া লইলে, বৃদ্ধবের নির্বাণপ্রাপ্তি ৪৭৮ পূর্ব-পৃষ্ঠান্দে গিয়া দড়োয়।

অধ্যাপুক কার্ণের অভিমত।

যদি পূর্ব্বোক্ত সিদ্ধান্ত স্থাকার করিয়া লই, তাহা হইলে, পরস্পর-বিরোধী বিপরীত মতন্বরের সমাধান আবশুক হয়। তাহাতে বলিতে পারি,—পৃষ্টশতান্দীর বহু পূর্ব্বে অশোকের সময়-নির্দেশে ১০০ এক শত বংসর ব্যবধান স্থিনীকৃত হওয়ায় সে সমস্থার সমাধান একরূপ অসম্ভব হইয়া পড়িয়াছিল।

তার পর বুদ্ধগোষ অথবা তাঁহার পূর্ব্ববর্ত্তিগণ যথন দক্ষিণদেশীয় বৌদ্ধদিগের গণনা-প্রণালী শৃঙ্খলাবদ্ধ করিলেন, সেই সময় পূর্ব্বোক্ত সমস্তা নিরসন জন্ত, তাঁহারা তুই জন অশোকের অন্তিত্বের করনা করিয়া লইলেন। তাঁহাদের মধ্যে প্রথম অশোক, নির্বাণের ঠিক ১০০ বৎসর পরে এবং আর একজন অশোক নির্বাণের প্রায় ২০০ বৎসর পরে পরিক্রিত হইয়াছিলেন।

অধ্যাপক কার্ণের মত আলোচনায় আর এক সমস্তায় উপনীত হইতে হয়। তাঁহার মতে, বুদ্ধের নির্ম্বাণ কাল—১৮৮ পূর্ব্ব-থৃষ্টান্দ প্রতিপন্ন হয়। * কোনও কোনও পাশ্চাত্য পণ্ডিত বলেন,—অশোকের রাজ্য-প্রাপ্তিকাল ২৬০ (চুই শত তেষ্টি) পূর্ব্ব-খৃষ্টান্দ না ধরিয়া ২৭০ (চুই শত সন্তর) পূর্ব্ব-খৃষ্টান্দ ধরিয়া লইয়া এবং বুদ্ধের লোকাস্তরের ও আশোকের রাজপ্রাপ্তির ব্যবধান-কাল এক শত ১০০ বংসর নির্দ্দেশ করিয়া, অধ্যাপক কার্ণ পূর্ব্বোক্ত সিদ্ধান্তে উপনীত হইয়াছেন।

এইরপে অধ্যাপক কার্ণ, বুদ্ধের লোকাস্তর ৩৮০ পূর্ব্ব-খৃষ্টান্দ ধরিয়া লইয়া, বলিয়াছেন যে,—'তাঁহার এই নির্দ্ধেশ মহাবীরের লোকাস্তরের অর্থাৎ ৩৮৮ পূর্ব্ব-খৃষ্টান্দের এত নিকটবর্ত্তী যে, এইরূপ সামঞ্জু আক্মিক বলিয়া স্বীকার করা যায় না।' তিনি ঐ অন্দের সহিত

^{*} See Dr. Muit's summary of Dr. Kern's dissertations "on the era of Budha and the Asoka Inscriptions" in the Indian Antiquary, 1874.

আর ৮ বৎসর যোগ দিয়া বুদ্ধদেবের নির্ব্ধাণ এবং অশোকের রাজ্যপ্রাপ্তির মধ্যে ১১৮ বৎসরের ব্যবধান স্থির করিয়াছেন। এইরূপে, তাঁহার মতে, সিংহলদেশীয় গ্রন্থ-পত্রের সিদ্ধান্ত (১১৮ বৎসর) অপ্রামাণ্য প্রতিপন্ন হট্যাছে।

যাহা হউক, কার্ণের এই অভিমত সর্ব্ববাদিসম্মত নহে। কারণ, এ মত **মাম্ম করিতে** হুইলে গয়ার লিপির প্রামাণ্য অস্বীকার করিতে হয়। কেবল তাহাই নহে; 'অবদানশতকের' উল্লিখিত বৃদ্ধের ও অশোকের মধ্যবত্তী ২০০ বৎসরের ব্যবধানের প্রমাণ্ড তিষ্ঠিতে পারে না।

স্থতরাং বিবিধ আলোচনায় বৃদ্ধের নির্দাণ-প্রাপ্তি-কাল ৪৭৮ পূর্ব্ব-গৃষ্টান্দেই দ্বিরীক্ত হয়। এইরূপ কাল-গণনায় উত্তর ভারতীয় বৌদ্ধগণের এবং দক্ষিণ-ভারতীয় বৌদ্ধগণের গণনার সহিত্ত সম্পূর্ণ সামঞ্জন্ম সংরক্ষিত হয় এবং কালগণনার পূর্ব্বোক্ত ত্রিবিধ পদ্ধতি পরম্পার অভিন্ন প্রতিপন্ন হইয়া যায়। স্থির হয়,—ভগবান গৌতন বৃদ্ধ ৪৭৮ পূর্ব্ব-গৃষ্টান্দে অর্থাৎ 'মহাবংশে' প্রদত্ত সময়ের ৬৬ বংসর পরে নির্ব্বাণ লাভ করেন; এবং তাঁহার নির্ব্বাণের এবং আশোকের রাজ্যপ্রাপ্তির ব্যবধান-কাল—২১৪ বংসর মাত্র। সাসারামের ও রূপনাথের লিপিতে রাজ্বনার্ত্তী অশোকের উত্তি হইতে প্রপৃত্তিই প্রতীয়মান হয়, তিনি ৪১ বংসর মাত্র মগধের শিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। স্থতরাং পূর্ব্বোক্ত দিদ্ধান্তই সমীচীন সপ্রমাণ হয়।

উপদংহার ।

বুদ্ধদেবের নির্বাণাদির কাল সম্বন্ধে অন্তান্ত গবেষণা এই গ্রন্থেরই পূর্ব পূর্বে খণ্ডে পরিদৃষ্ট হইবে। স্থতরাং এন্থলে তাহার পূনকল্লেণ নিপ্রান্তন। তৎসম্বন্ধে যে নৃতন তথ্য পাওয়া গিয়াছে, এবং গুপ্ত-কালের সহিত নির্বাণ-কালের যে সম্বন্ধ রহিয়াছে, এন্থলে তাহার আভাষ মাত্র প্রদান করা হইল। তবে, যেথানে যে গবেষণাই পরিদৃষ্ট হউক না কেন, কালাদি সম্বন্ধে যতই বিভগুার প্রসন্ধ উত্থাপিত হউক না কেন, সিদ্ধান্ত যে একই প্রকার রহিয়া গিয়াছে, তদ্বিয়ে সন্দেহ নাই।

বুদ্ধের নির্বাণ-কাল গণনায় প্রধানতঃ জেনারেল কানিংহামের সিদ্ধান্তের উপরই নির্ভর করিতে হয়। প্রত্নতাদ্বিকগণের গবেষণা এত্রিষয়ে পর্যুদন্ত হইয়াছে। এখনও তাঁহারা কোনও স্থির সিদ্ধান্তে উপনীত হইতে পারেন নাই,—এখনও তাঁহাদের বিতপ্তার অবধি নাই। তাঁহাদের আলোচনা-পদ্ধতির প্রতি লক্ষ্য করিলেই সে মতান্তরের এবং বিরোধ-বিতপ্তার বিষয় উপলব্ধ হয়।

বৃদ্দদেবের নির্বাণ-সম্বন্ধে পাশ্চাত্য প্রত্নতন্ত্ব-বিদ্যাণের গবেষণা যাহাই হউক, পূর্ব্ববর্ত্তী আলোচনায় আমরা সে বিষয়ে যে সিদ্ধান্তে উপনীত হইয়াছি, তাহাই সমীচীন বিদয়া মনে করি। আমাদের মতে বৃদ্ধদেবের নির্বাণ-কাল ৪৭৮ পূর্ব্ব-খৃষ্টাব্দে স্থিরীকৃত হইয়াছে। সে হিসাবে, উত্তর ও দক্ষিণ ভারতীয় গণনা-পদ্ধতির সহিত এবং সিংহল ও ব্রহ্মদেশীয় কাল-নির্ণয়-পদ্ধতির সহিত বিশেষ সামঞ্জন্ত পরিলক্ষিত হয়। আর তাহাতে গুপ্ত-কাল-গণনার পথও স্থগম হইয়া আসে। পরবর্ত্তী পরিছেদান্তরে আমরা তদ্বিষয় প্রদর্শনের প্রয়াস পাইতেছি।

সপ্তম পরিচ্ছে।

গুপ্ত-প্রদঙ্গে অন্ত্রগণ।

[পূর্ব্বাভাদ ;—প্রাচীনত্ব-বিষয় অথর্ব্বণাচার্য্যের অভিমত ;—অথর্ব্বণাচার্য্যের মতের যৌক্তিকতা বিচার ;—শাস্ত্র-প্রমাণ ;—অন্ধু গণের পরিচয় ;—লিপির প্রমাণ ;—অন্ধু ও দক্ষিণাপথ ;—
অন্ধু-প্রসঙ্গে পৈথান ও কলিয়েনা ;—অন্ধু ও শক ;—টলেমির মতে বাদবিতগু ;—মূদাদির
প্রমাণ ;—সাহিত্যে নিদর্শন ;—মন্তব্য ;—সমসামগ্রিক নুপতিগণের পরিচয়।]

পূৰ্বাভাগ।

মগধে গুপ্ত-বংশের অভ্যাদয়ের পূর্বে, যাঁহারা ইতিহাসে প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন, ওঁ।হাদিগের নধ্যে অন্ধু-বংশীয় রাজগণ অল্প-প্রসিদ্ধি-সম্পন্ন নহেন। চক্রগুপ্ত যথন সিংহাসনে অধিষ্ঠিত, তথ্যও অনুগণ আপনাদের স্বাধীনতা অক্ষন্ন রাখিতে সমর্থ হইয়াছিলেন। তথ্নও ওাঁহারা ভসাচ্ছাদিত ক্ষুদ্র অগ্নিক্ষ লিক্ষের ন্তায় দাক্ষিণাতো বিরাজ করিতেছিলেন।

ভারতে, মগধের সিংহাদনে, অনুগণের বৈচিত্র্য-পূর্ণ দে ইতিবৃত্ত যথাস্থানে সরিবিষ্ট করিয়াছি। এন্থলে তাহার পুনরালোচনা নিপ্প্রোজন। তবে যে এতংপ্রদঙ্গে অনুগণের বিষয় পুনকলিথিত হইতেছে, তাহার একটা বিশেষ কারণ আছে। পাশ্চাত্য-পণ্ডিতগণের অনেকেই অনুগণকে 'দ্রাবিড়' বলিয়া দিদ্ধান্ত করেন। তাঁহারা আরও বলেন,—গোলাবরী ও ক্রফা-নদীর ব-বীপে অধুনা যে তেলেগু-ভাষাভাষী জাতি পরিদৃষ্ট হয়, তাহারাই অনুগণের শেষ পরিচয়-চিহ্ন।'

ঐতিহাসিক ভিন্সণ্ট শ্মিথ এই মতের প্রধান পরিপোষক। আমরাও অনেক স্থলে এই মতেরই অনুসরণ করিয়াছি বটে; * কিন্তু পরবর্ত্তী অনুসন্ধানে অনুদিগের উৎপত্তি ও বিস্তৃত সম্বন্ধে যে পরিচয় প্রাপ্ত হইয়াছি, এবং গুপ্ত-বংশের অভ্যুদয়ে তাহা যে ভাবে সম্বন্ধযুক্ত, তাহারই কিঞ্চিৎ আভাস প্রদানের উদ্দেশ্যে এতৎ-প্রসন্ধের অবতারণা করিতেছি।

প্রাচীনত্ব বিষয়ে অথর্ব্বণাচার্য্যের অভিমত।

প্রত্বত্ববিদ্যাণের কাহারও কাহারও মতে,—অথর্বনাচার্য্যের 'ত্রিলিঙ্গান্তশাসন' গ্রন্থের উতিক হইতে ভিন্দেত শ্বিথ পূর্ব্বোক্ত দিদ্ধান্তে উপনীত হইয়াছেন। † বোধসৌকার্য্যার্থ

^{*} মংশ্ৰীত "পৃথিবীয় ইতিহাসের" সপ্তম খণ্ড, ৩৯০ প্ৰভৃতি পৃষ্ঠা এবং Indian Antiquary, Vol. XLII., প্ৰভৃতি জইবা।

[†] মিষ্টার ক্যাবেল-এণীত 'তেলেগুও ব্যাকরণে' অধ্বর্ণাচার্ধ্যের তিনিকানুশাসনের উলেপ আছে। সেপানে ঐ গ্রেছের নাম—'অধ্বনিবাকরণমূ।'

ক্যাম্বেল প্রণীত 'তেলেগু ব্যাকরণে' উদ্ধৃত, 'অন্ধু' জাতি বিষয়ক অথর্ব্বণাচার্য্যের 'ত্রিলিঙ্গামু-শাসনের' উক্তির সার মর্ম্ম নিয়ে উদ্ধৃত করিতেছি; যথা,—

'কলিয়গে স্বায়ন্ত্র ন্যন্তরে অন্ধুদিগের দেবতা হরি—নিশুক্ত-বিঘাতক বিষ্ণু—সমাটি স্চলের প্রক্রপে 'কাকুলামে' জন্মগ্রহণ করেন। যাবতীয় দেবতা ও মন্ত্র্যা তাঁহার পূজা করিতে থাকে। তিনি একটা বিশাল প্রাচীর নির্মাণ করিয়া তদ্বারা শ্রীশৈল, ভীমেশ্বরম্ এবং কালেশ্বরম্ প্রন্থতি এক স্ত্রে গ্রথিত করিয়াছিলেন। ঐ প্রাচীরে স্বর্হৎ তিনটী সিংহ্বার ছিল। প্রতি সিংহ্বারে ত্রিশূল্ডমক্থারী অসংখ্য-দেবগণপরিকৃত তিনটা ত্রিলোচন শিব-মূর্ত্তি প্রতিষ্ঠিত ইইয়াছিল। বিষ্ণুর উক্ত মূর্ত্তিক্র সেখানে লিঙ্করূপে বিরাজিত। দেবতাগণের সাহান্য লাভ করিয়া অন্ধু-বিষ্ণু নিশুন্ত দৈত্যের সহিত যুদ্ধে প্রবৃত্ত হন। তিন মূর্ণ বৃদ্ধ চলে। পরিশেষে, নিশুন্ত নিহত হুইলে গোদাবরী-তীরে বিষ্ণুর বাসন্থান নির্দিষ্ট হয়। সেই হুইতে বিষ্ণুর অধিষ্ঠিত রাজা 'ত্রিলিঙ্কম্' আখ্যা প্রাপ্ত হুইয়াছে।

'গোদাবরী তাঁরে সে সময়ে অব্ধু-বিষ্ণুর যে সকল অন্তর বাস করিতেন, তাঁছারা 'তৎসম' ভাষার কথাবাও কহিতেন। কালের আবর্তনে, অশিক্ষতিদিগের পক্ষে 'তৎসম' ভাষার বাক্যলোপ একরপ অসম্ব হইয়া উঠে। তথন পরিবর্জন, পরিবদ্ধন ও পরিবর্জনে এবং হুলবিশেষে অদ্ধেক বা চতুর্থাংশের বিলোপ-সাধনে আদি-ভাষা রূপান্তরিত হুইয়া এক নূতন ভাষার উত্তর হয়। সে ভাষার নাম হয়—'তদ্বাহম'। বিশেষ্য, বিশেষণ, ক্রিয়া প্রভৃতি যে সকল পদ, অব্ধু-বিষ্ণুর বহু পূর্কো স্বয়ং এঞা কর্তৃক স্বষ্ট হুইয়াছিল, সে ভাষা তখন 'অৎস' নামে অভিনিত হুইতে থাকে। * অধ্যাপক ক্যান্থেলের মতে, অব্ধু-বিষ্ণু এখনও পর্যান্ত শ্রীকার্কলানে 'ঈধর' বলিয়া সম্পুলিত হুইতেছেন।

অথৰ্বণাচাৰ্য্যের উক্তির যৌক্তিকতা বিচার।

এফনে, অথব্রণাচার্ন্যের উক্তির যৌক্তিকতা সম্বন্ধে যে সিদ্ধান্তে উপনীত হই, তাহা প্রদর্শন করিতেছি। অনু-বংশের ইতিহাসে 'স্কেল্র' নামা কোনও নূপতির উল্লেখ দেখি না। স্ক্তরাং ঐতিহাসিক উপাদান হিসাবে অথব্রণাচার্য্যের উক্তি কতদূর গ্রহণীয়, তাহা সহজেই উপলব্ধ হয়। পুরাণ-মতে অনুগণের প্রথম নূপতি—শিমুক। বিভিন্ন পুরাণে তাঁহার সিন্ধুক, শিশুক, শিশুক প্রভৃতি নামান্তর পরিদৃষ্ট হয়। কিন্তু স্কচল্র নাম কোথাও দেখিতে পাই না।

অথর্কনিচায্যের গ্রন্থে, 'স্কৃচন্দ্র' নামের পরিপোষক, বিষ্ণু, ইন্দ্র, বৃহস্পতি, নোমচন্দ্র বা হেমচন্দ্র, কথ, পূপদন্ত, ধর্মারাজ প্রভৃতি বহু নাম দৃষ্ট হয়। কিন্তু তাঁহাদেরও কোনও পরিচয়-চিহ্নু
গ্রন্থাত দেখিতে পাই না। উক্ত গ্রন্থে 'অথর্কানোন্চিকোপনিষং' হইতে যে সকল অংশ পরিগৃহীত হইরাছে বলিয়া উল্লিখিত হয়, উপনিষদে তাহা দৃষ্ট হয় না। তাই সিদ্ধান্ত হয়,—
উপনিষং হইতে অথর্কনিচার্য্য যে সকল অংশ উদ্ধৃত করিয়াছেন বলিয়া প্রকাশ, তৎসমুদায় তিনি
স্বায়ং রচনা করিয়াছিলেন। উপনিষদে তেলেগু-ভাষার প্রাধান্ত প্রদর্শনে তিনি উৎস্কে হন।

অলুকৌমুদী এছেও এওছলেথ দৃষ্ট হয়। অথকাণাচাধ্যের 'অলিকাপুশাসনম্' গ্রন্থ মাজাজের ওরিয়েণ্টাল
লাইরেরীতে সংগ্রন্থিত আছে।

ভাহারই ফলে, অথর্কণাচার্য্যের উপনিষৎ রচিত হয়। গ্রন্থ এখনও মুদ্রিত হয় নাই। গ্রন্থের কারিকা মাত্র একণে প্রচলিত। ঐ কারিকায় মহাকবি দণ্ডী প্রণীত 'কাব্যাদর্শের' বহু শ্লোক সন্নিবিষ্ট আছে। অথর্কণাচার্য্য কিন্তু তাহা গ্রন্থের কোথাও স্বীকার করেন নাই।

অথর্বণাচার্য্য প্রাক্কত ভাষায় লিখিত 'বাল্মীকি-স্ত্রের' কিয়দংশ উদ্ধৃত করিয়াছেন। কিন্তু ঐ সকল স্থ্য চতুর্দশ শতালীতে যে ত্রিবিক্রম কর্তৃক রচিত হইয়াছিল, তদ্বিষয়ে নানা প্রমাণ পাওয়া যায়। এই সকল প্রমাণে অথর্বণাচার্য্যের প্রাচীনত্ব কোনক্রমেই সপ্রমাণ হয় না। অথর্বণাচার্য্য বলেন,—'অন্ধু-বিষ্ণু গোদাবরী নদীর তীরে বাস করিতেন।' অথর্বণাচার্য্যের এতছক্তি হইতে প্রতীত হয়,—রাজ্মহেন্দ্রী তেলেগুদিগের রাজ্ধানী মধ্যে গণ্য হইবার বহু পরে তিনি বিশ্বমান ছিলেন। আর, সেই সময় তাহার গ্রন্থ রচিত হইয়াছিল।

শাস্ত-প্রমাণ

'ঐতরেয় ব্রাহ্মণে' অনুগণের উল্লেখ আছে। সেথানে দেখিতে পাই,—'অনুগণের সঙ্গে সঙ্গে, শবর, পুলিন্দ ও অস্তান্ত দহ্যজাতি আর্য্যভূমির সন্নিকটে বাস করিতেন। তথন সেথানে তাঁহারা বিশ্বামিত্রের পুত্র বলিয়া পরিচিত। পিতা কতৃক তাঁহারা নির্দাসিত হইয়াছিলেন। প্রাক্তান্তিকের অভিমত—তথন আ্যাগণ বিশ্ব-পর্কতের দক্ষিণে আবিপত্য বিস্তার করিতে সমর্থ হন নাই। তাই পূর্বোক্ত জাতি-সমূহ বিদ্যা-প্রতের দক্ষিণ দিকে বসতি স্থাপনে সমর্থ হইয়াছিল।

বিদ্যা-প্রান্তবর্তী পার্বাত্য-প্রদেশের শবর জাতির উল্লেখ খৃষ্টায় সপ্তম শতান্দীর কবি বাণের 'কাদম্বরী' গ্রন্থে পরিদৃষ্ট হয়। অশোকের ত্রেরাদশ শিলালিপিতে অনু প্র্লিন্দ প্রভৃতি অধীনহ রাজ্য বলিয়া উল্লিখিত আছে; যথা,—"বিশবজি যোন কংবোযের নহকে ন (ভি) তিন ভাজে পিতিনকের আংএ প্লি (দে) স্থ সবত্র দেবানং পিঅস এমন্থুণন্তি অনুবটংতি।" অনু প্রভৃতি জাতি-সমূহ যে বৌদ্ধান্মাবলম্বী ছিলেন, উদ্ধৃত লিপি হইতে তাহা বেশ উপলব্ধ হয়। অধিকন্ত লিপিতে যে সকল জাতির সাহচ্য্য পরিদৃষ্ট হয়, তাহাতে অন্ধুগণ তথনও মধ্যভারত পরিত্যাগ করে নাই, অপিচ বিদ্ধাপর্বতের সন্নিকটে তাহারা উপনিবিষ্ট ছিলেন, উদ্ধৃত লিপি হইতে তাহা বেশ বুঝা যায়।

মহাভারতের সভাপর্বে (এক ত্রিংশং অধ্যায়ে) পাণ্ডা, দ্রানিড়, ওড়ু, কেরল এবং অধ্ব প্রভৃতি রাজ্যের এবং রামায়ণের চতুর্থ কাণ্ডে, অন্ধু, পাণ্ডা, চোল ও কেরলগণের নাম পরিদৃষ্ট হয় । পণ্ডিতগণ তাহার ঐতিহাসিক প্রামাণ্য স্বীকার করেন না । তাহাদের মতে —বহু-শতালী-প্রচলিত পরম্পরাগত গাথা ও উপাথ্যান—রামায়ণ ও মহাভারতাদির পূর্ব্বোক্ত উক্তির ভিত্তিস্থানীয় ৷ তাহারা আরও বলেন,—খৃষ্ট-পূর্বে তৃতীয় শতানীতে যথন ঐ সকল জাতির অভ্যাদয় ঘটে, তথনই পূর্ব্বোক্ত রামায়ণ ও মহাভারতের বিশেষ বিশেষ অংশ-সমূহ রচিত হইয়াছিল; আর তথনই তাহাতে ঐ সকল জাতির নাম সন্নিবিষ্ট হয় । নচেৎ, গ্রন্থাদিতে মে ভাবে জাতিসমূহের উল্লেখ আছে, তাহা কদাচ সম্ভবপর হইত না।

যাহা হউক, আমরা এ সিদ্ধান্ত আদৌ অনুমোদন করি না। রামায়ণ-মহাভারতাদি

ত্রিকালদর্শী ঋষিগণের ভবিষ্যদাণী বলিয়াই আমরা (হিন্দুগণ) বিশ্বাস করি। স্থতরাং পাশ্চাত্য পণ্ডিতদিগের এ সিদ্ধান্ত আমরা আদৌ গ্রহণ করিতে পারি না। পরস্ত ঐ সকল জাতি যে অতি প্রাচীন, তাহাই আমাদিগের সিদ্ধান্ত।

অন্ধ্রগণের পরিচয়।

রাজচক্রবর্ত্তী অশোকের লোকান্তরের অব্যবহিত পরে অন্ধুগণ প্রতিষ্ঠাপন্ন হইতে পাকেন। তাহাদের প্রথম রাজা শিমুক সাতবাহন পৃষ্ট-পূর্ব্ব ২২০ অন্দে বিজ্ঞমান ছিলেন। 'নানাঘাটের' গুহাগাত্রে শিমুকের এবং তৎপরবর্ত্তী রাজা শ্রীসাতকর্ণির প্রতিমূর্ত্তি অঙ্কিত রহিয়; ছ। শ্রীসাতকর্ণির পরবর্ত্তী রাজা ক্ষেরে, সহায়ক নামক একজন কর্মাচারী ছিলেন। তিনি নাসিকের গিরি-গাত্রে একটা গুহা প্রস্তুত করিয়াছিলেন। অনেকে তাই মনে করেন, নাসিকেই শ্রীসাতকর্ণির রাজধানী প্রতিষ্ঠিত ছিল।

ইহার পর, অনুগণের ঐতিহাসিক পরিচয়, 'হাতিগুক্ষ' (হস্তিগুক্ষ) গুহায়, কলিঙ্কের রাজা থারবেলের উৎকীর্ণ লিপিতে, প্রাপ্ত হওয়া যায়। সেথানে থারবেল বলিতেছেন,—তাহার রাজত্বের দিতীয় বৎসরে (১৬৮ পূর্ব্ব-পৃষ্টাব্দে) রাজা সাতকাণি, মগধ আক্রমণ-কালে বহুসংখ্যক অশ্ব, হস্তী, রথ ও পদাতিকের দারা তাঁহাকে সাহায্য করিয়াছিলেন।

কলিঙ্গের জৈন-নূপতি খারবেলের উদয়গিরি ও হস্তিগুদ্দ লিপি-সম্বন্ধে পণ্ডিতগণ নানা গবেষণায় প্রবৃত্ত হন। লিপির কাল-সম্বন্ধেও নানারূপ বিত্তা দেখিতে পাই। এক শ্রেণার পণ্ডিতের মতে,—ঐ লিপি মৌয্যান্দের ১৬৫ বংসরে প্রবর্ত্তিত হইয়াছিল। আর এক শ্রেণার প্রজুতত্ত্ববিৎ তাহার অপ্রানাণ্য সপ্রমাণ করেন।

'এপিগ্রাফিকা ইণ্ডিকা' গ্রন্থে অধ্যাপক লুডার্স পুর্বেলক লিপির এক প্রামাণ্য বিবরণ প্রকাশ করিয়াছেন। তাহা হইতে থারবেলের কতকটা পরিচয় পাওয়া যায়। তদমুসারে, থারবেলের অপর নাম—মহামেঘবাহন। তিনি কলিঙ্গের 'চেৎ'-বংশের বংশ-তালিকায় তৃতীয় স্থান অধিকার করিয়া আছেন। নয় বৎসর কাল 'যুবরাজ্ঞা' পদে অধিষ্ঠিত থাকিয়া ২৪ বৎসর বয়সে তিনি সিংহাসন প্রাপ্ত হন। তাঁহার রাজত্বের দিতীয় বৎসরে তিনি সাতকর্ণির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। তাঁহার রাজত্বের পঞ্চম বৎসরে তিনি এক দীর্ঘিকার পঙ্কোদার করিয়াছিলেন। কথিত হয়, ঐ সরোবর, রাজা নন্দের সময় হইতে ১০০ বৎসর কাল ব্যবহারের অযোগ্য হইয়া ছিল। সেই বৎসরই তিনি মগধের তাৎকালিক নুপতিকে বিপর্যন্ত করিয়াছিলেন। রাজ্য-লাভের ঘাদশ বৎসরে থারবেল গঙ্গানদীর মধ্য দিয়া হস্তি-চালনা করেন; মগধ-রাজ্য তাঁহার পদানত হয়। ত্রাদেশ বর্ষে তিনি কতকগুলি স্তম্ভ নির্মাণ করেন।

খারবেলের লিপিতে রাজা নন্দের উল্লেখ আছে। তাহাতে খারবেলের বিজ্ঞমানতার কাল-পরিচয়ে কতকটা যথার্থ তথ্য নির্ণীত হইতে পারে। প্রাত্তত্ত্ববিদ্যাণের মতে, নন্দবংশের শেষ নৃপতি ৩২২ পূর্ব্ধ-খৃষ্টাব্দে বিজ্ঞমান ছিলেন। তাহা হইতে পূর্ব্বোক্ত ১০৩ বৎসর বাদ দিলে, খারবেলের রাজজের পঞ্চম বর্ষ ২১৯ পূর্ব্ব-খৃষ্টাব্দে নির্দিষ্ট হয়। সে হিসাবে ২২৩ পূর্ব্ব-খৃষ্টাব্দ খারবেলের রাজ্যপ্রাপ্তিকাল ছিরীক্বত হয়।

অন্ধুবংশীয় যে নৃপতির বিষয় লিপিতে উল্লিখিত আছে, তিনি পুরাণোক্ত তৃতীয় সাতকর্ণি। নানাঘাটের প্রতিমৃত্তিতে কোদিত বিবরণ হইতে তাহা সপ্রমাণ হয়। সেই লিপিতে থারবেলের এবং প্রথম সাতকর্ণির বিভ্যমান-কালের একটা সামগ্রস্ত দেভিতে পাই। তাহাতে বুঝিতে পারি,—কগ্ধ-বংশের শেষ নৃপতির পরলোকগমনের সঙ্গে সঞ্জেই অন্ধু-বংশের রাজত্বের স্বত্রপাত আরম্ভ হয় নাই; পরস্তু কগ্ধ-বংশের প্রতিষ্ঠা পরবর্ত্তিকালের ঘটনা।

নানাঘাটের লিপির কাল-পরিচয়ের সহিত প্রথম সাতকর্ণির বিদম্যান-কালের বেশ একটু মিল আছে। শিমুক এবং ক্লফের রাজত্বকাল সম্বন্ধেও নানাঘাট লিপিতে একই পরিচয় পাওয়া যায়। মগধের যে রাজাকে খারবেল পরাজিত করেন, পণ্ডিতগণের সিদ্ধান্ত—তিনি সম্ভবতঃ শালিশুক;—২১২ পূর্ব্ব-খুষ্টান্দে তিনি মগধের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন।

মৎস্থ-পুরাণের মতে, খাবরেলের লিপিতে উল্লিখিত সেই দাতকণি অনুরাজগণের পঞ্চ-স্থানীয়। অনুরাজ্য-কলিপ-রাজ্যের পশ্চিমদিকে অবস্থিত।

লিপির প্রমাণ।

তার পর, গুহান্ধিত লিপি-সমূতের প্রমাণের উল্লেখ করিতেছি। 'চালিসগাও' (চল্লিশগাও) সন্নিকটে পিতালকোড়ার গুহালিপিতে 'পৈথান' বা 'প্রতিষ্ঠানের' রাজার নাম দেখিতে পাই। তথন পশ্চিম ভারতেই অনুগণের প্রভাব প্রতিষ্ঠিত ছিল। পরে অনুগণের সপ্তদশ নূপতি হালের পরিচয়ে অনুপ্রভাষের আভাষ পাই। ঐতিহাসিক ভিলেণ্ট স্মিথের মতে, রাজা হাল ৬৮ খৃষ্টান্দে সিংহাসনে অনিষ্ঠিত ছিলেন। কথিত হয়, রাণার প্রীতির জন্ম হালের রাজ্মকালে, গুণাধ্যায় কতৃক পৈশাচী ভাষার 'বৃহৎকথা' গ্রন্থ বির্নাচত হইয়াছিল। কেহ কেহ মনে করেন, উক্ত 'রহৎকথাই' ক্লেনেন্দ্রের 'বৃহৎকথামঞ্জরীর' এবং সোমদেবের 'কথাসরিৎসাগরের' মূলীভূত।

গুণাধ্যায়ের 'র্হৎকথা' হইতে দিদ্ধান্ত হয়,—হাণের মহিনী উত্তর-ভারতের কোনও রাজার কলা ছিলেন। রাজা হালও মহারাষ্ট্র-ভাষার 'দপ্তশতি' নামক গ্রন্থ রচনা করিয়াছেন। অন্ধুগণের লিপি এবং হালের 'দপ্তশতী' হইতে অন্থমান হয়,—অন্ধুগণ মহারাষ্ট্র-ভাষার অন্থন্ন ভাষায় কথাবার্ত্তী কহিতেন। অধুনা 'অন্ধু' বলিতে তেলেগুর প্রতিই লক্ষ্য আদিয়া পড়ে। দেই জন্ম ঐতিহাদিকগণের অনেকেই অন্ধুগণকে তেলেগুন ভাষাভাষী বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন।

স্থার ওয়ান্টার ইলিয়ট এই মতের প্রধান পরিপোষক। তিনি কলিঙ্গের সহিত টলেমি-বর্ণিত 'টিগ্লিপ্ট্ন', ত্রিকলিঙ্গম্, ত্রিলিঙ্গম্, তেল্গু এবং অন্ধু প্রভৃতি জাতিকে একই জাতি বলিয়া নির্দেশ করিয়াছেন; এবং তাঁহাদের মধ্য হইতে কলিঙ্গের অন্ধু-জাতিকে গাঙ্গের উপত্যকার এক মিশ্র-ঔপনিবেশিক বলিয়া সিদ্ধান্ত করিয়া লইয়াছেন। ইলিয়টের মতে ঐ মিশ্রজাতি প্রথমতঃ চিক্কাছ্রদের সল্লিকটে বসতি স্থাপন করে; তার পর, ক্রমশঃ তাহারা গোদাবরী ও ক্রফার উপত্যকার এবং তৎপরে দাক্ষিণাত্যে আসিয়া উপস্থিত হয়। *

* Elliot's History of India.

যাহা হউক, অনুগণ যদি সত্যসতাই তেলেগু-ভাষাভাষী তেলেগু-জাতিরই অস্তর্ভুক্ত হইত, তাহা হইলে তেলেগু ভাষা ও সাহিত্য, অনুগণের প্রতিষ্ঠার দিনে খুই-পূর্ব-শীতালীতেই উন্নতি-পরিপুষ্টি লাভ করিয়া, ভারতীয় ভাষা-সমূহের মধ্যে শ্রেষ্ঠ আসন প্রাপ্ত হইত। কিন্তু তাহা না হইয়া খুষ্ঠায় একদাশ শতানীতে, তেলেগু-ভাষাভাষী নূপতিদিগের রাজত্বকালে, তেলেগু-ভাষার বিস্তৃতির পরিচয়ই প্রাপ্ত হই ? স্নতরাং প্রতিপন্ন হয়, অনুগণ তেলেগু-ভাষা-স্কৃষ্টির বহু পূর্ব্ব হুইতেই ভারতে বর্ত্তমান ছিলেন।

তার পর, প্লিনির গ্রন্থে অনুগণের উল্লেখ আছে। সেধানে অনুদিগের বলবীর্যাের ও শক্তি-সামর্থের পরিচয় প্রাপ্ত হই। দ এই সময়ে ভারতের সর্ব্বত অনুগণের প্রসার-প্রতিপত্তি যথেষ্ঠ বৃদ্ধি প্রাপ্ত হইয়াছিল,—মনুরাজগণের লিপি হইতে প্রতিপন্ন হয়। তাহাতে বৃবিতে পারি,—মধ্য-ভারতে, পশ্চিম প্রাপ্ত হইতে পূর্ব প্রাপ্তে সমুদ্রোপকূল পর্যান্ত এবং উত্তর দিকে সাঞ্চী পর্যান্ত অনুগণের প্রভাব বিস্তৃত হইয়। পড়িয়াছিল।

* অক্ও দকিশাপথ।

'পেরিপ্লাদ' গ্রন্থে অন্ধুগণের সহিত দক্ষিণাপথের সম্বন্ধ বিশেষভাবে উলিখিত আছে। 'পেরিপ্লাদ' গ্রন্থের সেই বর্ণনা এন্থলে উদ্ধৃত করিতেছি; যথা,—বারিগাজা (বরোচ) পার হইয়াই তংসংলগ্ন সমুদ্রভীর উত্তর হইতে দক্ষিণ পর্যান্ত বিস্তৃত হইয়াছে। এই অংশ 'দচিনাবাদেশ' বা 'দেচানোদ' নামে পরিচিত। তথাকার অধিবাদীদিগের ভাষায় 'দক্ষিণ দিক' ঐ নামে পরিচিত। সমুদ্রভীর হইতে ভূভাগের দিকে অগ্রসর হইলে বহু মক্ষপ্রদেশ দৃষ্ট হয়। ঐ অংশ ক্ষুদ্র-বৃহৎ পর্বত্রমালায় সমাছেয়। সর্ব্রিণ বহু পশু—চিতাবাঘ, ব্যাঘ, হন্তী, প্রচুর মর্প, নেকড়ে বাঘ এবং বনমান্ত্র্য—ঐ ভূভাগে বহুলপরিমাণে দেখিতে পাওয়া যায়। গঙ্গাতীর পর্যান্ত বহুজনপূর্ণ নগরজনপদ্ধ বিভ্রমান আছে।

'পেরিপ্লাস' গ্রন্থের এই বর্ণনায়, কয়েকটা বিশেষ বিচার্য্য বিষয় আছে। 'দচিনাবাদেশ' বা 'দেচানোস' শক্ষই তাহার মূলীভূত। আনেকের সিদ্ধান্ত—পেরিপ্লাস গ্রন্থোক্ত 'দচিনাবাদেস' এবং দক্ষিণাপথ বা দাক্ষিণাত্য পদে একই দেশের প্রতি লক্ষ্য আসে। দক্ষিণাপথ যে অতি প্রাচীন দেশ, তিরিষয়ে সন্দেহ নাই।

বেদের মধ্যে ঋগেদ-সংহিতার প্রাচীনত্ব পাশ্চাতা পণ্ডিতগণ একবাক্যে স্বীকার করেন। ঋগেদের সপ্তম মণ্ডলের ত্রমন্তিংশৎ স্থক্তের ষষ্ঠ ঋকে 'দক্ষিণাপদ' পদের উল্লেখ আছে। সেথানে দক্ষিণাপদ 'নির্দ্ধাসন স্থান' বলিয়া অভিহিত। তথনও দেখানে আর্যাদিগের গতিবিধি আরম্ভ হয় নাই। সেইজন্তই বোধ হয়, প্রাচীনকালে দক্ষিণাপথ বর্তুমান যুগের 'আন্দামান' মধ্যে পরিগণিত হইয়াছিল।

* Pliny—Hist. Naturalis. Vol. vi. p 224. গিন বলিভেছেন — "The Andhra territory, stronger (than other territories of India) included thirty walled towns, besides numerous villages and the army consisted of 1,00,000 infantry, 2000 cavalry and 1,000 elephants."

ষাহা হউক, 'দক্ষিণপথ' পদের পরবর্ত্তী উল্লেখ 'বৌধায়নধর্ম্মস্ত্র' পরিদৃষ্ট হয়। সেথানে দক্ষিণাপথ ও দৌরাষ্ট্র একস্ত্রে গ্রণিত। মহাভারতের সভাপর্বে (একত্রিংশং অধ্যায়, ১৭শ প্লোক) দেখিতে পাই, --পুলিন্দ ও পাগুদিগকে পরাজিত করিয়া সহদেব দক্ষিণাপথে গমন করিতেছেন। পতঞ্জলির মহাভায়ে 'দক্ষিণাপথ' শন্দের প্রয়োগ আছে।

প্রত্ববিদ্যাণের দিন্ধান্ত,—পূর্ব্বোক্ত উক্তি-সমূহে 'দক্ষিণাপণ' বলিতে অন্ধ্-রাজ্যের প্রতিই লক্ষ্য আদে। কিন্তু তাঁহাদের দে দিন্ধান্ত প্রমাদ-পরিশ্ব্য বলিয়া মনে হয় না। পুরাণ-সমূহে দক্ষিণাপথের স্পষ্ট উল্লেখ আছে; কিন্তু পাশ্চাত্যমতে পুরাণের কাল-পরিচয় নির্ণীত না হওয়ায়, তাঁহারা পুরাণের উক্তি প্রামাণ্য বলিয়া গ্রহণ করেন না।

'শক্তিসঙ্গমতত্রে' অন্ধু-রাজ্যের উল্লেখ দেখিতে পাই। সেখানে 'ভ্রমরাত্মিকার' পশ্চিমে, জগন্নাথ-ক্ষেত্রের উত্তরদিকে, অন্ধুরাজ্যের অবস্থিতির পরিচয় আছে। সেখানে অন্ধুরাজ্যের পার্শ্বে সৌরাষ্ট্রের অবস্থিতি নির্দিষ্ট হইয়াছে। কিন্তু তন্ত্রের কাল সম্বন্ধে দনিহান হওয়ায়, পণ্ডিতগণ তন্ত্রের পূর্নোক্ত উক্তির প্রতি আস্থা স্থাপন করেন না।

অন্ত-প্রদক্ষে পৈথান ও কলিয়েনা।

দক্ষিণাপথ্যের প্রসিদ্ধ জুই নগরের মধ্যে 'পৈথানের' নাম 'পেরিপ্লাদে' দৃষ্ট হয়। 'পেরিপ্লাদ'গ্রান্থাক্ত বর্ণনায় প্রকাশ,—'পোন' ভিন্ন আর যে একটা প্রসিদ্ধ বন্দর আছে, তাহার নাম—
'কলিয়েনা।' পূর্ববর্তী সার,গানাসদিগের রাজ্যকালে উহা একটা সমৃদ্ধিশালী বাণিজ্য-কেন্দ্র
ছিল। কিন্তু সান্দানেসের অধিকারে আসার পর হইতেই বাণিজ্যের প্রসার থকা হইয়া
আবে; জনশং, বন্দরটা শ্রীহীন হইয়া পড়ে।

এক্ষণে, কলিয়েনা, সারাগানাস এবং সালানেস প্রভৃতির পরিচয় আমরা বর্ত্তমানে কি পাইতে পারি, তাহা দেখা যাউক। প্রভাৱিকগণের সিদ্ধান্ত,—'কলিয়েনা' আধুনিক কল্যাণ, সারাগানাস—অন্ধুরাজ সাতক্ণি বা সাতকানি এবং সালানেস—স্থলর।

মংশুপুরাণের মতে স্থলর অনুগণের বংশলতায় বিংশতি স্থান অধিকার করিয়া আছেন।
মংশুপুরাণোক্ত এই 'স্থলরই' বনি 'সান্দানেস' হন, তাহা হইলে তাঁহার অব্যবহিত পূর্ববর্ত্তী
'পুলিন্দসেনকেই' সারাগানাস বলিতে হইবে। পুলিন্দসেনের অপর নাম—পুরিক্রসেন।
ইতিহাসে অন্ধুগণের ও পুলিন্দদিগের সংশ্রবের সহিত ইহার নাম বিশেষভাবে উল্লিগিত
হইয়া থাকে। ইহারই রাজত্বকালে, মনে হয়, স্থলর বিশাল-রাজ্যের কোনও এক অংশের
শাসনক্তা নিযুক্ত হইয়াছিলেন। 'কল্যাণ' তখন সেই রাজ্যাংশেরই অন্তর্ভুক্ত ছিল।

অন্ত শক।

এই সময়ে থহ্রাত-সম্প্রদায়ভুক্ত শক-সাত্রাপগণ গুজরাটে প্রতিষ্ঠাপন হইয়া উঠেন। তাঁহারা তখন উত্তর-সীমান্তবর্ত্তী অন্ধ্রাজ্য-সমূহ অধিকার করিয়া বসেন। ভূমক ও নাহাপান সে সময়ে তাঁহাদের নেতৃস্থানীয় ছিলেন।

ঐতিহাসিকগণ বলেন,—শকান্ধ-প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে, নাহাপান কর্ত্ব শকদিগের প্রভাব

প্রতিষ্ঠিত হইয়াছিল। ঐতিহাদিকদিগের এই অনুমান সত্য হইলে, 'পেরিপ্লাস' গ্রন্থোক্ত বারিগান্ধা ও তৎসন্নিকটন্থ দেশের শাসনকর্তা 'নম্বেনাস' এবং 'নাহাপান' অভিন্ন প্রতিপন্ন হইতে পারেন। 'নম্বেনাস' এবং 'নাহাপান' উভয়ের অভিনন্ধ বিষয়ে মতবিরোধ থাকিলেও, শকগণের প্রভাব-প্রতিপত্তি-কালে কলাণে-বন্দর যে বৈদেশিক বাণিজ্যের অনুপ্যোগী হইয়া পড়িয়াছিল, এবং 'য়ন্ধুরাজ-প্রেরিত শাসনকর্তা যে তাহার যথোপযুক্ত রক্ষণাবেক্ষণে অসমর্থ হইয়াছিলেন, তরিষয়ে কোনও সন্দেহ নাই।

গাহা হউক, পরবর্ত্তিকালে শক ও অনু দিগের বিবাদ ক্রমশঃ বৃদ্ধি পাইতে থাকে। ফলে, পশ্চিম-রাজ্যের অধিকার নই হওয়ায় অনু গণ পূর্ব্বিদিকে বিতাড়িত হন। ১২৬ খৃষ্টাবদে শক ও অনু গণের মধ্যে বিষম ঘণ্ডের স্ত্রপাত হয়। তথন দিতীয় বিলিভয়কুড় অন্ধাদিগের নেতা ছিলেন। এই প্রসঙ্গে একটা কথা বলিয়ারাখি। অনু রাজগণ আপন আপন নামের সহিত মাতৃনাম সংযোজিত করিতেন। প্রথম বিলিভয়কুড় হইতেই এইরূপ লক্ষণায়ুক্ত নামোপাধিপ্রচলনের প্রথা প্রথম প্রবৃত্তিত হয়। সেই সময় হইতেই তাঁহাদের নামের সহিত 'বিস্ফীপুত্র', 'গোতমীপুত্র' প্রভৃতি সংযোজিত হইতে থাকে।

বেদের মধ্যে কৌশিকীপুত্র, কৌৎসীপুত্র, অলম্বীপুত্র, বৈয়াগ্রহপদীপুত্র প্রভৃতি নাম দেখিতে পাই। এইরপ সাদ্খ-দৃষ্টে অমুমান হয়,—এই সময় হইতে অনুগ ত্রাহ্মণ্য-রাজত্যের অন্তর্ভুক্ত হইয়া পড়েন। অর ওয়াল্টার ইলিয়ট তাহাতে সিদ্ধান্ত করেন,—'লক্ষণা-সম্বলিত রাজোপাধিধারী রাজ্যণের মধ্যে দিতীয় বিলিভয়কুড় বলপূর্ক্ত সিংহাসন অধিকার করিয়া 'গোত্মীপুত্র সাতকর্ণি' উপাধি গ্রহণ করিয়াছিলেন। পুত্রের নামের সঙ্গে মাতার নামের পুনঃ পুনঃ উল্লেখই অর ওয়াল্টারের এতং-সিদ্ধান্তের মূলীভূত।

নাসিকের গুহালিপিতে দেখিতে পাই,—দিতীয় বিলিভয়কুড় শকদিগের উচ্ছেদ-সাধন করিয়াছিলেন। কিন্তু তাহার পরেও, দিতীয় বিক্রমাদিত্যের রাজত্ব পর্যাস্ত, শকগণ উজ্জায়নীতে প্রতিষ্ঠান্বিত ছিল, সে পরিচয় পাওয়া যায়। ৪০৯ খুঠান্দে রাজচক্রবর্তী বিক্রমাদিত্য শক-বংশের নির্ম্মূল সাধন করেন। তাহার পূর্বের, ১৫০ খুঠান্দে শকদিগের সাত্রাপ রুদ্রদমন, তাঁহার জামাতা ও দিতীয় বিলিভয়কুড়ের পূত্র প্লমায়ীর সহিত যুদ্ধে প্রত্ত হন। কিন্তু জামাতা-বধের ভয়ে রুদ্রদমনকে সে যুদ্ধে নিরুত্ত হইয়াছে।

প্রথম প্রনায়ী 'দাতকর্ণি' নাম পরিগ্রহণ করিয়াছিলেন। ১১নং কান্হেরি লিপিতে দে প্রমাণ পাওয়া যায়। লুডার্স, ভিনেণ্ট শ্মিথ প্রভৃতি সেই মতই প্রকাশ করিয়াছেন। প্রথম প্রমায়ী (দাতকর্ণি) মহাক্ষত্রপ প্রথম রুদ্রদমনের কল্পা বিবাহ করেন। ১২৫ খৃষ্টান্দ হইতে ১৫০ খৃষ্টান্দের মধ্যে প্রমায়ি ছই বার রুদ্রদমনের নিকট পরাজিত হন। পুরাণের মতে তিনি গৌতনীপুত্রের পুত্র। এ হিদাবে শক ও অরুগণ সমসাময়িক বিশিয়াই প্রতিপন্ন হন।

* *

টলেমির গ্রন্থে পরিচয়।

পাশ্চাত্য ভৌগোলিক টলেমির গ্রন্থে অনুগণের পরিচয় আছে। সেথানে অন্ধুগণ 'দ্রাবিড়' নামে অভিহিত। ঐতিহাসিকগণের মতে টলেমির গ্রন্থ ১৫১ খৃষ্টাব্দের পরে রচিত হইমাছিল। কিন্তু তাহা হইলেও ভারতের প্রাচীন ইতিহাস সঙ্গলনে তাঁহারা টলেমির ভূগোল গ্রন্থকে প্রামাণ্য বলিয়া স্থীকার করেন এবং নানা বিষয়ে প্রমাণ উদ্ধার থাকেন।

টলেমির গ্রন্থে 'লারিকি' লাট বা শুজরাটের উপক্লের সঙ্গে সঙ্গে 'আরিয়াকি' উপক্লের বর্ণনা পরিদৃষ্ট হয়। তিনি তাহাকে ছই ভাগে বিভক্ত করিয়াছেন,—'আরিয়েক সাদিনন' এবং 'আরিয়েক এক্রোন পিরেটন।' এই ছইটা স্থানের বর্ণনা প্রসঙ্গে পাশ্চাত্য-পণ্ডিতগণ বিবিধ বিভিন্ন মত প্রকাশ করেন। 'এরিয়েক (আরিয়েক) এন্ড্রোন পিরেটন' (এক্রোন) বাক্যের ব্যাখ্যা লইয়া তাঁহাদের মধ্যে নানা বিতপ্তার স্ত্রপাত হয়। অধিকাংশের মতে, এ বাক্যে 'পেরাং' বা দম্যদিগের অধিকৃত 'আরিয়েক' বুঝায়। কিন্তু শুর জেমস ক্যাম্বেলের বিদ্ধান্ত-ক্রমে এ বাক্যে অন্ধু-ভৃত্যদিগের অধিকৃত 'আরিয়েক' বুঝাইয়া গাকে।

টলেমির ভূগোল-গ্রন্থে লারিক, আরিয়েক এবং দমিরিক প্রভৃতির অবস্থান ভারতের পশ্চিমসীমান্তে নির্দিষ্ট হইয়াছে। পণ্ডিতগণ উহাকে একবাক্যে 'লাড়িক' বলিয়া প্রতিপন্ন করেন।
লাটগণ ঐ দেশে বসতি করিত। দ্রমিদ বা দ্রাবিড়গণের বাসভূমি দ্রমিক (Dramitaka)—
টলেমির গ্রন্থেকে 'দমিরিক'। কিন্তু নারিয়েকের স্থাননির্দেশে অনেকেই বিফলমনোরণ
হইয়াছেন। কেহ কেহ বলেন,—'আরিয়ক' (আর্গ্রেক বা অর্গ্যকে)—'অরকের' অপন্রংশ।
'অরক' শক্ষে স্থামী—অধিপতি বুরায়।

প্লমায়ীর খোদিত লিপিতে 'মহা ঐরক' (Maha Airake) এবং 'মহা অর্য্যক' (Mahar Aryak) প্রভৃতি শব্দ দৃষ্ট হয়। কাহারও কাহারও সিদ্ধান্ত—ঐ বংশের প্রীয়জ্ঞ 'মহা অর্য্যক' বা 'মহা ঐরক' উপাধি গ্রহণ করিয়াছিলেন। যাহা হউক, এতদ্বিষয়ে গবেষণার অন্ত নাই। প্রত্নতন্ত্বিদ্গণের নানা জনে নানা মত প্রকাশ করিতেছেন। 'এপিগ্রাফিকা ইণ্ডিকা' (Epigraphika Indikia) গ্রন্থে ইহার বিস্তৃত আলোচনা পরিদৃষ্ট হয়। এ প্রসঙ্গে দে বিস্তৃত বিবরণ নিম্পায়াজন।

প্লিনির এত্ত্ব 'দিরো পোলেমেইওর' রাজধানী বৈথানের এবং 'বেলিওকুরেসের' রাজধানী হিপ্লোকুড়ার উল্লেখ আছে। প্রত্নতব্বিদ্র্গণ 'বৈথানের' সহিত 'পেথানের' এবং 'হিপ্লোকুড়ার' সহিত 'কোল্হাপুরের' অভিন্নত্ব প্রতিপাদন করেন। তাঁহাদের মতে পৈথান—শ্রীপুলোমান্নি বা পুলোমাভির এবং কোল্হাপুর দিতীয় বিলিভয়কুড়ের রাজধানী ছিল। তথন তাঁহার পুত্র যুবরাজ পুলোমান্নি বৈথানের শাসনকর্তুপদে অধিষ্ঠিত ছিলেন।

এতদ্বতীত নাসিকের গুহামন্দিরে, পুলোমায়ীর সমসাময়িক একটা লিপিতে, 'ধানাকাতা সমনেহি' বাক্য দৃষ্ট হয়। তাদ্বারা ধানাকাতার 'সমন' (শ্রমণ) দিগকে লক্ষ্য করা হইয়াছে বলিয়া অনেকের ধারণা। 'ধানাকাতা' লইয়াও পণ্ডিতগণের মধ্যে বিতণ্ডার স্ত্রপাত হইয়াছে। ডক্টর ভাণ্ডারকার পূর্ব্বোক্ত পাঠ স্বীকার করেন না। তাঁহার মতে, মূল লিপির পাঠ 'ধনকতা-সামিনেহি' (Dhankata-Saminehi) অথবা 'ধনকত সানিয়েহি' (Dhanakata Samiyehi) হওয়াই সঙ্গত।

ফরাসী-দেশীয় প্রত্নতত্ত্ববিৎ সেনার্ট আবার বলেন,—'ধনকাতক' নাম অমুমানসিদ্ধ ও প্রমাণসাপেক। কিন্তু অমরাবতীর নিকটবর্ত্তী স্থান-সমূহের যে পরিচয় পাওয়া যায়, ভাহাতে 'ধনকাতা' বলিতে চতুর্থ শতালীর 'ধান্নকাতকা'—ধনকালা, হুয়েন-সাং বর্ণিত 'টো-না-কিয়ে-দে-কিয়া' (To-na-kie-tse-kia), লিপিতে উল্লিখিত 'ধানমাভাতিপুর' এবং আধুনিক 'ধরনীকোটার' প্রতি লক্ষ্য পড়ে। পণ্ডিতদিগের এইরপ বিতপ্তার ফলে, 'অমরাবতী' ও 'ধনকতক' আজি পর্যান্ত প্রহেলিকার মধ্যেই রহিয়া গিয়াছে।

পুখারুপুখা অনুসন্ধানে, অপর একটা ক্লোদিত লিপির প্রমাণে, সেনাটের অনুমানে একে-বারে অনাস্থা প্রদর্শন করা যার না। সেই লিপিতে 'বেনাকত' নাম আছে। সেনাট-বিলেন,—উহারই অপত্রংশে 'বনকত' নাম দাড়াইয়া গিয়াছে। দ্বিতীয় অন্ধ্রাজ ক্ষেরে রাজত্বালে, অমরাবতীর নিকটবর্ত্তী 'বনকতক' অন্ধ্রগণের রাজধানী ছিল। ডক্টর ভাভারকারের দির্নান্তেব ইহাই মূলীভূত। বার্জ্জেদও এইরপ সিদ্ধান্তেই উপনীত হইয়াছেন। অধিকন্ত প্নঃপ্নঃ রাজধানী স্থানান্তর জন্ম তিনি অন্ধ্রাজগণের প্রতি দোষারোপ করিতেও কুটিত হন নাই।

তিব্বতীয় গ্রন্থে নাগার্জুনের প্রদক্ষে অনেক তথ্যের সন্ধান পাই। সে মতে, ২০০ খৃষ্টান্দে নাগার্জুন ধানাকাতার চতুষ্পার্শ রেলিং দারা পরিবেষ্টিত করিয়া দেন। চৈনিক পরিবাজক ইং সিংএর ভ্রমণ-বৃত্তান্তে প্রকাশ,—নাগার্জ্জ্নের পৃষ্ঠপোষক সো-টো-কো-হান্-না (So-to-pho-han na) বংশসম্ভূত ছিলেন। হয়েন-সাং তাঁহাকে 'সো-ভো-ফো-লো' (So to pho-lo) নামে অভিহিত করেন। চৈনিক পরিব্রাজকদিগের 'সো-তো-ফো-লা-লা-লা' এবং শাতক্বি বা শতবাহন একট ব্লিরা পণ্ডিত্রগণ সিদ্ধান্ত করেন। তাহাদের প্রকৃত নাম—শ্রীপুল্নাভি বা শ্রীবজ্ঞ।

অমরাবতীতে কতকগুলি খোদিত লিপি পাওয়া গিয়াছে। তাহাতে মাত্র একজন অন্ধু-নুপতির উল্লেখ আছে। সেথানে বিদিষ্টিপুত স্বামি শ্রীপুলামভিস সবচ্ছব'—এতছক্তি পরিদৃষ্ট হয়। অমরাবতী যে অন্ধুগণের রাজধানী ছিল না,—এই লিপি হইতে তাহা স্প্রমাণ হয়। কারণ, অমরাবতী যদি তাহাদের রাজধানী হইত, তাহা হইলে অন্ধুরাজগণের ক্যোদিত লিপি ও মুদ্রা প্রভৃতি অমরাবতীতে যথেষ্ট পরিমাণে বর্ত্তমান থাকিত। কিন্তু সে স্কল ঐতিহাসিক পরিচয় অমরাবতীতে নাই বলিলেও অত্যুক্তি হয় না। *

মূদ্রাদির প্রমাণ।

মূদাদির প্রমাণ হইতেও আমাদের সিদ্ধান্তের যৌক্তিকতা অন্তুত হইবে। অনুদিগের মৃদ্ধাদি প্রাক্তত ভাষায় ক্ষোদিত। অনুদিগের মূদা-সমূহের মধ্যে শ্রীণতের (৬৮ পূর্ব-পৃষ্ঠাক) এবং 'প্রথম বিলিভয়কুরের' (৮৪ খৃষ্টাক হইতে ১০৮ খৃষ্টাক) মূদ্রাই প্রাচীনতম।

• কৃষ্ণ-জেলায় আব একটা লিপি পাওয়া গিয়াছে। অনুবাজগণের অবিত লিপি-সমূহের মধো উহা অপেক্ষাকৃত আধুনিক বলিয়া সিদ্ধান্তিত হয়। গেই লিপিতে "রাণো গোতনীপুত্দ অবক ই হজ দাতকণিদ" (rano Gotamipu asa arka Sir; Yono Satkarniss)। অসবাৰতীয় বেশ নিবনক সদ' (Rana Sivamaka hada) এবং জগ্গজ্জপেতার 'রণ মাধারিপুত ইথাকুণাম ই বীরপুরীসদত' (Rana Madhariputa Ikhakunam Sri Virapurisadata) এতছত্ম উভিন্ন সামঞ্জ্য-সাধন সম্ভবপর নহে। প্রস্তুত্ব-বিল্পাণের গবেষণা এখানে একেবারে প্যুদ্ধ হইয়াছে।

প্রথমোক্ত মুদ্রায় উজ্জিয়নী-প্রচলিত মুদ্রাদিতে অঙ্কিত চিহ্ন—'ক্রস ও বল' এবং শেষোক্ত মুদ্রায় 'তীর ওধুকুক' অঙ্কিত আছে। উভয়বিধ মুদ্রাই কোল্হাপুরে পাওয়া গিয়াছে।

পরবর্ত্তী অন্ধুগণ যথন পশ্চিমদিক হইতে শকগণ কর্ত্ব এবং দক্ষিণদিক হইতে পহলবগণ কর্ত্ব বিতাড়িত হন, তথন গোদাবরী ও রুষ্ণার অন্তর্গত ভূভাগের কতকাংশ নাত্র তাঁহাদের রাজ্যভুক্ত থাকে। তাৎকালিক অন্ধু-নূপতি পুলমাটা এবং তাহার উত্তরাধিকারিগণের প্রবর্ত্তিত মুদ্রাদি গোদাবরী ও রুষ্ণার অন্তর্গত ভূভাগে প্রাপ্ত হওয়া যায়। নূদ্রা-দৃষ্টে বুঝা যায়,—বিতীয় শতান্দীর শেষভাগে এবং ভূতীয় শতান্দীর প্রথম ভাগে (২০৮ খৃষ্টান্দ— ২২৯ খৃষ্টান্দ) ঐ সকল মুদ্রা প্রচলিত ছিল।

মূলার আবোচনায় বিশেষজ্ঞগণ বলেন,—'ভোগোলিক অবস্থান হিসাবে ঐ সকল মূলা দক্ষিণ-ভাগে প্রচলিত মূলাসমূহের সহিত সংগ্রণিত হইলেও, উত্তর ও পশ্চিম ভারতের তাৎকাল প্রচলিত মূলার সহিত উহাদের বিশেষ সাদৃগ্র পরিলক্ষিত হয়। কিন্তু তৎকাল-প্রচলিত দক্ষিণ-ভারতেব মূলাদির সহিত উহাদের কোনই সাদৃগ্র বা সামঞ্জ্য পরিদৃষ্ট হয় না।' তাই মনে হয়,—মূলাদির বিভন্নতা-হেতুই ঐতিহাসিকগণ অনুদিগকে ভারতের দক্ষিণ-পূর্ব্ব-প্রান্তিহ জাতি-বিশেষ বলিয়া উল্লেখ করিয়াছেন।

কিন্ত দক্ষিণ-ভারতের পূর্ব্বোপক্লে অনুদিগের আদিবাদের কোনও প্রমাণট পাওয়। যায় না; পরস্তু, বিদ্ধা-পর্বতের দক্ষিণভাগেই যে অনুদিগের আদিবাস ছিল এবং তাহারা যে অন্ত কোনও স্থান হইতে ভারতে আগমন করেন নাই, - মুদ্রা ও লিপি প্রভৃতির পূর্ব্বোক্ত প্রমাণ হইতে তাহাই সিদ্ধান্তিত হয়।

খৃষ্টায় তৃতীয় শতাকীতে পশ্চিম-সীমান্তবর্ত্তী অন্ধ্-রাজ্য শক্দিগের অধিকারভৃক্ত হয়। উজ্জনিনী তথন শক্দিগের রাজধানী। পূর্ব্যপ্রান্তিত অন্ধ্-রাজ্য পহলবর্গণ অধিকার করে। তথন শিবস্কন্দবর্গ্য পহলবর্গণের নেতৃস্থানীয় ছিলেন। কাঞ্জীভরমে তাহার রাজধানীছিল। তথন পহলব-বিজিত অন্ধ্ রাজ্যের নাম হইয়াছিল—'অন্ধ্ পথ।' • খৃষ্টায় চতুর্থ শতাকীতে পহলবরাজ শিবস্কন্দবর্গ্যের রাজত্বকালে 'ধনাকাদা' বা অমরাবতীর লিপিবর্ণিত 'ধায়াকাদা' পহলবদিগের রাজধানী ছিল। রাজধানী রূপে 'ধানাকাদার' উল্লেখ ইতিহাসে এই প্রথম পরিদৃষ্ট হয়। ইহার পূর্বের্গ 'ধানাকাদা' রাজধানীর অন্তিত্ব সপ্রমাণ হয় না।

সাহিত্যে নিদর্শন।

৩৪০ খৃষ্টান্দে দিখিজারে বহির্গত হইয়া রাজচক্রবাত্তী সমৃদ্রগুপ্ত ভেঙ্গীর (এলোরের আট মাইল উত্তরে অবস্থিত বর্ত্তমান পেড্ডাভেদী) তাৎকালিক পহলব শাসনকর্তাকে পরাজিত করেন। ভেঙ্গী—পহলবদিগের অধিকৃত অন্ধুমগুলেরই অংশবিশেষ ছিল। 'অন্ধু-নগর' নামেও উহা অভিহিত হইত।

খুষ্টীয় ভৃতীয় শতাকীর পর অন্ধুরাজ্যের বা অন্ধুজাতির কোনও পরিচয় চিহ্নই পাওয়া যায় না। ঐতিহাসিকগণ বলেন,—এই সময় হইতে অন্ধুজাতির অন্তিম

^{*} Vide-Archaeological Survey of India, 1906-7, p. 222.

চিরতরে বিলুপ্ত হয়। এইরূপ সিদ্ধান্তের কারণও তাঁহারা নির্দেশ করিয়া থাকেন। তাঁহারা বলেন,—যদি অনুজাতির শেষ-শ্বতি-চিহ্ন তথনও বর্তমান থাকিত, তাহা হটলে সে শ্বতির উল্লেখ সমুদ্রগুপ্তের লিপিতে অথবা 'রঘুবংশে' পরিদৃষ্ট হইত। রঘুর দিখিজয়-বর্ণন-কালে কালিদাস নিশ্চয়ই তাহার উল্লেখ করিতেন।

খৃষ্টার সপ্তম শতাদীতে অন্ধ্ৰ-নাম দেশবাচক হইয়া পড়ে। তাই আমরা চৈনিক পরিব্রাক্তক হয়েন-সাডের ভ্রমণ-বৃত্তান্তে 'অন্ধ্ৰ-রাজ্যের' উল্লেখ দেখিতে পাই। চীনা-ভাষায় সে দেশের নাম হইয়াছিল—'অন-ট-লো' (An-ta-lo)। পরিব্রাজকের ভাষায় উহার রাজধানীর নাম—'পিং-কি-লো' (Ping-Ki-lo)। অনেকে মনে করেন,—কৃক্ত-বিষ্ণুবৰ্দ্ধন কর্তৃক ভেঙ্গীতে চানুম্য-বংশ প্রতিষ্ঠিত হইবার প্রায় ত্রিশ বংসর পরে পরিব্রাজক এতদ্দেশে আগমন করিয়াছিলেন।

নন্তব্য ।

যাতা হউক, এইরপ 'আলোচনায় অফুগণ স্বন্ধে নিয়রপ সিদ্ধান্তে উপনীত চইতে পারি; যথা,—'অফুগণ বিফ্যাচলের পাকত্য-দেশে রাজ্য করিতেন। ঠাহাদের কথিত ভাষার নাম ছিল—প্রাক্ত। কাতারও মতে অফুগণ 'তেলেগু' ভাষা ব্যবহার করিতেন। কিন্তু ইতিহাস সে সাক্ষ্য প্রদান করে না।

যাহা হউক, পশ্চিম দিক হটতে পূর্ব্ব দিকে প্রথমতঃ অনুদ্রগের প্রদার বিস্তৃত হটতে থাকে। যথন পশ্চিম দিকে তাহাদের ক্ষমতা হ্রাস হয়, তথন তাহারা পূর্ব্বদিকে অগ্রসর হন। সেথানে তাহাদের অধিকৃত প্রদেশ 'অনুমণ্ডলম্' নামে অভিহিত হইয়াছিল। পহলব ও চালুক্য বংশছয়ের রাজস্বকালেও 'অনুমণ্ডল' নাম একেবারে বিলুপ্ত হয় নাই। 'অনু' বলিতে প্রথমে জাতি বুঝাইত; তার পর 'অনু' নামে রাজবংশের খ্যাতি বিস্তৃত হইতে থাকে। গৃষ্টায় একাদশ শতাকীর পূর্বেই 'অনু' ভাষা-বোধক শক্ষ-মধ্যে পরিগণিত হয়।

ভারতের অন্ত্র-রাজগণের পরবর্ত্তী নূপতিগণের এবং তাঁহাদের সমসাময়িক থহ্ন্তা ও শকসাত্রাপদিগের একটা তালিকা নিম্নে প্রকাশ করিতেছি; তাহাতে সমসাময়িক নূপতিগণের কাল-প্রসঙ্গে অন্ধ্রাজগণের কালের আভাষ পাওয়া যাইবে।

	ধুরাজগণ (পুরাণো: পাজিটারের অনুসর		मिश्डामन जांच गृष्टाम् ।	থংরাট ূ— দাআপ ।	ब्राकायाधिकान र्हाम।	শক-সাত্রাপগ	ब्राकाथारि- कान।
>> < <>	পুরিকসেন স্থন্দরসাতকর্ণি চকোরসাতক্ণি	২১ ১ ছয় মাস	P. (ভূমক—সাত্রাপ (ভূমকের সহিত নাহা- পানের সম্বন্ধ-পরিচয় অনিশ্চিত) কেবল মাত্র মূদ্রায়ই ভূমকের পরিচয় আ হছ। তাঁহার কোনও লিপি পাওয়া যায় নাই।)	৭০(१) বা ৫০(१)	চল (ইহার পিতার নাম – ঘমোটিকা। প্রথমে ক্ষত্রপ, পরে মহাক্ষত্রপ হইয়া- ছিলেন। ইহাকে বলা হইত)।	b •

থহর।ট্সাতাপ।

काट्याधिकान ्डाक।

শক-সাত্রাপগণ

জ্ব রাজা	মংহাসন লাভ •্সাক।		
		काम वरमन	ik v
२ २	শিবস্বাতী	२৮	۲۶
২.৩	গোত্মীপুত্ৰ	२ >	る。な
₹8	পুলোমাভি (২য়- গৌতমীপুত্রের পুত্র)	२४	১৩৫
२8क	সাতকণি (বাযু- পুরাণোক্ত)	২৯	-
२७	শি⊲≌ী পুলো- মাভি (ভৃতীয়)	٩	> 5 5
<i>ঽ.</i> ७	শিবস্কল সাত- কণি	5	>90
ર ૧	যজ্ঞ সাতকর্ণি	५৯	7 9.0
	বিজয়	৬	२० २
₹ \$	চণ্ডশ্ৰী (চন্দ্ৰ সাতক্ণি)	> •	२०५
೨۰	পুলোমাভি (৪র্থ)	9	२७४

পুরিকসেনের পূর্ববর্তী অষ্টাদশ
জন নৃপতির বিশেষ কোনও বিবরণ
জানা যায় নাই। পূর্বে ঠাহাদের
নাম উল্লিখিত হইরাছে। স্কুতরাং
এই তালিকায় তাঁহাদের প্নকল্লেখ হইল না। এই বংশের ৩০
জন নৃপতি ৪৬০ বংসর রাজত্ব
করিয়াছিলেন বলিয়া পুরাণে
উল্লিখিত আছে।]

নাহাপান্—সাত্রাপ দক্ষমিত্রা-ক্সা। (নাসিকের শাসন-কৰ্ত্তা ঋষভদত্ত বা উষবদত্তের সহিত ইহার বিবাহ হয়। সম্বতঃ ১২০ গৃষ্টান্দে নাহাপান প্রলোক গ্ৰন করেন। অন্-রাজ গৌতমী পুত্র তাহার বংশের উচ্ছেদ সাধন করিয়াছিলেন। ১২৬ খৃষ্টান্দে, রাজ্য-লাভের অষ্টাদশ বর্ষের পর গোতমী পুত্র ক্তপদিগের নিমাল-সাধন করেন। খহ-রাট্দিগের যে সকল লিপি দৃষ্ট হয়, পণ্ডিত-গণের সিদ্ধান্ত—ঐ সকল লিপি ৪১-৪৬ থৃষ্টান্দের মধ্যে উং-কীৰ্ণ হইয়াছিল।)

জয়দমন (চােশ্র পুত্র ১১০ ---সাত্রাপ) ক্রদমন-প্রথম। (জয়দমনের পুত্র— ই নি মহা**ক্ত**প হু ইয়াছিলেন। অন্ধ্ রাজ পুলোমাভি ইহার নিকট তুই বার পরাজিত হন। 300 હ शृष्टीय ।) দামজাদন্সী-ক্ত্রপ ১৫৫ शरत মহাক্ষত্ৰপ হন। ইনি প্রথম রুদ্রদমনের পুত্র। জীবদমন— 396 মহাক্তপ। (দমজদশ্রীর পুত্র) ১৮০ রুদ্রিংই-প্রথম (প্রথম ক্রদ্রদমনের পুত্র। ইনি ক্ষত্রপ ও পরে মহাক্ষত্রপ হন।) রুদ্রসেন—প্রথম। (রুদ্রসিংহের পুত্র। ক্ষত্রপ, পরে মহা-ক্ষত্রপ হন।) मङ्यम्मन---- अथम । २२१ (রুদ্রদেনের পুত্র---মহাক্ত্তপ হন)। দামদেন-প্রথম 220

(কর্দ্রেনের পুত্র —মহাক্ষত্রপ হ্ন।)

অফ্টম পরিচ্ছেদ।

গুপ্ত-প্রাধান্মের প্রাক্কালে ভারতের বাণিজ্য।

প্রতিষ্ঠার চরম-চিত্র ;—বাণিজ্য-স্ত্রে সর্ব্বিত্র গতিবিধি ;—স্বর্গনপোতের কথা—মোধ্য-প্রাধান্তে উন্নতির পরিচয় ;—কবি ক্ষেমেক্রের বোধিসত্বাবদান-কল্পতা ;—কুশন ও অনু রাজত্বে বাণিজ্যোন্নতির পরিচয় ;—উত্তর ভারতের টাকশাল ;—মিশরে বাণিজ্য-প্রসঙ্ক ;—রোমে ভারতীয় বাণিজ্য-প্রসঙ্গ।

প্রতিষ্ঠার চন্দ্র-চিত্র।

ভারতে বৈদেশিক সংশ্রব—ভারতের ইতিহাসের ভিত্তিভূমি বলিয়া প্রান্তত্ত্ববিদ্যাণ নিদেশ করেন। সে পক্ষে তাঁহারা আলেকজা ভারের ভারত আগমন-প্রসঙ্গকেই ইতিহাসের মেরুদণ্ড বলিয়া গ্রহণ করিয়া থাকেন। সভরাং প্রাচীন ভারতের প্রাচীন ঐখ্যা-বিভবের আলোচনায় প্রধানতঃ তাঁহাদের প্রভংগত্রেরই আশ্রয় লইতে হয়। তাঁহাদের গ্রহণে বৈদেশিক-সম্মন্দংশ্রবের পরিচয়ের সঙ্গে সঙ্গে প্রাচীন ভারতের গোরব-বিভবের যে নিদর্শন প্রাপ্ত হই, প্রাচীন ভারতের বাণিজ্য-প্রসঙ্গেও সেই একই আলোহ্য প্রত্যক্ষ করি।

ভারতীয় বণিকগণ পৃথিবীর বিভিন্ন স্থানে নাণিজ্য-বিস্তার করিয়াছিলেন; ভারতীয় পণ্য-দ্রব্য পৃথিবীর সর্বান্ত সংবাহিত হইত;—বেমন শাস্ত্র-প্রস্তুত, তেমনই পাশ্চাত্য-জাতির ইতিহাসে—সর্ব্বান্ত তাহার নিদর্শন প্রাপ্ত হই। সে ইতিহাসে ভারতের যে চিত্র অন্ধিত রহিয়াছে, সে চিত্র-দর্শনে কাহার হৃদয় না শ্লাঘায় পূর্ণ হয়! স্বদেশের স্বজাতির সে গৌরব-গরিমার পরিচয়ে কে না গৌরব অনুভব করেন ? সে-দিনের সে উন্নতির—সে প্রতিষ্ঠার চরম-চিত্র লক্ষ্য করিয়া স্বদেশ-প্রাণ কাহার হৃদয় না গর্বের উন্নত হইয়া উঠে!

পূৰ্ব্বাভাষ।

বাণিজ্য-**স্থ**ত্রে স**র্ব্ব**ত্র গতিবিধি।

পাশ্চান্ত্যের সভাতা তুলনায় সে-দিনের মাত্র। সেই সে-দিনের সভাতার ইতিহাসেই বা ভারতীয় সভাতার কি চিত্র প্রত্যক্ষ করি ? কোন্দেশে না ভারতের বাণিজ্য-প্রভাব বিস্তৃত হইয়াছিল ? কোন্দেশ না তথন ভারতের সর্বতামুখী প্রতিষ্ঠা-প্রতিপত্তির নিকট মস্তক অবনত করিয়া ছিল ? কোন্দেশ—কোন্জাতি না তাহার পদপ্রাস্থে উপবেশন করিয়া শিক্ষা-দীক্ষার অনির্বাচনীয় উপদেশ গ্রহণ করিয়াছিল ?

পৃথিবীর ইতিহাসে যে সকল জনপদ সভ্য-সমূলত বলিয়া পরিচয় পাই, তাহার সর্বত্রই ভারতের প্রভাব, ভারতের জ্ঞান-গরিমা দেদীপামান্। চীন, মিশর, বাবিলন, ফিনিসীয়া, গ্রীস,

রোম প্রভৃতি—পৃথিনীর ইতিহাসে যাহার। সভ্য সমুরত জনপদ বলিয়া প্রসিদ্ধি-সম্পন্ন; সেই সভ্য-দেশেও ভারতের প্রভাবের—ভারতের শ্রেষ্ঠত্বের যথেষ্ট নিদর্শন আজি পর্য্যন্ত বর্তমান রহিয়াছে! এককালে পৃথিনীর সর্ব্বিত্র ভারতের আধিপত্য বিস্তৃত হইয়াছিল, এককালে পৃথিনীর সর্ব্বিত্র বাণিজ্য-স্ত্রে ভারতের গতিনিধি ছিল, —'পৃথিনীর ইতিহাসের' আলোচনায় আমরা প্রন্থনঃ প্রদর্শন করিয়াছি। । বক্ষ্যনাণ-প্রসঙ্গে আমরা গুপ্ত-বংশের অভ্যুদ্রের প্রাক্তালে ভারতের অর্থনৈতিক অবস্থার কিঞ্চিং আভাস প্রদানের প্রয়াস পাইতেছি।

অর্ণপোতের কথা।

আলেকজাগুরের সমসাময়িক বাণিজ্য-প্রভাবের পরিচয় চক্রগুপ্তাদির প্রসঙ্গে পরিবর্ণিত হুইয়াছে। ৩২৫ পূর্ব্ন-পৃষ্টাব্দে মহাবীর আলেকজাগুর ভারতে আগমন করেন। তথন নৌবাহিনীর, অর্ণবানের প্রাচুর্য্যের অবধি ছিল না। ইতিহাস সে সাক্ষা প্রদান করিতেছে। তথন আলেকজেগুরের সৈম্যদল অর্ণবপোতের সাহায্যে সিন্ধনদ পার হুইয়াছিল। সিন্ধনদের 'হাইডাসপাস' (Hydespas) নামক অন্যতম শাখা পার হুইবার সময় আলেকজাগুরের সৈম্যুগণ অসংখ্য নৌবাহিনীর সাহায্য প্রাপ্ত হুইয়াছিল।

সিন্ধ-নদের মোহানায় এবং পারস্ত উপসাগরে গতিবিধি সময়ে আলেকজাণ্ডারের নৌ-সেনাপতি নিয়ার্কাস অসংখ্য তর্ণবপোতের সহায়তা লাভ করিয়াছিলেন। ভারতীয় শিল্পিণের নির্দ্ধিত, ভারতীয় নাবিকগণে পরিচালিত, সেই সকল পোতে তাঁহার আট সহস্র সৈন্ত, কয়েক সহস্র অথ এবং বহুতর রসনাদি সংবাহিত হইয়াছিল। এরিয়ান, কার্টিয়াস, ডিওডোরাস প্রভৃতি ঐতিহাসিকগণ এতিদ্বিয় সংপ্রমাণ করিয়াছেন। তাঁহাদের কেহ বা আট শত, কেহ বা এক সহস্র ভারতীয় পোতের উল্লেখ করিয়া গিয়াছেন।

মৌৰ্য্য-প্ৰাধান্যে উৎকৰ্ষ।

মৌর্য্য-সম্রাট্ চক্রগুপ্তের ও অশোকের এবং তাঁহাদের বংশধরগণের রাজত্বকালে, ভারতের বাণিজ্য উন্নতির উচ্চ-চূড়ায় সমাসীন হট্যাছিল। চাণক্যের 'অর্থ-শাস্ত্রে' এবং অশোকের লিপি-প্রভৃতিতে তাহার অশেষ নিদর্শন বিজ্ঞান।

মৌর্য্য-বংশের রাজত্বকালে গ্রীকদৃত মেগাস্থিনীস কিছুকাল ভারতে অবস্থান করিয়াছিলেন। তাঁহার বর্ণনায় প্রকাশ,—তৎকালে মৌর্য্যগণের পোতনির্ম্মাণালয়ে সম্দ্রগামী অর্ণববোত ও যুদ্ধতরণী প্রভৃতি নির্মিত হইত; আর পোত-নির্মাণ-জন্ম বেতনভোগী কর্ম্মচারী ও শিল্পিকারিকর প্রভৃতি নিযুক্ত ছিল। পণ্যব্যবসায়ী বণিকগণ ব্যবসা-বাণিজ্য উপলক্ষে পোতাধ্যক্ষের নিকট হইতে ভাড়া লইতেন। ট্রানোর ইতিবৃত্তেও বণিকগণকে পোত ভাড়া দেওয়ার বিষয় বিশেষভাবে উল্লিখিত আছে।

চক্রপ্তপ্তের রাজত্বকালে, মহামতি চাণকা বৈদেশিকগণের যে স্থচার ব্যবস্থা করিয়াছিলেন,

* 'পৃথিবীর ইতিহান', প্রথম থপ্ত, ১৬ ও ৪৬৪ পৃঠা; বিতীয় থপ্ত, বিতীয় পরিচেছদ; তৃতীয় থপ্ত, ৪৬৮—৪৭০ পৃঠা এবং চতুর্থ পঞ্চ, বঠ পরিচেছদ প্রভৃতি ক্রইবা। তাহাতে নৈদেশিক-রাজ্যে ভারতের সম্বন্ধ-সংশ্রবের ও প্রতিষ্ঠার পরিচয় পাওয়া যায়। তখন, বহুসংখ্যক বিদেশী বাণিজ্য-সূত্রে মৌর্য-রাজধানীতে গতিবিধি করিতেন; বৈদেশিক-দিগের স্থ-স্বাচ্ছ-দ্য-বিধানে তাৎকালিক বিধি-ব্যবস্থা আদর্শ-স্থানীয় ছিল। খৃষ্ট-পূর্বর তৃতীয় শতাদ্দীতে মৌর্য্যগণ নৈদেশিকের সহিত নানা সত্রে সম্বন্ধ-বিশিষ্ট হইয়াছিলেন;—কার্য্য-স্ত্রে বৈদেশিকগণ সর্বাদা মৌর্য-রাজধানীতে উপস্থিত থাকিতেন। * নৈদেশিক বাণিজ্য তথন এত উন্নতি লাভ করিয়া ছিল যে, আমদানি-শুকে রাজকোয়ে বহু অর্থ সমাগ্য হইত।

চক্রগুপ্তের পৌত্র অশোকের রাজহ্বনালে, দিরিয়া, মিশর, সাইরিণ, মাদিডোনিয়া, এপিরাস প্রভৃতি গ্রীক-ক্ষরিক্ত জনপদের সহিত ভারতের বাণিজ্য-সম্বন্ধ বিশেষভাবে প্রতিষ্ঠিত হয়। তথন, একদিকে বাণিজ্যের এবং অন্তদিকে ধর্মের কেক্রস্থল বলিয়া ভারতবর্ধ সর্ব্বতিষ্ঠা লাভ করে। ভারতের এ প্রতিষ্ঠার মূল—তাহার স্কবিন্তস্ত অর্ণবিপোত্ত এবং পৃথিবীর সর্ব্বতি গতিবিধির স্থাগ-স্থিবা। সিংহলে অশোকের প্রাধান্ত-প্রতিষ্ঠার আলোচনাম পশ্তিতগণ সমুদ্রগামী নৌবহরের এবং স্থাশিক্তি যোদ্ধর্যুক্তের অন্তিহ প্রদর্শন করেন।

কেমেন্ত্রের সাকা।

খৃষ্টায় দশম শতাদীতে, কাশ্মীর দেশের কবি ক্ষেমেক্র 'বোধিসস্থাবদানকল্পলতা' নামক গ্রন্থ রচনা করেন। মৌর্যাধিকারে সমুদ্রগথে কেমনভাবে তথন বাণিজ্ঞা চলিত, তাহার একটী চিত্র সেই গ্রন্থে প্রকটিত আছে। শাজচক্রবর্তী অশোক তথন মগদের সিংহাদনে অধিষ্ঠিত। 'নাগ' নাশক জলদস্তা কর্তুক সত্যর্কাস্থ হট্যা বাণিকগণ তাঁহার নিকট অভিযোগ করিতেছেন।

বিশিকগণের এই অভিযোগের পর রাজচক্রবর্ত্তী আশোক সমুদ্র-পথে বাণিজ্য-বিষয়ক এক ঘোষণা প্রচার করেন। তাত্রকলকে তাহা উৎকীণ হয়। লুঠনকারী 'নাগ'-দস্যাগণ প্রথমে সে ঘোষণায় নিরস্ত হয় নাই। কিন্তু পরবর্ত্তিকালে ভিক্ষুগণের অশেষ চেষ্টায় নাগদস্যাগণ আশোকের বশুতা স্বীকার করে এবং বণিকগণের জতসম্পত্তি প্রত্যাপণ করিতে বাধ্য হয়।

রাজচক্রবর্ত্তী অশোকের সামৃদ্রিক বাণিজ্য সংক্রান্ত বিধি-বিধান এবং তাহা**র অমু**সরণে ভিক্কুক-গণ কর্ত্তক দম্যতা-নিবারণ—এতহভয় প্রসঙ্গ 'বোধিসন্তাবদান কল্পতা' গ্রন্থে নিম্নন্ধপ দৃষ্ট হয় ;—

"রাজা শ্রীমানশোকোহত্ং পুরে পাটলিপুত্রকে।
তং কদাচিৎ সমাসীনং বণিজো দ্বীপগামিনঃ।
সর্বস্থনাশশোকার্তাঃ সনিশ্বাসাঃ ব্যজিজ্ঞপুঃ॥
অস্মাকং তু প্রবহণং ভংক্ত্বা রত্বধনং হতম্।
কেবলং ভাগ্যদৌর্বল্যান্নাগৈঃ সাগরবাসিভিঃ।
বয়মন্তত্র জীবমেস্তপেক্ষা তু তে বিভো।
সমুদ্রযাত্রাবিচ্ছেদাৎ কোশশেষবিধায়িনী॥
ইতি তেষাং বচঃ শ্রুম্বা রাজা সংক্রাস্ততন্ত্রথং।
সমুদ্রাস্তর্গতান্ নাগান্ বিচিন্তা স্তিমিতোহভবং॥

[.] V, A. Smith, The Early History of India, p. 127.

খং দৃষ্ট্ৰা নিশুতিকারকোপব্যাকৃলমানসম্।
ইন্দ্রো নামা ব্রবীদ্ ভিক্ষুং ষড়ভিজ্ঞঃ স্থিতোহস্তিকে॥
নাগানাং রত্নটোরাণাং খংপ্রতাপাগ্নিস্চকং।
তামপটার্পিতো লেখং প্রেয়তাং পৃথিবীপতে॥
ইতি ভিক্ষ্বচং শ্রুখা লেখং রাজা বিস্ফুরান্।
ক্রিপ্তমেব তমন্ত্র্যো নাগাস্তীরে প্রচিক্ষিপুং॥
অথ রাজা পুনলেথে প্রহিতে নাগপুঙ্গবাং।
ফ্রেমার্পিতাখিলবণিগ্রন্থভারাং সমাধ্যুং॥
তদশেষং নরপতির্ব্বিস্তীর্ণ্য বণিজাং ধনং।
বিস্ক্যে নাগানভবজ্জিনশাসনসাদরং॥"

কৰি কেনেজের গ্রন্থে নোর্য্য-বংশের রাজন্বকালে ভারতের বাণিজ্য-সংক্রাস্ত কি উজ্জ্বল চিত্রই প্রকটিত রহিয়াছে! বণিকগণ রাজচক্রবর্ত্তী অশোককে ব্রাইতেছেন,—'সমাট যদি কোনও প্রতিকার না করেন, তাহা হইলে হাহাদিগকে বণিক-বৃত্তি পরিত্যাগ করিয়া অন্ত বৃদ্ধি অবলম্বন করিতে হইবে। তাহা হইলে, বৈদেশিক বাণিজ্য-লোপে, সনাটেব রাজস্ব-পরিমাণ হাস প্রাপ্ত হইবে।

অধুনা আমদানি রপ্তানি প্রভৃতি স্বদেশীয়-বিদেশীয় বাণিজ্যে যেমন রাজকোষের আর পরিমাণ বৃদ্ধি করে; সে সময়েও বাণিজ্যাদি-জনিত আয়ে রাজকোষে বহু অর্থের সমাগম হইত, বৃথিতে পারি। রাজা ধর্মপ্রাণ। অর্ত্তের আর্দ্তিবিমোচন—রাজধর্ম তাই রাজধর্ম পরিপালনে বদ্ধপরিকর হইয়া রাজচক্রবর্ত্তী অশোক আর্ত্তের আর্দ্তি নিবারণ করিয়াছিলেন;—দস্যা-দমনে বণিকগণের ভীতি-নিবারণে বাণিজ্য-প্রসার বৃদ্ধি করিয়াছিলেন।

* *

কুশন ও অন্ত্রাজ্যে বাণিজ্যোল্তির পরিচয়।

বেমন মৌর্য্-বংশের অভ্যাদয়ে, তেমনি অনু ও কুশন বংশের প্রতিষ্ঠায় ভারতের বৈদেশিক বাণিজ্যের শ্রীবৃদ্ধির বিবিধ নিদর্শন প্রাপ্ত হই। ২৫০ পূর্ব্ধ-পৃষ্ঠান্দ হইতে ১৫০ পৃষ্ঠান্দ পর্যান্ত ভারতের দক্ষিণাংশে অনুরাজ্যণ এবং উত্তরাংশে কুশন বা শক্যণ প্রতিষ্ঠান্বিত ছিলেন। তথন বোমের ও গ্রীদের সহিত বাণিজ্য-স্বন্ধ বিশেষভাবে স্থাপিত হইয়াছিল।

এই সময়ে ভারতে রোমীয় প্রভাব বিস্তৃত হয়। তথন রোমের সহিত জন্ধ বংশের নৃপতি-গণের সম্বন্ধ-স্ত্র প্রতিষ্ঠিত। তার পর জন্ধ গণ কর্তৃক উত্তর-ভারত বিজয়ের সঙ্গে সঙ্গে যথন রোম-সামাজ্যের সহিত বাণিজ্য-সম্বন্ধ দৃঢ়রূপে প্রতিষ্ঠিত হইল, তথন ভারতজাত রেশম, মশলা, বহুমূল্য প্রস্তরাদি এবং রং প্রভৃতি রোম-সামাজ্যে রপ্তানি হইতে লাগিল। আর তদ্বিনিয়ে রোমের স্বর্ণমূলা ভারতে জানীত হইল।

দক্ষিণ ভারতে রোমের বছবিধ মুদ্রা প্রাপ্ত হওয়া যায়। তাহা হইতেই রোমের সহিত ভারতের বাণিজ্য-সম্বন্ধের পরিচয় পাই। উত্তর ভারত অপেকা দক্ষিণ ভারতে ঐ সকল মুদ্রার প্রাচুর্য্য ও বাছল্য অত্যন্ত অধিক। এতাদ্বির, প্রচীন সংস্কৃত ও পালি গ্রন্থাদিতে 'রোমক' ও

তামিল এতে 'ববন' প্রাঙ্গতি শক্ষের এবং মুচিরিও পুক্র প্রাঙ্গতি দক্ষিণ-ভারতের বন্দরাদির উল্লেখ্য বৈদেশিক বাণিজ্যে ভারতের প্রতিষ্ঠার অশেষ পরিচয় প্রাপ্ত হই।

সংস্কৃত, পালি ও তামিল একাদি ব্যতীত রোমের সহিত ভারতের জলপথে ও স্থলপথে বাণিজ্য-সংক্রান্ত আর আর যে সকল প্রামাণ্য এই আছে, তন্মধ্যে প্লিনির ইতিহাস, উলেমির ভূগোল এবং 'পেরিপ্লাস' প্রকৃতি সবিশেষ উলেথযোগ্য। ঐ সকল গ্রন্থে দেখিতে পাই,—গ্রীসে এবং রোমে এবং ভারতের বহিভাগে অক্সান্ত দেশে ভারতের বাণিজ্য-নীতিও অকুস্ত হইয়াছিল।

অনু-গণের রাজহকালে ভারতে বৈদেশিক বাণিজ্যের প্রসার অত্যন্ত বৃদ্ধিপ্রাপ্ত হয়।
পুরাতহ্বিৎ মিঃ আর সিওরেল তাহা স্পট্টাক্ষরে ঘোষণা করিয়াছেন। দাক্ষিণাত্যের পুরাতহ্ব
উদ্ধারে সিওয়েল প্রসিদ্ধিসম্পর। তিনি বলিয়াছেন,—'অনুরাজ্য বিশেষ সমৃদ্ধিশালী ছিল।
তথন জলপথে ও ভ্লপথে বাণিজ্য চলিত। একদিকে পশ্চিম এসিয়ায়, গ্রীদে, রোমে, মিশরে,
অক্তদিকে চীনে এবং প্রাচ্যের বিভিন্ন ভূভাগে ভারতের বাণিজ্য-প্রসার বিস্তৃত হইয়াছিল।
তথন দাক্ষিণাত্য হইতে রোমনগরে দূতগণ গতিবিধি করিতেন; সিরীয়ার যুদ্ধে ভারতীয় হস্তীর
সহায়তা গ্রহণ করা হল্যাছিল। বোম-সামাজ্য হইতে বিবিধ মশলা ভারতে আমদানি
হইত। 'প্রেল্লিয়াণ' গ্রেণ্ড এত্র্ভির সমর্থন দৃষ্ট হয়।

ন্দ্রাদির সাক্ষা।

ভারতবর্ষের দক্ষিণভাগে দাক্ষিণাতা-প্রদেশে রোমের মুদ্রা প্রচুর পরিমাণে পাওয়া গিয়াছে। সেই সকল মদ্রায় রোমের সহিত ভারতের বাণিজ্যের প্রমাণ বিভ্যমান। ৬৮ খৃষ্টান্দে একদল ইছদী রোমকদিগের অত্যাচারে প্রপীড়িত হুইয়া ভারতবর্ষে আগমন করেন। দাক্ষিণাত্যের মালবার উপক্ষে ভাহাদের বসতি স্থাপিত হয়। ডক্টর ভাগারকারের দাক্ষিণাত্যের প্রাচীন ইতিহাসে' অন্ধু-রাজ্যে ভারতের বিভিন্ন ন্যুক্তির পরিবর্ষ পাই।

কৃশন বা শক্দিগের রাজ্যকালে পাশ্চাত্য-দেশের সহিত ভারতের বাণিজ্য-সম্বন্ধ দূঢ়-ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়। 'রয়েল এসিরাটিক সোগাইটীর জ্বণালে' জনৈক অভিজ্ঞ লেখক তাৎকালিক ভারতীয় বাণিজ্যের যে পরিচয় প্রকটন করিয়াছেন, তাহাতে বুঝা যায়,—তথন রোমদেশীয় স্তবর্ণ-মূদাদির সঙ্গে সঙ্গে তদ্দেশীয় শিল্লকলাও ভারতবর্ষে প্রবেশলাভ করিয়াছিল। তখন, রেশম, মণ্মাণিকা ও মদলাদিব বিনিময়ে ভারতীয় রাজগণের ধনভাগুার মণিমাণিকাে পূর্ণ হইয়াছিল। *

• Vide, Journal of the Rival Assatic Society, 1903. অভিন্ত থেপৰ নিয়ন্ত্ৰপ মন্তব্য প্ৰকাশ কৰিয়া গিয়াছেন, -"When the whole of the civilised world, excepting India and China, passed under the sway of the Cæsars, and the Empire of Kaniksha marched, or almost marched, with that of Hadrian, the ancient isolation of India was infringed upon, and Roman arts and ideas travelled with the stream of Roman gold, which flowed into the treasuries of the Rajas in payment for silks, gems and spices of the Orient."

প্রাচীন ভারতের টাকশাল।

রোমের সহিত উত্তর-ভারতের বাণিজ্য-সম্বন্ধ বিশেষভাবে প্রতিষ্ঠিত হইলেও উত্তর ভারতে রোমদেশীয় মুজা কচিৎ দৃষ্ট হয়। কিন্তু দাক্ষিণাতো সে মুজার প্রাচুর্যা অত্যন্ত অধিক।
 প্রত্নত্তবিদ্যাণ তাই উত্তর-ভারতে 'টাকশালের' বিজ্ঞানতা স্বীকার করিয়া থাকেন। তাহারা বলেন,—উত্তর-ভারতে সে সময়ে টাকশাল প্রতিষ্ঠিত হইয়ছিল এবং সেই টাকশালে রোমের মুজা গলাইয়া নৃতন নৃতন মুলা প্রস্তুত করা হইত।

প্রথম কাডকাইসেদ প্রথমতঃ তাম্র-মুদ্রা প্রচলন করেন। তার পর, কাবুল অধিকার করিয়া তিনি রোমস্মাট অগাইটা বা টাহবেরিয়াসের মূলার অন্ত্করণে মূল প্রস্তুত করিতে প্রবৃত্ত হন। কিন্তু রোমীয় স্বর্ণমূল বখন প্রচুর পরিমাণে ভারতে আগিতে লাগিল, তখন বিতীয় কাড কাইসেদ সেই সকল মুদ্রা গলাইয়া নিজ নামে স্বর্ণম্যা প্রস্তুত করিতে লাগিলেন। দিতীয় কাডকাইসেসের সেই স্বণ্মূল 'উরি' নামে পরিচিত হয়। দাক্র-ভারতে তখন রোমীয় মুদ্রার প্রচলন ছিল। সেখানে কোনও নুপতিও আপনার নামান্তি মুদ্রা প্রচলনে প্রয়োগ পান নাই। তাহারা সেই সকল স্বণ্মূল বেনি হইতে আমদানী করিয়া আপন আপন রাজ্যে প্রতিত করিয়াছিলেন। *

ষাহা হউক, রোম-সামাজ্যের সহিত ভারতের এই স্থন্ধ স্থাপনের ফলে, ভারতে যে বৈদেশিক শিল্পকলার উদ্ভব হয়, পণ্ডিতগণ তাহাকে 'গান্ধার শিল্প' (Gandhara School of Art) নামে অভিহিত করেন। আগান্তান ও এপ্টোনিনের সময়, ১০০—৩০০ খ্টান্দে, যেরূপ শিল্প-কলার উদ্ভব হইয়াছিল, রোমের সংশ্রবে উদ্ভূত ভারতের শিল্পকলা তাহারই অনুরূপ।

যাহা হউক, অন্ধুগণের এবং শকগণের রাজস্বকালে বিদেশের সহিত ভারতের বাণিজ্য বিশেষভাবে বৃদ্ধি প্রাপ্ত হইয়াছিল; আর তাহার ফলে তথন ভারতে নৃতন বাণিজ্য-বন্দরের অভাদয় ঘটয়াছিল;—সকলেই একথাকো স্বাকার করেন।

বাইবেলে বাণিজ্য-প্রদঙ্গ।

পাশ্চাত্যের সহিত, বিশেষতঃ রোমের সহিত, ভারতের বাণিজ্ঞ্য-প্রসারের প্রকৃষ্ট পরিচয়— তৎকাল-প্রচলিত মূদ্রা-সমূহ। সে সময়ে দক্ষিণ-ভারতের 'তামিলাকান' বা তামিল-দেশেই

- * "কানিংহাম-প্রনীত Coms of Med. India (p. 16 গ্রাম্থ এই দক্ল মুদ্রার ওজন ও বিশুদ্ধার বিষয় উলিখিত আছে। তন স্থানেট বলেন, মুদ্রার অস্তি প্রথম কাড্যুমাইদেদের মস্তকের সহিত অগাষ্ট্রদের মন্তকের বিশেষ সাদৃত্য আছে। উভরের প্রবিভিত্ত মুদ্রাদির ওজন একইরপ। কেহ কেহ আবার ইহার প্রতিবাদ করেন। তাহারা বলেন কাড্যুইদেদের যে একটা রোপ্য মুদ্রা পাওয়। গিয়াছে, তাহার ওজন ৫৬॥ প্রেণ। কানিংহাম দিছাত্ত করেন, এই মুদ্রার ওজন এবং রোমান্দিগের রোপ্যমুদ্রা 'ডনাবিয়াদের' ওলন একই। এই সকল বিষয়ের আলোচনা নিয়োলিখিত গ্রহ-প্তে পরিদৃষ্ট হইবে; যথা, —
- (1) Thurston, Coin Catalogue. No. 2 of Madras Museum, (2) Sewell, Roman Coins found in India-Journal of the Asiatic Society, 1994 প্ৰভৃতি !

বাণিজ্যের কেঞ্জন ছিল। মৌজিক ইতিহাস সে সাক্ষ্য প্রদান করে। সলোমনের রাজত্বকালে তামিল-দেশ পণ্যাদি সরবরাহ করিত, বাইবেলে তামিল-ভাষার শব্দাদি দৃষ্টে তাহা সিদ্ধান্তিত হয়।

বাণিজ্যের কেন্দ্র।

উত্তর-ভারত অপেকা দক্ষিণ ভারতের 'কৈষাটুর' এবং 'মাহরা' জেলায় রোমের মূদ্রার বহল প্রচলন ছিল;—পূর্ব্বে তিরিষয় উল্লেখ করিয়াছি। উত্তর-ভারতে রোমীয় মূদ্রা পরিদৃষ্ট না হইলেও, উত্তর-ভারতের বাণিজ্য-প্রসারও অল্ল ছিল না। প্রাচীন গ্রন্থাদিতে যে সকল ভারতীয় পণ্যের উল্লেখ দৃষ্ট হয়, তাহার অধিকাংশ দক্ষিণ-ভারতের উৎপল্লভাত বটে; কিন্তু উত্তর-ভারতের বাণিজ্য-পথ তাদৃশ স্থাম ছিল না বলিয়া তত্রতা পণ্য-সন্থার দক্ষিণ-ভারতের পথে রপ্তানি হহত। এদিকে আব্র ক্শন বা শক নৃপতিগণ রোমের মূদ্রা গলাইয়া তাহাদের নিজ নামে মূদ্রা প্রস্তুত করিতেন বলিয়াও উত্তর-ভারতে বোমীয় মূদ্রার অসন্ভাব হইয়াছিল।

বাহা হউক, পণ্ডিতগণ দক্ষিণ-ভারতের অনুগণের মুদ্রায় এক বিশেষত্ব লক্ষ্য করেন।
তাহা হইতে ভারতের—বিশেষতঃ দক্ষিণ ভারতের সম্দ্র-পণে বাণিজ্যের অসাধারণ প্রদারের
বিষয় উপলাধ হয়। সে বিশেষত্ব—জন্তু দিগের অবিকাংশ মৃদ্রায় পাল-সমন্বিত ভূইথানি
ভাহাজের প্রতিম্থি জন্ধন। আরুতি দেখিয়া তাহাদের দীর্ঘায়তেনের বিষয় অনুমিত
হয়। অনুরাজ যজনীর প্রবিত্তি বহু মুদ্রার মধ্যে এইরূপ সম্দ্রগামী জাহাজের প্রতিকৃতি
পরিদৃষ্ট হয়। প্রতিত্বিদ্যাণ বলেন,—তাহাতে স্থলপণে ও জ্লপণে যজ্ঞনীর অসাধারণ
প্রতিপ্তির বিষয় স্প্রমাণ হইয়া থাকে। *

ামশরের সহিত বাণিজ্য।

রোম-স্মাট অগাষ্টাসের সময় হইতেই ভারতে পাশ্চাত্য-বাণিজ্যের পথ উন্মুক্ত হয়। রোমের সহিত সম্বন্ধ প্রতিষ্ঠার পূর্ব্বেও পাশ্চাত্যের সহিত ভারতের বাণিজ্য চলিতেছিল। সে সময় কেবল মিশর-দেশেই ভারতের পণ্য-সন্তার প্রেরিত হইত। মিশরের তাৎকালিক অধিপতি টলেমি ফিলাডেলফাসের সহিত (২৮৫—২৪৭ পূর্ব্ব-খৃষ্টান্ধ) মৌর্য্য-স্মাট অশোকের যথেষ্ট সৌহাদ্য ছিল। বিশরাধিপতি টালমি 'আলেকজান্তিয়া' নগর প্রতিষ্ঠিত করেন। পরবর্ত্তী-কালে এই আলোকজান্তিয়াই প্রাচ্যের ও পাশ্চাত্যের বাণিজ্যের সর্ব্বপ্রধান কেন্দ্র মধ্যে পরিগণিত হইয়াছিল। আলেকজান্তিয়া বন্দর প্রতিষ্ঠার সঙ্গে, মিশরের সমুজ্যোপক্লন্থিত

^{*} ঐতিহাদিক ভিজেণ্ট শ্মিপ এই মন্তবা প্রকাশ করিয়াছেন। যজ্জীর প্রভূত্ব-পরিচয়ের সঙ্গে সংক্ষ করিয়াছিন, - "Soma bearing the figure of a ship probably should be referred to this reign, and suggest the inference that Jagua-Sii's power was not confined to land." - Vide The Early History of India, p. 211.

[†] অশোকের বিভীয় গিরিলিপিতে এবং এয়োদশ লিপিতে যে সকল বৈদেশিক মুপভিগণের নাম পরিদৃষ্ট হয়, ভদ্মারা ইহা সঞ্জাণ হইবে।

'বার্ণিসিয়া' এবং 'মিওস হরমদের' সহিত ভারতের বাণিজ্ঞা সম্বন্ধ স্থাপিত হয়। তথন আরব ও পারস্তের সমূদ্রোপকৃল দিয়া বাণিজ্ঞা-পোত-সমূহ ভারতে উপস্থিত হইত। সেই স্থাত্তে ঐতিহাসিক ষ্ট্রাবো, 'মিওস হরমস' হইতে প্রায় ১২০ থানি পণ্যবাহী পোত ভারত অভিমুখে গমন করিতে দেথিয়াছিলেন।

জলপথ ব্যতীত স্থলপথেও বাণিজ্য বিচলিত বটে; কিন্তু সে পথ অতি ছুগ্ম ছিল। তথন স্থলপথে পাশ্চাত্য বাণিজ্যের তিনটা পথ ছিল; প্রথম পণে এদিয়া অতিক্রম করিয়া 'অকাদ' হইতে কাম্পিয়ান ও কৃষ্ণদাগরে যাওয়া যাইত। দিতীয় পথে পারস্তের মধ্য দিয়া মাইনরে; এবং ভূতীয় পথে দামাস্ত্রদ ও পালমিরার মধ্য দিয়া পারস্ত উপদাগর ও ইউফ্রেভিদের পথে লেভান্ত পর্যান্ত পৌছান যাইত। কিন্তু এই সকল পথে সক্ষবদ্ধ হুইয়া যাওয়া ভিন্ন গমনাগমন নিরাপদ ছিল না। তখন পার্থিয়দিগের বিবাদ-বিদ্যানে ঐ দকল বাণিজ্য-পথ বিশেষ স্ক্রট-স্মাকুল হুইয়া পড়িয়াছিল। স্ক্ররাং এক্মাত্র সমূদ্-পথ ভিন্ন অক্ত-পথে বাণিজ্য এক্রপ অসন্তব্ হুইয়াছিল।

ক্লডিয়াদের রাজস্বকালে সর্ব্বর্থন সমুদ্রপথে ভারতীয় পণ্য-সম্ভার আরবের পণ্য-বীথিকায় এবং আলেকজান্দ্রিয়া বন্দরে সংবাহিত হইতে থাকে। পাশ্চাত্যের সহিত ভারতের এই বাণিজ্যের মূল — মিশর-দেশীয় গ্রীকগণ। মিশরে টলেমিবংশীয় নূপতিগণ তথন বিশেষ প্রতিষ্ঠানম্পর। তাঁহাদিগের রাজস্বকালে ভারতীয় বাণিজ্য মিশরে বিশেষভাবে প্রতিষ্ঠিত ইইয়াছিল। এনন কি, বাণিজ্য-প্রসারের নিদর্শন-স্বরূপ তাঁহাদের গ্রীকভাষায় ভারতীয় পণ্যের কতকগুলি প্রতিশক্ষ স্থানলাভ করিয়াছিল; যথা,—

বাংলা নাম	• • •	গ্রীক নাম	***	তামিশ নাম।
চাউল	***	ওরিজা		অরিসি
আদক	• • •	জিঞ্জিবার		ইঞ্চিভার
দাক্চিনি	•••	কারপিওন	***	ক রভ

এই নামকরণে বুনা যায়,—গ্রীক-সওদাগরগণ পণ্যদ্রব্যের সহিত পণ্য-দ্রব্যের নাম পর্য্যস্ত অদেশে লইয়া গিয়াছিলেন। এদিকে আবার এতদ্দেশীয় 'যবন' শব্দ গ্রীক-ভাষার 'ইএওনেস'' (Iaones) শব্দের অপজ্রংশ বলিয়া মনে হয়। তংকালে ভারতের বহির্ভাগস্থিত জাতিসমূহ, বিশেষতঃ গ্রীকগণ, ভারতবাসী কর্ত্ত্ব 'যবন' নামে অভিহিত হইতেন। প্রাচীন তামিশ-সাহিত্যেও ঐ 'যবন' শব্দ দৃষ্ট হয়; সেথানে গ্রীক ও রোমান উভয় জ্বাতি 'যবন' নামে অভিহিত।

'ফ্রনগণ' জাহাজে করিয়া মত * শইয়া আসিতেন,—কবি নিকারারের উক্তিতে তাহা পরিব্যক্ত আছে। তামিল ভাষার কবিগণ 'ঘবন' বলিতে সে সময় মিশরদেশীয় গ্রীক-

* ব্লীর মি: পিলে ডামিল-ভাষার একজন বিশেষজ্ঞ বলিয়া অভিহিত। এতংগথকে ওাছার মন্তব্য নিমে উদ্ধৃত করিভেছি; ব্যা,—"The poet, Nikkarar, addresses the Pandyan prince Nan-Maran in the following words:—'O Mara, whose sword is ever victorious, spend thou thy days in peace and joy, drinking daily out of golden cups, presented by thy

গণকেই লক্ষ্য করিতেন,—তিষিয়ে সন্দেহ নাই। তথন একমাত্র গ্রীক সপ্তদাগরগণ মত্ব, তাত্র, কাংস্থা, সীসক, কাচ প্রভৃতি ভারতে আমদানি করিতেন এবং ভারত হইতে লক্ষা, শুপারি, হস্তিদস্ত, মণিমূক্রা এবং মদলিন প্রভৃতি স্বদেশে লইয়া যাইতেন। 'পেরিপ্লাস' গ্রন্থের পরিচয়ে তাহা স্পষ্ট বুঝা যায়। * সে সময় গ্রীক ভিন্ন অন্ত কোনও বৈদেশিক জ্ঞাতি ভারতের সংশ্রবে আগমন করেন নাই; গ্রীক ভিন্ন অন্ত কোনও জ্ঞাতি ভারতে প্রবেশ করে নাই। স্ক্তরাং 'যবন' শদে তাঁহাদিগকেই লক্ষ্য করা হইত, বুঝা যায়।

বন্দরের পরিচয়।

তথন 'মুজিরিস' ও 'বাকার' বন্দর-দ্বয় দক্ষিণ-ভারতে বিশেষ প্রতিষ্ঠাসম্পন্ন। তথন মিশর হইতে ভারতে আদিতে প্রায় চল্লিশ দিন অতিবাহিত হইত। ভারতে আদিয়া বণিকগণ মালবার উপকূলে তিন মাস অবস্থিতি করিতেন; ক্রয়-বিক্রয় সমাপ্ত হইলে, তাঁহারা 'মুজিরিস' পরিত্যাগ করিয়া স্থদেশে প্রত্যাবৃত্ত হইতেন। মিশর হইতে তাঁহারা জুলাই মাসে বহির্গত হইতেন, আর ডিসেম্বর বা জান্ত্রারী মাসে স্বদেশে কিরিয়া বাইতেন।

ভারতের উপক্লস্থ যে সকল বন্দরে তৎকালে মিশরের বাণিজ্য পোত-সমূহ আগমন করিত,—বেথানে তাহাদের পণাসভার বিক্রীত ২ইত, মুদ্রাদির আলোচনায়, সেই সকল বন্দরের কথঞ্জিৎ পরিচয় পাওয়া ঘাইতে পারে।

কালিকটের অধ্থাবৃক্ষের মূলদেশে সংপ্রতি কতকগুলি মুদ্রা আবিষ্কৃত হইয়াছে। কথিত হয়, আলেকজান্তিয়া হততে সমাগত জনৈক পণ্যব্যবসায়ী ধণিক অশ্বথম্লে ঐ সকল মূদ্রা প্রোথিত করিয়া রাথিয়াছিলেন। প্রকাশ,—তিনি ভাবিয়াছিলেন, স্বদেশ হইতে প্রত্যাবৃত্ত হইয়া মূদ্রাগুলি উত্তোলন করিয়া লইবেন। কিন্তু প্রত্যাবর্ত্তনকালে পথেই তাহার লোকান্তর ঘটে। তাই মুদ্রা সেইখানেই রহিয়া যায়।

'পেরিপ্লাস' গ্রন্থেও মিশরের ও ভারতের বাণিজ্য-সংক্রান্ত যথেষ্ট পরিচয় পাওয়া যায়। 'পেরিপ্লাস' গ্রন্থে সমুদ্রবত্তী বন্দর এবং বণিক-সম্প্রদায়ের উল্লেখ আছে। তাহাতে মিশর হইতে ভারতে ও আরবে বাণিজ্যের বিষয় পরিবর্ণিত।

জাষ্টিনিয়ানের রাজত্বকালেও মিশরীয় বাণিজ্য সিংহল ও সকোত্রার পথে চলিতেছিল। কিন্তু তথন সে বাণিজ্যের নেতৃস্থান অধিকার করিয়াছিলেন—আরবগণ। 'পেরিপ্লাসের' মতে, তথন 'মূজা' বন্দর আরবদেশায় পোতপরিচালকগণে এবং বণিকসমূহে পূর্ণ ছিল। কিন্তু তাহা হইলেও, নিশরে টলেনিগণের প্রাধান্ত-সময়ে, মিশরীয় গ্রীকগণই যে প্রধানতঃ বাণিজ্য পরিচালন করিতেন, তদ্বিষয়ে সন্দেহ নাই।

নিশরের ও ভারতের বাণিজ্য-প্রতিষ্ঠার নিদর্শন-স্বরূপ 'অক্সিবিয়াস' নগরে এক স্মৃতি-চিহ্ন আবিস্কৃত হইয়াছে। 'পোপিরাস' থুক্ষপত্রে লিখিত থুষ্টায় দিতীয় শতাব্দীর সেই প্রহ্সনে

handmaids, the cool and fragrant wine brought by the Yavans in their good ships." ওয়েবারের 'ইতিয়ান লিটারেচার' প্রত্থে 'ববন' পদে একিনিগতে লক্ষ্য করিবার বিষয় উলিখিত আছে।

* The Tamils Eighteen Hundred Years Ago, Ch. ill,

চেরিটিয়ন' নামী গ্রীক রমণীর এক আখ্যায়িকা লিপিবদ্ধ আছে। তাহাতে প্রকাশ,—
তিনি কেনারির উপক্লে পোতমগ্রে বিপর্যান্ত হুইয়াছিলেন। তত্রত্য নূপতি এবং তাঁহার
সভাসদ্গণ যে ভাষায় তথন রমণীকে সম্বোধন করিয়াছিলেন, ডক্টর হাল্সের (Dr. Hult-zsch) মতে, সে ভাষা—কেনারি ভাষা।

ট্রেজানের রাজ র কালে বাণিজ্য-ব্যপদেশে ভারতীয় বণিকগণ 'আলেকজান্দ্রিয়া' বন্দরে গ্রিবিধি করিতেন, ডিওক্রিষ্টস তাহা সমর্থন করিয়াছেন।

প্লিনির এন্থে বাণিজ্য-পথের পরিচয়।

প্লিনির গ্রন্থে ভারতের বৈদেশিক বাণিজ্যের এবং বাণিজ্য-পথের পরিচয় প্রাপ্ত হই। তাহাতে বুঝিতে পারি,—মিশর হইতে ভারতে যাইতে বণিকগণ 'ওসেলিসে' অবতরণ করিতেন। 'হিপেলাস' বায়ু অনুক্লভাবে প্রবাহিত হইলে, মাত্র চল্লিশ দিনে ভারতের 'মুজিরিস' বন্দরে পৌছান যাইত।

তথন জলদস্যদিগের বিষম উপদ্রব ছিল। স্তরাং এই বন্দবে কেহ অবতরণ করিত না। মূজিরিস বন্দরে উৎকৃষ্ট পণ্যসন্তারও মিলিত না। পণ্য বোঝাই করিবার স্থানও তীরদ্বেশ হইতে অনেক দূরে ছিল। তাই মাল বোঝাই দিবার জন্ম কৃদ্র নৌকার আবশ্যক হইত। তথন কৈলো ব্রোট্রাস' ঐ অঞ্চলে রাজত্ব করিতেন।

'নেলেইণ্ডি করেস' জাতি যে অঞ্চলে বাস করিত, সেখানে আর একটা বন্দর ছিল। সেই বন্দরে গমনাগমন অধিকতর স্থাবিধাজনক। পল্লীর রাজা পাণ্ডায়েন বাণিজ্যা-কেন্দ্র হইতে কিছু দূরে অবস্থান করিতেন। তাঁহার রাজধানীর নাম ছিল—'মদেইরা' (মাহুরা)। 'মিশরীয়' 'টাইবাস' মাসে বণিকগণ ভারত হইতে স্থাদেশে থাতা করিয়া সেই বংসরেই আবার কিরিতে পারিতেন। 'টাইবাস' মাস—ডিসেম্বর মাসে আরম্ভ হয়।

* বিবিধ।

গ্রীসদেশীয় ভৌগোলিক টলেমি প্রায় চারি শত বৎসর আলেকজান্তিয়ায় অবস্থান করেন। তাঁহার বর্ণনায় প্রকাশ,—উজ্জয়িনী 'টিয়াষ্টেনিস'-এর রাজধানী ছিল। সেথানে হিপকৌড়ায় বেলিওকৌরস রাজত্ব করিতেন। প্রত্নতাত্তিকগণ বলেন,—চয় ও টিয়াষ্টেনিস একই ব্যক্তি। আর, বেলিওকৌরস, তাঁহাদের মতে গৌতমীপুত্র। তিনি ১২৬ খৃষ্টান্দে থহ্ রাটদিগের রাজ্য অধিকার করেন। এ সময়েও বাণিজ্যের যথেষ্ট প্রসার ছিল।

টলেমির ভূগোল-গ্রন্থ রচনার কাল-নির্দেশ স্থকঠিন। ১৬১ খৃষ্টান্দের পর তাঁহার মৃত্যু হয়। সে ক্ষেত্রে ভূগোল গ্রন্থ ১৩০ খৃষ্টান্দের রচনা ধরিয়া লইলেও চগ্ন অধিক দূরবর্ত্তী বলিয়া প্রতিপন্ন হন না। সে ক্ষেত্রেও সামঞ্জন্ম রক্ষিত হইতে পারে। হিপকৌড়া—নাসিকেরই নামান্তর বলিয়া পরিগৃহীত হয়। যাহা হউক, আলেজাক্রিয়ায় অবস্থানকালে টলেমি ভারতীয় বাণিজ্যের নানা তথা লিপিবদ্ধ করেন। তাঁহার গ্রন্থে বাণিজ্যের বিবিধ তথা অবগত হইতে পারি।

নবম পরিচ্ছেদ।

রোমে ভারতের বাণিজ্য।

[রোমে বাণিজ্য-প্রদক্ষ ;—বাণিজ্যে ভারত কর্তৃক অর্থ-শোষণের দৃষ্টাস্ত ;—রোমে ভারতীয় দৃত ; — রোমে ভারতীয় পণ্য ;—হীরকাদি পণ্য-সন্থার ;—স্বর্ণমূল্যে রেশম-বিক্রয় ;— ভারতের বাণিজ্য-পোত ;—ভারতে বৈদেশিক উপনিবেশ ;—বাণিজ্যের অবনতি ;— ভারতের দৈনিক-বিভাগে যবন-দৈয়ত ;—ভারতে যবনের ধর্ম-মন্দির।]

রোমে বাণিজা-প্রসঙ্গ।

ভারত যথন মিশরের সহিত বাণিজ্য-স্ত্রে দৃঢ় আবদ্ধ হইয়া পড়িতেছিল, সেই সময়েই রোম-সমাট অগাষ্টাস, আলেকজা ভারের পরিত্যক্ত-সম্রাজ্ঞার বিচ্ছিন্ন অংশের সংস্কার সাধন করিয়া, একস্ত্রে আবদ্ধ করিতেছিলেন। প্রক্লত-পক্ষে তাঁহার সময় হইতেই ভারতের সহিত রোমের বাণিজ্য সম্মা ক্রমশং দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হইতে থাকে। তাঁহার সময় হইতে নিরোর রাজ্যকাল পর্যান্ত সে বাণিজ্য-প্রসার উন্নতির উচ্চ-চৃড়ায় সমাসীন হয়।

তথন দিরিয়ার অধঃপতন সাধিত হইয়াছে, মিশরও তথন (৩০ পূর্ব্ব-খৃষ্টান্দে) রোমসামাজ্যের অস্তর্ভুক্ত হইয়া পড়িয়াছে। এক্টিয়ামের যুদ্ধের পর গৃহবিবাদের শেষ-চিহ্ন
পর্যান্ত বিলুপ্ত হইয়া গিয়াছে। অগাষ্টাস তথন আপনার সামাজ্যের ভিত্তি দৃঢ়ীকরণে ননোযোগী
হইয়াছেন। অগাষ্টাসের স্থবাস্থার তথন জলদস্যার উৎপীড়ন নিবৃত্ত হওয়ায় বাণিজ্য-পথ
বিস্তৃত প্রশক্ত ও নিরাপদ হইয়াছে;—বাণিজ্যের প্রসার বৃদ্ধি পাইয়াছে।

বাণিজ্যে অর্থ-শোষণ।

রোমসায়াজ্যের এই সমৃদ্ধির দিনে ভারতে কুশন বা শকগণ বিশেষ প্রতিষ্ঠাসম্পন্ন ছিলেন। এক দিকে ভারতে শকগণ, অন্ত দিকে সমৃদ্ধ রোমানগণ—প্রাচ্যের ও পশ্চাত্যের বাণিজ্য-প্রদার বৃদ্ধির পক্ষে বিশেষ প্রশাস পাইতেছিলেন।

রোমের সেই সমৃদ্ধির দিনে, ভারতীয় বিলাস-দ্রব্যের অত্যধিক কাট্তি হইয়াছিল।
তাহাতে রোমের দূরদর্শী বাক্তিগণ বিশেষ শঙ্কান্বিত হইয়া পড়িয়াছিলেন। তাঁহারা অমুযোগ
করিয়াছিলেন,—'এমন এক বৎসরও যায় না, যে বৎসর ভারত কোটি অর্ণ-মুদা শোষণ না
করে। আর সেই অর্ণমুদ্ধার বিনিময়ে শতগুণ মূল্যে শিরজাত বিলাস-দ্রব্য সরবরাহ করিয়া
থাকে। বল্ল, অলঙ্কার ও গন্ধদ্রব্য ক্রয়ে রোমের ধনকুবেরগণ কত অর্থ ই অনর্থক ভারতের
উদর-পূরণে ব্যয় করিতেছেন।' বলা বাছল্য, প্লিনি নিজেই এই অমুযোগ করিয়াছিলেন।

ঐতিহাসিক মনসেনও বাণিজ্যে অর্থশোষণের একটু আভাস প্রদান করিয়াছেন। রোম-সামাজা হইতে প্রতি বংসর কোন্ দেশে কত অর্থ প্রেরিত হইত, তৎপ্রসঙ্গে তিনি দ্বিয়াছেন,—এক কোটী পাউও স্বর্ণমূলার মধ্যে আরব ষাট লক্ষ পাউও এবং ভারত চল্লিশ লক্ষ পাউও স্বর্ণ মূলা গ্রহণ করিয়া বিনিময়ে বিলাস-দ্ব্য প্রদান করিত। ◆

রোম-সাম্রাজ্য হইতে প্রতি বংসর চল্লিশ লক্ষ পাউণ্ডের ভারতীয় পণ্য ক্রয় করা হইত,—ঐতিহাসিকগণের ইহাই সিদ্ধান্ত। বৈদেশিক বাণিজ্যে ভারতের এই অর্থ-সমৃদ্ধির পরিচয় এখন কল্লনা বলিয়া মনে হয়। কি অবস্থায় কি ভাবে ভারতের সে বাণিজ্য-সমৃদ্ধি ধ্বংস-মৃথে পতিত হইয়াছে, মিলের ইতিহাসে তাহার বিবৃতি দেখি। "পৃণিবীর ইতিহাসের" চতুর্থ থণ্ডে তাহার বিশ্বদ জালোচনা প্রাদান করিয়াছি।

রোমে ভারতীয় দৃত।

আগষ্টাদের দিংহাদন-প্রাপ্তির দমর হইতেই রোমের রাজ-দরবারে ভারতীয় দূতের গতিনিধি আরম্ভ হয়। ঐতিহাদিক ট্রাবোর মতে,—২০ পূর্ব্ব-গৃষ্টান্দে রাজা পণ্ডিয়ান, অগাষ্টাদের দরবারে দৃত প্রেরণ করিয়াছিলেন। দৃতগণের মধ্যে একমাত্র 'এপিডাফ নি' জীবিত ছিলেন। ভারতীয় নৃপতি কর্তৃক গ্রীক-ভাষায় লিখিত ওক্থানি পত্র, 'এন্টিওক' দহরে 'নিকোলাদ ডামাদেনাদ' দেই দৃতের নিকট প্রাপ্ত হইয়াছিলেন। ট্রাবো বলেন,—ভারত-প্রেরিত দেই দতগণের মধ্যে নারিগাজার একজন জারমেনোথেগাদ্ (শমনাচার্য্য)—বৌদ্ধভিক্ষ ছিলেন।

হোরেদের 'ওডেসি' এত্থে এই দৃত-সংদের পরিচয় আছে। তদ্যতীত ফ্রোরাস, ডিওন কেসিয়াস, অরোসিয়াস এবং স্কুইটোনিয়াস প্রাকৃতি ঐতিহাসিকগণও দৃত-প্রেরণের উল্লেখ করিয়া গিয়াছেন। ইউসিবিয়সের 'ক্যানন ক্রনিকনের' অনুবাদে হিক্রনিমাসও এই দৌত্যের উল্লেখ করিয়াছেন। সে মতে কাল-সম্বন্ধে মতান্তর (২৬ পূর্ক-খৃষ্টাক্ষ) থাকিলেও ঘটনা-বর্ণনে কোনই ইতর-বিশেষ হয় নাই।

উদ্ধানের রাজত্বকালে ভারতীয় দৌত্যের উল্লেখ কেদিয়াদের গ্রন্থে দেখিতে পাওয়া যায়।
৪১ ও ১০৮ খুঠালে যথাক্রমে দিংহল হইতে ক্রডিয়াদের নিকট এবং এণ্টনিয়াদ পায়াদের
দরবারে ভারতীয় দ্তের উপস্থিতির পরিচয় পাই। কনপ্রাণ্টাইন-দি-গ্রেটের নিকট ভারতীয়
নৃপতি-উপটোকন প্রেরণ করিয়াছিলেন এবং সমাট জুলিয়ানের দরবারে ভারতীয় দত আগমন
করিয়াছিল,—ইউদেবিয়াদ ও মাদে দিনাদ দে সাক্ষ্য প্রদান করিয়াছেন। +

- ভারতবর্গ কর্জুক রোমের এর্থ শোষণ প্রদাসে প্রিনির উজি নিমে উদ্ভ করিতেছি। (Pliny, Historia Naturalis.) রোম সাঞ্জা হউতে কোন্ দেশ কত অর্থ শোষণ করিত, সে আভাসে তাহার কিঞিং পরিচয় পাওয়া বার। মমনেনের দেই মন্তবা; যথা, £1,000.000 of which £600.000 went to Arabia and £400,000 to India."—See Mommsen's Provinces of the Roman Empire. Vol II pp. 299 3 10, "পৃথিবার ইতিহাস" চতুর্থ থণ্ডের ৬৯ ৭০ পৃঠায় মিলের উজি এব: ভারতের বাণিকা হানির প্রস্কু জাইবা।
- এওংপ্রাক্তর আলোচন। নিয়লিখিত এখ-সমূতে পরিদৃষ্ট হয়; যথা, (१) Strabo, xv. (2) Florus, Epitome of Roman History; (3) Dion Cassius, History of Rome; (4) Ocosius, History of Roman Empire; (5) Eusebius De Vita Constant,

পাশ্চাত্যের সহিত প্রাচ্যের এই সম্বন্ধ-স্থাত্রের কয়েকটী কারণ প্রদর্শিত হয়। তন্মধ্যে রাজনৈতিক কারণই প্রধান এবং মূলীভূত। তথন পার্থিয়ান ও সাসানিয়ান দিগের উপদ্রব হুটতে বাণিজ্ঞা-পথ রক্ষা-কলে রোমসমাট্গণ কুশন অর্থাৎ শকদিগের সহিত বন্ধুত-স্থাপনে বাধ্য হুটয়াছিলেন। মার্ক এণ্টনি হুটতে জাষ্টিনিয়ান পর্যাস্ত (৩০ পূর্ব্ধ-খুষ্টান্দ হুটতে ৫৫০ খুষ্টান্দ গ্রাস্ত) এই সোহার্দ্য-সম্বন্ধ অক্ষ ছিল। রোমান জেনারেল করবুলো যে ৬০ খুষ্টান্দে হির্কেনিয়ার দুতগণের রক্ষক-কপে ভারতে আগমন করেন, সে সেই প্রীতি-সম্বন্ধেরই নিদর্শন। •

অতঃপর হিপ্পালাস কর্তৃক ভারতীয় ঋতু-সমূহের নিয়মান্থবর্ত্তিতার বিষয় আবিষ্কৃত হইলে, পাশ্চাত্যের বাণিজ্য-প্রসার আরও বৃদ্ধি প্রাপ্ত হয়। ৪৭-খৃষ্টাব্দে হিপ্পালাস নামক জনৈক নাবিক, ভারতীয় জলবায়ুর এই বিশেষত্ব উপলব্ধি করেন। তথন হইতে বরাবর মালবার উপকলে 'মূজিরিস' (মূইরিকোলু) বন্দরে বাণিজ্ঞা-তরণী আসিতে থাকে। সেই সময় হইতে আর আরবের পথে পণ্যসন্থার প্রেরণের আবশ্যক হয় নাই; স্কভরাং আরবগণ কর্তৃক পণ্য-লুগুনের কোনও আশক্ষাও তথন আর কিছুই ছিল না।

* রোমে ভারতীয় পণা।

পাশ্চাতোর সহিত ভাবতের বাণিজ্য-বাগোরে প্রধানতঃ বে সকল দ্রব্য ভারতু হইতে রপ্তানি হইত, তন্মধ্যে (১) নশলা ও গন্ধদ্রব্য, (২) মক্তা ও বৃত্যুলা প্রস্তরাদি এবং (৩) রেশম, মসলিন ও জ্লা স্ক্রিপ্রান । নিতা-নৈমিত্তিক কিয়াকলাপে—ধ্যা-ক্রেল্ড এবং অন্ত্যেষ্টিক্রিয়ায় রোমে প্রচুর প্রিমাণে স্প্রাক্তিন ব্যায়ত হইত। ক্থিত হয়, সিলার সমাধি-শ্যারে উপরিভাগে ২১০ বোঝা মসলা ও গন্ধদ্রব্য স্থাপিত হইয়াছিল। পত্নী প্রোয়ার অন্ত্যেষ্টিতে রোমস্থাট নিরো পূর্ণ এক বংসরের উৎপ্রজ্যত, 'কাসিয়া' নামক স্থান্ধ-মসলা ও দাক্তিনি দগ্ধ করিয়াছিলেন।

ভারতের পণা-সভার তথন আরবের পথে রোমে পৌছিত। আরবগণ ভারতবাসীর নিকট হুটতে গৃন্ধাদি ক্রয় করিয়া রোমে বিক্রয় করিত।

ঐতিহাসিক প্লিনির গ্রন্থে ভারতীয় লঙ্কার ও আদার উল্লেখ আছে। তথন ভারত হইতে লঙ্কা ও আদা প্রচুর পরিমাণে রোমে রপ্তানি হইত। প্লিনি বলেন,—রোমকগণ লঙ্কা ও আদা এতই ভালবাসিতেন যে, তাঁহারা ঐ হুই দ্রব্য স্থর্ণ ও রোপ্যের ওজনে ক্রয় করিতেন।

রোমের ভারতীয় বাণিজ্য কারাকাল্লার সময় হইতে হ্রাস হইয়া আসে। তার পর বাইজা-ভট্টিন রাজ্যণের সময় বাণিজ্যের প্রসার কথঞিৎ বুদ্দি হয়। মুদ্রাদির অবস্থিতির বিষয় আলো-

^{*} Vide Rawlinson's Pathra. 271. রোমক্দিগের সহিত ভারতের সহক্ষের পরিচয়-ত্তা সহক্ষে গ্রেছ গ্রেছ নিয়ন্ত্র সহক্ষে গ্রেছ গ্রেছ নিয়ন্ত্র সহক্ষে গ্রেছ গ্রেছ গ্রেছ নিয়ন্ত্র সহক্ষে স্থা,—"From the time of Mark Antony to the time of Justinian, i.e. from 30 B C. to A. D. 550 their political importance as allies against the Parthians and the Sassanians and their commercial importance as controllers of one of the main trade-routes between the East and the West made the friendship of the Kushans or the Sakas who held the Indus Valley and Bactria, a matter of the highest importance to Rome."—Bombay Gasetteer, Vol. I. Part I. p. 490.

চনায় প্রতিপন্ন হয়,—দে সময়ে লঙ্কার এবং মশলার বহুল প্রচলন ছিল। কথিত হয়,—৪০৮ খুষ্টান্দে এলেরিক যথন রোমকে বৈদেশিক উপদ্রব হুইতে রক্ষা করেন, সে সময়ে তিনি কর-স্বরূপ তাঁহার অংশে তিন সহস্র পাউও মূল্যের লঙ্কা প্রাপ্ত হুইয়াছিলেন। ১

সে সময়ে একমাত্র মালবারের উপকূলেই প্রচুর পরিমাণে লঙ্কা উৎপর হইত। তথন যে যে বন্দর হইতে লঙ্কা রপ্তানি হইত, 'পেরিপ্লাস' এন্থে তাহার উল্লেখ আছে। তাৎকালিক লঙ্কা-রপ্তানিকারী বন্দর-সমূহের মধ্যে মুজিরিস, টিণ্ডিস, নেলকিন্দা এবং বেকার সর্ব্ধপ্রধান। যে সকল জাহাজে লঙ্কাদি রপ্তানি হইত, তাহার আরুতি-আয়তনও অনেক বড় ছিল।।

ঐতিহাসিক মমসেনের গ্রন্থেও ভারতীয় বাণিজ্য প্রসারের যথেষ্ঠ প্রমাণ বিজ্ঞান। মমসেন ভারতজ্ঞাত পণ্যের, বিশেষতঃ লঙ্কার ও আদার, বহুল রপ্তানির এবং তাহার মহার্ঘ্যতায় উল্লেখে সোণার ওজনে লঙ্কার ওজনের বিষয়ও লিপিবদ্দ করিয়াছেন। ‡

হীরকাদি প্রা-সন্থার।

মসলাদি ভিন্ন, রোম-সামাজ্যে ভারতজাত বহুন্ত্য প্রস্তরাদি (হারক প্রস্তৃতি), মণি-মুক্তা এবং ধাতব পদার্থেরও প্রচুর কাট্তি ছিল। প্রস্তরাদির মধ্যে রোমানগণের নিকট পানা অধিকতর আদরের আমএন ছিল। কৈলাটুর জেলার 'পদিউব' পানার জন্ত স্বিশ্বে প্রসিদ্ধি-সম্পন্ন। পদিউর ভিন্ন অন্ত কোথাও ঐ ধাতু (পানা) পাওয়া হাইত না। সালেমের অন্তর্গত ভানিরাধিদি নামক স্থানে সামান্ত পরিমাণে পানা পাওয়া হাইত। কথিত হয়, সেথানে একটা খনি ছিল। বিভিন্ন সময়ের রোমীয় মূলা ঐ সকল স্থানে সচরাচর প্রচুর পরিমাণে পাওয়া গিয়ছে।

তথন ভারতে তিনটা পান্নার থনির পরিচয় পাওয়া যায়। উহাদের একটা পুনাটে, একটা পদিউরে বা পাত্তিয়ালিতে এবং অপরটা ভানিয়াম্বাদিতে অবস্থিত ছিল। মহীশূরের দক্ষিণ-পশ্চিমে কাবেরী নদীর শাখা কাবেনীর তীরবর্ত্তী কিন্তুরের সন্নিকটে পুনাটের এবং কৈম্বাটুর সহরের ৪০ মাইল পূর্বের দক্ষিণ-পূর্বের দিকে পদিউর বা পত্তিয়ালীর স্থান নির্দিষ্ট হয়। ১৮২০ খুষ্টান্দ পর্যন্ত এই থনি হইতে পান্না উত্তোলনের প্রমাণ পাওয়া যায়।

সালেম জেলার কোলার স্বর্থনির অনতিদ্রে উত্তর-পূর্ব কোণে তানিয়াম্বাদি অবস্থিত।
পূর্ব্বোক্ত থনি-সম্হের চতুঃপাশ্ববর্ত্তী ভূভাগে প্রাচীন রোমদেশীয় মূদ্রার বাহুল্য-দর্শনে অনেকে
অনুমান করেন,—তথন মণিমাণিক্যের ব্যবসায় বহুলভাবে প্রচলিত ছিল। রোমায়গণ যাহাকে
'কোরাণ্ডাম' বলিয়া অভিহিত করিতেন, সেহ কোরাণ্ডাম ধাতু সালেম ও কৈমাটুরে প্রচুর
পরিমাণে পাওয়া বাইত। ইউরোপে ঐ ধাতুব এবং তাহার 'কোরাণ্ডাম' নামের বহুল
ব্যবহার পরিদৃষ্ট হয়। ভারতীয় রল্লাদি যে প্রাচীনকালে ইউরোপীয়গণ প্রচুর পরিমাণে
ব্যবহার করিতেন, এতদ্বারা তাহাই সপ্রমাণ হয়।

- * Gibbon's Decline and Fall of the Roman Empire.
- † McCrindle's Ancient India. p. 121.
- ‡ 'পেরিপ্লান' গ্রন্থে ইহার বিশ্বত বিবরণ এইবা। Periplus of the Erythræan Sea, Chapter Lvii,

বাণিজ্যে অবনতি।

রোম-সরাট নীরোর পরলোকগমনের পর কারাকালার অভ্যুদয় পর্যান্ত সময়ের মধ্যে ভারতীয় বাণিজ্যের অবনতি সজ্যটিত হইয়াছিল। আর সে সময়ে, নীরোর মৃত্যুর পর, বিলাস-দ্রব্যের অর্থাৎ স্থান্ত-দ্রব্য, মশলা, পিপ্লল প্রভৃতির ব্যবসা বন্ধ হইয়া যায়। তথন, কেবলমাত্র নিত্য-ব্যবহার্যা আবগ্রক-দ্রব্যের অর্থাৎ স্তার ও স্ত্র-বন্ধাদির বাণিজ্য চলিতে থাকে।

ভেম্পেনিয়ানের রাজত্ব-কালে রোমের সানাজিক প্রথার বিবিধ পরিবর্ত্তন সাধিত হয়। নেরিভেলের বর্ণনায় প্রকাশ,—'ত্যন প্রেবিয়ান ও প্রভিন্দিয়ালদিগের আচার-নিয়ন এবং সরল জীবনযাপন, উচ্চ শ্রেণীর বিলাস-ব্যসনের অন্তরায় হুইয়া পড়ে। সেইজগুও ভারতীয় বাণিজ্যের কৃত্রকটা অবনতি সাধিত হয়।

কারাকালার রাজহ-কালে, ২১৭ গৃষ্টাদের মধ্যে, বহিঃশক্রর আক্রমণে ও গৃহ-বিবাদে রোম-সাম্রাজ্য বিপধ্যক্ত হইয়া পড়ে। তথন বোমকদিগের আর্থিক অবস্থারও অবনতি ঘটে। তাই ভারতে তাৎকালিক রোমক-মন্নার অপ্রাচুয়া পরিলক্ষিত হয়।

পরে বাইজান্টাইন নৃপতিগণের রাজ্যকালে ভারতীয় বাণিজা আর একধার উন্নতির পণে আগ্রাসর হইতে থাকে। তথন বহুমূল্য প্রস্তরাদি, কার্পাস-বস্ত্র এবং মস্লিন প্রভৃতি পুরের আয় সমৃদ্ত না হইলেও পিপ্লল ও স্থান-দ্রব্য দক্ষিণ ভারত হইতে পুরুর পশ্চিমে স্বর্ রপ্তানি হইত।

এই সময়ে ভারতে ছুই প্রকার মূদা দেখিতে পাই। দক্ষিণ ভারতের মাছ্রা জেলারই তাহার সংখ্যা অবিক। উভয়ই তার-মূদা। কিন্তু বিশেষত্ব এই যে,—একটা অপরটা অপেক্ষা আকারে বুহং। বুহদাকারের তায়-মূদাগুলি রোম হইতে আনীত; আর ক্ষ্ দাক্তির মূদা রোমীয়গণ কতৃক ভারতেই প্রস্তুত হইত। সূত্রাং বুঝা গায়, তথন ভারতের টাকশাল প্রতিষ্ঠান্থিত হইয়াছে।

ভারতের দৈনিক-বিভাগে যবন-দৈয়।

মুদ্রার এই বিশেষত্ব দৃষ্টে পণ্ডিতগণ স্থির করেন,—যথন রোম-সাম্রাজ্য বহিঃশক্রর আক্রমণে বিধ্বস্ত হইতেছিল, তথন রোম-সাম্রাজ্যের বাণিজ্য-বিভাগের প্রতিনিধিগণ বাণিজ্যের জ্ঞীর্দ্ধির জন্ম দক্ষিণ-ভারতের উপকূল-প্রদেশে বাণিজ্য-বন্দর-সমূহে বসবাস আরম্ভ করেন।

সেই স্থান্ত বহু সংখাক ঘবন বা রোমক সৈন্ত ভারতীয় হিন্দু নৃপতিগণের সৈনিক দলে কশ্ম করিতে বাব্য হইয়াছিলেন। তামিল-ভাষার গ্রন্থ-সমূহে সেই সকল সৈনিকের কার্য্য-দক্ষতার বিবিধ দৃষ্টান্ত বহুমান দেখি। ঘবন-সৈন্ত তামিল রাজগণের শরীর রক্ষক নিযুক্ত হইতেন, যবন-দেশের বাণিজ্য-পোত-সমূহ 'মুজিরিস' বন্দরে ভারতীয় পণ্য গ্রহণ করিত—এবন্ধিধ উক্তিও প্রত্নতন্ত্রবিদ্যাণের গ্রন্থ-পত্রে প্রিদৃষ্ট হয়।

মিটার কনকভাই পিলে তাঁহার '১৮০০ বংসর পূর্ব্বের তামিল গ্রন্থে' বৈদেশিক সৈন্তের নিয়োগ-সম্বন্ধে যে মন্তব্য প্রকাশ করিয়াছেন, এতংপ্রসঙ্গে তাহা প্রণিধানযোগ্য। তাঁহার গ্রন্থে দেখিতে পাই,—'পাণ্ড্য এবং তামিল রাজগণের সৈনিক বিভাগে রোমক সৈন্ত নিযুক্ত হইয়াছিল; পাণ্ড্য-রাজ 'আয্যপ্লদইকদম্বনেত্নজ চেলিয়ানের' রাজস্ব-কালে রোমীয় সৈন্তগণ মাত্রার রাজ- প্রাসাদের সিংহদারে প্রহরীর কার্য্যে ব্রতী ছিল ;—এইরূপ নানা প্রমাণ প্রাপ্ত ১৯। এতদ্যতীত মেচ্ছ দৈনিক কতুক হর্গ-রক্ষা, অস্তঃপুর-রক্ষা প্রভৃতির বিবরণও তামিল গ্রন্থে পরিদৃষ্ট হয়। *

'চিলাপত্তিকরম' নামক তামিল-গ্রন্থে পাণ্ডারাজ চেলিয়ানের সৈঞ্চদলে যবন-সৈঞ্চের উল্লেখ দেখি। 'মুলাইপাড ডু' নামক আর একখানি তামিল কাব্য-গ্রন্থে তাৎকালিক তামিল নৃপত্তির শিবিরের বর্ণনা দেখিতে পাই। কিরুপে লোহ-শৃন্ধালে শিবির পরিবেষ্টিত ছিল, বস্তের দারা কি ভাবে শৃন্ধাল-সহযোগে শিবির নির্মিত হইয়াছিল, আর সেই শিবির রক্ষার জন্ম কি ভাবে যবন (মেচ্ছ) সৈন্ম নিযুক্ত হইত—সে গ্রন্থে সে পরিচয় বিশ্বমান।

পূর্ব্বোক্ত তামিল কাব্যে তাহার নিমন্ত্রপ বর্ণনা পরিদৃষ্ট হয়,—শিবিরের প্রতিদিকে ছুইটা করিয়া কেন্বিদের প্রাচীর। লোহ-শৃন্ধালে তাহা আবদ্ধ ছিল। বলশালী দ্বনগণ সেই শিবির রক্ষা করিত। তাহাদের ককশ-দৃষ্টিতে মনে ভীতির সঞ্চার হইত। তাহাদের লম্বা এবং ঢিলা পরিক্ষদাদি, কোমর-বন্ধের দারা কোমরে দৃঢ় আবদ্ধ থাকিত। তাহারা স্কাদা অস্ত্র-শস্ত্রে স্থিতিত ছিল। সারারাত্রি স্ক্সজ্জিত শেচ্ছে-দৈশ্য শিবিরের চারিদিকে ঘুরিয়া প্রহরীর কার্যা করিত। তাহারা রাজ-অশুঃপুরেও প্রহরীর কার্যা নিস্কু হইত। ‡

ভারতে যুবনের ধুমা-মণ্ডির।

রোমের সহিত ভারতের সোহাদ্য-বন্ধনের আর এক নিদর্শন—মুজিরিস বন্ধরের ধ্রা মন্দির। কথিত হয়, ঐ মন্দির রোম-স্থাট অগাষ্টাসের নামে উৎস্গীকত হইয়াছিল। যবন এবং অস্তান্ত বৈদেশিক সৈতা সে মন্দির রক্ষা করিত।

শৃজিরিস ব্যতীত আরও কয়েকটা বাণিজ্য-বন্দরের পরিচয় ঐতিহাসিকগণ প্রদান করেন।
সেই সকল বন্দরেও বৈদেশিকগণ উপনিবেশ স্থাপন করিয়া বসবাস আরম্ভ করিয়াছিলেন।
কবেরী নদীর উত্তর-শাখার মোহানায় বৈদেশিক উপনিবেশ 'কবিরিপড্ডিনম্' বা পুকার তংকালে সবিশেষ প্রসিদ্ধিসম্পন্ন ছিল। কিন্তু তএতা সহর ও পোতাধিষ্ঠানের চিহ্ন পয়্যন্ত এখন আর বিশ্বমান নাই। সেখানেও মন্দিরের বিশ্বমানতা সপ্রমাণ হয়।

তামিল কবি ধবনগণের মন্ত, তাহাদের আলো ও জালবালের যে বর্ণনা প্রদান করিয়া গিয়াছেন, নীলগিরি অঞ্চলে প্রাপ্ত মিশ্র-ধাতু-নিন্মিত তৈজসাদি হইতে তাহা বিশিষ্ট্রপে সপ্রমাণ হয়। 'পেরিপ্লাস' গ্রন্থের বর্ণনায়ও এই স্কল বাতুপাত্রের পরিচয় স্রিধিষ্ট আছে। §

যাহা হউক, ভারতে উপনিবিষ্ট বৈদেশিকগণ প্রণত্তিকালে বৈদেশিক বাণিজ্যে যে বিশেষ ক্ষতিত্ব প্রদর্শন করিয়াছিলেন, ইতিহাসে সে প্রমাণের অসন্থান নাই।

- · Encyclopaedia Brittannica, Vol. XI, p 459. Tod's Western India, p. 221.
- † Early History of India by V. A. Smith, p 444.
- ‡ Mullaipaddu, II. 59-66 and in Mr. Pillai's. The Tami's Eighteen Hundred years ago, Ch. III.
 - § The Early History of India, p. 444. 임-호 나니->২

मन्भग भतिरुह्म ।

সাহিত্যে বাণিজ্য-প্রদঙ্গ।

[বেদাদিতে বাণিজ্যের কথা ;—প্রাচীন-সাহিত্যে 'রোমক'-প্রসঙ্গ ;—পালি-গ্রন্থে 'রোমক' পরিচয় ;—বাণিজ্য-প্রসঙ্গে খাবেরিজ বন্দর ;—ভারতের আলোক-গৃহ, জেটি প্রভৃতি ;—ভারতে বৈদেশিক শিল্পী ;—উপসংহার।]

বেদাদিতে বাণিজ্যের কথা।

পৃথিবীর এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত ভারতের বাণিজ্য প্রভাব বিস্তৃত ছিল,—যেমন মৌদ্রিক প্রমাণ হইতে তেমনি বিভিন্ন দেশের প্রাচীন গ্রন্থ-পত্র হইতে তাহা সপ্রমাণ হয়।

বেদে যথন বাণিজ্য-প্রসঙ্গ দেখি, সমুদ্-যাত্রার বর্ণনা পাঠ করি, তথন দূর অতীতকালে ভারতের বাণিজ্য প্রভাব উপলব্ধ হয়। বেদ—পৃথিবীর আদি। স্কৃতরাং আদিকাল হইতে ভারতবর্ষের বাণিজ্য পর্বত্র প্রতিষ্ঠিত ছিল, বুঝিতে পারি।

পুরাণাদি শাস্ত্র-গ্রন্থে ভারতীয় বাণিজ্যের ও বণিকগণের যে পরিচয় বিজ্ঞমান রহিয়াছে, তাহাতে বর্ত্তমান কালের অস্ততঃ পাচ সহস্রাধিক বৎসর পূর্ব্বের বিবরণ প্রাপ্ত হই। যাহা হউক, সেই দূর অতীতের প্রসঙ্গ পরিত্যাগ করিয়া, আধুনিক প্রাচা ও পাশ্চাত্য জাতির পুরাতত্ত্বের প্রতি দৃষ্টিপাত করিলে যে নিদর্শন প্রাপ্ত হই, তাহা প্রদর্শনের প্রয়াস পাইতেছি।

প্রাচীন-সাহিত্যে 'রোমক'-প্রসঙ্গ।

সংস্কৃত-ভাষার প্রাচীন সাহিত্যের প্রতি লক্ষ্য করুন; পালি-ভাষার প্রাচীন গ্রন্থ-সমূহের প্রতি দৃষ্টিপাত করুন; তামিল-ভাষার প্রাচীন কাব্য-সমূহের অভ্যন্তর জনুসন্ধান করুন; দেখিবেন—সেথানেও সেই স্থৃতি উজ্জ্বল হইয়া আছে; দেখিবেন—সেথানেও কেমন ভাবে সে কালে ভারতীয় বণিকগণের বাণিজ্যের পরিচয় প্রকটিত রহিয়াছে।

সংস্কৃত ও তামিল সাহিত্যে 'রোমক' শব্দের উল্লেখ বছত্র দৃষ্ট হয়। পৈতামহ-সিদ্ধান্ত, বাসিষ্ঠ্য-সিদ্ধান্ত, হুর্যা-সিদ্ধান্ত, পৌলস-সিদ্ধান্ত ও রোমক-সিদ্ধান্ত—প্রভৃতি জ্যোতিষ-সিদ্ধান্ত গ্রন্থে (রোমক' পদের পুনঃপুনঃ উল্লেখ আছে। 'রোমক-সিদ্ধান্ত' নামকরণ রোমকদিগের নামের অনুসারেই হইয়াছিল। ঐ সকল গ্রন্থে রোম কখনও 'মহাপুরী' রূপে, কখনও বা 'বিষয়' রূপে পরিবর্ণিত হইয়াছে। যথা,—

"যমকোটীপুরীলঙ্কা রোমকা: সিদ্ধিদা: ক্রমাৎ।"—বাসিষ্ঠ্য-সিদ্ধান্ত।
"পশ্চিমে কেতুমালাখ্যে রোমকাখ্যা প্রকীর্ত্তিতা।"—স্থ্য-সিদ্ধান্ত।
বরাহমিহিরের 'পঞ্চিদ্ধান্তিকা' এবং 'রুহৎ-সংহিতা' গ্রন্থেও 'রোমক' পদের উল্লেখ দেখিতে

পাই। 'পঞ্চসিদ্ধান্তিকার' মতে, লঙ্কার যথন স্থর্য্যোদয়, রোমকে তথন অর্দ্ধ-রাত্রি, এবং 'বৃহৎ সংহিতার' মতে রোমকগণ চন্দ্রের প্রভাবে বসতি করেন,—এইরূপ উক্তি দেখি; যথা,—

"উদরো বো লঙ্কারাং · · বোমক বিষয়েহ র্দ্ধরাত্রঃ সঃ।"—পঞ্চ সিদ্ধান্ত।
"গিরিসলিল চূর্ণকোশলভরুক চ্ছসমূদ্রোমক তুথারাঃ।"— সূর্য্য সিদ্ধান্ত।

* • •

পালি-গ্রন্থে 'রোমক' পরিচয়।

পালি-ভাষার পিটক' গ্রন্থেও রোমক পদের উল্লেখ আছে। সেথানে রোমক—'রোমকজাতক' নামে অভিহিত। বৌদ্ধতিক্ ও রোমক প্রোহিতের পার্থকা সেন্থলে প্রদর্শিত
হইয়াছে। প্রাচীন তামিল সাহিত্যে, ভারতীয় বন্দর-সমূহের পরিচয়ে, বৈদেশিক বাণিজ্যের
এক স্থানর চিত্র প্রকটিত। বন্দরাদির আয়তন ও সমৃদ্ধির চিত্র তামিল-গ্রন্থসমূহে অন্ধিত
রহিয়াছে। তাহা হইতে সমগ্র 'তামিলিকামে' আন্তর্জাতীয় জীবনের এক জীবস্ত আদর্শের
পরিচয় পাওয়া যায়।

'মুচিরি' বন্দর সমুদ্রের তীরে, পেরিয়ার নদীর মোহানায়, অবস্থিত ছিল,—'এরুকাড্ডুর তারান্ কাঝানার-আকাম' তামিল-কাবো সে পরিচয় বিজ্ঞমান। কবি লিখিয়াছেন,—'ম্চিরি উন্নতিশীল নগরঁ। সেথানে ঘবনগণের স্কৃষ্ট অর্ণবপোত-সমূহ গতিবিধি করিত। সেই অর্ণবপোতে তাহারা স্বর্ণ আনয়ন করে এবং স্বর্ণের বিনিময়ে লঙ্কা-মরিচ লইয়া প্রত্যাবৃত্ত হয়। অর্ণবপোতের গতিবিধি-স্ত্রে চেরল-রাজ্যের পেরিয়ার-বক্ষ খেত উর্দ্মিমালায় তরঙ্গায়িত থাকিত। বাণিজ্যে তত্রত্য অধিবাসী বিশেষ সমৃদ্ধিশালী হইয়াছিল।' ৬

^{*} পূৰ্ব্বৰত্তী পরিছেদোক্ত ধাতু পাত্রাদির আলোচনার ভিজেট মিধ বলিয়াছেন,—"The poems tell the Importation of Yavana wines, lamps, and vases, and their testimony is confirmed by the discovery in the Nilgiri megathilie tombs of numerous bronze vessels similar to those known to have been produced in Europe during the early centuries of the Christian era, and by the statements of Periplus." 'কাছেরীপড়ডনম' বন্দর গৃহীয় তৃতীয় লভান্দীর প্রারভেই ধ্বংসমূথে পভিত হয়, – মি: এস. কে, আরেকারের উহাই অভিমত। স্ক্রিরিস বন্দরে অপাষ্টাসের সন্দির দশ্বে বিভ্ত-বিবরণ 'কেশ্বিল এণ্টিকোলারিয়ান দোলাইটিন কমিউনিকেশনদা (Cambridge Antiquarian Society's Communications, Vol. V) अरह छहेना। डेक्ट अरहत अरुशनि मानिहास मन्मित्तत स्रोप ৰেখা দৃষ্টে পৰিভাগৰ এই বিদ্ধান্তে উপনীত ত্বন, "The temple of Augustus at Muziris is indicated on the map by a rough sketch of a building marked 'temple Augusti' Inserted besides Muziris. The identification of Muziris with Cranganore is well established." পেঞ্লিদ কছে ভারতীয় বৈদেশিক বাণিজ্ঞার বিবর পুঝামুপুঝারণে আলোচিত আছে। বে বে দ্ৰবা ভারতে আমদানি রপ্তানি হইড, ভাহাও দেখানে দৃষ্ট হয়। রোমীয় বাণিজ্ঞাপোডের আয়তন প্রভূতির পরিচরও দেখানেই প্রাপ্ত হই। 'পেরিপ্লাদ' বলেন,—"Ships which frequent these ports are of a large size, on account of the great amount and bulkiness of the pepper and malabathrum of which their lading consists."-The Tamils Eighteen Hundred Years Ago. pp. 16, 25, 31, 36, 38 etc.

'ওয়ারাণার প্রম' কাব্য-রচয়িতা 'মৃচিরি' সম্বন্ধে যে সাক্ষ্য প্রদান করিয়াছেন, তাহাও ভারতের বাণিজ্যোয়তির অল্প পরিচায়ক নহে। সে গ্রন্থে দেখিতে পাই,—মৃচিরি বন্দরে ধাক্তের বিনিময়ে মৎস্থ পাওয়া যাইত। বিকেয় জব্যের বিনিময়ে অর্ণবপোত হইতে স্বর্ণ মিলিত। পণ্যের বিনিময়ে যে স্বর্ণ পাওয়া যাইত, মুচিরি বন্দরে তাহা বজরায় করিয়া নামান হইত। এই বন্দর বণিকগণের কলকলোলে সর্বান ম্পরিত থাকিত। রাজা কৃড্ডবন, বৈদেশিক আগস্তক্ষদিগকে ত্রন্থাপ্য পাক্ষতীয় ও সাম্দ্রিক সামগ্রী—বহুমূল্য প্রস্তর এবং ম্প্নিণ্ডা প্রভৃতি—উপচৌকন প্রদান করিতেন।

বাণিজ্ঞা-প্রসঙ্গে খাবেরিজ বন্দর।

প্রাচীন তামিল কাব্যে আর একটা বন্দরের পরিচয় পাওয়া যায়। সে বন্দর—'কবিরি পদ্রিনাম।' ঐ বন্দর 'পেরিপ্লাস' গ্রন্থে 'কামারা' এবং টলেমির গ্রন্থে 'থাবেরিজ্ঞ' নামে পরিচিত। গ্রন্থান্তরে আবার উহা 'প্কার' নামেও অভিহিত হইতে দেখি। কাবেরী-নদীর তীরে অবস্থিত বলিয়া উহার নাম—'কবিরিপডিডনাম' হয়:—প্রত্নত্ত্ববিদ্গণ এই অভিমত প্রকাশ করিয়াছেন। •

কথিত হয়,—ঐ বন্দরের শ্রীসমৃদ্ধির দিনে কাবেরী অধিকতর প্রশস্ত ওঁ গভীর ছিল। পালভরে পরিচালিত অব্বিপোত-সমূহ তথন ঐ বন্দরে অনায়াসে গতিবিধি করিতে পারিত। কবিরি পড়িনাম তখন চই ভাগে বিভক্ত ছিল। সমৃদ্তীরবর্ত্তী অংশের নাম হইয়াছিল— 'মারভারপাক্কাম'। সে সময় এই বন্দর বিশেষ প্রতিষ্ঠাপন্ন হইয়াছিল। নানা দেশ হইতে ব্যিক্গণ তথন বন্দরে গতিবিধি করিতেন। বিবিধ পণ্যসন্তারে বন্দর শোভিত ছিল।

থাবেরিজ' বন্দরে বৈদেশিক বণিকগণের উপনিবেশ ছিল। বিভিন্ন-ভাষাভাষী বণিকগণ সমুদ্র অতিক্রম করিয়া, এই বন্দরে আসিয়া উপনিবিষ্ট হইয়াছিলেন। কত বিভিন্ন প্রকৃতির ব্যবসায়ীই তথন এ বন্দরে বসবাস করিতেন! কেই বা স্থগদ্ধ-দ্রব্য বিক্রয় করিত; কেই বা

 ^{&#}x27;ধাবেরিজ' ভিন্ন ভারতের 'ম্ভিরিস' প্রভৃতি ক্তাত বেলরের প্রাকৃত্বিই উক্ত হইরাছে। ধাবেনিজ
বন্দর এক সময়ে বিশেষ সমৃত্যিশশান্ন ছিল,—এই সময়ে এই বন্দরই বাণিজ্ঞার কেন্দ্র মধ্যে পরিগণিত হইরাছিল।
বন্দরের এই সমৃত্যি স্থাকে ঐতিহাসিক সমসেন বে মতাবা প্রকাশ করিয়াছেন, তাহা নিয়ে উভ্ত হইল; যথা, –

[&]quot;In the Flavian period in which the monsoon voyages had already become regular, the whole west coast of India was opened up to the Roman merchants as far down as the coast of Malabar, the home of the highly esteemed and dear priced pepper for the sake of which they visited the ports of Mushis (probably Mangalura) and Nelcyndra (in Indian doubtless Nilkantha from one of the surnames of the God Siva, probably the modern Nileswara). Somewhat farther to the South at Kavanor, numerous Roman gold coins of the Julio-Claudian epoch have been found, formerly exchanged against the spices destined for the Roman kitchen."—Mommsen, Provinces of the Roman Empire, Vol. II, p. 301.

ছুল ও ধূপ-ধূনা বিক্রয় করিত; কেহ বা রেশম. পশম ও তুপার দ্রব্যে কারুকার্য্য করিত; কেহ বা চন্দন, চুনী, পান্না ও স্বর্ণ-রোপ্যাদির ব্যবসায়ে নিযুক্ত ছিল; কেহ বা থাছ-দ্রব্যাদি ক্রম্ববিক্রয় করিত। ফলতঃ, চিত্রকর, স্থ্রধর, কুন্তকার, স্বর্ণকার, কারুকার—সে বন্দরে কোনও শ্রেণীর লোকেরই অভাব ছিল না।

'কবিরিপজ্জিনাম' বন্দরের বিপণীতে বিদেশাগত যে সকল জুবোর ক্রয় বিক্রয় হইত, 'পজ্জিনাপালাই' তামিণ গ্রন্থে তাহার উল্লেখ দেখিতে পাই। সে মতে, দূর সমুদ্র বাহিয়া বণিকগণ অন্ধাদি আনয়ন করিতেন; পোতপূর্ণ পিপ্লল, উত্তরদিকের পার্ব্বতিদেশের অ্বপ্র বহুমূল্য প্রস্তরাদি, পশ্চিম-দেশের চন্দন, দক্ষিণ-সাগরের মুক্তা এবং পূর্বি-সাগরের প্রবাল 'কবিরিপজ্জিনামের' বিপনীতে বিক্রীত হইত। 'ইলাম' বা লঙ্কা দ্বীপ ইইতে এবং 'কালাকাম' বা বন্ধদেশ হইতে এই বন্ধরে স্বর্জা। পণ্য-দ্রনা আমদানি-রপ্তানি ইইত। ব

ভারতে বৈদেশিক শিল্পী।

কিবিরিপড়িনাম' নগরে চোল-রাজগণের যে অটালিকা প্রস্তুত ইইয়াছিল, রাজধানীর সেই অটালিকা নির্দ্ধাণ জন্ম মগধ হইতে শিল্পিণ এবং মারাদাম ইইতে সন্ত্রিগণ আগমন করিয়াছিলেন। অবস্থী ইইত কর্মকাব এবং যবন-দেশ (গ্রীস্) ইইতে স্করধরগণ আদিয়াছিলেন। প্রকাশ—তামিল-দেশের স্থানিপুণ কারিকরগণের সাহাযো এবং বৈদেশিক শিল্পীর সহায়ভায় রাজধানীব সেই অট্যালিকা-সমূহ নিঞ্জিত ইইয়াছিল।

ফলতঃ, বৈদেশিক বাণিজ্যে এক সময়ে চোল-রাজ্যের বন্দর-সমূহ গৌরবের উচ্চ-চূড়ায় সমাসীন হইয়াছিল,—তিহিমরে সন্দেহ নাই। প্রাচ্য ও পাশ্চাত্যের বাণিজ্যে করোম ওল উপকৃল বিশেষ সমৃদ্ধিশালী হইয়াছিল;—ভারতের বন্দর ক্ষুদ্র বৃহং অট্যালিকায় পরিশোভিত হইয়াছিল,—ইতিহাস সে সাক্ষ্য বক্ষে ধারণ করিয়া আছে।

তথন ভাবতীয় অর্ণবেশোত-সম্হ ভারত মহাসাগরের সক্ষত্র, মাল্য-দীপপুঞ্জে এবং ইউরোপ মিশর প্রভৃতি জনপদে গতিবিধি করিত। বিদেশ-জাত পণ্যসন্তার ভারতের বিপণীতে এবং ভারতের পণ্যসন্তার বিদেশের বিপণীতে সমাদৃত হইয়াছিল। ভারতের বাণিজ্যোনতির সে স্বর্ণযুগ আজ কল্পনার সাম্ভী!—সভীতের অন্ধতম গর্ভে নিম্জিত—প্রমাণ-সাপেক।

ভারতের জেটি ও আলোক গৃহ প্রভৃতি।

বন্দরের পার্শ্বে উপকূলভাগে অর্ণবেপাত-বন্ধনের উপযোগী উন্নত-ক্ষেত্র বা 'প্লাটফরম' প্রস্তুত হইয়াছিল এবং পণ্যাদি উত্তোলন-অবতরণের জন্ম 'ক্রেণের' ন্যায় কলের ব্যবস্থা ছিল। সমুদ্রোপকূলে, বন্দরে, পণ্য-দ্রব্যাদি সংরক্ষণের জন্ম মালগুদাম প্রস্তুত ইইয়াছিল।

• R. Sewell J A. R. S., 1904; Ptolemy, Geography Bk. VII. Ch. I. in Indian Antiquary, xiii.; Mr. Walhouse, Aquamarian Gems, Ancient and Modern, in Indian Antiquary, vol. V.; Rice, Mysore and Coorg from the Inscriptions in the Indian Antiquary XII. Balfour, Cyclopaedia. প্ৰস্থাত প্ৰস্থাত

'কবিরিপডিচনাম্' বন্দরে 'কাষ্টম' অর্থাৎ বাণিজ্য-শুক্র সংগৃহীত হইত। শুক্র সংগৃহীত হইবোর সর্বাজগণের সন্দাগরগণ মালেব 'ছার' প্রাপ্ত হইতেন। বাণিজ্য-শুক্র সংগৃহীত হইবার পর, চোল-রাজগণের রাজকীয় নিদর্শন ব্যাঘ্যমূর্বিঅঙ্কিত মোহর ছারা পণ্য-দ্রব্য চিহ্নিত হইত। মোহরাঙ্কিত দ্রব্য তথন রাজকীয় ভাগুরি বা গুদাম হইতে বণিকগণ আপনাপন বিপণীতে এবং গুদামে লাইয়া গাইতে পারিতেন; অথবা দেখান হইতেই বিক্রয় করিতেন।

এই বাণিজ্ঞা-ব্যাপারে একটা বিশেষ তথ্যের সন্ধান পাই। সে তথ্য—চোল-রাজ্ঞা, বন্দরসমূহে সমূত্র-বক্ষে আলোক-গৃহের (Light house) বিশ্বমানতা। গভীর রাত্রে সেই
আলোক দৃষ্টে সাগরগামী পোতসমূহ গতিবিধি করিত। 'রেরুম পদ-আরূপ পদাই' নামক
তামিল-কানে, করোমগুল উপকূলের সন্ধিকটে, এইকপ আলোক-গৃহের বিশ্বমানতার বিষয়ে
বণনা আছে। কবি বলিতেছেন,—ইষ্টক-নির্দ্ধিত স্কৃদ্ অত্যুচ্চ আলোক-গৃহ-সমূহ নিশাকালে
উদ্ধল আলোক বিকরণ করিয়া সমূদ্র-গর্ভস্কিত অর্বপোত-সমূহকে বন্দরের পথ প্রদর্শন করিত।

ফলতঃ, সভা-স্মূনত দেশে পোতাধিষ্ঠান প্রভৃতির জন্ম যে সকল ব্যবস্থার প্রয়োজন, ভারতে তাহার কিছুরই অসদ্ধান ছিল না।

সমদতীরে 'প্রাটদর্বন' বা উরত অবরোহ্ণ-ক্ষেত্র—আধুনিক 'জেঠির' (jetty) কথা স্থাতিপথে আনরন করে। সাগ্রগামী অর্থপোত অধুনা যেমন বন্দরে 'জেঠিতে' নঙ্গর করিয়া থাকে, পোতাধিষ্ঠানে বা 'দকে' লইয়া গিয়া জাহাজগুলি যেমন মেরামত করা হয়, অতি প্রাচীন কালে ভারতেও সে বাবভা ছিল,—পূর্ক্বিত্রী আলোচনায় তাহা প্রতিপন্ন হয়। এ সকল নৌ-বিভাগে ভারতের শ্রেষ্ঠভার নিদর্শন বলিতে পারি। সামৃদ্রিক অভিজ্ঞতার ইহা এক শ্রেষ্ঠ আদর্শ সন্দেহ নাই।

যাঁহারা 'অসভা বর্দার' বলিয়া ভারতবাসীকে উপেক্ষার চক্ষে দেখেন, বৈদেশিক বাণিজ্যে ভারতের শ্রেষ্ঠত্বের বিষয় স্মবণ করিলে, তাঁহাদের সে ধারণা ভ্রমপূর্ণ বলিয়া বুঝিতে পারিবেন। ভারতের সেই সমৃদ্ধির দিনে সভাতা-গর্কিত পাশ্চাত্য দেশ বর্কারতার অন্ধতম গর্ভে নিমজ্জিত,—
ইতিহাস সে সাক্ষ্য বক্ষে ধারণ করিয়া আছে।

সম্দ্-গর্ভে আলোক-গৃহ প্রভৃতি সভাতার চরম আদর্শ বলিয়া ব্যাথ্যাত হয়। ভারত কত কাল পূর্ব্বে সে আদর্শের প্রতিষ্ঠা করিয়াছিল, সভাজাতির সভাতার ইতিহাসেই তাহা পূর্ব প্রকটিত! অধুনা সভা-সমাজের যাহা আদর্শ বলিয়া ঘোষিত হয়, সে সকলই প্রাচীন ভারতেরই অকুস্তি বলিয়া মনে করি।

ফলতঃ, ভারতই পাশ্চাত্যের সকল আদর্শের মূলীভূত। জ্ঞানে বিজ্ঞানে, রাজনীতি, সমাজনীতি, অর্থনীতি, বাণিজ্ঞানীতি, দগুনীতি—সর্ববিধ নীতি বিষয়েই পাশ্চাত্য, প্রাচ্যের—প্রধানতঃ ভারতীয় আদর্শের অন্নুসরণ করিয়াছে;—ভারতকেই গুরুর আসনে প্রতিষ্ঠিত করিয়াছে—ব্ঝিতে পারি। পাশ্চাত্যের আধুনিক বাণিজ্ঞা পদ্ধতিতেও ভারতের অনুসরণ, সর্ববিষয়েই উপলব্ধ হয়।

একাদশ পরিচ্ছেদ

পাশ্চাত্য-দাহিত্যে বাণিজ্য-প্রদঙ্গ।

[জাগাথারকাইডিসের মন্তব্য ;—প্লিনির কথা,—'পেরিপ্লাস' ও টলেমি ;—পেরিপ্লাসের বর্ণনা ;—ভারতীয় বাণিজ্য-বন্দর ;—বাণিজ্য-পথ ;—টলেমির ভূগোল-গ্রন্থে বাণিজ্য-পরিচয় ;—কসমাসের সাক্ষ্য ;—উপসংহারে বিবিধ বক্তব্য :]

আগাথারকাইডিস ও প্রিনি।

বেমন প্রাচ্যের সাহিত্যে, তেমনি পাশ্চাত্যের ইতিহাসে ভারতের বৈদেশিক বাণিজ্যের এক উজ্জ্বল চিত্র প্রকটিত রহিয়াছে। ১৭৭ পূর্ব্ব-খৃষ্টান্দে আগাথারকাই ডিস পৃথিনী-বিখ্যাত 'আলেক জাদ্রিয়ান লাইবেরীর' সভাপতি ছিলেন। ইাবো, গ্লিনি, ডায়ডোরস প্রভৃতি প্রাসিদ্ধ ঐতিহাসিকগণ, আগাথারকাই ডিসের প্রতি যথেষ্ট শ্রদ্ধা প্রদর্শন করিয়া গিয়াছেন। আগাথারকাই ডিসের উক্তিতে সপ্রমাণ হয়,—তথন সিন্ধনদ হইতে এবং পাটশ হইতে বাণিজ্য-পোতসমূহ ইউরোপে গতিবিধি করিত।

তথন 'সেরিয়া', এদিয়া ও ইউরোপের প্রধান বাণিজ্য কেন্দ্র নধ্যে পরিগণিত ছিল। আগাথারকাইডিস তাহাও উল্লেখ করিয়াছেন। বৈদেশিক বাণিজ্যে তথন ভারতের 'একচেটিয়া' অধিকার। তাই তথন 'সেরিয়া' বিশেষ সমৃদ্বিশালী হইয়া উঠিয়াছিল। বৃহদাকার ভারতীয় বাণিজ্যপোত-সমূহ তথন পণ্য-সম্ভার বহন করিয়া আলেকজান্ত্রির। বন্দরে উপনীত ২ইত। আগাথারকাইডিস তাহা প্রত্যক্ষ করিয়াছিলেন।

৭৭ খৃষ্টান্দে ঐতিহাসিক প্লিনির বিজ্ঞমানতা সপ্রমাণ হয়। 'প্রাক্তিক ইতিহাস' সংক্রান্ত গ্রন্থ রচনার তিনি প্রসিদ্ধিসম্পন। তাঁহার গ্রন্থে করেকটী ভারতীয় বন্দরের উল্লেখ আছে। 'তাপ্রোবেণ' বন্দরের পরিচয় তাঁহারই গ্রন্থে পাওয়া যায়। 'তাপ্রোবেণ'—প্রভুতত্ত্ববিদ্যাণের মতে, লক্ষাদ্বীপেরই নামান্তর। বৈদেশিক বাণিজ্য তথন 'তাপ্রোবেণ' বন্দরে প্রবলভাবে চলিতেছিল,—সে পরিচয় প্লিনির গ্রন্থে বিশেষভাবে উল্লিখিত হইয়াছে।

'টলেমি' ও 'পেরিপ্লাস'।

উলেমির 'ভূগোলে' এবং 'পেরিপ্লাস' গ্রন্থে, ভারতের বৈদেশিক বাণিজ্যের প্রসঙ্গ বিশেষভাবে উলিথিত হইয়াছে। খুষ্টায় দিতীয় শতাব্দীতে 'পেরিপ্লাস' গ্রন্থ এবং তাহার পর টলেমির 'ভূগোল' রচিত হইয়াছিল,—সপ্রমাণ হয়। 'পেরিপ্লাস'—সামৃত্রিক পথপ্রনর্শক গ্রন্থবিশেষ। উহাতে বছদেশী জনৈক নাবিকের লোহিতসাগরের, পারস্থ উপসাগরের এবং মালবার ও কর-

মো ওল উপকূলের অভিজ্ঞতার বিষয় যথামথ লিপিবদ্ধ আছে। কথিত হয়, সেই নাবিক বৃহকাল বারিগাজায়' (বরৌচে) অবস্থান করিয়াছিলেন।

ভারতের বৈদেশিক বাণিজ্য সম্বন্ধে টলেমির ভূগোল শবং 'পেরিপ্লাপ' গ্রন্থ বিশেষ প্রামাণ্য এবং পাশ্চাতা জাতির নিকট আদরণীয়। স্কৃতরাং ঐ ছই গ্রন্থে ভারতের বৈদেশিক বাণিজ্যের যে পরিচয় দেখিতে পাই, পরবর্ত্তী অংশে তদ্বিষয় আলোচনা করিতেছি।

'পেরিপ্লাসে' বন্দরের পরিচয়।

'পেরিপ্লাদের' মতে, 'বরৌচ' পশ্চিম ভারতের একটা সক্ষপ্রধান বাণিজ্য-কেন্দ্র। সেগান হুইতে ভারতবর্ষের অভ্যন্তরে, বিভিন্ন স্থানে বৈদেশিক পণা-সমূহ সংবাহিত হুইত। 'পেরিপ্লাম' গ্রান্তে 'পেথান' ও 'টুগর' নামক আর ছুইটা বাণিজ্য-কেন্দ্রের পরিচয় পাওয়া যায়। সে মতে 'পৈথান'—বারিগাজার দক্ষিণে অবস্থিত। 'বারিগাজা' হুইতে 'পেথান' পৌছিতে প্রায় কুড়ি দিন লাগিত। 'টুগবেব' অবস্থান তথন 'পেথানের' পশ্চিম দিকে নিদিষ্ট হুইত। 'পেথান' হুইতে 'টুগরে' পৌছিতে দশ দিন লাগিত।

পৈথান বা পিথান—অধুনা নিজাম-রাজ্যের অন্তর্গত 'নাড়ুব' নামক স্থানে চিচ্ছিত হয়। ঐ ছঠ বন্দর হইতে বহু পরিমাণ মণি-মানিকা, মস্নিন, ভুলা ও বিবিধ পণ্য 'ববেচি' বন্ধরে সংবাহিত হঠয়া বিদেশে—হউরোপ প্রভৃতি পাশ্চাতা-দেশে রপ্তানি হইত।

'পেরিপ্লাদে' আর আর দে সকল সমুদ্রতারস্থ বন্ধরের উল্লেখ আছে, তন্মনো 'মৌপ্লান', কলিয়েনা, সেমুলা, মাণ্ডাগোড়া, পালাহ', পাতামাই, মেলিফেইগড় প্রসৃতি বিশেষ প্রসিদ্ধিসম্পন্ন। সৌপ্লার—বোষাই প্রেসিডেক্টার বেসিন বন্দরের সন্নিকটে 'স্লপার' নামক স্থানে চিজিত হয়।

'পেরিপ্লাসে' বণিত 'কলিজেনা' বর্তমান 'কল্যাণ' সহর বলিয়া প্রতিপন্ন হইতেছে। কল্যাণ-সহর এক সময়ে বাণিজ্যের কেন্দ্রভান ছিল। কেনাড়ির এবং জ্বারের গহবরাভান্তরে থোদিত লিপিতে যাহাদের দানের বিষয় উল্লিখিত, তাহারা কল্যাণের অধিবাদী বাণিজ্য-ববদায়ী বলিয়া পরিচিত। 'সেমুল্লা' বন্দরকে কেহ বা 'চেম্বর', কেহ বা 'মৌল' বলিয়া অন্তমান করেন। মাঙাগোড়া—বর্তমান মান্দাদ। 'পালইপাতামাই' বন্দর কাহারও কাহারও মতে 'মহাদেবের' নিক্টবর্তী 'পাল'-বন্দর বলিয়া সিদ্ধান্তিত হয়। 'মেলিজেইগড়' অধুনা 'জ্বয়ণড' নামে পরিচিত।

উত্তর ভূতাগের এই সকল বন্দর ব্যতীত, দক্ষিণ ভূতাগে তিনটা প্রধান বন্দরের উল্লেখ 'পেরিপ্লাস' এছে পরিদৃষ্ট হয়। সেই তিনটা বন্দরের নাম—'টিণ্ডিস্, ফুজিরিস, নিলকিণ্ডা।' এই বন্দরতায় হটতে পিপ্লল, মশলা, মূকা, গজনঞ্জ, হক্ষা মহাণ, রেশম এবং হীরক, পান্না, চুনি প্রভৃতি বহুস্ল্য প্রস্তরাদি বিদেশে রপ্তানি হটত।

এতদ্বির হিল্-বিণকগণের বাণিজ্য-পোত-সমূহ পূর্ব্ব-আফ্রিকায়, আরবের ও পারস্তের বন্দরসমূহে সর্ব্বদা গতিবিধি করিত ;—সকোত্রা-দ্বীপের উত্তর উপকূলে হিন্দুবণিকগণ উপনিবেশ- স্থাপন করিয়াছিলেন,—'পোরিপ্লাস' গ্রন্থে এ স্কলেরও উল্লেখ আছে।

প্রকৃতপক্ষে 'পেরিপ্লাদ' গ্রন্থ রচনা-কালে বারিগাজার বণিকগণ আরব হইতে গাঁদ ও স্থান্ত

দ্রব্য, আফ্রিকার উপকূল হইতে স্বর্ণ এবং মালবার ও লঙ্কা হইতে পিপ্লল এবং দারুচিনি সংগ্রহ করিতেন। এই স্তত্তে ভারত-মহাসাগরের সর্ব্বতে তাহাদের গতিবিধি ছিল। 'পেরিপ্লাস' গ্রন্থই দে সাক্ষ্য প্রদান করিতেছে।

মালবার ও করোমগুল উপকূল হইতে যে সকল বাণিজ্য-পোত বিদেশে যাত্রা করিত, সে সকলই ভারতীয় শিল্পিগণের শিল্প-নৈপুণ্যের পরিচায়ক। মালবার-উপকূলে 'লিমিরিক' বন্দরে বাণিজ্যপোতের অধিষ্ঠান ছিল। 'পেরিপ্লান' গ্রন্থে তাহার বিস্তৃত বিবরণ লিপিবদ্ধ আছে। পরবার্ত্তকালে মার্কোপোলো প্রমুখ পরিব্রাজ্ঞকগণ চীনদেশে যে শ্রেণীর বাণিজ্য-পোত প্রত্যক্ষ করিয়াছিলেন, 'পেরিপ্লান' গ্রন্থে উল্লিখিত পোতের বর্ণনার সহিত তাহার যথেষ্ট সাদৃশ্য আছে। যে সকল অর্থ-পোতে বণিকগণ গতিবিধি করিতেন, তাহাদের কোনটী মকরাকৃতি, কোনটী ময়ুরাকৃতি, আবার কতকগুলি বা জীব-জন্তুর আকৃতির অমুক্রণে সংগঠিত। এত দ্বির, আরও বিবিধ আকৃতির পোতের পরিচয় গ্রন্থপত্রে প্রাপ্ত হই।

সমূদপথে বাণিজ্যের উপনোগী পোতাদি গমনাগমনের পথের বিষয়ও 'পেরিপ্লাস' এছে উলিখিত হটয়াছে। তথন ভারতীয় বাণিজ্যে নিযুক্ত পণ্যসন্তারবাহী অর্থপোতসমূহ 'মিয়স হরমোস' থা 'বেরেণিকা' হইতে যাত্রা করিয়া লোহিত-সাগরের পথে প্রথমে 'মোথার' কুড়ি মাইল দক্ষিণে 'মৌজা' নামক স্থানে পোছিত। তার পর, সেথান হইতে 'ওকেলিসে' আদিত। পরে আর্থ-সাগরের উপকৃল ধরিয়া 'ইউডেইমন' (বর্তুমান এডেন) বন্ধবে এবং আরব অতিক্রম করিয়া 'কেন' বন্ধরে আসিয়া উপস্থিত হইত।

'কেন' হইতে ভারত-প্রবেশের কয়েকটা পথ ছিল। কোনও কোনও পোত সেখান হইতে সিঞ্ননদে প্রবেশ করিয়া 'বারিগাজায়' আসিত; আবার কোনও কোনও পোত বরাবর মালবার উপকৃলে 'লিমিরিক' ক্রনরে পৌছিত। এরোমেটা (গাদর্শিক্ত অন্তরীপ) হইতে লিমিরিক বন্দরে গমনাগমনের আরও একটা পথ ছিল।

বর্ষ।কালেই সাধারণতঃ বাণিজ্যের প্রদার বৃদ্ধি পাইত। হিপ্পালাদের অনুসরণে, বণিকগণ সাধারণতঃ জুলাই মাসে মিশর হইতে ভারত অভিমুখে যাত্রা করিতেন।

টলেমির চিত্র।

টলেমির ভূগোল-গ্রন্থে যে সকল বাণিজ্য-বন্দরের উল্লেখ আছে, তন্মধ্যে নিম্নলিখিত কয়েকটা বন্দর বিশেষ উল্লেখযোগ্য। যথা,—(১) সৈরাষ্ট—নর্গুমান স্থরাট; (২) মনোমোসন—গুজরাটের অন্তর্গত মনগ্রোল বন্দর; (৩) আরিয়াক—মহারাষ্ট্র দেশ; (৪) সৌপার, (৫) মুজিরিস, (৬) বাকারাই; (৭) মৈদলিয়া—বর্ত্তমান মদলিপত্তন; (৮) কৌনাগড়—কেনারক বন্দর এবং (৯—১০) পাটল ও বাকেরাই প্রভৃতি।

পাটলের অবস্থান—প্রাত্তত্ত্ববিদ্যাণ সিন্ধ-প্রদেশে নির্দেশ করেন। খৃষ্ট-পূর্ব্ব দিতীয় শতাব্দীতে পাটল বন্দর বিশেষ সমৃদ্ধিসম্পন্ন এবং বাণিজ্যের কেন্দ্রস্থল মধ্যে পরিগণিত ছিল,—গ্রীস-সম্রাট আগাথার-কাইডিস সে সাক্ষ্য প্রদান করিয়াছিলেন।

কস্মাসের সাক্ষা।

প্লিনি, টলেমি এবং পেরিপ্লাস প্রভৃতির পর, ভারতের বৈদেশিক বাণিজ্যের প্রসঙ্গ 'কসমাস ইণ্ডিকোপ্লিউষ্টেসের' 'ক্রিষ্টিয়ান টপোগ্রাকি' গ্রন্থে পরিদৃষ্ট হয়। ভারতের বৈদেশিক বাণিজ্যাদি সম্বন্ধে কসমাস যে মত ব্যক্ত করিয়াছেন, এতৎপ্রসঙ্গে তাহা বিশেষ উল্লেখযোগ্য। নিমে তাহার আভাস প্রদান করিতেছি।

কসমাস রোম-দেশীয় একজন প্রসিদ্ধ বণিক ছিলেন। রোম-সম্রাট দিতীয় জাষ্টিনিয়ানের রাজত্বকালে তিনি বাণিজ্য ব্যপদেশে আফ্রিকার 'ইথিন্তপিয়া' প্রদেশে, 'আডুল' বন্দরে গমন করেন। তথন ঐ বন্দর 'আকস্থমের' রাজার অধিকারভুক্ত ছিল। বন্দরের সমৃদ্ধির অবধি ছিল না। প্রকাশ,—৫৬০ খৃষ্টান্দে কসমাস আডুল বন্দরে গমন করিয়াছিলেন।

কসমাসের গ্রন্থে সে সময়ের খৃষ্টধর্ম্মাবলম্বিগণের বসতি-স্থানের উল্লেখ ছিল। কসমাস যে সকল বাণিজ্য-বন্দরের নাম উল্লেখ করিয়া গিয়াছেন, তন্মধ্যে নিম্নোক্ত বাণিজ্য-বন্দরগুলি সবিশেষ প্রসিদ্দিসম্পন্ন। কসমাস সর্ব্ধপ্রথম মালা বা মালবার বন্দরের নাম উল্লেখ করিয়াছেন। ঐ বন্দর তথন লক্ষা-ব্যবসায়ের জন্ম প্রসিদ্ধ ছিল। মালা ভিন্ন আরও পাচটা বন্দরে লক্ষা রপ্তানি হইত। সে পাঁচটা বন্দর,—পুড্ডোপাটনা, নালোপাটনা, সালোপাটনা, মাঙ্গারুথ, পটি। এই পাঁচটা এবং আরও ক্ষেকটা বন্দর ভারতের পশ্চিম দিকে অবস্থিত। ঐ বন্দর ভিন্ন ক্ষোন্ট বন্দর এবং 'কল্লিয়েন' বা কল্যাণ বন্দর ও সিবর প্রভৃতিও তথন প্রতিষ্ঠা-সম্পন্ন ছিল। কোনও ক্যোন্ড মতে বোম্বাই বন্দরই কল্যাণ নামে অভিহিত হইত।

দেবল-রাজ্য ও 'স্থবহেট' হইতে কসমাস লক্ষাঘাঁপে বাণিজ্য-পোত যাইতে দেখিয়াছিলেন। তিনি লক্ষা দ্বীপকে 'সেরেণ-দ্বীপ' বলিতেন। তথন সেরেণ-দ্বীপ প্রাচ্য ও পাশ্চান্ত্য বাণিজ্যের কেন্দ্রস্থল ছিল। তথন লক্ষা-দ্বীপ হইতে এক দিকে চীনদেশে এবং অন্ত দিকে লোহিত-সাগরে ও পারস্ত উপসাগরে পণ্যবাহী অর্ণবপোত-সমূহ গতিবিধি করিত।

তথন চীনের সহিতও ভারতের বাণিজ্ঞা চলিতেছিল। সে বিষয় কসমাস ভিন্ন পাশ্চাত্য-দেশের কোনও গ্রন্থকার উল্লেখ করেন নাই।

কসমাসের পর, মার্কো পোলো। তাঁহার অভিমত পণ্ডিতগণ প্রামাণ্য বলিয়া গ্রহণ করেন। মার্কোপোলোর গ্রন্থ ফরাসী-ভাষায় লিখিত। নানা ভাষায় ঐ গ্রন্থের অন্থবাদ হইয়াছে। তাঁহার গ্রন্থেও বৈদেশিক বাণিজ্যে ভারতের অশেষ সমৃদ্ধির পরিচয় পাওয়া যায়।

এইরূপ পুঞারূপুঞ অমুসন্ধানে বুঝা যায়, যেমন বহির্নাণিজ্যে, তেমনই অন্তর্নাণিজ্যে ভারত ক্বতিত্বের পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছিল। বিভিন্ন দেশে, বিভিন্ন জনপদে ভারতীয় বণিকগণের উপনিবেশ স্থাপন—সে কেবল ভারতের প্রতিষ্ঠা-গৌরবেরই পরিচায়ক। ফলতঃ, যে ভাবে যে দিক দিয়াই দেখি, স্ব্তিই ভারতের শ্রেষ্ঠত্বের নিদর্শন বর্ত্তমান।

উপদংহারে বক্তব্য।

প্রতীচ্যের সহিত প্রাচ্যের এই বাণিজ্য-ব্যাপারে উভয়ের মধ্যে এক অপূর্ব রাজনৈতিক সম্বন্ধের স্ত্রপাত হয়। ট্রাবোর গ্রন্থে ২০ পূর্ব্ব-খৃষ্টাব্দে, অগাষ্টাস সিজারের দরবারে ভারতীয় দূতের অবস্থিতির প্রমাণ পাওয়া যায়। রোমের দরবারে 'রাজা পাওিয়ন' কর্তৃক সেই দূত প্রেরিত হইয়াছিল। তথন ভারতে পাও্য-রাজ্বগণের প্রাধান্য। কিন্তু পাও্য-বংশীয় কোন্ রাজা সে দূত প্রেরণ করিয়াছিলেন, তাহার নিদর্শন নাই।

মোর্য্য-নৃপতিগণের রাজত্বালে বৈদেশিক জাতির পদার্পণ ভারতে প্রথম আরম্ভ ছইয়াছিল। সে সময়ে বৈদেশিকগণই ভারত-সমাটের দরবারে দৃত প্রেরণ করিতেন। কিন্তু ভারত হইতে বৈদেশিক রাজ-দরবারে দৃতের গতিবিধির কোনও নিদর্শন বিচ্চমান নাই। ভারতের নৃপতিগণ তথন বৈদেশিক প্রাধান্ত স্বীকার করিতেন না; তাই দৃত-প্রেরণে সৌহার্দ্য-স্থাপনের কোনও আবশুকতা অমুভব করেন নাই। পক্ষান্তরে বৈদেশিক রাজগণ ভারত-সম্রাটের নিকট মন্তক অবনত করিয়াছিলেন; তাঁহাদের সহিত প্রীতি-সংস্থাপনে ব্যগ্র হইয়াছিলেন;—তাই মৌর্য্যম্মাট চক্রপ্তপ্ত প্রভৃতির দরবারে বৈদেশিক দৃতের অবস্থানের পরিচয় পাই। পরে সে অবস্থার বিপর্যায় ঘটে। তাই বৈদেশিক নৃপতির সহিত প্রীতি-স্ত্রে আবদ্ধ হইবার জন্ত ভারতীয় নৃপতির প্রয়াস দেখিতে পাই।

পাগুরাজ ইউরোপীর জাতির সহিত সোহাদ্য সংস্থাপনের উপযোগিতার বিষয় হাদরক্ষম করিয়াছিলেন। তাই তাঁহার দূত রোম-দরবাবের উপস্থিত হইয়াছিল। 'জরামেনো-থেগাস' নামক একজন ভারতীয় দূতের রোমনগরে অবস্থিতির বিষয় ষ্ট্রাবোর গ্রন্থে উল্লিখিত আছে। কথিত হয়,—রাজা পোরাস সেই দূত প্রেরণ করিয়াছিলেন।

প্রকাশ—জরামেনো-থেগাদ এথেন্স-নগরে অগ্নিদগ্ধ হইয়া প্রাণত্যাগ করেন। এথেন্স সহরেই তাঁহার সমাধি হয়। সেই কবরের গাত্রে দূতের পরিচয়-স্চক কয়েকটী কথা লিখিতে ছিল,—যোগী খেগাজ বা খেগাদ এই কবরে কবরিত আছেন। ভারতবর্ধের অন্তর্গত বারুগাজা সহর হইতে খেগাদ এখানে আগমন করিয়াছিলেন। স্বদেশের আচার-পদ্ধতি পালন করিয়া তিনি অক্ষর-কীর্ত্তি অর্জ্জন করিয়াছেন। *

ভারত হইতে অগাষ্টাসের নিকট দৃত প্রেরণের বিষয় ডিয়ন কেসিয়াস, ফ্লোরাস এবং অরেলিয়াস প্রভৃতি ঐতিহাসিকগণ বিশেষভাবে উল্লেখ করিয়াছেন। রাজা পোরাস রোম সমাটের নিকট যে সকল উপঢৌকন প্রেরণ করিয়াছিলেন, তাহার মধ্যে একটা ব্যাঘ্র ছিল। ডিয়ন কেসিয়াস বলেন,—তাহার পূর্কে রোমবাসীরা আর কখনও ব্যাঘ্র দেখেন নাই। স্কুতরাং ভারত হইতে আগত ব্যাঘ্র-দর্শনে তাঁহারা বিশেষ আশ্চর্যায়িত হইরাছিলেন। †

শুমাট আগাষ্টাদের সময় রোম-সামাজ্য হইতে বছ শোক ভারতে আসিয়া বসবাস আরম্ভ

^{*} খেগানের সমাধির উপরিভাগে যে আরক বিপি দৃষ্ট হয়, ভাষা এই,—"Here rests Khegus or Khegan the Jogue, an Indian from Barugaza (or Bhroach), who rendered himself immortal according to the custom of his country."—Dr. Vincent's Commerce of the Ancients Vol. I.

[†] Dion'Cassius, History of Rome IX. p. 73. Florus, Epitome of Roman History, iv. 12; Oroslus, History, vl. 12.

করেন। তখন ভারতের পূর্বে সীমান্তে মালবার ও করোমগুল উপকৃলে, রোমীয়গণের কতকগুলি উপনিবেশও স্থাপিত হইয়াছিল। সেই সময়ে রোমের সহিত ভারতের বন্ধব্ব-বন্ধন এতই দৃঢ় প্রতিষ্ঠিত যে, 'মৃজিরি' বন্দরে আগাষ্টাদের নামে একটী মন্দির পর্যান্ত উৎসর্গীরুত হইয়াছিল। বৈদেশিক বণিকগণ সেই মন্দির নির্মাণ করিয়াছিলেন।

১১৬ খৃষ্টাব্দে তাইগ্রিস ও ইউফ্রেভিস নদীর মধ্যবর্ত্তী 'মেসোপোটেমিয়া' রোম-সামাজ্যের অন্তর্ভুক্ত হয়। তাহাতে রোম-সামাজ্যের পূর্ব্ব-সীমা ইউয়েচি রাজ্যের পশ্চিম সীমানার ছয় শত মাইলের মধ্যে আসিয়া পড়ে। পরবর্ত্তিকালে হাড্রিয়ান পূর্ব্ব সীমার বিজ্ঞিত রাজ্য পরিত্যাগ করিয়াছিলেন। কিন্তু তথনও রোম-সামাজ্যের সমৃদ্ধির বিষয় সর্ব্বতি বিঘোষিত ছইত। তথনও রোমের সহিত ভারতের বাণ্যিজ্য চলিতেছিল।

রোমদেশীয় ঐতিহাসিক ইউসেবিয়াস পন্ফেলির উক্তিতে প্রকাশ,—মহাবীর কনষ্টান্টাইনের দরবারে ভারতীয় দৃত বিবিধ উপঢ়োকন লইয়া গিয়াছিল। আবার জুলিয়ানের রাজত্বকালেও ভারতীয় দৃত রোমে গমন করিয়াছিল (৩৬১ খৃঃ) এবং রোমের দৃত ভারতে উপস্থিত হইয়াছিল,—ঐতিহাসিক এমিএনাস মার্সে লিনাস তাহা সপ্রমাণ করেন।

বিরুদ্ধ মতের আলোচনা।

ডিয়ন কেনিয়াসের গ্রন্থে প্রকাশ,—রোম-সমাট ট্রেকানের রাজত্বকালেও বছ বাল ভারতবর্ষ হইতে রোমে দৃত প্রেরিত হইয়াছিল। কেনিয়াসের গ্রন্থে বে দৃতের নিষয় উলিণিত হইয়াছে, ৯৯ খুটাকের পর সেই দৃত রোমে উপস্থিত হইয়াছিলেন।

ঐতিহাসিক ভিন্দেও খিথের সিদ্ধান্তে ঐ দৃত শক-নৃপতি কনিক্ষ প্রেরণ করিয়।ছিলেন। তৎপ্রণীত প্রাচীন-ভারতের ইতিহাসের তৃতীয় সংস্করণে এতহজি দৃষ্ট হয় তাহাতে, ভিন্দেও খিথের এই উল্লিতে, এখানে একটা সমস্থার স্বষ্টি হইয়াছে। গ্রন্থের দিতীয় সংস্করণে তিনি লিথিয়াছেন,—'ভারতের উত্তর-পশ্চিম সীমাস্ত জ্বয় করিয়া রোম-সমাট ট্রেজ্বান স্বদেশে প্রত্যাবৃত্ত হইলে, তৎকালিক শক নৃপতি দিতীয় কাডফাইসেস তাঁহাকে অভিনন্দন করিয়াছিলেন। সেই উপলক্ষে দিতীয় কাডফাইসেস কর্ত্বক রোমে দৃত প্রেরিত হইয়াছিল।'

প্রাবৃত্তে প্রতিপর হয়,—দিতীয় কাড্ফাইসেদের লোকাস্তরের পর কনিক্ষ সিংহাসন লাভ করেন। ৫৫-৭৮ খৃষ্টান্দে দিতীয় কাড্ফাইসেদের রাজ্যকাল নির্দিষ্ট হয়। কনিক্ষ ৭৮ খৃষ্টান্দে রাজ্য প্রাপ্ত হন। এদিকে পশ্চিম ভারত বিজয়ের পর ৯৯ খৃষ্টান্দে ট্রেজানের রোমে প্রত্যাবর্ত্তন সাব্যস্ত হয়। এ হিসাবে দিতীয় কাডফাইসেদের পরলোকগমনের পর ট্রেজান ভারতের উত্তর পশ্চিম সীমাস্ত-প্রদেশে আগমন করেন, বুঝিতে পারি। স্কতরাং ঐতিহাসিকের পরম্পর-বিরোধী মতের সামঞ্জন্ত কিরূপে সংসাধিত হয় ? ঐতিহাসিক সে সম্বন্ধে কোনই কৈফিয়ৎ প্রদান করেন নাই।

কনিক্ষের রাজ্য প্রাপ্তিকাল সম্বন্ধে (৭৮ খৃষ্টাব্দে) কোনও মতান্তর নাই। প্রাচীন ভরেতের নৃপতিগণের রাজ্যকাল-গণনায় মতান্তর থাকিলেও, কনিক্ষের রাজ্যকাল (৭৮ খৃষ্টাব্দ) নির্দেশে প্রায়ই মতান্তর দেখি না। এ হিসাবে কনিক্ষকেই রোমস্মাট ট্রেকানের সমসাময়িক

বলিতে হয়। আর কনিস্কের দরবার হইতেই রোম-স্মাট ট্রেজানের দরবারে দ্ত প্রেরিত হইয়াছিল, সিদ্ধান্ত হইয়া যায়। ◆

যাহা হউক, ঐতিহাসিক ওাঁহার লম বুনিতে পারিয়াই পরবর্ত্তী গ্রন্থে তাহার সংশোধন করিয়াছিলেন,—ইহাই আনাদিগের সিদ্ধান্ত। কোসিয়াসও রোমসমাটের দরবারে ভারতীয় দতের উপস্থিতি সপ্রমাণ করিয়াছেন। ট্রেজান বখন তাইগ্রিস নদীর মোহানায় উপস্থিত হন, তখন তিনি ভারতীয় অর্ণবপোত স্বচক্ষে প্রত্যক্ষ করিয়াছিলেন। তখন সেই পোত ভারতের অভিমুখে গমন করিতেছিল। ট্রেজান ১১৭ খুপ্তাক্ষ পর্যাস্ত রাজত্ব করিয়াছিলেন। তাহার রাজত্ব কারতের বাণিজ্য বিশেষ সমৃদ্ধ ছিল।

ভারতের সহিত রোমের এই স্থাতার দ্বিধি কারণ পণ্ডিতগণ নির্দ্ধারণ করেন। পার্থিয়ানগণ এবং সাসানীয়গণ রোম-সামাজ্যের চিরশক। রোম স্মাট বুঝিয়াছিলেন,—ঐ ছই প্রবল শক্তিকে দমন করিতে না পারিলে, রোম-সামাজ্যের প্রতিষ্ঠা অক্ষ্প রাথা সম্ভবপর নহে। অপিচ, প্রাচ্যের সহিত প্রতীচ্যের বাণিজ্য-সম্ম সংরক্ষণও একরূপ অসম্ভব। তাই ভারতের সহিত বোমের বন্ধয়-বন্ধন আবশ্যক হইয়াছিল।

সিজ্-নদের উপত্যকা-প্রদেশ এবং বাক্তিয়া রাজ্য তখন কুশন বা শক বংশের অধিকারভুক্ত। স্কৃতরাং কুশন বী শক নৃপতিগণের সহিত স্থাত্ত-সূত্রে আবদ্ধ হওয়া রোমীয়গণ বিশেষ প্রয়োজন বিলিয়া মনে করিয়াছিলেন। পাশ্চাত্য জাতি কৃটরাজনীতিবিশারদ। 'যা শক্র পরে পরে'— এই নীতি অবলম্বনে আপনাকে নিরাপদ রাখিবার উদ্দেশ্যেই রোমের এই স্থাতা-বন্ধনের আগ্রহ। স্বার্থ—সাধনই এই স্থাতার মূলীভূত।

যাহা হউক, পার্থিয়ান ও সাসানীয়দিগকে দমনে রাথিয়া বাণিজ্য চালাইবার উদ্দেশ্রেই মার্ক এণ্টনির সময় হইতে জাইনিয়ানের রাজ্যকাল পর্যান্ত (৩০ পূর্ব্ব-খৃষ্টাব্দ হইতে ৫৫০ খৃষ্টাব্দ পর্যান্ত) রাজকীয় দৃতগণের গতিবিধি-সূত্রে রোম-সামাজ্য ভারতের স্বথাতা-বন্ধন অক্ষুপ্প রাথিতে বাধ্য হইয়াছিল।

একটী ঘটনার উল্লেখ করিতেছি। রোমীয় সেনাপতি কোরবুলো ৬০ খৃষ্টান্দে 'হির্কানিয়া' প্রদেশের রাজদূতকে সিন্ধনদ পর্যান্ত পৌছাইয়া দিয়াছিলেন। সেখান হইতে শক-নূপতিগণের রাজ্যের মধ্য দিয়া রাজ্যত হির্কানিয়ায় পৌছিলার স্থবিধা পাইয়াছিল।

ঐতিহাসিকগণ বলেন,—'পেরিপ্লাস' প্রভৃতি গ্রন্থে ভারতের প্রাচীন ইতিহাসের যে উপাদান দৃষ্ট হয়, তাহারও মূল রোম-সমাজ্যের সহিত ভারতের এই ঘনিষ্ট স্থাতা-বন্ধন। বহুকাল এইরূপ স্থাতা-বন্ধনের ফলে ভারতের এই এক স্থাবিধা হইয়াছিল যে,—কুশন রাজগণ এবং পোশোয়ারের সীমাস্তের অফাক্ত নৃপতিগণ মুদ্রাহ্ণন বিষয়ক অভিজ্ঞতা লাভ করিয়াছিলেন। এই অভিজ্ঞতার ফলেই ভারতে মুদ্রা প্রচলিত হইয়াছিল।

আমরা কিন্তু তাহা স্বীকার করি না। সভ্যতার আদি-ক্ষেত্র—ভারত কাহারও নিকট কোনও বিষয়ে শিশ্বত্ব স্বীকার করে নাই। মূদ্রাঙ্কন ভারতেরই উদ্বাবিত।

^{*} Mc Crindle's Ancient Inlia, (190,) p. 213 4 V, A. Smith. Early History of India, 2nd & 3rd Editions.

षांपण পরিচ্ছেদ।

প্রাচ্যে ভারতের বাণিজ্য।

্ চীনে বাণিজ্ঞা;—চীনে ভারতের উপনিবেশ;—চীনে ভারতের টাকশাল;—'কুঙ্'
উপঢৌকন;—ভারতের সহিত চীনের সম্বন্ধ স্থত্ত;—ভারত কর্তৃক চীন বিজয়;—দূতের
গতিবিধি-সূত্রে বাণিজ্ঞার প্রসার;—বৌদ্ধর্ম্মপ্রচারে বাণিজ্ঞার স্থবিধা,—বৌদ্ধধর্মপ্রচারের চেষ্টা;—পঞ্চাগ্নির কথা,—চীনে বৌদ্ধধর্মের প্রতিষ্ঠা;—
বৌদ্ধধর্মের তথ্য নিরূপণে 'রাজকীয় কমিশন';—বাণিজ্ঞাে
প্রতিদ্বন্দী; –চীনে অষ্টবস্থ পূজা; –চীনে ভারতীয় ইক্ষ্
ও চিনি;—চীনে ভারতীয় মৃক্তাশুক্তি প্রভৃতি;—
হেনা ও প্রবালাদি রত্ন;—বিবিধ তথ্য।

চীনে বাণিজা।

কেবল ইউরোপে নহে; — চীনেও ভারতের বাণিজ্ঞা-প্রসার বিস্তৃত হইয়া পড়িয়াছিল। তাহার আশেষ নিদর্শন গ্রন্থ-পত্রে পরিদৃষ্ট হয়। চীনের সহিত্য ভারতের সম্বন্ধ কত কাল পূর্ব্বে প্রতিষ্ঠিত হইয়াছিল, তাহার ইয়তা হয় না। শাস্ত্রাদির আলোচনায় প্রতিপন্ন হয়, প্রাচীনকালে চীন-সামাজ্য ভারতেরই অন্তর্ভুক্ত ছিল। আজিও চীনের আচার-ব্যবহার ধর্ম্ম-নীতিতে ভারতের প্রভাব পূর্ণ বিশ্বমান দেখি।

খৃষ্ট-পূর্ব্ব একাদণ শতালীতে চীনে যে সকল পণ্য-দ্রব্য সংবাহিত হইত, সেই পণ্য-দ্রব্যের সংজ্ঞার মধ্যে দ্রাবিড়-দেশীয় নামের উল্লেখ আছে। তখন দ্রাবিড়-রাজ্য হইতে সমুদ্র-পথে চীনে বাণিজ্য চলিতেছিল, প্রত্নতব্বের অমুসন্ধানে তাহা বৃঝিতে পারি। *

চীনে ভারতের উপনিবেশ।

শ্বরণাতীত কাল পূর্ব্বে চীনে ভারতবাদিগণ উপনিবেশ স্থাপন করিয়াছিলেন,—কিবা সংস্কৃত-সাহিত্যে কিবা চীনের পুরাবৃত্তে—সর্ব্বত তাহার সন্ধান পাই। ভারতের বণিকগণ চীন-দেশ হইতে রেশম, কর্পুর, ইম্পাত, সিন্দূর প্রভৃতি পণ্য-দ্রব্য ভারতবর্ষে আনয়ন করিতেন,—সার হেনরি ইউলের গ্রন্থে দে পরিচয় প্রাপ্ত হই। †

খৃষ্ট-পূর্ব্ব প্রথম শতাব্দীতে চীনে বৌদ্ধ-ধর্ম্ম প্রচারিত হয়। কিন্তু তাহারও বহু পূর্ব্বে চীন-সামাজ্যে ভারতের উপনিবেশ প্রতিষ্ঠিত হইরাছিল, প্রমাণ পাওয়া যায়। খৃষ্ট-জন্মের সহস্রাধিক

^{*} Terrian de Lacouperle, Western Origin of the Early Chinelse Civilisation.

⁺ Sir Henry Yule, Cathay and the Way Thither,

বংসর পূর্ব্বে, কতকগুলি ভারতবাসী 'শেনসি' অতিক্রম করিয়া চীনের পূর্ব্ব-সীমান্তে উপস্থিত হইয়াছিলেন। সেই সময়ে চীনে তাঁহারা একটা রাজ্য প্রতিষ্ঠা করেন। সেই রাজ্যের নাম 'শিন' (T'sin) অর্থাৎ চীন। * চীন-সাম্রাজ্যের প্রাচীনত্বের আলোচনায় ভিনিসীয় পণ্ডিত মার্কো পোলো এই অভিমত ব্যক্ত করিয়াছেন। প্রাত্তত্ববিদ্যাণ এ সিদ্ধান্ত না মানিলেও ভারতের উপনিবেশ চীনে প্রতিষ্ঠিত হইয়াছিল—তৎসম্বন্ধে তাঁহাদের মতদ্বৈধ নাই।

চীনে ভারতের টাকশাল।

চীন-দেশের গ্রন্থ-পত্র আলোড়ন করিয়া অধ্যাপক লাকুপিরি প্রতিপন্ন করিয়াছেন,—৬৮০ পূর্ব্ব-খৃষ্টাব্দে 'কিয়াও-চাউ' উপসাগরে ভারতীয় বণিকগণের একটী উপনিবেশ প্রতিষ্ঠিত হয়। সে উপনিবেশের নাম হইয়াছিল,—'লংগ' (Lang-ga) বা 'লং-ইন্ন' (Lang-ya)।

ঐ উপনিবেশের একটা পল্লীতে তাঁহাদের রাজধানী ও টাকশাল ছিল। সে পল্লীর নাম ছিল—'শি-মিয়ে' (T'si-mieh) বা 'শি-মো' (T'si-moh) সেথানে বণিকগণ স্বয়ং মূদ্রা প্রস্তুত করিতেন। চীন দেশে সে সময়ে সেই মূদ্রা প্রচলিত ছিল। সেই সময় হইতে চীনারা ভারতীয় বণিকগণের অনুকরণে মূদ্রা প্রস্তুত আরম্ভ করে।

বণিকদিগের মূদ্রাযন্ত্র দেখিয়া চীন-দেশের যুবরাজ আপন রাজ্য-মধ্যে প্রথম মূদ্রা প্রস্তুত করিতে আরম্ভ করেন। ৫৭৫ হইতে ৫৭০ পূর্ব্ব-খৃষ্টান্দের মধ্যে এই প্রকারে চীন-দেশে, ভারতের অহকরণে, মূদ্রা প্রস্তুত আরম্ভ হয়। তথন, উপনিবেশিক বণিকগণের সহিত পারিপার্শক চীন সমাটদিগের বিশেষ সম্ভাব ছিল। সেই সদ্ভাবের ফলে, খৃষ্ঠ-পূর্ব্ব ষষ্ঠ শতান্দীতে (৫৮০ —৫৫০ পূর্ব্ব-খৃষ্টান্দের মধ্যে) উপনিবেশিকগণের এবং চীন-সাম্রাজ্যের ফুক্ত-নামে মূদ্রা প্রস্তুত আরম্ভ হয়, আর সেই মূদ্রা চীন-সাম্রাজ্যের নানা স্থানে চলিতে থাকে।

ইহার পর কিছুকাল (৪৭২-৪৮০ পূর্ব-খৃষ্টাব্দের মধ্যে) বণিকগণ স্বতন্ত্রভাবে মূদ্রা প্রস্তুত আরম্ভ করেন। পরিশেষে উপনিবেশে তাহাদের প্রভাব লোপ পাইয়া আসিলে, তাহাদের প্রবর্ত্তিত মূদ্রার প্রচলন ে। সকল স্থানে একেবারে বন্ধ হইয়া যায়।

উপনিবেশ-সম্বন্ধে বিবিধ তথ্য।

যে ভাবে যে অবস্থায় ভারতের বণিকগণ চীনে উপনিবেশ স্থাপন করেন, অধ্যাপক লাকুপিরি তাহার এক জীবস্ত চিত্র প্রকটন করিয়াছেন। তাহাতে দেখিতে পাই,—ভারত-মহাসমুদ্রের মধ্য দিয়া ভারতের বণিকগণ চীনে বাণিজ্য করিতে যাইতেন।

৬৮০ পূর্ব-খৃষ্টাব্দে চীনের 'কিউ' প্রদেশের অধিবাসিগণ তাঁহাদের বাণিজ্ঞার অন্তরায় ঘটায়। সান্ট্রং প্রদেশের দক্ষিণ-পূর্ব ভূভাগ তথন 'কিউ' নামে অভিহিত হইত। 'কিউ'-প্রদেশের বিদ্যোহাচরণে হিন্দু-বণিকগণ আরও উত্তরে সরিয়া যান। 'কিয়াও-চু' (Kiao-Tchau) উপসাগরের তীরে 'লং-গ' (Long-ga) নামে তাঁহাদের উপনিবেশ প্রতিষ্ঠিত হয়। তাহার

* ইহাই বর্তমান চাল-সাঞ্রাজ্য-এতিটার প্রপাত বলিয়া মনে হয়। ভারতের হিন্দুগণই চীল-সাঞ্রাজ্য এতিটা করিয়াছিলেন, এতছ্তিতে ভাহা কুলা যায়। পর 'দি-মি' (Tsi-mil) এবং 'দি-মো' (Tsi-mol)) উপনিবেশ-দ্বয়ের প্রতিষ্ঠা। দেখানে চিন্দুদিগের বাণিজ্ঞাের বন্দর এবং মুদ্রাঙ্কনের 'টাকশাল' প্রতিষ্ঠিত ছিল।

হিন্দুদিগের অনুসবণে আরব-সাগরের বিদেশী বণিকগণও ঐ সকল স্থানে উপনিবিষ্ট হন কিন্তু হিন্দুগণই তাঁহাদের মধ্যে প্রধান ছিলেন। হিন্দু-নাবিকগণের মধ্যে 'কোতলু' (গোরো) প্রসিদ্ধিসম্পন্ন। তিনি ধথন চীনে আগমন করেন, তথন তাঁহার সহিত ভারতীয় গাভী আনীত হইয়াছিল। 'লু'-রাজ্যের যুবরাজ 'কোৎলু'কে এবং সেই গাভীকে মহাসমাদরে আগায়ন করিয়াছিলেন। কোৎলুর চীনে আগমন উপলক্ষে একটা উপাথ্যানের অবতারণ হয়। কথিত হয়,—৬০১ পূর্ব্ব-পৃষ্ঠান্দে এই ঘটনা সংঘটিত হইয়াছিল।

এই উপলক্ষে চীনের সহিত ভারতের হিন্দু-বণিকদিগের প্রীতির বন্ধন দৃঢ় হয়। তথন হইতে চীন-দেশে ভারতের বাণিজ্ঞা-প্রসার বৃদ্ধি হইতে থাকে। চীনে হিন্দুর মুদার অন্তকরণে 'সি' (Tsi) রাজ্যের যুববাজ 'হোয়ান' (Hwan), মন্ত্রী কোলে, ভারতের ও চীনের মুদা এক হ^{ট্}য়া বায়। চীনের ও ভারতের সম্রাট্রয়ের নাম-সহযোগে মুদা চলিতে থাক। তব্ পূর্ব্ব-স্টান্দে 'সি' (T'si) রাজ্যের সংস্থার-সাধনে হিন্দুগণ তাহাকে প্রতিষ্ঠানম্পার করিয়া তুলেন।

ত৮০ পূর্ব্ধ-গুটানে চীনের স্থি' (Ts'u), 'সি' (Ts'i) এবং 'ইয়ে' (Yuch) প্রদেশ পরস্পর বিবাদে প্রবৃত্ত হয়। তাহার ফলে চীনের হিন্দু উপনিবেশিকগণ 'লং-গ' (Long-ga) পরিত্যাগ করিতে বাধ্য হন। সেই সময় 'লং-গ' প্রদেশের হিন্দু উপনিবেশ বিবাদের ফলে বিশ্বস্ত ও বিপগ্যস্ত হয়। ২২০ পূর্ব্ব-গৃষ্টান্দে 'টিন-সি-হোয়াং-টি' (Tsiu-Shi-Hwang-Ti) সেই নগর পুনঃপ্রতিষ্ঠিত করেন বটে ; কিন্তু হিন্দু বণিকগণ আর সে বন্দরে প্রতাবির্ত্তন করেন নাই। *

'কুঙ্' উপঢ়ৌকনে বাণিজ্য-প্রতিষ্ঠা।

চীনাভাষার গ্রন্থাদিতে দেখিতে পাই,—দে সময় উপঢ়োকানাদির বিনিময়ে বাণিজা চলিতেছিল। তখন চীনের বঞ্চা স্বীকার না করিলে, চীন কাহারও সহিত বাণিজ্য-ব্যবসায়ে নিযুক্ত হইত না। চীনের এ এক কুসংস্থার ছিল।

করপ্রদানে যে দেশ চীনের প্রাধান্ত স্বীকার করিত, চীনে সেই দেশেরই বাণিজ্য-প্রসার বিস্তৃত হইত। অবশ্য চীন-সমাট সে উপঢ়োকন বা কর যথাযথ প্রত্যর্পণ করিতেন। এমন কি, অনেক সময় দূতগণের বা বণিকগণের প্রদত্ত উপঢ়োকন বা করের অতিরিক্তও প্রদান করিতেন।

প্রথমে ভারতবর্ষ, আরব ও পারস্তের সহিত এই ভাবে চীনের বাণিজ্য-সম্বন্ধ প্রতিষ্ঠাপিত হয়। প্রকাশ,—বে সময় চীনাগণ ভারতবর্ষকে 'টিয়েনডু' বা 'টিয়েন-চু নামে অভিহিত্ত করিতেন। ভারতরর্ষের 'সিন্-হু' নামও চীনাদিগের প্রাচীন গ্রন্থাদিতে পরিদৃষ্ট হয় ।

[•] Lacouperic-Westa-n Origin of the Early Chinese Civilisation, p 89. Sec. 103 p 118.

[†] Dr. Breischneidu, Mediaeval Researches.

চীন-সমাটের প্রীতির জন্ম তথন যে উপঢ়োকন প্রেরিত হইত, চীনা-ভাষায় তাহা 'কুঙ' (Kung) নামে অভিহিত হইয়াছিল। চীনাভাষায় 'কুঙ' শব্দের অর্থ—সমাটের সন্মানস্থচক উপঢ়োকন বা 'নজর'। কিন্তু 'কুঙ' শব্দের প্রকৃত অর্থ—বিনিময় বা আদান-প্রদান।

'এসিয়াটিক সোসাইটীর ধ্বর্ণালে' ডক্টর হার্থ 'কুণ্ড' শন্দের আলোচনা করিয়াছেন। সেথানে 'কুণ্ড' শন্দের 'বিনিময়' বা 'আদান প্রদান' অর্থ পরিগৃহীত হইয়াছে। ডক্টর হার্থ বিলিয়াছেন,—'কুণ্ড' শন্দে প্রকৃতপক্ষে বিনিময় বা আদান প্রদান বুঝাইত। বণিকগণ চীনদেশে উপস্থিত হইয়া স্বদেশীয় পণ্য-সম্ভার সমাটের নিকট উপস্থিত করিতেন। তাহাতে সমাটের সম্মান বৃদ্ধি পাইত। বণিকগণ ভারত হইতে আগমন করিয়া ভারত সমাটের আদেশে চীন সমাটিকে সমস্ত দ্রব্য-সম্ভার উপটোকন স্বরূপ প্রদান করিতেছেন,—বণিকগণ এইরূপ ভাব প্রকাশ করিতেন। চীন-স্মাট তাহাতে পরিভুট্ট হইয়া, উপস্থাত দ্রব্যের বিনিময়ে আপনার দেশের দ্র্ব্য-সামগ্রী উপহার স্বরূপ প্রদান করিতেন।

চানদেশের রাজকীর দলিল পত্রে এই উপহার বিনিময়ের বিদরণ পাওয়া যায়। যে পরিমাণ দ্বাের বিনিময়ে যে পরিমাণ দ্বা প্রদান কর। ২ইত, দণীলে তাহার নির্ঘণ্ট শিপিবদ্ধ রহিয়াছে। তাহা হইতে কুড বলিতে বিনিময়-বাণিজ্যই বুঝিতে পারা যায়। *

গুটায় প্রথম ও দিতীয় শতার্কীতে 'কুড' উপটোকন প্রদানে ভারতীয় বণিকগণ চীনের সহিত বাণিজ্য করিতেন,—ইতিহাসে তাহার যথেষ্ট নিদর্শন বিজনান। চীন-সমাট হোতির (হোটির) রাজত্বকালে, ৮৯ খুষ্টান্দ হইতে ১০৫ খুষ্টান্দের মধ্যে, এবং চীনসমাট হিয়ান্তির (হিয়ান্টির) রাজত্বকালে, ১৫৮-১৫৯ খুষ্টান্দে, ভারতীয় বণিকগণ চীনে বাণিজ্য করিতে গিয়াছিলেন;—'কুঙ' উপটোকন প্রদান করিয়া চীনে বাণিজ্যের স্থানিধা করিয়া লইয়াছিলেন;—গ্রুড তাহার বিবিধ প্রমাণ দেখিতে পাই।

'কৃঙ্' উপটোকন গ্রহণের জন্ম চান সমাটের তিন জন কন্মচারী নিযুক্ত ছিলেন। বিদেশীয় বিণকপণের তত্ত্বাবধানের এবং বাণিজ্য-সৌকর্য্যের ভার সেই কন্মচারীয় উপর ন্মন্ত ছিল। কেবল ভারতীয় বণিকগণ নহেন; লগ্ধা-দীপের বণিকগণও চীনে বাণিজ্য-উপলক্ষে এইরূপ স্থাবিধা প্রাপ্ত হইয়াছিলেন।

ফলতঃ, খৃষ্টীয় প্রথম শতান্দীর প্রথম ভাগে ভারতীয় বাণিকগণ যে ভাবে চীনদেশে বাণিজ্যের স্থবিধা করিয়া লইয়াছিলেন—প্রকারান্থরে তাঁহাদের সেই প্রথারই অনুসরণ বর্তনান কালের আন্তর্জাগতিক ব্যবসায়-বাণিজ্যে দেখিতে পাই।

* উত্তর হার্থ এই 'কুড়' স্থলে যে মন্তব্য প্রকাশ করিয়াছেন, নিমে ভাহা উদ্ভ করিলাম; যথা,—
"Foreign trade had for long time been covered by the name, in eparable from the early foreign enterprise of Chinese Courts, of 'tribute.' The word 'tribute', in Chinese, Kung. was nothing but a substitute for what might as well have been called 'exchange of produce' or 'trade', the trade with foreign nations being a monopoly of the court."—Dr. F. Huth, Ph. D., in the Journal of the Royal Asiatic Society, for 1866.

ভারতের সহিত সম্বন্ধ-সূত্র।

'কুঙ' উপঢ়োকন প্রদান উপলক্ষে এবং রাজদ্তগণের গতিবিধিস্ত্রে, চীনে বাণিজ্ঞাপ্রতিষ্ঠার কিঞ্চিৎ আভাষ পূর্ববর্তী অংশে প্রদন্ত হইয়াছে। সে সময়ে বেমন ভারতীয়
দ্তের চীনে গতিবিধি ছিল, তেমনি চীনদেশের রাজদ্তও ভারতে আগমন করিতেন।
খুষ্ট-পূর্ব্ব প্রথম শতাকী হইতেই যে ভারতে দূতগণের গতিবিধি ছিল, চীনদেশের রাজকীয়
বিবরণীতে সে পরিচয় প্রাপ্ত হই!

দ্তগণের গতিবিধি-স্ত্রেই চীনে বৌদ্ধশ্মের প্রবর্তনা। কি স্ত্রে কি ভাবে চীন-দেশের ও ভারতের মধ্যে এই সম্বন্ধ-স্ত্র প্রতিষ্ঠা হয়, এস্থলে তাছার একটু আভাষ প্রদান করিতেছি। ১২৫-১১৫ পূর্ব্ব-খৃষ্টাব্দে, 'ইয়েচি' (শক) জাতি যথন জন্মাস নদীর উত্তরে 'সক্ডিয়ানায়' বসতি করিতেছিল, সেই সময় চীন-সেনাপতি 'চং-কিয়েন' প্রমুথ দূতগণ তাঁহাদের নিকট আগমন করেন। তথন ঐ প্রদেশ ভারতের অন্তর্ভুক্ত হইত সেই ইইতে চীনের সহিত ভারতের সম্বন্ধ প্রতিষ্ঠার স্ত্রপাত হয়।

এক শত বৎসরের অধিককাল শকদিগের সহিত চীনের বন্ধঃ বন্ধন অক্ষ্ থাকে। তাব পর ৮ খৃষ্টাব্দে উভয় জাতির রাজনৈতিক সম্বন্ধ বিচ্ছিন্ন হইয়া যায়। ২০ খৃষ্টান্দে, 'হান'-বংশের অবসানে, পশ্চিম দিকে চীনের আধিপত্য বিলুপ্ত হয়।

ভারত কর্ত্তক চান-বিজর।

প্রায় পঞ্চাশ বংসর পরে, ৭৩ খৃষ্টাক হহতে ১০২ খৃষ্টাক্ষের মধ্যে, চীনের সেনাপতি পান-চাও' দেশ-বিজয়ে বহির্গত হন। তাহার বিজয়ী সৈম্ম রোম-সামাজ্যের সীমান্ত পর্যান্ত উপস্থিত হইয়াছিল। কাসগড়, কচ্ছ ও খোটান প্রভৃতি বিজ্ঞিত হওয়ায়, চীনের বাণিজ্য প্রসার স্থলপথে বহুদুর বিস্তৃত হইয়া পড়ে।

চীন-সৈন্তের বিজয়লাভে কুশন বা শকগণ আতহ্বিত হন। ঐতিহাসিকগণের মতে তথন কনিক্ষ রাজ-সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। তিনি চীনরাজের বগুতা-স্বীকারে অসম্মত হন। অধিকন্ত ৯০ খুষ্টান্দে কনিক্ষ চীনের রাজকন্তার পাণি-গ্রহণের প্রস্তাব করেন। সেনাপতি পানচাও, কনিক্ষের এই দান্তিকতাপূর্ণ প্রস্তাব চীন-সমাটের অপমানজনক মনে করেন এবং কনিক্ষ-প্রেরিত দূতকে বন্দী করিয়া চীনে পাঠাইয়া দেন।

কানক এ অপমান সহ করিতে পারিলেন না। বিপুল বাহিনী সজ্জিত হইল।
সেনাপতি াস-র অধীনে প্রায় সত্তর হাজার পদাতিক চীন আক্রমণে অগ্রসর হইল। তথন
চানে যাইতে হইলে 'তুংলিং' পর্বতমালা পার হইতে হইত। উহার অপর নাম—
'তাগছ্মাপ পামির।' ঐ পর্বতে চৌদ্দ হাজার ফিট উচ্চে একটা পার্বত্য-পথ ছিল।
সে পথের নাম—'টাস্কুরঘান পাশ।' 'টাস্কুরঘান' অতিক্রম-কালে পথপ্রাস্তে এবং অত্যধিক
শৈত্যে, যন্ত্রণায় অধার হইয়া, কনিক্ষের অধিকাংশ সৈন্ত মৃত্যুমুথে পতিত হয়। অবশিষ্ট
সৈন্ত পর্বত অতিক্রম করিয়া সমতল-ক্ষেত্রে পৌছিবামাত্র চীনাদিগের আক্রমণে বিধ্বস্ত
বিপর্যান্ত হইয়া যায়। কনিক্ষের চীনজয়েছা এবং চীন-রাজকঞ্যার পাণিত্রহণের আকাজ্ফা চিরতরে

বিসর্জিত হয়। ফলে, কনিক্ষ চীন-রাজের বশুতা স্বীকারে বাধ্য হইলেন; এবং সেই সময় হইতে চীন রাজদরবারে রাজকর প্রদান করিতে লাগিলেন। চীন-দেশের রাজকীয় দলীলাদিতে কনিক্ষের প্রদন্ত রাজকর লইয়া চীনে দৃতপ্রেরণের বিষয় লিপিবন্ধ আছে।

যাহা হউক, কনিক্ষ অধিক দিন চীনের প্রাধান্ত স্বীকার করেন নাই। তিবতের উত্তরে এবং পামিরের পূর্ব্বে, কাসগড়, ইয়ারথন্দ, খোটান এবং চৈনিক তুর্কিস্থান তখন চীনের অধিকারে ছিল। কনিক্ষ ঐ সকল রাজ্য অধিকার করিয়া লইলেন। এইরূপে স্বরাজ্যে আপনার আধিপত্য প্রতিষ্ঠিত করিয়া কনিক্ষ পুনরায় চীনজ্বে মনোনিবেশ করিলেন। তখন চীন-সেনাপতি পোন-চাও পরলোকগমন করিয়াছেন।

কনিক যথন ব্ঝিলেন,—ভারতে তাঁহার প্রভূবের প্রতিদ্বন্ধী আর কেহ নাই; আর যথন ব্ঝিলেন,—তাঁহার সৈত্যগণ তাগত্সাদ পামিরের পার্কাত্য-পথ অতিক্রমে সম্পূর্ণ সমর্থ; তখনই তিনি চীনের সহিত যুদ্ধ ঘোষণা করিলেন। ৯০-খৃষ্টাব্দে প্রথম উন্থমে যদিও তিনি ভগ্গোৎসাহ হইয়াছিলেন; কিন্তু তাঁহার দিতীয় উন্থম ব্যর্থ হয় নাই। এ উন্থমে তিনি চীন-দরবারে রাজকর প্রদামে অব্যাহতি পান; অপিচ, চীন-সমাট তাঁহাকে প্রতিভূ-প্রদানে বাধ্য হন।

চীনের পূর্ব-দীমানার 'জে-চুয়েন' নগর হইতে প্রায় কৃড়ি জন দৃত প্রতিভূ-স্বরূপ কনিক্ষের দরবারে রাজকর প্রদান করিতে আদিয়াছিলেন। দৃতগণের অনেকেই রাজবংশ-সভ্ত ছিলেন। তাঁহাদের বাসস্থানাদির ব্যবস্থায় কনিক্ষ তাঁহাদের প্রত্যেকের পদম্য্যাদার অনুরূপ স্থান নির্দেশ করিয়াছিলেন।

গ্রীষ্ম, বর্ষা এবং শীত ঋতু ভেদে তাঁহাদের বিবিধ বাসস্থানের পরিচয় গ্রন্থপত্রে পরিদৃষ্ট হয়।
গ্রীষ্ম ঋতুতে বাসের জন্ত কপিশা-পর্কতের অন্তর্গত সা-লো-কা নামক বৌদ্ধমন্দির, বর্ষাকালে
বাসের জন্ত গান্ধারের এবং শীতকালে বাসের জন্ত পাঞ্জাবের পূর্ক-সীমানায় চীনাভূক্তি
নামক বৌদ্ধমন্দির নির্দিষ্ট হইয়াছিল। † কপিশায় বাঁহারা আবদ্ধ ছিলেন, কথিত হয়,

^{*} Prof Douglas, China in Story of Nations Series, ডগলাদের মতে চীন দেনাপতি পান চাও' খোটান অভিনেম কবিয়া কাম্পিরান সাগ্যের ভীর পর্যান্ত গমন করিয়াছিলেন। "In A. D. 90 Kaniksha boldly asserted his equality by demanding a Chinese Princess in marriage. General Pan-Chao, who considered the proposal an affront to his master, arrested the envoy and sent him home,......Kaniksha, equipped a formidable force of 70,000 cavalry under the command of his Viceroy Si.......The army was totally defeated. Kaniksha was compelled to pay tribute to China.......—Vincent A. Smith. The Early History of India, 3rd Ed. P. 253 254.

[†] কপিশাকে বর্ত্তমান কাফেবিস্থান বলিয়া অনেকে মনে করেন। 'সা-লো-ফা' বৌশ্ববিহার আর 'কাসগড় বিহার', উভয়ই অভিন্ন প্রতিপন্ন হয়। সা-লো-ফা-- কপিশা পর্বতেরই উপরিভাগে নির্দ্ধিত হইয়াছিল। চীনাভূজির হান নির্দ্ধেণ করা কটিন। ক্ষিত হয়, চীনাভূজিতে অবস্থানকালে চীনদেশীয় প্রতিভূগণ ভারতে 'পেয়ায়' ও 'পিচ' ফল প্রচলন করিয়াছিলেন। তৎপূর্বে ভারতবাসী ঐ ফলের বিষয় জানিত না। প্রতিভূগণের বাসহান সম্বন্ধে অধ্যাপক লাকুপিরির বিদ্ধান্ত পূর্বেজি বিদ্ধান্তেরই অনুরূপ। ভাহার সেই অভিনত নিয়ে উদ্ধানত করিছেছি: বধা--

তাঁহারা বহু অর্থ অর্জন করেন। ফলতঃ, কনিক্ষের রাজত্বকালে চীনের সহিত ভারতের বাণিজ্য-সম্বন্ধ স্কপ্রতিষ্ঠিত ছিল,—তৎসংক্রাস্ত বিবিধ প্রমাণ গ্রন্থ-পত্রে দেখিতে পাই।

দূতের গতিবিধি-স্ক্রে বাণিজ্যের প্রসার।

খৃষ্ঠ-পূর্ব্ধ প্রথম শতান্দীতে চীনদেশে দূতগণের গতিবিধি-স্থত্তে ভারতের বাণিজ্য-প্রসার বহুল-পরিমাণে বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছিল। চীন-দেশীয় গ্রন্থপত্তে সে নিদর্শন বিষ্ণমান দেখি। চীনের 'লি-মাং' বংশের ইতিহাসে প্রকাশ,—'হান' বংশের রাজা স্তয়ানের রাজত্বকালে, ৭৩ পূর্ব্ব-খৃষ্টাব্ব হুইতে ৪৯ পূর্ব্ব-খৃষ্টাব্বের মধ্যে, ভাবতের রাজদৃতগণ চীনসমাটের জন্ম উপটোকন লইয়া গিয়াছিলেন। সেই রাজদূতগণ আনাম উপকৃলস্থিত জিনানের পথে চীনে উপস্থিত হন।

'ইও্যো-চায়না' সংক্রান্ত বিবিধ বৃত্তান্তের মধ্যে লিয়াং-বংশের ইতিবৃত্ত-বর্ণন উপলক্ষে মিষ্টার গ্রেণভেন্ট এই বিষয় লিপিবদ্ধ করিয়াছেন। সে বর্ণনা হইতে বৃঝিতে পারি,—আনাম উপকূলে তথন হিন্দু-দিগের উপনিবেশ ছিল। 'জেন্টু,' বা 'টিয়েন-চু' বলিতে তথন ভারতবর্ষকেই বৃঝাইত। ৭০ পূর্ব্ধ-পৃষ্টান্দে জেন্টু হইতে 'নিটনামের পথে' চীনে দূত প্রেরিত হইয়াছিল। ভার পর, ৮৯ পৃষ্টান্দে একবার এবং ১৫৯ পৃষ্টান্দে জার একবার নিটনাম ও ক্যান্টনের পথে চীনে ভারতীয় দূত জাগমন করে। প্রাত্ত্ববিদ্যাণের সিদ্ধান্ত,—'ক্যান্টন' বেন্দরে ভারতীয় ঘণিকগণের এই প্রথম পদার্পন। •

৭৫ পূর্ব্ব-খৃষ্টান্দে চীনে বাণিজ্য উপলক্ষে দক্ষিণ-ভারতের কলিঙ্গ-জাতীয় বণিকগণ যবহীপে উপনিবেশ হাপন করিয়াছিলেন। দিতীয় শতান্দীর শেষভাগে সৌরাষ্ট্র-মণ্ডলের রাজা—মহাচীন, চীন ও ভোট রাজ্যে বাণিজ্য-তরণী প্রেরণ করিয়াছিলেন,—তাহার প্রমাণ চীন-দেশীয় গ্রন্থপত্রেই বর্ত্তমান দেশি।

সোরাষ্ট্র দেশের এক বণিকের নাম—যাদব। তিনি জৈনধর্ম্মাবলম্বী ছিলেন। চীনে ও মহাচীনে বাণিজ্যের উদ্দেশ্যে তিনি কতকগুলি পণ্যবাহী পোত প্রেরণ করেন। তন্মধ্যে আঠার-থানি পোত বার বংসর পরে বহুমূল্য স্ত্বণাদিতে পরিপূর্ণ হুইয়া দেশে প্রত্যাবৃত্ত হয়। পণ্ডিতগণ

"Under the reign of Kaniksha, about twenty men having come from East China, or Sze-tchuen, to pay homage, he assigned to t em three convents as residences during their sojourn according to the three seasons. In Kapisa the convent was called Sha-lo-kia (which Beal understands as Serika.) Their winter residence was called Tohinapati, near the Sutlej. They introduced the peach and the pear, hitherto unknown in India, and which were called from them Tchinam and Tchina-adyaputra"—Western Origin of the Early Chinese Civilisation, p. 367-368. Cf. Beal, Budhist Literature, 3.

* পার্থিয়া কটতে একজন বৌদ্ধর্মপ্রচারক ১৪১ খৃষ্টান্দে উত্তরের পথে চীনে উপস্থিত চন। তিনি ১৭০ গৃষ্টান্দে কাণ্টিনে গৌদ্ধলচারকগণের নিকট গমন করেন। কথিত হয়, ক্যাণ্টনের অধিবাদিগণ তাহাকে নিহত করিয়াছিলেন। S. Beal, Budhist Literature; 7; Bunya Nasjio, Tripitaka 38%, এবং The Westein Origin of the Early Chinese Civilization; p. 247 248,

সিদ্ধান্ত করেন,—যাদব খৃষ্ট-পূর্ব প্রথম শতান্ধীতে বিছমান ছিলেন। যাদবের পিতা—রাজা বিক্রমার্কের সমসাময়িক ছিলেন। ৫৭ পূর্ব্ধ-খৃষ্টান্দে যাদবের বিছমানতা স্থিরীকৃত হয়। স্ত্রাং যাদব কর্ত্বক বাণিজ্য-পোত-প্রেরণ পুর্ব্বোক্ত সময়েই সংঘটিত হুইয়াছিল। *

গাহা হউক, ভারতেরও চীন-রাজ্যের মধ্যে ব্যবধান অধিক হইলেও দূতগণের গতিবিধি সত্তে এবং বণিজ্য-ব্যাপারে উভয়ের মধ্যে ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপিত হইয়াছিল, তদ্বিষয়ে সন্দেহ নাই।

নৌদ্ধর্ম্ম-প্রচারে বাণিজ্যের স্থবিধা।

খৃষ্ট-পূর্ব্ব প্রথম শতান্দীতে চীনে বৌদ্ধধর্মের প্রবর্তনা। সেই সময় হইতে চীনের সহিত্ত ভারতের সম্বন্ধ অধিকতর দৃঢ়কপে প্রতিষ্ঠিত হয়। ইতঃপূর্ব্বে আরও কয়েকবার চীনে নৌদ্ধধর্ম প্রবর্তনার প্রচেষ্টা চলিয়াছিল নটে; কিন্তু রাজকীয় সহায়তার অভাবে সে চেষ্টা তথন ফলবতী হয় নাই।

প্রকাশ,—প্রথম ছই বার বৌদ্ধগণ ব্রাহ্মণ্যধর্ম্মাবলম্বী যোগা সমভিন্যাহারে চীনে গমন করেন। কিন্তু তথন চীনদেশে তাঁহাদের আগমনের কোনও নিদর্শনই বিদ্যমান নাই। চীনের উত্তর-পূর্ব্বাংশে বহু পূর্ব্ব হইতেই ভারতের বাণিজ্য চলিতেছিল। কথিত হয়, ৩০৫ গৃষ্টাদে সেই উপলক্ষে• 'শিলা' (শিল) নামক বৌদ্ধশ্যাজক চীনে গমন করেন। 'বৌদ্ধশ্যণ' বলিয়া তাঁহার কোনও পরিচয় না থাকিলেও তাঁহাব নিকট বৃদ্ধদেবের প্রতিমূর্ত্তি ছিল,—গ্রাহ-পত্রে ত্রিষয় উল্লিখিত আছে।

তৎসম্বন্ধে যে বর্ণনা দৃষ্ট হয়, তাহা এই,—ইয়েনের রাজা ট্চাও এর রাজত্বের সপ্তম বৎসরে, ৩৪৫ পূর্ব্ধ-খুঠান্দে, 'টাও' এর ধর্ম্ম প্রচার-কল্পে 'দে লো' নামক এক ব্যক্তি চীনে আগমন করেন। তিনি বলেন,—তান তাঁহার বয়স ১৩০০শংসর হটয়াছিল। তিনি 'সেন-টু' বা ভারতের জন্তুর্গত 'মকুতু' বা মগধ হটতে জাসিয়াছিলেন। ইত্যাদি।। কিন্তু 'সে-লো' বা শীলা (শীল) যে বৌদ্ধ-ধর্মের একান্ত জন্তুরাগী ছিলেন, তাহার বিশেষ প্রমাণ নাই।

তাঁহাব পর ইয়েন-দেশে যথাক্রমে স্থ-উ-কি, ট্চেং-পোকিয়াও, ট্চুং-সাং এবং শমন ট্জে-কাও চীনদেশে সমাগত হন। কথিত হয়,—ট্জে-কাও এবং ট্সিন-সি—হোয়াং-টি-র সমসাময়িক ছিলেন। তাঁহারা সকলেই 'টাও'র প্রবর্ত্তি ধর্মের উৎপত্তিস্থানে বসতি-স্থাপন করিতেছিলেন। এই সময়ে ঐতিহাসিক সজেমা-ট্সিন, টা-ও-র ধর্মমতে অনুপ্রাণিত হন।

ঐতিহাসিকের মতে, পূর্ব্বোক্ত শ্রমণগণ ঋষি-প্রদর্শিত পথের অনুসারী এবং তাঁহারা ধর্ম্মণাম্নে স্পণ্ডিত ছিলেন। আত্মা অবিনশ্বর; দেহ ধবংসনীল। শরীর ধবংস হউলে আত্মা ভগবানে সংস্তম্ভ হইবেন এবং পুনরাগমন করিয়া দেবতার পূজায় মনোনিবেশ করিবেন,—ট্জে-কাও প্রতারিত এই মত সর্ব্বত্র সমাদর লাভ করে নাই সত্য; কিন্তু উহার ভিত্তিভূমি যে বৌদ্ধনীতির উপদেশ-সমূহ, তাহাতে সন্দেহ নাই।

^{🔹 &#}x27;শত্রপ্তর' নাহান্ত্রান্ মহাকাব্যে চীনের সহিত ভারতের বাণিজ্ঞার বিষয় উল্লিখিভ জাছে।

[†] Eitel, Sanskrit Chinese Olctionary, P. 127a., Herbert J. Allen Similarity between Buddhism and Early Taoism.

যাতা হউক, চীনদেশে সজেমা-ট্সিনকেই বৌদ্ধেশ্বের প্রথম পৃষ্ঠপোষক বলা যায়। ২১: পূর্ব্ধ-খৃগালে সি-হোয়াং-টির সহিত পু-হাই বন্দরে তাঁহার সাক্ষাৎ হইয়াছিল। প্রবর্তিকালে হোনানের উত্তরে ট্টাও পর্বতে তিনি আশ্রয় গ্রহণ করেন।

কয়েক বৎসর পরে ২১৫ খৃষ্টান্দে, চীনের তাৎকালিক সমাট আর এক এন শ্রমণকে আনয়নের এল ভারতে দৃত প্রেরণ করেন। সেই সময় 'ইয়েন' বন্দরের কৃ-সেঙ্ নামক অনৈক বাক্তি 'কাও-দে' নামক শ্রমণকে চীনে আনয়ন করিয়াছিলেন। ১১২ পূর্ব্ব-খৃষ্টাব্দে জ্যোতির্বিদ লোয়াণ্টা, সমাট হান-ওয়া-টির নিকট শ্রমণদিগের এবং ঐল্রাজালিক ন্গান-কি-সেংএর বিশেষ পরিচয় প্রদান করেন। সমাটের নিকট তাঁহার উক্তি হইতে ব্রা য়ায়,—তথন চীনদেশে বৌদ্ধার্মপ্রচারকগণের কোনও প্রভাব প্রতিষ্ঠিত হয় নাই। অপিচ, ২১৯-২১৫ পূর্ব্ব-খৃষ্টান্দের মধ্যে চীনে বৌদ্ধার্মপ্রচারের যে চেষ্টা চলিয়াছিল, সে সকলই ন্যর্থ হইয়াছিল।

২২১ পূর্ক-খৃষ্টানে এক অদৃত ঘটনা সংঘটিত হয়। চীনের পশ্চিম সীমান্তের লিন্টাও সহরে দীর্ঘকায় দাদশ জন আগন্তুক আগমন করেন। তাঁহারা তুর্কি পরিছেদ পরিহিত 'টেক' বলিয়াই তংকালে চীনাগণ সিদ্ধান্ত করিয়াছিল। যাহা হউক, তাঁহাদের অদৃত আকৃতি-দৃষ্টে তাংকালিক চীন স্থাট ভাঁহাদের পিতৃলমূভি নিশ্বাণ করাইয়াছিলেন। সেই প্রতিমূভির এক একটীর ওজন ছিল—১৫০০ কিলো।

সেই সকল প্রতিমৃত্তি বৌদ্ধধর্মপ্রচারকগণের কিনা, তাহার কোনও প্রমাণ পাওয়া যায় না। বৌদ্ধপ্রচারকগণও তৎসম্বন্ধে কোনও দাবী-দাওয়া করেন নাই। দ কিন্তু অন্তর্ত্ত তাহারা হিন্দু বলিয়া পরিচিত। তাঁহাদের সম্বন্ধে যে উপাধ্যান প্রচলিত ছিল, তাহা এই,—সমাট সি-হোয়াংটি, পারলোকিক তত্ত্বে বিশেষ আনন্দ অনুভব করিতেন। পারলোকিক বিষয়ে তাঁহার প্রগাঢ় অনুরাগ ছিল। সামাজ্য তর তর করিয়া তিনি পারলোকিক রহস্তের সন্ধান শইতেন।

তথন 'হণ্টয়ান-কিউ' (স্জেট্ চুয়েন—Szetchenn) অঞ্চলে কতকগুলি লোকের বসতি ছিল। লি নৌকায় আরোহণ করিয়া, কৃষ্ণ নদীর মধ্য দিয়া, তাঁহারা 'যুং' (Yung) বা পু (Pn) প্রদেশে পৌছিতে পারিতেন। যুং বা পু—কান্তসের দক্ষিণ পশ্চিমে অবস্থিত। কৃথিত হয়,—এই স্থানেই লিন-টাও বিভ্যান ছিল।

ইউরান-কিউ অঞ্চলের অধিবাসীদিগের সহিত, সমার্চ সি-হোরাং-টি, সময়সময় শাস্ত্রালোচনায় প্রাবৃত্ত হইতেন। বিশ্বের সৃষ্টি-স্থিতি-লয়—সে প্রসঙ্গে প্রধান স্থান অধিকার করিত। প্রসঙ্গক্রমে সমার্টকে তাঁহারা বুঝাইতেন,—কোনও নির্দিষ্ট সময়ে চক্ত ও স্থানকাই হাজার লি গভীর জলে মগ্র ছিল। তথন দিবা রাত্রি প্রত্যেকের পরিমাণ দশ সহস্র বৎসর নির্দিষ্ট হইয়াছিল।

তাঁহারা সমাটকে এক প্রকার প্রস্তর উপঢৌকন দিয়াছিলেন। সেই প্রস্তরের একটা আশ্চর্য্য গুণ ছিল;—অন্ধকার গৃহে রাখিয়া দিলে, প্রস্তরের আলোকে ঘর আলোকিত হইত। চীন-সমাট আলোর পরিবর্ত্তে সেই প্রস্তর ব্যবহার করিতেন। প্রস্তরের আরও একটা শুণ

ছিল ;—প্রস্তর ভগ্ন হইলে তাহা হইতে অগ্নিফুলিঙ্গ নির্গত হইত। পাশ্চাত্য-ভাষায় ঐ প্রস্তর পাইরাইট নামে অভিহিত। অনেকের মতে চীনদেশে পাইরাইটের' এই প্রথম প্রবর্ত্তনা। *

চানে পঞ্চাগ্রির উপাসনা।

চীনে অগ্নির উৎপাদক এই প্রস্তরের প্রসঙ্গে পাশ্চাত্যের ধারণা অন্তর্নপ দেখিতে পাই। পূর্ববর্ত্তী অংশে তাহা পরিদৃষ্ট হইবে। তাহাদের মতে সম্দ্র-পথে, বাণিজ্য-ন্যপদেশে, হিন্দুগণের চীনে গতিবিধি-স্থতে চীনারা 'অগ্নির' উপযোগিতা বিষয়ে অভিক্রতা লাভ করে। তৎপূর্ব্বে চীনারাণ 'অগ্নি' কাহাকে বলে—তাহা জানিত না।

অগ্নি সম্বন্ধে তাহাদের এক অদৃত ধারণা ছিল। তথন তাহাবা পঞ্চবিধ অগ্নির উপাসনা করিত। অগ্নির উপাসনা করিত বটে; কিন্তু অগ্নির প্রয়োগ বা ব্যবহার তাহারা জানিত না।

চীনাগণ যে পঞ্চায়ির উপাসনা করিত, গ্রন্থতে তাহার পরিচয় প্রাপ্ত হই। 'স্থন্-উ' প্রণীত 'পিং-ফা' (Ping-fah) অর্থাৎ যুদ্ধকৌশল (Art of war) গ্রন্থে তাহার পরিচয় আছে। 'স্থন্-উ'—'ট্র্ম্স' প্রদেশের সেনাপতি-পদে প্রতিষ্ঠিত ছিলেন। তাঁহার গ্রন্থে চীনাদিগের পঞ্চাবি অগ্নির নিমন্ত্রপান-পরিচয় পরিদৃষ্ট হয়; যথা,—

(১) 'হো-জেন' (Ho-jen)—মানুষের দেহাভান্তরন্থিত অগ্নি; (২) 'হো-ট্রি' (Ho-tsih)—সঞ্চিত অগ্নি; (১) 'হো-ট্রি' (Ho-tehi)—ইতস্ততঃ-গমনকারী অগ্নি অগ্নিং (১) 'হো-কু' (Ho-ku)—গাহপত্যাগ্নি; এবং (৫) 'হো-ফুই' (Ho-sui)—কার্চমধ্যস্তিত অগ্নি।

নেদে ত্রিবিধ অগ্নির আভাস পাই। সে ত্রিবিধ অগ্নি—নির্মাণ্য, ঔষদীয় ও বৈছাং। এতদ্বিন গার্হপত্যাদি অগ্নিরও উল্লেখ বেদে পরিদৃষ্ট হয়। ক্রিয়াকাণ্ডের বিশেষ বিশেষ অবস্থায় অগ্নির গার্হপত্যাদি নামকরণ হইয়া থাকে। নচেৎ, পূর্ব্বোক্ত ত্রিবিধ অগ্নিই প্রধান-স্থানীয়।

'আবেস্তা' গ্রন্থেও পাচটা আগ্নির পরিচয় পাই। চীনের ও আবেস্তার পঞ্চাগ্নির মধ্যে যথেষ্ট সাদৃশ্য আছে। চীনের ও আবেস্তার পঞ্চাগ্নির মধ্যে সাদৃশ্য এত অধিক যে, স্থান-উ মাজ্বাদীয় মতের বিষয় অবগত ছিলেন বলিয়া পণ্ডিতগণ সিদ্ধান্ত করেন।

স্থ্যের রশ্মি ইইতে কাচ দ্বারা অগ্নি উৎপাদন করিতে একনাত্র ভাবতবাসীই জানিতেন।
খৃষ্ট-পূর্ব্ব পঞ্চম শতাব্দীতে এরপে অগ্নাৎপাদনের প্রথা ভারতবাসী কর্ত্ত্ক চীনে প্রবর্ত্তিত
ইইয়াছিল। 'সো-চুয়েনের (Tso-tchuen) বর্ণনা ইইতে বুঝা যায়,—৬১৭ বা ৫০৬ পূর্ব্বখৃষ্টাক্ পর্যান্ত চীনারা এরপভাবে অগ্নি উৎপাদনে অভ্যন্ত হয় নাই। কনফিউসিয়াসের সময়েও
চীনারা তাহা অবগত ছিল না। চীনা-ভাষার চৌলি (Tchou-li) গ্রন্থে 'ফু' (Fu)
নামক এক যন্ত্রের উল্লেখ আছে। সন্তবতঃ কনফিউকিয়াসের আবিভাবের পরবর্ত্তিকালে
থী যন্ত্র প্রবর্ত্তিত হয়। তবে 'লংগ' (Lang-ga) দেশের সমুদ্রবিহারী বণিকগণ কর্ত্বক

^{*} Lacouperle, Western Origin of the Early Chinelse Civilisation,

যে ঐ যন্ত্ৰ ও অগ্নি উৎপাদন প্ৰণালী চীন-দেশে প্ৰবৰ্ত্তিত হইশ্লাছিল, তাহা 'মৌ-লি' গ্ৰন্থেও উল্লিখিত আছে।

গৃষ্ট-পূর্ব্ব দিতীয় শতান্দীতে যথন 'লি-কি' গ্রন্থ সম্পাদিত হয়, কিন-স্থই (Kin-Sui) অর্থাৎ ধাতুনির্ম্মিত অগ্নি উৎপাদক যন্ত্র, তথন চীনের প্রতি গৃহে ব্যবস্থাত হইতেছিল। সে যন্ত্র তখন কটিবন্ধে আবদ্ধ থাকিত।

খৃষ্টার প্রথম শতাকীতে ইছদীগণ চীনে গমন করেন। তাহারা পাথরের সহিত ইম্পাংঘর্ষণে অগ্ন্যংপাদন করিবার প্রণালী অবগত ছিলেন। ইছদীগণের আগমনের পূর্বের চীনে অগ্নিপূর্ণ যন্ত্র (fire drill) রক্ষিত হইবার ব্যবস্থা ছিল। ইছদীগণের আগমনের সঙ্গে সঙ্গে সে
প্রথা পরিবত্তিত হইয়া 'চুম্কীপাথর' ও ইম্পাত ঘর্ষণে সগ্ন্যংপাদন প্রণালী প্রবর্তিত হয়।
ভারতেও এ প্রথা স্মরণা তীতকাল পূর্বে ইইতেই প্রচলিত ছিল।

আনেস্তার বর্ণিত পঞ্চাহির সহিত চীনাদিগের পঞ্চাহির যে সাদৃশ্রের বিষয় পূর্বের উল্লেখ করিয়াছি, এক্ষণে সেই সাদৃশ্র প্রদর্শনে প্রয়াস পাইতেছি: যথা,—(:) আবেস্তার 'বহু ক্রিয়ান' (Vohu fryana)—মান্তবের ও পঞ্চাদির দেহে বিছমান। উহাকে প্রাণিগণের পরমবন্ধ বলা হইয়াছে। চীনাদের হো-জেন (Ho-jen) নামক জ্বিও তদ্ধপ মানবনেহন্তিত জ্বিকে বুঝাইতেছে। (:) আবেস্তার 'ম্পেনিস্তা' (Spenishta) নামক জ্বি, ত্যার চীনাদের 'হোনি' (Ho-tsih) সমপ্যায়ভুক্ত। (ত) আবেস্তার 'ভঙ্কিম্পতা (Vazispta) জ্বাবা বৈত্যভাগ্নি এবং চীনাদিগের 'হো-চি' (Ho-tche) জ্বিতা। (৪) আবেস্তার 'বেরেবিসাভন' (Berezisavanh) জ্বাৎ পার্থিব ক্যান্ন এবং চীনাদের 'হোকু' (Ho-ku) উভয়ত এক। (৫) আবেস্তার 'উরভ্বিষ্ট' (Urvazishta) অর্থাৎ ঘর্ষণজ্বনিত উৎপন্ন ক্যান্তি, চীনাদিগের 'হো স্কৃত (Ho-sui) স্বর্থাৎ কাষ্টান্তিত জ্বির অভিন্নতাস্থেচক। +

ফলতঃ, চীনাগণ হিন্দু ছিলেন, অগ্নির উপাসনা করিতেন,—পূর্ব্বোক্ত আলোচনায় তাহাই প্রতিপন্ন হয়। পরে বৌদ্ধধর্ম চীনে প্রবেশলাভ করিলে, হিন্দুধর্ম পরিত্যাগ করিয়া তাঁহারা বৌদ্ধধর্ম গ্রহণ করিয়াছিলেন, বৃদ্ধিত পারি।

চিনের হিন্দু অধিবাসী।

চীন-সমাটের সহিত বাহারা ধর্মালোচনায় প্রবৃত্ত হইয়াছিলেন, 'ইউয়ানকিউ' অঞ্চলের সেই অধিবাসিগণ হিন্দু ছিলেন। তাঁহারা কেবল হিন্দু নহেন;—তাঁহারা রাক্ষণ। প্রত্নতন্ত্ব-বিদ্যাণের ইহাই সিদ্ধান্ত।

খৃষ্ট-পূর্ব্ব ষষ্ঠ শতান্দীতে এবং তাহার পরবর্ত্তিকালে দ্বেন্ট্-চুয়েনের উত্তর পশ্চিম প্রান্ত হইতে আগমন করিয়া, তাহারা মিন-পর্বতের উপরিভাগে গৃহ-নির্মাণে অবস্থিতি করিতেছিলেন।

* Max Muller, Physical Religion, 1891, C. de Hailez, Introduction to Zend Avesta; Zend Avesta Yasna XVII, 43: James Daimesteler, Le Zend Avesta, Vol. 1. pp. 149-150.

২০০ পূর্ব-খৃষ্টাব্দে, ব্রাহ্মণ্য-নীতির অনুসারী হিন্দুগণের প্রভাব, চীনের উত্তর সীমানায়— হিউংনাস জাতির মধ্যে বিস্তৃত হয়। ২১৭ পূর্ব-খৃষ্টাব্দে সতের জন সঙ্গী লইয়া শ্রমণ 'লি-কং' ভারতবর্ষ হইতে চীনের লো-হিয়াং প্রদেশে উপস্থিত হন। কিন্তু তাঁহারাও চীনে বৌদ্ধধর্মের প্রতিষ্ঠায় সমর্থ হন নাই। সান্টুং ও ট্চিছ্লির শ্রমণগণের স্থায় তাঁহাদেরও কোনও পরিচয়-চিহ্ন বিস্থমন নাই। প্রত্নতবিদ্যাণের গবেষণা এখানে পর্যুদন্ত।

চীনে বৌদ্ধর্ম্মের প্রতিষ্ঠা।

হান-বংশের অভ্যদরের সঙ্গে সঙ্গে সি-হোয়াং নির্মিত রাজনৈতিক সৌধ চূর্ণ-বিচূর্ণ হইয়া
যায়। হান-বংশের সমাট মিং-টির রাজস্বকালেই চীনে বৌদ্ধধর্ম প্রবর্ত্তিত হয়; আর সেই হইতে
চীনে বৌদ্ধ-ধর্মের প্রভাব প্রতিষ্ঠিত হইতে থাকে। এই সময় সমাটের পৃষ্ঠ-পোষকতায় চীনে
বৌদ্ধধর্মের ভিত্তি প্রতিষ্ঠা হয়। হান-রাজ মিং-টির রাজস্বকালে, ৫৮ পূর্ব্ধ-খৃষ্টান্দে, বৌদ্ধধ্যের
নীতি-সমূহ চীনে সংবাহিত হয়।

চীন-সমাটের ভাতা, 'ট্স্ন' প্রদেশের যুবরাজ, বৌদ্ধধ্মের (হোয়াং-লাও বা টাও ধ্র্মের)
নীতি-সমূহের আলোচনায় প্রবৃত্ত হন। ৬০ পূর্ব্ব-পৃষ্ঠাদে সমাট মিং-টি অপ্নে এক বিমানবিহারী
অর্ণমূর্ত্তি দর্শন ক্রেন। অপ্নদর্শনে তিনি চঞ্চল হইয়া পড়েন। তাহার এই অপ্নের ব্যাখ্যার
জন্ম পণ্ডিতগণের প্রতি আদেশ হয়। পণ্ডিতগণ পূর্ব্ব হইতেই বৌদ্ধ-ধ্র্মের বিষয় অবগত
ছিলেন। স্থতরাং সমাটকে তাহারা ব্যাইলেন,—অপ্নে তিনি যে বিমানবিহারী অর্ণমূর্ত্তি দর্শন করিয়াছেন, সে মূর্ত্তি—বৃদ্ধদেবের।

বৌদ্ধশ্যের তথ্যনিরূপণে রাজকীয় কমিশন।

স্বপ্নদর্শনের কলে, ৬৪ পূর্ব্ব-খৃষ্টান্দে, বৌদ্ধবর্ম সম্বন্ধে প্রাকৃত তথ্য জানিবার জন্ম ভারতে এক 'রাজকীয় কমিশন' প্রেরিত হয়। ৬৭ পূর্ব্ব-খৃষ্টান্দে সেই কমিশন চীনে প্রত্যাবৃত্ত হইয়াছিল। তথন শক-নূপতি কনিক্ষ ভারতের সিংহাসনে সমার্ক্ত। তিন বৎসর পরে কমিশন চীনে প্রত্যাবৃত্ত হয়। ভারত হইতে হুই জন শ্রমন সেই কমিশনের সহিত চীনে গ্রমন করেন।

চীনা-ভাষায় ঐ হুই শ্রমণ কা-দিয়াপ-ম-তং' (অর্থাৎ কখ্যপ মাতঙ্গ) এবং 'গপালন' (অর্থাৎ গোভরণ) নামে পরিচিত। * লান্-টাই' এর অভ্যন্তরে লো-ইয়াং নামক স্থানে তাঁহাদের বাসন্থান নির্দিষ্ট হয়। এই স্থান হইতেই শ্রমণন্বয় নির্চিষাংরিশং-নিয়ম-সম্বালিত ত্ত্র প্রথায়ন করিয়াছিলেন। কিছুকাল এই ভাবে অবস্থানের পর পূর্ব্বোক্ত শ্রমণন্বয়ের এবং অপরাপর শ্রমণের জন্ম চীন-স্থাট স্বতন্ত্র বৌদ্ধবিহার নির্মাণ করাইয়া দেন।

এই উপলক্ষে রাজধানীর সন্নিকটে পশ্চিম দিকে 'পে-মা-সে' অর্থাৎ 'খেতাশ্ব-বিহার' প্রস্তুত হয়। ৭১ খুষ্টান্দে উক্ত বিহারের নির্দ্মাণ-কার্য্য শেষ হইয়াছিল। কশ্মপ মাতঙ্গ

* অধুনা চীনাভাষার কপ্তপ মাতক 'কিয়া-ইরে-মেণ্ড:' (Kia-yeb-mo-tang) রূপে লিখিত হয়। চীনালিগের এছের চু-ফা-লান্ (Tchu fa-lan) পাশ্চাতা মতে 'ধর্মক্রণ', 'ধর্মানন্দ' 'গোভরণ'। J. Eitel. Sanskrit Chinese Dictionary, Sy.

এবং গোভরণ সেই বিহারেই শোকান্তর গমন করেন। * চীনে বৌদ্ধার্ম্ম-প্রচারের সঙ্গে সঙ্গে ভারতের বাণিজ্য-প্রসার ক্রমশঃ বৃদ্ধি হইতে থাকে।

বাণিজ্যে প্রতিদ্বন্দ্বী।

খৃষ্ট-পূর্ব্ব দিতীয় শতানীতে চীনের সহিত ভারতের বাণিজ্যের এক অভাবনীয় পরিবর্ত্তন ঘটে। তৎপূর্ব্বে বাণিজ্য-ক্ষেত্রে তাঁহাদের অন্ত কোনও প্রতিঘন্টা ছিল না। পার্রদিকগণের সহিত ভারতীয় বণিকগণ একযোগে চীনের সহিত বাণিজ্য করিতেছিলেন। কিন্তু এই সময় লোহিত-সাগরের 'টাট্সিন' বণিকগণ, চীনের বাণিজ্য-ক্ষেত্রে প্রতিঘন্তিতা আরম্ভ করেন। বণিকগণ এত দিন চীন-সমাজ্যের অভ্যন্তরে প্রবেশ করেন নাই। তাঁহারা সমুদ্রের উপকূলে, চীন সমাজ্যের সীমানার বহির্ভাগে, বন্দর স্থাপন করিয়া বাণিজ্য করিতেছিলেন।

চীনের বহির্ভাগে বন্দর স্থাপন করিয়া বাণিজ্যের কয়েকটা উদ্দেশ্য ছিল। চীনের মধ্যে প্রবেশ করিলে অনেকাংশে স্বাধীনতার হ্রাস হয়, অপিচ পণ্য-দ্রব্য বাজেয়াপ্ত হইবারও সন্তাবনা থাকে। স্থতরাং স্বাধীনভাবে থাকিয়া নিঃশক্ষচিত্তে নিরাপদে বাণিজ্য পরিচালনার উদ্দেশ্যেই বণিকগণ চীন সামাজ্যের প্রান্তভাগে থাকিয়া চীনে বাণিজ্য করা শ্রেয়ঃ মনে করিয়াছিলেন। রাজকর, বাণিজ্য-শুক্ত প্রভৃতি বর্দ্ধিত হারে প্রদান করিবার সন্তাবনাও চীনের বহিভাগে অতি অল্লই ছিল।

বিভিন্ন বাণিজ্য-কেন্দ্র।

অতঃপর চীনে গৃহ-বিবাদের স্ত্রপাত হইল। সেই স্ত্রে যথন 'ট্রি' জনপদের চীনাগণ ক্রমশঃ রাজধানী এবং সমুদ্রতীর অভিমুখে অগ্রসর হইতে লাগিল, সময় হিন্দু-বণিকগণ সেই লং-ইএ এবং ট্রি-মো পরিত্যাগ করিয়া বর্ত্তমান নিং-পোর সন্নিকটে কুএই-কি অভিমুখে এবং মিন নদীর মোহনায় কুট্চোর সন্নিকটে সরিয়া আসিতে বাধ্য হইলেন।

তার পর, ২০১ পূর্ব্ব-খৃষ্টান্দে, হান-বংশের আধিপত্য-বিস্তৃতির সঙ্গে সালে চীনের অন্তর্ব্বিপ্লবে, উভয় বাণিজ্য-কেন্দ্রই পরিত্যক্ত হয়। তথন তাঁহারা আনামের উপকৃলে এবং হাইনানের দক্ষিণ পশ্চিমে বাণিজ্য-কেন্দ্র প্রতিষ্ঠা করেন; হিন্দুবণিকগণ 'পাথোই' হইতে 'হেন-সাং' কেন্দ্রে বাণিজ্য পরিচালনার প্রবৃত্ত হন।

কিন্তু 'টাট্সিন' বণিকগণের অভ্যুদরে চীনের উপকৃলে প্রায় সর্ব্যক্তই বাণিজ্য-কেন্দ্র প্রতিষ্ঠিত হইয়াছিল। সেই উপলক্ষে 'নানউয়ের' দক্ষিণ উপকৃলে স্থপ্রসিদ্ধ 'কাটিগড়' বন্দর প্রতিষ্ঠিত হয়। হোয়াং-ট্চির হিন্দু নাবিকগণ পরস্ত উপসাগরের এবং লঙ্কাদ্বীপের মুক্তা-শুক্তির বিষয় অবগত ছিলেন; এই সময় তাঁহারা 'হাইনানের'পশ্চম উপকৃলে মুক্তার আকর আবিক্ষার করেন। তদবধি চু-ইয়াই উপকৃলে মুক্তা-শুক্তি উত্তোলনের ব্যবস্থা হয়।

১১১ খৃষ্টাব্দে চীন-সামাব্দ্যের আয়তন বদ্ধির সঙ্গে সঙ্গে কাম্বোডিয়া অন্তরীপের পশ্চিমে খ্রাম

^{* &}quot;The Peh Ma Se or white horse monastery west of the Capital, was built for them, and finished in A. D. 71, and they died there long afterwards."

উপসাগরের পূর্ব্বে 'ট্চাম' নামক স্থানে বণিকগণ বাণিজ্য-কেন্দ্র প্রতিষ্ঠা করেন। টলেমির গ্রন্থে 'জরাই' নামে, চীনাভাষায় 'ট্চুপো' নামে এবং আরবদিগের নিকট 'সান্ফ্' নামে ঐ বন্দর পরিচিত। ওমানের নাবিকগণ হিন্দুবণিক কুন-টিয়েন সমভিব্যাহারে এই বন্দরে অবতরণ করেন। 'কমোজ-রাজ্য' হিন্দুদিগেরই প্রতিষ্ঠিত। চীনাভাষার 'জুনাম' বা 'ফে,াম্' নামে পরিচিত এই কম্বোজ-রাজ্য ক্রমে 'ট্চিম' বন্দর পর্যান্ত গ্রাস করিয়া বসিয়াছিল। কয়েক শতাকী ধরিয়া কমোজ-রাজ্য প্রাচ্যের ও প্রতীচ্যের বাণিজ্যের প্রধান কেন্দ্র ছিল। পরবর্ত্তিকালে যথন আলেকজাপ্রারের বাণিজ্য-প্রতিনিধি মেইয়স টিটিয়েনাস কাট্টগড়ে উপদ্বিত হন, তথন তিনি চীনদেশে হিন্দুর নামে পরিচিত বন্দর-সমূহ-দর্শনে বিশেষ আশ্চর্যায়িত হইয়াছিলেন।

র পূজা।

৩৯০-৩৮৪ পূর্ব্ব-খৃষ্টাব্দে 'টিয়েন' বংশের প্রতিষ্ঠাতা ট্সি রাজ্যের অধিপতি 'টাই-কৃং' হিন্দু বিণিকগণের অন্ধুসরণে আপনার সাত্রাজ্যে 'পা-সেন' দেবতার পূজার প্রবর্তনা করেন। 'পা-সেন' (Pah-Shen)—হিন্দুগণের অষ্টবস্তর নামান্তর। তাঁহার রাজ্যের সমুদ্র-প্রান্তবর্ত্তী অংশে বৈদেশিক হিন্দু-জাতির সংখ্যা অধিক ছিল। স্কতরাং তিনি হিন্দুদিগের অন্ধুসরণে হিন্দুজাতির রীতি-পদ্ধতি গ্রহণ করিয়াছিলেন—ইহাই সিদ্ধান্তিত হয়।

হিন্দ্দিগের অনুসরণে চীনাগণ অষ্টবস্থর পূজা-পদ্ধতি যে গ্রহণ করিয়াছিলেন, তৎসম্বন্ধে কোনও মতান্তর নাই। চীনা-ভাষায় বস্থ—'সেন' (shen) নামে অভিহিত। হিন্দুদিগের অষ্টবস্থ চীনাদিগের নিকট যে সকল নামে পরিচিত হইয়াছিল, নিমে তাহা প্রদান করিতেছি; যথা,—

हिन्पू-नाम	চীনাভাষার নাম	
(১) ধ্রুব (আকাশ—স্বর্গাধিপতি)	টিয়েন-চু	(Tien-Tchu)
(২) ধব (পৃথিবীপতি)	रू-ची	(Ti-Tchu)
(৩) ধকু (সমর-দেবতা)	পিং-চু	(Ping-Tchu)
(৪) প্রত্যুষ (উষাদেবতা)	टेगार-চ्	(Yang-Tchu)
(৫) প্ৰভাস (সন্ধ্যাদেবতা)	ইন-চু	(Yin-Tchu)
(৬) সোম (সোম-দেবতা)	ইউএ-চু	(Yue-Tchu)
(৭) অনল (অগ্নিদেবতা বা স্থ্যদেবতা)		(Jeh-Tchu)
(৮) অনিল (বায়ুদেৰতা বা ঋতুদেৰতা)	জে-সি	(Sze-she)

কেবলমাত্র চীনের সি-প্রদেশে এই সকল দেবতার পূজা প্রচলিত ছিল। 'সান্ট্র্' উপত্যকার উত্তরাংশেও অষ্টবস্থর পূজা-প্রথা প্রচলনের দৃষ্টান্ত গ্রন্থ-পত্রে পরিদৃষ্ট হয়। ফলতঃ, হিন্দু-ধর্ম্মের—ব্রাহ্মণা-ধর্মের প্রভাবই যে বিদেশে—স্থদ্র চীন-সাফ্রাজ্যের অভ্যন্তরে— প্রতিষ্ঠালাভ করিয়াছিল, ত্রিষয়ে আদৌ সন্দেহ নাই।

চীনাগণ হিন্দু ছিলেন।

ফলতঃ, হিন্দুজাতির সংস্পর্শে আসিয়া চীনাগণ হিন্দুদিগের স্কষ্টি-তত্ত্ব ও স্টি-বিজ্ঞান-বিষয়ক ধ্যান-ধারণা, তাঁহাদের প্রলয়-তত্ত্ব ও অবতার-তত্ত্ব প্রভৃতির অনুসরণ করিয়াছিল। হিন্দুর আদি-ধর্মা-শাস্ত্র প্রথেদে যে তেত্রিশ দেবতার উল্লেখ পরিদৃষ্ট হয়, তাহার অনুকরণে চীনাগণও আপনাদের ধর্মগ্রন্থে স্বর্গ মর্ত্য ও পাতালের অধিপতি তেত্রিশ দেবতার কল্পনা করিয়া লইয়াছিল। কৃর্ম অবতার, স্থামের পর্বত ও সোমের ধারণায়—হিন্দুদিগের অনুসরণ প্রতিপন্ন হয়।

৪০০ পূর্ব্ব খৃষ্টান্দে 'টাও' ধর্মাবলম্বী স্থপ্রসিদ্ধ 'লিয়ে-জে' (Liteh-tze) 'সাণ্টু,' এ সমাবিষ্ট বিদেশাগত হিন্দ্দিগের নিকট হইতে ঐ সকল বিষয়ে উপদেশ গ্রহণ করিয়াছিলেন। বেদোক্ত 'সোম'—পাশ্চাত্য পণ্ডিতগণের গবেষণায়, সোমলতা বলিয়া প্রতিপন্ন হয়। ঋষিগণ সেই সোমলতা হইতে প্রস্তুত্ত মাদকতা-বিশিষ্ট সোমরস পান করিতেন,—তাঁহাদের এই সিদ্ধাস্ত ।

কিন্তু চীনাগণ ভিন্ন মত পোষণ করিত। সোমলতা—চীনাভাষায় 'জে-মাই' (Tze-mai) নামে অভিহিত হইত। চীনাদিগের মতে সোমরদে অমরত্ব লাভ হয়। 'সিয়েন' (Sien) বা ঋষিগণ সেই সোম পান করিতেন।

সমাট ওয়েই-র পরবর্ত্তী সিউয়েনের রাজঅকালে পরমযোগী 'সৌ-হিয়েন' হিন্দুদিগের 'ক্ষিত্যপ্তাজামকদ্যাম' পঞ্চ্ছত-তত্ত্বের আলোচনায় প্রবৃত্ত হন এবং তিনি হিন্দুদিগের জমসরণে পঞ্চ্ছতের সমবায়ে জগৎ-স্পষ্টির বিষয় চীনদেশে প্রচার করিতে থাকেন। চীনে যথন হিন্দুধর্ম্মের পূর্ণ-প্রভাব প্রতিষ্ঠিত, সেই সময়েই ভারতবর্ষ হইতে বৌদ্ধর্ম্ম-প্রচারক 'সে লো' চীনদেশে গমন করেন। কথিত হয়, সে সময় তিনি বহু আলৌকিক কার্য্য সম্পাদন করিয়া চীনদেশবাসীর শ্রদ্ধা ও ভক্তির উদ্রেক করিয়াছিলেন। *

চিনে ভারতীয় ইক্ষু ও চিনি।

খৃষ্ট-পূর্ব্ব পঞ্চম শতাদীতে ভারতীয় হিন্দু-বণিকগণ লং উপনিবেশ পরিত্যাগ করিয়া বাণিজ্যের পথ পরিবর্ত্তন করিতে বাধ্য হন। তথন তাঁহারা মালাকা প্রণালীর সমৃদ্র-পথ পরিত্যাগ করিয়া, স্কমাত্রা ও যব-দ্বীপের পথে চীনে গতিবিধি আরম্ভ করেন।

সে সময় যে সকল পণ্য চীনদেশের দক্ষিণ উপকৃলে বিক্রীত হইত, তাহার অধিকাংশই ভারতের সামগ্রী। সে সময় চিনি ও মিছরি একমাত্র ভারতের ইক্ষু হইতেই উৎপন্ন হইত। ভারতীয় বণিকগণ সেই চিনি, মিছরি ও ইক্ষু, খুষ্ট-পূর্ব্ব তৃতীয় শতান্দীতে স্ব্বপ্রথম চীনদেশে লইয়া যান।

খৃষ্ট-পূর্ব্ব তৃতীয় শতাব্দীতে 'ন্গৌ-লো' (Ngu-lo)—চীন-সাম্রাজ্যের অধিগত হয়। ন্গৌ-লো—বর্ত্তমান 'টংকিং' এবং আনামের কিয়দংশ লইয়া সংগঠিত। নগৌ-লো—চীন-সম্রাজ্যের

* শে-লো, চীন-সাড্রাজ্যে উপস্থিত হুটয়া যে সকল অলোজিক ব্যাপার প্রদর্শন করিয়ছিলেন, মিঃ হারবার্ট এলেনের প্রস্থে এবং 'নি-ই-কি' (shih-y-ki) প্রস্থে ভাষার বিবরণ দৃষ্ট হয়। Mr. Herbert J. Allen প্রণীত Similarity between Budhism and Early Taolsm. অধিকারভূক্ত হইলে ভারতের সহিত চীনের বাণিজ্য অনেকাংশে স্থগম হইয়া আসে তথন ইক্ষু প্রভৃতি চীনে রপ্তানি করিবার স্থবিধা হয়।

'মান-হাই—হিং' নামক চীনা-গ্রন্থের উপাখ্যানে ইক্ষু ও শর্করা চীনদেশে প্রচলন সম্বন্ধে একটী আখ্যায়িকা দৃষ্ট হয়। তাহাতে বুঝা বায়, তালের চিনি অপেকা ইক্ষু চিনি, চীন-দেশে পরবর্ত্তিকালের প্রবর্ত্তনা। 'পুসে-সিন' বা ঋষিগণ যেমন সোম পান করিতেন, তেমনি ইক্ষুরসও তাঁহাদের প্রিয় থাত ছিল।

৩: ৪ পূর্ব্ব-খৃষ্টাব্দে 'লি-সাও' গ্রন্থে কু-ইউন্নেনের উক্তিতেও চি-সিয়াং (Tche-t-siang) বা স্থাম বৃক্ষের উল্লেথ আছে। উহা স্থ-রাজ্যে প্রবর্ত্তিত একপ্রকার চিনি-বিশেষ। কিন্তু ভারত কর্ত্ত্বক চীন-পাথ্রাজ্যে চিনি-প্রবর্ত্তনার পূর্ব্বে চীনদেশে চিনির বিষয় কেছ অবগত ছিলেন না। কথিত হয়, সান্ট্ং-এর হিন্দু-শ্রমণদিগের আহারের জন্ম কতকগুলি মধু চীনাগণ প্রদান করিয়াছিলেন। ২০১-২৯৫ পূর্ব্ব-খৃষ্টান্দে মিন্-ইউএ-র রাজা উ-চু, হান-বংশের প্রতিষ্ঠাতা কাও-স্থর নিকট হই 'হু' (huh) অর্থাৎ তৃট সের পরিমাণ 'সেক-মি' (shek-mih) অর্থাৎ চিনি পাঠাইয়াছিলেন।

>০০ পূর্ব্-খৃষ্টাব্দে পশ্চিমদিকের মধ্য-পথ দিয়া চীনে চিনি আমদানি হয়। এই সময়েই কুনস্কর পশ্চিমে 'উণ্ট্রু' (wintu) প্রদেশে সেক-ই (shek-y) বা ইক্ষদণ্ডের প্রবর্তনা।

চীনে ভারতীয় মুক্তাগুক্তি প্রভৃতি।

ভারত মহাসাগর মুক্তা-শুক্তির আকর। তথন পারস্থ-উপসাগরেও মুক্তা-শুক্তি পাওয়া যাইত। ভারতীয় বণিকগণ সেই মুক্তা শুক্তি চীনদেশে লইয়া যাইতেন। ১৮৭-১৪০ পূর্ববিধিদে চু-চুং নামক জনৈক বণিক কোরেই-কি বন্দরে মুক্তার ও শুক্তির বাণিজা করিতেছিলেন, প্রমাণ পাওয়া যায়। সে সময় চীনে তিন ইঞ্চি দীর্ঘ মুক্তা—পাঁচ শত এবং চারি ইঞ্চি দীর্ঘ মুক্তা—সাত শত 'কিন' স্থণমূজায় বিক্রীত হইত। বহু পূর্ববি ইঞ্চি দীর্ঘ মুক্তা বংগৃহীত হইয়াছিল। এই সময়ে সেই বন্দরে বহুশত তিন ইঞ্চি দীর্ঘ মুক্তা সংগৃহীত হইয়াছিল।

অতঃপর চীনের 'নান-ইয়ে' রাজ্যের অভ্যানয়ের সঙ্গে সঙ্গে 'ক্যাণ্টন' বন্দর বিশেষ সমৃদ্ধিশালী হইয়া উঠে। তথন ক্যাণ্টনে বৈদেশিক বাণিজ্যের প্রবল স্রোত প্রবাহিত হয়। ১৯৫ পূর্বরগৃষ্টান্দে চাও-টো-র চীনরাজদূত লু-কিয়া, ঐ বন্দরে 'ইয়ে-সি-মিং' অর্থাৎ পারস্তজাত 'জেসমিন'
বিক্রীত হইতে দেখিয়াছিলেন। 'ইয়ে-সি-মিন' এবং 'মো-ত্রি' নামক সদ্গন্ধযুক্ত বৃক্ষ, পশ্চিম
দেশীয় বণিকগণ চীনে আনয়ন করিয়াছেন—চীনরাজদূত স্মাটের নিকট সংবাদ দেন।

১৭৯ পূর্ব্ব-খৃষ্টাব্দে নান-ইউ-এ প্রদেশের শাসন-কর্তা চীনসমাটের নিকট যে সকল উপঢ়োকন প্রেরণ করেন, তাহার অধিকাংশই ভারতজাত সামগ্রী বলিয়া প্রতিপন্ন হয়। সেই উপহার-সামগ্রীর একটা তালিকা চীন-দেশের রাজকীয় দলিলাদির মধ্যে সংরক্ষিত আছে। সেই তালিকা হইতে বুঝা যার,—চীন-সম্রাট নিম্নলিখিত সামগ্রী উপঢ়োকন-স্বরূপ প্রাপ্ত হইরাছিলেন; যথা,—ছইটা পি' অর্থাৎ ছুইটা গোলাকার পদবীজ্ঞাপক চিহ্ন, ছুইটা শুলুবর্ণের রত্ব, এক সহস্র মাছরাঙ্গা পক্ষী, দশটী গণ্ডারের শৃঙ্গ, পাঁচ শত বিভিন্ন বর্ণের কোড়ি, কতকগুলি কেসিয়া মূল, চল্লিশ জোড়া জীবস্ত মাছরাঙ্গা, ছই জোড়া ময়ূর। * কথিত হয়, ইহার পূর্বের কথমও চীনদেশে ময়ুরের আমদানি হয় নাই, অথবা চীনদেশের অধিবাসীরা ময়ূর দেখে নাই। দক্ষিণ ভারতের স্থান্ধ মশলা, মণি-মুক্তা প্রভৃতির ব্যবসায় এ সময়ে বিশেষভাবে চলিয়াছিল,—পূর্বেণিক্ত বিবরণ হইতে তাহা সহজেই বৃথিতে পারা যায়।

ু প্রবালাদি রত্ব।

চীনদেশে প্রবাশ ও হেনার প্রবর্ত্তনা পরিবর্ত্তিকালের ঘটনা। ১৪০ পূর্ব্ধ-খৃষ্টাব্দে প্রবালের বাণিজ্য আরম্ভ হয়। ক্রমশঃ প্রবাল – বৈদেশিক বাণিজ্যের একটা প্রধান পণ্য মধ্যে গণ্য হটয়া উঠে। ১০৮ খৃষ্টাব্দে নান-ইউ-এ-র অধিপতি ট্চাও টো (Tchao-to)—'সাংলিন' বিলাসোজান প্রস্তুত করেন। উজ্ঞান-মধ্যস্থিত ট্সি-ট্সাও দীর্ঘিকার জন্ম হীনরাজ উ-টীর নিকট 'সান-হ' প্রবাল চাহিয়া পাঠান। উ-টি ভালাকে ৫৬২ ভার প্রবাল প্রদান করেন।

সেই প্রবাদের দারা একটা গুঁড়ি এবং তিনটা ডাল বিশিষ্ট বার হস্ত দীর্ঘ এক বৃক্ষ প্রস্তুত করা হয়। প্রবালগুলি বক্তাভ বলিয়া জনেকে ভূমধ্য-সাগরকে উহার উৎপত্তি-স্থান বলিয়া নির্দেশ করেন। পণ্ডিতগণ আরও সিদ্ধান্ত করেন,—লোহিত সাগর হইতে ঐ রক্তান্ত প্রবাল ভারতের বাণিজ্ঞা-বন্দরে প্রেণিত হইত: সেগান হইতে ভারতীয় বণিকগণ চীনদেশে লইয়া যাইতেন।

চীনে প্রবালের বাণিজ্যে ভারতীয় বণিকগণই মূলীভূত—তদ্বিয়ে সন্দেহ নাই। যাহা হউক, প্রবৃত্তিকালে, খুঠ-পূর্দ দিতীয় শতান্দীতে লোহিত-সাগরের উপকূল ভাগ হইতে পাশ্চাত্য বণিকগণ বে চীনে গমন করেন, এই প্রবালের ব্যবসায়ই তাহার প্রপ্রদর্শক। নচেৎ, পাশ্চাত্য-দেশীয় বণিকগণের এ সন্ধান পাইবার কোনই সন্ভাবনা ছিল না।

তার পর চীন-দেশে হেনা বা 'চি-কিয়া-ছয়া'—ভারতের বণিকগণই লইয়া আসেন। তাহারা নান-হাই নগরে 'হেনা' বৃক্ষ রোপণ করেন। ৮ ১১১ পূর্ব্ধ-খৃষ্টাব্দে চীন-সমাটের রাজকীয় উভানে বহু তরুলতা রোপিত হইয়াছিল। ভারতীয় বণিকগণ তৎসমূদায় সরবরাহ করিয়াছিলেন, প্রমাণ পাওয়া যায়।

'নান্-ইউএ' (Nan-Yueh) অধিকার করিয়া চীন-সমাট 'হান্ উ-টি', রাজধানীতে 'ফু-টি' নামক বিলাস উন্থান নির্মাণ করেন। বিজিত প্রদেশ হইতে রাজকীয় বিলাসোভানের জন্ম তিনি বহু তরুগুলা আনমন করিয়াছিলেন। তন্মধ্যে যে ত্রমোদশবিধ তরুগুলা ছিল,

- * T. W. Rhys David's translation of Jataka Bavern; La Couplrie's Western Origin of the Barly Chinese Civilization. p. 234; F. Hirth প্ৰশীত China and Roman Orient গ্ৰন্থ এ গ্ৰেম্বে মুইবা।
- † Candolle, Origin of Cultivated Plants, p. 138; Henaeo in China by Cintoniensiz, W. F. Mayers viz. কেহ কেহ ৰলেন ১১১ পূৰ্ব-গৃষ্টাব্দের পূৰ্বে চীনদেশে হেনার অভিত্য পাওরা যার না । বদি ভাষা হইত, ভাষা হইছো ১৫৫ পূৰ্বি গৃষ্টাব্দে চাও-টো প্রবালের সহিত হেনার কোন না কোনও নমুনা প্রেরণ করিতে পারিজেন।

তাহা ভারতজ্ঞাত বলিয়াই সিদ্ধান্তিত হয়। 'চাং পু' এবং 'কান্সিয়াস' নামে ভারতের কথাই শ্বরণ করাইয়া দেয়। সান্-কিয়াং এবং লিউ-কিউ-জ্লি—ভারতের কোনও প্রদেশ-বিশেষে উৎপন্ন বলিয়া সপ্রমাণ হয়। *

বাহা হউক, এই সময়েই চীনদেশে, হৈনান্-দীপের পশ্চিম উপক্লে, সর্ব্ধ প্রথম মুক্তার আকর আবিষ্কৃত হইয়াছিল। পরবর্ত্তিকালে হোয়াং-চি বণিকগণ চীন-সমাটকে নানাবিধ উজ্জ্বল মুক্তা, বিবিধ বর্ত্তিণ কাচ, স্কদর্শন প্রস্তর, গোলাকার মুক্তা প্রভৃতি উপহার প্রদান করেন। সেই সকল বিবিধ বর্ণের কাচ ও অন্তান্ত সামগ্রী দেখিয়া সমাট উ-টি এতই মুঝ্ধ হইয়াছিলেন বে, তৎসমুদায় সংগ্রহের জন্ত তাহাদের বন্দরে চীন-সমাট বিশেষ এক দৃত প্রেরণ করিয়াছিলেন। দ্বিতীয় খুষ্টান্দে সেই হোয়াং-চি বণিকগণ চীন সমাটের নিকট কতকগুলি গণ্ডার উপহার স্বরূপ প্রেরণ করেন।

খৃষ্ট-জন্মের পরবর্ত্তিকালে চীনে উপনিবিষ্ট বাণকগণের বাণিজ্য ব্যাপারে বিশেষ কোনও কাতিছের পরিচয় পাওয়া যায় না। চীনদেশের 'কুনাম-তু-স্থ-চুয়াং' নামক প্রাচীন প্রস্থে ভারতের বৈদেশিক বাণিজ্যের যে পরিচয় প্রাপ্ত হই, তাহাতে ৫০ পূর্ব্ব খৃষ্টান্দের পর হইতে কাম্বোডিয়াই ভারতীয় বণিকগণের বাণ্যিজের একমাত্র কেন্দ্রস্থা-মধ্যে পরিগণিত হয়।

'কুন্তিন' নামুক জনৈক হিন্দু বণিক কত্ত্বক নাম্বেডিয়া রাজ্য প্রতিষ্ঠিত হয় এবং পরবত্তী ক্ষেক শতাকী পর্যান্ত, ঐ বন্দর হঠতেই চানদেশে বাণিজ্য চলিয়াছিল বুনিতে পারি। পরিশেষে হিন্দু বণিকগণের এই উপনিবেশও যে প্রাধান্ত হারাইয়াছিল,—তদ্বিষ পূর্বেই প্রদশন করিয়াছি। তথন যে ভাবে বাণিজ্য চলিয়াছিল, তাহার পরিচয় সে দিন পর্যান্ত বর্ত্তমান ছিল। খৃষ্ঠ-পরবর্তী ১৪৩-১৫৮ অন্দে, মহাক্ষত্রপ ক্রদমনের রাজ্যকালে টিয়েন্টিসের হিন্দুণ্ণ সমুদ্রপথে চীনে উপটোকন লইয়া গিয়াছিল, গ্রন্থ-পত্রে তাহার প্রমাণ দৃষ্ট হয়।

ভারতের হিন্দু বণিকগণ চীনদেশে জ্যোতিষ-শাস্ত্রের প্রবর্তন করিয়াছিলেন। চানে তখন কোনও লিপি বা লিখনপ্রণালী প্রচলিত ছিল না। ভারতের হিন্দু ঔপনিবেশিকগণের নিকট হইতে এই সময় চীনারা লিখন-প্রণালী শিক্ষা করে। চীনদেশে লিখন-প্রণালীর প্রবর্তনা—ভারতবাদীর অপুর্ব্ব কীর্ত্তির নিদর্শন।

* * *

 ক চীন-সমাটের বিলাসোত্তানে যে সকল তক্লগুল্ম প্রেরিত ংইয়াছিল. ভাগার ভালিকা চীনের য়াজকীয় প্রস্থানে পরিদৃষ্ট হয়। স্থামরা নিয়ে দেই ভালিকার কতকাংশ প্রদান করিভেছি; যথা,

"Tchang-pu or sweet flag, Acorus calamus;—Shan kiang or Indian shot, Canna indica; Kau-tsiao or Banana tree;—Lim Kin or Quisqualis indica;—Kwei, or Cinnamon Cassia;—Mih hiang or Aglia wood; Tchi Kiah hwa, or Tinger nail- flower, Henna;—Lung-yen, or Naphelium longan; Litchi, or Nophelium Litchi; Pin-lang, or Aroca Catechu;—Kan-lan or canarium;—Tsien sing-tze or thousand years;—and the Kan-yu, or sweet orange tree."—Terrien de Lacouperie, Western Origin of the Early Chinese Civilization, p. 246.

ত্রয়োদশ পরিচ্ছে।

বহির্বাণিজ্যে সমৃদ্ধির পরিচয়।

[স্থলপথে বাণিজ্য ;—বণিকগণের মিলন-মন্দির ;—ভারতের বহির্ভাগে হিন্দ্-উপনিবেশ,— বিভিন্ন প্রদেশে উপনিবেশ স্থাপন ;—যবদ্বীপে হিন্দ্-উপনিবেশ ;—জার্মাণীতে হিন্দ্র উপনিবেশ ;—সর্বাত্র ভারতের প্রতিষ্ঠা।]

*

স্থলপথে বাণিজ্য।

বেমন জলপথে, তেমনি স্থলপথে, এসিয়ার বিভিন্ন রাজ্যে, ভারতের বাণিজ্য-প্রসারের নিদর্শন প্রাপ্ত হই। চীন-দেশেও যে স্থলপথে তথন বাণিজ্য চলিত, কনিক্ষের চীন-অভিযান হইতে তাহা সপ্রমাণ হয়। তথন, চীনের সহিত বাণিজ্য ব্যপদেশে তুর্কিস্থানের পূর্দের, ইয়ার-খন্দ, ভাসথন্দ, খাসগড়, খোটান, সমরকন্দ প্রভৃতি স্থানে, ভারতের বাণিজ্য প্রবলভাবে চলিয়াছিল। পরিব্রাজক ভেন হেডিন এবং শুর এম এ ষ্টিন সে সাক্ষ্য প্রদান করিয়াছেন।

বণিকগণের মিলন-মন্দির।

শে সময়ে চীনের পথে, 'গোবি' মরুভূমির সন্নিকটে, বিভিন্ন-দেশাগত বণিকগণের একটী 'মিলন-স্থান' ছিল। টলেমি ও টেসিয়াসের গ্রন্থে বণিকগণের সেই মিলন-স্থান—'তথ্তে স্থলেমান' নামে অভিহিত। 'তথ্তে স্থলেমান' অর্থাৎ প্রস্তরত্বন — বণিকগণের মিলন স্থান।

বিভিন্ন স্থান হইতে যাত্র। করিয়া হিন্দু-বণিকগণ প্রথমে সেই মিলন-মন্দিরে সমবেত হইতেন; তার পর সেথান হইতে তাঁহারা বাণিজ্য-ব্যপদেশে বিভিন্ন দিন্দেশে গমন করিতেন। চীনদেশে স্থলপথে যাইতে হইলেও তাঁহারা সেই 'প্রস্তর-ভবন' মিলন-স্থানে সমবেত হইতেন। মধ্য-এসিয়ায় ও এসিয়ার উত্তর-সীমানায় গমন পক্ষেও ঐ মিলন-স্থানই প্রশস্ত ছিল।

'গোবি' মরুভূমি—টলেমির গ্রন্থে 'ইদেন্ত' অর্থাৎ 'স্বর্ণরেণ্ময় মরুভূমি' নামে অভিহিত। 'ইদেন্ত' পার হইয়া স্থলপথে চীনে এবং এসিয়ার উত্তরপ্রাস্তস্থিত স্থানসমূহে বাণিজ্য করিয়া প্রত্যাবৃত্ত হইতে বণিকগণের প্রায় তিন চারি বৎসর অতিবাহিত হইত। মিলন-স্থান প্রস্তর-ভবনে এক বা হুই সহস্র বণিক একত্র মিলিত হুইলে বণিকগণ 'ইদেন্ত' পার হুইতেন।

ইদেন্ত পার হইয়া চীনদেশে যাইতে হইলে কোন পথে কোন্ কোন্ রাজ্যের মধ্য দিয়া বিণিকগণকে গতিবিধি করিতে হইত, অধ্যাপক হীরেণের গ্রন্থে তাহার নিদর্শন আছে। পথ নির্দেশ-ব্যপদেশে হীরেণ বলিয়াছেন,—'বিণিকগণ উত্তর-পূর্ব্বাভিম্থে যাত্রা করিয়া উত্তর অক্ষ-রেথার ৪১০ ডিগ্রীর অন্তর্বন্তী স্থানে প্রথমে মিলিত হইতেন। তাঁহাদিগকে পর্বতের উপর আরোহণ করিতে হইত। 'হোসান' বা 'উস' নামক ভীষণ অরণ্যানী

সঙ্গল প্রদেশ অতিক্রম করিয়া বণিকগণ সন্মিশন-ক্ষেত্রে উপস্থিত হইতেন। সেথান হইতে পর্বাত অতিক্রম করিয়া তাঁহারা কাসগড়ে যাইতেন এবং তথা হইতে 'গোবি' মরুভূমির প্রাস্ত-সীমায় উপস্থিত হইতেন। এ পথে তাঁহাদিগকে 'থোটান' ও 'অক্স্র' প্রভৃতির মধ্য দিয়া গতিবিধি করিতে হইত।

এই সকল প্রাচীন সহর হইতে কোশাটের মধ্য দিয়া 'সো-যৌ' পর্যান্ত একটী পথ ছিল। বিণিকগণ সে পথেও গমনাগমন করিতেন। 'সৌ-যৌ' চীন-সাফ্রাজ্যের প্রান্তভাগে সীমান্তহিত নগর। সো-যৌ হইতে বণিকগণ চীনে বাণিজ্য করিতেন। সমরকল ও কাসগড় প্রভৃতি স্থানে ভারতের বাণিজ্যের বিষয়— মাসিডনীয় বণিক 'মেয়স বা টিটিএনাসের বর্ণনা হইতেও সপ্রমাণ হয়। খৃষ্টায় প্রথম শতাকীতে 'মেয়স' এ সকল স্থানে বাণিজ্য-বাপদেশে গতিবিধি করিতেন।

ভারতের বহিহাগে হিন্দুর উপনিবেশ।

কি ভাবে খোটানে ভারতীয় সভ্যতার এবং ভারতীয় নৌদ্ধ-পর্মের প্রভাব বিস্তৃত চইয়াছিল, ইানের গ্রন্থে তাহার প্রস্কৃত্তী পরিচয় বিজমান। কচ্ছ-রাজ্যে যেরূপে নৌদ্ধব্য প্রচারিত হয় এবং সংস্কৃত-ভাষায় লিখিত জ্যোতিষ-শাস্ত্র ও চিকিৎসা-শাস্ত্র কচ' ভাষায় অন্থনাদিত হইয়া যে ভাবে, কশিয়ায় ও জাপানে প্রবৃত্তিত হইয়াছিল— সিলভেন লেভির গ্রন্থে তাহার পুদ্ধান্তপুদ্ধ আলোচনা দেখিতে পাই। *

বাদদেশ হইতে আরম্ভ করিয়া আসাম, কাথোডিংগ, শ্রাম-রাজ্য, এবং মালয় দ্বীপপুঞ্চে ভারতের বাণিজ্য-প্রভাব বিস্তৃত হইয়াছিল এবং সে সকল রাজ্যে ভারতীয় হিন্দ্-বণিকগণ উপনিবেশ স্থাপন করিয়া বসবাস করিতেছিলেন,—তদ্বিষয় পূর্বেই উল্লেখ করিয়াছি। উত্তর ভারতের বণিকগণ দক্ষিণ ভারতের সমুদ্-পথে পুকোক্ত স্থান-সমূহে গমন করিয়া উপনিবেশ স্থাপন করিয়াছিলেন,—সকলেই ভাহা একবাক্যে স্বীকার করেন।

উপনিবেশে যে সকল প্রাসিদ্ধ নগরের উল্লেখ দেখি, তাহার অধিকাংশই সংস্কৃত নামের অনুসারী। গঙ্গার তীরবর্ত্তী ভূভাগ-সমূহে ঐ সকল নামের অস্তিত্ব দেখিতে পাই। ভারতের পূর্ব-প্রান্তে, উপনিবেশ-সমূহে হিন্দু-নামের সাদৃশ্যে, উত্তরভারতীয় হিন্দুগণের উপনিবেশ-স্থাপনের বিষয়ই মনে আসে।

মালয়-দ্বীপ-পুঞ্জের সহিত ভারতের বাণিজ্যের অন্তিও মি: জন ক্রফোর্ড সপ্রমাণ করেন।
নালয়-দ্বীপ—লবঙ্গ এবং জায়ফলের উৎপত্তি-স্থান বলিয়া প্রসিদ্ধ। প্রাচীনকালে, এক মালয়-দ্বীপপুঞ্জ ব্যতীত পৃথিবীর অন্ত কোথাও তাহা পওয়া যাইত না। পেরিপ্লাস গ্রন্থে ঐ তুই দ্বোর উল্লেখ নাই। সম্ভবতঃ তথন সে তত্ত্ব কেহ্ অবগত ছিলেন না, অথবা তথনও মালয়-দ্বীপে ঐ সকল দ্বোর বাণিজ্য আরম্ভ হয় নাই।

>৮০ খৃষ্টান্দে, মার্কাস অরেলিয়াসের রাজত্ব-কালে, সর্ব্বাপম শবন্ধ ও জায়ফল আলেক।
জাব্রিয়া বন্দরে রপ্তানি হয়। তবে বিদেশে রপ্তানির বহু পূর্ব্বে হইতেই যে ভারতীয় বণিকগণ

^{*} Sir M. A. Stien, The Sandbursed Ruins of Khotan and M. Sylvan Levi, Hindu Civilisation in Central Asia,

यः-द। ४४-१

লবঙ্গ ও জায়ফলের উৎপত্তি-স্থান—মালয়দ্বীপে বাণিজ্য-ব্যপদেশে গমনাগমন করিতেন, তাহার প্রমাণ পাওয়া যায়। মালাক্কায় বাণিজ্য-ব্যপদেশে তাহাদের মালয়-দ্বীপে গমনের ইচ্ছা বলবতী হইয়া উঠে; ভারতীয় বণিকগণ মালয়-দ্বীপপুঞ্জে গমন করেন। খুষ্টায় প্রথম শতান্দীতে মালয়-দ্বীপের সহিত ভারতের বাণিজ্য আরম্ভ হয়। এই সময়েই ভারতীয় বণিকগণ চীনের দক্ষিণ-পূর্ব্ব উপকৃলে বাণিজ্য-ব্যপদেশে গমন করেন। সেখানে তাহাদের উপনিবেশ স্থাপিত হয়।

যবদ্বীপে হিন্দু-উপনিবেশ।

যনদ্বীপে ভারতীয় হিন্দুদিগের প্রভাব বহু পূর্বই বিস্তৃত হইয়াছিল। তখন বাণিজ্যের সঙ্গে মনদ্বীপে হিন্দুগণ উপনিবেশ স্থাপন করিয়াছিলেন। ৭৫ পূর্ব্ব-খৃষ্টান্দে কলিঙ্গ হইতে হিন্দুগণ সর্ব্বপ্রথম যবদ্বীপে উপনিবেশ স্থাপন করেন। •

মাস ডিন এবং শুর উইলিয়ন জোন্সের উক্তিতে প্রকাশ,—'মাদাগাস্থার হইতে আরম্ভ করিরা পূর্বপ্রান্তে প্রায় ২০০ ডিগ্রী দ্রাঘিমা পর্যান্ত বিস্তৃত ভূখণ্ডে তথন সংস্কৃত ভাষার প্রাধান্ত বর্ত্তনান ছিল। ভাষাতত্ত্বের আলোচনায় তাঁহারা সিদ্ধান্ত করেন,—সংস্কৃত ভাষার অনুসরণেই সে দ্বীপের প্রচলিত ভাষার সৃষ্টি হইয়াছিল।' !

দবদ্বীপের পূর্ব্ব-ভাগে তথন 'আজবেষ্টোদ' প্রচুর পরিমাণে পাওয়া যাইত। 'ট্ং-কাং-টো' প্রণিত টানাদিগের 'দে-ই-কিং' (Shea-y-king) গ্রন্থের মতে—'জেমাদিনের' অন্তর্গত 'হা-লিন'—হালিয়াং বা হোলিং হইতে টানদেশে আজবেষ্টোদ আমদানী হইত। তৎকালে 'ববদ্বীপ' চীনা-ভাষায় ঐ দকল নামে পরিচিত ছিল।

যবদীপে ভারতীয়গণের উপনিবেশ-স্থাপনের সঙ্গে সমগ্র যবদীপে হিন্দু-প্রভাব বিস্তৃত হুইয়া পড়ে। ফা-হিয়ান বে সময় যবদীপে পদার্পন করেন, তখন সমগ্র যবদীপ হিন্দু অধিবাসীতে পূর্ণ ছিল। গাঙ্গেয় উপত্যকা হুইতে যাত্রা করিয়া, হিন্দু-বিণিকগণ প্রথমে সিংহলে গমন করিতেন; তার পর সিংহল হুইতে তাঁহারা যবদীপে যাইতেন। পরিশেষে যবদীপ হুইতে বহির্গত হুইয়া তাহারা চীনে উপস্থিত হুইতেন। তাহাদের এই বাণিজ্য-ব্যপারে ব্রাহ্মণগণের নির্দেশ ক্রমে বাণিজ্য-পোত-সমূহ পরিচাশিত হুইত। যবদীপে ত্রন ব্রাহ্মণ্য-ধর্মের প্রভাবই অক্ষা ছিল। তার পর কথনও বৌদ্ধর্মা, কথনও বৈষ্ণবধ্মা প্রতিষ্ঠা লাভ করে। ‡

বিভিন্ন-স্থানে হিন্দু উপনিবেশ।

খৃষ্টায় প্রথম শতাকীতে ব্রহ্মদেশে এবং যবদ্বীপে ভারতীয় বাণিজ্যের প্রসার বিস্তৃত হয়। তথন ব্রহ্মদেশের অন্তর্গত 'কালাকান' বন্দর হইতে দক্ষিণ-ভারতে কাবেরী নদীর মোহানায়

- * J. Crawford, Descriptive Dictionary of the Indian Islands and W. P. Groenereldt, Notes on the Malay Archipelago and Malacca.
 - † Sir William Jones, Asiatic Researches, Vol. IV.
- ‡ M. Sundaram Pillay, Tamils 1800 years ago and Sir A. P. Phayre, History of Burma.

'কবিরপড্ডিনম' বন্দরে বিনিময় বাণিজ্য চলিত। এই বাণিজ্যের ফলে, হিন্দু বণিকগণ ব্রহ্মদেশের অন্তর্গত 'পেগু'-বন্দরে আপনাদের উপনিবেশ স্থাপন করিয়াছিলেন, সপ্রমাণ হয়। •

'পেরিপ্লাদ' গ্রন্থে দেখিতে পাই,—বাণিজ্য-ব্যপদেশে দকোত্রা দ্বীপে হিন্দু বণিকগণ উপনিবেশ স্থাপন করিয়াছিলেন। কেবল দকোত্রায় নহে, আফ্রিকার পূর্ব্ব উপকূলে—আরব ও পারস্তের সমুদ্রতীরস্থ বন্দর-সমূহে উপনিবেশ-স্থাপনে জাঞ্জিবারের হিন্দু উপনিবেশ হইতে হিন্দুগণ বাণিজ্যে নিযুক্ত ছিলেন,—'পেরিপ্লাদে' তাহার বিস্থৃত বিবরণ সান্তিষ্ট আছে।

জর্মণীতে ভারতের উপনিবেশ।

কর্ণেলিয়াস নেপোস, জর্মণীতেও ভারতের বাণিজ্যের সম্বন্ধ খ্যাপন করিয়াছেন। প্রকাশ—
বাণিজ্য-ব্যপদেশে গমনকালে ঝড়-ঝঞ্জাবাতে বিতারিত হইয়া, ভারতীয় নাবিকগণ জার্ম্মাণ-রাজ্যের
উপকূলে বিপর্যাস্ত হইয়া পড়েন। স্থায়েভির অধিপতি তাঁহাদিগকে উদ্ধার করিয়া মেটেলাম
সেলারের নিকট পাঠাইয়া দেন। ভারতীয় হিন্দুগণ সেখানে উপনিবেশ স্থাপন করেন।

পূর্ব্বোক্ত ঘটনা হইতে সপ্রমাণ হয়,—ভারতীয় বণিকগণ ইউরোপের উত্তর-সাগরেও বাণিজ্যব্যপদেশে গমনাগমন করিতেন এবং ইউরোপের বিভিন্ন দেশে ভারতীয় বণিকগণের পণ্য-দ্রব্য
বিক্রীত ও সমান্তত হইত। ‡

বাণিক্লা-পোতের পূর্ব্বাক্তরণ নাম-মাত্র উলেথে তাহাদের আকৃতির পরিচয় কিছুমাত্র উপলব্ধ হয় না।
চীনাভাষার ভারতের একপ্রেণীর পোত 'জঙ্ক' নামে উলিথিত হইরাছে। ওরাদেকের বর্ণনায় প্রকাশ,—'জঙ্কেলি ধেথিলে মনে হয়, বেন এক একটা পক্ষ-সংযুক্ত বৃহৎ পব্বত, সহ্জের উপর বার্ভ্রে ভাসিয়া চলিয়াছে।' এ০ছিয় শঙ্ক প্রকার পোতের পরিচয় কিছুই পাওয়া বায় না। যদিও পাওয়া বায়, কিন্তু বর্ণনা হইতে তাহাদের শাক্তির বিষয় ধারণা করা একরণ অসন্তব ব্লিকেও অত্যক্তি হয় না।

^{*} Journal of the Asiatic Society, No. IX, p 136-138.

[†] Mc Crindle, Ancient India, p. 110.

[‡] ভারতীয় যে সকল পোত বিবেশে পাশ্চাতো পণ্-সন্তার বহন করিয়া লইয়া যাইত, সেই সকল পোতের আকৃতি ও নির্মাণ-কৌশল সহকে ভক্তর ভিলেন্ট নিয়ন্ত্ৰপ মন্তব্য প্রকাশ করিয়াছেন; যথা,—"The different sorts of vessels constructed in these ports are correspondent to modern accounts; the monoxyla are still in use; not canoes, as they are improperly rendered; but with their foundation, formed of a single timber, hollowed, and then raised with biers of planking till they will contain 100 to 150 men. Vessels of their sort are employed in the intercourse between the two coasts, but the eolondisphonta, built for the trade to Malacca, perhaps to China, were exceedingly large and stout, resembling probably those described by Marco Polo and Nicolo di Conti. Varthema likewise mentions vessels of this sort at Tarnasari (Masulipatam) that were of 1000 tons butthen designed for this very trade to Malacca. The other vessels employed on the coast of Malabar, as Trapagga and Kotumba, it is not necessary to describe; they have still in the Eastern Oceen germs, trankeas, dows, grabs, galivats, praams, junks, Champans etc." - Con merce of the Ancients, Vol II.

চতুর্দশ পরিচ্ছেদ

অন্তর্কাণিজ্যে প্রতিষ্ঠা।

পোটলিপুত্র—বাণিজ্য-কেন্দ্র;—বিভিন্ন বাণিজ্য-পথ;—দক্ষিণ-ভারতের বাণিজ্য-পথ;—
বাণিজ্য-বিষয়ক বিবিধ তথ্য;—ভারতে থাত্য-শস্তের রপ্তানি বন্ধ;—ভারতের যৌথ
ব্যবসায়;—মূদ্রা-প্রবর্তনায় টাকশাল স্থাপন ও ওজন-পরিমাণ নির্দ্ধারণ;—
ব্যাক্ষের মধ্যস্থতায় বাণিজ্য;—ভারতের ব্যাঙ্ক প্রভৃতি।

পাটলিপুত্র – বাণিজ্য-কেন্দ্র।

বহির্বাণিজ্যে বিদেশে যেমন ভারতের প্রতিষ্ঠার অশেষ পরিচয় পাই; তেমনি অন্তর্বাণিজ্যে স্বদেশেও তাহার রুতিত্বের অশেষ নিদর্শন বিভয়ান। পাটলিপুত্র তথন অন্তর্বাণিজ্যের কেন্দ্র-ছল। পাটলিপুত্র হইতে সিন্ধুর উপত্যকা প্রদেশে এবং কাবুলে গমনাগমন জন্ম ছুইটা প্রধান রাজ-পথের অন্তিহ সপ্রমাণ হয়। ঐতিহাসিক প্রিনির গ্রন্থে ভারতে অন্তর্বাণিজ্যেন রাজপথ-সমূহের পরিচয় পাই।

চীনে গমনাগমনের যে পথ ছিল, তাহার পরিচয় পূর্ব্বেই প্রদান করিয়াছি। তদ্ধিন, চীন হইতে ভারতে আদিবার এবং ভারত হইতে চীনে ঘাইবার আরও কয়েকটী পথ ছিল। সে পরিচয় 'পেরিপ্লাদ' গ্রন্থে প্রাপ্ত হই। তন্মধ্যে তিব্বত অতিক্রম করিয়া দিকিমের পথে গমনাগমন অপেক্ষাকৃত স্থগম ছিল। তাহাতে সময়ও কম লাগিত।

'পেরিপ্লাদ' গ্রন্থ রচনার পূর্ব্বে, খুষ্টার প্রথম শতান্ধীতে, এডেন বন্দর হইতে মিশরে এবং মিশর হুইতে এডেন বন্দরে পণ্য সরবরাহ হুইত। তাহা হুইলেও, ভারতের আভ্যন্তরীণ বাণিজ্যের পরিচালনে যে পথের পরিচয় পাই, তাহা পূর্ব্বোক্ত পথ-সমূহ হুইতে সম্পূর্ণ স্বতন্ত্র।

আলেকজাণ্ডারের সময় হইতে সেলিউকাসের ভারত আগমন পর্যাস্ত সময়ের সম্পূর্ণ পরিচয়, তাঁহাদের অভিযানের ইতিবৃত্তে প্রাপ্ত হই। তাহাতে বুঝিতে পারি—তথন পাটলিপুত্র রাজধানী হইতে কাবুল ও সিদ্ধনদের উপত্যকা পর্যাস্ত গমনাগমনের এক রাজপথ বিজ্ঞমান ছিল। প্লিনি প্রমুথ পাশ্চাত্য ঐতিহাসিকগণের গ্রন্থে সে পথের পরিচয় প্রাপ্ত হই।

বিভিন্ন বাণিজ্ঞ্য-পথ।

ঐতিহাসিক প্লিনির গ্রন্থ এবং অন্তান্ত গ্রন্থ অবশ্বনে প্রত্নতাত্ত্বিকগণ ভারতের অন্তর্জাণিজ্যের ক্ষেকটা পথ নির্দেশ করেন। ভারতের অন্তর্জাণিজ্য কি ভাবে পরিচালিত হইত, এবং সে বাণিজ্য কিরূপ প্রতিষ্ঠান্বিত ছিল, সে পরিচয়ে তাহা বেশ উপলব্ধ হইতে পারে। অনেক স্থলে দূরত্ব পরিমাণ-নির্দ্ধারণে ইতর-বিশেষ থাকিলেও অধিকাংশ ক্ষেত্রে সে পরিমাণ ভ্রম-প্রমাদ-শৃত্ত

বিশিয়া পণ্ডিতগণ নির্দেশ করেন। • যাগ্রা হউক, আমরা নিয়ে দেই সকল পণ্ডেব পরিচয় যথাযথ প্রদান করিবার প্রয়াস পাইতেছি; যথা,—

চারিকর হইতে কাবৃলের (কাবৃল সীমান্ত পর্যান্ত) দূরত্ব ০০৪০ মাইল। কাবুল হইতে দক্ষিণ পশ্চিম কান্দাহারের সীমান্ত পর্যান্ত দূরত্ব০০০১০ মাইল। কাবুল হইতে দক্ষিণ-সীমান্তে দক্ষিণ কাণিয়ানার পর্যান্ত দূরত্ব০০০০ মাইল। কাবুল হইতে দক্ষিণ-সীমান্তে দক্ষিণ কাণিয়ানার পর্যান্ত দূরত্ব০০০০ মাইল। কাবুল হইতে জেলালানাদ পর্যান্ত দূরত্ব০০১০ মাইল। জেলালাবাদ হইতে পেশোয়ারের পূর্বর পর্যান্ত দূরত্ব০০১১ মাইল।

পূর্ব্বোক্ত রাজপথ-সমূহের দূরত্ব-পরিমাণের মধ্যে যে অসামঞ্জ আছে, সাধারণ দৃষ্টিতেই তাহা উপলব্ধি হইবে। কিন্তু তাহা হইলেও শাসন-সৌকর্গ্যার্থ এবং বাণিজ্য-পরিচালনায় সেরাজপথ-সমহ সে সময় বিশেষ উপযোগী হইয়াছিল,—তিছিষয়ে সন্দেহ নাই।

পূর্ব্বোক্ত স্থানি রাজপথ-সমূহে গমনাগমন জন্ম স্থানে স্থানে আড্ডা বা ঘাঁটি ছিল। কোন পথে কোথায় কোন আড্ডা বা বিশ্রাম-স্থান ছিল, নিম্নোক্ত পরিচয়ে তাহা উপলব্ধি হটবে; যথা,——

চার্বাদ্দা (পুদ্ধলাবতী) হইতে সা-ডেরির (তক্ষশীলার) পূর্ব্ব পর্যাস্থল ৮০ মাইল ।
সা-ছেরি হইতে ঝেলামের, 'শতদ্রুর' দক্ষিণ-পূর্ব্বে নিকাকা পর্যান্ত লক্ষ্ণ ।
নেলাম হইতে দক্ষিণ-পূর্ব্বে শিয়ালকোট পর্যান্তল ৫৫ মাইল ।
শিয়ালকোট হইতে বিপাশা (হাইপাদিস) পর্যান্তলভে৫ মাইল ।
বিপাশা হইতে দক্ষিণ-পূর্ব্বে শতদ্রুর তীরবর্ত্তী রূপার পর্যান্তলে৮৫ মাইল ।
শতদ্রু হইতে ব্যুনা-তীরবৃত্তী কর্ণাল পর্যান্তলে৮০০ মাইল ।

উত্তরদিকের এই রাজপথের সংলগ্ন দিতীয় আর একটা রাজপথের পরিচয়ও গ্রন্থপত্রে দৃষ্ট হয়। দিতীয় রাজপথটা ঠিক কেন্দ্রন্থানের মধ্য দিয়া প্রথম রাজপথের সহিত কৌশাদী নগরে সন্মিলিত হইয়াছে। সেই রাজপথের যে পরিচয় পাশ্চাত্য ঐতিহাসিকগণের গ্রন্থ-পত্রে পরিদৃষ্ট হয়, নিয়ে তাহা প্রদর্শন করিতেছি; যথা,—

সিন্ধদেশের অন্তর্গত হায়দ্রাবাদ হইতে উজ্জন্ধিনী পর্যান্ত এ০০ মাইল।
বরৌচ হইতে উত্তর-পূর্ব্ধে উজ্জন্মিনী পর্যান্ত দূরত্ব এ০০ মাইল।
উজ্জন্মিনী হইতে পূর্ব্ধে বেসনগরের (বিদিশা) পর্যান্ত ১২০ মাইল।
বেসনগর বা বিদিশা হইতে উত্তর-পূর্ব্ধে ভারত্ত পর্যান্ত ১৮৫ মাইল।
ভারত্ত হইতে উত্তর-পূর্ব্ধে কৌশাদ্বী পর্যান্ত দূরত্ব ৮০ মাইল।
কৌশাদ্বী হইতে কাশী পর্যান্ত দূরত্ব ১২০০ মাইল।
কাশী হইতে পাটনা পর্যান্ত দূরত্ব ১২০৫ মাইল।

•

* বাণিজ্য-সহক্ষে রাজকীয় প্রাণিষ বিষয় আলোচনায় নিম্লিখিত এম্ব-পত্র স্তইবা; যথা,
Cambridge Hist ry of India, Vol. I, Alexander under the Caucasus, Alexandria
among the Arachosians, - Imperial Gasetteer.

দক্ষিণ-ভারতের বাণিজ্ঞা-পথ।

তামিল-শাহিতো দক্ষিণ-ভারতের বাণিজ্ঞা-পথের বিবরণ দেখিতে পাই। তদকুসারে দক্ষিণ-ভারতের বাণিজ্ঞা-পথ-সমূহের যে পরিচয় প্রাপ্ত হই, নিয়ে তাহা প্রদত্ত হইল; যথা.—

ক্ষেপ্টি হইতে তিক্কোইখুরের পথে ত্রিচিনোপলী পর্যান্ত। ত্রিচিনোপলি হইতে কোত্রাইএব মধ্য দিয়া নেতমগুলাম গর্যান্ত রাজপথ শেষোক্ত স্থানে তিন ভাগে বিভক্ত হইয়া মান্তর পর্যান্ত গিয়াছে। কথিত হয়, এক সময়ে এই পথই সবিশেষ প্রাসিদ্ধিসম্পান ছিল।

শাত্রা হইতে ভৈগাই নদীর তীরদেশ দিয়া পলনিস পর্যান্ত আর এক রাজপথ। পলনিস হইতে এই পথ পর্বতের উপর দিয়া, উর্দ্ধেও নিয়ে আঁকাবাঁকা হইয়া চলিয়াছে। তার পর পেরিয়ার নদীর তীরদেশ দিয়া মোহানান্থিত 'ভঞ্জি' সহর পর্যান্ত গিয়াছে। ভঞ্জি হইতে সে পথ বর্তনান কাকর পর্যান্ত এবং সেথান হইতে তিরুক্কোইলুর পর্যান্ত বিস্তৃত।' এই রাজ-পথও বাণিজ্য-সম্পর্কে বিশেষ প্রসিদ্ধিসম্পন্ন।

প্রতিয় মহাবংশে মহারাই এবং মালবের মধ্য দিয়া আর এক রাজপথের পরিচয় প্রিয় যায়। পেরিপ্রাস গছে আরও কয়েকটী ক্ষুদ্র কুদ্র বাণিজ্য-পথের উল্লেখ আছে। সেই সক্ষ পণের আলোচনায় পৃথিতে পারি,—সিন্ধ-নদের মোহানার উত্তরদিকে, সিন্ননদের মধ্য দিয়া, পাল্রব্যাদি 'মিয়াগড়ে' সংবাহিত হইত। মিয়াগড় হুইতে সেপ্রা-সন্থার 'বাবিগাজা' ও 'বারবেরিকামে' প্রেরণ করিবার ব্যবস্থা ছিল। আর এক পণে কাবুল হইতে উজ্জ্মিনীতে এবং উজ্জ্মিনী হইতে বারিগাজায় প্রা-সমূহ সংবাহিত হইত।

বঙ্গোপদাগরেব তীরবর্তী প্রদেশ-দম্ভের পণাসন্তার 'পৈথান' ও 'টাগারায়' আনীত হটত। দেখান হটতে বারিগাজা পর্যান্ত দেই সকল পণ্য সংবাহিত হইত।

পাশ্চাতা উতিহাদিক ইানো এবং পুলুটার্ক প্রান্থতিও বিদেশ-গমনোপযোগা রাজপথাদির অন্তিকের বিষয় উল্লেখ করিয়া গিয়াছেন। পথে দূরত্ব-জ্ঞাপক প্রস্তর প্রোথিত ছিল; পথের উভয় পারে বৃক্ষশ্রেণী রোপিত হইয়াছিল; স্থানে স্থানে পাস্থশালা ও কৃপাদি বর্ত্তমান ছিল,—এ সকল বিবরণও হাঁহাদের গ্রন্থেই পরিদৃষ্ট হয়। ফলতঃ, সে অতীত কালে ভারতের অভ্যন্তরে এবং ভারতের বহিভাগে সর্ব্বরেই এইরূপ রাজপথাদি নির্দ্ধিত হইয়াছিল। জ্ব্যাপক হীরেণও তাহা স্প্রমাণ করিয়াছেন।

ফলতঃ, বেমন স্বদেশে তেমনি বিদেশে বাণিজ্য-প্রদার-বৃদ্ধির সঙ্গে সঙ্গে ভারত তথন গৌর-বের উচ্চ-চৃড়ায় সমাদান হইয়াছিল ;—ভারত পাশ্চাত্য-বাণিজ্যের আদর্শ প্রকটিত করিয়াছিল।

বাণিজ্য-বিষয়ক বিবিধ তথ্য।

ভারতের বহিব্দাণিজ্যের ও অন্তব্দাণিজ্যের আলোচনায়, তাহার সৌভাগ্য-সমৃদ্ধির প্রতিষ্ঠায় কি সিদ্ধান্তে উপনীত হই ? বাণিজ্য-প্রসঙ্গে ভারতের রাজনীতির, অর্থনীতির ও সমাজনীতির আলোচনায় কি শিকাই বা লাভ করি ?

প্রাকৃতির অলোকিক-বিধানে ভারত বিমান-বিচুম্বী পর্বত-প্রাচীর এবং উত্তাল-তরঙ্গ-সমাকুল সাগ্রবেষ্টনে পৃথিবীর অন্তান্ত দেশ হইতে বিচ্ছিন্ন হইলেও, ভারতের সে স্বাতস্ত্র্য তথন ভঙ্গ হইয়াছিল ;—প্রাকৃতিক অবস্থানে জগতের সহিত সম্বন-শূন্ত হইয়াও, প্রতি নগর-জনপদে ভারত নৈকটা স্থাপনে সমর্থ হইয়াছিল। ইতিহাসের চিত্রপটে সে আলেথ্য উজ্জ্ল হইয়া আছে।

তথন হর্ভেন্স গিরিবক্ষ, বিদীর্ণ হইয়া পথ প্রস্তুত করিয়া দিয়াছিল; তরঙ্গায়িত মহাসমূদ্ তালে তালে নৃত্য করিয়া ভারতের অর্থবান-সমূহ নাচাইয়া চলিয়াছিল;—তাহার উগ্রামূর্ত্তি প্রশাস্ত ভাব ধারণ করিয়াছিল। তথন একদিকে যেমন ধন্মের বিজয়-বৈজয়গ্রী উড্টান ইইয়াছিল; অন্তদিকে তেমনি তাহার ধন-সমৃদ্ধির অবধি ছিল না।

ভারতে খাছা-শস্থের রপ্তানি বন্ধ।

এথন ছভিক্ষ-মহামারী ভারতের নিত্য-সহচর। কিন্তু সেকালে ভারতে তাহাদের অপ্তিথ পর্যান্ত ছিল না। পুরাতত্ত্বে প্রকাশ,—তথন ভারতবাসী 'ছভিক্ষ' নামটা প্যান্ত জানিত না।

ভারতের সে সমৃদ্ধির মূলে অক অভিনব নীতির ক্রিয়াশক্তি বত্তমান ছিল। সে নীতি— ভারত হুইতে তথন খাখ-শন্তের এবং পরিধেয় বস্ত্রের রপ্তানি হুইত না। ফদিও কেহ কথনও সে নীতির লঙ্খনে প্রালোভিত হুইত; রাজকীয় বিধানে, তাহাকে উপযুক্ত পরিমাণ—হুলবিশেষে তাহারও অধিক—খাখ ও পরিধেয় প্রভৃতি গৃহে সংরক্ষণ করিতে হুইত।

তথন ভারত বিলাস-সামগ্রীর বিনিময়ে আহার্যা বা বস্ত্র কদাচ প্রদান করে নাই। তথন স্বদেশীয়তায় ভারতবাসী অন্ধ্রাণিত ছিল; 'স্বধন্মে' মতিমান থাকিয়া স্বদেশের স্বজাতিব উন্নতিক্রে ভারতবাসী তথন উদ্বুদ্ধ হইয়াছিল;—'সংরক্ষণ-নাতি' অবলম্বনে দেশের সামগ্রা দেশে সংরক্ষণের ব্যবস্থা করিয়াছিল। তাই ভারত তথন সমৃদ্ধির উচ্চ-চূড়ায় সমাসান হইয়াছিল।

ভারতের এই আদর্শ-নীতির পরিচয়—'পেরিপ্লাস' এন্থে প্রাপ্ত হই। দেখানে ভারতের রপ্তানি দ্রব্যের বিবরণ দেখিতে পাই। গ্রন্থকার দেখানে এই অভিনব তত্ত্বের সন্ধান প্রদান করিয়াছেন। ভারতীয় রপ্তানি দ্রব্যের মধ্যে গ্রন্থকার খাত্ত-শস্ত বা পারধেয় বন্ত্রাদি প্রত্যক্ষ করেন নাই। তাই ভাহার সিদ্ধান্ত—ভারত তথন ঐ সকল সামগ্রী বিদেশে প্রেরণ করিছ না। 'আত্ম-রক্ষার' মূলমন্ত্রে দীক্ষিত হইয়াছিল বলিয়াই ভারত সে-কালে ছভিক্ষ—নহামারীর নিম্পেষণে নিম্পেষিত হয় নাই।

কিন্ত একবার বত্তমান অবস্থা ভাবিয়া দেখুন! এখন ভারত তুচ্ছ অথের লোভে আপনার সুথের গ্রাস পরকে তুলিয়া দিয়া পরমুখাপেক্ষী প্রাথা হইয়া দ গুরমান! এখন কোথায় তাহার সে সমৃদ্ধি!—কোথায় তাহার সে গৌরব-গরিমা! ভারতের এই সনাতন নাতি ভারতবাসী ধদি অমুসরণ করিতে উদ্বৃদ্ধ হয়, স্থাদিন ফিরিয়া আসিবার সন্তাবনা। ভারত তাহার সনাতন নাতিস্থা হারাইয়াছে—স্বধর্মে আস্থাহীন হইয়া বিপথগানী হইয়াছে,—তাই তাহার এই অধ্যপতন!

ফলতঃ, ভারতের এই রাজনীতি—খাগণন্তের সংরক্ষণ—ভারতবাসীর শ্রেষ্ঠ রাজনৈতিক জ্ঞানের এবং দ্রদর্শিতার পরিচায়ক, সন্দেহ নাই। আজি যে পাশ্চাত্য-দেশে 'প্রটেকশন' যা সংরক্ষণ-নীতির প্রবর্তনা দেখি, তাহাতে ভারতের সেই সনাতন নীতিরই অনুসরণ প্রত্যক্ষ করি। তাই মনে হয়,—ভারতই সকল দেশের সকল জাতির—সকল উন্নতির সকল প্রতিষ্ঠার মূলীভূত। ভারত পথ-প্রদর্শক। অন্ত দেশ—অন্ত জাতি তাহার অনুসরণকারী;—সকলেই ভারতের—ভারতবাসীর শিশ্বস্থানীয়। *

ভারতের যৌথ-কারবার।

'বাণিক-সজ্ব' সংগঠনে থৌথ-বাণিজ্যের প্রবর্ত্তনাও ভারতের উন্নতির অন্ততম কারণ বলিন্না মনে করি। রাজকীয় নিয়নে, সজ্ববদ্ধ বণিকগণের বিধানে এবং সংরক্ষণ নীতির অন্তসরণে, তথন ভারতের কোনই অভাব ছিল না।

রাজা—বণিকসজ্যের প্রবর্ত্তিত নিয়মের বিরুদ্ধাচরেণে, নূতন বিধি-বিধান এবর্ত্তনায় সাহসী হউতেন না। সজ্যের যিনি নেতৃস্থানীয়, রাজা তাঁহাকে অশেষ সম্মান করিতেন। তথন সজ্যবদ্ধ বণিকগণের একতা এবং প্রভুত্ব-প্রতিপত্তি অত্যন্ত অধিক ছিল। তাই রাজা সময় সময় উৎকোচ দ্বারা অথবা বিবাদ-সংঘটনে বণিকসজ্যের একতা-ভঞ্জনে স্বমত প্রবর্তনার প্রয়াস পাইতেন।

কলতঃ, বাণিজ্য-ব্যাপারে পৃথিবাব সকল দেশে, এমন কি—আমেরিকার স্বদ্র মেরিকো প্রাদেশে প্যান্ত, ভারতের প্রভাব বিস্তৃত হট্যা পড়িয়াছিল। সভ্য সমূলত দেশের শ্রেষ্ঠ সভ্যতার যাহা কিছু নিদশন, ভারতে ভাহার কিছুরই অসম্ভাব ছিল না।

প্রাচীন ভারতের বণিকসজ্যের আলোচনায় 'লিমিটেড কোম্পানীর' এবং 'চেম্বার অব কমাস' প্রভৃতির কথা শ্বরণ করাইয়া দেয়। সে সঙ্ঘ বা সে সমবায়—পূকোক্ত 'লিমিটেড কোম্পানীর' এবং 'চেম্বার অব কমাস' প্রভৃতির 'অনুরূপ বলিয়া মনে করি।

মুদ্রা-প্রবর্তনে টাকশাল-স্থাপন ও ওজন পরিমাণ নির্দ্ধারণ।

সভাদেশের সভাতার এক প্রধান নিদর্শন—মূদাদির প্রবর্তনা। বাণিজ্যের পূণ্-ফ্রুণ্ডিতে ভারতে মুদ্রাগন্ত (টাকশাল) প্রতিষ্ঠিত হইয়াছিল,—সামান্ত আলোচনায় তাহা প্রতীত হয়। বহিকাণিজ্যে ও অন্তর্কাণিজ্যে মুদ্রাদির প্রয়োজনীয়তা ভারতবাসী অন্তব করিয়াছিলেন। তাই অতি প্রাচীনকাল হইতেই তাঁহারা বিনিময়-মূল্যের একটা ধারা নির্দেশ করিয়া লইয়াছিলেন।

মন্ত প্রভৃতির উক্তিতে 'কার্মাপণ' নামক তাত্র-মুদ্রার পরিচয় প্রাপ্ত হই। 'বৌদ্ধজাতক'

* ভারতীয় বণিকণাণ এবং ভারতের অধিবাসিরুন্দ তৎকালে যে সনাতন নীতির **অফুসরণে আগ্রেরন্দা** করিতেন পাশ্চাতা পণ্ডিতগণের এক্সেই ভাহার সাক্ষা বিস্তামান। মেজব কিপ, এতৎদশ্বকে যে ম**ন্তবা প্রকাশ** করিয়াছেন, আমরা এসিয়াটিক কোয়াটারলি রিভিউ' হুমতে নি'র ভাহা উদ্ধৃত করিলাম; যথা, —

"The old prosperity of India was based on the sound principle which is that after clothing and feeding your own people, then of your surplus abundance give to the stranger. "Renowned act, industrial fabrics and exports were not multiplied on the reprehensible practice of depleting the country of its food-stuffs." - Major J B. Keith in the Asiatic quarterly Review, July, 1910.

† Hopkins India, Old and New, p. 169.

প্রান্থ প্র কাষাপণে স্থাও রৌপ্য মুদ্রা বুঝাইত। শতামন, ধরণ, পূরণ প্রভৃতি বিবিধ মুদ্রার নাম-পরিচয় স্মৃতি-পুরাণাদিতে প্রাপ্ত হই। স্কৃতরাং অরণাতীত কাল চইতেই যে ভারতে মুদ্রাদির প্রচলন ছিল, তদ্বিয়ে সন্দেহ নাই।

চক্রপ্তথের ও অশোকের রাজ্ব-কালে, মুদ্রাদি প্রবর্তনার বিষয় 'অর্থশাঙ্গে' দেখিতে পাই। দেই সময় হইতে রোমানদিগের সহিত ভারতের সম্বন্ধ-সংশ্রবের স্থ্রপাত হয়। তথন হইতে ভারতে রোনের স্বর্ণমুদ্রার প্রচ্র আমদানি হইতে থাকে। সে সময়ে উত্তর ভারতের শকন্পতিগণ সেই সকল মুদ্রা গলাইয়া আপনার নামে মুদ্রান্ধন আরম্ভ করেন। পূর্ববর্তী পরিচ্ছেদান্তরে, রোনের সহিত ভারতের বাণিছ্য প্রসঙ্গে, তাহা উল্লেখ করিয়াছি।

এই উপলক্ষে প্রথম কাডফাইসেদ যে মুদ্রা প্রস্তুত করেন, তাহার একদিকে অগাষ্টাদের এবং টাইবেরিয়াসের প্রতিমৃত্তি অঙ্কিত হয়। দিতীয় কাড্কাইসেদের রাজফকালে এই প্রথার পরিবতন দাবিত হইয়াছিল। তিনি আপনার রাজ্যে মুদ্রাঙ্কনের যন্ত্র অর্থাৎ টাকশাল' প্রতিষ্ঠিত করিয়াছিলেন। দেই 'টাকশালে' সিজার প্রবৃত্তিত 'অরি' (উরি) মুদ্রার অন্ত্রনে (সনান-ওজনবিশিষ্ট) মুদ্রা প্রস্তুত হটত। অনেকে বলেন, – 'অবি' মুদ্রার প্রবৃত্তনা প্রাচ্চে এই প্রথম। পরবৃত্তিকালে কনিয়, হ্রিয় এবং বাস্ত্রেরও এই প্রথার অনুসরণ করিয়াছিলেন।

দক্ষিণ ভারতে প্রচলিত রোমীয় মুদার তথন কোনই পরিবর্তন দাপন হয় নাই। 'ওজেনিতে' (উজ্ফিনি) এই সময় বাক্তিয়ার রাজা মেনা ভারের এবং এপলোডোটাসের মুদা প্রচলিত হয়। * অগাষ্টাস হইতে নীরোর রাজহ্বনাল পর্যান্ত প্রায় আনা বংসর কাল (৬৮ খুটান্দ প্রয়ন্ত) রোমে যে মুদ্রা প্রচলিত ছিল, দক্ষিণ-ভারতে সেই সময়ের বহু মুদ্রা আবিষ্কৃত হইয়াছে। কিন্তু উত্তর ভারতে প্রচলিত রোমের মুদ্রার ভায় কোনও মুদ্রা, দক্ষিণ-ভারতে পাওয়া যায় নাই। ব

পেরিপ্লাসে এক প্রকার বিনিময় বাণিজ্যের পরিচয় পাই। তাহার নাম—'মৌনবিনিময়' (Silent Barter)। বণিকগণ আপনাপন পণ্য-দ্রব্য এক নিদ্দিষ্ট স্থানে রাখিয়া দিতেন; ক্রেভা সেই সামগ্রী গ্রহণ করিয়া ভাহার বিনিময়ে সেই মূল্যের অন্ত দ্রব্য রাখিয়া আদিতেন। ইহারই নাম—'দাইলেণ্ট বাটার।' থিস বা চীন সামাস্তে এই প্রথা প্রচলিত ছিল। সিংহলের বেদ্দসগণ আদ্বিও এই প্রথারই ২ন্সর্যুণ করিয়া থাকেন।

'মিলিন্দপ্রু' গ্রন্থে ঋণ-পত্রের উল্লেখ আছে। তাহাতে বুঝা যায়,—তথন ঋণদান ও ঋণ

^{*} Dr. Vincent's Commerce of the Ancients and Periplus of the Erythrean Sea, Vol. 11.

[†] থিটার নিউরেলের প্রস্থেই ইহার বিস্তৃত বিশ্বন্দ পাছে। দক্ষিণভারতে যে সকল মুদ্রা প্রাপ্ত হওৱা গিলাছে, ভাহাব পরিমাণ-স্থলে নিউরেল লিনিয়াছেন, "612 gold coins and 1187 silver, besides hoards discovered which are severally discovered as follows: of gold coins a quantity amounting to five cooly loads; and of silver coins (1) 'a great many in a plate', (2) 'about 500 in an earthen pot', (3) 'a find of 163', (4) 'some', (5) 'some thousands'. also (6) of metal not stated; 'a potfull.' These coins are the product of fifty five separate discoveries, mostly in the Coimbatore and Madura districts." — Se well,—Roman Coins la the Journal of the Royal Aslatic Society, for 1904.

গ্রহণ প্রথা বিশ্বমান ছিল। সেখানে 'দেউলিয়া' বিধির উল্লেখ দেখি। তদকুসারে, দেউালয়া তাঁহার আয়ের ও ঋণের তালিকা দাখিল করিতেন। সাধারণ্যে সে তালিকা প্রচায়িত হুইত। পরে বিচারে তিনি দেউলিয়া সাধান্ত হুইতেন।

* *

বাকের মধাস্থতায় বাণিজ্য।

প্রাচীন ভারতের যৌথ-বাণিজ্যবিধি এতৎপ্রসঙ্গে সবিশেষ উল্লেখযোগ্য। এখন যেমন ব্যাঙ্কের মধ্যস্থভায় বৈদেশিক বাণিজ্যে আদান-প্রদান চলে; ব্যাঙ্ক যেমন চালান রাথিয়া টাকা ধার দেয় এবং আপন গুদামে মাল তুলিয়া তাহা হইতে টাকা আদায় করে অর্থাৎ মাল বন্ধক বা জামিন স্বরূপ গ্রহণ করিয়া মূল্যের অন্প্রপাতে অর্থ সরবরাহ করে;—তথনকার বৈদেশিক বাণিজ্যেও সেই ভাবেই অর্থ সরবরাহ হইত। অপিচ বণিক সন্তেবর মধ্যবিপ্তিতায় বৈদেশিক বাণিজ্য সংবাহিত হইত, 'পোরিপ্লাসেই' তাহা দেখিতে পাই।

ভারতের 'ব্যাঙ্ক'।

নাসিকের দ্বাদশ সংখ্যক গুহালিপিতে একটা বণিক-সমবায়ের পরিচয় পাই। সম্রাট নাহাপানের জামাতা উষ্বদত্ত বৌদ্ধসংঘের নামে এই গুহা উৎসূর্গ করিয়াদিলেন। গুহার ও ভিক্লদিরোর ভরণপোষ্ণের জন্ম তিনি তিন সহস্র কার্যাপণ দান করেন।

লিপির বর্ণনায় প্রকাশ—উক্ত তিন সহস্র কাষাপণের মধ্যে ছুই সহস্র কাষাপণ তিনি গোলদ্ধনের ব্যাক সঙ্গের নিকট গচ্ছিত রাখিয়াছিলেন। সঙ্গাদেই গচ্ছিত অথে শতকরা মাগিক 'এক প্রতিক' হিসাবে স্থাদ দিতেন। সেই স্থাদের টাকা হইতে ভিক্ষুগণের পরিচ্ছদাদি সর্বরাহ হইত। অবশিষ্ট এক সহস্র কাষাপণ, তন্ত্রনায় সমবায়ে সংরক্ষিত হইয়াছিল। তন্ত্রবায় সমবায় ঐ সহস্র কাষাপণে শতকরা নাসিক তিন-চতুর্থাংশ 'প্রতিক' স্থাদ দিতেন। ভিক্ষুগণের অন্তান্ত থরচা সেই স্থাদ হুইতে নির্ম্বাহিত হইত। •

নাগিকের পঞ্চনশ সংখ্যক গুহা লিপিতে আর এক চিত্র প্রকটিত। লিপিতে প্রকাশ,—
ত্রিরশ্মি-পর্কতের গুহায় যে সকল ভিক্ষ্ অবস্থান করেন, জাতিধন্ম-নির্কিশেষে তাঁহাদের
চিকিৎসাদির ব্যবস্থার জন্ম স্থায়ী ভাবে গোবর্জনের 'কুলরিক (কুস্তকার) সমবায়ে' অর্থ
গাছিতে রাথা হয়।

'কুলরিক' সমবায়ে এক সহস্র এবং 'ওদয়ন্ত্রিক' সমবায়ে ছই সহস্র কাষাপণ গচ্ছিত (আমানত)ছিল। এইরূপ, পথিপার্শ্বে বৃক্ষরোপণের এবং অভাভ জনহিতকর অনুষ্ঠানের জভ্ত অর্থাদি গচ্ছিত রাখার বহু নিদর্শন দেখিতে পাই।

কেবল অর্থাদি দান নহে; ভূমি দান, রাজস্ব দান প্রভৃতির নানা দৃষ্টাস্কও গুহালিপি-সমূহে উল্লিখিত আছে। এই বিধি-ব্যবস্থা যে শ্রেষ্ঠ রাজনীতির এবং দ্রদর্শিতার পরিচায়ক, তিহিষয়ে সন্দেহ নাই। †

^{*} Epigraphica India Vol. VIII. p. 82.

[†] Beibler-Burgess, Archaeological Survey of Western India, Vol. IV.

প্রাচীন ভারতের এই আদর্শ—আধুনিক ব্যাঙ্ক প্রভৃতির পরিচালন ব্যবস্থার অনুস্ত দেখি। 'ব্যাঙ্ক' যেমন গচ্ছিত বা আমানত টাকার নির্দিষ্ট হারে স্থদ প্রদান করে; বণিক সমবারের বা ভদ্কবারের স্থদ প্রদান—তাহারই আদর্শ-স্থানীয় বলিয়া মনে করি।

স্থায়ী আমানতে (Fixed Deposit) উচ্চ হারে আর অস্থায়ী আমানতে (Current Deposit) অব্ন হারে স্কন্দ প্রদান—প্রাচীন ভারতের এই আদর্শ বিধান—ব্যাক্ষ-পরিচালনে অধুনা কোথায় না অনুস্ত হয় ? অর্থনৈতিক পারদর্শিতার এ এক পূর্ণ পরাকান্তা স্বীকার করিতে হয়। এইরূপে পাশ্চাতো ভারতের অনুসরণ—সর্ব্ধ বিষয়েই প্রভাক্ষ করি।

এ সময়ে ভারতের জাতীয় ঐশ্বর্য্য-সমৃদ্ধির অশেষ নিদর্শন বর্ত্তমান। পাশ্চাত্য-দেশের সহিত বৈদেশিক বাণিজ্যে ভারতের অর্থাগম, চীনের এবং অন্তান্ত দেশের বাণিজ্যে আর্থিক উন্নতি প্রভৃতি সেই জাতীয় অর্থ-সমৃদ্ধি-বৃদ্ধির পরিচায়ক। *

ফলতঃ, নৌষ্য, অন্ধু ও শক প্রভৃতি বিভিন্ন বংশের রাজত্বকালে ভারতের বিবিধ বিষয়ক উন্নতির সঙ্গে তাহার নৈতিক, সামাজিক এবং আর্থিক উন্নতির পরাকাষ্ঠা দেখিতে পাই। ভারতের বন্দর, + ভারতের বিকি সমবায়, ভারতের বিনিময়-বাণিজ্ঞা, ভারতের ব্যান্ধ প্রভৃতি—ভারতেব শ্রেষ্ঠত্বেরই নিদর্শন।

ভাবতের বিবিধ-বিষয়িণী উন্নতির মৃলে—তাহার ঐশ্বর্য্য-সম্পদ ও প্রতিষ্ঠার মূলে—ধর্মাপক্তি ক্রিমাণা ছিল, ভারতের আদর্শ সমাজ—আদর্শ সভ্যতার প্রতি দৃষ্টিপাত করিলেই তাহা কদয়সম হইতে পারে। ভারতের সমাজ-শরীরে তথন ধন্মের প্রস্রবণ প্রবহমান, ভারতের প্রতি ধমনীতে তথন ধর্মের উন্মাদনা বিশ্বমান;—তাৎকালিক ভারতের বিবিধ-বিষয়িণী উন্নতির আলোচনায় তাহা স্পষ্টই প্রতীয়মান হয়। এই ধর্মের প্রভাবেই ভারত প্রতিষ্ঠালাভ করিয়াছিল।

- * Mommsen'. Provinces of the Roman Empire. Vol. II. মিষ্টার নিউরেল ভারতের এই জাতীয় ঐথগা-সম্পং সম্বন্ধে নিম্নর্গ মন্তব্য প্রকাশ ক্রিয়াছেন: ব্ধা, "The Andhra period seems to have been one of considerable prosperity." Imperial Gazetteer, New Edition, vol. II.
- † 'চিলাপৰিক্রম' কাব্যে 'মাকুভারপাকাম' বন্দ্রের পরিচয়; "Here were also the quarters of foreign traders who had come from beyond the seas and who spoke various tongues. Venders of fragrant pastes and powders, of flowers and incense, tailors who worked on silk, wool or cotton, traders in sandal aghir, coral. pearl, gold and precious stones, grain merchants, washermen, dealers in fish and salts, butchers, blacksmiths, braziers, carpenters, coppersmiths, painters, sculptors, goldsmiths, cobblers and toy-makers—all had their habitation in Maruvar-Pakkam, "মাকুভার-প্রম' মছলিপট্টম বলিয়া মনে হয়!

পঞ্চদশ পরিচেছ।

সমাজনীতি ধর্মনীতি প্রভৃতি।

ি আদর্শ নীতি; - শ্রেণ্ঠত্বের বিনিধ নিদর্শন;—জাতিভেদ-প্রথা;—বিনিধ উন্নতির প্রিচয়;—প্রজারঞ্জনে বিনিধ ব্যবস্থা;—প্রাচীন-ভারতে স্বায়ন্ত-শাসন;—
সমাজেব চিত্র;—ধর্মে প্রতিষ্ঠা।

আৰুৰ্ণ নীতি।

সমাজনীতি, রাজনীতি, অর্থনীতি—পৃথিনীর ইতিহাসে ভারতকে শ্রেষ্ঠ আসনে সমাসীন করিয়াছে। মৌর্যা-সমাট চক্রপ্তপ্তের রাজত্বকালে, মহামতি চাণকোর অর্থণাস্ত্রে, তাংকালিক ভারতের সভ্যতার ও জ্ঞানগোরবের যে আলেখ্য প্রত্যক্ষ্য করিয়াছি, অন্ধু ও শকগণের প্রভাবে ভাহার কোনও পরিবন্তন সাধিত হয় নাই। প্রাচীন তামিল-সাহিত্যে তাংকালিক সমাজ-নীতির যে প্রিচয় বিজমান, প্রাচীন ভারতের প্রাচীন আদর্শের পে এক শ্রেষ্ঠ নিদর্শন বলিতে পারি।

উত্তর ভারত সভাসনুরত তার্যাগণের আদি-বাসভূমি। আদিকাল হইতেই সেথানে স্থাতার প্রতিষ্ঠা। সে সভাতার বিমল ভাতি ভারতের সকল প্রদেশেই বিজুরিত হইয়াছিল। স্থতরাং উত্তর-ভারতের কথা ছাড়িয়া দিয়া, দক্ষিণ-ভাবতের প্রতি দৃষ্টিপাত করিলেও সেই একই চিত্র প্রতিফলিত দেখি।

পাশ্চাতের ইতিহাসে যে দক্ষিণ ভারত অসভা বর্ধরে অনার্য্য-জাতির লীলাভূমি বলিয়া উল্লিখিত; সেই দক্ষিণ-ভারতের সভাসময়ত অবস্থার প্রতি দৃষ্টিপাত করিলেও বিশ্বরে বিম্রাইত হয়। ভারত যদিও তথন ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাজ্যে বিভক্ত, যদিও তথন অন্তর্কিপ্লবের দাবদাতে ভারত দ্যীভূত; তখনও তাহার সমাজ-ধর্মে যে উচ্চ আদর্শ প্রকটিত ছিল, সে আদর্শের তুলনা হয় না!

ভাবতে তথন জৈনধর্ম, বৌদ্ধপর্ম এবং ব্রাহ্মণ্য ধর্মের প্রভাব। তথন ঐ সকল ধর্ম পরস্পার পরস্পারের প্রাধান্ত প্রতিহত করিতে ব্যগ্র।

ভারতের সেই ধর্মবিপ্লবের দিনে উত্তর ভারত হইতে একদল জৈনধর্মাবলম্বী ভিক্ দক্ষিণ ভারতে আগমন করেন। কেহ কেহ বলেন,—চক্রগুপ্তের রাজত্বকালে, ৩০৯ পূর্ব্ব-খৃষ্টান্দে, ভারতে ছর্ভিক্ষ উপস্থিত হইলে সেই জৈনগণ দক্ষিণ-ভারতে আগমন করিয়াছিলেন। যাহা হউক, যে কারণেই ভিক্ষুগণ দক্ষিণ-ভারতে আগমন করন; ভদ্রবাহর অধিনায়কয়ত্বে জৈনগণ উত্তর ভারত হইতে আগমন করিয়া দক্ষিণ ভারতের প্রাবণ বেলগোলায়' বসবাস আরম্ভ করেন। ইহার অর্দ্ধ-শতান্দীর পর দক্ষিণ-ভারতে বৌদ্ধগণ আসিয়া উপস্থিত হন।

অশোকেব পৌত্র সম্প্রাতি, 'সুহস্থিন' নামক জনৈক জৈনতীর্গন্ধরের নিকট জৈনধর্মে দীক্ষিত্ত,

হিন। তিনি দক্ষিণ-ভারতে বহুসংখ্যক জৈনধর্ম্ম-প্রচারক প্রেরণ করিয়াছিলেন। খৃষ্টীয় ও খৃষ্টপূর্ব্ব প্রথম শতাব্দীতে জৈনধর্মের প্রাবল্য এতই বৃদ্ধিপ্রাপ হইয়াছিল দে, মহীশৃর প্রভৃতি রাজ্যে
তথন আর অন্ত কোনও ধর্মের চিহ্ন পর্যান্ত বিজ্ঞমান ছিল না। * খ্যুম্ম সপ্তম শতাব্দীতে যে
ভাবে জৈনধর্ম্ম থর্ব্ব হুইয়া আদে, তাহার বিবরণ পূর্ববর্ত্তী পরিচ্ছেদাস্থরে প্রদান কবিয়াছি।

দক্ষিণ-ভারতে রাজচত্রবর্ত্তী অশোকের ভ্রাতা মহেন্দ কর্ত্বক বৌদ্ধ ধর্ম প্রবর্ত্তিত হল। তার পর খৃষ্ট-পূর্ব্ব তৃতীয় শতাব্দীর মধ্যভাগে রাজচত্রবর্ত্তী অশোক দক্ষিণ-ভারতে ধর্মা-প্রচারক প্রেরণ করিয়া দক্ষিণ-ভারতে নৌদ্ধধর্ম প্রতিষ্ঠার প্রয়াস পান।

অনেকে বলেন,—বৌদ্ধর্ম্ম কোনও সময়েই দক্ষিণ-ভারতে একচত্র প্রভাব প্রতিষ্ঠিত করিতে সমর্থ হয় নাই। খৃষ্টীয় সপ্তম শতান্দীতে জৈন ও হিন্দ্-ধর্ম্মের প্রাত্তাবে বৌদ্ধর্মের প্রাত্তাবে বৌদ্ধর্মের প্রাত্তাবে বৌদ্ধর্মের প্রাত্তাবে থাকে।

জ্বাতিভেদ-প্রথা।

বে দ্বাংশে জাতিভেদ ছিল না। কিন্তু হিন্দ্ধর্শের প্রাধান্তে জাতিভেদ-প্রথা কয়ে প্রবশ্ব ছাইটা তুঠে। এমন কি, উত্তর-ভারত অপেকা দক্ষিণ-ভারতে সে জাতিভেদ-প্রথা কর্মোরতার সহিত অনুসত চইতে থাকে। কিন্তু পরে সে ভার পরিতাক্ত হয়। মনে হয়,—দক্ষিণ-ভারতের এই জাতিভেদ-প্রথাই বর্ত্তমান-কালের 'অন্যাজ'-ভাতিব প্রতি ক্রারেহারের ম্লীভ্ত। দক্ষিণ-ভারতে তথন দাস' প্রথার প্রচলন ছিল না। গ্রীকদ্ত মেগাফিনীয় মধন ব্লেশে আদিয়াছিলেন, তথন ভারতে দাস-প্রথা প্রবর্ত্তিত হয় নাই।

মেগস্থিনীস ভারতের সাতটী জাতির উল্লেখ করিয়া গিয়াছেন। যথা,—(>) দার্শনিক, (১) রুষক, (১) মেষপালক, গোপালক প্রভৃতি, (৪) শিল্পী ও বণিক, (৫) সৈনিক, (৬) প্রভারসিয়ার এবং (৭) রাজপারিষদ ও রাজকর্মাচারী। এই জাতি বিভাগ অবশ শাস্ত্রসিদ্ধান লোকমুখে মেগাস্থিনীস যাহা অবগত হইয়াছিলেন, এবং স্বচক্ষে যাহা প্রভাক্ষ কবিয়াছিলেন, মেগস্থিনীস তাহাই লিপিবদ্ধ করেন।

ভারতের গৃহবিরোধ, অন্তর্কিপ্লব প্রভৃতির বিবিধ নিদর্শন পাশ্চাত্য-গ্রন্থে পরিদর্গ হয়। তাই হাঁহারা সিদ্ধান্ত করেন,—তথন ভারতবাসীর জীবন সর্বাদা অশান্তিময় ছিল: সেইজগ্র ভারতের অধিবাসী তথন সামাজিক জীবনের রমণীয়তা উপলব্ধি করিতে পারেন নাই।

* আক্রির গ্রন্থ জৈনধর্মের উৎপত্তি, প্রিপৃষ্টি ও বিস্তৃতি সম্বাস্থ্য বিশেষ বিবৃত্য প্রির্থা পূর্ণর প্রে বিশেষত ষঠ ধতে, জৈনধর্মের যথাসন্তর আলোচনা কবিয়াছি। এতংগ্রসাস্থ ভাষাও জন্তা। কৈনধর্মের প্রভিন্ন প্রায়ের রাইস নিয়রপ অভিমন্ত প্রকাশ কবিয়া গিয়াছেন; যথা, - "During the first millennium of the Christian era Jainisim may be regarded as having been the predominant religion of Mysore. Nor was it confined to Mysore; it spread everywhere more or less."—Mysore and Coorg from the Inscriptions. ভিন্তিয়ান প্রিকিয়াবী' (Indian Antiquary) গ্রন্থ নি: ছবেলের অভিমন্ত প্রত্থানকে জাইবা।

কিয় ওাঁহাদের এ উক্তি যে সম্পূর্ণ অমূলক, ভারতবাসীর জাতীয় জীবনের এবং শীকদতের মন্তব্যের আলোচনায় ভাষা সপ্রমাণ হয়।

* *

বিবিধ উন্নতির পরিচয়।

সাহিত্য-গোরবে, শিল-সম্পদে ছাপত্য-চাতুর্যো আজি পর্যান্ত কোনও দেশ ভারতের সমকক্ষতা-লাভে সমর্থ হয় নাই। সে শিল, সে সাহিত্য, সে স্থাপত্য—শ্রেষ্ঠ সভ্যতার শ্রেষ্ঠ নিদর্শন নহে কি ? সমৃদ্ধির সহচর বিলাসিতা। কিছু সে সমৃদ্ধির দিনে ভারত কথনও বিলাস-সাগরে মগ্র হয় নাই।

তথন একদিকে বাণিজ্য-ব্যবসায়ে, অন্তদিকে ক্লমি-শিল্পে ভারত সমৃদ্ধির উচ্চ চূড়ায় সমার্ক্ ইইয়াছিল। গ্রীকদত নেগান্থিনীদের প্রন্থে তাহার উচ্ছল চিত্র দেখিতে পাই। * তথনকার বালার স্থাসন-স্বান্থায় ক্ষি-বাণিজ্যে ভারত শেকপ উন্নত হইয়াছিল, জগতের ইতিহাসে সে দৃষ্টান্থ বিবল বলিলেও অত্যুক্তি হয় না। স্বেক্ষিত হর্গ, হুর্গতোরণে স্থান্ত প্রহরীর প্রহরী, উন্নতিশীল ক্ষি-শিল্প-বাণিজ্য—সে আলেখ্য-দর্শনে কাহার হৃদয় না গর্কে উন্নত হয় ? কেবল তাহাই নতে; ক্ষির ও বাণিজ্যের স্বানন্থায় যাহা কিছু প্রয়োজন, প্রাচীন ভারতে তাহার কোনই অস্থাব ছিল না।

লৌগ্রাজ 'চলগুপ' তিরিগেশন' বা জলনিকাশাদির ও জল-সেচন (পরাপ্রণালী) প্রভৃতিব জন্ম বৃত্তম একটা বিভাগ প্রতিষ্ঠা করিয়াছিলেন। কৃষিপ্রধান ভারতে এই 'ইরিগেশন' প্রণা বিশেষ প্রয়োজনীয়। চক্রগুপ তাহা উপলব্ধ করিয়াই, তৎমংক্রাস্ত বিধিবিধান প্রণয়ন করেন। আবশ্যকমত জলসরবরাহের জন্ম সে পয়ংপ্রণালী-সমূহে 'গেট' বা দরজা সংযোজিত ইইয়াছিল। স্তশাসন স্পালনে এ সকল ব্যবস্থা যে উচ্চ আদর্শের পরিচায়ক, তাহা সহজেই জনমুদ্দম হয়। সে প্রাপ্রণালীর ব্যবস্থায় শুলগ্রহণের ব্যবস্থা ছিল বটে; কিন্তু সে শুলগ্রহণ জনসাধারণের উপকারের জন্ম—পয়ংপ্রণালীর সংরক্ষণে ও তাহার উন্নতি-বিধান-করে নিয়োজিত ইইত।

ুও গুষ্ঠান্দে কাথিয়াবাড়ের অন্তর্গত গির্ণার পর্বত-গাত্রে উৎকীর্ণ ক্ষত্রপ রুক্তদমনের লিপিতে প্রজ্ञাপুঞ্জের মঙ্গলার্থে রাজার বিবিধ প্রয়াসের পরিচয় পাই। কোথায় গির্ণার, আর কোথায় পাটলিপুন। পরঃপ্রণালীর অভাবে প্রজাপুঞ্জের কৃষিকার্য্যে বিন্ন ঘটিবে, অপিচ তাহাদের কষ্টের পরিসীমা থাকিবে না;—রাজা রুক্তদমন তাই স্কুল্র কাথিয়াবাড়-রাজ্যে পরঃপ্রণালী খননে কৃষি-কার্য্যের ও জলকন্তনিবারণের ব্যবস্থা করিয়া নিয়াছিলেন। মৌর্যাজধানী পাটলিপুত্র হইতে গির্ণার সহস্র মাইল ব্যবধান হইলেও তত্তত্য প্রজাপুঞ্জের অভাব অভিযোগ দূরীকরণেও তাৎকালিক ভারত-সম্রাট কখনও উদাসীন ছিলেন না।

এতদ্বির স্থাপত্যের, চিত্রশিল্পের ও কারুশিল্পের উৎকর্ষের অপূর্ব্ব নিদর্শন—ভারহত ও অমরাতীর রেলিং প্রভৃতিতে, সাক্ষী ও অজয়গিরি প্রভৃতির স্থাপে, নাসিকের এবং হস্তিগুদ্ধা

* প্রাকদ্ত মেগাছিনীসের উজিতে এত্রিবর বিশদীকৃত হইরাছে। মিষ্টার ক্ষকভাই পিলে প্রশীষ্ট "The Tamile Eighteen Hundred Years Ago জন্তব্য। শুহা প্রভৃতিতে বিশ্বমান রহিয়াছে। তেমন শিল্প, তেমন কারুকার্য্য—বুঝি পৃথিবীর কোথাও পরিদৃষ্ট হয় না। গোয়ালিয়রের অন্তর্গত বেস সহরের 'থামবাবা' ভন্তের গাত্রন্থিত চুণ বালি এত দুঢ় যে, ফিনিসীয় বা গ্রীক্গণ তাহা কথনও কল্পনায় আনিতে পারেন নাই। *

সমাজের দিবিধ চিত্র।

এইরপে, ভারতের তাংকালিক সমাজের এক উদ্ধান চিত্র ইতিহাসে প্রকটিত আছে। বর্ত্তমান-কালের সামাজিক অবস্থার আলোচনায় মনে যে ভাব আসে, সেই অতীতের ঘটনাতেও সেই ভাবেরই উদয় হইতে পারে। এখনও যেমন কোণাও অস্তঃপুরাচার, কোথাও তাহার ব্যভিচার—স্বাধীনতা ঘটিয়াছে, আবার কোণাও যেমন অবরোধপ্রথা বর্ত্তমান রহিয়াছে, আবার কোথাও যেমন সে অবপ্রহ্ঠন উল্মোচিত হইয়াছে,—সে সময়েও সমাজে এই দিবিধ চিত্রেরই সমানেশ ছিল।

পতিগতপ্রাণা সাধ্বী মহিলার পতির মানসন্ত্রমরকার্থ আত্মদানের দৃষ্টান্তের যেমন অসভাব নাই; আবার অসতী তৃশ্চারিণী রমণার পতির প্রতি উপেক্ষা প্রদর্শনের দৃষ্টান্তও দিরল নহে। ফলতঃ, স্ব কু, আলোক আধার—সমাজে চিরদিনই বন্তমান আছে, চিরদিনই থাকিবে।

তবে আদুর্শ-হিন্দ-রমণী বলিতে সীতা-সাবিত্রীর কথাই মনে আমে। আর ওঁাংাদের অফুসরণকারিণী পতিগতপ্রাণা সাধবী মহিলাগণের প্রসঙ্গই উথাপিত হয়।

ফলতঃ, পূর্ব্বেও যেমন ছিল;—স্থ-কু, সং অসং—সকল দৃষ্টান্ত সর্বাকালের সকল সমাজেই বিজ্ঞমান। আলোর পার্থে আধার, আর আধারের পাথে আলো—যনমটার বিজ্ঞলী-বিকাশ চিরদিনই দেখিতে পাওয়া যায়। তবে সংসারে স্থ-ছঃথের, ঐখর্থা-বিভবেব ভারতম্য অনুসারেই সমাজের অবস্থার বিচার করিতে হয়।

ধন্যে প্রতিষ্ঠা।

ধশ্বপ্রাণতা স্থবের ম্লীভূত; আর ধর্মহারা হইলেই ছংথের দহনে দগ্ধীভূত হইতে হয়। এ সত্য অবিস্থাদিত—এ সত্য আবহমানকাল হইতেই স্থাতিষ্টিত। একটু হিরচিতে বিচার করিয়া দেখিলেই ইহা ব্ঝিতে পারা যায়; আর, তাহা হইতেই সামাজিক অবস্থা অনেকটা উপলব্ধি হইতে পারে।

সেই ধর্ম্মের প্রতিষ্ঠায় ভারতের প্রতিষ্ঠা। সেই ধর্মের উন্মাদনায় ভারতের সমাজের প্রতিষ্ঠা। ফলতঃ, ভারতের তাৎকালিক সমাজনীতি, রাজনীতি, অর্থনীতি প্রভৃতি ধন্মকে আশ্রম করিয়া পরিপুষ্ট পরিবর্দ্ধিত হইয়াছিল; তাই ইতিহাসে ভারতের প্রতিষ্ঠার নিদর্শন আজিও অক্ষুল্ল রহিয়াছে;—তাই ভারতের আদর্শ আজিও পৃথিবীর সকল দেশের সকল জাতির গস্তব্য-নির্দ্ধারণে সমর্থ হইতেছে।

• ধানবাব। তত ১৪০ পূর্ব-পৃষ্ঠানে নির্দ্ধিত হইরাছিল বলিয়া পণিতগণ দিদ্ধান্ত করেন। ঐ ভাতের গীপুনীর দৃষ্টা সম্বন্ধে আশ্চর্যাধিত হইরা ছতার মানে বলিয়াছেন, – "far superior to any ever used by the Phoenicians and the Greeks,"

নদার গতিরোধ করিয়া 'স্থদশন হদ' প্রভৃতি স্করম্য সরোবরাদি নির্মাণ মৌশ্য-সম্রাট-গণের আন্দেষ কার্ত্তির পরিচায়ক। ১৫০ খুষ্টান্দে ঐ সরোবরের তীরদেশ এবং তৎসংলগ্ন পয়ংপ্রণালী ধ্বংস্কৃথে গতিত হয়। ফলে প্রজাগণ পীড়িত হইয়া পড়ে। শক-নূপতি সাত্রাপ করেদমন তাহার সংস্কার-সাধন করেন। সেগানে এক লিপি উৎকীর্ণ হয়। ৪৫৮ খুষ্টান্দে পুনরায় ব্যাধ ভাগিয়া গায়। ক্ষত্তপ্রের অধীনস্থ রাজকর্মাচারী পুনরায় তাহার সংস্কার করেন।

রাজ্যের স্থান সীমান্ত-প্রদেশে পয়ঃপ্রণালী-সংরক্ষণের এইরূপ স্থাবস্থা দৃষ্টে মনে হয়, তংকালে জলসেচন ব্যবস্থার উন্নতিকল্পে রাজকীয় শ্রেষ্ঠ বিধিবিধান প্রবৃত্তিত হইয়াছিল এবং রাজ্যের স্কান প্রঃপ্রণালী বিধানে ভারতীয় নুপতিগণ বিশেষ মত্নপর ছিলেন।

ফলতঃ, ভারতের নৌ-বিভাগ, ভারতের দৈনিক-বিভাগ, ভারতের বাণিজ্য-বিভাগ, ভারতের গণ্য-বিভাগ; জপিচ, ভারতের সাহিত্য, ভারতের শিল্প, ভারতের স্থাপত্য-স্পুলই স্থা-স্থান্ত জাতির শ্রেষ্ঠ স্ভাতার প্রিচায়ক।

প্রাচান ভারতে স্বায়ত্ত-শাসন।

ন্দতি-বাবস্থাৰ ভাষতে অল কতিখেব নিদশন নহে। ক্ষুদ কুদ গওলামে নানা শ্রেণিতে বিভক্ত ১০০ ভাষতের অনিবাসারা ব্যবাস করিতেন,—প্রমাণ পাওলা যায়। প্রমী অপেকা কোরবাটা স্থতে নিগর' বৃহ্ছ। পল্লীসমূহের মধ্যও তাবার কুদ কুদ্র বিভাগ ছিল। বাছা রাজকর এছন কবিয়াই সম্ভূত থাকিতেন। যতক্ষণ প্যান্ত প্রামবাসীরা রাজকর গ্রহণ করিছেন, রাজা কোনও বিষয়েই হস্তক্ষেপ করিতেন না।

্লীর বিবাদ-বিসন্থাদ পল্লীবাসীট মিটাট্যা লটতেন। প্রধানগণের মধ্যস্থতায় বিবাদের মীমাংসা হতত। পল্লীর সমাজ, পল্লীর স্বাস্থ্য, পল্লীর অর্থ-—সকল বিষয়ের সকল উন্নতির ভার পল্লীর উপরই হুত ছিল। পাশ্চাত্য প্রস্তেই সে পরিচয় প্রাপ্ত হই। ফলতঃ, তৎকালে ভারতের প্রতি পল্লীতেই স্বায়ত্ব-শাসন-প্রথা প্রবর্তিত ছিল।

তথন একারভুক্ত-পরিবার-প্রথা দূঢ়রূপে প্রতিষ্ঠিত। স্বতম্বভাবে থাকিবার চেষ্টা করিলে, তিনি সমাজে তিরস্কৃত হুট্টেন। 'এল্লমালী' সম্পত্তির কোনও অংশ কোনও লাভা বিক্রম করিবার হচ্চা করিলে, তাহাকে প্রথমতঃ অপর লাভার অকুমতি গ্রহণের আবশুক হুট্ত। ফলতঃ, একের অনিছাক্রমে অপর লাভা ভূ-সম্পত্তি হস্তান্তর করিতে পারিতেন না। আধুনিক 'ল-জন-প্রিএপেশন' (Low of Pre-emption) প্রাচীন ভারতের এই প্রথারই অন্তবন্ত্রী।

কৃষি-বাণিজ্য এ সময়ে বিশেষ সমৃদ্ধিসম্পন্ন ছিল, পূর্বেই তাহা প্রদর্শিত হইয়াছ। তত্তিন, ব্যন্শিজের সমৃদ্ধির পরিচয়—'মসলিন' প্রভৃতি বিদেশে রপ্তানি হওয়ার দৃষ্টাস্তে দেদীপ্যমান। মস্লিনের ভার স্ক্ষা তন্ত্রশিল্প পৃথিবীর কোথাও পরিদৃষ্ট হয় না। দেশ কিরপে সভ্য-সমূনত হউলে, মস্লিনের ভার স্ক্ষা কার্যশিল প্রচলন হওয়া সন্তব্পর, তাহা সহজেই উপলব্ধ হয়। তথ্ন এত স্ক্ষা কার্পাদ-বস্তাদি প্রস্তুত হইত যে, গ্রন্থাদিতে সেই সকল বস্ত্র স্পের ধোলসের সহিত উপমিত হইয়াছে।

ষোড়শ পরিচ্ছে।

বাণিজ্য-বিষয়ে বিবিধ তথা।

[অত্যাচারীর দ গুমূলক নীতি;—সমৃদ্ধির পরিচয়;—বিদেশে বাণিজ্যপোত;—বৈদেশিক উপনিবেশ।]

অত্যাচারীর দও-মূলক নীতি।

ভারতের বিভিন্নমুখী উন্নতির মূলে ভারতের ধন্ম-প্রাণতারই পরিচয় প্রাপ্ত হুই। স্ততাই সে উন্নতির মলীজত, ভারতে সে আদর্শের চরম প্রতিষ্ঠা লক্ষ্য করি।

ভারতের সেই সক্ষতোমুগী সমৃদ্ধির দিনে, ভারত যে ভাবে এ আদর্শে অনুপ্রাণিত হইয়াছিল, সামান্ত আলোচশায়ই ভাষা প্রতিপন্ন হয়।

পৃথিবার বিভিন্ন দেশে ভারতের বাণিজ্য যথন প্রবশভাবে চলিতেছিল; বৈদেশিক বাণিজ্যে, শুল্ক-গ্রহণে, রাজকোষ যথন পূণ হইতেছিল; তথন বণিকগণের প্রতি রাজ-কর্মচারিগণের অত্যাচার আশক্ষা করিয়া রাজা নিধান করিয়াছিলেন,—

"সাহসী ভেদকারী চ গন্ধগ্রবিনাশকঃ। উচ্ছেচ্চ সন্ধ এবৈতে বিশ্রুপৈর নূপে ভগ্নঃ।

অথাৎ,—কে,নও অত্যাচার উৎপীড়ন ২ইলে কশ্ম-চারিগণ পদ্চাত হইবেন এবং তাহাকে কঠোব দতে দণ্ডিত করা হইবে।

এইরপ বিধি-নিয়নের অন্তবর্তনেই বৈদেশিক পণ্য-সন্তার বিদেশে এবং বিদেশায় পণ্য-সন্তার ভারতে অবাধে জামদানি-রপানি হইতে পারিত।

সমৃদ্ধির পরিচয়।

ভারতের মুদ্রাদির আলোচনায় বৈদেশিক বাণিজ্যে ভারত যে বিশেষ সমৃদ্ধি-সম্পন্ন হইয়াছিল, রোমের সহিত বাণিজ্য প্রসঙ্গে, রেশম প্রভৃতির মহার্যাতার পরিচয়ে, তাহা বেশ হাদয়য়ম হয়। তথন ভারতজাত বহু পণ্য রোমে সংবাহিত হইত। সেই সকল দ্রব্য-সন্ভারের মধ্যে রেশম এক সময় প্রধান স্থান অধিকার করিয়াছিল। তখন মসলিন এবং তুলা অতি উচ্চ মূল্যে রোমে বিক্রীত হইত। অরেলিয়সের রাজত্বকালে সোণার ওজনে রেশম বিক্রয়ের উল্লেখ ঐতিহাসিকগণের গ্রন্থপত্রে দেখিতে পাওয়া যায়।

রোমদেশের রমণীগণ ভারতের রেশম বিশেষ সমাদর করিতেন। তাই তাঁহারা যে কোনও মুল্যে ভারতজাত রেশম ও রেশমী বস্ত্র ক্রেয় করিতে কুণ্ঠা বোধ করিতেন না।

थुः-ह। ४५->४

এই সময় রোমে বিলাসিতা চরম সীমায় পৌছিয়াছিল; তাই দেখিতে পাই,—রোম-সম্রাট টাইবেরিয়াস সিজার বিধি-নিষেধ (আইন) প্রণয়ন করিয়া অতি-স্কন্ধ মস্থা রেশমী বস্তের ব্যবহার বন্ধ করিয়া দিয়াছিলেন। ফলতঃ, বাণিছ্যা-স্ত্ত্রে কারুখচিত রেশমাদির বিনিময়ে তথন রোম-সাম্রাজ্য হুইতে ভারতবর্ষে বহু অর্থের সমাগম হুইত।

্ত্ত বিদেশে বাণিজ্ঞা-পোত।

মিঃ টডের 'পশ্চিম ভারতের ইতিহাস' এত্থে প্রকাশ,—টলেমিদিগের রাজন্বকালে আলেকজান্দ্রিয়া বন্দরে প্রায় ২২৫ থানি ভারতীয় বাণিজ্য-পোত সর্বাদা উপস্থিত থাকিত। বিভিন্নআকৃতি-বিশিষ্ট বিভিন্ন আয়তনের ক্ষুদ্র বৃহৎ পোত-সমূহে মিশরে, সিরিয়ায় এবং রোমসাম্রাজ্যের বিভিন্ন কেন্দ্রে ভারতীয় পণ্য-সন্থার সংবাহিত হইত।

প্রকাশ,—তথন রোমকগণ প্রতি বৎসর ভারতবর্ষে প্রায় চল্লিশ লক্ষ পাউও মৃল্যের স্বর্ণ-মূদ্রা প্রেরণ করিতেন। ভারতীয় বণিকগণ রোমে বাণিজ্য-কেন্দ্র-প্রতিষ্ঠায় যে অর্থ ব্যয় করিয়াছিলেন, তাহার উপস্বত্ব স্বরূপ বণিকগণ ঐ অর্থ গ্রহণ করিতেন।

্বেদেশিক উপনিবেশ।

এই বাণিজ্য-স্তে বৈদেশিকগণ ভারতে উপনিবিষ্ট ইইয়াছিলেন। স্থায় প্রথম ও দিতীয় শতাদ্দিতে, গাণিজ্যের প্রসার-কল্পে, গোমকগণ দক্ষিণ-ভারতের 'মৃজিরি' প্রভৃতি স্থানে উপনিবেশ স্থাপন করেন। তথন তামিল-দেশীয় নূপতিগণ, শরাররক্ষার জন্ত, বৈদেশিক-দৈত্য নিযুক্ত ক্রিয়াছিলেন, তাহারও প্রমাণ পাওয়া যায়।

দক্ষিণ-ভাগতের মুজিরি বন্দর হইতে, লক্ষা প্রভৃতি পণ্য লইয়া ভারতীয় অণ্বপোত রোমে গমন করিত; আর তিনিময়ে রোম হইতে প্রচুর স্বর্ণমুদ্রা ভারতে আমদানি হইত,—ইতিহাস সে সাক্ষ্য প্রদান করিতেছে। কিন্তু প্রবৃত্তিকাশে সে মুদ্রার সংখ্যা প্রাস্থ্য। প্রত্নত্ত্ববিদ্যাণ বলেন,—তথ্ন ভারতের কার্পাসপ্রধান স্থানে রোমদেশীয় মুদ্রা-সমূহ পরিদৃষ্ট হইত।

ঐতিহাসিকদিগের এতহজিতে আমরা একটা সিদ্ধান্তে উপনীত হই। সে সিদ্ধান্ত—তথন পাশ্চাত্য-দেশে তুলা জন্মিত না। ভারত যে তুলা সরবরাং করিত, তাহাই তাহাদের প্রধান অবলম্বন ছিল। অধুনা যে পাশ্চাত্য-দেশে তুলার প্রাচ্য্য—তাহার মূল এই ভারত বলিয়াই মনে করি। ভারত হইতেই পরবর্ত্তি-কালে তুলার বীজ প্রভৃতি বিদেশে সংবাহিত হয়, আর তাহা হইতেই পাশ্চাত্যে তুলার চায় আরম্ভ হইয়াছে।

বৈদেশিক উপনিবেশিকগণ ভারতের যাহা শ্রেষ্ঠ, সে দকলই স্বদেশে লইয়া গিয়াছিলেন এবং তদ্বারা স্বদেশের শ্রী-সমৃদ্ধি পরিবৃদ্ধির সহায়তা করিয়াছিলেন। ছঃথের বিষয়, যে ভারত পাশ্চাত্যের—কেবল পাশ্চাত্যের নহে—জগতের সর্ববিধ উন্নতির মূলীভূত, যে ভারত সকলের দকল জ্ঞান-বিজ্ঞান অর্থ-সম্পৎ প্রভৃতির উৎকর্ষ-সাধনের উৎস-স্বরূপ,—সেই ভারত আজি উপেক্ষার সামগ্রী হইয়া পড়িয়াছে।

সপ্তাদশ পরিচ্ছেদ

ভারতের গুপ্ত-নৃপতিগণ।

ত্তিধাবে অলোক ;—পূর্নান্তস্থতি ;—চক্স-গুপের অভ্যুদয়ে ধর্মের প্রতিষ্ঠা ;—গুপ্ত-গণের আদি-নির্দ্ধারণে সমস্তা ;—আদি-নির্দ্ধার বাদ-বিতপ্তা ;—গুপ্তগণের বংশ-পরিচয় ;—প্রতিষ্ঠার পরিচয় ;—বংশ-পরিচয় 'ও আদি-নির্দ্ধা ;—গুপ্তরাজগণ কোন্ জাতীয় ছিলেন ;— আমাদিগের সিদ্ধান্ত :—গুপ্তগণ কোন্ ধর্মাবলম্বী ছিলেন ;—নুপতিগণের রাজ্যকাল সম্বন্ধে আলোচনা ;—সর্ব্বতোন্ধী উন্নতি :—সংস্কৃত ভাষাব পূর্ণ-নিকাশ :—গুপ্তগণের সমদর্শন-নীতি :—গুপ্ত-কালের প্রবৃত্তিক কে ছিলেন ;—মহারাজগুপ্ত ও ঘটোংকচ।

জাধারে তালোক।

ঘনগটাক্তর গগ্নমণ্ডলে বিত্যবিকাশের জার, অমানিশাব উষাপগ্যে অরুণোদয়েব জার, ভারতের অন্ধতমসাচ্চর ভাগ্যাকাশে জাবার একবার আলোক-রশ্মি ফ্টিয়া উঠিল! বালস্থ্যের নবারুণরাগে স্থােণিত প্রাণিজগৎ আবার যেন নবজীনন লাভ করিল!

শতাধিক-বর্ধব্যাপী বিপ্লব-বিভীষিকার অভিঘাতে কেন্দ্রশক্তি ছিন্ন-বিচ্ছন্ন হইয়াছিল !— সদ্ধর্ম-বিক্বত হইয়া পড়িয়াছিল !— ছঃপ-ছুর্ক্ত্বের প্রবল বস্তায় সংসার ভাসিয়া চলিয়াছিল ! প্রবাহ যেন নিরুদ্ধ হইল !— বৈষম্য যেন সাম্য স্থাপিত হইল !— গুপ্রবংশের অভ্যাদয়ে, ভারত আবার গৌরবে মণ্ডিত হইল !

কুশন-রাজ প্রথম বাস্থাদেব বংশকীর্ত্তি অঙ্গুগ্গ রাখিতে সমর্থ হইয়াছিলেন। ভারতের ইতিহাসে তাঁহার প্রতিষ্ঠার অবধি নাই। ধর্ম্মপ্রাণতা তাঁহার জীবনের মূল লক্ষ্য ছিল। তাই, কেন্দ্রীভূত রাজশক্তি—ধর্মশক্তির পরিচালনে প্রতিষ্ঠা-লাভে সমর্থ হইয়াছিল।

কিন্তু তার পর ? সে দৃগ্য কি বিভাষণ বিভাষিকা-পূর্ণ! রাজনৈতিক উন্নতির মৃলে মে ধর্মাশক্তির প্রভাব অক্ষুণ্ণ ছিল;——মাসমুদ্রিমাচল যে শক্তি-সঙ্কেতে পরিচালিত হইতেছিল;— বিচ্ছিন্ন রাজ-শক্তিকে কেন্দ্রীভূত করিয়া যে শক্তি এক অভিনব সঙ্কাশক্তির স্পষ্ট করিয়াছিল;— সে শক্তি বিচ্ছিন্ন বিপর্যান্ত হইল!—আলোক-রশ্মি অন্ধকারে নিবিয়া গেল!

জাতীয় জীবনে ধর্মভাব যখন স্থপ্ত থাকে, বিভীষিকার রাজত্ব তখনই বিস্থৃত হইয়া পড়ে। আবার সে ভাব যথন জাগ্রৎ হইয়া উঠে, তথন প্রতিষ্ঠা-গৌরবের অবধি থাকে না! কুশন বা শকবংশের অবসানে ভারতে সে ধর্মভাবের অভাব ঘটিয়াছিল। তাই কিছুদিনের জন্মভারতের ভাগাচক্র পরিবর্ত্তিত হইয়াছিল।

ফলতঃ, যেথানেই জ্যোৎসার বিমল ভাতি, সেথানেই ধর্ম্মের বিজয়-বৈজয়ন্তী আনার যেথানেই তমিপ্রার বিকট প্রতিচ্ছবি, সেথানেই ধর্ম্মশক্তির অভাব। স্থূলতঃ, ভারতেব রাজা, রাজ্য ও ধর্ম্ম—যেন পরম্পার অঙ্গাঞ্চীভাবে সম্বন্ধ।

* পূৰ্বান্নস্তি।

ধর্ম শক্তির বিচ্যৎপ্রবাহ হৃদয়ে ধারণ করিয়া, অশেষ-ধী-শক্তিসম্পন্ন মৌর্যারাজ চক্রপ্তপ্ত শক্তি-সঞ্চয়ে সামাজ্য-স্থাপনে স্ফলকাম হইয়াছিলেন।

ত্যাগের আদর্শে অনুপ্রাণিত হইয়া, চক্রগুপ্ত যে ভোগের পরাকাষ্ঠা-প্রদর্শন করিয়া-ছিলেন;—নিক্ষাম কর্মারূপ অস্ত্রের সহায়তায় তিনি যে সকাম-ব্রতের উদ্যাপন করিয়াছিলেন, অনাসক্তির পার্শ্বে তিনি আসক্তির যে প্রতিচ্চিবি অন্ধিত করিয়াছিলেন; তাহাতেই তিনি অমরম্ব লাভ করিয়া আছেন! জন্মজ্বামরণশাল পার্থিব সম্বন্ধে সম্বন্ধ-বিশিষ্ট হুইলে, চক্তাপ্তব্যের প্রতিভা-রশ্বি কোন্কালে কাল-সাগরে বিলান হুইত!

চক্রপ্তথ ধর্মকে আশ্রয় করিয়।ছিলেন; ধর্ম তাহাকে আশ্রয় কবিয়াছিল;—তাই তাঁহার পুণ্য-স্থৃতি অধিজও ইতিহাসে উজ্জল হইয়া আছে।

তার পর, রাজচক্রবর্তী অশোকের মহীয়দী মহিমায়—ইতিহাসের আর এক অঙ্ক দমলঙ্কত। একমাত্র ধর্মাণক্তির প্রভাবেই তিনি অমরত্ব লাভ কবিয়াছেন। ধর্মাণক্তিকে আশ্রয় করিয়া তিনি জন্মজরা-মরণনীল সংসারের সভাপ বিদ্রুণে বন্ধপরিকর হইয়াছিলেন; তাই তিনি আজ্ব জ্বাজ্জয়ী অশোক' নামে পরিচিত।

্থানি ইইতে তিনি পর্ম্মের আশ্রয় গ্রহণ করিয়াছেন; যে দিন ইইতে তাঁহার প্রাণ ধর্মের উন্মাদনায় উন্মাদিত ইইয়াছে; যেদিন ইইতে তিনি ধর্ম-দাধনায় আত্মোৎদর্গ করিতে পারিয়াছেন; সেই দিন ইইতেই তাহার পুণাস্মৃতি স্থপ্রতিষ্ঠিত। দর্মাণক্তিই যে প্রতিষ্ঠার মূলীভূত, রাজচক্রবর্ত্তী অণোক তাহার এক শ্রেষ্ঠ আদর্শ প্রতিষ্ঠিত করিয়া গিয়াছেন।

চক্রপ্তপ্ত প্র প্রাণাকের অভ্যুদরে বৈষ্টো যে সাম্য প্রতিষ্ঠিত হইয়ছিল, ওঁ।হাদের লোকান্তরের পর আবার সে সাম্যে বৈষ্ট্যা উপস্থিত হয়। অশেষ আয়াস-স্বীকারে সে সাম্য প্রতিষ্ঠিত হইয়াছিল। কিন্তু সে সকলই বুথা হইয়া গেল। যে শক্তির যে প্রেরণায় ঠাহারা ধর্মক্ষেত্র ভারতক্ষেত্রে ধর্মারাজ্য-প্রতিষ্ঠায় সমর্থ হইয়াছিলেন, তাহাদের লোকান্তরের পর সে শক্তির সে প্রতিষ্ঠা বিপর্যান্ত হয়—কেন্দ্রীভূত রাজশক্তি বিচ্ছিন্ন হইয়া পড়ে।

বহু-সায়াস-প্রতিষ্ঠিত বহুশ্রমে অর্জিত মৌর্য্য-সামাজ্য অচিরে ধ্বংসমূথে পতিত হইল। ভারতের সৌভাগ্য-গগনে হুর্ভাগ্য-ছুর্দ্ধিবের প্রতিচ্ছবি প্রকট-হইয়া পড়িল।

ভারতের দেই গুর্দিনে একনাত্র ধর্মশক্তিই তাহাকে রক্ষা করিয়াছিল। ভারতে শক-সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কনিক্ষ সে গুর্দিনে ভারত-তরণীর কর্ণধার-ক্ষপে দণ্ডায়মান হইয়াছিলেন; তাই ভারত আবার একবার গৌরবে গরীয়ান হইয়াছিল।

রাজচক্রবর্ত্তী অশোক বৌদ্ধর্ম্মের যে শক্তি প্রস্তুত করিয়া রাথিয়াছিলেন, সেই শক্তি-প্রবাহ শক্তিশালী কনিক্ষের জদয়ে এক অভিনব অন্যপ্রেরণার স্বাষ্ট্র করিয়াছিল। তাই নবীন উদ্দীপনার নবোদ্দমে অশেষ অধ্যবসায়শীল কনিক ভারতবর্ষে পুনরায় ধর্ম্মরাজ্য-স্থাপনে সফলকাম হইয়াছিলেন। কৃতী তিনি; বৌদ্ধর্মের সেই সক্ত্রশক্তিকে আয়ন্ত করিয়া আত্ম-শক্তি প্রতিষ্ঠিত করিলেন। ছাদয় যথন পাপের অন্ধতমসায় সমাচ্ছন, সহসা বৃদ্ধদেবের দিবাজ্যোতিঃ তাঁহারা স্থান্যে বিচ্ছুরিত হয়। অন্ধতাপের অন্ধর্দাহে স্থান্য দ্ধীভূত হুইতে থাকে। কনিক পবিত্রাত্মা বৃদ্ধদেবের চরণে শরণ গ্রহণ করেন।

মৌর্য্য আশোকের স্থায় কনিক্ষের জীবনেও এক অভাবনীয় পরিবর্তন সাধিত হুইল। বৌদ্ধর্মের 'অহিংসা পরমোধর্ম' নীতি তাঁহার হৃদয় পরিপূণ করিল,—দয়া-দাজিণ্যাদি বিবিধ গুণে কনিক্ষ গরীয়ান হইলেন।

দুঠন-ব্যবদায়ী পাষণ্ড-প্রকৃতিসম্পন্ন হইলেও আপনার কর্মপ্তণে কনিক্ষ ভারতের ইতিহাসে বরণীয় আসন লাভ করিয়া আছেন। প্রাণে ধর্মের উন্মাদনার নিকাশ হওয়ায়, ভারত তাঁচাকে আঙ্কে ধারণ করিয়াছিল।—এমনিভাবে অঙ্কে অঙ্ক মিশাইয়া লইয়াছিল যে, বৈদেশিক শকজাতিব অঙ্কুক্ত হইলেও কনিক্ষ ভারতেরই একজন হইয়াছিলেন।

তার পর আবার সাম্যে বৈষম্য উপস্থিত হয়। জৌন ও বৌদ্ধ ধর্মের অবন্তির সঙ্গে সঙ্গে পুনরায় ভারতের সৌভাগ্য-গগন অন্ধ-তমিস্রায় আছের হট্যা পড়ে। বিপ্লব-বিভীষিকার পৈশাচিক ভাওব-নর্তনে ভারত আবার প্রকম্পিত হট্যা উঠে। উত্তাল তবন্ধ-বিক্লন্ধ সাগ্র-বক্ষের স্থায় ভারত-বক্ষ বিক্ষোভিত হয়।

গুপারাজগণের পূর্ববিত্তী প্রায় শতাধিক বংসরের ভারত-ইতিহাস যে অন্ধকারে সমাচ্ছন্ন, তাহার কারণ আর অন্ত কিছুই নহে। অধ্যেরি অভ্যাদয়ে পর্যের অধ্যেতির ভারতের ইতিহাসে সে কলঙ্কের মলীভূত। ধর্মারপ কল্পাদপমূল আশ্রয় করিয়া, চক্রপ্রাদি রাজচক্রবিভিগণ বেমন ভারতের বিল্পু-গৌরব পুনঃ-প্রতিষ্ঠিত করিয়াছিলেন; গুপারাজগণও তেমনই ধর্মাণিজের উন্মাদনায়, তমিশ্রার ঘনগোরে নিম্জন্মানু ভারতের পুনরুদ্ধারে সমর্থ হত্যাছিলেন।

ধর্মণক্তি—শ্রেষ্ঠ-শক্তি; ধর্মবল—শ্রেষ্ঠ-বল। গুপ্রবাজ্ঞগণ সেই শক্তি—দেই বলে বলীয়ান হয়া ইতিহাসে অমরত্ব লাভ করিয়াছেন। ধন্ম-শক্তির আশ্রয়ে ধর্মের প্রতিষ্ঠায় তাহাদের গৌরবের অবধি নাই। ধর্মের ইতিহাসে তাই তাহারা শ্রেষ্ঠ আসন লাভ করিয়াছেন। ধর্ম-শক্তির উপর নিভ্রপ্রায়ণ হইতে পারিয়াছিলেন বলিয়াই ইতিহাসে গুপ্ত-রাজ্গণের প্রতিষ্ঠা।

ফলতঃ, চন্দ্র-গুপ্তের প্রতিষ্ঠার মূলে নেমন জৈনধর্ম্মের উন্মাদনা, অশোকের প্রতিষ্ঠার মূলে মেমন বৌদ্ধধর্মের অন্তপ্রেরণা, আবার পৃষ্পামিত্রের প্রভাবের মূলে বেমন ব্রাহ্মণা-ধ্যমের উত্তেজনা; গুপ্ত-রাজ্যণের প্রতিষ্ঠার মূলেও তেমনি হিন্দ্ধর্মের অন্তপ্রাণনা বিভ্যান!

চক্র-গুপ্তের অভ্যূদয়ে ধর্ম-প্রতিষ্ঠা।

কে তিনি—প্রায় শতবর্ষব্যাপী তমিস্রা-ঘোর উদ্ভিন্ন করিয়া, যিনি ভারতের ভাগ্যাকাশে প্রবতারা ফুটাইয়া তুলিয়াছিলেন ? কে তিনি—িযিনি ঘনঘটাচ্ছয় অন্ধতমিস্রা-রন্ধনীতে ভারতের ভাগ্যাকাশে পূর্ণচল্লের পূর্ণভাতি প্রক্ষুট করিয়াছিলেন ? কে তিনি—িযিনি বিচ্ছিয় রাজ-শক্তিতে কেন্দ্রীভূত করিয়া ধর্ম-রাজ্যের প্রতিষ্ঠায় ভারতের লুপ্ত-গৌরব প্রনক্ষাবে

্দ তর্দ্ধিনে যিনি কর্ণার রূপে দপ্তায়মান হইয়া নিমজ্জনান ভারত-তর্নীকে রক্ষা করিয়া-ছিলেন, তিনি ইতিহাস-প্রসিদ্ধ সেই 'মহারাজাধিরাজ' চক্র-গুপ্ত।

্ল গুপ্তের অভ্যাদয়ের ইতিহাসেও সেই একই শক্তির ক্রিয়া দেখিতে পাই। বিভিন্ন শক্তির সংহয়ে তথন যে অশান্তির অনল প্রজালিত হইয়া উঠিয়াছিল, চক্রগুপ্তের ধর্মোনাদনা-রূপ শান্তিবারিনিয়েকে সে অগ্নি নির্দ্ধাপিত হইল।

তথন মগধে লিচ্ছবি-জাতির প্রাত্তাব। * বৌদ্ধর্মের উন্মাদনায় তাহারা যে শক্তি সঞ্চয় কবিলাছিল, চক্র-গুপু সেই শক্তিকে আয়ত করিয়া লইলেন। উন্মাদনায় চক্রপ্তপ্ত মাতিলেন; লিচ্ছবিকে মাতাইয়া তুলিলেন। সক্ষ্ম সমদর্শন, সক্ষ্মীবে দয়া, স্ক্তি জীবদর্শন—শাহাদের দ্ফ শিক্ষাব দল ভিতি, ভাহাদের সহায়তা পাইয়াই চক্র-গুপ্ত সামাজ্য-প্রতিষ্ঠায় সমর্থ ক্রিয়াছিলেন।

শক্তি সাঞ্চিত ইবল ! প্রতিষ্ঠায় সামর্থ্য আসিল ! চক্রপ্তথ্য সামাজ্য-প্রতিষ্ঠায় অগ্রসর ইবলেন ৷ তিত্রি শক্তির উন্মাদনার নিকট স্রোতোমপে তৃণ-থণ্ডেব স্থায় সকলই ভাসিয়া গোল ! সম্মের গ্লানি নিদ্রিত ইইল ৷ অধ্যের উচ্ছেদে পর্মের প্রতিষ্ঠায়, পর্ম-রাজ্যের বিজ্য-নৈজ্যুণী উত্থান হইল ৷ চক্রপ্তথের জয়জয়কারে দিল্পগুল মুণ্রিত ইইয়া উঠিল ৷

গুপ্ত-গণের আদি-নিদ্ধারণে সম্প্রা।

চল গুপের সাবিলাবে বে বংশ গোরবাঘিত হইয়াছিল, চল্ল-গুপ্ত যে বংশের প্রতিষ্ঠার একমাত মুলাছত, ইতিহাসে সে বংশের আদি-পরিচয় অতি অল্লই বিভমান্। তাঁহার পরিচয়ে গুপুরাজ্গণের প্রতিষ্ঠা হইলেও, গুপু-বংশের উৎপত্তির ও বিস্তৃতির নিদর্শন গ্রন্থ-পত্তে অতি অল্লই প্রিন্তি হয়। প্রত্তর্থবিৎ পণ্ডিতগণ্ও এতৎসম্বন্ধে নানা মতের অবতারণা করেন। তাই বিভগার প্রিস্মান দেখি না।

বিভিন্ন লিপির বংশলতায় 'মহারাজ গুপ্তকেই' অনেকে গুপ্ত-বংশের প্রতিষ্ঠাতা বলিয়া বিদ্ধান্ত করেন। গুপ্তের ও ঘটোৎকচের নামের সহিত 'মহারাজা', আর তাঁহাদের পরবর্ত্তী রাজগণের নামের সহিত 'মহারাজাধিরাজ' উপাধি-দৃষ্টে মনে হয়, গুপ্ত বা ঘটোৎকচ—কেহই 'এক হয়-সয়!ট 'পদ' লাভ করিতে সমর্থ হন নাই। পরস্ত তাঁহারা অধীনস্থ ভূস্বামী বলিয়াই পরিগণিত হইয়া আদিয়াছেন; ! আর পাটলিপুতের সন্নিকটে এক নির্দিষ্ট স্থানে তাঁহার আধিপত্য সামাবদ্ধ ছিল। চক্র-গুপ্তের অভ্যাদয়ের সঙ্গেপত তাঁহাদের প্রতিষ্ঠা হইল;—গুপ্ত-বংশের গোরব-গরিমা বৃদ্ধি পাইল।

* *

^{*} ভারতে সগধ-রাজ্যো লচ্ছবি জাতির প্রাত্তাব এবং গুপ্তগণের কালনির্দেশ প্রভৃতির প্রসঙ্গ পরিক্রেশিতরে তাইবা :

[†] Corpus Inscriptionum Indicarum, Voi. ill. p. 15.

আদি-নিৰ্ণয়ে বাদবিত্ত।।

কেছ কেছ গুপ্ত-বংশের প্রতিষ্ঠাতা গুপুকে 'শ্রী-গুপ্ত' বলিয়া অভিছিত করেন। কিন্তু অধ্যাপক লাসেন সে মত গ্রহণ করেন না। তিনি বলেন,—গুপু ও শ্রী-গুপু এক ব্যক্তি নহেন। তাঁহারা ছই জন বিভিন্ন ব্যক্তি—বিভিন্ন সময়ে বিভ্যমান ছিলেন। কিন্তু প্রান্ত হাবিং ফ্রিট প্রমুখ পণ্ডিতগণ তাহা স্বীকার করেন না।

কিন্ত 'গুপ্ত' নামের আলোচনায় একটা সিদ্ধান্তে উপনীত হওয়া বায়। 'দিবাবিদান' মতে বৌদ্ধভিক্ষু উপগুপ্তের পিতার নাম—'গুপ্ত'। এদিকে আবার অধ্যাপক র্যাপ্সনের আবিশ্রত মোহরে 'গুতভ্ত' (Gutasya) পদ দৃষ্ট হয়। তাহাতে সংস্কৃত ও প্রাকৃত ভাষার গুপ্তভ্ত' পদের অপভ্রংশে, 'গুতভ্ত' পদের উৎপত্তি সিদ্ধান্তিত হঠয় পাকে।

ডক্টর হর্ণেলের প্রদর্শিত মৃৎ-নিশ্মিত মোহরে 'শ্রীর গুপ্তপ্ত' (Srir Guptasya)
পদ আছে। উক্ত নোহর খৃষ্টায় তৃতীয় শতাব্দীর বলিয়া অনেকে সিদ্ধান্ত করেন। * এই ক্রেণ্
'গুপ্ত' নামে নানা সংশ্য-সমস্থার অবতারণা হয়।

চীনদেশীয় পরিব্রাজক ইৎ-সিং ৬৭১-৬৯৫ খুষ্টাদে ভারত-জনণে আগমন করেন। তাহার জমণ-বৃত্তান্তে 'চে-লি-কি-তো' (Cheli-ki-to) নামক রাজার উল্লেখ আছে। হংসিং-এর 'চে-লি-কি-তো'—মহারাজ জী-গুপ্ত বলিয়া অনেকে সিদ্ধান্ত করেন। প্রকাশ,—চে-লি-কি-তো মুগশিখা-বনের সনিকটে, চীনদেশার পরিব্রাজকদিগের জন্ত, একটা মন্দির নিখান করিয়া দিয়াছিলেন।। ইৎ-সিং যখন ভারতে আগমন করেন, তথন সে মন্দির ধ্বংসন্থে প্তিত ইইয়াছিল; আর সে মন্দির চীনাদিগের মন্দির' নামে অভিহিত ইইত।

প্রবাদ এই,—মন্দির রক্ষার জন্ম চাবিশ খানি বৃহৎ পল্লা উৎসাগাঁকত হুইয়াছিল। আর চান-পরিপ্রাজক ইৎ-সিং এর ভারত আগমনের প্রায় গাচ শত বংসর পূক্ষে ঐ মান্দ্র নিশ্মিত হুইয়াছিল। পরিপ্রাজকের এই উক্তিতে সমস্তা আরও একটু জটিল হুইয়াছে।

ক্লিট-প্রমূখ পাশ্চাত্য পণ্ডিতগণ গুপ্তের সহিত জ্রী-গুপ্তেব অভিন্ন ও প্রতিপাদনের বিরোধা। তাঁহারা তাহার কয়েকটা কারণ নিদ্দেশ করেন। তন্মধ্যেপ্রথম কারণ—গুপ্ত ও জ্রী-গুপ্ত নামের পার্থক্য; এবং দ্বিতীয় কারণ—ইৎ-সিঙের নিদ্ধারিত কাল-পরিমাণে—১৭৫ খুটান্দে—জ্রী-গুপ্তের বিছমানতা। এতত্ত্বই ঐতিহাসিক সিদ্ধান্তের পরিপন্থী।

কারণ, চৈনিক পরিব্রাজক যে সময়ে শ্রী-গুপ্তের বিশ্বমানতার উল্লেখ করেন, সে দন্যে গুপ্ত-রাজগণের অন্তিছই ছিল না। শ্রী-শন্ধ ভারতে স্থান-স্চনায় প্রযুক্ত হয়। চানাগণ সেই অর্থেই 'গুপ্ত' নামের সহিত 'শ্রী' শন্ধ সংযোজিত কার্যাছেন—এইরপ ধারণার বশবরী হইয়া পাশ্চাত্য পণ্ডিত সভেনিস ইৎ-সিঙের মত পরিগ্রহণ করেন নাই।

[•] Fleet's notes in Indian Antiquary, Vol. xiv, p 94 and Carpus Inscriptionum Indicarum; Divyabadana, Ed. Cowell and Neil and Rapson in the Journal of the Royal Asiatic Society, 1905, p. 814.

[†] Beal in the Journal of the Royal Asiatic Society, 1882; Chavannes, Memoirs...par It-sing, 1894; Dr. Takakusu, Translation of It-sing's Record of the Budhist Religion &c. 1896. শেখেক এই বিশ্বিক বাৰ নিয়ন্ত্ৰীৰ ক্লিড ১৮৮১২ ইটাৰ্শ নিজ ইয়া

খুঠার প্তার শতালীর শেষাক্ষে গুপ্ত-বংশের প্রতিষ্ঠা হয়। ৬৭১-৬৯৫ খুষ্টাবে ইৎ-সিং ভারতে আগমন করেন। স্কতরাং ইৎ-সিঙের ভারতে আগমনের বহু পূর্বে গুপ্ত-রাজগণ প্রতিষ্ঠাবিত ছিলেন, সন্দেহ নাই। চৈনিক পরিব্রাজক তৎকাল-প্রচলিত কিংবদন্তীর মূলে শ্রী-গুপ্তের উপাধ্যান লিপিবদ্ধ করিয়াছিলেন, সপ্রমাণ হয়। তিনি উভয়ের অভিনতার বিষয়ই অবগত ইইয়াছিলেন,—বুঝা যায়।


ওপ্ত জী-ওপ্ত—উভরে বে অভিন ছিলেন, সে সিদ্ধান্তের আর এক প্রধান কারণ— চানাদিগের পৃষ্ঠপোষক যে জী-গুপ্ত চানাদিগের জন্ম মন্দির নির্দ্ধাণ করিয়া দিয়াছিলেন, ভাষার রাল্য গুপ্ত-রাজ্যের অন্তর্ভুক্ত থাকা অসম্ভব নহে। স্কুতরাং একই রাল্যে একই নামোগাধিয়ক্ত ছুই জন রাজার অস্তিত্ব ক্থনই স্বীকার করা যাইতে পারে না।

আরও হৎ-সিং-ক্ষিত 'গুপ্ত' যদি 'গুড়'-বংশের প্রতিষ্ঠাতা মহারাজ গুপ্তের পূর্ববর্ত্তী কোনও নুপাত হলতেন, তাহা হইলে বংশলতায় অবস্তুই উাহার নাম সংযোজিত থাকিত। স্কুতরাং গুপ্ত-বংশের প্রতিষ্ঠাতা মহারাজ গুপ্ত এবং ইং-সিং পরিবর্ণিত শ্রী-গুপ্ত—উভয়েই অভিয়া—একত্ ব্যক্তি—তাহা নিঃসন্দেহে স্প্রমাণ হয়।

পদ্বতাদ্বিক্সান বলেন,—'গুপ্ব' ইইতেই প্রবর্তী গুপ্ত-রাজ্যাণ 'গুপ্ব' উপাধি প্রাপ্ত ইম্মাছিলেন। তবে চক্র-গুপ্ত ইইতেই ইতিহাসে গুপ্ত-বংশের প্রতিষ্ঠা, তদ্বিয়ে সন্দেহ নাই।

গুপু বংশের বংশলত।।

বংশের প্রতিষ্ঠাতা প্রিপ্ত' হউতে প্রপ্তাবংশে যে সকল নূপতি আবিভূতি হইয়াছিলেন, লিপি, অনুশাসন এবং মুদ্রাদির নিদশনে নিমে তাঁহাদের বংশ-পরিচয় প্রদান করা হউল ; যথা,—



গুপ্তবংশীয় নৃপতিগণের বে শাখা উত্তরভারতে প্রভাব বিস্তার করিয়াছিলেন, ঠাহাদের বংশ-পরিচয় পূর্ব্বোক্তরূপ নির্দিষ্ট হইয়া থাকে। গুপ্ত-বংশের অপরাপর শাখা ভারতের বিভিন্ন স্থানে—মালবদেশে, গৌড়রাজ্যে এবং আরও বহু বিভিন্ন ভূভাগে বিস্তৃত হইয়া পড়ে। তত্তং-প্রদেশে তাঁহাদের প্রতিষ্ঠার পরিচয় পাওয়া যায়।

খৃষ্টীয় তৃতীয় শতান্দীর শেষভাগ হইতে আরম্ভ করিয়া খৃষ্টায় সপ্তম শতান্দী পর্যন্ত তাঁহাদের প্রভাব অক্ষু ছিল। সপ্তম শতান্দীর প্রারম্ভে তাঁহাদের প্রভূষ-প্রতিপত্তি থকা হইয়া আসে। তথন ভারত পুনরায় অন্ধকারে নিমজ্জিত হয়।

• প্রতিষ্ঠার পরিচয়ে।

কি ভাবে কি স্ত্রে ওপুরাজগণ ভারতের 'একছজ্ব-সন্টি' পদে 'স্বিষ্টিত হুইয়াছিলেন, তাহাদের উথান ও পতন কি ভাবে সংঘটিত হুইয়াছিল, তাহা প্রদর্শন জন্মই বক্ষানাণ প্রসঙ্গের অবতারণা। ওপু-বংশে বহু প্রতাপ্শালী রাজা জন্মগৃহণ করিলাছিলেন। তাঁহাদের কীতি বিশ্ববিশ্ত ।

গুপ্ত-বংশের রাজ্যকালে ভারতের স্বর্গতামুখী উন্নতিব পরিত্র পাওয় যায়। সাহিত্যে, বাণিজ্যে, জান-সরিমায়— গুপ্ত-গণের রাজ্যকালে ভারত আর একবার পৃথিবীর ইতিহাসে শীষ্মান অধিকার করিয়াছিল। গুপ্ত-গণের রাজ্যু-কালেই বঙ্গদেশের গৌরব-গরিমা প্রতিষ্ঠিত হয়। দে পরিচ্যু, চতুর্থ থণ্ড পৃথিবীর ইতিহাসে প্রদত্ত হইয়াছে। ভারতের স্বর্গতামুখী প্রেষ্ঠ্রের যে নিদর্শন এই সময় প্রাপ্ত হওয়। যায়, আমরা ক্রমে ক্রমে গুপ্ত-রাজ্যণের আলোচনা প্রসংস্ক ভাহা প্রদর্শন করিবার প্রয়াস প্রিইড্ছ।

বংশপরিচয় ও জাতিনিরূপণ।

ওপ্ত-বংশের প্রাচীনত্ব অবিসংবাদিত। পুরাণাদিতে সে নিদর্শন বক্তমান। বিষ্ণুপ্তাণে, বামুপুরাণে, রক্ষা ওপুরাণে ও মংস্থপুরাণে ওপ্তবংশের উল্লেখ দেখিতে পাই।

ভবিশ্বরাজবংশ-কথন-প্রসঙ্গে পুরাণসমূহে ওপ্রবাজগণের পৃথিবী-ভোগের বিষয় পরিবর্ণিত আছে। দেখানে দেখিতে পাই,—গুপ্তরাজগণ, মথুরা, অমুগঙ্গ, প্রয়াগ, অযোধ্যা ও মগদ—এই সকল জনপদ উপভোগ করিবেন, আর নাগ-বংশীয় দাত জন মথুরাপুরী ভোগ করিবেন।

বিষ্ণুপুরাণের চতুর্থাংশে, চতুর্ব্বিংশ অধ্যায়ে, "নবনাগাঃ পদ্মাবত্যাং কান্তিপুর্ণ্যাং নথুকায়ান মহুগঙ্গাপ্রয়াগং মগধা শুপ্তাশ্চ ভোক্ষন্তি"—এবন্ধি উক্তি পরিদৃষ্ট হয়। তাহাতে গঙ্গা ও প্রয়াগের সন্নিক্টন্থ কান্তিপুরী ও মণুরায় মাগধ্যণ ও গুপ্তগণ রাজা হইবেন, প্রতিপন্ন হয়।

বায়-পুরাণেও একই উক্তি দেখিতে পাই। ভবিষ্য-রাজবংশ-বর্ণন-প্রসঙ্গে সেথানে আছে,—

"মথুরাঞ্চ পুরীং রম্যাং নাগা ভোক্ষন্তি সপ্তবৈ।

অনুগন্ধ: প্রয়াগঞ্চ সাকেতনগধাংত্তথা ॥

এতান্ জনপদান্ সর্বান্ ভোক্যতে ওপ্তবংশকা: ।"—

--वायुभूताव, २२ अशाय, ४२-४० (भाकः।

ব্রনাও-প্রাণের উপসংহার-পাদে ওপ্ত-বংশের উল্লেখ আছে। দেখানে দেখিতে পাই,—
নাগবংশীয় সাতজন মনবাপ্রী ভোগ করিবেন। কিন্তু ওপ্তবংশীয়গণ মথুরা, জন্মগুলা,
প্রায়ার, জালোধ্য ও মগন—এল ব্রুল জনপদ উপভোগ করিবেন। ব্রুলাভ-প্রাণের এবং
নাগপুরাণের উজি অভিয়া বাহ্নাভায়ে একলে তাহা উদ্ধৃত ইইল না। * ফলতঃ,
প্রপ্রান্ত্রংশ ভারতের প্রায়ান্ত্র লাজনংশ; লাহারা ভারতেই বস্ত্রমান ছিলেন।

*

ভগ্নরাজগণ কোন জাতীয় ছিলেন গ

ওপ্ত-নুপতিগণের জাতি-নির্ণয়ে নানা মতাপ্তর দোগতে পাই। কেই তাহাদিগকে বৈহজাখায় বলিং, নিজেশ কংলেন কেই আবাৰ তাই।দিগকৈ 'বৈহু' জাতির অন্তভুক্ত করিয়া লন: কেই খাবার ভাইাদিগকে শুদ বলিংহুও ভাছা বোধ করেন না।

শাহিত্যে বাজন, ফারিছ, বেলা ও শাহ প্রান্ত যে দারি জাতিব উল্লেখ আছে, তন্মধ্যে জিপ্তা, নান প্রান্ত জাতিব জাতিব স্বত্য পরিচ্ছ নাই। তাই সিদ্ধান্ত হয়—তাহার। তথন বৈশ্বাভাগতেওই আইন্ত ভ্যান্ত । বা পাশ্যাতা দেশ য় প্রভারবিং অধ্যাপক উইল্সন্থান গড়িবাল কিবলালে এ হয়প্ত বিশ্বাভাগতির আইভিন ক্রিয়ালেন।

বাংগদর মতে—ভিপ্তা শল ওপ্তবংশয় রাজগণের উল্লেখ্য। বৈশ্রজাতির সম্প্রদায় বিশেষ ঐ ভিপ্তা উল্লেখ্য তেওঁ ক্ষিয়াছিলোন। বিস্তা ও চোম শিলালিপি ও অঞ্চলামন প্রাভৃতি হুইতে

> ি গুলাম পূলী রমানে নাগা ভোকান্ত সন্থ বে। অনুনার আরাশক সংক্রান স্থান স্থান স্থান এবান জনপ্দান স্বান্তোক্তে গুপ্তবংশকালে।"

্রমেশচন্দ্র সভা উংহার প্রাচনন সংক্রাত্র এল্ডীন ইতিহাসে **'গুপ্ত' উপাধি সম্প্রে যে মন্তব্য প্রকাশ** ক্রিয়াজন, নিজ্ঞালা উদ্ভাৱ ক'লাম ; যগা, --

Fire Various of Physician Caste of Bengal we emuknown in the Rationalistic period, in the Rationalistic period and the vaidyas are said to have descended from the union of men and women of different castes. And yet common sense would suggest that they are the descendants of a section of the Aryan people, the Vaisyas—who specially applied themselves to one particular science as soon as the science was sufficiently developed to call for special application, and thus in course of time form discheding caste. This view receives a unious confirmation from the name which the Bengal Vaidyas still bear. All Vaidyas are Guptas (Sen Guptas, Caste Gu

স্প্রমাণ হয়,—'গুপ্ত' নামক জনৈক নৃপতি গুপ্ত-বংশের প্রতিষ্ঠাতা। তিনি মহারাজ গুপ্ত-নামে প্রিচিত ছিলেন। আর ঠাহারই নামানুনারে ওপ্ত-বংশের নামকরণ হইয়াছিল।

বিভঞ্জ কারে- !

যাহা হউক, প্ররভন্তবিশ্বাপের মত-বিরোধের কারণ—শাংস্কাল ভাতি-বিভাগ। শাংস বান্ধণ, করিয়, বৈশাও শূদ্ৰ—চারিটা আগান জাতির নামোলেগ ভাতে। কিছু বৈল, স্বৰ্ণকার, কুন্তুকার, স্ক্রেগর, ভন্তবায় প্রভৃতি অল কোনও জাতিব স্প্রিটিবেগ নাই। ইতিহাসিকগণ তাই সিদ্ধান্ত করেন,—বৈশ্ব জাতি বিভিন্ন ব্যবসায় অবলম্বন কবায়, তাঁহারা কেই বৈল, কেছ স্বৰ্ণকার, কেছ ক্তুকার প্রভৃতি আগা; প্রাপ হ্টয়াছেন। মলতঃ স্ক্রেটি বৈশা; বিভিন্ন ব্যবসায় অবলম্বন কবায়, তাঁহারা সেই সেই ব্যবসায়ের উপ্রোণ আগা। পাণ্ড হট্যাছিলেন।

এইরপ প্রেস্থানায় উহিরা বলেন,—বৈশহনের এবং একটা চিকিৎসা-বাবসায় ভালধন করেন। ভাইরা প্রক্রান্তকান সেই ব্যবসায়ে নিযুক্ত আছেন বলিয়া, সেই ভাইনি বাবসায়-মূলক নামোপারি হোহাদের বংশারক্তিকি প্রক্রা মধ্যে হাছা হাইয়াছে। ভাই কিবংশা-বারসায়ী বৈশগ্র বিছা আন্দর্শন পাথ হন। তার হাইয়াছে। ভাই হইছেই আন্দর্শন বৈছাল বিছালে বিছালের বিছালের বিছালের বিছালের বিছালের বিছালের বিয়াই বিছালের বিহালের বিছালের বিছা

এদিকে জাবার 'আখলারন গহস্কে' দেখিতে পাই, স্বকাৰ কহিতেছেন,—বাল্লণগণ শৈশ্বণ', ক্ষত্রিগ্রন-'ব্যাণ' এবং বৈশ্যাণ 'গুপ্র' উপাদি ব্যবহার ক্ষতিবন। সংগ্রেষ্ট এবং 'উদ্বাহ-তত্ত্ব'—"গুপ্রদায় ক্রং নান প্রশন্তং বৈশাশূর্মেটে" প্রভৃতি উল্ডিং স্ক্রমরণে এক শ্রেণীর পণ্ডিতগণ গুপ্ত-দিগকে বিশা' জাতীয় প্রতিপন্ন করিবাব প্রয়াস গান। গুপ্ত নপতি-গণের নামের শেষে 'গুপ্র' শক্ত দেখিয়া পণ্ডিতগণ এইলপ সিকাতে উপনিত হবয়া পাকেন। তাহারা বলেন,—'বৈশ্যের উপাধি যথন 'গুপ্র' দিশে প্রভৃতি: তথন ভারতের গুপ্থ-নপতিগণ 'বৈশ্য' ভিন্ন জন্ম জাতি নহেন।

আবার বাঁহারা গুপুগণকে ব্রাহ্ণণ বলিয়া নির্দ্দেশ করেন, হাঁহারা মন্থব্যর পরিপোষক মুক্তি-পরম্পরার উল্লেখে অসমর্থ হুইলেও, গুপু-দিগের রাহ্মণ্য-ধ্যোর প্রতি অসাধারণ অনুরাগদৃষ্টে প্রোক্ত দিদ্ধান্তে উপনীত হন। তাহারা প্রায়ই আধুনিক দৃষ্টান্তের অবহারণা কনিয়া থাকেন। হিন্দ্র নেমন হিন্দ্-প্রায়ের প্রতি অক্রর্জি ; সেইরূপ গুপুগণ রাহ্মণ ছিলেন বলিয়াই তাহারা রাহ্মণ্য-ধর্মের প্রতি অক্রর্জ ছিলেন। এবং রাহ্মণা-প্রাধান্ত প্রতিষ্ঠার প্রয়াস পাইখাছিলেন।

আমাদিগের সিদ্ধান্ত।

যাহা হউক, আমরা পূর্ব্বোক্ত কোনও দিদাস্ট অন্তনোদন করি না। আমরা গুপ্ত-বংশীয় নুপতিরুক্তকে 'ক্ষত্রিয়' বলিয়াই নির্দেশ করি। তংসম্বন্ধে আমাদের যুক্তি প্রদর্শন করিতেছি। আমাদের মতে, 'গুপ্ত'-শব্দ-প্রতিষ্ঠা-মূলক; 'উপাধি' বা জাতি' বাচক নহে। গুপ্ত-গুপ্ত-বংশের প্রতিষ্ঠাতা। বংশের আদি-পুরুষের 'গুপ্ত' নাম পরবর্ত্তী বংশধরগণের নামের সহিত সংযোজিত হইয়াছিল—ইহাই আমরা মনে করি। আমাদিগের এতছক্তির সমর্থক প্রমাণ-পরস্পরা ভারতেই বর্ত্তমান। পাশ্চাত্য দেশেও তাহার অসম্ভাব দেখি না। এখনও ভারতের পশ্চিমাঞ্চলে,—রাজপুতানা, মাড়োয়ার, গুজরাট এবং অন্তান্ত স্থানে, পরবর্ত্তী পুরুষের নাম—পূর্কবিত্তী পুরুষের নামের সহযোগে বাবস্ত হইয়া পাকে।

'আহাদেব সিদ্ধান্থের প্রধান সমর্থক—গুপ্ত-নূপতি চক্রপ্তপ্তেব সহিত লিচ্ছবি-রাজকন্সা কুমারদেবীর পরিণয়। 'লিচ্ছবিজাতি' মহুসংহিতায় 'রোত্য-ক্ষত্রিয়' বলিয়া উল্লিখিত। 'বাত্য-ক্ষত্রিয়' - ক্ষত্রিয় প্র্যায়ভুক্ত।

পাশ্চাত্য প্রায়ুত্ত্ববিৎ মিষ্টার টমাস গুপ্ত-রাজগণের যে বংশলতা প্রদান করিয়াছেন, তাহাতে মহারাজ গুপ্ত এবং তাঁহার বংশধ্বগণ স্থ্যবংশোদ্ভব বলিয়া উল্লিখিত।

'নেপাল বংশাবলি' গ্রন্থে ছুট্টা বিভিন্ন প্রসিদ্ধ বংশেব উল্লেখ আছে। তাহাদের মধ্যে 'লিচ্ছবি' বংশের নাম দুঠ হয়। সেধানে লিচ্ছবি গণ স্থাবংশোদ্ধব বলিয়া অভিহিত।

'নংশাবলিতে' বে বংশলতা প্রদন্ত হইয়াছে, তাহাতে স্থাকে বংশের আদি ধরিয়া লইয়া, তৎপুত্র মন্ত্র, তৎপুত্র ইক্ষাকু পভৃতি এনে রণু অজ দশরণ প্রভৃতি পর্যান্ত প্রমান্ত দমিক বংশলতা নির্দিষ্ট আছে। আরও, দশরথের পর পুত্র-পৌত্রাদি-ক্রমে আট জন নৃপতি রাজ্য করিয়াছিলেন; ঠাহাদিগের নাম সে বংশলতায় সন্নিবিষ্ট নাই। তার পরই লিচ্ছবি নামের উল্লেখ। 'নেপাল বংশাবলি' এত্যের সেই বংশলতার মতে লিচ্ছবিগণ ক্ষত্রিয় প্রতিপন্ন হন।

প্রথম চল্রগুও লিচ্ছবি-রাজক্তা কুমারদেবীকে বিবাহ করেন। তখন লিচ্ছবি-জাতি মগথে বিশেষ প্রতিষ্ঠাসম্পর। স্তরাং গুপ্তবংশের সহিত লিচ্ছবি-রাজ্যের উদাহ-সম্বন্ধ প্রতিষ্ঠিত হওয়ার গুপ্তগণের ক্ষত্রিয়ন্ত্রই প্রতিপর হয়। কারণ, স্বজাতি এবং সমবংশই সর্কালে বিশাহ-সম্বন-প্রতিষ্ঠায় প্রশন্ত বলিয়া পরিগৃহীত হইয়াছে। লিচ্ছিবিরাজ যথন গুপ্তবংশের সহিত বিবাহ-সম্বন্ধ প্রতিষ্ঠা—স্ববংশের এবং স্বকুলের অনুকৃল বলিয়া বুঝিয়াছিলেন, তথনই তিনি ক্সাণানে প্রস্তুত হইয়াছিলেন। গুপ্ত-গণের ক্ষত্রিয়ন্ধ বিষয়ে কোনও সন্দেহের কারণ উপস্থিত হয়নাই; তাই সম্বন্ধ স্থাপিত হইয়াছিল।

ভারতের সামাজিক প্রথার আলোচনায় বুঝা যায়,—বিভিন্ন জাতীয় স্ত্রী-পুরুষের পরম্পর বিবাহ সর্বাকালেই নিন্দনীয় হইয়াছে। আর সে বিবাহের সস্তান-সন্ততি সমাজে 'পতিত' মধ্যে গণ্য হইয়াছে। 'লিচ্ছিবি'-রাজ—ক্ষত্রিয়। ভিনি একজন হীনজাতীয় ব্যক্তিকে কন্তা-সম্প্রদান করিয়া সমাজে হেয় প্রতিপন্ন হইবেন,—সহসা তাহা মনে করিতে পারি না।

তথন সমাজ-বন্ধন দৃঢ় ছিল। ধর্ম্মের প্রতিও তথন প্রগাঢ় অমুরাগ ছিল। ধর্মনীতি-উল্লেখনে তথন সহসা কেহ সাহসী হইতেন না। তদ্বিল, গুপ্তবংশের তথনকার সে অবস্থায় এমন কিছু প্রলোভন লিচ্ছবিরাজ দেখিতে পান নাই, যাহাতে সহস। তিনি জাতি-শর্ম পরিত্যাগ করিতে প্রলুক্ষ হুইবেন।

'দর বর ভাল দেথিয়াই' মানুষ আপনার প্রিয়ত্তমা কল্ঞা সম্প্রদান করিয়া থাকে।

লিছেবিরাজ হয় তো চক্রপ্তথকে জাতিতে এবং পদমর্যাদায় শ্রেষ্ঠ বলিয়াও বুনিয়াছিলেন। তাই চক্রপ্তথকে কন্তা-সম্প্রদানে তিনি কুঠা বোধ করেন নাই। অস্ততঃ, জাতিতে এবং বংশ-মর্যাদায় সমকক্ষ বলিয়া বুনিয়াও কন্তা-সম্প্রদানে অগ্রসর হইয়াছিলেন।

এইরপে, আমাদের সিদ্ধান্তে মগধের গুপ্ত-নূপতিগণ ক্ষত্রিয় বলিয়া প্রতিপন্ন হন। তবে তাঁহারা ক্ষত্রিয়-বংশের কোন্ শাখার অন্তর্ভুক্ত, তাহা নির্ণয় করা হক্তিন। ভারতের প্রাচীন সাহিত্যে অথবা ধর্মশান্ত্রে সে পরিচয়ের অসদ্বাব দেখি।

গুপ্তগণের অধ্যমধ-যজ্ঞ অনুষ্ঠানের বিষয় আলোচনায়ও তাঁহাদের ক্ষত্রিয় প্রতিপন্ন হয়। ইতিহাস ও প্রত্নতন্ত্রবিৎ সেই সাক্ষ্য প্রদান করে। ক্ষত্রিয় ভিন্ন অন্য কোনও জাতি ক্ষমও অধ্যমধ-যজ্ঞের অনুষ্ঠান করেন নাই। বেদ-পুরাণাদি হইতে আরম্ভ করিয়া আধুনিক কাল পর্যান্তের ইতিহাস আলোচনায় সেই সিদ্ধান্তেই উপনীত হই।

পূর্ম্মকালে যে সকল জাতি বলবান, দাননাল, য়্দ্ধনিপুণ এবং প্রজাপালনে সমর্থ ছিলেন, তাঁহারাই ক্ষত্রিয় নামে অভিহিত হইতেন। আমরা মনে করি—গুণকর্ম্মবিভাগ অনুসারে যে জাতি-বিভাগের বিষয় গ্রন্থানিতে দৃষ্ট হয়, প্রাচীনকালে জাতি-নির্ণয়ের তাহাই মেরুদ গুন্থানীয় ছিল।

গুপ্তগণ যেমন প্রজারঞ্জক, তেমনি যুদ্ধনিপুণ, তেমনি বলিষ্ঠ ও দানপরায়ণ ছিলেন। তাহাদের উৎকীর্ণ লিপি ও মুদ্রাদিতে তাহার নিদর্শন বর্ত্তমান। তাহা হইতেও তাঁহাদের ক্ষরিয়ত্ব স্থামাণ হইয়া থাকে।

গুপ্তগণ কোন ধর্মাবলম্বী ছিলেন ?

গুপ্ত-রাজগণ ক্ষত্রিয় হইলেও বিষ্ণুর উপাসক ছিলেন। কিন্তু বিষ্ণুর উপাসক বলিয়া তাঁহাদিগকে 'বৈষ্ণব' বলিতে পারি না। বিষ্ণুর উপাসনা ত্মরণাতীত কালের প্রবর্তনা। কেবল বৈষ্ণব বলিয়া নহে, হিন্দুধর্মালম্বী সকল জাতিই ত্মরণাতীত কাল হইতে বিষ্ণুর উপাসনা করিয়া আসিতেছেন।

স্থতরাং শাক্ত, শৈব, গাণপত্য—সকল সম্প্রাদায়কেই এক হিসাবে বিফুর উপাসক ধলা যাইতে পারে। কোন-না-কোনও আকারে বিফুর উপাসনা সকল সম্প্রাদায়ের মধ্যেই প্রচলিত আছে। স্থতরাং বিফুর উপাসক মাত্রেই যে বৈঞ্ব, তাহা বলা যায় না। বৈঞ্ব-ধন্ম আধুনিক—শ্রীকৈতন্তের আবির্ভাব কাল হইতেই তাহার প্রতিষ্ঠা।

আবার বিষ্ণুর উপাসক গুপুরাজগণের শিব ছর্গা প্রভৃতির মন্দির প্রতিষ্ঠার নিদর্শনও প্রাপ্ত হই। স্কতরাং অধুনা 'বৈষ্ণব-ধর্মা' বলিতে যে ভাব উপলব্ধি হয়, অথবা 'বৈষ্ণব-ধর্মা' বলিতে যাহা বুঝায়, গুপুরাজগণ বিষ্ণুর উপাসক বৈষ্ণব হইলেও তাঁহারা সে ভাবের বৈষ্ণব-ধর্মের উপাসক ছিলেন না, অথবা সে ভাবের বৈষ্ণবণ্ড ছিলেন না।

মুদ্রাদিতে দিতীয় চক্দ্র-শুপ্ত, কুমার-শুপ্ত এবং স্কন্দ-শুপ্ত পরম ভাগবত' নামে অভিহিত হইয়াছেন। তাহাতে তাঁহারা ভগবান বাস্কদেবের উপাসক ছিলেন বুঝা যায়। তবে শুপ্তরাজ্বগণের সকলেই বিষ্ণুর উপাসক ছিলেন, তাহাতে সন্দেহ নাই।

৪২ গু**পান্দে (৪০০ খুষ্টান্দে) উদয়গিরির কতকগুলি লিপি উৎকী**র্ণ হয়। সেই লিপিব

একখানিতে চুইটী প্রতিমূর্ত্তি আছে। তাহার একটা চারি-হস্তবিশিষ্ট। সেই মূর্ত্তিটার ছুই পার্থে ছুইটা স্বী-মূর্ত্তি বর্তনান। অপর মূর্ত্তি দানশ-হস্তবিশিষ্ট দেবীমূর্ত্তি। অনেকে অনুমান করেন,—
সে দেবতা বিষ্ণু এবং দেবী চণ্ডী।

উদয়গিরির অপর লিপি হইতে শস্তুর বা শিবের নামে একটী শুহা উৎসর্গীকরণের বিবরণ লিপিবদ্ধ কাছে। এইরপ, কুমার-গুপ্তের ভিলদা লিপিতে, ৪১৪ খৃষ্টাব্দে, জ্বাদেন কর্তৃক স্বামী মহাদেনের মন্দিরে দোপান-শ্রেণী নির্মাণের এবং মিনাগড়ের লিপিতে চক্রভূৎ দেবতার মন্দির-নির্মাণের বিবরণ দেখি। তাহাতে বুঝিতে পারি,—গুপ্তবংশীয়সকলেই একমাত্র বিকুব উপাদক নহেন;—কেহ কেহ শক্তির এবং শিবের উপাদকও ছিলেন। *

ফলতঃ, এখন শাক্ত যেমন বিষ্ণু, শিব, গণেশ, স্থ্য প্রভৃতি বিভিন্ন দেবতার পূজা করে; ওপ্ত নুপতি-গণেব সম্বন্ধেও তাহাই বলা যায়। শক্তিই আরাধ্য। সঙ্গে সঞ্জান্ত দেবতার আরাধনা। তাই মনে হয়;—গুপ্ত-গণ মূলতঃ শাক্ত ছিলেন; আমুষ্পিক-ভাবে অন্তান্ত দেবতারও বাহারা উপাদনা করিতেন।

একমাত্র বাজাণ এবং ক্ষত্রিয়ই শক্তি-ময়ে দীক্ষিত হইয়া থাকেন। অসের তাহাতে অধি-কার নাই। কাহাবা ইচ্ছা করিলে, অন্ত দেবতারও অন্তবর্তী হইতে পারেন। তাই মনে হয়,— গুপু-গণ ক্ষত্রিয় হইলেও বিসুং, শিব, গণেশ এবং স্থা প্রভৃতির প্রোপাসনায় বিরত ছিলেন না।

'গুপুবংশের নুপতিবুন্দ।

গুপরাজগণ সমগ্র উত্তর-ভারতে আধিপতা বিস্তার করিয়াছিলেন এবং প্রবল-পরাক্রান্ত রাজচক্রবর্ত্তী কলপ ভারতের 'একছত্র স্মাট' বলিয়া প্রদিদ্ধ হইয়াছিলেন। গুপুবংশীয় রাজগণের উৎকীণ শিলালিপি এবং অনুশাসনাদি পাঠে তাহা সিদ্ধান্তিত হয়।

গুপুরংশের বিভিন্ন শাখা ভারতের বিভিন্ন জনপদে বিভিন্ন সময়ে প্রতিষ্ঠানিত হন। প্রাচীন নিদর্শন বিপিও মুদ্রাদিতে সে পরিচয় বিজ্ঞমান। প্রাক্তত্ত্বের অনুসন্ধানে তাঁহাদের নাম ও রাজস্কালের গে পরিচয় প্রাপ্ত হওয়া যায়, নিম্নে তাহা প্রাদান করা হইল; যথা,—

রাজার নাম।		র াজ্যক†ল।				
.83 , 31	• • •	২,৭৫	খৃষ্ঠান্দ	इट्र	5 ७ ००	शृष्ट्रीय ।
ঘটোৎকচ	• • •	900	2)	,,,	050	,,,
চকু-শ্বপ (প্রথম)	• • •	৩২ ৽	"	33	೨೨୯	3)
স্মুদ্-'গুপ	• • •	೨೦೦	23	33	0 de	3>
চক্র-শুপ্ত (দিতীয়)—বিক্র	মাদিত্য	270	13	,,,	8 \$ 8	3)
ক্মার-গুপ্ত (প্রথম)—মহেত্র	দাদিত্য	878	39	,,,	800	39
দন-ভপ – ক্রমাদিতা	•••	8 @ @	39	2)	8Þ°	33
পুর-গুপ্স—বিক্রমাদিত্য	•••	8P.º	29	.,,	846	3)
নরসিংহ-গুপ—বালাদিত্য		840	3)	,,	000	.33

^{*} or Flent's Inscriptions of Early Gupta Kings 1.

রাজার নাম। রাজ্যকাল। কুমার-গুপ্ত (দিতীয়)—কুমাদিতা ৫৩০ খুষ্টাব্দ হঠতে ৫৪০ খুষ্টাব্দ। বিষ্ণু-গুপ্ত—চক্রাদিতা ¢80 চক্স-গুপ্ত (তৃতীয়)—দ্বাদশাদিত্য ইহাদের ক্রম ও রাজাকাল অনিদিট। প্রকাশাদিত্য ঘটোৎকচ-গুপ্ত পূর্ব্ব-মালবের গুপ্ররাজগণ। ০৮০ খুষ্টান্দ হইতে ৪০০ খুষ্টান্দ। বদ্ধ-গুপ্ত ভাম- গুপ্ত গোড়ের গুপরাজ। ৬০০ খৃষ্টাব্দ হইতে ৬২৫ খৃষ্ঠাব্দ। **একা**ক অগ্রাগ্র অনিদিষ্ট রাজ।। ষ্ঠ শতাকী। জয় (শুপ্ত) নরেন্দ্র†দিতা ক্ত ধশাদিত্য

'গুপ্ত-ভাকটক' তাত্রলকে গুপ্ত-বংশার পাচ জন নূপতির পরিচয় পাওয়া যায়; যথ:,—(>) গুপ্তাধিরাজ, (>) শ্রীঘটোৎকচ, (৩) মহারাজ শ্রীচন্দ্রগুপ্ত (প্রথম), (১) মহারাজাধিরাজ শ্রীসমূদ্র-গুপ্ত এবং (৫) মহারাজাধিরাজ শ্রীচন্দ্রগুপ্ত (দিতীয় ।।

পূর্ব্বোদ্ধত বংশলতায় অস্তান্ত যে সকল নৃপতির নাম সন্নিবিষ্ট আছে, এই তামকলকে সে সকল নাম পরিদৃষ্ট হয় না। প্রাত্নতত্ত্ববিং পশ্তিতগণ স্থির করেন, ঐ তামকলক গুপরাজগণের প্রথম আমলে লিখিত হইয়াছিল।

তামফলকের প্রারম্ভে "কাকটিক-ললামস্ত ক্রমপ্রাপ্তঃ নৃপশ্রিয়:। জনস্তা যুবরাজস্ত শাসনং রিপুশাসনং॥" প্রভৃতি ভণিতা পরিদৃষ্ট হয়। তাহাতে বৃঝা যায়, — যুবরাজ শ্রীদিবাকরসেনের মাতা রাণী প্রভাবতী ঐ তামুশাসন উৎকীর্ণ করিয়াছিলেন।

প্রভাবতী—দ্বিতীয় চক্রগুপ্তের কন্তা এবং ভাকটক-রাজ শ্রীক্রদ্রমেনের সহধির্মাণী। এই প্রভাবতীই অন্তর্জ আবার দেবগুপ্তের পত্নী বিশিয়া পরিচিতা হইয়া আছেন। প্রত্নতত্ত্ববিদ্যাণ তাই ক্রদ্রমেন ও দেবগুপ্ত অভিন্ন ব্যক্তি বশিয়া সিদ্ধান্ত করেন।

স**র্ব্বতো**মুখী উন্নতির পরিচয়।

বড় শুভক্ষণেই ভারতে গুপ্তরাজগণের অভ্যুদয় ঘটিয়াছিল! বড় শুভক্ষণেই গুপ্তরাজ্ঞ ভারত-সামাজ্যের কর্ণধার-রূপে আবিভূতি হইয়াছিলেন! নচেৎ, ভারত যে তিমিরে, সেই তিমিরেট রহিয়া যাইত; নচেৎ, ভারতে যে বিভীষিকার উত্তাল তরঙ্গশ্রোত প্রবাহিত হইয়াছিল, দে প্রোতোমুখে ভাসিয়া বুঝি বা ভারতের গৌরব-রবি চিরতরে অন্তমিত হইত।

ইতিহাসে যে 'স্থব-যুগের' দৃষ্টান্ত দেখি, গুপ্ত-সামাজ্য—অপিতু গুপ্তরাজগণের শাসন-কাল, সেই স্থব-যুগের উজ্জ্বল দৃষ্টান্ত! প্রাচীন ভারতের আদর্শ-সভ্যতার অবিরাম প্রবাহ অন্তঃসলিলা কল্প-প্রবাহির তায় লুকায়িত ছিল; গুপ্ত-সামাজ্যের অভ্যাদয়ে সে প্রবাহ পূর্ণতোয়া তটিনীর ধর্মোতের ন্যায় তরতরবেগে প্রবাহিত হইল।

কোন্টা রাখিয়া কোন্টার কথা বলিব ? যেমন সাহিত্য, তেমনি দশন, তেমনি বিজ্ঞান, তেমনি শিল্প-আদর্শ-সভাতার যাহা কিছু শ্রেষ্ঠ নিদর্শন, এ সময় সকলই পূর্ণ ক্রিষ্ঠি লাভ কার্লাছিল ! ঐতিহাসিকগণ তাই এই সময়ের ভারতের ইতিহাসকে, রাণী এলিজাবেথের এবং ধুয়ার্ট-বংশায় নূপতিগণের শাসনাধীন ইংলণ্ডের ইতিহাসের সহিত তুলনা করিয়া থাকেন । অগাধাসের শাসনাধীনে রোম-সায়াজ্যে যেমন সর্বতামুখী উন্নতির প্রবল প্রবাহ প্রবাহিত হট্য়াছিল, ওপ্ত-বংশের রাজহ-কালে সেইরূপ ভারতের বিভিন্নমুখী উন্নতি সাধিত হট্য়াছিল।

দলতঃ, কেবল যে আসমূদ্র হিমাচলের অধীশ্বর বলিয়াই ইতিহাসে গুপ্তবংশীর রাজগণের প্রতিষ্ঠা, তাহা নহে; তাহাদের প্রতিষ্ঠার কারণ-—ভারতের সর্ব্বতোমুখী উন্নতির মূলে তাঁহাদের ঐকান্তিক প্রভাব ও প্রচেষ্ঠা।

ইতিহাস-প্রসিদ্ধ 'নবরত্ন'—এই গুণ্থ-বংশেরই গৌরবের পরিচায়ক। বৈদেশিক বাণিজ্যের গৌরব-গরিমায়, এই গুণ্থরাজগণই গৌরবান্বিত। কলতঃ, যেদিক দিয়াই দেখি, যে বিষয়েরই জালোচনা করি,—স্কত্র গুণ্ধরাজগণের অশেষ কীন্তির নিদর্শন প্রাপ্ত হই।

দাহিত্যে নবরত্ব, বিজ্ঞানে অর্যাভট্ট ও বরাহমিহির, বৌদ্ধ-সাহিত্যে 'স্থবন্ধু' ও 'বস্থবন্ধু' ও 'ত্রস্থবন্ধু' ও ভিছিছি — কাহাকে রাথিয়া কাহার কথা বলিব! এক এক জন যেন এক একটা ধ্রুবতারারূপে ভারত-গগনে উদিত হইয়াছিলেন!

দিংহল-দেশায় এবং অজস্তার গুহাগাত্রান্ধিত শিল্প পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ আসন লাভ করে। কিন্তু বিশেষজ্ঞগণের সিদ্ধান্ত—গুপ্তরাজগণের রাজত্বকালে তদপেক্ষাও অতি উচ্চ অঙ্গের শিল্প-সৌন্দর্য্য ভারতে ক্রিন্তি লাভ করিয়াছিল।

সংস্কৃত-ভাষার পূর্ণ-বিকাশ।

সাহিত্যের অলম্বার—ভাষা। ভাষার ক্রিজি—আদর্শ সভ্যতার পূর্ণ নিদর্শন। গুপ্ত-বংশের প্রতিষ্ঠার সংস্কৃত-ভাষার ও সংস্কৃত সাহিত্যের পূর্ণ-বিকাশে সভ্যতার গৌরব-গরিমা পূর্ব প্রকাটিত। ব্রাহ্মণ্য-প্রভাব-পূর্ণ হিন্দুধর্মের পুরুক্দীপনে সংস্কৃত-ভাষার পূর্ণ প্রভূত্ব— গুপ্ত-প্রাধান্তের এক প্রধান বিশেষত্ব!

খৃষ্ট-পূর্ব্ব তৃতীয় শতান্দীতে রাজচক্রবর্ত্তী অশোক পালি-ভাষার প্রাধান্ত প্রতিষ্ঠিত করেন।
খুষ্টায় দিতীয় শতান্দীর মধ্যভাগে মহাক্ষত্রপ রুদ্রদমন সংস্কৃত-ভাষাকে শ্রেষ্ঠ আসন প্রদান করিয়া
যান। তথন তিনি যে সকল লিপি উৎকীর্ণ করিয়াছিলেন, তাহাতে সংস্কৃত ভাষার প্রাধান্তই
পরিদৃষ্ট হয়। তদবধি সংস্কৃত ভাষা গৌরবের শ্রেষ্ঠ আসনে সমাসীন।

শুপ্তরাজগণের রাজত কালে, ব্রাহ্মণ্য ধর্ম্মের প্রতিষ্ঠা প্রভাবে, সংস্কৃত ভাষা—রাজকীয় ভাষা রূপে পরিগৃহীত হয় এবং ক্রমশঃ উন্নতির পথে প্রধাবিত হুইতে থাকে।

হিন্দুধর্ম্মের প্রতিষ্ঠায় গুপ্ত-গণের সমদর্শন-নীতি।

গুপ্তরাজগণের প্রতিষ্ঠার আর এক প্রকৃষ্ট কারণ—ধর্মাকর্ম্মে সমদর্শন-নীতি। হিন্দুধর্মের সেই উন্নতির দিনেও বৌদ্ধ ও জৈন সম্প্রদায় এবং তাহাদের ধর্মা ভারত হইতে একেবারে অন্তর্হিত হয় নাই।

খৃষ্ট-জন্মের পূর্ব্ব-বর্ত্তী ছই শত বৎসর হইতে পরবর্ত্তী প্রায় ছই শত বৎসর উত্তর ভারতে, কাশ্মীরে, আফগনিস্থানে এবং স্বাতপ্রদেশে বৌদ্ধর্ম্মের প্রতিষ্ঠার পরিচয় পাই। তাৎকালিক বৌদ্ধপ্রায়েত্তর স্মৃতি-চিহ্ন স্বরূপ স্তম্ভাদির ভগ্নাবশেষ এবং লিপিসমূহ, বৌদ্ধ ও জৈন ধর্ম্মের প্রতিষ্ঠার বিষয়ই স্টুচনা করিয়া দেয়।

বৌদ্ধর্মনীতির সহিত একান্ত সম্বন্ধ-বিশিষ্ট হইলেও তৎকালে জৈনধর্মনীতি বিশেষ সমাদৃত হয় নাই। তবে, মথুরা প্রভৃতি কয়েকটা জনপদে বিশেষ শ্রদার সহিত জৈনধর্ম অমুসত হইত।

জৈন ও বৌদ্ধ ধন্মের সেই প্রতিষ্ঠার দিনেও হিন্দু-ধর্ম একেবারে বিলুপ্ত হয় নাই। তথনও হিন্দুধর্মের অন্থবর্ত্তীর অভাব ছিল না। শক-নৃপতি দিতীয় কাড্ফাইসেদ হিন্দুধর্মের এমনই অন্থবাগী ছিলেন বে, তিনি তাঁহার প্রবর্ত্তিত মুদ্রাদিতে শিবমূর্ত্তি অঙ্কিত করিতেন; এবং আপনাকে শিবের উপাদক 'শৈব' বলিয়া ঘোষণা করিয়াছিলেন। বৌদ্ধর্মের প্রবল উন্মাদনার দিনেও হিন্দুর দেবদেবীর আরাধনা-উপাদনা সমভাবেই চলিয়াছিল।

ভারতের অঙ্গে যে সকল বৈদেশিক জাতি অঙ্গ নিশাইয়া ছিলেন, প্রথমতঃ তাঁহারা বৌদ্ধধর্মের 'মহাযান' শাথার নীতির অন্নসরণ করিতেন। ব্রাহ্মণ্যধর্মের বা হিন্দ্ধর্মের কঠোর নীতি-সমূহ তাঁহাদের নিকট তাদৃশ সমাদরপ্রাপ্ত হয় নাই। কিন্তু ক্রমশঃ তাঁহারা হিন্দ্ধর্মের প্রতি অনুরাগী হইয়াছিলেন।

শক নৃপতি কনিক্ষ এবং হবিস্ক, উভয়েই বৌদ্ধধ্যের পৃষ্ঠপোষক ছিলেন। তাঁহাদের মুদ্রাদিতে বৌদ্ধধ্যের পরিচায়ক নিদর্শন-সমূহ বর্ত্তমান। কিন্তু তাঁহাদের পরবর্ত্তী বাস্কদেব, দিতীয় কাডফাইসেদের অনুসরণে শৈবধর্য গ্রহণ করিয়াছিলেন। ভারতের অক্সান্ত জনপদের—সৌরাষ্ট্র প্রভৃতি রাজ্যের, শকন্পতিগণও বৌদ্ধধ্যের নীতি অপেক্ষা ব্রাহ্মণ্যধ্যের নীতিসমূহের প্রতি অধিকতর অনুরাগী ছিলেন। তাঁহাদের পৃষ্ঠপোষণে তথন দিনদিন সংস্কৃত-ভাষার শ্রীবৃদ্ধিসাধন হইতেছিল।

বৌদ্ধধর্মের মহাযান—ব্রাহ্মণ্য-ধর্মেরই প্রকার ভেদ মাত্র। স্কুতরাং 'মহাযান' শাথার উন্নতি-পরিপৃষ্টি, পরবর্জিকালে ব্রাহ্মণ্য-প্রভাব-সমন্তিত হিন্দ্ধর্মের প্রীবৃদ্ধি-সাধনে সহায়তা করিয়াছিল,—তাহাতে সন্দেহ নাই। তাই মনে হয়,—ধর্মনৈতিক এবং সমাজনৈতিক সংশয়-সমস্ভার নিরসনে, তাৎকালিক নৃপতিবৃন্দের মধ্যে ব্রাহ্মণ্য-প্রভাব বিস্তৃত হইয়াছিল; আর তাহারই ফলে, সংস্কৃত ভাষার প্রতিষ্ঠা পুনঃ-প্রতিষ্ঠিত হইয়াছিল;—বহুসহস্রব্যাপী বিপ্লব-বিভীবিকার—শতঝড়ঝঞ্বার অভিযাতে, হিন্দু-ধর্ম-সোধ বিপ্রয়ন্ত হইয়াছিল,—ব্রাহ্মণ্য-প্রভাব

থর্ক হইয়া পড়িয়াছিল । ক্রমশঃ ধন্মের প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে সংস্কৃত-ভাষার প্রণষ্ট গৌরব পুনঃ-প্রতিষ্ঠিত হইল।

খৃষ্টায় দিতীয় শতানীতে গুজারাটের ও সৌরাষ্ট্রের নৃপতিবুলের উৎসাহবারি-নিষেকে ধর্ম ও সাহিত্য উন্নতির পথে অগ্রসর হয়। এক্ষণে, গুপ্তরাজগণের অভ্যুদয়ে, খৃষ্টীয় চতুর্থ ও পঞ্চম শতানীতে, হিন্দুধর্মের ও সংস্কৃত-ভাষার পূর্ণ উন্নতি সাধিত হইল।

গুপ্ত-বংশের নৃপতিগণ হিন্দুধর্মের অনুরাগা—ব্রাহ্মণ্য-ধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। ব্রাহ্মণে ভক্তিমান হইলেও—হিন্দুধর্মে অনুরাগা হইলেও, গুপ্তগণ কথনও বৌদ্ধ বা জৈন ধর্মের প্রতি অবজ্ঞার ভাব প্রকাশ করেন নাই। পরস্ক তাঁহারা সময় সময় বৌদ্ধ ও জৈন ধর্মের প্রতি যথেষ্ট অনুরাগ প্রদর্শন করিতেন।

দৃষ্টান্ত-স্বরূপ চক্ত-গুপ্তের এবং সমুদ্র-গুপ্তের বিষয় উল্লেখ করা যাইতে পারে। তাঁহারা উভয়েই বৌদ্ধধর্মাবলম্বা বস্ত্ববন্ধর পৃষ্ঠপোষক ছিলেন। সিংহলরাজের অনুরোধে সমুদ্র-গুপ্ত বৃদ্ধগন্ধায় বৌদ্ধ-মঠ নিম্মাণ করিয়া দিয়াছিলেন। সম্রাট নরসিংহ-গুপ্ত বালাদিতা, নালান্দার বিহার-সংস্থারে কতকগুলি নৃত্ন অট্টালিকা প্রস্তুত করিয়া দিয়াছিলেন।

ধম্মে সমদর্শনের আরও বহু দৃষ্টান্ত আছে। এই সমদর্শনের গুণেই গুপ্ত-গণ আজ 'পৃথিবীর ইতিহাসে' শ্রেষ্ঠ আসন লাভ করিতেছেন।

পুষ্পমিত্র এবং সমুদ্রগুপ্ত যে অখনেধ-যজ্ঞের স্থচনা করেন, বৌদ্ধ-নীতির বিরোধী হইলেও, উহা হিন্দুধর্ম্মের পরিপন্থী নহে; পরস্কু উহা ব্রাহ্মণ্য-প্রধান হিন্দুধর্ম্মেরই অনুকুল।

সর্বধর্মে সমদর্শনই গুপু-গণের প্রভাব-প্রতিপত্তির মূলীভূত। ধর্ম্মে-বিদ্বেষ—ধর্ম্মহীনতার প্রস্কৃষ্ট নিদর্শন। গুপুবংশের রাজগণ অন্ত ধর্ম্মে বিদ্বেষপরায়ণ হন নাই, পরস্ক সকল ধর্মের সমন্বয় সাধন করিতে পারিয়াছিলেন;—তাই তাঁহাদের গৌরব দিগস্ক-বিশ্রুত।

হিন্দুধর্ম্মের যে শক্তি প্রস্তুত হইয়া ছিল, গুপ্ত-সম্রাট সে শক্তি আয়ত্ত করিয়া লইলেন;—
ধর্মাশক্তির প্রভাবে ধর্মারাজ্যের প্রতিষ্ঠায় প্রতিষ্ঠায়িত হইলেন। হিন্দু-ধর্মের পুনরুখানে,
রাজ্যাকি দৃঢ়-ভিত্তির উপর প্রতিষ্ঠিত হইল।

মহারাজ গুপ্ত ও ঘটোৎকচ।

খুষীয় দ্বিতীয় ও তৃতীয় শতানীতে কুশন-বংশের অবসানে গুপ্তবংশের অভ্যাদয় পণ্ডিতগণ; স্বীকার করেন। কিন্তু প্রকৃতপক্ষে কোন্ সময়ে গুপ্তগণের অভ্যাদয় হইয়াছিল, তাহার আদিনির্দারণে তাহাদের গবেষণা পর্যুদন্ত হয়। তাই নানা ভাবে নানা গবেষণা দেখিতে পাই।
গুপ্তগণের অভ্যাথান এবং অধঃপতনেও সেই একই সমস্থার উদয় হয়।

বহু গবেষণার পর প্রত্নতন্ত্রবিদ্যাণ স্থির করিয়াছেন,—গুপ্ত-বংশের প্রতিষ্ঠাতা শুপ্ত, ২৭৫ খুষ্টান্দ হইতে ৩০০ খুষ্টান্দ পর্যান্ত বিজ্ঞমান ছিলেন। * তাঁহার মৃত্যুর পর পুত্র ঘটোৎকচ সিংহাসন প্রাপ্ত হন। কিন্তু ঘটোৎকচের রাজ্যকাল তাদৃশ প্রসিদ্ধিসম্পন্ন নহে।

[#] অথ-বংশের প্রতিষ্ঠাত। অথের বিজ্ঞান-কাল লইরা মতাত্তর দেখি। কেছ কেছ ২৭০ ২১০ খৃষ্টাব্দে জাহার রাজ্যকাল নির্দ্ধেণ করেন। সে মতে ঘটোৎকচ ২০০ - ৩১০ খৃষ্টাব্দে, প্রথম চক্রপ্রেও (মহারাজ-উপাবিমুক্ত

বৈশালীতে প্রাপ্ত এক মোহরে ঘটোৎকচ-গুপ্তের নাম পরিদৃষ্ট হয়। ডক্টর ব্লকের মতে গুপ্তবংশের ঘটোৎকচ এবং ঘটোৎকচ-গুপ্ত অভিন্ন। ভিন্দেন্ট শ্মিথও ডক্টর ব্লকের এই মত সমর্থন করিয়াছেন। পূর্ব্বোক্ত মোহরে 'শ্রীঘটোৎকচগুপ্ত' পাঠ দৃষ্ট হয়। পণ্ডিতগণ সেই পাঠ দৃষ্টে বিষম সমস্থায় পতিত হন। প্রশ্ন উঠে—ঘটোৎকচ যদি 'শ্রীঘটোৎকচগুপ্ত' নামেই পরিচিত হইবেন, তাহা হইলে মুদ্রায় তিনি তাঁহার প্রকৃত নাম সন্নিবিষ্ট করেন নাই কেন ? তাই তাঁহারা 'ঘটোৎকচগুপ্ত' নামের প্রদক্ষে বৈশালীর মোহর-সমূহের তথ্য নিরূপণের আবশ্যকতা অক্মন্তব করেন।

মোহরের সংগ্রহের মধ্যে 'মহাদেবী শ্রুবস্বামিনীর' একটী মোহর আছে। মহাদেবী
শ্বুবস্বামিনী—মহারাজাধিরাজ দ্বিতীয় চক্র-গুপ্তের সহধর্মিণী এবং মহারাজ গোবিন্দ-গুপ্তের মাতা।

প্রত্ববিদ্গণের অনুমান,—মহাদেবী ধ্রুবস্থামিনীর সেই মোচর হইতে মূল-স্ত্রের সন্ধান পাওয়ার সম্ভাবনা। এক হিসাবে ধ্রুবস্থামিনী এবং ধ্রুবাদেবী অভিন্ন প্রতিপন্ন হন। • স্ক্তরাং দিতীয় চক্রপ্রপ্রের রাজত্বের শেষভাগে ঐ মোহরের কাল-নির্দেশ করা অসঙ্গত নহে।

এদিকে গোবিন্দ-গুপ্তের দরবারে সমসাময়িক যে সকল কর্ম্মচারী ছিলেন, মোহরের অধিকাংশই তাঁহাদের অদিত বলিয়া বৃঝা যায়। ডক্টর ভাণ্ডারকারের মতে, বৈশালীতে যেখানে মোহরসমূহ আবিদ্ধত হয়, সেখানে মোহর-সংরক্ষক রাজকর্মচারীর কার্য্যালয় ছিল। কিন্তু তাহাতে আর এক সমস্রা উঠে। সে সমস্রা—প্রায় শতাধিক বৎসর পূর্বেষে রাজা বর্ত্তমান ছিলেন, তাঁহার মোহর সে কর্মচারীর পাইবার সম্ভাবনা কি ? এইরূপে, প্রাত্তত্ত্ববিদ্যাণ ঘটোৎকচ এবং ঘটোৎকচগুপুকে তুই বিভিন্ন ব্যক্তি বলিয়া প্রতিপন্ন করেন।

'শ্রী' শব্দের প্রয়োগ দেখিয়া শ্রীঘটোৎকচ-গুপ্ত গুপ্তরাজ্বংশীয় বলিয়া প্রতিপন্ন হন বটে; কিন্তু ঐ বংশের অন্তান্ত নৃপতির ন্তায় 'মহারাজা' বা অন্ত কোনও উপাধি না দেখিয়া তাঁহারা শ্রীঘটোৎকচ-গুপ্তকে স্বতন্ত্র ব্যক্তি বলিয়া দিদ্ধান্ত করেন। তাঁহাদের মতে, শ্রীঘটোৎকচগুপ্ত, গুপ্ত-রাজ্বরবারে কোনও উচ্চ পদে প্রতিষ্ঠিত ছিলেন; তাই মহারাজ ঘটোৎকচের নামান্ত্রসারে তাঁহার নাম-সংজ্ঞা নির্দ্দিষ্ট হইয়াছিল।

যাহা হউক, রাজার নামে কর্মচারীর নামকরণ, অভিনব সিদ্ধান্ত বলিয়াই মনে হয়। ঘটোৎকচ ৩০০ খুষ্টান্দ হইতে ৩২০ খুষ্টান্দ পর্যান্ত রাজত্ব করিয়াছিলেন।

ঘটোৎকচের পুত্র প্রথম চক্র-গুপ্ত হইতেই গুপ্তবংশের যশংজ্যোতি—প্রতিষ্ঠা-প্রতিপত্তি দিকে দিকে বিস্তৃত হয়। চক্রগুপ্তের 'মহারাজাধিরাজ' উপাধি—পিতৃ-পিতামহ অপেক্ষা শ্রেষ্ঠ-শক্তির পরিচয় প্রদান করিতেছে। অনেকের দিদ্ধান্ত—প্রথম চক্র-গুপ্তের রাজত্বকাল হইতেই 'গুপ্ত-কাল্য' প্রবর্ত্তনা। তাঁহার রাজত্বকাল হইতেই 'গুপ্ত-কাল্য'-গণনার স্থচনা।

২ইয়া) ২৯০—৩২০ খৃষ্টাব্দে বিজ্ঞমান ছিলেন বুঝা যায়। ভাষাতে সকল নিদ্ধান্ত উটোইয়া যায়। J. A. Allen, M. A., Catalogue of the Coins of the Gupta Dynasties and of Sasanka, King of Gauda, Introduction Page XX.

^{*} Corpus Inscriptionum Indicarum, Fleet, III. p. 127, aud p. 131. The names Mureendadevi and Mureendaswamini are applied to the mother of Sarvanath in two of his inscriptions.

অফাদশ পরিচ্ছেদ

उ-काल' वा 'छछाक'।

[গুপ্ত-কালের পরিচয়;—নামকরণে বিতপ্তা;—ডক্টর ফ্লিটের মন্তব্য;—
মর্বি দান-লিপি;—বিবিধ সমস্তা;—আদিনির্দ্ধারণে প্রয়াস।]

গুপ্ত-কালের পরিচয়।

গুপ্ত-কালের প্রতিষ্ঠায় ও প্রবর্তনায় নানা বিহণ্ডা দেখিতে পাই। 'গুপ্তনুপতিভূক্তি', 'গুপ্তমংবং', 'গুপ্ত অন্দ', 'গুপ্তনুপকাল' প্রভৃতি নানা নামে 'গুপ্ত-কাল' অভিহিত হইয়া থাকে। ঐতিহাসিকগণের মতে—প্রথম চন্দ্রগুপ্তের রাজস্বকালে যে অন্ধ প্রবর্ত্তিত হইয়াছিল, তাহাই 'গুপ্তকাল', 'গুপ্তান্দ', 'গুপ্ত-সংবৎ প্রভৃতি নানে অভিহিত। প্রথম চন্দ্রগুপ্ত ঐ অন্ধ প্রবর্তিত করেন। তাঁহারা আরও বলেন,—প্রথম চন্দ্রগুপ্তের রাজ্যাভিষেকের বৎসর হইতে 'গুপ্তান্দ' বা 'গুপ্তকাল' গণনা আরম্ভ হয়। কেহ কেহ আবার এ মতের প্রতিবাদ করেন। সে সম্বন্ধে নানা বিত্তা দেখিতে পাই।

এইরপে প্রায় চল্লিশ বৎসর কাল প্রত্নতত্ত্ববিৎ পশুতগণের নানা গবেষণা ও বাদ-বিতপ্তা চলিতে থাকে। কিন্তু, বহুকালব্যাপী গবেষণায়, অসাধারণ অধ্যবসায়ে এবং বিবিধ অনুসন্ধানেও নিঃশংসয়ে 'গুপ্তকাল' নির্দেশে কেহই সমর্থ হন না। পরিশেষে, অশেষ চেষ্টার ফলে কিছু দিন হইল অবিসংবাদিতরূপে 'গুপ্তকাল' নির্দ্ধারিত হইয়াছে। প্রত্নতত্ত্ববিৎ ডক্টর ফ্লিট দ্বির করিয়াছেন.—৩১৮-৩১৯ খুষ্টান্দে 'গুপ্তকালের' স্থচনা। সকলেই ফ্লিটের মত গ্রহণ করিয়াছেন।

যে ভাবে যেরূপ গ্রেষণায় এবং যেরূপ আয়াদ অধ্যবদায়ে এই জটিল দমস্ভার দমাধান হইয়াছে, এ প্রদঙ্গে তাহার কিঞ্চিং আভাষ প্রদান করিতেছি। গুপ্ত বংশীয় নৃপতিগণের] আলোচনায় তাহার প্রয়োজনীয়তা অবিদ্যাদিত-রূপে প্রতিপন্ন হয়।

নামকরণে বিতগু।

'গুপ্তকাল'—নামকরণ লইয়াই পণ্ডিতগণের মধ্যে প্রথম বিরোধ উপস্থিত হয়। তাঁহারা বলেন,—'গুপ্তকাল' বলিয়া অভিহিত হইলেও গুপ্তরাজগণের নামের সহিত উহার কোনও সম্বন্ধ নাই। তাহা হইলে, সে পক্ষে কোনও-না-কোনও প্রমাণ পাওয়া যাইত। আর গুপ্তবংশীয় নৃপতিই যে গুপ্ত-কালের প্রবর্ত্তক, তাহারও কোনও প্রমাণ নাই। স্থতরাং গুপ্তগণের নামের সহিত 'গুপ্তকালের' সম্বন্ধ-স্চনা কদাচ সমীচীন নহে।

আন্বাকণি এই বিতত্তার মূলীভূত। তাঁহারই গ্রন্থে আমরা প্রথমে 'গুপ্ত-কালের' উল্লেখ

দেখিতে পাই। আল্বাকণি ইহাকে 'গুব্ৎ-কাল' বা 'গুবিতা-কাল' নামে অভিহিত করিয়াছেন। গুপ্তকালের আয় শক-সম্বৎ 'শককাল' নামে তাঁহার গ্রন্থে উল্লিখিত দেখি। তাহাতে বুঝা যায়,—'অন্ধ' বা 'শতান্ধ' বুঝাইতে আলবাক্তি 'কাল' শন্ধ প্রয়োগ করিয়াছেন।

'গুপ্ত-কাল' বা 'শক-কাল' নামে অভিহিত করিবার কারণও যথেষ্ট ছিল। ১০৩০ খৃষ্টাব্দে আল্বারুণির গ্রন্থ রচিত হয়। স্থতরাং বুঝা যায়,—লোকমুণে তিনি যাহা গুনিয়াছিলেন, গ্রন্থে তাহাই তিনি লিপিবন্ধ করিয়াছেন।

বে স্ত্রে তিনি এ বিষয় অবগত হন, তাহার আলোচনায় বুনিতে পারি, গুপ্তগণের রাজ্বকাল হইতে কালগণনা চলিয়া আসিতেছিল—ইহা ভিন্ন অন্ত কোনও তথ্য আল্বাক্নি জানিতে পারেন নাই। গুপ্ত-নৃপতিগণের সময় হইতে গুপ্তকাল-গণনা চলিয়া আসিতেছিল,—এতদ্বিন্ন উক্ত কাল সম্বন্ধে তিনি কিছুই অবগত ছিলেন না। স্ক্তরাং আলোচ্য কালকে 'গুপ্তকাল' বলিয়া অভিহিত করা তাঁহার পক্ষে অসঙ্গত বা অসমীচীন নহে। প্রবাদ এবং জনশ্রুতির উপর আল্বাক্নিকে নির্ভর করিতে হইয়াছিল। তথন প্রামাণিক কোনও নিদর্শন তিনি প্রাপ্ত হন নাই। তাই তিনি ঐ কালকে 'গুপ্ত-কাল' নামে অভিহিত করিয়াছেন।

স্থান-গুপ্তের প্রবর্ত্তি জুনাগড়ের পর্ব্ধতগাতে থেদিত লিপিতে 'গুপ্তশু কালাং' বাক্য পরিদৃষ্টি হয়। ডক্টর ভাউদাজী উহার অর্থ করিয়াছেন,—'গুপ্ত অফ চইতে 'আরন্থ করিয়া।' ফ্রিটের মতে উহার অর্থ অক্যরূপ। তিনি বলেন,—লিপির ''গুপ্তশু কালাং গণনাং বিধায়' পাঠের পরিবর্ত্তে ''গুপ্তপ্রকালে গণনাং বিধায়' পাঠ হওয়া সঙ্গত। তাহাতে, 'গুপ্তগণের অফ চইতে গণনা ক্রমে' না হইয়া, অর্থ হয়,—'গুপ্তগণের গণনা অমুসারে কাল-গণনা করিয়া।''

ফরাসী পণ্ডিত এম রিণো, আল্বাফণির গ্রন্থের অনুবাদ প্রকাশ করেন। তাহাতে তিনি আলোচ্য কালকে 'গুপ্তকাল' বলিয়াই উল্লেখ করিয়াছেন। ভাউদাজি আবার ফরাসী পণ্ডিতের অনুসরণে 'গুপ্তপ্ত কালাং' প্রবয়ের পূর্বোক্তরূপ অর্থ নির্দ্ধারণ করেন। মিষ্টার টমাস প্রমুথ অধিকাংশ প্রকৃত্তবিং ডক্টর ভাউদাজীর মত সমর্থন করিয়াছেন।

নামকরণে ডক্টর ফ্রিটের মস্তব্য।

কিন্তু ফ্লিট প্রতিবাদ করিয়া কহিয়াছেন,—এই ল্রান্ত-মতের অন্তুবার্তী হট্যাই মিষ্টার টমাস 'শৈলপতি'র ক্ষেক্টী মূদার পাঠোদ্ধারে 'গু' এবং 'গুপ্ত' পাঠ নির্দেশ করিয়াছেন। আর তাহা হইতেই 'গুপ্তস্ত' পদের আভাস পাইয়াছেন। ফলে, গুপ্তকালের তুলনায় মূদার সময় নির্দ্ধারণ করিতে যাইয়াই মিষ্টার টমাস ল্রমে পতিত হইয়াছেন। মিষ্টার টমাসের সিদ্ধান্ত যে সর্ক্থা অল্রান্ত নহে, নানা প্রকারে তাহা প্রতিপন্ন হইতে পারে।

ফুট আরও বলেন,—পূঝারপুঝ আলোচনার জুনাগড়ের উৎকীর্ণ লিপিতে 'গুপুত্ত কালাং' বাক্য দৃষ্ট হয় না। তার পর মহারাজ গুপ্ত একজন সামস্ত নূপতি ছিলেন। তাঁহার প্রভাব এত অধিক ছিল না যে, তিনি অন্ধ প্রবর্ত্তনায় সমর্থ হইবেন। জুনাগড়ের লিপিতে 'গুপ্তানাং' পদে কালের স্চনা হয় বটে;—লিপির দ্বিবিধ উক্তি গুপ্তগণের সহিত অন্দের সম্বন্ধ স্চনা করে সত্য; ক্রিক্ত গুপ্ত-রাজ্বগণ যে উহার প্রবর্ত্তক বা প্রতিষ্ঠাতা, 'গুপ্তানাং' এবং 'গুপ্তত্ত কালাং' প্রদায়

তাহা বুঝা যায় না। তবে তাহা হইতে গুপ্ত-বংশীয় রাজগণের সময়ে ঐ কালাল লিপিবন্ধ হয়, আর তাহারা ঐ অফ ব্যবহার করেন,—এরূপ অফুমান করা যাইতে পারে।

আরও, স্বন্দ-গুপ্তের প্রতিষ্ঠিত 'কাহাউম' স্তম্ভ-লিপিতে 'গুপ্তানাং বংশজ্ঞ', উদয়গিরির গুহা-লিপিতে 'গুপ্তায়য়ানাং নৃপদত্তমানাং রাজ্যে কুলস্ঠাভিবিবৰ্দ্ধমানে', পরিব্রাক্ষক-মহারাজ হস্তিন্ ও সজ্জোভের তান্ত্রফলকে 'গুপ্তন্পরাজ্যভুক্তৌ' প্রভৃতি উক্তি দৃষ্ট হয়।

ফ্রিট ঐ সকল বাক্যের ভিন্ন অর্থ নির্দ্ধারণ করেন। সে মতে—'গুপ্তানাং বংশজ্ঞ' বাক্যের অর্থ হয়,—'বিনি গুপ্তবংশে জন্মগ্রহণ করিয়াছেন'; 'গুপ্তান্ত্রয়ানাং নৃপসন্তমানাং রাজ্যে কুলস্তাভিবিবর্দ্ধমানে' বাক্যের অর্থ হয়,—'গুপ্তবংশোদ্ভব ব্যক্তিগণের সমৃদ্ধিসম্পন্ন রাজ্য-কালে'; এবং 'গুপ্তনৃপরাজ্যভুক্তো' পদের অর্থ হয়,—'গুপ্তনৃপতিগণের রাজ্যসন্তোগকালে।'

জুনাগড়ের লিপিতে বর্ণিত 'গুপ্তানাং' এবং 'গুপ্তস্থ কালস্থ' বাক্যদ্বের সহিত সামঞ্জস্য সাধনে ডক্টর ফ্রিট কাহাউম ও 'তাম্র' লিপির প্রামাণ্য সমর্থন করিয়াছেন। তাঁহার মতে, হন্তিন্ গুপ্তারাজগণের পরবর্ত্তিকালে প্রতিষ্ঠিত হন। হস্তিনের তামশাসন হইতে বুঝা যায়—তথনও গুপ্তারাজগণের প্রভাব একেবারে বিলুপ্ত হয় নাই। স্মৃত্রাং পূর্বোদ্ধৃত লিপিসমূহের কালনির্দেশে গুপ্তসম্টিদিগের প্রথম আমলের প্রতিই লক্ষ্য পড়ে। কিন্তু লিপির উক্তিসমূহে এমন কোনও নিদর্শন বিদ্যান নাই, যদ্ধারা উক্ত কালকে 'গুপ্ত-কাল' নামে নির্দেশ করা যাইতে পারে।

মর্ব্য-দানলিপি।

তার পর 'মর্কি' দানের প্রদক্ষ উত্থাপিত হয়। ৬ ক্টর আর জি ভাণ্ডারকারের পাঠ অমুসারে ব্ঝিতে পারি,—তথনও আলোচ্য 'কাল'—'গুপ্ত-কাল' (Gupta Era) বলিয়া অভিহিত হইত। ভাণ্ডারকার পূর্ব্বোক্ত মর্কি-দানলিপির নিম্নরূপ পাঠ নির্দ্ধারণ করেন; যথা,—"পঞ্চা-শীত্যযুতেহতীতে সমানাং শতপঞ্চকে গৌপ্তে দদাবদো নূপদ্সোপরাগেহক্মগুলে।"

লিপির অর্থ সম্বন্ধে নানা মতান্তর দেখি। প্রধান মত-বিরোধ—ডক্টর ভাণ্ডারকারের এবং ডক্টর ফ্রিটের মধ্যে চলিয়াছে। ডক্টর ভাণ্ডারকারের ব্যাখ্যা ফ্রিট স্বীকার করেন না। ফ্রিট নিজে যে ব্যাখ্যা করিয়াছেন, তাহা এই,—'গুপ্ত পঞ্চম শতান্দী এবং ৮৮ সম্বংসর অতীত হইলে, স্ব্যগ্রহণ-দিবসে, রাজা এই দান করিয়াছিলেন।' লিপির সহিত 'জৈক্ক' বংশ পদ দেখি। কিন্তু জৈক্ষ বংশ-নির্দ্ধারণ করা অসম্ভব। তবে লিপিতে উৎকীর্ণ কাল যে গুপ্ত-কালকেই নির্দ্দেশ করিতেছে, তাহাতে কোনই সন্দেহ নাই।

লিপির 'গোপ্তে' শব্দ লইয়াও নানা বাদ-বিতণ্ডা দেখিতে পাই। কেহ বলেন,—এ শব্দের পাঠ 'গোপ্তে', কেহ বলেন,—'গোপ্তে'। ফ্লিটের মতে 'গোপ্তে দদৌ' পদম্বয়ের অর্থ—'গোপ্তানামক গ্রামে এই শাসনপত্র বা সনন্দ প্রদন্ত হইয়াছিল'। কেহ বলেন,—'গোপ্ত' নামক জনৈক ব্যক্তিকে সেই গ্রাম দান করা হইয়াছিল।' কাহারও মতে 'গোপ্তে' পদ গ্রামবাচী, কাহারও মতে এ পদ মন্ম্যুবাচক।

যাহা হউক, এইরূপে বিবিধ আলোচনায়, ফ্লিট শেষ সিদ্ধান্ত করেন,—আলোচ্য অব্দের প্রতিষ্ঠার ও প্রবর্তুনার সহিত গুপু-সুমাটগণের কোনই সমৃদ্ধ নাই। গুপুগণ অন্দ-প্রবর্ত্তক নহেন; তাঁহারা এই অব্দ ব্যবহার করিতেন মাত্র। তাঁহাদের পূর্বে হয় তো উহা অন্ত কোনও নামে পরিচিত ছিল। সে স্মৃতি এখন বিলুপ্ত। গুপ্তগণের রাজত্বকালে 'গুপ্তকাল' বাহুল্য-রূপে ব্যবহৃত হইত,—রাজকীয় সকল কার্য্যই তথন 'গুপ্তকাল' অনুসারে নির্বাহিত হইত। তাই আলোচ্য কালাক—'গুপ্তাক' বা 'গুপ্ত-কাল' নামে অভিহিত হইয়া আদিতেছে।

নামকরণে অস্তান্ত সমস্তা।

শুপ্তকালের নামকরণ সম্বন্ধে আরও কয়েকটা সমস্থার অবতারণা হয়। জৈন 'আচারাঙ্গ-স্বত্রের' 'আচর-টীকায়' শীলাচার্য্য লিথিয়াছেন,—

পোষপ্রতাধিকের হি শতেক্স সপ্তেক্স গণ্ডেক্স গুপ্তানাং।
সম্বংসরের মাসী চ ভাদ্রপদে শুক্লাপঞ্চনাং॥
শীলাচার্য্যেণ ক্বত সম্ভূতারাং স্থিতেন্তিকৈদা।
সম্যপ্রপ্রক্ষা শোধ্যা মাংস্যাধিনাক্টতরার্য্যেরগ্রেঃ॥"

উদ্ধৃত অংশের অন্তর্গত "দাসপ্তত্যধিকেয়ু হি শতেরু সপ্তরু গতেম্ব গুপ্তানাং" বাক্যাংশের অর্থ হয়—'গুপ্তসমাটগণের ৭৭২ বংসর অতীত হইলে।' পূর্ব্বোক্ত উক্তির অব্যবহিত পরে এছেই আবার দেখি,—

''শকন্পকালাতীতসম্বৎসরশতেযু সপ্তস্ক।
অষ্টানবত্যধিকেমু বৈশাখস্থধাপঞ্চ্যাং আচারটীকারুতেতি।''

'আচারটাকার' এই দ্বিধি উক্তি শক-কালের এবং গুপ্ত-কালের মধ্যে এক বিষম সমস্ভার সৃষ্টি করিয়া দেয়।

শুপ্তসমাট্যাণ কথনও 'স্ম', কথনও 'স্ম্বংসর', আবার কখনও 'সংবং' শদ্ধের প্রয়োগ করিয়াছেন। তাহাতে অনেকে তাহাদিগকেই 'স্মৃত্তর' প্রবর্তক বলিয়া সিদ্ধান্ত করেন।

'শকারি' বিক্রমাদিত্যের প্রবর্ত্তিত অন্ধ 'সংবং' নামে অভিহিত হইত। দ্বিতীয় চল্ল-গুপ্ত আনেক স্থলে 'বিক্রমাদিত্য'-রূপে অভিহিত হইয়াছেন। এখন, চল্লগুপ্ত ও বিক্রমাদিত্য একই ব্যক্তি কি না—ইহা লইয়া এক বিতপ্তার সৃষ্টি হইয়াছে। এই বিতপ্তার মূলেই কেহ কেহ গুপ্তবংশীয় নুপতিদিগকে 'সন্বতের' প্রতিষ্ঠাতা বলিয়া সিদ্ধান্ত করিয়া থাকেন।

যাহা হউক, এইরপ আলোচনায় পাশ্চাত্য প্রত্নতিকগণ গুপুদিগকে 'গুপু-সংবতের' বা 'গুপু-কালের' প্রতিষ্ঠাতা বা প্রবর্ত্তক বলিয়া স্থীকার করে না। পরস্ক সিদ্ধান্ত হয়,—গুপুগণ 'সংবৎ' ব্যবহারে কাল-গণনা করিতেন বলিয়াই আলোচ্য কালের 'গুপুকাল' বা 'গুপু-সংবৎ' নামকরণ হইয়াছিল।

তাঁহারা আরও বলেন,—শকন্পকাল, শকন্পসম্বংসর, শককাল, বিক্রমকাল, বিক্রমাদিত তোৎপাদিতসম্বংসর, বহলবী সম, বহলবী-সম্বং প্রভৃতি প্রতিবাক্য শক, বিক্রমাদিত্য বহলভী প্রভৃতিকে তত্ত্রনামধেয় কালের প্রতিষ্ঠাতা বা প্রবর্তক বলিয়া নির্দেশ করে; কিন্তু 'গুপ্তকাল' বলিতে সে ভাবে গুপ্তদিগকে কাল-প্রবর্ত্তক বলিয়া বুঝা যায় না। তাই তাঁহারা গুপ্তাক্তকে 'গুপ্ত-কাল', 'বহলভী-কাল' এবং 'গুপ্ত-বহলভী-কাল' প্রভৃতি নামে অভিহিত করেন।

অপিচ, গুপ্তবংশের অদিভূত নৃপতিগণ ৩১৯ খৃষ্টান্দের পূর্ব্বে বিদ্যমান ছিলেন সিদ্ধান্ত করিয়া, প্রাত্মতত্মবিদ্যাণ বলেন,—আল্বাক্ষণির গ্রন্থোক্ত 'গুপ্ত-কালের' এবং 'বহুলবী-কালের' গণনা-পদ্ধতি অভিয়। সে হিসাবে 'গুপ্তকাল' বলিয়া যে কালান্দ নির্দিষ্ট হয়, তাহাকে 'গুপ্ত-বহুলবী' কাল নামেও অভিহিত করা যাইতে পারে।

এ সম্বন্ধে তাঁহাদের হেতুবাদ এই যে,—গুপ্তবংশের আদিভূত নৃপতিগণ যে 'গুপ্ত-সংবং' ব্যবহার করিতেন, তাহা আলোচ্য 'গুপ্ত-কাল' বা 'গুপ্ত-সংবং' (Gupta Era) নহে।

এইরপ সিদ্ধান্ত করিয়া, পণ্ডিতগণ 'গুপ্তকালকে' 'গুপ্ত-বহলভী-কাল' বলিয়া নির্দেশ করিয়াছেন এবং গুপ্তকালের সময়-নিরপণে সেই সিদ্ধান্তের অনুবর্ত্তী হইয়াছেন। *

আদি-নির্দ্ধারণে প্রয়াস।

গুপ্ত-বংশের আদি-নিণ্রেই যথন অশেষ বিভণ্ডা চলিয়াছে, তথন তাঁহাদের কোল' লইয়া যে ততোধিক নিরোধ সংঘটিত হইবে, তাহা আর আশ্চয্য কি ? মূল যদি স্থির হয়, তাহা হইলে আর তাহার আত্ম্যঙ্গিক বিষয়-পরম্পরা নির্দ্ধারণে বিশেষ আয়াস স্বীকার করিতে হয় না। এখানে মূলেই গোল রহিয়া গিয়াছে।

পাশ্চাত্য পণ্ডিতগণ সেই আদি-নিদ্ধারণে বেরূপ বাদ-বিতপ্তায় প্রবৃত্ত হইরাছেন, 'কাল' নির্দ্ধারণেও তেমনি তাঁহারা বিষম গণ্ডগোলে পড়িয়াছেন। প্রথম সমস্থার স্কৃষ্টি করিয়াছেন,— আল্-বারুণি। তিনি তাঁহার গ্রন্থে 'গুবৎ-কালের' উল্লেখ করিয়া বলিয়াছেন,— 'গুপ্ত-বংশের অবসানে এই কাল গণনা আরম্ভ হয়; আর 'গুবৎকাল' (গুপ্ত-কাল) ও বহলবী-কাল ঠিক একই সন্থে স্চিত হইয়াছিল।'

আল্বাকণির এই সিদ্ধান্তকে মূলস্ত্ররূপে গ্রহণ করিয়া পণ্ডিতগণ গবেষণায় প্রবৃত্ত হইয়াছেন। সেই আলোচনা-প্রদঙ্গে শুর আলেকজাগুর কানিংহাম, মিষ্টার টমাস, ঐতিহাসিক জুলিয়ান, ভক্টর ফ্লিট, ডক্টর ভাগুরিকার, কর্ণেল ওয়াটসন, ডক্টর ভাউদাজি, কর্ণেল কে, মি: প্রিস্পেপ এবং ডক্টর কাপ্তর্পন প্রমুখ পণ্ডিতগণ প্রধান-স্থানীয়।

ফরাসী পণ্ডিত এম রিণো আল্বারুণির অনুবাদ প্রকাশ করেন। তিনিই এই বিতপ্তার স্ত্রপাত করিয়া দেন। আল্বারুণির গ্রন্থ বিজ্ঞাতীয় ভাষায় ভাষাস্তরিত হইয়া, এক বিক্বত ভাবের অবতারণা করে। তাহাতেই বিরোধের স্ষ্টি হয়। ভাষাস্তরে অনেক সময় ভাব যথাযথ সংরক্ষিত হয় না; আবার অনেক সময় গ্রন্থকর্তার ভাবও সহসা হাদয়ঙ্গম হইয়া উঠে না। তাই ভাষাস্তরে ভাব রূপাস্তর প্রাপ্ত হওয়ায় বিরোধ সংঘটিত হয়। এ ক্ষেত্রেও তাহাই হইয়াছিল বলিয়া মনে করি।

যাহা হউক, মান্দাসোরের লিপি আবিন্ধারের সঙ্গে সঙ্গে ডক্টর ফ্লিটের অধ্যবসারে সমস্থার নিরসন হইয়াছে। পরবর্ত্তী অংশে তাহার বিস্তৃত আলোচনা পরিদৃষ্ট হইবে।

^{*} Indian Antiquary, Vol. XII, pp. 207 and 297—Nomenclature of the Principal Hindu Eras" and F. Fleet Corpus Insdriptionum Indicarum, vol. iii. এওৎপ্রনঙ্গে প্রধানতঃ মিঃ ক্লিটের গ্রেব্যার ও মন্তব্যে অনুসর্পে আমরা আমাদের মন্তব্য প্রকাশ ক্রিয়াছি।

ঊনবিংশ পরিচ্ছে।

গুপ্ত-কাল-দূচনায়।

[কাল-নিরপণে বিতর্ক ;—ফ্লিটের প্রদন্ত বংশতালিকা ;—বংশলতা সম্বন্ধে মন্তব্য ;—

এম্ রিণোর অমুবাদ ;—অধ্যাপক সাচৌ-র অমুবাদ ;—আল্বারুণির মতের

সমালোচনা ;—রিণোর অমুবাদের তুলনায় ;—ফ্লিটের মন্তব্য ;—রাজ
তরঙ্গিণীর তুলনায় ;—আল্বারুণির অপরাপর সিদ্ধান্ত ;—অমুবাদ

সম্বন্ধে বক্তব্য ;—আল্বারুণির মূল উক্তি ।]

কাল-নিরূপণে বিতর্ক।

কোন্ সময়ে 'গুপ্তকাল' বা 'গুপ্ত-সংবৎ' প্রবর্ত্তিত হইয়াছিল, কে ইহার প্রতিষ্ঠা করিয়াছিলেন, কি ভাবে তাহার গণনা আরম্ভ হয়,—সে প্রসঙ্গ বড়ই সমস্তা-সমাকুল। সে সম্বন্ধে নানা মূনি নানা মত প্রকাশ করিয়াছেন।

প্রথমতঃ আমরা গুপ্ত-সম্বতের গণনা-পদ্ধতির বিষয় আলোচনা করিতেছি। সে পক্ষে পাশ্চাত্য-পণ্ডিতগণ যে ভাবে আলোচনা-ক্ষেত্রে অগ্রসর হইয়াছেন, প্রথমে তাহার আভাস দিতেছি। পরে, সর্ব্বসামঞ্জন্ম সাধনে—সকলের সকল মতের তুলনায়, আমাদিগের সিদ্ধান্ত প্রদর্শন করিতেছি।

পূর্ব্বেই বলিয়াছি, এই কাল-নিরূপণ উপলক্ষে প্রায় পঞ্চাশ বংসর ধরিয়া নানা গবেষণা চলিয়াছিল। বিভিন্ন জনে পরম্পর-বিরোধী বিভিন্ন মতের অবতারণা করিতেছিলেন। কিন্তু প্রকৃত সিদ্ধান্তে কেহই তথন উপনীত হইতে সমর্থ হন নাই।

মিষ্টার ফ্লিট এই সমস্থার সমাধান করিয়াছেন। তাঁহার অভিমত এখন সর্বাদিসম্মতরূপে পরিগৃহীত হইয়াছে। সে মতে ৩১৯ খৃষ্টান্দে গুপ্ত-কালের প্রারম্ভ স্টিত হয়।

আমরা নিমে মিষ্টার ক্লিটের গবেষণার সারাংশ প্রদানের সঙ্গে সমাদের মন্তব্য প্রকাশ করিতেছি। তাহাতে উপলব্ধি হইবে,—কি ভাবে কিরূপ আয়াস স্বীকারে এই জটিল-প্রশ্নের মীমাংসা হইরাছে। প্রত্নতত্ত্ববিদ্যাণের মতে মান্দাসোরে আবিষ্কৃত লিপিই এই সমস্তা-নিরুসনের প্রধান সহার। সেই লিপিই মূল তথ্য-নির্দ্বারণে পথ-প্রদর্শক।

ক্লিটের প্রদত্ত বংশ-তালিকা।

এই সমস্তার সমাধানে, ফ্লিট গুপ্ত-বংশীর রাজাদিগের এক তালিকা প্রদান করিয়াছেন। তাহাতে কোনও কোনও স্থলে 'গুপ্ত-কাল' হিসাবে রাজ্য-কাল গণনা করা হইরাছে। রাজাদিগের নামের সহিত তাঁহাদিগের উপাধি প্রভূতির পরিচরও সেই তালিকায় সমিবিষ্ট আছে। আমরা প্রথমে নিমে সেই বংশ-তালিকা প্রদান করিয়া, তদমুসরণে আলোচানা অগ্রসর হইতেছি। মিষ্টার ফ্লিটের প্রদত্ত সেই বংশ-তালিকা; যথা,—

```
(श्रश्र ।
                    ( মহারাজা)
                     ঘটোৎকচ।
                    ( মহারাজা )
                 ।
চন্দ্র-গুপ্ত (প্রথম )
       (বিক্রম-প্রথম, বিক্রমাদিত্য-প্রথম)
                    মহারাজাধিরাজ।
     লিচ্ছবি-বংশের কুমারদেবীকে বিবাহ করেন।
                     সমূদ্ৰ-গুপ্ত
         (কাচ-উপাধি মহারাজাধিরাজ)
            দত্তদেবীর সহিত বিবাহ হয়।
                  চন্দ্ৰ-গুপ্ত (দ্বিতীয়)
    ( বিক্রম—দিতীয়, বিক্রমাদিত্য—দিতীয়, বিক্রমাক।
         পরম ভট্টারক এবং মহারাজাধিরাজ )
              গ্রুবা-দেবীর সহিত বিবাহ।
       ( গুপ্ত-সংবৎ ৮২, ৮৮, ৯৩ এবং ৯৪, ৯৫ )
                     কুমার-গুপ্ত।
               ( महिन वा महिना मिछा )
                  মহারাজাধিরাজ।
        ( গুপ্ত-সংবৎ ৯৬, ৯৮, ১২৯ এবং ১৩• )
                     सम-खरा।
                    (কর্মাদিত্য)
        ( পরম ভট্টারক এবং মহারাজাধারাজ )
षर्ध-गर्वर ५७७, ५७१, ५७৮, ५८५, ५८८, ५८८, ५८७, ५८৮
                  এবং ১৪৭ বা ১৪৯
                      বুদ্ধ-গুপ্ত
          ( श्रेश्च-मःव९ ১৬৫, ১৭৫ এवং ১৮० )
                     ভান্থ-গ্ৰপ্ত
                  ( ७४-मारव९ २२२ )
```

বংশলতা-সম্বন্ধে মন্তবা।

এই বংশ-লতার সহিত গুপ্ত-কাল-নির্দারণে যে সম্বন্ধ, আলোচনা প্রসলে তাহা উপলব্ধি হইবে। উদ্ধৃত বংশলতায় বৃদ্ধ-গুপ্ত ও ভাত্ম-গুপ্ত নাম মাত্র দেখিতে পাই। তাঁহারা গুপ্ত-বংশের মূল-শাখার অন্তর্ভুক্ত কিনা, তহিষয়ে নানা মতান্তর আছে।

অভিজ্ঞগণের কেহ কেহ স্কন-গুপ্তের সহিত এবং গুপ্তবংশের মূল-শাখার সহিত বুদ্ধগুপ্তের ও ভান্নগুপ্তের নৈকট্য প্রতিপন্ন করেন। সে হিসাবে গুপ্ত-কাল-নির্দ্দেশে বৃদ্ধ-গুপ্তের রাজত্ব-কালের সম্বন্ধ বিশেষভাবে প্রথ্যাপিত হয়।

বংশলতার যে কালপরিমাণ সন্নিবিষ্ট হইরাছে, তাহার মূল—প্রধানতঃ লিপি এবং মুদ্রাদি। সে হিসাবে চক্র-গুপ্তের রাজ্যকাল ১৪—৯৫ গুপ্ত-সংবতে, কুমার-গুপ্তের রাজ্যকাল ১৩০ গুপ্ত-সংবতে, কুল-গুপ্তের রাজ্যকাল ১৪৪, ১৪৫, ১৪৮ এবং ১৪৭ ও ১৪৯ গুপ্ত-সংবতে, এবং বুদ্ধ-গুপ্তের রাজ্যকাল ১৭৫ ও ১৮০ গুপ্ত-সংবতে নির্দিষ্ট হয়।

গুপ্ত-বংশে বাঁহারা তাদৃশ প্রতিষ্ঠাসম্পন্ন নহেন, তাঁহাদের নামও বংশলতায় সন্নিবিষ্ট দেখি। তাহারও মৃশ—মৃদ্রাদির প্রমাণ-সমূহ। সেই সকল স্বর্ণ ও রৌপ্য মৃদ্রার বিস্তৃত বিবরণ ঐতিহাসিক ভিন্দেণ্ট স্মিথ প্রদান করিয়াছেন।

বিক্রমাদিত্য, মহেন্দ্রাদিত্য এবং কর্মাদিত্য প্রভৃতি গুপ্ত-বংশের অপ্রাসিদ্ধ রাজার নাম—
বথাক্রমে দিতীয় চক্র-গুপ্ত, বুমার-গুপ্ত এবং স্কন্দ-গুপ্তের সম্বন্ধে প্রযুক্ত হয়। রোপ্যমুদ্রার
উক্তিই তাহার মূলীভূত। বিক্রম এবং মহেন্দ্র নামও রোপ্য মুদ্রায়ই দৃষ্ট হয়। মুদ্রায় বিক্রম
এবং বিক্রমান্ধ নাম বাছল্য-রূপে প্রযুক্ত হইয়াছে,—মুদ্রাদৃষ্টে তাহা প্রতিপর হয়।

যে সকল মূদ্রায় বিক্রম ও বিক্রমান্ধ নাম আছে, সে সকল মূদ্রা দিতীয় চক্র-গুপ্তের প্রবর্তিত বিদায়া অনেকে সিদ্ধান্ত করেন। সমূদ্র-গুপ্তের 'কচ' নামও স্বর্ণ-মূদ্রায়ই দেখিতে পাওয়া যায়। গুপ্ত-সম্রাটদিগের রাশ্বদ্ধ কালে যে সকল মূদ্রা প্রচলিত হইয়াছিল, তাহাতে বহু জ্ঞাতব্য তথ্যের সমাবেশ আছে।

গুপ্ত-রাজ্বগণের একটা বংশল তা মিষ্টার টমাসের গ্রন্থেও পরিদৃষ্ট হয়। সেই বংশলতার মহাদৈত্যের কলা দেবী, স্বন্দগুপ্তের সহধর্মিণী রূপে এবং মহেন্দ্র-গুপ্ত স্বন্দ-গুপ্তের প্ররূপে উলিখিত। মিষ্টার টমাসের প্রকাশিত আর একটা লিপিতে 'সংহারিকা' নামী এক রাজপুরী সমুদ্র-গুপ্তের মহিষী বলিরা উক্ত হইরাছেন। দিতীয় লিপিতে মহেন্দ্র-গুপ্তের নাম উলিখিত আছে। স্থিটের মতে, মহেন্দ্রাণিত্যই মহেন্দ্র-গুপ্ত নামে অভিহিত হইরাছেন।

বিথারি স্কন্তলিপির এক বিবরণ মিষ্টার মিল প্রাদান করিয়াছেন। তাহাতে 'মহেক্সাদিত্যের' গরিবর্ত্তে 'মহেক্স-শুপ্ত' নাম সন্নিবিষ্ট হইয়াছে। কিন্তু কুমার-শুপ্তের মুদ্রায় মহেক্স-শুপ্ত নামই দেখিতে পাই।

সংহারিকা, মহাদৈত্য এবং তাহার কলা দেবী প্রভৃতির নাম মিষ্টার টমাসের প্রদন্ত বংশশতার দৃষ্ট হয়; কিন্তু ক্লিট তাঁহাদের অন্তিত্ব স্বীকার করেন না। তিনি বলেন,—বংশশতানির্দেশে মিষ্টার মিল প্রথমে ভ্রমে পতিত হন। তাঁহার অন্তুসরণে মিষ্টার টমাসও প্রকৃত পরিচয়
প্রদান করিতে সমর্থ হন নাই।

প্রত্যেকেই প্রত্যেকের মত প্রতিষ্ঠায় প্ররাস পাইয়াছেন। তাই একে অপরের ত্তম-প্রদর্শনে ক্রটি করেন নাই। আলোচনা প্রসঙ্গে কাহার সিদ্ধান্ত অভ্রান্ত, তাহা প্রতিপন্ন হইবে।

প্রধানতঃ আল্-বারুণির উক্তি হইতেই প্রাচ্য ও পাশ্চাত্য পশুতগণের দৃষ্টি এই বিষরে আরুই হয়। খৃষ্টায় সপ্তদশ শতাব্দীতে মুসলমান ঐতিহাসিক আল্বারুণি আরবী ভাষায় ভারতের বিবরণ লিপিবদ্ধ করেন। আল্বারুণির সেই গ্রন্থ ১০০০ খৃষ্টাব্দের ৩০এ এপ্রিল হইতে ৩০এ সেপ্টেম্বরের মধ্যে সাধারণ্যে প্রচারিত হয়। ফরাসী ভাষায় এম রিণো এবং ইংরাজী ভাষার অধ্যাপক সাচৌ—আল্বারুণীর গ্রন্থের অনুবাদ প্রকাশ করেন। বৌধসৌকর্যার্থ আমরা উহাদের অনুবাদের মর্ম নিয়ে প্রদান করিতেছি; যথা,—

এম রিণোর অমুবাদ।

মানুষ সাধারণতঃ শ্রীহর্ষান্দ, বিক্রমান্দ, শককাল, বল্লভান্দ এবং শুপ্ত-কাল ব্যবহার করে। বল্লভের (বহলভের) নামানুসারে বল্লভান্দের স্চনা। বল্লভ—বল্লভের অধিপতি। আন্হিলবরার ত্রিশ যোজন দুরে বল্লভ-রাজ্য অবস্থিত ছিল।

শকগণের প্রবর্ত্তিত অন্দের ২৪১ বৎসর পরে বল্লভাব্দের স্কুচনা হয়। যেরপে বল্লভাব্দের গণনা হয়, সেই গণনাপদ্ধতি নির্দেশ করিতে হইলে, শকান্দ ২৪১ হইতে ৬এর ঘনপরিমাণ কর্থাৎ ৬×৬×৬=২১৬ এবং পাঁচের বর্গ অর্থাৎ ৫×৫=২৫ বিয়োগ করিতে হয়। এইরপে বল্লভান্দ নির্দিত হয়। থাকে।

গুপ্তকাশ অর্থাৎ গুপ্তগণের প্রবর্ত্তিত গুপ্তাল সম্বন্ধে গণনা-পদ্ধতি স্বতন্ত্ররূপ। 'গুপ্ত' বলিতে তথন একশ্রেণীর দত্মকে বুঝাইত। ধূর্ত্ত এবং শক্তিশালী বলিয়া তাহাদের পরিচয় পাওয়া যায়। গুপ্তদিগের নামের সহিত যে অন্ধ সম্বন্ধযুক্ত, গুপ্তদিগের উচ্ছেদ হইতেই সে অন্ধ-গণনার স্বচনা হয়। 'গুপ্তকাশ' বলিতে—গুপ্তদিগের উচ্ছেদ বা অবসান বুঝায়।

গুপ্তদিগের অব্যবহিত পরেই বল্লভদিগের অভ্যুদয় সপ্রমাণ হয়। কারণ, গুপ্তদিগের অকও বখন শকান্দের ২৪১ বৎসর পরে আরম্ভ হয়, তথন বল্লভদিগকে গুপ্তদিগের সমসাময়িক অথবা অব্যবহিত পরবর্তী বলিতে হইবে।

এদিকে আবার জ্যোতির্বিদ-শ্রেণীর অন্ধ শক্কালের (শকান্দের) ৫৮৭ বৎসরে আরম্ভ হয়। জ্যোতির্বিদশ্রেণীর এই কালের সহিতই ব্রহ্মগুপ্তের 'থওখাদক' (খওখাদক) তালিকার সম্বন্ধ প্রখ্যাপিত হইয়া থাকে। ব্রহ্মগুপ্তের 'থওখাদক তালিকা' মুসলমানদিগের ভাষার 'আর্কন্দ' নামে অভিহিত। এইরূপে যজদ্জিদের যথন ৪০০ অন্ধ, তথন শ্রীহর্ষান্দ ১৪৮৮, বিক্রমান্দ ১০৮৮, শকান্দ ৯৫০ এবং ব্রহ্মভ ও গুপ্তান্দ ৭১২ নির্দ্ধিই হয়।

অধ্যাপক সাচো-র অমুবাদ।

এই কারণে জনসাধারণ সে জন্ধ আর ব্যবহার করে না। তাহারা বছদিন তাহা পরিত্যাগ করিয়াছে। তাহার পরিবর্ত্তে এখন তাহারা শ্রীহর্ষের, বিক্রমাদিত্যের, শকদিগের, বল্লভদিগের এবং গুপুগণেব জন্ধ ব্যবহার করে। বল্লভ-দিগের নামাকুসারেই 'বল্লভান্ধ' নামকরণ হইয়াছে। বালব বা বল্লভ তথন বল্লভনগরে রাজত্ব করিতেন। আনহিলবরার ত্রিশ যোজন দক্ষিণে বল্লভ অবস্থিত। শকান্দের ২৪১ বৎসরে বল্লভান্দের গণনা-স্থৃচিত হয়। যে ভাবে সাধারণে বল্লভান্দের ব্যবহার করিয়া থাকে, তাহা এই,—

প্রথমে তাহারা শককাল ধরিয়া লয়। তার পর তাহা হইতে ৬ সংখ্যার ঘনফল (৬×৬×৬=:১৬) এবং ৫ সংখ্যার বর্গফল (৫×৫=২৫) বিয়োগ করে। এইরূপে শককাল হইতে ২১৬+১৫=২৪১ বংসর বাদ দিয়া বল্লভী-কাল নির্দিষ্ট হয়।

গুপ্তকাল বিষয়েও গণনা-পদ্ধতি প্রায় একইরূপ। সাধারণের ধারণা—গুপ্তগণ ধূর্ত্ত অথচ শক্তিশালী। যথন তাহাদের রাজ্যের অবসান হয়, তথন হইতেই গুপ্তকালের স্চনা বা আরম্ভ। বল্লভীগণ—গুপ্তগণের পরবর্ত্তী। কিন্তু গুপ্তকাল এবং বল্লভীকাল উভয়েই শক-কালের ২৪১ বংসর পরে আরম্ভ হয়।

জ্যোতির্বিদ্শ্রেণীর কালগণনা শককালের ৫৮৭ বংসর পরে আরম্ভ হয়। জ্যোতির্বিদ্রেশীর কাল—ব্রহ্মগুপ্তের 'থগুলাছক' নীতির উৎপত্তির মলীভূত। মুসলমান ভাষায় এই 'থগুলাছক' নীতি 'অল আর্কন্' নামে পরিচিত।

একণে 'যজ দুজিপের' । অব্দের ৪০০ বংসরকে আদর্শ রূপে গ্রহণ করিয়া, কালগণনার অগ্রসর হইলে, ঐ সময়ে ভারত-প্রচলিত কালাজ-সমূহের যে সময় নির্দারিত হয়, তাহা এই,— যজ দুজিদ-এর অন্ধ থবন ৪০০, (১) শ্রীহর্ষাব্দের তথন ১৪৮৮, (২) বিক্রমান্দের তথন ১০৮৮, (৩) শককালের তথন ১৫০, এবং (৪) বল্লত ও গুপ্তকালের তথন ৭১২ বংসর।

বলা বাছল্য, আল্বারুণির মতে আলোচ্য অবল বা কাল—'গুপ্ত-বহলভী' কাল। এইরূপ কাল-নির্দেশেই যত বাদ-বিতগুর স্ত্রপাত হইয়াছে। ফলতঃ, আল্বারুণির পূর্ব্বোক্ত-প্রকারের অভিমতই বক্ষামান আলোচনার মেকুলগুস্থানীয়।

আল্বাকণির মতের সমালোচনা।

গ্রন্থ-মধ্যে আল্বারুণি বলিয়াছেন,—গুপ্ত-সংবৎ, শক্সংবতের ২৪১ বৎসর পরে প্রবর্ত্তিত হয়। আল্বারুণির উত্তির মর্ম্ম এই,—'ভারতবাসীরা সাধারণত: শ্রীহর্ষ, † বিক্রমাদিত্য,

- * ৬২২ পৃথিকে পাবদার সাসানীর স্থাতি তৃতীর বলুন্তিকের রাজাপ্রাথি-কাল হইতে এই অব্যাণনা আছে ধর। (Princep's Essays, Vol. II). আলুবায়ণি সীমা-নির্দেশক বলুন্তিদ্দের ৪০০ অব্যালিত ধরিয়াছেন। তাহার প্রস্থার সময়ের এক বংসর পূর্বা হার। আলুবায়ণির প্রয়োজনার ব্রা হার। আলুবায়ণির প্রয়োজনার প্রয়োজনার বলির। কেই তাহার উল্লেখ করেন নাই। এই কাল-নির্দেশ-প্রস্তেশ আলুবায়ণিও তাহা পরিত্যাগ করিয়াছেন।
- † প্রিলেপের মতে আল্বাক্ষণি কথিত জীহবাক্ষ, কনোজের হর্বর্দ্ধনের প্রবৃত্তিত অল নতে। দে অল্ —
 জীহবাক্ষের পারবর্তী কালে আরম্ভ হয়। কনোজের হর্বরন্ধনের অল গণনা ৬০৬ –৬০৭ ইটালে আরম্ভ; কিন্ত জীহবাক ৪২৭ খুটালে ত চত হয়। আল্বাক্ষণির প্রস্থ ভিন্ন এই জীহবাক সম্বেদ্ধ অল্প কোনও প্রমাণ নাই। কাল্মীর পেনীর পঞ্জিতে প্রহর্ব, বিক্রমাণিভার ৬৬৪ বংসরের পারবর্তী বলিয়া উল্লিখিড় হইয়াছেন। Cf. Prof. Ṣachau's Alberum:'s India, Translation, vol. II,

শক, বল্লভ এবং গুপ্ত নামক সংবৎ ব্যবহার করে। বল্লভের নামান্ত্সারে বল্লভ-সংবতের নাম-করণ হয়। তিনি বল্লভ-নগরে রাজত্ব করিতেন। আনহিলবারার ত্রিশ যোজন দক্ষিণে বল্লভ নগর অবস্থিত। শকান্দের ২৪১ বৎসর পরে বল্লভান্দের আরম্ভ। বল্লভান্দ গণনা-করে, শকান্দ হইতে ৬এর ঘন অর্থাৎ ৬×৬×৬=২১৬ এবং ৫ এর বর্গ অর্থাৎ ৫×৫=২৫ বিয়োগ করিলে, মে বিয়োগ ফল অবশিষ্ঠ থাকে, তাহাই বহুলবান্দ ।

আল্-বারণির মতে আলোচ্য অক্—গুপ্তবল্লভী অব। 'গুপ্ত-গণের ধ্বংসের পর গুপ্তান্দের আরম্ভ ; আর গুপ্ত-গণের ধ্বংসের সময় হইতেই ইহার গণনারস্ভ।'

আল্বারুণির এই সিদ্ধান্তে এক বিষম সমস্থার সৃষ্টি হয়। প্রশ্ন উঠে—গুপ্তনৃপতি-গণের লিপিতে ও মূদ্রাদিতে বে গুপ্তকালের উল্লেখ আছে, সে কাল কি তবে আলোচ্য 'গুপ্তকাল' মহে ? গুপ্তবংশের ধ্বংস হইতেই যদি সে গুপ্ত-কালের আরম্ভ, তাহা হইলে গুপ্তনৃপতিগণের ব্যবহৃত 'গুপ্ত কাল' নিশ্চয়ই আল্বারুণি-কথিত গুপ্তকালের পূর্ব্ববর্তী হইবে! তদ্ভির সামঞ্জ্য-সাধন কোনক্রমেই সম্ভবপর নহে!

একণে, বহলতী বংশের সহিত সম্বন্ধের কথা। বহলতী অন্ধ যদি গুপ্তান্দ-গণনাবন্তের ঠিক একট বংসরে আরম্ভ হট্যা থাকে, তাহা হইলে বলিতে হইবে—গুপ্ত-বংশীয় রাজ্ঞগণ এবং বহলতীবংশীয় নৃপতিগণ পরস্পর সমসাময়িক ছিলেন এবং পরস্পর সমস্ত্রে এবং সমসাময়িক জন্ম তাঁহাদের রাজ্যকাল গণনা হইত! নচেৎ, আল্বারুণির সিদ্ধান্তের কোনই মৃল্য নাই! কারণ, গুপ্ত বংশীয় নৃপতিদিগের সহিত বহলতীরাজ্ঞগণের কোনও সম্বন্ধ-স্ত্রের নিদর্শন গ্রন্থের দৃষ্ট হয় না।

তার পর, প্রধান সমস্থা—গণনা-পদ্ধতি লইয়া। আল্বাকণির মতে, শক সংবতের ২১৬+২৫=২৪১ বংগর অতীত হইলে, গুপ্তান্দ এবং বল্লভান্দ (বহুলবান্দ) আরম্ভ হয়। তদনুসারে ৩১৯-২০ খৃষ্টান্দে আলোচ্য গুপ্তকালের ০ বংসর এবং ৩২০-২১ খৃষ্টান্দে উহার প্রথম বংসরের স্থচনা ধরা যাইতে পারে। •

আল্বাকণির পূর্ব্বোক্ত সিদ্ধান্তে 'গুপ্ত-বল্লভী-সংবং' যথন ৭১২, তথন শকসংবং ৯৫৩। এ হিসাবে উভয়ই গতান্দ বলিয়া বুঝা যায়। কেন-না, আল্-বাকণি নিজেই পূর্ব্বোক্ত কালের সহিত যজ্দজিদের ৪০০ অন্দের অভিন্নতা স্বীকার করিয়াছেন। সে হিসাবে যজদ্জিদের যথন ৪০০ অন্দ, খৃষ্টের তথন ১০৩১—৩২ অন্ধ নির্দিষ্ট হয়।

রিণোর অমুবাদের তুলনায়।

এম রিণোর অনুবাদ অনুসারে শকসংবৎ ২৪১ অবেদ আলোচ্য গুপ্ত-কালের প্রথম বৎসর আরম্ভ হয়। প্রাত্মত্তব্বিদ্গণের মতে উহা গতাব্দ। সে হিসাবে ২৪০ শকাব্দে গুপ্তগণের উচ্ছেদ আর সেই বংসর হইতেই গুপ্তকালের গণনা আরম্ভ—সিদ্ধান্তিত হয়।

অগ্যত্র আবার আল্-বারুণি বলিয়াছেন,—হিজ্বরী ৪১৭ অথবা ৯৪৭ শককালে (১০২৬ থৃষ্টাব্দের জন্মারী মাদে) গজনীর মামুদ সোমনাথপত্তন লুগুন করিয়াছিলেন। হিলুগণ

७১৯ ५हे। एक अटे मार्फ इटेए ७२० थहे। स्वत २०० रक्षा को

তথন পূর্ব্বোক্ত শককাল-নির্দেশে যে গণনা-পদ্ধতির অনুসরণ করিতেন, তাহা এই,— তাঁহারা প্রথমে ২৪২ লিখিয়া তাহার নিমভাগে যথাক্রমে ৬০৬ এবং ৯৯ লিখিতেন। তার পর ঐ তিন সংখ্যার যোগফলে ৯৪৭ শকাক গণনা করিতেন।

প্রিন্দেপের মতে—৯৪৭ গত-শকান্ধ। তথন ১০২৫—২৯ খৃষ্টান্ধ প্রচলিত। আর ১০২৬ খৃষ্টান্ধের জানুয়ারী মাদ উহার অন্তর্ভুক্ত। অপিচ, তাঁহার মতে, ২৪২ শক-সংবৎ জাতীত হইলে গুপ্ত-কালের অরম্ভ হয়।

ক্ল ফ্রিটের মন্তব্য।

এই আলোচনা প্রসঙ্গে মিঃ ফ্লিট যে মস্তব্য প্রকাশ করিয়াছেন, নিয়ে তাহার আভাস প্রদান করিতেছি; যণা,—কাশ্মীরে শতবর্ষ পরিমাণে 'লোককাল' গণনা হইত।

কাশ্মীরের সেই কাল-গণনা প্রসঙ্গে আল্বারুণি নিয়রপ মন্তব্য প্রকাশ করিয়াছেন,— 'হিন্দুগণ কর্ত্তক শত বৎসর পরিমাণে 'লোককাল' গণনা-প্রণালী পরিগ্রহণের পূর্বের, প্রায় ২৪২ বৎসর অতীত হইয়া যায়।

স্তরাং গুপ্ত-কালের সঙ্গে সঙ্গেই সে গণনা-পদ্ধতি পরিগৃহীত হইয়াছিল। সেখানে ৬০৬ আন্ধ দৃষ্ট হয়। তাহাতে ছয় শত বৎসর অতীত হইয়াছে, বুঝা যায়। ১০১ বৎসরে হিন্দুগণ শতাব্দী গণনা করেন। সে হিসাবে আল্বাকণির মতে ৯৯ গতান্ধ।

মূলতানের হূর্রভ-পরিগৃহীত গণনা-পদ্ধতিতে, ৮৪৮ এর সহিত 'লোককাল' সংযোগে কাল-গণনার বিধি ছিল। সে হিসাবে ঐ উভয় অঙ্কের সমষ্টিই—শক-কাল। যজন্জির্দের কালপরিমাণ—৪০০ বংসর নির্দিষ্ট হয়। তথন শকাল পরিমাণ—৯৫০। এই ৯৫৩ শকাল হইতে ত্ল ভি-পরিগৃহীত ৮৪৮ লোককাল বাদ দিলে ১০৫ লোককাল অবশিষ্ট থাকে। সে হিসাবে, কাশীরে প্রচলিত শতালী-পরিমাণের ৯৮ বংসরে সোমনাথের মন্দির ধ্বংস হইয়াছিল, প্রতিপন্ন হয়।'

সাল্বাক্ষণির এতহাক্তির প্রকৃত তাৎপর্য্য অনুধাবন করা স্থকটিন। তবে আল্বাক্ষণির এ মস্তব্যও এক নৃতন সমস্থার স্বষ্টি করিয়াছে। তাঁহার সিদ্ধান্তে লোক-কালের ৯৮ বা ৯৯ বর্ষে সোমনামের ধ্বংস স্থচিত হইয়াছে। তাঁহার এই মস্তব্যই সেই সমস্থার অক্সতম। অপিচ, লোককালের ৯৮ বৎসর গতে এবং ৯৯ বৎসরের প্রারম্ভে সোমনাথ ধ্বংসের উল্লেখে সেসংশয় সারপ্ত ঘনীভূত হইয়াছে।

আর এক সমস্তা—'লোককাল' অফুসারে গণনা করিলে সোমনাথ-ধ্বংস কোনও এক শতবর্ধ-কালাবর্ত্তের প্রথমে নিরূপিত হয়। তাহাতে আবার অসামঞ্জন্ত দাঁড়ায়।

এতৎপ্রসঙ্গে কহলণ মিশ্রের 'রাজতরঙ্গিণীর' মন্তব্য প্রণিধানযোগ্য। লোককাল এবং শকাল—এতত্বভরের সমীকরণ ব্যপদেশে কহলণ মিশ্র বিদয়াছেন,—''লৌকিকেংলে চতুর্বিংশে শকলালভ্য সাম্প্রভং সপ্রভ্যাভ্যধিকং যাতং সহস্রং পরিবৎসরাঃ।'' অর্থাৎ—বর্ত্তমানে চতুর্বিংশতি লৌকিক কাল চলিতেছে। এখন ১০৭০ শকাল অতীত হইয়াছে।

রাজতরঙ্গিণীর তুলনায়।

কহলণ মিশ্রের উক্তি হইতে বুঝা যায়,—১০৭০ গত-শকাব্দে চতুর্ব্বিংশতি লোক-কাবে কহলণিমশ্রের 'রাজতরঙ্গিণী' রচিত হইতেছিল। স্থতরাং, সে হিসাবে, যথন লোককাল ২৪ এবং শক-গতান্দ ১০৭০, তথন খৃষ্টান্দ ১১৪৮—৪৯ প্রচলিত। সে হিসাবে যথন ১০৫৭ গত শকান্দ, তথন প্রচলিত ১ লোককাল এবং ১০২৫—২৬ খৃষ্টান্দ।

আল্বারুণির মতে কাশ্মীরেব লোককালাবর্ত্ত এবং উত্তর ভারতের শক-সংবং - উভয়ের গণনা-পদ্ধতি অভিন্ন। জেনারেল কানিংহাম এই প্রসঙ্গে যে মন্তব্য প্রকাশ করিয়াছেন, তাহাতেও এতছক্তির যৌক্তিকতা সমর্থিত হয়। তাহা হইতে প্রত্যেক কাশ্মীরদেশীর লোককালের চলিত প্রথম বৎসর, শকান্দের প্রতি শতবর্ষের ৪৭ বৎসর গতে ৪৮ বৎসর এবং খৃষ্টাব্দের প্রতি শতাদীর পঞ্চবিংশ বর্ষের শেষাংশ এবং ষড়বিংশ বর্ষের প্রথমাংশ পরম্পর অভিন্ন প্রতিপন্ন হয়।

পে হিসাবে ১০২৬ খৃষ্টান্দের জান্মারী মাস, কাশ্মীরে প্রচ**লিত লোককালের প্রথম চলিত** বৎসরে পতিত হয়, এবং ৯৪৭ গত-শকাদ ১০২৫ খৃষ্টান্দের ৩রা মাচ্চ হইতে ১০২৬ খৃষ্টান্দের ২১এ মার্চের মধ্যে পড়ে। পরস্কু সগন ৯৪৭ গত-শকাদ, তথন লোককাল ১ স্থিরীকৃত হয়।

কিন্তু এখানেও আবার সমস্তা ! পূর্ব্বোক্ত হিদাবে, ৯৮ গত-লোককালের সহিত তো কোনও সাদৃগ্রই থাকে না ; অপিচ, কাশীরের সে পদ্ধতির অনুসরণে পূর্ব্বোক্ত মাস বংসর প্রভৃতির হিদাবেও গোল দাঁড়াইয়া য়য় । তাহাতে পূর্ব্বোদ্ধত মাসাদি-সময়ে সংঘটিত ঘটনাবলির সহিত ৯৯ লোক-কালের কোনও সম্বন্ধ থাকে না । এক্ষণে, এই আলোচনা প্রসঙ্গে, অসামঞ্জন্তে সামঞ্জন্ত সাধনই প্রধান লক্ষ্য ।

আল্-বারুণির অপর সিদ্ধান্ত।

স্কুতরাং সকল বিষয়ের সামঞ্জন্ম সাধন করিতে হইলে, এমন একটী কাল-পরিমাণ কল্পনা করিয়া লইতে হইবে, যাহাতে সেই কাল—একদিকে কাশ্মীরের লোককাল-কালাবর্ত্তের এক বৎসর পূর্ব্বে এবং অন্ত দিকে তাহার তিন বৎসর পরে নির্দারিত হয়।

সর্ব্যামঞ্জ শুমূলক লোককাল-গণনা-বিষয়ে আল্বারুণি বিবিধ বিরুদ্ধ মতের অবতারণা করিয়াছিলেন। কিন্তু কোনও স্থির সিদ্ধান্তে উপনীত হইতে পারেন নাই। আল্বারুণি ১০১ বৎসরে শতাকী গণনার প্রাচীন পদ্ধতির উল্লেখ করিয়াছেন। কিন্তু পণ্ডিতগণের কেইই তাহা যুক্তিযুক্ত বলিয়া স্বীকার করেন না। স্কুতরাং ৬০৬ সংখ্যা-গণনা ক্রমে কাল-গণনা-পদ্ধতিও তাঁহাদের মতে গ্রহণযোগ্য নহে।

আল্বাকণি স্পষ্টতঃ বলিয়াছেন,—এক শত বংসর শেষ হইলেই, হিন্দুগণ পুনরায় ১ হইতে বংসর গণনা আরম্ভ করেন। আল্বাকণির পূর্বাক্ত মন্তব্যের অর্থাৎ ১০১ বংসরে শতবর্ষকালাবর্ত্ত গণনার সহিত এ উক্তির সামঞ্জন্ত হয় না। তাই সিদ্ধান্ত হয়,—৬০০ এবং পরবর্ত্তী যে ৬ অন্ধ, তাহা লোককাল শতাব্যের অন্তর্ভুক্ত নহে।

মিষ্টার ফ্লিট তাই বলেন,—গুপ্তবল্লভী সংবৎ যদি ৩১৯—২০ খুষ্টাব্দে প্রচলিত হয়; তাহা

ছইলে, তখন ২৪১ শকান্দ গত হইয়া ২৪২ শকান্দ আরম্ভ হইয়াছে। আমরা যদি তাহার সহিত পূর্ব্বোক্ত লোককাল শতান্দের অতিরিক্ত ৬ যোগ করি, তাহা হাইলে ২৪১ + ৬ = ২৪৭ শকান্দ পাইলে পারি। সেই শকান্দ গত হইলে ২৪৭ শকান্দে ৩২৫—৩২৬ খৃষ্টান্দের আরম্ভ হয়। আর তাহা হইলে কাশ্মীরে প্রচলিত প্রথম লোককালের সহিত সামঞ্জ্য রক্ষিত হইতে পারে।

আল্বাকণি পূর্ব্বে গুর্নভের প্রদর্শিত যে গণনাক্রমের উল্লেখ করিয়াছেন, ফ্লিট তাহা অভ্রান্ত বলিয়া স্বীকার করেন না। তিনি বলেন,—গুর্নভের সে গণনা যথার্থ বলিয়া ধরিয়া লইলে, মূলতানের গণনা-পদ্ধতি, কাশীরের গণনা-পদ্ধতির এক বংসর পরবর্ত্তী নির্দ্ধারিত হয়; অর্থাৎ কাশীরের গণনায় লোককাল ১ হইলে, মূলতানের গণনায় লোককাল সে ক্ষেত্রে ২ হইবে।

এ হিসাবে শক-সংবতের প্রতি শতানীর গত ৪৮ বৎসরের এবং চলিত ৪৯ বৎসরের এবং খৃষ্টান্দের প্রতি শতানীর পঞ্চবিংশ বর্ষের শেষাংশের এবং ষড়বিংশ বর্ষের প্রথমাংশের সহিত্ত মিল থাকে। আর মূলতানে প্রচলিত গণনা-পদ্ধতি অনুসারে, ২৪৮ শকসংবৎ গতে ২৪৯ শকসংবতে লোককাল আরম্ভ হয়। ২৪১ শক-সংবতের উল্লেখ, কেবলমাত্র গুপ্ত-বহলভী কাল গণনার একটা ধারা নির্দেশের উদ্দেশ্যে। নচেৎ, শকান্দের এবং গুপ্ত-বহলভী সংবতের প্রকৃত পার্থক্য —২৪২ বৎসর। সে হিসাবে ২৪২ শকান্দ গত হইলে গুপ্ত-বহলভী কালের আরম্ভ হয়।

ফ্লিট আরও বলেন—৮৪৮ গত শকান্দই গুপুকাল গণনার মূলীভূত। হর্লভের মন্তব্য অনুসারে শক সংবৎ ৯৫৩ হইতে ৮৪৮ বিয়োগ করিয়া ১০৫ লোককাল নির্দিষ্ট হয়। তাহাতে বুঝা যায়,—৮৪৮ গত-শকান্দে অর্থাৎ ৯২৬—৯৭ খৃষ্টান্দে ঐ প্রদেশে ঐক্লপে লোককালগণনার পদ্ধতি প্রবর্ত্তিত হইয়াছিল। তাহা না হইলে, হ্রলভের গণনা-পদ্ধতি ভিন্ন ক্রপ পরিগ্রহ করিত। আর তাহা হইলে, ৮৪৮ এর পরিবর্ত্তে ৯৪৮ বিযুক্ত হইয়া মাত্র ৫ বৎসর এতিরক্তি হইত।

জেনারেল কানিংহামের সিদ্ধান্ত-সম্বন্ধে ফ্লিট বলেন,—৬০৬ অন্ধ সম্বন্ধে জেনারেল কানিংহাম প্রায় একই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। তিনি বলেন,—২৪২ অন্ধ ভ্রমপূর্ণ; ২৪১ই প্রেক্কত গণনা। যাহা হউক, পরবর্ত্তী প্রত্নতত্ত্ববিদ্যাণ কিন্তু কানিংহামের সিদ্ধান্তের যৌক্তিকতা স্বীকার করেন না। অতএব বুঝা যায়,—২৪১ গত-শকান্ধ = ৩১৮—১৯ খৃষ্টান্দের শেষ ভাগ এবং ৩১৯—৩২০ খৃষ্টান্দের প্রারন্ত। ইহার সহিত যদি ৬, ৬০০ এবং ৯৯ সম্পূর্ণ বৎসর যোগ করা যায়, তাহা হইলে ৯৪৬ গত-শকান্ধ অর্থাৎ ১০২৩—২৪ খৃষ্টান্দের শেষ এবং ১০২৪—২৫ খৃষ্টান্দের প্রারন্ত ছির হয়। এরূপ সিদ্ধান্তেও এক বৎসরের পার্থক্য দাঁড়ায় অর্থাৎ গুপ্তকাল প্রারন্তের এক বৎসরের পার্থক্য ক্ষম থাকিয়া যায়। বক্ষ্যমাণ প্রসন্ধে ইহাই মিষ্টার ফ্লিটের সিদ্ধান্ত।

অমুবাদ সম্বন্ধে বক্তবা।

ধাহা হউক, আল্বারুণির মন্তব্যের মধ্যে প্রধান বিতপ্তার বিষয়—ঠাঁহার উক্তি;— 'গুপ্তগণের ধ্বংসের পর গুপ্ত-কালের আরম্ভ।' সে ক্ষেত্রে আল্বারুণির অনুবাদের প্রতি স্বতঃই দৃষ্টি সঞ্চালিত হয়।

ফরাসী পণ্ডিত এম রিণো, আল্বারুণির মূল গ্রন্থের যে অমুবাদ প্রকাশ করিয়াছেন, সে অমুবাদ সম্বন্ধে তাই অনেকে সংশয়াহিত হন। সে ক্ষেত্রে প্রশ্ন উঠে, রিণোর অমুবাদ— প্রঃ—ই। ১৭—২২ আল্বারুণির প্রক্বত অমুবাদ কি না! সে অমুসন্ধানে কেহ কেহ রিণোর অমুবাদকে ভ্রমসঙ্কুল প্রতিপন্ন করেন। সে সম্বন্ধে অধ্যাপক রাইট, মিষ্টান্ন রেহাট্সেক এবং এইচ সি কে এবং পরিশেষে মিষ্টার ফ্লিট বিবিধ সিদ্ধান্তে উপনীত হন। প্রসঙ্গক্রমে তাহা উল্লেখ করিতেছি।

১৮৮৬ খৃষ্টান্দে মি: রেহাট্সেক আল্বারুণির গ্রন্থের অন্তর্গত পূর্ব্বোক্ত অংশের অমুবাদ প্রকাশ করেন। সে অমুবাদ অমুবারে বিতগুমূলক অংশের মর্ম্ম স্থির হয়,—'গুপ্তগণ নিষ্ঠুর ও ছর্দ্দান্ত জাতি। তাহাদের ধ্বংস হইবার পরেও তাহাদের গণনা-পদ্ধতি অমুসারে কালগণনা হইত।' *

মিষ্টার এইস সি কের অমুবাদক্রমে বুঝা যায়,—'তাঁহাদের দারা অথবা তাঁহাদের অমুসরণে কালগণনা হয়।' মিষ্টার কে পূর্ব্বোক্ত অমুবাদের সঙ্গে সঙ্গে মস্তব্য প্রকাশ করেন,—গ্রন্থকারের (আল্বারুণির) মস্তব্য ত্র্ব্বোধ্য। কিন্তু গ্রন্থকারের উক্তির তাৎপর্যা এই বলিয়া মনে হয় যে,—গুপ্তরাজগণ যে 'কাল' ব্যবহার করিতেন, তাহাদের উচ্ছেদের পরও তাঁহাদের অমুসরণে সেইরূপ কাল-গণনা হইত, অথবা তাঁহাদের গণনা-পদ্ধতি তৎকালে সকলেই অমুসরণ করিত। কিন্তু 'যথন তাঁহাদের ধ্বংস সাধিত হয়' বলিতে সাধারণতঃ ধ্বংসের সময় হইতে গুপ্তকাল গণনা আরম্ভ হয়,—এইরূপ অর্থ ই মনে আসে। কে-র মতে শেষোক্ত ব্যাখ্যাই সমাটীন। †

মিষ্টার ব্লক্ষ্যানের মন্তব্যও সমস্থা-সমাধানের অনুকৃল নহে। তিনিও আল্বাকণির যে অনুবাদ করিয়াছেন, তাহাতেও সেই একই সংশয় রহিয়া গিয়াছে। আল্বাকণির মন্তব্যের অনুবাদে মিষ্টার ব্লক্ষ্যান বলিয়াছেন,—'গুগুকাল সম্বন্ধে এই বলা যায় যে,—তাঁহারা কুর-প্রকৃতিসম্পন্ন এবং শক্তিশালী ছিলেন। তাঁহাদের উচ্ছেদ-সাধনের সঙ্গে সঙ্গে তাঁহাদের অনুসরণে কালগণনা (অনু স্চনা) ইইয়াছিল।' ‡

- * মিষ্টার বেহাট্নেক (Mr. Rehatsek) যে অনুবাদ প্রকাশ করিয়াছেন, ভাষা এই, 'and (as regards) the Gupta Era it was, as is said, a nation wicked (and) strong; and when they perished, dating was made according to them.
- † মিষ্টার এইচ সি কে-র (Mr. H. C. Kay) মতে ঐ অংশের অর্থ, —"dating was made by (or according to) them." তার পর ি: কে মন্তব্য প্রকাশ করিয়াছেন,—"The author's meaning is not clear. But, taking the words as they stand, I think they can most consistently be understood as signifying an adoption or continuation of the method of dating that had been used by the Guptas." তার পরই আবার তিনি বলিয়াছেন,—The preceding words "when they came to an end' suggest the possible meaning that the dating ran from that event. But it seems to me that the construction can be properly preferred, only if there be something else in the context, or in the known facts of the case, that it would make it obligatory; or, at least, that clearly points to it."

 [মিষ্টার কে-র শেষোক্ত মন্তব্যে প্রেণাক্ত নিছাত্তে সংশ্র আনমূন করিয়াছে। তিনি যদি প্রথমোক্ত মন্তব্য ক্ষাৰ্থন সেখানেই ছইনা বাইত।
- ‡ মিষ্টার বুক্মানের অসুবাদ (Journal of the Asiatic Society of Bengal, Vol. XLIII, Part I, P. 368),—"as regards Gupta Kal, they were, as is related, a people wicked

আল্বারুণির মূল উক্তি।

যাহা হউক, কেন্দ্রিজ বিশ্ববিভালয়ের অধ্যাপক উইলিয়ম রাইট, আল্বারুণির যে অমুবাদ মিষ্টার ফ্লিটকে প্রদান করিয়াছিলেন, তাহাতে সমস্থার অনেকটা মীমাংসা হইয়াছে। আল্বারুণির গ্রন্থোক্ত সেই বিত্তামূলক অংশ,—

'ওয়া-আন্মা গুর্ংকাল ফা-থ্রে কমাথিনো থ্উমান্ আদ্রারন্ আক্থইয়া'এ
ফা-লাম্মা ইন্কারাড় উর্রিখা বিহিম। বোয়াকা আয়া ব্লব্ কান্ আথিরাহাম।
ফুইয়াউওয়ালা তারিথিহিম্ ঐলান মৃতা-আক্থির অন্ শ্গকাল ২৪১। ওয়াতারিথ
অল্-মুনাজ্জিমিন যতআক্থর অন্ শ্গ্কাল ৫৮৭। ফোর্হদ্হান্ সিমু তারিথ্ শ্রীহর্ষ
লি-সানাতি-না আলমুমাৎথাল বিহা ১৪৮৮ ওয়া তারিথ ব ক্রমাদং ১০৮৮ ওয়াসগ্কাল

৯৫৩ ওয়া-তারিখ্ বল্ব আলাধি হাওয়া এইদ্রান গুবিতাকাল ৭১২।"
অর্থাৎ,—গুপ্তকাল সম্বন্ধে কথিত হয়। এই বংশের সকলেই ক্রুরপ্রক্রতিসম্পন্ন এবং
শক্তিশালী। তাহাদের ধ্বংসাবসানে তাহাদের অনুসরণে কালগণনা করিত।...বল্লভীগণ

তাহাদের পরবর্ত্তী। স্কুতরাং তাহাদের অক শকাব্দের ২৪১ বংসর পরে গণনা হয়। জ্যোতির্বিদ্যাণের অক শকাব্দের ৫৮৭ বংসর পরে আরম্ভ। শফ্ দজিদের কাল ৪০০, শ্রীহর্বান্দ ১৪৮৮ এবং শুপ্ত ও বল্লভী সমসাময়িক। সেই যজুদজিদের কালই (৪০০) অক্তান্ত

কাল-গণনার মূল হত্ত। স্কৃতরাং শ্রীহর্ষান্দ যখন ১৪৮৮, বিক্রমান্দের তথন ১০৮৮, শকান্দের তথন ৯৫৩ এবং গুপ্ত ও বছান্তী অন্দের তথন ৭১২।

অধ্যাপক রাইটের মতে, 'উর্রিথা বিহিম' বাক্যাংশের বিবিধ অর্থ স্থচিত হইতে পারে। উহার অর্থ হয়—'তাহাদের কর্ত্বক গণনা আরম্ভ হয়', 'তাহাদের দারা গণনা-ক্রম নির্দিষ্ট হয়' এবং 'তাহাদের অনুসরণে জনসাধারণ গণনা আরম্ভ করে' ইত্যাদি। এই সকল অর্থে, প্রতিপন্ন হয়—যে বৎসর গুপ্ত-প্রাধান্ত বিলু র হয়, সেই বৎসর হইতে অথবা গুপ্তগণের ধ্বংসের ফলে, এই গুপ্তকালের স্থচনা হইরাছিল। কিন্তু ঐ অংশের প্রকৃত অর্থ এই যে,—গুপ্ত-নৃপতিগণ এমনই ক্রমতাশালী ছিলেন, তাঁহারা এমনই প্রভাবসম্পন্ন ছিলেন যে, তাঁহাদের ধ্বংসাবসানের পরেও, তাঁহাদের ব্যবহৃত কাল ব্যবহারে জনসাধারণ সময় নিরূপণ করিত।

এতৎপ্রসঙ্গে আর একটা বিষয় বিশেষ প্রণিধানযোগ্য। আল্বারুণির অমুবাদে এম রিণো, অধ্যাপক সাচৌ, অধ্যাপক রাইট প্রভৃতি সকলেই ৭১২ শকানে গুপ্তকালের প্রারম্ভ স্বীকার করিয়াছেন। তাঁহারা বলিয়াছেন,—বল্লভী অক্ত ঐ একই বৎসরে আরম্ভ হইয়াছে।

ইহাতে বুঝা যার,—আল্বারুণি বিভিন্ন নামে এক অভিন্ন কালের বা সংবতের উল্লেখ করিয়াছেন। স্থৃতরাং সে হিসাবে, এই আলোচ্য কালকে 'গুপ্ত-বল্লভী সংবং' বলা যাইতে পারে।

and powerful; and when they were cut off, it was dated in them (the era commenced)." বাহা হউক,—'it was dated in them' এই প্ৰথম বলিয়াই মি: বুক্ষান বলি নিরম্ভ হইতেন, তাহা হইলে বাকাংশে নানা অর্থের প্রচনা হইতে পারিত। কিন্তু 'the era commenced' এবদংশের সন্ধিবেশে সম্প্র পঞ্চ ইইছাছে, – স্পূর্ণ বিপরীত অর্থের প্রচনা করিয়াছে।

বিংশ পরিচ্ছেদ।

পাশ্চাত্য পণ্ডিতগণের গবেষণা।

স্টিনায় বক্তব্য ;—আচার-টীকার মস্তব্য ;—আচার-টীকার ক্লিটের অভিমত ;—অক্সান্ত মস্তব্য ।]

স্ট্রচনায় বক্তব্য।

গুপ্ত-বল্লভী সংবতের কাল নির্দেশে ফরাসী পণ্ডিত এম রিণোর অনুবাদই পণ্ডিতগণের আলোচনার প্রধান অবলম্বন। একণে দেখা যাউক, রিণোর অনুবাদকে মূল-স্ত্ররূপে ধরিরা দুইয়া পণ্ডিতগণ কিরপ সিদ্ধান্তে উপনীত হইয়াছেন।

এই আলোচনার স্টনায় পণ্ডিতগণ প্রথমতঃ নিয়রপ মন্তব্য স্থির করিয়া, ক্রমে তাহার নিরসনে অগ্রসর হইয়া থাকেন,—

রিণোর অমুবাদ অমুসারে, তিনটী সংখ্যার প্রতি সাধারণতঃ দৃষ্টি আরুষ্ট হয়। উহার কোনটী প্রকৃত গুপু-কাল নিরূপণে সহায়ক, প্রধানতঃ তাহাই বিবেচ্য। সে সংখ্যা তিনটী—
২৪০, ২৪১ ও ২৪২ গত সংবৎসর।

এই তিনটী সংখ্যার কোন্টী যে প্রক্ত, তাহা নির্দ্ধারণ করিতে হইলে লিপির এবং মূদ্রার প্রমাণের উপর নির্ভর করিতে হয়। প্রক্ত তপক্ষে, আল্বারুণি যে কাল বা অব্দের সন্ধান পাইয়াছিলেন,—তাহাতে গুপু এবং বল্লভী নগরের নাম সংশ্লিষ্ট ছিল, সন্দেহ নাই; আর সে অব্দ বা কাল-গণনা ৩১৯ খৃষ্টাব্দে অথবা তাহার এক বংসর পূর্বে অথবা এক বংসর পরে আরম্ভ হইয়াছিল, তাহাও নিংসন্দেহ। অপিচ, সে কাল—গুপ্থ-কাল, বল্লভী-কাল অথবা গুপ্থ-বল্লভী-কাল নামে অভিহিত হইত।

আলোচ্য-কাল যে বহলভীদিগের সহিত সংশ্লিষ্ট ছিল, আন্হিলবরার চালুক্য রাজ আর্জুনদেবের ভারওয়াল লিপি হইতে সে প্রমাণ গাওরা যায়। সেই লিপিতে কাল-গণনা সম্বন্ধে বহলভী সংবৎ ১৪৫ দৃষ্ট হয়। আর সে স্থলে বিক্রম-সংবৎ ১৩২০ উল্লিখিত আছে। খৃষ্টীর ১২৬৩ অন্দের এবং হিজিরা ৬৬২ অন্দের সহিত তাহা অভিন্ন প্রতিপন্ন হয়। সে হিসাবে ১২৬৩ খৃষ্টান্দের ৪ঠা নবেম্বর হইতে ১২৬৪ খৃষ্টান্দের ২৩ অক্টোবরের মধ্যে ঐ কাল বা অন্দ নির্মণিত হটয়া থাকে। *

পাশ্চাত্য পণ্ডিতগণের এই দিদ্ধান্ত দর্মবাদিসমত-রূপে পরিগৃহীত হয় বটে; কিন্তু গুপ্তকাল যে গুপ্ত-রাজগণের উচ্ছেদের পর হইতে আরম্ভ হইয়াছিল, তাহা কেহই স্বীকার করেন না।

^{*} Indian Eras, P. 126.

মি জে কাশুসন আল্বাকণির উক্তি সমর্থন করেন। শক-সংবৎও যে শকদিগের ধ্বংসের পর হইতে আরম্ভ হইয়ছিল, ফাশুসনের সিদ্ধান্তে তাহাও প্রতিপন্ন হয়। ফাশুসানের মতে, ৩১৮ খৃষ্টান্দে শুপ্তগণ সিংহাসন প্রাপ্ত হন; আর সেই সময় হইতেই শুপ্তকাল-গণনার আরম্ভ হয়। তিনি আরপ্ত বলেন,—শুপ্তবংশীয় কোনও রাজার সিংহাসন প্রাপ্তির সময় হইতেই প্রকাল-গণনার স্চনা হইয়াছিল; নচেৎ, এ কাল-গণনার মূলে কোনও বিশিষ্ট ঐতিহাসিক ঘটনার সময়ও করনা করা যায় না। শুপ্তকাল-গণনা-প্রসঙ্গে ফাশুসন এইরপ আরপ্ত আনেক বিষয় উল্লেখ করিয়া থাকেন।

আর এক শ্রেণীর প্রত্নতত্ত্ববিৎ ৩১৮ খৃষ্টান্দ হইতে গুপ্তকালের প্রারম্ভ সিদ্ধান্ত করেন। তাঁহাদের প্রধান অবলম্বন—অর্জুনদেবের লিপি। সেই লিপি অমুসারে বল্লভী-সংবৎকে মূল-স্ত্র ধরিয়া, তাঁহারা বলেন,—গুপ্তবংশের উচ্ছেদ হইতে গুপ্তকাল গণনার স্ক্রপাত হয়।

তাঁহাদের নতে,—গুপ্ত-সংবৎ এবং বল্লভী-সংবৎ পরম্পর বিভিন্ন; অপিচ, গুপ্ত-বংশের উচ্ছেদ-সাধনের পর সে বল্লভী-সংবৎ আরম্ভ হয়। সে হিসাবে, তাঁহারা এক স্বতন্ত্র কালের সন্ধান করেন। তৎপক্ষে তাঁহারা প্রথমে গুপ্ত-কাল এবং বল্লভী-কাল—উভয়ের স্বাতন্ত্র সিদ্ধাস্ত করিয়া লন। পরে গুপ্ত-বংশের অভ্যুদয়কাল ১ গুপ্তান্দ ধরিয়া লন এবং পরিশেষে আলোচ্য গুপ্ত-কালের স্কচনায় আর একটা কালের অস্তিত্ব কল্পনা করেন।

ফরাদী-পণ্ডিত রিণোর অমুবাদের অমুবর্ত্তী থাঁহারা, তাঁহারাই এই পদ্ধতির প্রধান পরিপোষক। তাঁহাদের মধ্যে আবার মিঃ ই টমাদ সবিশেষ প্রদিদ্ধ। তাঁহার মতে গুপ্ত-সংবং ও শক-সংবং পরস্পর অভিন্ন; ৭৭-৭৪ পূর্ব্ব-খৃষ্টাদে উহার আরম্ভ ১

আচার-টীকার মন্তব্য।

কৈনংশ্প্রান্থ 'আচারাঙ্গ-স্ত্রের' 'আচারটীকায়' শীলাচার্য্য গুপুকাল ও বল্লভী-কাল সম্বন্ধে আলোচনা করিয়াছিলেন। সে আলোচনায় যে বিষম গগুগোলের সৃষ্টি হইয়াছে, পূর্ব্বেই তাহা উল্লেখ করিয়াছি। ডক্টর ভগবানলাল ইন্দ্রাজির নিকট হইতে ১৮৮০ খৃষ্টান্দে জেমদ প্রিন্দোপ সেই বিবরণ প্রাপ্ত হন। 'আচারটীকা' তিন শত বৎসর পূর্ব্বের রচনা বলিয়া তাঁহার নিকট প্রতীত হয়। সেই 'আচারটীকার' প্রথম অংশে লিখিত আছে,—

"দাসপ্রত্যধিকের হি শতের সপ্তর গতের গুপ্তানাম। সংবৎসরের মাসি চ ভাত্রপদে শুক্রপঞ্চমাং॥
শীলাচার্য্যেণ ক্বন্ধা গন্ধুতায়াম্ স্থিতেন তিঠের।
সম্যন্ত্রপ্রক্তা শোধ্যা মাৎস্য্যাভিনাক্তরার্য্য॥"

এই অংশ হইতে সপ্রমাণ হয়,—তথন ৭৭২ গুপ্ত-সংবৎ অতীত হইয়াছে। ভাদ্রপদ-মাসের শুক্রপক্ষের পঞ্চমী তিথিতে, গস্থৃতা বা কাম্বে প্রদেশে, শিলাদিত্য টীকার পূর্ব্বোক্ত অংশ সম্পূর্ণ করেন। গ্রন্থের উপসংস্থার-ভাগে ভাহার বিজ্ঞাপক নিমোদ্ধত অংশ সনিবিষ্ট হইয়াছে; যথা,—

> "শকনৃপকালাতীতসম্বংসরশতের সপ্তর্ অষ্টানবত্যাধিকেষু বৈশাখন্তরপঞ্চম্যাং আচারটীকা ক্বত ইতি বা সংবং॥"

এতদম্সারে শক-সংবৎ ৭৯৮ গতান্দে, বৈশাখ মাসের গুরুপঞ্চমী তিথিতে, টীকা সম্পূর্ণ হইয়াছিল। পূর্ব্বোক্ত অংশদ্বয়ের আলোচনায় প্রতীত হয়, শীলাচার্য্য গুপ্ত ও শক কালদ্বয়কে অভিন্ন প্রতিপন্ন করিয়াছেন। কিন্তু শীলাচার্য্যের এই সিদ্ধান্ত—প্রত্নত্তব্বিদ্যান্তার নিকট লমসন্থল প্রতিপন্ন হয়। তাই শীলাচার্য্যের বিভ্যমানতার বিষয় তাঁহাদের প্রথম ও প্রধান আলোচ্য মধ্যে পরিগণিত হইয়াছে।

৭৭২—৭৯৮ গুপ্ত-সংবতের (১০৯২—১১১৮ খৃষ্টাব্দের) অথবা ৭৭২—৭৯৮ শক-সংবতের (৪৫০—৮৭৬ খৃষ্টাব্দের) মধ্যে 'আচার টীকা' রচিত হইয়াছিল কিনা,—দে প্রসঙ্গে পণ্ডিতগণ তাহার বিচারেও প্রবৃত্ত হন। কাহারও মতে, তথন গুজরাটে বা কাথিয়াবাড়ে, একমাত্র রাষ্ট্রক্ট-বংশীয় গুজরাট শাথার নৃপতিগণ শক-সংবৎ ব্যবহার করিতেন। অস্তান্তের কাল-গণনা পদ্ধতি স্বতর ছিল।

স্থৃতরাং গুপ্তকাল হিসাবে গণনা করিলে শীলাচার্য্যের বিশ্বমান-কাল প্রাপ্ত হওয়া যাইবে। কাশ্মীরের রাজা দিতীয় দাদের উমিতা ও ইলাও দানপত্রলিপি অনুসারে ৪০০ এবং ৪১৭ শক-সংবতের মধ্যে শীলাচার্য্যের বিশ্বমান-কাল নির্দ্ধিষ্ট হয়।

'আচারটাকা' হইতে উদ্ধৃত অংশের একটা বিশেষত্ব লক্ষ্য হয়। সে বিশেষত্ব—শীলাচার্য্যের সময়েও বল্লভী বা গুপুকালের স্মৃতি। মনে হয়, বল্লভী-বংশের রাজ্বগণই সে 'কালের' ব্যবহার করিতেন। কিন্তু আদিতে গুপুরাজ্বগণই তাহার প্রবর্ত্তক। তাঁহারাই কাথিয়াবাড় ও গুজরাট অঞ্চলে 'বল্লভী-সংবং' অভিধায়ে গুপু-কালের প্রবর্ত্তনা করেন।

আচার-টীকায় ফ্রিটের অভিমত।

জেনারেল শুর আলেকজাণ্ডার কানিংহাম ১৬৬—৬৭ খৃষ্টান্দে এবং শুর ই ক্লাইব বেইলি ১৯০—৯১ খৃষ্টান্দে গুপ্ত-কালেব স্থচনা স্বীকার করেন। ফার্গু সনের মতে ৩১৮—৩১৯ খৃষ্টান্দে গুপ্ত-সংবতের স্থচনা এবং ৩১৯-৩২০ খৃষ্টান্দ হইতে উহার গণনা আরম্ভ।

১৮৬৪ খৃষ্টাব্দে ডক্টর ভাউদাজি আলোচনায় প্রবৃত্ত হন। তিনি জ্যোতিষ-গ্রন্থের গণনা-পদ্ধতির অনুসরণে গুপ্তকাল নিরূপণের এক ধারা নির্দেশ করিয়া দেন। ভাছাতে শক-সংবতের এবং গুপ্ত-কালের মধ্যে প্রায় ২৪০ বৎসরের পার্থক্য দাঁড়ায়। ফার্গুসনের দিদ্ধান্ত—ভাউদাজীর দিদ্ধান্তের অনুবর্তী। ফার্গুসনের গণনায় প্রায় এক বৎসরের পার্থক্য দাঁড়াইয়া বায়।

দক্ষিণ-ভারতের প্রচলিত গণনা পদ্ধতি অনুসারে ১ শক-সংবৎসরে (৭৮-৭৯) বৌধারন সম্বৎসরের আরম্ভ। সে হিসাবে যথন শক-সংবৎ ২৪১ (৩১৮—৩১৯ খুষ্টাক্ষ) তথন বৌধারন-সংবৎসরেরও ২৪১ বৎসর কাল-পরিমাণ নির্দিষ্ট হয়।

এইরপ গণনায় ফাগুর্সনের সিদ্ধান্তের প্রমাণ কতকাংশে সমর্থিত হইতে পারে বটে; বিশ্ব মিষ্টার ফ্লিটের সিদ্ধান্তে ৩১৯—২০ খৃষ্টান্দে গুপ্ত-কালের প্রারম্ভ স্থাচিত হয়। অপিচ, শক-সংবৎ ২৪১ এবং গুপ্ত-কাল ২৪১ অভিন্ন নহে। মিষ্টার ফাগুর্সন যে ভিত্তির উপর নির্ভর করিয়াছেন, দক্ষিণ-ভারতীয় সেই গণনা-পদ্ধতিই তাঁহার মস্তব্যের পরিপন্থী। তদ্বিষ পরে প্রদর্শিত হইবে। তার পর রাষ্ট্রক্ট-রাজ তৃতীয় গোবিন্দের 'ওয়ানি-লিপি' হইতেই সপ্রমাণ হয়,—৭৩০ শক সংবতে 'বায়া সংবৎসরের' বৈশাখ মাসের পূর্ণিমা তিথি (ইংরেজি এপ্রিল-মে) পড়ে। এতদ্তির তৃতীয় গোবিন্দের রাধনপুর লিপি হইতে বুঝা যায়,—সেই শক-সংবতেই 'সর্বজিং' সম্বংসরের শ্রাবণ মাসের (জুলাই-আগষ্ট) অমাবস্তা তিথি। এ হিসাবেও ফার্গু সনের সিদ্ধান্ত তিষ্ঠিতে পারে না। যাহা হউক, দক্ষিণ ভারতের এই গণনা-পদ্ধতিও যে অল্রান্ত নহে, নানাভাবে তাহা সপ্রমাণ হয়। *

গুপ্ত-সমাট-গণের যে সকল অফুশাসনাদি আবিষ্কৃত হইয়াছে, তাহার অধিকাংশ লিপিতেই কোনও গণনাঙ্কের উল্লেখ নাই। স্থতরাং কালনির্দেশক বিশিষ্ট কোনও প্রমাণ না থাকায়, গুপ্ত-গণের কাল-নির্দ্রপণে এইরূপ বিবিধ সমস্তার উদয় হইয়াছে।

অক্সান্ত মন্তব্য ।

সর্বপ্রথম ক্ষেম্ প্রিন্সেপ কাহাউম স্তম্ভ-গাত্রে উৎকীর্ণ স্কল-গুপ্তের লিপিতে ১৩৩ অন্ন দেখিতে পান। তিনি সিদ্ধাস্ত করেন,—ক্ষল-গুপ্তের লোকাস্তরের ১৩৩ বংসর পরে উক্ত কাহাউম লিপি উৎকীর্ণ হইয়াছিল। † পূর্ব্বোক্ত কাহাউম স্তম্ভলিপির অংশবিশেষে "ক্ষলগুপ্তশু শান্তিবর্ষে ত্রিংশদশৈকোত্তরকে শততমে জ্যৈটে মাসি প্রপল্লে" এবন্ধিধ উক্তি পরিদৃষ্ট হয়।

লিপির অন্তর্গত 'শান্তি বর্ষে' পদদ্বয় হইতে প্রিন্সেপ উদ্ধৃত অংশের অর্থ নিম্পন্ন করিয়াছেন,— 'স্কন্দ-গুপ্তের পরলোক-গমনের ১৩৩ বৎসর পরে।' কিন্তু মিষ্টার ফ্লিটের মতে উহার অর্থ অন্তর্ধপ। তিনি বলেন,—'শান্তি' ছলে পাঠ হইবে—'শান্তেঃ'; আর তাহা হইতে ঐ অংশের অর্থ হইবে.—'স্কন্দ-গুপ্তের শান্তিময় রাজত্বের ১৩৩ বৎসরে'। ‡

এক হিসাবে স্কলগুপ্তই গুপ্ত-বংশের শেষ প্রতাপশালী সমাট। জেমদ্ প্রিলেপের পূর্ব্বোক্ত পাঠের অনুসরণে, স্কল-গুপ্তের মৃত্যুর পর হইতেই যে গুপ্ত-প্রভূত্বের অবসান হয় এবং তথন হইতেই যে গুপ্ত সংবতের প্রারম্ভ স্চনা—এই সিদ্ধান্তই আসিয়া পড়ে। ফরাসী পণ্ডিত রিণোর সিদ্ধান্ত বর্ত্তমান প্রসঙ্গের স্চনায়ই প্রকাশ করিয়াছি।

- * Journal of the Asiatic Society of Bengal, Vol VII.
- † Indian Antiquary. Vol. VII. and Vol. XIII; Journal of the Bombay Branch of the Royal Asiatic Society. V.I. VIII and Indian Antiquary, vol. xv.— প্রভৃতিতে ভাউদাজির গবেৰণাপূর্ব প্রবন্ধ প্রকাণিত হয়। ভাহাতে ভিনি নিয়ন্ত্রপ মন্তবা শকাশ করেন; বধা, "I have a Jaina manuscript which is dated in the 72nd year of the Guptakala; but unfortunately the corresponding Vikrama or Salivahana year is not given; nor is it possible at present to ascertain the exact date of the author from other sources."
 - ‡ Journal of the Asiatic Society of Bengal, Vol. LIII.

একবিংশ পরিচ্ছেদ

পা•চাত্য-মতে গুপ্ত-কাল।

ি টমানের সিদ্ধান্ত;—টমানের মতের আলোচনা;—কানিংহামের অভিমত;—জ্লিয়ানের বক্তব্য;—হুয়েন-সাঙের মন্তব্য-প্রসঙ্গে বহলবীগণের পরিচয়;—ফার্গু সনের সিদ্ধান্ত;—ভাউদাঙ্গীর অভিমত;—অস্থান্ত আলোচনাকারী;—ডক্টর হলের মন্তব্য;—নিউটনের সিদ্ধান্ত;—ওয়াটসনের বক্তব্য;—ডক্টর বৃলারের সিদ্ধান্ত;—হুর্ণেলের সিদ্ধান্ত;—বিলির মন্তব্য;—প্রাচ্যদেশীয় পণ্ডিতগণের অভিমত;—কাল-নিরূপণে মান্দাসোর লিপি;—বিবিধ বক্তব্য।

টমাসের মন্তব্য।

১৮৪৮ খৃষ্টান্দে নিষ্টার টমাস, সৌরাষ্ট্রের বা কাথিয়াবাড়ের 'সা'-নূপতিগণের বংশালোচনায় প্রায়ৃত হন। সেই উপলক্ষে গুগু-রাজগণের বংশালোচনার আবশুক হইয়া পড়ে। তিনি তখন আল্বাক্রণির উক্তি সম্বন্ধে ফরাসী পণ্ডিত এম রিণোর অনুবাদ প্রামাণ্য বলিয়া গ্রহণ করেন।

রিণাের অনুবাদের অনুবর্তনে তিনি এক সিদ্ধান্তে উপনীত হন। সে পক্ষে তিনি যে প্রমাণ-পরম্পরা সংগ্রহ করেন, তন্মধ্যে ১৪৫ বহলবী-সংবতে উৎকীর্ণ বেরাবেল লিপির বল্লভী-কাল এবং আলবরুণির গুপ্তকাল বিশেষ উল্লেখনােগ্য।

পূর্ব্বোক্ত ত্রিবিধ প্রমাণের তুলনায় সমালোচনা করিয়া, টমাস নিম্নন্ত সিদ্ধান্ত করেন,—

- (১) বল্লভী-রাজ গুহসেন কর্তৃক ৩১৯ খৃষ্টান্দে বল্লভী অন্দ প্রভিন্তিত হয়। তাঁহার রাজ্য-প্রাপ্তির সময় হইতে অথবা তাঁহাদের রাজত্বের বিশেষ কোনও ঘটনা অবলম্বনে ঐ কাশ-গণনা আরম্ভ হইয়াছিল।
- (২) এলাহাবাদ, জুনাগড় এবং বিথারি লিপি-সমূহে যে গুপ্ত-রাজগণের উল্লেখ আছে, সেই গুপ্তগণ এবং পূর্ব্বোক্ত (আলোচ্য) গুপ্ত-রাজগণ অভিন্ন। ৩১৯ খৃষ্টাব্দের অব্যবহিত পূর্ব্বে তাঁহাদের রাজ্যকাল আরম্ভ হয়।
- (৩) খৃষ্টীয় চতুর্থ শতাকীর শেষভাগ পর্যান্ত সিন্ধুর পশ্চিম তীরবর্ত্তী ভূভাগে শকদিগের আধিপত্যের নিদর্শন বিশ্বমান থাকিলেও সৌরাষ্ট্রের 'ইন্দোসিদীয়' বা শক-নৃপতিগণের পরেই তৎপ্রদেশে গুগু-রাম্বগণের অভ্যুদয় হয়।
 - (৪) পূর্ব্বোক্ত সেই সা-রাজগণ 'ইন্দো-সিদীয়' শকনৃপতিদিগেরও পূর্ব্ববর্ত্তী।

মিষ্টার টমাসের প্রাদত্ত বংশলতায় ১৫৭ পূর্ব্ব-খৃষ্টাব্দের পূর্ব্বে সা-রাজগণের নাম পরিদৃষ্ট হয়। তন্মধ্যে বর্ষের পুত্র ঈশ্বরদত্ত অন্ততম। তাঁহার পর আরও তের জন সা-রাজার নাম সন্মিবিষ্ট আছে। সেই সা-রাজগণের মূদ্রার কাল—খৃষ্টীয় চতুর্থ শতান্দীতে নির্দিষ্ট হয়। আল্বাক্ণির মতে, ৪৫৭ খৃষ্টান্দে হর্ষের অব্দ আরম্ভ হয়। মিষ্টার টমাস, পূর্ব্বোক্ত সা-রাজ বর্ষের প্রবর্ত্তিত অব্দকে ৪৫৭ পূর্ব্ব-খৃষ্টান্দ হইতে গণনা করিয়া বর্ষকে হর্ষের সহিত অভিন প্রতিপাদনের প্রায়াস পাইয়াছেন। সা-রাজগণের যে তের জন নৃপতির বিষয় পূর্ব্বে উল্লেখ করিয়াছি, টমাসের মতে ১৫৭ পূর্ব্ব-খৃষ্টান্দ হইতে ৫৭ পূর্ব্ব-খৃষ্টান্দের মধ্যে তাঁহান্দের বিজ্ঞমানতা স্থিরীকৃত হয়। তার পরই ইন্দো-সিদায় বা শকগণের প্রসঙ্গ।

টমাদের মতে শকদিগের অভ্যুদয় হয়—২৬ পূর্ব্ব-খৃষ্টান্দে। তাহাদের পর গুপ্ত-সম্রাটগণের প্রাধান্ত। গুপ্ত-গণের পর বল্লভীগণ। ৩১৯ খৃষ্টান্দে বহলভীদিগের অন্দ গণনার স্থচনা। মিষ্টার টমাস সে তালিকায় গুপ্ত-নুপতিগণের কোনও কাল-নির্দ্ধেশ করেন নাই। কিন্ত তাহা হইলেও তিনি অন্তত্র বলিয়াছেন যে,—গুপ্ত এবং বহলভী লিপি সমূহে যে কাল সন্নিবিষ্ট, শকান্দের সহিত তাহার সম্বন্ধ অতি নিকট। মিষ্টার টমাস, লিপির কাল নিরূপণের সঙ্গে শকান্দের কাল পরিমাণ্ড নির্দেশ করিয়াছেন।

টমাসের মতের আলোচনা।

একণে দেখা যাউক,—মিষ্টার টমাসের পূর্কোক্ত মন্তব্য হইতে আমরা কি সিদ্ধান্তে উপনীত হই। সেই মন্তব্যে প্রথমতঃ বহলভী-বংশীয় নৃপতিগণের গুপ্ত-কাল-ব্যবহারের নিদর্শন প্রাপ্ত হই। বুঝিতে পারি,—বহলভীগণ গুপ্ত-বংশের ধ্বংস-সাধনের পর, সেই ঘটনাকে মূল ভিত্তি-স্বরূপ গ্রহণ করিয়া, আপনাদের অন্ধ-গণনার ধারা নির্দেশ করিয়া লইয়াছিলেন। আর বুঝিতে পারি,—বহলভীগণ তাঁহাদের প্রতিষ্ঠিত সংবতের পরিবর্তে, সেই নবনির্বাচিত অন্ধই গণনাক্ষে ব্যবহার করিতেন। আরও বুঝিতে পরি,—৩১৯ খৃষ্টান্দ হইতে তাঁহাদের সেই কাল-গণনা আরম্ভ হইয়াছিল।

মিষ্টার টমাসের উক্তি হইতে আরও একটা বিষয় বিশেষভাবে উপলব্ধ হয়। সে বিষয়টা এই, —আল্বাক্ণির অনুসরণে তিনি স্থির করিয়াছেন,—বিক্রমাদিত্য যথন সিদীয় বা শক নৃপতিকে পরাজিত করেন, সেই ঘটনা হইতে শক সংবৎ গণনা আরম্ভ হয়। শক-বিজয়ী বিক্রমাদিত্য এবং বিক্রম-সংবৎ-প্রতিষ্ঠাতা বিক্রমাদিত্য, আল্বাক্ণির মতে, স্বতন্ত্র ব্যক্তি।

মিষ্টার টমাস এই সিদ্ধান্তের অনুসরণে, মেজর কিটোর মস্তব্য উদ্ধৃত করিয়াছেন। কিটোর মস্তব্যও কৌতূহল-জনক। ১৬০ গুপ্তান্দে মহারাজা হস্তিন্ একথানি তাম্রফলক উৎকীর্ণ করেন। সেই তাম-ফলকের আলোচনায়, মহারাজা হস্তিনের এবং দাক্ষিণাত্যের ভেঙ্গী-জন-পদের রাজা হস্তিবর্মাণের অভিন্নতার বিষয় কিটো উপলব্ধি করেন। সে সম্বন্ধে তিনি কর্ণেল সাইক্সের নিকট কয়েকটী মস্তব্য প্রকাশ করিয়াছিলেন। মিষ্টার টমাস আপনার সিদ্ধান্তের সমর্থনে মেজর কিটোর সেই মস্তব্যের প্রামাণ্য গ্রহণ করিয়াছেন।

তাম্র-ফলকের প্রথমেই আছে,—''স্বস্তি ত্রিষ্ট্যন্তরেহন্দ শতে গুপ্ত-নূপরাজভুক্তৌ মহাশ্বযুজ-সম্বংসরে চৈত্রমাসগুক্লপক্ষদ্বিতীয়ামস্তান্দিবসপূর্ব্বায়াং'' ইত্যাদি। * পণ্ডিতগণ অর্থ করেন,—

^{*} হাজনের ভাত্রফলকে উল্লেখত কাল স্থকেও পাত্তগণের মতাতার পার্দৃষ্ট হয়। জেনারেল কানিংহাম বলেন,—শিলীর অমবশতঃ ১৭০ ছলে ১৬৩ লিখিত হইয়াছে। মহারাল হতিবের আর একধানি ভাত্রফলকে পুঃ—ই।৮শ—২৩

সমূদ্ৰ-গুপ্তের রাজ্য-সময়ে গুপ্ত-বংশের রাজ্যকালের ১৬৩ বংসর গত হইরাছিল' ইত্যাদি। গুপ্তগণ যে দিতীয় শতাব্দী হইতে পঞ্চম শতাব্দী পর্যান্ত প্রতিষ্ঠান্বিত ছিলেন, এতদ্বারা তাহাই সপ্রমাণ হয়।

কিন্ত এ দিদ্ধান্তও অল্রান্ত নহে, তাহা সহজেই প্রতিপন্ন হয়। মিষ্টার টমাস চক্রপ্তথ নামক জনৈক রাজার ১৭২ খুষ্টাব্দে রাজ্য-প্রাপ্তির উল্লেখ করিয়াছেন। সেই চক্রপ্তথ ৯০ গুপ্ত-সংবতে বিছমান ছিলেন, সপ্রমাণ হয়। সে হিসাবে তাঁহাকে সমুদ্রগুপ্তের পিতা অথবা পুত্র রূপে নির্দেশ করা ঘাইতে পারে।

তার পর, ১৮৫৫ খৃষ্টাব্দে, মিষ্টার টমাস গুপ্তকাল সম্বন্ধে একটা প্রবন্ধ প্রকাশ করেন। তাহাতে গুপ্তকাল সম্বন্ধে বিশেষ কোনও তথ্য নির্ণীত হয় নাই। পরে ১৮৫৮ খৃষ্টাব্দে তিনিজেমস্ প্রিক্ষেপের কতকগুলি প্রবন্ধ, 'ভারতীয় প্রত্নত্তব্বিষয়ক প্রবন্ধ-সমূহ' (Essays on Indian Antiquities) নাম দিয়া প্রকাশ করেন।

হিন্দুদিগের কাল-গণনা প্রসঙ্গে মিষ্টার প্রিন্সেপ তাহাতে বল্লভী-সংবতের একটা কালের উল্লেখ করেন। তদমুসারে টমাস ৩১৮ খৃষ্টান্দে গুপ্ত-কালের স্থচনা সিদ্ধান্ত করিয়া লন। এ পক্ষে তখন সোমপার্থপত্তন বা ভারওয়াল লিপিই তাঁহার প্রধান অবলম্বন হয়। কথিত হয়, ৯৪৫ বহলবী অন্দে ঐ লিপি উৎকীর্ণ হইয়াছিল। কিন্তু কোন্ সময় হইতে সে কাল-গণনা আরম্ভ হয়, তৎসম্বন্ধে টমাস কোনও মন্তব্য প্রকাশ করেন নাই।

মিষ্টার টমাস, প্রিন্সেপের এই সিদ্ধান্তের প্রতিবাদ করেন। আপনার মত প্রতিষ্ঠার জন্ত, টমাস গুপুকাল এবং শক-সংবৎকে পরস্পার সম্বন্ধযুক্ত বলিরা প্রতিপন্ন করেন। অধ্যাপক লাসেনের মতের অকুসরণে টমাস এ সম্বন্ধে এক অভিনব সিদ্ধান্তে উপনীত হন। সে মতে, ১৫০ খৃষ্টাক্ব ইইতে ১৬০ খৃষ্টাক্বের মধ্যে গুপ্ত-নুপতিগণের অভ্যুদয়-কাল স্থির হইরা যায়।

১৮৭৬ টমাস খৃষ্টাব্দে পুনরায় সা ও গুপ্ত নৃপতিগণের মুদ্রা আলোচনা করেন। সে সম্বন্ধে তাঁহার এক প্রবন্ধ প্রকাশিত হয়। প্রসঙ্গক্রমে সেই প্রবন্ধে তিনি কর্ণেল ওয়াটসনের মতের প্রতিবাদ করেন। সেই প্রতিবাদ উপলক্ষে টমাস গুপ্ত-নৃপতিদিগের এক তালিকা সন্নিবিষ্ট করিয়াছিলেন। তাহাতে 'গুপ্ত-কাল'—শক-কালের অন্তনির্বিষ্ট হইয়া পড়ে। আর সেই হিসাবে, অর্থাৎ গুপ্ত-কালকে শককালের অন্তর্জ করিয়া লইয়া, ১৮২ অনে তোরামানের মুদ্রার কাল স্থির করেন। এইরূপে আলোচনা প্রসঙ্গে তিনি জনশ্রুতিও বাদ দেন না।

সর্কবিধ প্রমাণে তিনি পরিশেষে স্থির করেন,—স্কলগুণ্ডের পরলোক-গমনের ছই বৎসর পূর্বের, বল্পভী-বংশের প্রতিষ্ঠাতা সেনাপতি ভট্টারক জীবিত ছিলেন। প্রসঙ্গতঃ সেনাপতি ভট্টারকের নামোল্লেথের কারণ মনে হয়—তিনি বল্লভী-কালের প্রবর্ত্তক বলিয়া। যাহা হউক, এইরূপে টমাসের সিদ্ধান্তে প্রতিপন্ন হয়,—৩১৯ খুষ্টাব্দে বল্লভী-সংবতের প্রারম্ভ-হ্চনা, জার মহারাজা দিতীয় দর্শসেন সেই সংবৎ প্রবর্ত্তিত করিয়াছিলেন।

মহাবৈশাথ ১৫৬ বৰ্ব লিখিত আছে। তাহা হইতে প্ৰত্নতৰ্বিকাশ সিদ্ধান্ত করেন, ১৬০ মহামাৰ্গশীৰ্ব, আর সহাযবুল ১৭০ হওৱাই সন্তব্পর । Archæological Survey of India, Vol. IX, and Vol. X. and also Indian Antiquary, Vol. XI.

১৮৮১ খৃষ্টান্দে গুপ্ত-কাল সম্বন্ধে টমানের আর একটা প্রবন্ধ প্রকাশিত হয়। পূর্ব্বে তিনি
সিদ্ধান্ত করিয়াছিলেন,—৪৫৬ খৃষ্টান্দে হর্ম-সংবতের প্রারন্তে সা-বংশীয় নৃপতিগণের মুদ্রাসমূহ
প্রবর্ত্তিত হইয়াছিল। এইবার তাঁহার সে মত পরিবর্ত্তিত হইল। তখন তিনি মিষ্টার নিউটনের
সিদ্ধান্তের অনুসরণে স্থির করিলেন,—৫৭ পূর্ব্ব-খৃষ্টান্দে, বিক্রম সংবতে, সা-দিগের মুদ্রা প্রবর্ত্তিত
হইয়াছিল। কিন্তু গুপ্ত-কাল বিষয়ে তখনও তাঁহার মত-পরিবর্তন হয় না। তখনও তাঁহার
সিদ্ধান্ত—গুপ্ত-সংবত এবং শক-সংবৎ পরম্পর অভিন্ন।

আলোচ্য প্রবন্ধে মিষ্টার টমাস আল্বারুণির গ্রন্থ হইতে আরও কয়েকটা অংশ উদ্ধার করেন। তাহাতে বুঝা ধার,—আলেকজাগুারের এবং 'যজ্দজিদ বেন সারিয়ার' প্রভৃতির পরলোকগমনকাল হইতে কতকগুলি অন্ধ প্রচলিত হইয়াছিল। আল্বারুণি গুপু-সংবতের কাল-নির্দেশে, সেই অন্ধ-সমূহের কাল-নিরূপণ পদ্ধতি অবলম্বন করেন; আর তাহারই ফলে গুপু দিগের উচ্ছেদ-সাধনের সময় হইতে গুপু-কাল-প্রবর্তনার বিষয় সিদ্ধান্ত করিয়া লন।

এতৎপ্রসঙ্গে টমাস আরও বলেন,—কাবুলের শৈলপতি, সামস্তদেব, খদভবক এবং কামদেব প্রভৃতির মুদ্রার বিপরীত দিকে অশ্বমুগু অন্ধিত আছে। সেই অশ্বমুগুরুর সন্মুখভাগে 'গু' 'গুপ' ও 'গুপু' প্রভৃতি শব্দ সন্নিনিষ্ট। সেই সকল সঙ্গেত অনুসরণে গণনা করিলে, ৬১৭ অবদ গুপু-কাল নির্দ্ধিষ্ট হইতে পারে।

আলোচনা প্রদক্ষে টমান প্রথমতঃ ৯০৫ খৃষ্টাব্দে সামস্তদেবের রাজ্যপ্রাপ্তিকাল স্থির করেন; এবং দেই মূল অবলম্বন করিয়া গুপ্ত-বংশের উচ্ছেদে গুপ্ত-কাল-গণলার প্রারম্ভ দিদ্ধান্ত করিয়া লন। বলা বাহুল্য, টমাসের এ দিদ্ধান্ত পরিগৃহীত হয় নাই। তাঁহার পরিগৃহীত পন্থা যে প্রমাদপূর্ণ, পরবর্তী আলোচনায় তাহা প্রতিপন্ন হইবে।

কানিংহামের অভিমত।

১৮৫৪ খৃষ্টান্দে জেনারেল কানিংহাম ভিল্সার বৌদ্ধ ভূপ সম্বন্ধে একথানি স্বর্হৎ গ্রন্থ প্রকাশ করেন। সেই গ্রন্থে তিনি একটা বিষয়ের প্রতি সাধারণের দৃষ্টি আকর্ষণ করিয়াছিলেন। তিনি বলেন,—আল্বাক্ষণি প্রায় তিন ছলে 'গুপ্ত-সংবং' এবং 'বহলভী সংবং' অভিন্ন বলিয়া নির্দেশ করিয়াছেন, এবং সর্ব্বেত্রই ঐ সংবতের ৩১৯ খৃষ্টান্দে প্রারম্ভের স্কানা স্বীকার করিয়া গিয়াছেন। কানিংহাম তাই সিদ্ধান্ত করিয়াছেন,—৩১৯ খৃষ্টান্দে গুপ্ত-কাল আরম্ভ হইয়াছিল।

রিণোর মতে গুপুদিগের ধ্বংসের সঙ্গে সঙ্গে গুপু-কালের আরম্ভ। সম্ভবতঃ রিণোর অমুবাদ ঠিক নহে। যদি রিণোর অমুবাদ অভ্রাম্ভ হয়, তাহা হইলে বলিতে হইবে,— আল্বাকণি নিশ্চয়ই ভ্রমে পতিত হইয়াছিলেন। কারণ, আমরা নিশ্চয় জানি, গুপুগণ খৃষ্টীয় পঞ্চ এবং ষষ্ঠ শতাকীতে রাজ্য করিতেছিলেন।

কানিংহাম আরও বলেন,—সেলিউকসের সিরীয়া রাজ্য প্রতিষ্ঠার সময় হইতেই সেলিউ-কাসের অন্ধ আরম্ভ হয়। খৃষ্ট-ধর্ম্মের প্রতিষ্ঠা হইতেই খৃষ্টান্দ-গণনার স্কচনা। স্কতরাং গুপ্তদিগের প্রতিষ্ঠার দিন হইতেই যে গুপ্ত-কাল-গণনার আরম্ভ হইয়াছিল, তাহা নিঃসন্দেহে বলা যাইতে পারে। লিপি-সমূহে গুপ্ত-গণ তাঁহাদের প্রতিষ্ঠিত কালেরই উল্লেখ করিয়াছেন। যদিও তাঁহারা 'গুপ্ত-কাল' বলিয়া তাহাকে অভিহিত করেন নাই ; কিন্তু জনসাধারণ 'গুপ্ত-কাল' ধলিয়াই তাহা ব্যবহার করিয়াছে।

এইরপে, কানিংহাম সিদ্ধান্ত করেন,—আল্বারুণির গ্রান্থাক্ত অংশের ফরাসী পণ্ডিত যে অমুবাদ প্রকাশ করিয়াছেন, তাহা ভ্রমসঙ্কুল। ঐ অংশের সঠিক অমুবাদ —'গুপ্ত-বংশের ধ্বংদের সঙ্কে সঙ্গে গুপ্ত-সংবৎ বিলুপ্ত হয়।' এই হিসাবে তিনি ৩১৯ খৃষ্টান্দে গুপ্ত-কালের প্রারম্ভ স্বীকার করিয়াছেন। কিন্তু কানিংহামের এ মত শীঘ্রই পরিবর্তিত হয়।

১৮৬০ খৃষ্টাব্দে প্রকাশিত 'আর্কিয়লজিক্যাল রিপোর্টে' কানিংহাম প্রকাশ করেন,—'গুপ্ত-নৃপতিগণের উচ্ছেদ-সাধনের সময় হইতেই গুপ্তকাল আরম্ভ হয়।' এই সিদ্ধান্তের সমর্থন জন্ত কানিংহাম গুপ্ত-গণের স্বর্ণ-মূদ্রার সহিত ইন্দো-সিদীয় স্বর্ণমূদ্রার এবং গুপ্ত-গণের রোপ্য-মূদ্রার সহিত সৌরাষ্ট্রের সা-নূপতিগণের রোপ্যমুদ্রার তুলনায় সমালোচনা করেন।

এইকপে তাঁহার সিদ্ধান্ত হয়,—গুপ্ত-বংশের প্রাচীন নূপতিগণ অবশুই কুশন-বংশীয় শক-নূপতিগণের সমসাময়িক ছিলেন; স্কুতরাং গুপ্ত গণ খুষ্টীয় প্রথম শতাব্দীর পরবর্ত্তিকালের হইতে পারেন না। অপিচ, প্রথম চক্রপ্তপ্রকে যদি গুপ্ত-কালের প্রতিষ্ঠাতা বলিয়া ধরিয়া লই, ভাহা হইলে প্রচলিত সর্ক্রিধ গণনার সহিত সামঞ্জ্য রক্ষিত হয়।

এক্ষণে, আল্বাকণির উক্তি হইতে বুঝা যায়,—বিক্রমাদিতা নামক জনৈক নূপতি শকদিগকে পরাজিত করিয়া শক-সংবৎ প্রবর্ত্তিত করিয়াছিলেন। মুদ্রাদিতে যে বিক্রমাদিতা নাম দেখিতে পাই, তাহা প্রথম চক্রগুপ্তেরই নামান্তর।

এলাহাবাদ স্তম্ভ-লিপিতে আবার প্রকাশ—প্রথম চন্দ্র-গুপ্তের পুত্র সমুদ্র-গুপ্ত শকদিগের নিকট হইতে রাজকর সংগ্রহ করিতেন।

এই সকল প্রমাণে, জেনারেল কানিংহাম শক-সংবংকেই প্রকৃতপক্ষে গুপ্ত-কাল বলিয়া নির্দ্দেশ করেন; আর প্রথম চন্দ্রগুপ্ত তাহার প্রতিষ্ঠাতা বলিয়া নির্দ্ধারিত হন। সে মতে ৭৯ গুষ্টাক হইতে ঐ কালের আরম্ভ স্থাচিত হয়।

১৮৭১ খৃষ্টান্দে প্রকাশিত 'আর্কিয়লজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়া' গ্রন্থে আবার জেনারেল কানিংহাম আর একট্ স্বতন্ত্র মত প্রকাশ করেন। সেথানে তিনি বলেন,—'গুপ্তকাল গণনায় শক-সংবতের অনুসরণই সমীচীন। তাহা হইলে ৩১৯ খৃষ্টান্দে গুপ্ত-বংশের ধ্বংসমূলক সিদ্ধান্তের সহিত সামঞ্জন্ত রক্ষিত হয়। এইরূপ সিদ্ধান্তের অনুসরণে, কানিংহামের কাহাউম স্তম্ভলিপিতে স্কন্দগুপ্তের উৎকীর্ণ ১৪১ অন্দের সহিত ২১৯ খৃষ্টান্দে অভিনতা প্রতিপন্ন হয়। পর পর ঘটনাবলির অনুসরণে, বিক্রম এবং শক সংবতের আলোচনা-প্রসঙ্গে কানিংহাম, আল্বারুণির গ্রন্থোক্ত বিক্রমাদিত্য এবং শালিবাহনকে অভিন্ন প্রতিপন্ন করিয়াছেন।

১৮৭০ খৃষ্টাব্দেও কানিংহাম সেই একই মত প্রকাশ করেন। তথনও তাঁহার সিদ্ধান্ত—৭৮ খৃষ্টাব্দে গুপ্তবংশের রাজ্যকাল আরম্ভ হয়। কনিক্ষ, হবিষ্ক প্রভৃতি নৃপতিগণের কাল, তিনি সে হিসাবে বিক্রমাব্দে নির্দেশ করিয়াছেন। এই রূপে, তাঁহার মতে, ৫৭ পূর্ব্ব-খৃষ্টাব্দ হইতে ৭৯ খৃষ্টাব্দ পর্যান্ত ইন্দো-সিদীয় অর্থাৎ শকন্পতি-গণের রাজ্যকাল নির্দিষ্ট হয়। এই ৭৯ খৃষ্টাব্দেই, তাঁহার মতে, শালিবাহন কর্ত্বকু বিক্রমাদিত্য-বংশের উচ্ছেদ সাধিত হইয়াছিল।

তার পর ১৮৭৯ খৃষ্টাব্দের 'আর্কিয়লজিক্যাল সার্ভে' গ্রন্থে কানিংহাম ১৯১ অব্দে উৎকীর্ণ মহারাজ হস্তিনের লিপির আলোচনা করেন। সঙ্গে সঙ্গে ২০৯ অব্দের উৎকীর্ণ মহারাজ সংক্ষো-ভের এবং ১৭৪ হুইতে ২১৪ অব্দের মধ্যবর্ত্তী উচ্ছকল্প-মহারাজের দানপত্রের বিষয় আলোচিত হয়। হস্তিন এবং সংক্ষোভের দান-পত্রের আলোচনায় তিনি উইলসনের অন্থসরণ করেন। উল্লিখিত দানপত্রের অন্তর্গত 'গুপুন্পরাজ্যভুক্তো' বাক্যের অর্থ-নিঙ্গাশনে বুঝা যায়,—যথন ঐ দানপত্র প্রদ্ত হইয়াছিল, তথনও গুপু-রাজ্যাণ রাজত্ব করিতেছিলেন।

পূর্ব্বোক্ত লিপির আলোচনা প্রসঙ্গে, কানিংহাম গুপ্ত-নূপতিগণের কাল সম্বন্ধে এক মন্তব্য প্রকাশ করেন। তদমুসারে ১৯৪-১৯৫ খৃষ্টাব্দে গুপ্ত-কালের স্থচনা এবং ১৯৫-১৯৬ খৃষ্টাব্দে তাহার প্রবর্ত্তনা স্থিরীকৃত হয়।

এ সম্বন্ধে কানিংহাম যে যুক্তির অবতারণা করেন তাহা এই,—৬৪০ খৃষ্টাব্দে চীনদেশীয় পরিব্রাজক হয়েন-সাং ভারতভ্রমণে আগমন করেন। তথন বহলভীরাজ সপ্তম শিলাদিত্য সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। এই সিদ্ধান্ত মানিয়া লইলে, দানলিপির ৪৪৭ অদ-পরিব্রাজকের আগমনের ২৫-৩০ বংসর পূর্ব্বে বা পরে নির্দিষ্ট হয়। তাহা হইলে ১২৩ খৃষ্টাব্দের মধ্যে গুপ্ত-কাল নির্দিষ্ট হওয়া সম্ভব।

বুদ্ধ-গুগুর ইরাণ স্বন্ধলিপি এবং জয়ন্ধদেবের 'মর্কি' দানলিপির নির্দেশ অমুসারে ১৯৪-১৯৫ খৃষ্টান্দকেই কানিংহাম, গুপ্ত-কালারন্তের বিশেষ উপযোগী বলিয়া মনে করেন। কানিংহামের এই গণনা-অমুসারে ইরান স্তন্ত-লিপির কাল ৩৫৯ খৃষ্টান্দে এবং মর্কি-দানপত্রের কাল ৭৮০ খৃষ্টান্দের ১০ই ফেব্রুয়ারী নির্দিষ্ট হয়। মর্কি-লিপিতে স্থাত্রহণের বিষয় উল্লিখিত আছে। কথিত হয়, মাঘ মাদে সেই স্থাত্-গ্রহণের পাঁচ দিন পূর্ক্তে দান-পত্র লিখিত হইয়াছিল।

তার পর জেনারেল কানিংহাম অস্থান্ত যে সকল প্রামাণ্য বিষয়ের উল্লেখ করিয়াছেন, তাহা এই,—মহারাজ হস্তিনের এবং সংক্ষোভের দানপত্রে 'গুপুনৃপরাজ্যভূক্তৌ মহাবৈশাখ-সম্বংদরে,' 'গুপুনৃপরাজ্যভূক্তৌ মহা-অশ্বাযুজ-সম্বংদরে,' 'গুপুরাজ্যনূপভূক্তৌ মহাচৈত্রসম্বংসরে' প্রভৃতি উক্তি আছে। কানিংহাম ৩৫০ খৃষ্টান্দে 'মহাবৈশাখ সংবংসর' স্থির করেন। সে হিসাবে ১৫৬ গুপ্ত-সংবতে 'মহাবৈশাখ সংবৎসর' নির্দিষ্ট হয়।

কিন্তু তাহাতে 'মহা অশ্বাযুজ' সংবৎসরের কাল-নির্দ্দেশে গগুগোল ঘটে। স্কুতরাং কানিংহাম সে মত পরিবর্ত্তনে বাধ্য হন। তথন তিনি সিদ্ধান্ত করেন,—১৬৩ অব্দেশ্তপ্ত-কালের স্কুচনা হয় নাই। ১৭৩ অব্দে অর্থাৎ ৩৬৭ খুষ্টাব্দেই গুপ্তকালের স্কুচনা হইন্নাছে।

এ ক্ষেত্রেও তিনি প্রথম চন্দ্র-গুপ্তকেই গুপ্ত-কালের প্রবর্ত্তক বলিয়া নির্দেশ করিয়াছেন। সে মতে,—কুমার-গুপ্তের রাজত্বের দ্বানশ বৎসরে, ৩১৯ খৃষ্টান্দে, বহলভী সংবতের প্রারম্ভ স্থির হয়।

বল্লভী-সংবতের আলোচনা প্রসঙ্গে কানিংহাম বলেন,—গুপ্ত-বংশের উচ্ছেদের সহিত বল্লভী কালের কোনই সংশ্রব নাই। কারণ, স্কন্দ-গুপ্তের জুনাগড় পার্ব্বত্য-লিপি হইতে স্পষ্ট প্রতীত হয়,—সৌরাষ্ট্রে অর্থাৎ কাথিয়াবাড়ে ৩৩৩ খৃষ্টান্দ পর্যান্ত গুপ্ত-প্রাধান্ত অক্ষুদ্ধ ছিল।

আল্বারুণির উক্তির অসামঞ্জন্তের কারণ-গুপ্ত ও বল্লভী সংবৎকে অভিন্ন বলিয়া প্রতিপাদনের প্রয়াস। আল্বারুণির মতে ৩১৯ খুষ্টাব্দে বল্লভী-সংবৎ প্রতিষ্ঠার পর ৩৩৯ খুষ্টাব্দে বল্লভী বংশের সেনাপতি ভটারক বিভ্যান ছিলেন। তোরমানের মুজাদির কাল-গণনার বিষয় আলোচনা করিয়া, তিনি ৩১৯ খৃষ্টাব্দে ঐ সকল মুজার কাল-নির্দেশ করেন।

১৮৮০ খ্টান্দে পুনরায় জেনারেল কানিংহাম এই প্রসঙ্গের আলোচনায় প্রবৃত্ত হন। তখন তিনি সিদ্ধান্ত করেন,—১৬৭ খ্টান্দ হইতে গুপ্ত-কাল গণনা আরম্ভ হয়; কিন্তু ১৬৬-৬৭ খ্টান্দে এ কালের স্থচনা। তাঁহার এই সিদ্ধান্তের প্রধান অবলম্বন—সমুদ্র-গুপ্তের রাজত্ব-কাল।

তুইটা কারণে জেনারেল কানিংহান সমুদ্র-গুপ্তের রাজত্বকাল-গণনার প্রতি বিশেষরূপে নির্ভর করিয়া থাকেন। প্রথম,—সমুদ্র-গুপ্তের লিপিতে দৈবীপুত্র, শাহী, শাহামুশাহী অর্থাৎ ইয়েচি ইন্দোসিদীয়, কনিক্ষ, হবিস্ক, বাস্কুদেব এবং তাঁহাদের বংশধরদিগের নিকট হইতে করগ্রহণের বিষয় উল্লিখিত আছে। তাহাতে প্রতিপন্ন হয়, কনিক্ষ প্রভৃতি সমুদ্রগুপ্তের এবং তাঁহার পরবর্ত্তিগণের সমসাময়িক ছিলেন। দ্বিতীয়—চীনাদিগের গ্রন্থ-পত্রে ২২০ খৃষ্টাক্ষ হইতে ২৮০ খৃষ্টাক্দের মধ্যে ইয়ে-চি' জাতি চীনের সম্রাটকে নিহত করিয়া তাহাদের সেনাপতিকে সিংহাসনে প্রতিষ্ঠিত করে।

উভয় ঘটনার সমালোচনায় জেনারেশ কানিংহাম দিদ্ধান্ত করেন,—'ইয়ে–চি' সমাট নিহত হইবার পূর্ব্বে সমূদ-গুপু সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। আর সে হিসাবে, সমূদ-গুপুর পিতা প্রথম চন্দ্র-গুপুর বিভ্যানতা খৃষ্টীয় দ্বিতীয় শতাব্দীর শেষভাগে সপ্রমাণ হয়। এস্থলে কানিংহাম চীনাদিগের গ্রন্থ-পত্রের অনুসরণে গুপু-বংশের কাল-নিরূপণে প্রয়াস পাইয়াছেন। কিন্তু অন্তান্ত প্রত্বিদের মতে,—গুপু-কালের দ্বারা চীনাদিগের কাল-গণনাপদ্ধতির সংশোধন করাই সমীচীন।

্বাহা হউক, সপ্তম শিলাদিত্যের 'এলিনা' দানলিপিতে ২৬৪ খৃষ্টাব্দ হইতে ১৮০ খৃষ্টাব্দের মধ্যে 'গুপু-কাল নিৰ্দিষ্ট আছে। পূৰ্ব্বোক্ত সিদ্ধান্তের অনুসরণে, ২৮০ খৃষ্টাব্দ হইতে ২০০ খৃষ্টাব্দের মধ্যে কানিংহাম গুপু-কাল নির্দেশ করিয়াছেন।

এই আলোচনা-প্রদক্ষে অধ্যাপক ভাউদান্ধির মস্তব্যের প্রতি কানিংহামের দৃষ্টি আরু ইহয়। তদকুদারে এবং বৃদ্ধ-গুপ্তের ইরান-স্তম্ভলিপির অনুসরণে, কানিংহাম ১৬৬-৬৭ খৃষ্টাব্দে গুপ্ত-কালের স্ট্রনা ধরিয়া ১৬৭-৬৮ খৃষ্টাব্দে কাল-গণনার আরম্ভ নির্দেশ করেন। কিন্তু তাহাতে মহারাজ হিন্তনের ও সংক্ষোভের লিপি-বর্ণিত 'মহাবৈশাথ, মহা-অশ্বযুজ্ ও মহাটেত্র সংবৎসরের সহিত্ সামঞ্জ্য রক্ষিত হয় না। তাই পুনরায় তিনি মত-পরিবর্তনে বাধ্য হন।

এইরপ, সকল বিষয়ের সামঞ্জন্ম সাধন জন্ম কানিংহাম ১৬০ খৃষ্টান্দের পরিবর্ত্তে ১৭০ খৃষ্টান্দ গুপু কালের প্রারম্ভ স্বীকার করেন। কিন্তু কানিংহামের এ সিদ্ধান্তও যে প্রমাণ-সাপেক্ষ, পরবর্ত্তী আলোচনায় তাহা প্রতিপন্ন হইবে।

কানিংহাম স্থলবিশেষে আল্বারুণির সিদ্ধান্তের অনুসরণ করিয়াছেন। সেই অনুসরণের ফলে তিনি ৩১৯ খৃষ্টাব্দে বঞ্জভী-রাজ্যে গুপ্ত-বংশের উচ্ছেদের বিষয় স্বীকার করেন। সে মতে বুঝা যায়,—বহলভী-বংশের সেনাপতি ভট্টারক সে সময়ে সৌরাষ্ট্রে প্রতিষ্ঠাপর ছিলেন। তিনিই সৌরাষ্ট্র হইতে গুপ্ত-গণকে বিতাড়িত করেন। তদনুসারে স্কন্দ-গুপ্তের মৃত্যুর পর, ৩১৯ খৃষ্টাব্দে, বল্লবী-সংবতের প্রবর্তনা সাবাস্ত হয়।

১৪৯ অন্দের মূলার প্রমাণে কানিংহাম ৩১৫ খৃষ্টান্দে স্কন্দ-শুপ্তের বিছমানতা দ্বির করেন। এই উপলক্ষে গুপ্ত-গণের প্রবর্ত্তিত স্বর্ণ-মূলার সহিত ইন্দো-সিদীয়-সম্রাট বাস্থদেবের মূলার তুলনায় সমালোচনা করা হয়। তাহাতে গুপ্ত-গণ বাস্থদেবের পরবর্ত্তী প্রতিপন্ন হন। বাস্থদেবের রাজ্যাবসানেই যে গুপ্তবংশের অভ্যুদয়,—তদ্ধারা তাহাও সপ্রমাণ হয়।

এদিকে জাবার, গুপ্ত-গণের প্রবর্ত্তিত রৌপ্যমুদ্রার সহিত, বল্লভী বা সা-রাজগণের মুদ্রার তুলনায় সমালোচনায়, গুপ্ত-গণ সৌরাষ্ট্রের সাত্রাপদিগের পরবর্ত্তী এবং বল্লভীদিগের পূর্ববর্ত্তী প্রতিপন্ন হইয়া থাকেন। এ হিসাবে সকল বাদ-বিতগুর নিরসন হয়। কিন্তু কানিংহামের এ সিদ্ধান্ত কেহই গ্রহণ করেন নাই। যাহা হউক, এই নানা গবেষণায়, কানিংহামের মতে ১৭৩ খুষ্টাকে গুপ্ত-কালের স্কুচনা স্থির হয়। **

* *

জুলিয়ানের বক্তবা।

এই আলোচনা-প্রসঙ্গে এম ষ্ট্রানিলাস জুলিয়ানের নামও অল্প-প্রসিদ্ধিসম্পন্ন নহে। ১৮৫৩, ১৮৫৭ এবং ১৮৫৮ খৃষ্টান্দে ফরাসী ভাষায়, তিনি চৈনিক পরিব্রাহ্ধক হুয়েনং-সাঙের ভ্রমণ-বৃত্তান্তের অন্থবাদ প্রকাশ করেন। সেই গ্রন্থে তিনি পরিব্রাহ্মকের ব্ল্লভী-রাজ্যে পরিভ্রমণের বৃত্তান্ত লিপিবদ্ধ করিয়াছেন।

সেখানে তিনি লিথিয়াছেন,—৬৪০ খৃষ্টান্দে পরিব্রাজক হুয়েনং সাং বল্লভী-রাজ্যে গমন করেন। তথন মালবের শিলাদিত্যের ভ্রাতৃপুত্র, কনৌজের শিলাদিত্যের জামাতা, ক্ষত্রিয়-বংশোদ্ভব 'টৌ-লৌ-পো-পো-টো,' 'টৌ-লৌ-পো-পা-চা' অথবা 'টৌ-লৌ-পো-পো-টো বল্লভীর রাজসিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। পণ্ডিতগণের মতে সিদ্ধান্ত হয়,—টৌ-লো-পো-পো-টো অহা কেহ নহেন। তিনি বল্লভী-বংশের জ্বসেন।

* *

ছয়েনং-সাঙের মন্তব্য প্রসঙ্গে বহুলভীগণের পরিচয়।

গুপ্ত-গণের ও বল্লভীদিগের কাল-নিরূপণে হুয়েনৎ-সাঙের মন্তব্য বিশেষ উপযোগী বলিয়া পণ্ডিতগণ মনে করেন। স্কতরাং এই গুপ্ত-কাল-নিরূপণে হুয়েনং-সাঙের মন্তব্যের আলোচনা-প্রসঙ্গে বল্লভী-রাজ্বগণের বংশলতা প্রভৃতির উল্লেখ আব্দ্রুক। কারণ, তাহা হইলে, পর পর আলোচনার অনুসরণ পক্ষে কোনই অস্ক্রবিধা হয় না। তাই বল্লভী রাজ্বগণের নাম ও তাহাদের রাজ্কীয় উপাধি এবং রাজ্যকাল সংবলিত বংশলতা নিম্নে প্রদান করিতেছি যথা,—

^{*} কেলাগেল কানিংহাম, গুপ্তকালের গণনা-প্রসঙ্গে যে গবেবণা প্রকাশ করিয়াছেন, এবং গুপ্তকাল-নির্দেশে যে ভাবে যে দিছাতে উপনীভ ইইরাছেন, তাহার বিস্তৃত বিবরণ নির্দেশিত এছ-প এ পরিদৃষ্ট ইইবে; বখা,—Bhilsa Topes; Epoch of the Gupta Dynasty in the Journal of the Asiatic Society of Bengal, Vol. XXIV, Archæological Survey of India, Vols. I, III, IX, X; Book of Indian Eras; Journal of the Asiatic Society of Bengal, Vols. XXXII, XXXIV; Indian Antiquary, Vol. VII. ইত্যাবি।

ভারতবর্ষ

ভটার্ক (ভট্টারক) (সেনাপতি) দ্রোণসেন প্রথম ধ্রুবসেন ধরপস্ত প্রথম ধারসেন (সেনাপতি) (মহারাজা, মহাসামন্ত, (মহারাজা) (মহারাজা) মহাপ্রতিহার, মহাদণ্ডনায়ক, গুহসেন ও মহাকর্ত্তাক্বতিক। (মহারাজা) গুপ্ত-সংবৎ ২০৭) গুপ্ত-সংবৎ ২৪০, (? **২৩**৭), ২১৮, ২৪৮ দ্বিতীয় ধরসেন (সামন্ত, মহাসামন্ত, মহারাজ ও মহারাজাধিরাজ) গুপ্ত-সংবৎ ২৫২, ২৬৯, ২৭০

প্রথম শিলাদিত্য প্রথম খরগ্রহ প্রথম ধর্মাদিত্য (গুপ্ত-সংবৎ ২৮৬, ২৯০) দি রভট দিতীয় থরগ্রহ তৃতীয় জ্রুবসেন দ্বিতীয় শিলাদিত্য তৃতীয় শিলাদিত্য দ্বিতীয় ধর্মাদিত্য তৃতীয় ধরদেন দ্বিতীয় ধ্রুবদেন (পরমভট্টারক, মহারাজাধিরাজ, (গুপ্ত-সংবৎ ৩৩৭) বা বালাদিত্য ও পরমেশ্বর) (গুপ্ত-সংবৎ ৩১ •) গুপ্ত-সংবৎ ৩৫২ চতুর্থ ধরসেন চতুৰ্থ শিলাদিত্য (পরমভট্টারক, মহারাজাধিরাজ, (পরমভট্টারক, মহারাজাধিরাজ, পরমেশ্বর ও চক্রবর্ত্তিন্) গুপ্ত-সংবৎ ৩৭২ প্রপ্র-সংবৎ ৩২৬, ৩৩০ পঞ্চম শিলাদিত্য (পরমভট্টারক মহারাজাধিরাজ, সপ্তম শিলাদিত্য ও পরমেশ্বর) ঞ্ৰভাট বা ধ্ৰুবভট গুপ্ত-সংবৎ ৪০৩ (পরমভট্টারক, মহারাজাধিরাজ, ষষ্ঠ শিলাদিত্য ও পরমেশ্বর) (পরমভট্টারক, মহারাজাধিরাজ, গুপ্ত সংবৎ ৪৪৭ ও পরমেশ্বর) গুপ্ত-সংবৎ ৪৪১

ঐতিহাসিক জুলিয়েন-লিখিত চৈনিক পরিব্রাক্তক হয়েনং-সাঙের জীবনবৃত্তান্তে প্রকাশ,—বহলভীগণের বর্ত্তমান রাজা ক্ষত্রিয় (Toa-ti-li)। তিনি কান্তকুজরাজ (Kie-jo-kis-che) শিলাদিত্যের (Chi-lo-o-tie-to) জামাতা। তাঁহার নাম—ধ্রুপতু (Tou-lo-p'o-po-tu)।

এতৎসম্পর্কে জুলিয়েন পরিব্রাজ্বকের অপরাপর উক্তির প্রদক্ষে লিথিয়াছেন,—'বহুলভীদিগের বর্ত্তমান নৃপতিগণের সকলেই ক্ষত্রিয়। তাঁহারা সকলেই মালব-রাজ্যের রাজা শিলাদিত্যের প্রাতুষ্পুত্র। কিন্তু কান্তকুজ-রাজ্যের রাজা শিলাদিত্যের পুত্রের জামাতার নাম—গ্রুবপতু।'

বিলের অমুবাদে ইহার কিঞ্চিৎ পার্থক্য পরিদৃষ্ট হয়। সে প্রসঙ্গের আলোচনা এন্থলে অনাবশ্রক। জুলিয়েন অন্ত আর এক স্থলে গ্রুবপদকে দক্ষিণ-ভারতের নূপতি বলিয়া অভিহিত্ত করিয়াছেন। কিন্ত ভূ-বৃত্তে দক্ষিণভারতে বল্লভী-রাজ্যের স্থান-নির্দেশ হয় না। সে সময়ে দক্ষিণ-ভারতে চালুক্য-বংশীয় দিতীয় পুলিকেশা রাজত্ব করিতেছিলেন। স্থতরাং জুলিয়েনের পূর্ববর্ত্তী এবং পরবন্তী উক্তির অসামঞ্জন্ম প্রতিপন্ন হয়।

কিন্তু পরিপ্রাজকের গ্রন্থে যে সকল নানোপাধির উল্লেখ আছে, পুলিকেশি সম্বন্ধে যে সকল নামোপাধি দৃষ্ট হয় না। তবে জুলিয়েনের গ্রন্থে চীনদেশীয় পরিপ্রাজক হুয়েনৎ সাঙের যে সকল উক্তি লিপিবদ্ধ হইয়াছে, গুপ্ত-কাল-নির্ণয়ে তৎপ্রতি লক্ষ্য রাথা বিশেষ প্রয়োজন।

কারণ, পরিপ্রাজক হুয়েনং-সাং শিলাদিত্য, দ্বিতীয় পুলিকেশী, সপ্তম শিলাদিত্য, গ্রুবপদ প্রভৃতির যে কালের উল্লেখ করিয়াছেন এবং হুয়েন-সাং তাঁহাদের যে নাম-পরিচয় প্রদান করিয়াছেন, তন্মধ্যে নানা অসামঞ্জন্ম পরিদৃষ্ট হয়। গুপ্তকাল-নির্ণয়ে তৎসমুদায়ের সামঞ্জন্মধন একান্ত প্রয়োজন। তাহার সামঞ্জন্মধনে আলোচনায় অগ্রসর ইইতে পারিলে, গুপ্ত-কাল-নির্ণয়ের সকল সংশয় দ্ব হইতে পারে। ১

ফাগু সনের সিদ্ধান্ত।

মি জে ফাণ্ড দন, গুপ্ত-বংশের ধ্বংস হইতে গুপ্ত-কালের হুচনা স্বীকার করেন না। তাহার মতে ৩১৮ খুষ্টাব্দে গুপ্ত-বংশের অভ্যুদয়ের সঙ্গে সঙ্গে গুপ্ত-কাল-গণনারম্ভের বিষয় স্থচিত হয়।

১৮৬৯ খৃষ্টাব্দের ফেব্রুয়ারী মাসে ফার্গুসন, 'ভারতীয় কাল-গণনা' (Indian Chronology) সম্বন্ধে এক প্রবন্ধ পাঠ করেন। ১৮৭০ খৃষ্টাব্দে 'রয়েল এসিয়াটক সোসাইটার জর্ণালে' সেই প্রবন্ধ প্রকাশিত হয়। তাহাতে তিনি ভারতের পশ্চিম-দেশীয় চালুক্যগণ এবং বহলভীর রাজ্ঞগণ একই বংশসন্ত্ ত বলিয়া সিদ্ধান্ত করিয়া লন। তাঁহার আর এক সিদ্ধান্ত—দক্ষিণ-ভূভাগীয় চাণক্যগণ তাঁহাদেরই একটা শাখা-বিশেষ।

^{*} M. Stanlolas Julien's Life and Travels of the Chinese pilgrim Hiven Tsiang. Prinsep's Essays, Vol. I; Mr. Beal's Buddist Records of the Western World Vol II; Journal Bo. Br. Royal Asiatic Society, Vol. X; and Fleet's Dynasties of the Kanarese Districts.

ফার্গুর্সনের এইরপ সিদ্ধান্তে উপনীত হইবার কয়েকটী কারণ প্রদর্শিত হয়। তন্মধ্যে প্রধান কারণ এই যে—বহলতী-বংশের প্রথম 'একছত্র সম্রাট' চতুর্থ ধরসেন, দ্বিতীয় প্লিকেশীর প্রত পশ্চিম-চালুক্য-নৃপতি দ্বিতীয় বিক্রমাদিত্যকে পরাজিত ও সিংহাসনচ্যত করিয়াছিলেন। কিন্ত প্রত্নতান্থিকগণ ফার্গুর্সনের এ সিদ্ধান্ত ভ্রমসন্থল বিশ্বয়া প্রতিপন্ন করেন।

ফার্গু দন বলেন,—৮২ অন্দের উদয়গিরির গুহালিপি এবং ৯৩ অন্দের সাঁচীর স্থুপগাত্রস্থ লিপি, প্রথম চক্র-গুপ্তের রাজ্যকালে উৎকীর্ণ হইয়াছিল। সে হিসাবে সমুদ্র-গুপ্তের সিংহাসন প্রাপ্তিকাল ৪১১ খুষ্টান্দে নির্দ্দিষ্ট হইতে পারে। ফার্গু দনের মতে, এরাণের স্তম্ভলিপির বৃদ্ধ-গুপ্ত এবং মগধের বৃদ্ধ-গুপ্ত অভিন্ন প্রতিপন্ন হন।

সে হিসাবে হয়েনৎ-সাঙের বর্ণনার সহিত এ সিদ্ধান্তের সামঞ্জন্ম হয়। কিন্তু তাহা হইলেও তাহার সমর্থক কোনও প্রামাণ বর্ত্তমান নাই।

ফার্গু দনের মতে আরও প্রতিপন্ন হয়,—সা-বংশ ২৩৫ খুষ্টান্দ পর্যান্ত বর্ত্তমান ছিল; আর ৫৭ পূর্ব্ব-খুষ্টান্দের বিক্রমান্দ সেই সা-নৃপতিগণের প্রতিষ্ঠিত। এই সিদ্ধান্তের পরিপোষণে ফার্গু সন নিমন্নপ হেতুবাদ প্রদর্শন করেন; যথা—

- (১) বল্লভীগণ কথনও বল্লভী-সংবৎ ব্যবহার করেন নাই।
- (২) ৩১৮ খৃষ্টাব্দে বল্লভী-সংবতের প্রারম্ভ গণনার, গ্রুবসেন নামক আর এক রাজ্ঞার সন্ধান পাওয়া যায়। হয়েনৎ-সাং 'গ্রুবপতু' রাজার নাম করিয়াছেন। তাহার সহিত সে ক্ষেত্রে পূর্ব্বোক্ত গ্রুবসেনের অভিন্নত্ব প্রতিপন্ন হইতে পারে।
- (৩) ১৬৫ অব্দে বৃদ্ধ-গুপ্তের সময়ে গুপ্তদিগের প্রথম সন্ধান পাই। শক-কালের সহিত তুলনায়, সে কাল-পরিমাণ ২৪৩ খৃষ্টাব্দে যাইয়া পড়ে। তাহাতে পূর্ব্বোক্ত ৩১৮ খৃষ্টাব্দের সহিত ৭৫ বৎসরের ব্যবধান থাকিয়া যায়। আবার বিক্রম-সংবতের সহিত তুলনায় সে ব্যবধান আরও অধিক হইয়া পড়ে।
- (৪) এই সকল বংশের পৌর্বাপর্য্য আলোচনায় সা-বংশই প্রথম (আদি) বলিয়া বুঝা যার। তার পর গুপ্ত-বংশ, পরিশেষে বল্লভী-বংশ। এই ক্রমপর্য্যায় সম্বন্ধে প্রায়ই মতান্তর নাই। ফাগুর্সনের মতে, এই সকল যুক্তি ভিন্ন ঐতিহাসিক এবং মুদ্রার প্রমাণ্ড যথেষ্ট পাওয়া যায়। সে সকল প্রমাণ্ড এ প্রসঙ্গে উল্লিখিত হইনা থাকে। ফাগুর্সান আরও সিদ্ধান্ত করেন,—
- (১) ৩১৮-৩১**৯** খৃষ্টাব্দে অন্ধ্র-বংশের অভ্যাদয় হয়। তথন গোতনীপুত্র পশ্চিম ভারতের সম্রাট-পদে প্রতিষ্ঠিত ছিলেন।
 - (२) বল্লভী-নগরের প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে বল্লভী-সংবতের স্থচনা।
- (৩) শুপ্ত-বংশের প্রতিষ্ঠাতা মহারাজ শুপ্ত, বল্লভী নগর প্রতিষ্ঠার সময় না হউক, জুহার পূর্ব্বে বা পরে কোনও সমরে, বল্লভীদিগের জধীনতা স্বীকার করেন এবং তাঁহাদের সামস্ত মধ্যে গণ্য হইরা, তাঁহাদের প্রাধান্ত মান্ত করিয়াছিলেন।
- (৪) বল্লভীগণের এবং গুপ্ত-গণের এইরূপ নিকট-সম্বন্ধের জন্ম তাঁহারা উভয় নামে কাল বা অক্-গণনা আরম্ভ করিয়াছিলেন।

धरेक्षण निकास क्रिका পরিশেষে ফাগ্র नन বলেন,—শক্দিগের উচ্ছেদকারী বিক্রম-

সংবতের প্রতিষ্ঠাতা কোনও বিক্রমাদিতা খুষ্ট-জন্মের পূর্ব্বে বর্ত্তমান ছিলেন না; এমন কি, খুষ্ট-জন্মের পূর্ব্বে বা পরে কয়েক শতাব্দীর মধ্যেও তাঁহার পরিচয় পাওয়া যায় না। পরস্ক ৪৯০—৫৩০ খুষ্টাব্দের মধ্যে মালবে এক বিক্রমাদিতা বিদ্যমান ছিলেন। তাঁহার প্রচেষ্টার ব্রাহ্মণ্য-ধর্মের অপেষ উরতি সাধিত হইয়াছিল। তাই হিন্দু-সমাজের আগ্রহাতিশয়ে বিক্রমাদিতা যে অন্দ প্রতিষ্ঠা করেন, সে অন্দের কাল-গণনা হিন্দুদেরই নির্দ্দেশক্রমে, শালিবাহনের প্রতিষ্ঠিত বুদ্ধ-সংবৎ বা শক-সংবতের পূর্বে নির্দিষ্ট হইয়াছিল।

দে সময়ে নাহাপনার প্রতিষ্ঠিত শক-সংবং অপ্রচলিত হইয়া পড়ে। বর্রজী-সংবতের প্রভাবেও তাহার বিলোপ সাধিত হয়। স্থানোগ বৃঝিয়া নাহাপনা-প্রবর্জিত সেই অব্দকেই হিন্দুগ্রণ 'বিক্রম-সংবং' নামে অভিহিত করেন এবং সেই অব্দ বা সংবং তাঁহারা ব্যবহার করিতে থাকেন। কিন্তু প্রকৃতপক্ষে ৯৭০ খৃষ্টাব্দে, ভারতে পশ্চিম-চালুক্য-রাজ্ববংশের পুন:-প্রতিষ্ঠার সঙ্গে অথবা ৯৯০ খৃষ্টাব্দে ধার-রাজ্যের ভোজ নৃপতির সময়ে সেই অব্দ-গণনা সাধারণ্যে প্রচলিত হইয়াছিল।

কিন্তু কয়েক বংসর পরে কাপ্ত সন এই মতের কিঞ্চিৎ পরিবর্ত্তন সাধন করেন। ১৮৮০ খৃষ্টাব্দে শক, সংবৎ এবং গুপু-কাল সম্বন্ধে 'রয়েল এসিয়াটিক সোসাইটীর জ্বর্ণালে' তাঁহার আর এক প্রবন্ধ প্রকাশিত হয়। কেনারেল কানিংহামের মতামুবর্ত্তী হইয়া তিনি প্রথমে ২৪ খৃষ্টাব্দে কনিক্ষের লোকাস্তর-কাল দ্বির করিয়াছিলেন। এক্ষণে, সেই সিদ্ধান্তের অমুসরণে তিনি দ্বির করিলেন.—কনিক্ষই শকাব্দের প্রবর্ত্তক।

তাঁহার এ দিদ্ধান্তের সমর্থক ঐতিহাসিক প্রমাণেরও অসদ্ভাব হইল না। তিনি প্রথমে কনিক্ষের এবং রোমকদিগের প্রবর্ত্তিত মুদ্রার আলোচনা করিলেন। পরে ভারতের অন্ততম রাজা, গণ্ডোফেরাসের রাজত্ব-কালের আলোচনায়, সেন্ট টমাসের দৌত্যমূলক জনশ্রতি মূলে, আরও অনেক নৃতন তথ্যের সন্ধান পাইলেন। এইরূপে তুলনায় সকল বিষয় সমালোচনা করিয়া, ফার্ড সন কনিক্ষ কর্ত্তক শকান্ধ-প্রবর্ত্তনার বিষয় সিদ্ধান্ত করিয়া লইলেন।

সেণ্ট টমাস ৩৩ এবং ৫০ খুটাদের মধ্যভাগে ভারতে আগমন করেন। গণ্ডোফেরাস তথন তক্ষশিলায় রাজত্ব করিতেন। গ্রীক রাজবংশের ধবংসের পর, কনিক্ষের রাজ্য-প্রাপ্তির পূর্বে, গণ্ডোফেরাস বিশ্বমান ছিলেন, সপ্রমাণ হয়। কেহ কেহ আবার তাঁহাকে মৌর্যসমাট চক্রপ্তপ্ত বিশ্বাপ্ত নির্দেশ করেন।

যাহা হউক, পূর্ব্বোক্ত বিবিধ ঐতিহাসিক তথ্যের সমালোচনায় কাগুসন সিদ্ধান্ত করেন,—শক-সংবৎ কনিক কর্তৃক প্রবর্ত্তিত হইয়াছিল। অন্ধু-বংশের বিতীয় সাতকর্ণির রাজত্ব-কালে,ভারতে সেই সংবৎ প্রচলিত হয়। তাই শতবাহন বা শালিবাহন বংশের নামামুসারে সে সংবৎ 'শালিবাহন অব্দ' নামেও অভিহিত হইয়াছিল। ফাগুসনের এ সিদ্ধান্তও ভ্রমপূর্ণ।

যাহা হউক, এবারেও 'গুপ্ত-সংবং' সম্বন্ধে ফাগু সনের মতের পরিবর্ত্তন হয় না ;—তাঁহার পূর্ব্ব দিদান্তই অব্যাহত থাকে। ৩১৯ খুষ্টান্দে গুপ্ত-কালের আরম্ভ ;—অদ্ধু রাজ গোতনীপুত্র উহার প্রতিষ্ঠাতা ;—এবং নৃপতিবিশেষের রাজ্যরোহণের, রাজ্যাবসানের অথবা রাজ্যকালের প্রাদ্ধি ঘটনা অবশব্দে 'গুপ্তান্ধ' প্রবিষ্ঠিত হয় নাই ;—ফাগু সনের এই মতই দ্বির থাকে। ফাগুর্সনের এই সিদ্ধান্ত সম্বন্ধে বিশেষ মতাস্তর দেখি না। তবে তিনি যে কনিক্ষ কর্তৃক শকাক প্রতিষ্ঠার বিষয় উল্লেখ করিয়াছেন, তৎসম্বন্ধে পণ্ডিতগণের মতানৈক্য পরিদৃষ্ট হয়।

ফাগুর্সন আরও বলেন,—খৃষ্টীয় প্রথম শতান্দীতে এবং তাহার পরও বহুদিন পর্য্যন্ত বিক্রমান্দ-স্চনার পরিচয় পাওয়া যায় না। স্কুতরাং রাজা বিক্রমের সহিত পূর্ব্বোক্ত 'বিক্রম-সংবতের' গদন্দ খ্যাপন কোনক্রমেই সমীচীন নহে।

রাজ-তরঙ্গিণীর আলোচনা।

এদিকে 'রাজতরঙ্গিণী' গ্রন্থের আলোচনায় আর এক তথ্য অবগত হই। 'রাজতরঙ্গিণী' গ্রন্থে 'প্রতাপাদিত্য' নাম পরিদৃষ্ট হয়। প্রতাপাদিত্যের সম্বন্ধে সেখানে দিখিত আছে,—প্রতাপাদিত্য—বিক্রমাদিত্যের আত্মীয়। কাশ্মীরের সিংহাসনে প্রতিষ্ঠিত করিবার জন্ম বিদেশ হইতে প্রতাপাদিত্যকে আনয়ন করা হইয়াছিল। সেই বিক্রমাদিত্যকেই অনেকে ন্ন্মবশতঃ 'শকারি' বিলয়া মনে করিত।

'রাজতরঙ্গিণী' গ্রন্থে আরও দেখি,—কাশীর-রাজ হিরণ্য যথন লোকাস্তর গমন করেন, তথন বিক্রমাদিত্য নামক জনৈক প্রতাপান্থিত নূপতি উজ্জ্মিনীতে রাজত্ব করিতেন। তাঁহার অপর নাম—হর্ষ। প্রকাশ,—তিনিও শকদিগের উচ্ছেদ সাধন করিয়াছিলেন।

কিন্তু আল্বাকণির সিদ্ধান্তে বুঝা যায়,—'সংবং' প্রতিষ্ঠার ১৩৫ বংসর পরে বিক্রমাদিতা শকদিগকে পরাজিত করেন। আল্বাকণিব মতে, কারুরের যুদ্ধে শকদিগের উচ্ছেদ-সাধন প্রসক্ষেয়ে বিক্রমাদিত্যের নাম উল্লিখিত হয়, তিনি উজ্জিয়নীর হর্ষ-বিক্রমাদিত্য। ৫৪৪ খৃষ্টাব্দে কারুরের যুদ্ধ হয়, আর ৫৫০ খৃষ্টাব্দে বিক্রমাদিত্য পরলোকগমন করেন। ইহাতে ফার্গুসনের পূর্দোক্ত মন্থব্যের সহিত বিশেষ অসামঞ্জন্ম হইয়া পড়ে।

যাহা হটক, এই প্রসঙ্গে দাগুর্সন আরও বলেন,—১০০০ খুটাকে, বৌদ্ধ-ধর্মের লোপের সঙ্গে সঙ্গে হিন্দুধর্মের গৌরব প্রতিষ্ঠিত হয়। তথন হিন্দুগণ অভিনব পদ্ধতিতে কাল-গণনার প্রায়ামী হন। হিন্দুগণ কনিক্ষ-প্রতিষ্ঠিত 'শক-সংবতের' হিসাবে কালগণনার নানা অস্ত্রবিধা প্রদর্শন করেন। স্বতরাং সে পদ্ধতি পরিবর্জিত হয়। তাঁহারা তথন বিক্রমাদিত্যের নামে কাল-গণনা স্থানা করেন। যে সময় এই নবনির্বাচিত কালের প্রারম্ভ স্চিত হয়, তথন গুপু ও বল্লভী রাজবংশের চিহ্ন পর্যান্ত বিলুপ্ত হইয়াছে।

আধুনিক নৃপতির সম্বন্ধ স্চনায় তাঁহাদের প্রবৃত্তি হয় না। সেইজন্ত হিন্দৃগণ কারুরের যুদ্ধের (৫৪৪ খুষ্টান্দের) প্রায় ছয় শত বৎসর পূর্ব্বে এক কালের স্চনা ধরিয়া লন এবং ৫৬ পূর্ব্ব-খুষ্টান্দে বিক্রম-সংবতের প্রারম্ভ স্থির করেন। তার পর, বিক্রম-সংবতের নামও পরিবর্ত্তিত হয়। তথন তাহার নাম হয়—হর্ষ-সংবৎ।

ফলতঃ, ফাগুর্সন প্রধানতঃ 'রাজতরঙ্গিণীর' কাল অবলম্বনে আপনার মতের সমর্থনে প্রয়াস পাইয়াছেন। কিন্তু তাহা সর্বাধা পরিগ্রহণ-যোগ্য নহে।

প্রত্তত্ত্ববিদ্গণের মতে রাজ্তরঙ্গিণীতে যে কাল-পরিমাণ নির্দিষ্ট আছে, তাহা প্রমাণ-সাপেক। কারণ, উজ্জ্বিনীর হর্ষ-বিক্রমাদিত্যের কাল-নিরূপণে যদি কাশীরের হিরণ্যের বিশ্বমান- কালের উপর নির্ভন্ন করিতে হয়, তাহা হইলে খৃষ্টীয় ষষ্ঠ শতালীর পূর্ব্বে তাঁহার (কাশ্মীরের হিরণ্যের) বিজ্ঞমানতা কোনক্রমেই সিদ্ধান্তিত হয় না।

স্থতরাং একমাত্র গুপ্ত-কাল ভিন্ন অন্তান্ত বিষয়ে ফাগুসন যে সকল সিদ্ধান্তে উপনীত হইয়াছেন, তাহা সর্বাধা সমীচীন নহে। বিশেষতঃ, শকান্ত সন্থন্ধে তাঁহার সিদ্ধান্ত ভিত্তিহীন। কনিক্ষ কর্তৃক শকান্ত প্রতিষ্ঠাও প্রমাণসিদ্ধ নহে। কাগুসনের এ সিদ্ধান্ত মানিয়া লইলে, অন্তান্ত কাল-নির্দ্ধেশে বিষম সংশয়-সমস্তান্ত পড়িতে হয়। স্প্রতরাং কাগুসনের সিদ্ধান্ত যে প্রমাণ-সাপেক্ষ, এবং তাহা যে সংশয়-মূলক, তিষ্বিয়ে সন্দেহ নাই।

÷

ভাউদাজির অভিমত।

১৮৬১ খৃষ্টাব্দে 'সংস্কৃত কবি কালিদাস' সম্বন্ধে ডক্টর ভাউদাজী এক প্রবন্ধ রচনা করেন। 'এসিয়াটিক সোসাইটীর জর্ণালে' সেই প্রবন্ধ প্রকাশিত হয়। তাহাতে প্রসঙ্গতঃ ভাউদাজি গুপু ও বল্লভী কালের আলোচনা করেন। সে আলোচনায় ৩১৯ খৃষ্টাব্দে গুপু-কালের সঙ্গে বল্লভী সংবতের স্কুচনা প্রতিপন্ন হয়।

কাহাউম স্তম্ভলিপির আলোচনায় ভাউদাঞ্জি সিদ্ধান্ত করেন,—স্বন্দ-গুপ্তের রাজত্বে অর্থাৎ গুপ্ত-বংশের রাজত্ব-কালের ১৪১ বংসরে সেই লিপি উৎকীর্ণ হইয়াছিল। তাঁহার সিদ্ধান্তে আরও প্রতিপন্ন হয়,—হয়েনং-সাং কথিত 'টৌ-লৌ-পো-পো-টো' বা 'টু-লু-হো-পো-তু' বল্লভী-বংশের প্রতিষ্ঠাতা সেনাপতি ভটারকের চতুর্থ বা কনিষ্ঠ পুত্র—মহারাজ ধরপন্ত।

১৮৬৪ খৃষ্টাব্দে ডক্টর ভাউদাজীর আর একটী প্রবন্ধ প্রকাশিত হয়। সে প্রবন্ধ ভারতীয় কালগণনা সংক্রান্ত। সেই প্রবন্ধে তিনি ৪০০ শক সংবতে উৎকীর্ণ বল্লভী-রাজ মহারাজ দ্বিতীয় দির্শসেনের কতকগুলি দানপত্রের বিষয় আলোচনা করেন। প্রত্নতত্ত্ববিদ্গণের মতে সে দানপত্র কৃত্রিম সপ্রমাণ হয়। যাহা হউক, দানপত্রে কাল-গণনার যে ধারা নির্দেশ আছে, দানপত্র কৃত্রিম হইলেও, তাহার কাল-নিরূপণ অল্লাস্ত,—ভাউদাজি তাহা সপ্রমাণ করেন।

এইরপে প্রতিপন্ন হয়,—

- (১) বহুলভী-বংশের দানপত্রে কালের উল্লেখে শক-সংবতের নির্দেশ আছে। সে শক-সংবৎ নাহাপান কর্ত্বক প্রবর্ত্তিত। সে নাহাপান সম্ভবতঃ পার্থিয়ার রাজা এবং ফ্রেহেট্সের বংশধর।
- + মিষ্টার কাণ্ড দনের গবেষণা ও বিবিধ মন্তবা দহকে নিম্নোক প্রস্থাত কষ্টবা; যথা,—Journal of the Royal Asiatic Society, N. S. Vol. IV; Beal's Budhist Record of the Western World, Vol. II; Julien's Hiven Tsiang, Vol. I & III; Indian Antiquary, Vol. XV; Archæological Survey of India, Vol. I & III.
- † এতংগৰণে ভক্তর ভাউৰাজীয় উল্পি নিমে উজ্ ভ হইল; ৰখা "Whether the grant he genuine or not, the evidence in regard to the name of era does not materially lose its value; as the forger has been careful not to give the exact year, but simply to state the century of the era, which we must accept as correct, as this forger may naturally be expected to avoid an error in date, which would vitiate the document

- (২) ৩১৮ খুষ্টান্দে গুপ্ত-কালান্দের আরম্ভ। কুমার-গুপ্ত এবং স্কল্-গুপ্ত বহলভীনিগের শেষ
 নৃপতির পরবর্তী। সে হিসাবে, আল্বাফণি কথিত বহলভী-সংবৎ ও গুপ্ত-সংবৎ যদি অভিন্ন হয়,
 সে বহলভী-সংবৎ বহলবী-বংশীয় রাজাদিগের প্রতিষ্ঠিত নহে; পরস্ক সে অক গুপ্তান্দ;—
 কাথিয়াবাড়ে কুমার-গুপ্ত এবং স্কল্-গুপ্ত কর্ত্তক প্রবর্ত্তিত হইয়াছিল।
- (৩) হুয়েনৎ-সাঙের ভারত পরিভ্রমণ সম্বন্ধে যে কাল নিরূপিত হয়, সেই কাল আরও ছয় বৎসর পূর্বের, ৬৩০ হইতে ৬৪৩ খুষ্টাব্দের মধ্যে, নির্দিষ্ট হওয়াই সমীচীন।
- (৪) 'জুপিটার' এহের চারিটা ষ**ষ্টিসম্বৎসর-ব্যাপী** কালাবর্ত্ত অর্থাৎ ২৪০ বংসর অতীত চইলে, শকাস্ব-স্টনার পর, গুপ্ত-কাল আরম্ভ হয়।

বলা বাহুল্য, ডক্টর ভাউদাজীর এই সিদ্ধান্ত মিপ্তার ফার্ড্র নও পরিগ্রহণ করিয়াছিলেন।

১৮৬২ খৃষ্টাব্দে ডক্টর ভাউদান্ত্রীর আর একটা প্রবন্ধ প্রকাশিত হয়। স্বন্দ-শুপ্তের 'জুনাগড় লিপির' এবং মহাক্ষত্রপ রুদ্রদমনের 'সা-লিপির' পাঠোদ্ধার প্রদক্ষে সে প্রবন্ধে তিনি পূর্ব্বকথিত লিপি-সমূহের আলোচনা করেন।

সে আলোচনায় এক নিগৃঢ় তত্ত্বের প্রকাশ হয়। ইতিপূর্ব্বে স্কল-গুপ্তের লিপিতে (পঞ্চদশ ছত্রে) "গুপ্তপ্রকালে গণনাং বিধায়" পাঠ পরিকল্লিত হইয়াছিল। তাহার ব্যাখ্যা প্রসঙ্গে 'গুপ্ত-গণের গণনা-পদ্ধতি অনুসারে কাল-গণনায়' (Making calculation in the reckoning of the Guptas)—অর্থ প্রচলিত হয়। কিন্তু ডক্টর ভাউদাজী পূর্ব্বোক্ত ছত্রের "গুপ্তপ্ত কালগণনাং বিধায়" স্মর্থাৎ 'গুপ্তের অন্ধ বা গুপ্ত-কাল হইতে গণনা করিয়া' (Counting from the era of Gupta) পাঠ সংযোগ করেন।

পণ্ডিতগণ বলেন, – এবন্ধি পাঠ-পদ্ধতির অনুসরণেই গুপ্ত-বংশের প্রতিষ্ঠাতা মহারাজ গুপ্তের সময় হইতে গুপ্তকালের প্রারম্ভ স্থিরীকৃত হইয়াছে। অপিচ, এইরূপ পাঠে আলোচ্য কাল 'গুপ্তস্তু কাল' অর্থাৎ 'গুপ্ত-কাল' নামে অভিহিত হয়।

এইরপে ভাউদাজী প্রতিপন্ন করেন,—গুপ্ত-কালেই (গুপ্ত-সংবতেই) গুপ্ত-নূপতিগণের রাজ্যকাল নির্দিষ্ট। ৯৪৫ খৃষ্টাব্দে উৎকীর্ণ ভারওয়াল লিপি হইতে বহলভী অব্দে—৩১৮ খৃষ্টাব্দে, গুপ্ত-কালের প্রারম্ভ স্টতি হয়। তদমুসারে, কাহাউম লিপির গণনা-ক্রমে ৪৪৮ খৃষ্টাব্দ হইতে ৪৫৯ খৃষ্টাব্দের মধ্যে স্কন্দ-শুপ্তের রাজ্যকাল নির্দিষ্ট হইতে পারে।

আরও, বহলভী-লিপির কালের আলোচনায় বহলভী-কালকে শকান্দ-সংশ্লিষ্ট বলিয়া বুঝা যায়। তাহাতে ৩৮৮ খৃষ্টান্দ হইতে ৪৪৩ খৃষ্টান্দের মধ্যে, বহলভীদিগের কতকগুলি দানলিপির কাল নির্দেশ করা যাইতে পারে।

স্তরাং, এ হিসাবে প্রতিপন্ন হয়,—সেনাপতি ভট্টারকের প্রতিষ্ঠিত বল্লভী-বংশ স্কন্দ-গুপ্তের অভ্যাদয়ের অব্যবহিত পূর্ব্বেই প্রতিষ্ঠিত হইয়াছিল।

more than any other single error." কাল গণনায় খানপত্তে বে শতাব্দের নির্দেশ আছে, ভাষার এবং অত্য-গণনায় নামকরণ স্থানে থানপত্তের উল্লিয় প্রামাণ্য ভক্তর ভাউণালী খাকার করেন। কিন্তু অভাত্ত বিষয়ে ভিনি সংশয়-স্লেহের প্রনা করিয়াছেন।

ডক্টর ভাউদান্সীর এই অভিমত অনেকেই গ্রহণ করেন। পাশ্চাত্য প্রত্নতাত্ত্বিকর্গণ ডক্টর ভাউদান্সীর এই অভিমতের কতকটা সারবন্তাও উপদন্ধি করিয়াছেন। *

অক্সান্ত আলোচনাকারী।

প্রাচ্য ও পাশ্চাত্য পণ্ডিতগণের মধ্যে আর যাহারা এই গুপ্তকাল-সম্বন্ধে গবেষণা প্রকাশ করিয়াছেন, তাঁহাদের মধ্যে ডক্টর ফিজ-এডওয়ার্ড হল, মিটার নিউটন, ডক্টর ভাণ্ডারকার কর্নেল জে ডবলিউ ওয়াটসন, ডক্টর রাজেজ্ঞলাল মিত্র, ডক্টর বুলার, ডক্টর ওল্ডেনবার্গ, শুর ই ক্লাইভ বেলি, ডক্টর হর্নেল প্রভৃতির নাম সবিশেষ উল্লেখযোগ্য। আমরা একে একে যথাক্রমে তাঁহাদের অভিমতের মর্ম্ম নিয়ে প্রদান করিতেছি।

ডক্টর হলের মন্তব্য।

১৮৬১ খৃষ্টান্দে ডক্টর হল, পরিব্রাজক-মহারাজ হস্তিনের প্রদন্ত ১৫৬ ও ১৬৩ অব্দের ছুইথানি দানলিপির আলোচনা করেন। ইতিপূর্ব্বে, প্রিক্রেপের প্রবন্ধ-সমূহ-সম্পাদনকালে, মিষ্টার টমাস পূর্ব্বোক্ত লিপির আলোচনা করিয়াছিলেন। কিন্তু ডক্টর হল সেই লিপি সর্ব্বপ্রথম সাধারণ্যে প্রকাশ করেন।

পূর্ব্বোক্ত দানপত্রের মধ্যে বিশেষ আলোচ্য—"গুপ্তনৃপরাজ্যভূক্তৌ" বাক্যাংশ। এই অংশের অর্থ হয়—'গুপ্তরাজগণের রাজ্যভোগ-কালে" (In the enjoyment of sovereignty by the Gupta kings)

কিন্ত মিষ্টার টমাস এবং ডক্টর উইশসন উহার অন্থবাদ করেন,—'গুপ্ত-নৃপতিগণ কর্তৃক রাজ্যাধিকারের ১৬৩ম বৎসরে।' (in the 163rd year of the occupaion of the kingdom by the Gupta kings)।

ডক্টর হল, শেষোক্ত মত গ্রহণ করিয়া সিদ্ধাস্ত করেন,—'ভূক্তি' অর্থে 'ভোগ' 'অধিকার' প্রভৃতি বুঝায়। স্থতরাং পূর্ব্বোক্ত 'গুপ্ত-নূপরাক্ষ্যভূক্তো' বাক্যের অর্থ হয়—'গুপ্ত-নূপতিগণের আধিপত্যের বা রাজ্যকালের অবসানে (১৫৬ বৎসরে)। †

এইরপে, তিনি গুপ্ত-নুপতিগণের উচ্ছেদের পর গুপ্ত-কাল-গণনারম্ভ প্রতিপন্ন করেন।

^{*} ভাউণাজীর মন্তব্য এবং সিদ্ধান্তের আলোচনা-প্রসাদ নিম্নলিখিত গ্রন্থ-পতা জন্তব্য; বণা. – Journal of the Bombay Branch of the Royal Asiatic Society, Vol. VIII; Indian Antiquary, Vol. X; এবং Corpus Inscriptionum Indicarum, Vol. III.

^{† &}quot;ভতানুগৰাজ্যভূজে"—মহানাজ হতিনের দানগনো দিখিত এতথাকোর ব্যাখ্যায় ডউন হল অর্থ করেন,—
Bhukti literally means the act of enjoying or eating.....if unqualified by a temporal participle, denotes possession. এইলগে ওছান মতে অর্থ ছন,—"(in the year one hundred and fifty-six) of the extinction of the sovereignty of the Gupta Kings," অব্বা "(one hundred and sixty-three years) after the domination of the Guptas has been laid to rest,"

শকদিগের উচ্ছেদসাধনেই যে শকান্দের প্রতিষ্ঠা—ডক্টর হলের এ সিদ্ধান্তও যে আল্বারুণির সিদ্ধান্তেরই অমুগামী, তাহাতে সন্দেহ নাই।

তার পর ডক্টর হল, কাহাউম স্তম্ভলিপির আলোচনা প্রসঙ্গে বলেন,—গুপ্তদিগের উচ্ছেদের পর কাহাউম লিপি উৎকীর্ণ হইয়াছিল। স্বন্দগুপ্তই গুপ্তবংশের শেষ-নূপতি। যাহা হউক, ডক্টর হলের এবস্থিধ সিদ্ধান্ত যে পণ্ডিত সমাজে পরিগৃহীত হয় নাই, তাহা বলাই বাহুল্য। *

নিউটনের সিদ্ধান্ত।

১৮৬২ খৃষ্টাব্দে নিউটনের এক প্রবন্ধ প্রকাশিত হয়। সে প্রবন্ধে তিনি গুজরাটের ও কাথিয়াবাড়ের সা, গুপ্ত এবং অপরাপর বংশের আলোচনা করেন। বহলভী রাজগণের দানালাপ সমূহ বিক্রম-সংবতে প্রচারিত হইয়াছিল,—সে প্রবন্ধে তিনি তাহাই সপ্রমাণ করিবার প্রয়াস পান। পূর্ব্বোক্ত সা, গুপ্ত এবং অপরাপর বংশের নূপতিগণের মূদার বিষয় নিউটনই স্ব্বপ্রথম আলোচনা করিয়াছিলেন।

সেই আলোচনা প্রসঙ্গে তিনি স্থির করেন,—বিক্রমান্দে সা-মুদ্রাসমূহ প্রচলিত হয়; স্কতরাং ৩০-৪০ খৃষ্টাব্দ হইতে ২৪০-২৫০ খৃষ্টাব্দ পর্যান্ত সা-বংশীয় নৃপতিগণের রাজ্যকাল নির্দিষ্ট হইতে পারে। তাঁহাদের অব্যবহিত পরেই গুজরাটে কুমার-গুণ্ডের এবং স্কল-গুণ্ডের রাজ্যাধিকার। তথন যদিও ইণ্ডো-সিদীয় বা শক্জাতি বিভ্যমান ছিল, কিন্তু তাহারা তাঁহাদের রাজ্যাধিকারে কোনও বাধাই প্রদান করে নাই।

প্রিন্সেপ, টমাস এবং অধ্যাপক উইলসনের মস্তঃ ই নিউটনের এবন্ধি সিদ্ধান্তের মূলীভূত। তাঁহাদের মতে, সা-রাজগণ গুপ্ত-দিগের এবং গুপ্ত-গণ বহলভীদিগের পূর্ববর্ত্তী। এই গণনায় প্রতিপন্ন হয়,—৩১৯ খৃষ্টান্দে, গুপ্ত-বংশের শেষ নৃপতির লোকাস্তরের পর, বহলভী-বংশের অভ্যুদ্য ঘটে; সঙ্গে সংস্ক বহলভী-সংবৎ প্রবর্ত্তিত হয়। সে হিসাবে বিক্রম-সংবতের সহিত্ব বহলভী-সংবতের সম্বন্ধ স্থাতিত হইতে পারে। গ

ওয়াটসনের বক্তব্য।

কর্ণেল ওয়াটসন, ভার্টগণের জনশ্রুতি-মূলে এক অভিনব তথ্যের প্রচার করিয়াছেন। ১৮৭৬ খৃষ্টান্দে 'ইণ্ডিয়ান এন্টিকয়ারীতে' কর্ণেল সেই প্রবাদ-মূলক বিষয়টী প্রকাশ করেন; সঙ্গে সঙ্গে তৎসম্বন্ধে তাহার মস্তব্যও প্রকাশিত হয়। ভার্টগণের প্রচারিত সেই জনশ্রুতির মন্ম; যথা,—

জুনাগড় এবং ভাস্থালিতে বালা বাসি জির পুত্র বালা রাম রাজত্ব করিতেন। রামরাজা বালাবংশীয় ছিলেন।

সৌরাষ্ট্রে প্রবাদ,—জুনাগড়-ভান্থালির অভ্যাদয়ের পূর্ব্বে বল্লভীনগর গুজরাটের রাজধানী ছিল। গঙ্গা ও যমুনার মধ্যবর্ত্তী ভূভাগে গুপ্ত-নূপতিগণ রাজত্ব করিতেন। সেই বংশের জনৈক

^{*} ভত্তর ক্ষিত্ত-এডওরার্ড হলের মন্ত্র। Journal of the Asiatic Society of Bengal, Vol. XXX এবং Journal of the American Oriental Society, Vol. VI, প্রভৃতি এছে এইবা।

[†] Bombay Branch of the Royal Asiatic Society's Journal, Vol. II.

নৃপতি পুত্র কুমারপাল-শুগুকে সৌরাষ্ট্র-বিজয়ে প্রেরণ করেন। সৌরাষ্ট্রদেশে প্রাণদত্তের পুত্র চক্রপাণিকে বনস্থালীর শাসনকর্তা নিযুক্ত করিয়া, কুমারপাল-শুগু পিতৃরাজ্যে প্রত্যাবর্ত্তন করেন। বিংশ বর্ষ কাল রাজ্যভোগ করিয়া কুমারপাল-শুগু লোকান্তরপ্রাপ্ত হন। তার পর সমুদ্র-শুগু সিংহাসন লাভ করেন।

সমূদ্র-গুপ্ত শক্তিহীন ছিলেন। স্থতরাং তাঁহার সেনাপতি, গেলোট-বংশীয় ভট্টারক, সৌরাষ্ট্রে স্বাধীন রাদ্য প্রতিষ্ঠা করেন। ইহার ছই বংসর পরে কুমার-গুপ্তের লোকান্তর হয়। সেনাপতি তথন হইতে সৌরাষ্ট্রের রাজা হন। পরিশেষে তিনি বনস্থালীতে অপর শাসনকর্তা নিযুক্ত করিয়া বহলভী-নগর স্থাপন করেন।

এই বৈদেশিক আক্রমণে গুপ্ত-বংশের অধঃপতন হয়। সেনাপতি গেলোট ছিলেন; গুপ্তগণ কর্ত্তক বিধবংস না হ ওয়া পর্য্যন্ত সেনাপতির পূর্ব্ব-পুরুষগণ অযোধ্যানগরীতে রাজত্ব করিতেন।

যাহা হউক, বহুল ভী-নগর প্রতিষ্ঠার পর দেনাপতি, সৌরাষ্ট্র, কচ্ছ, লাটদেশ, মালব-প্রদেশ অধিকার করেন। বালা-গণ—গেলটদিগের শাথা-বিশেষ। বহুলভীরাজ্য ধ্বংসের পর বনস্থালীর বালা-বংশীয় শাসনকর্তা স্বাধীনতা অবলম্বন করেন। রাজা রামের কোনও পুত্র-সন্তান ছিল না। নগরঠাটের রাজার সহিত তাঁহার এক ভগ্নীর বিবাহ হইয়াছিল।

কর্ণেল ওয়াটসনের প্রদত্ত জনশ্রুতি মূলে যে কোনও সত্য তথ্য নিহিত নাই, সাধারণদৃষ্টিতেই তাহা প্রতিপন্ন হয়। বহলভীগণ—গুপ্তগণের পরবর্ত্তী, ওয়াটসনের মস্তব্যে তাহাই
বুঝা যায়। তদ্ভিন্ন, ঐতিহাসিক অথবা প্রত্নতাত্ত্বিক উপাদান হিসাবে, ওয়াটসনের প্রদত্ত
প্রবাদের প্রামাণ্য কেইই স্বীকার করিতে প্রস্তুত নহেন।

ডক্টর বুলারের সিদ্ধান্ত।

ডক্টর ব্লার বহলভী-বংশের সপ্তম শিলাদিত্যের আলিনা-দানলিপিতে ৪৪৭ গুপ্ত-সংবতের নিদর্শন দেখিতে পান। লিপিতে গ্রুবট বা গ্রুবডট নাম দৃষ্ট হয়। তদ্ষ্টে ব্লার বলেন,—শিলাদিত্য (সপ্তম) পরিব্রাজক হয়েনৎ-সাঙের সমসাময়িক ছিলেন। সে হিসাবে, বুঝা যায়—২০০ খুষ্টাব্দের অব্যবহিত পূর্বে বা পরে, বহলভী-দানলিপিতে উক্ত কালের স্কচনা হইয়াছে। *

ওল্ডেনবার্গের মত।

১৮৮১ খৃষ্টান্দে ডক্টর ওল্ডেনবার্গ যে সিদ্ধান্তে উপস্থিত হন, তাহা বিশেষ প্রাণিধানযোগ্য।
*হার ভন সালেটর মৌদ্রিক প্রমাণের অনুসরণে, ওল্ডেনবার্গ স্থির করেন,—কনিক্ষ, হবিষ্ণ ও
বাস্থানেব যে অন্ধ ব্যবহার করিতেন, তাহার নাম—শকান্ধ। সে শকান্ধ—কনিক্ষের রাজ্যপ্রাপ্তিকাল হইতে আরম্ভ হয়।

এই মত প্রতিষ্ঠার জন্ম ডক্টর ওল্ডেনবার্গ কয়েকটা কারণ মির্দ্দেশ করেন। সে কারণ-

^{*} ১৮৭৮ খৃটাব্দে 'ইভিয়ান এণ্টিক্যারী' এছে ভটার বুলারের প্রবন্ধ প্রকাশিত হয়। (Indian Antiquary Vol. VII).

^{7:- 21 14-26}

মৌদ্রিক প্রমাণ-সমূহের আলোচনায় কনিক্ষ, হবিছ ও বাস্থদেবের কাল খৃষ্টার প্রথম শতকীর পূর্বেন নির্ণয় করা যায় না। সে হিসাবে তাঁহাদের বিশ্বমানতা ২০০ খৃষ্টাব্দে নির্দিষ্ট হয়।

৫০০ শক সংবতে পশ্চিম চালুক্য-রাজ মঙ্গলিসা 'বাদামী' গুহালিপি উৎকীর্ণ করেন। তাহা হইতে বুঝা যার,—শক্-নৃপতির রাজ্যাভিষেকের সময় হইতে শক-কালের প্রবর্তনা। কেছ কোবার তাঁহার মৃত্যুর পর হইতে সে কাল-গণনার স্থচনা করেন। কিন্তু তাহা ভ্রমসন্থল।

মুদ্রাদি হইতে কনিক্ষই সে শক-নূপতি বলিয়া প্রতিপন্ন হন। তিনি বে সময় সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন, সে সময় তাঁহার স্থায় প্রবল প্রতাপাধিত দিতীয় নূপতি ভারতে বিষ্ণমান ছিলেন না। স্থাতরাং তিনিই যে শক-সংবতের প্রবর্ত্তক, তদ্বিষয়ে সংশন্ন নাই।

এইরূপে, ঐতিহাসিক, মৌদ্রিক এবং পৌরাণিক প্রমাণ-পরম্পরা হইতে ওল্ডেনবার্গ ০১৯ খৃষ্টান্দে গুপ্তবংশের অভ্যাদয় এবং ৪৮০ খৃষ্টান্দে তাঁহাদের অধংপতন সপ্রমাণ করেন। ইরাণ গুস্ত-গাত্রস্থিত বৃদ্ধ-গুপ্তের লিপিতে ১৬৫ গুপ্ত-সংবতে বৈশাথ মাসের দ্বাদশ পূর্ণিমা-তিথি, বৃহস্পতিবার স্থিরীকৃত হইয়াছে। ওল্ডেনবর্গের মতে, ওয়ারেণের 'কাল সম্বলন' গ্রন্থোক্ত তালিকার গণনা-ক্রমে পূর্ণ্ধোক্ত নির্দেশ অভ্যান্ত প্রতিপন্ন হয়। *

হর্ণেলের সিদ্ধান্ত।

ডক্টর হর্ণেলের সিদ্ধান্ত অন্তর্রপ। তিনি টমাসের মতাত্বর্ত্তী। টমাস গুপ্ত-বংশের উচ্ছেদের কাল ৩১৯ খৃষ্টান্দ করিরাছেন; আর জেনারেল কানিংহাম কর্তৃক ১৬৬-১৬৭ খৃষ্টান্দে গুপ্তকালারন্তের স্থচনা স্থিরীকৃত হইরাছে। গুপ্ত-কালের স্থচনা ও আরম্ভ-মূলক এই উভয় সিদ্ধান্তই ডক্টর হর্ণেলের মতে সমীচীন। †

বেলির মন্তব্য।

শুর এডওয়ার্ড ক্লাইভ বেলির মতে ১৮৯ (৯০)—১৯০ (৯১) খৃষ্টাব্দে গুপ্ত-কালের প্রারম্ভ দিদ্ধান্তিত হয়। কাবুলের হিন্দু নৃপতিদিগের যে মূল্রা-সমূহ গুপ্ত-সংবতে উৎকীর্ণ বলিয়া নির্দিষ্ট ইয়, আরবী ভাষার সংখ্যা-সম্বাদ্ধিত সেই মূল্রা-সমূহের আলোচনায় শুর এডওয়ার্ড বেলি ১৮৮২ খৃষ্টাব্দে এক গ্রন্থ প্রকাশ করেন।

তাহাতে শৈলপতির মুদ্রার ৬৯৮ 'গুপ্ত' এবং সপ্তম শিলাদিত্যের আলিনা-লিপিতে ২০০ খৃষ্টান্দে গুপ্তকাল স্ট্রনা—দৃষ্ট হয়। তদকুসারে শৈলপতিকে ৮৮৭ হইতে ৯১৬ খৃষ্টান্দে নির্দেশ করিয়া, মিঃ বেলি ১৮০ খৃষ্টান্দের পরবর্ত্তিকালে গুপ্তকালারন্ত সিদ্ধান্ত করিয়াছেন। পূর্ববর্ত্তী পণ্ডিতগণ যে ৩১৯ খৃষ্টান্দে গুপ্তকাল নির্দেশ করিয়াছেন, সে কালের স্ট্রনা অক্তরপ।

Indian Antiquary, Vols. VI & X. ভত্তর অল্ভেনবার্গ একছলে ৩১৯ ৃষ্টাব্দে ভত্তকালগণনার
ত্বনা এবং ৩১৮ গৃত্বাব্দে ভততকালের উত্তব অভিপন্ন করিয়াছেন। সভবতঃ গৃত্তিবিজ্ঞাবৰণতঃ ভিনি এছলে ভিন্নবৃদ্ধ
ক্রচার করিয়া গিয়াছেন।

[†] Centenary Review of the Asiatic Society of Bengal, 1784 to 1883. ভটন হর্ণেলের মতে ১৬৬ গৃটাক্ট প্রথম প্রবার কাল। কিন্তু ভাঁহার এ ডিছাভ জেলারেল কানিংহামের নিদ্ধান্তর অনুকূল নহে।

সে মতে স্বন্ধ-শুণ্ডের বিরুদ্ধে বর্মজীদিগের বিজোহ এবং কুমার-শুণ্ডের পরলোক গমন—এই ছই ঘটনা উপলক্ষে সে কালের স্টনা হইরাছিল, সিদ্ধান্ত হয়। পরবর্ত্তী বংশ-পরস্পরা শুগুকাল ব্যবহার করিতে থাকেন।

ফলতঃ, বেলি বিষয়-বিশেষে টমাসের অন্সরণ করিলেও, সর্বত্র তাঁহার মত অনুমোদন করেন নাই। শৈলপতির পূর্ব্বোক্ত দানলিপিতে যে সকল সময়ের বা অন্সের উল্লেখ আছে, মিষ্টার টমাস তাহার যে পাঠ উদ্ধার করিয়াছিলেন, বেলির পাঠ তাহা হইতে স্বতন্ত্র। টমাস অনেক স্থলে জেনারেল কানিংহামের মতামূলখী হইয়া ভ্রমে পতিত হইয়াছেন। তাই তাঁহার সিদ্ধান্তও ভ্রমসম্মূল হইয়াছে।

দৃষ্টান্ত—'ভূমার' নিপিতে 'মহামার্গশীর্ষ সম্বংসর' নিখিত আছে। তদমুসারে কানিংহাম ১৬৭-৬৮ খৃষ্টান্দে গুপ্তকালের প্রারম্ভ সিদ্ধান্ত করেন। কিন্তু বেনির সিদ্ধান্ত—১৬৬-৬৭ খৃষ্টান্দ। * এইরূপে, পাশ্চাত্য পশ্ভিভগণের গবেষণায় পরস্পর-বিরোধী নানা মতের অবতারণা হইয়াহে।

প্রাচ্য-দেশীয় পগুতগণের মত।

পাশ্চাত্য-পণ্ডিতগণের তার প্রাচ্চাদেশীর পণ্ডিতগণও গুপ্ত-কাল-গণনার নানা গবেষণা প্রকাশ করিয়াছেন। এই আলোচনা -প্রসঙ্গে ডক্টর ভাউদান্দি, ডক্টর রাজেক্সেলাল মিত্র, ডক্টর ভাগোরকার প্রভৃতির নাম সবিশেষ প্রসিদ্ধিসম্পন্ন।

আমরা ইতিপূর্ব্বে ডক্টর ভাউদান্ধীর সিদ্ধান্তের আলোচনা করিয়াছি। একণে অহান্ত প্রাচ্য প্রত্নতত্ত্ববিদ্যাণের মতালোচনার প্রকৃত সিদ্ধান্তে উপনীত হওয়ার প্রয়াস পাইতেছি।

মিন্তার টমাসের এবং ডক্টর ভাউদান্তীর মতাবশন্তনে সর্ব্ধ প্রথমে ডক্টর ভাগ্ডারকার দ্বির করেন,—বহলভী-বংশের দানলিপিতে যে সকল কালের উল্লেখ আছে, শকান্তই তাহাদের মূল ভিত্তি। তদমুদারে ৩১৯ খুটাদে বহলভী-সংবতের কাল নির্দিষ্ট হইরা থাকে। কর্ণেল টডেরও ইহাই নিজান্ত। সেনাপতি ভটারকের দিতীর পুত্র দ্রোণসেনের 'মহারাজ' উপাধি গ্রহণের সঙ্গে সঙ্গে বহলভী-বংশ স্বাধীনতা অবলম্বন করে। সেই সময় হইতেই বহলভী-সংবতের প্রতিষ্ঠা। ডক্টর ভাগ্ডারকারের ইহাই সিজান্ত।

কিন্তু কিছুকাল পরে তাঁহার এ মত পরিবর্ত্তিত হয়। বহুলবী-বংশের এবং পশ্চিম চালুক্য-বংশীয় নৃপতিগণের দানলিপির অক্ষর-সমূহের আলোচনায় তিনি শক্ষাব্দের সহিত বহুলভী-অব্দের

^{*} Numismalic Chronicle Third Series, Vol. II. প্রিলেপের প্রবন্ধ সমূহে লৈলপতির মুদ্রার বিশেষভাবে আলোচিত ইইরাছে। বেলির প্রবন্ধ সংখ্যাভালিকার তুলনার ৮:৪ খৃষ্টান্দেই লৈলপতির কাল নির্দেশ করে। কিন্তু বেলি, লৈলপতিকে ৮৮৭ ইইতে ৯১৬ খৃষ্টান্দের মধ্যে নির্দেশ করেন। শক্ষণবভের সম্বত্ধ-স্থানা বীকার করিলে প্রিলেপ-প্রবন্ধ মুদ্রার ৮১৪ খৃষ্টান্দের মহিত টানিলা বুলির। একটা সম্বত্ধ হির করিলা লক্ষা বাইতে পারে। ভারতে লৈলপতির কাল ৮৯১-৯২ খৃষ্টান্দে নির্দিষ্ট হয়। কিন্তু জেলারেল কানিংহামের মতে লৈলপতির কাল—৮০০ খৃষ্টান্দ্ নির্দিষ্ট হয়। (Archæological Survey of India Aol. XIV), ট্রনাসের সিদ্ধান্তে লৈলপতি প্রার ৮১১ ১২ খুষ্টান্দে অর্থাৎ রূপন শ্রাম্থীর প্রারন্তে নির্দেশিক হইলা পাকেন। (Journal of the Royal Asiatic Society F. S. Vol. IX),

গ্রন্থন্ধ অস্বীকার করেন। শকাক অথবা অস্ত কোনও অব বে বছলভী-সংবতের আদিভূত নহে এবং ৩১৯ খৃষ্টান্দ হইতেই যে তাহার স্থচনা,—ডক্টর ভাগুারকার তথন দেই মত প্রচার করিতে আরম্ভ করেন।

কিন্তু তথনও ফাগু সনের সহিত তাঁহার মতবিরোধ চলিতে থাকে। তথন তাঁহার সিদ্ধান্ত হয়,—ভট্টারক-বংশে বহলভ' বা বহলভী' নামীয় কোনও ব্যক্তি ছিলেন না; স্থতরাং ভট্টারক-বংশ হইতে বহলভী-সংবতের উৎপত্তিমূলক সিদ্ধান্ত ভ্রমপূর্ণ। ভাগুরকার আরও বলেন,—ভট্টারক-বংশ কর্ত্বক প্রবর্তিত না হইলেও, ভট্টারক-বংশাংপত্তির পূর্ব্ব হইতেই সৌরাষ্ট্রে বহলবী-সংবৎ প্রচলিত ছিল। স্থতরাং ভট্টারক-বংশের সহিত অব্দের সম্বন্ধ অস্বীকার করিবার নহে। যাহাই হউক, মূলতঃ কিন্তু উভয় অকই অভিন্ন। উহাদের গণনা-পদ্ধতিও স্বতম্ব নহে।

১৮৮৪ খৃষ্টান্দে, 'দান্ধিণাত্যের প্রাচীন ইতিবৃত্ত' প্রকাশের সঙ্গে সঙ্গে, ডক্টর ভাণ্ডারকার ৩১৮-১৯ খৃষ্টান্দকেই গুপ্তকাল-প্রবর্তনার সময় নির্দেশ করেন। আল্বাফণির সিদ্ধান্ত (গুপ্ত-বংশের ধ্বংস হইতে গুপ্তকালের গণনারস্ত) সম্বন্ধে হিন্দুগণের ভ্রান্ত ধারণার বিষয় ভাণ্ডারকার সমর্থন করিয়াছেন। সৌরাষ্ট্রে বহলভী-বংশ সে অন্দের প্রচলন করেন। তাই সেথানে বহলভী-সংবৎ নামেই উহা পরিচিত হয়। বহলভীগণ—গুপ্তদিগের অধীন ছিলেন। স্কৃতরাং তাঁহাদের লিপি ও দানপত্র সমূহে সেই কালেরই উল্লেখ আছে। ফলতঃ, সেনাপতি ভট্টারকের বংশের অভ্যাদয়ের সহিত গুপ্তান্দের কোনই সম্বন্ধ নাই।

এই আলোচনা-প্রদক্ষে ভাণ্ডারকার ছয়েনৎ-সাং-কৃথিত 'টু-লুপো-পো-পো-টু' কে বহলভীর দিতীয় ধ্রুবদেন বলিয়া নির্দেশ করেন। তাঁহার মতে, 'পস্ত' রাভ' প্রভৃতি ফেমন মহারাষ্ট্র-গণের সম্মানব্যঞ্জক উপাধি; সেন সিংহ ও ভট প্রভৃতিও সেইরূপ। ধ্রুবসিংহ হয় তো সাধারণতঃ 'ধ্রুবভট' নামে তথন পরিচিত ছিলেন। তাহা হইতেই ছয়েনৎ-সাং পুর্কোক্তরূপ নামকরণ করিয়াছেন। *

প্রাচ্যদেশীয় প্রত্নতত্ত্ববিদ্যাণের মধ্যে ডক্টর রাজেন্দ্রলাল মিত্র ক্ষন্দগুপ্তের ইন্দোর দানলিপির আলোচনা করেন। সেই আলোচনা-প্রসঙ্গে তিনি গুপ্ত কাল, বৃদ্ধগুপ্তের কাল এবং মহারাজ হস্তিনের কুাল—শক-সংবতের সহিত সম্বন্ধযুক্ত বলিয়া নির্দেশ করেন।

তিনি আরও বলেন,—বহলভীগণ কর্ত্বক গুপ্তগণের উচ্ছেদ সাধিত হয়। তাহারই শ্বরণার্থ গুপ্তকালের প্রবর্তনা। বহলচ্ছীগণই তাহার প্রবর্তক। যাহা হউক, ডক্টর রাজেজলালের সিদ্ধান্তেও প্রকৃত তথ্যের আভাস পাওয়া যায় না। গুপ্ত-কাল-নির্নপণে তাই পণ্ডিতগণ তাঁহার সিদ্ধান্তের সারবন্তা উপলব্ধি করেন নাই। †

* _ *

ভন্তর ভাণ্ডারকারের অভিমতের আলোচনার নিয়লিখিত গ্রন্থান নেইবা; বধা — Journal of the Bombay Branch of Royal Asiatic Society, X. The Early History of ⊃eccan প্রভৃতি।

† Journal of the Asiatic Society of Bengal, XLIII. গ্রন্থে ভট্টর রাজেল্রলাল বিজের জ্বিমত উলিখিত হইরাছে। ১৮৭৪ খুটান্দে তিনি এত্রিবর জালোচনা করেন্।

दाविश्म পরিচের

সমস্থা-সমাধানে মান্দাসোর লিপি।

হিচনার বক্তব্য ;—সমস্তা-নিরসনে মান্দাসোর লিপি ;—পূর্বামুক্তি ;—গড় হিসাবে সামগ্রন্থ সাধনের প্রয়াস ;—অশোকের কাল-পরিচরে তুলনা ;— ফ্রিটের আলো-চনার মর্ম্ম ;—বেরাবেল লিপির প্রসঙ্গ ;— লিপির কাল-নির্দ্ধেশ ;—প্রতিবাদে বক্তব্য ;—বিরুদ্ধ মত খণ্ডনে যুক্তি ;—গুপু-কালের প্রারম্ভ ;— সংশর-স্চনায় ;—আভ্যন্তরীণ প্রমাণ ;—বহিঃপ্রমাণ ;—
ঐতিহাসিক নিদর্শন ;—মীমাংসায় সমস্তা।

স্থচনায় বক্তব্য।

এক্ষণে দেখা যাউক,—পূর্ব্বোক্ত কাল-সমূহের আলোচনায় গুপ্ত-কাল সম্বন্ধে কি স্থির মীমাংসায় উপনীত হইতে পারি। এ সম্বন্ধে ফ্লিট যে সিদ্ধান্তে উপনীত হইয়াছেন, তাহাই অবিসংবাদিতরূপে পরিগৃহীত হইয়াছে।

মান্দাসোরের লিপিই এই সমস্তা-নিরসনের প্রধান সহায়। স্থতরাং অধিকদ্র অগ্রসর হইবার পূর্ব্বে প্রথমে সেই মান্দাসোর লিপির বিষয় আলোচনা করিতেছি।

গুপ্তকাল-নিরপণে কি ভাবে বাদ-বিতণ্ডা চলিয়াছিল, প্রাচ্য ও পাশ্চাত্য পণ্ডিতগণের পূর্ব্বোক্ত গবেষণা হইতে তাহা বুঝা যায়। তথনও স্থির-সিদ্ধান্তে কেহই উপস্থিত হইতে পারেন নাই, পরস্ত সন্দেহ-দোলায় দোহ্ল্যমান হইয়াছেন;—পূর্ব্বোক্ত বিবরণে তাহা সপ্রমাণ হয়।

মান্দাসোর লিপিতে সমস্তা-সমাধান।

আল্বারণির অমুবাদে এম রিণো, ৩১৯-২০ খৃষ্টাবে অথবা তাহার সমসময়ে, গুপ্ত-কাল পেতিষ্ঠার যে অবস্থা-পরম্পরা উল্লেখ করিয়াছেন, তাহার আলোচনার এক বিষম সমস্থায় পড়িতে হয়। তাহা পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে। অবশ্র আল্বারুণির অমুসরণে এম রিণো ৩১৮-১৯ বা ৩১৯-২০ খৃষ্টান্দ গুপ্তকাল-প্রারম্ভের যে মন্তব্য প্রকাশ করিয়াছেন, তাহার প্রতিবাদ বড় কেহ করিতে পারেন নাই।

গুপ্তগণের ধ্বংসের পর উহার প্রারম্ভ-স্চনার, তৎপূর্ব্ববর্ত্তী অর্থাৎ ৩১৯ খৃষ্টাব্দের পূর্ব্ববর্ত্তী অপর কোনও গুপ্ত-কালের অপেকা করে। সে হিসাবে হুইটী গুপ্ত-কালের করনা হয়। তাহার একটার স্হচনা ৩১৯-২০ খৃষ্টাব্দে; অপরটার স্হচনা তাহারও পূর্ব্বে। প্রথমোক্তটা বহলভী-বংশের কোনও রাজার প্রতিষ্ঠিত; অপরটা গুপ্তগণের প্রবর্ত্তিত। স্বতরাং স্থমীমাংসা না হওরা পর্যান্ত বিষদ সংশর রহিরা যায়।

মিষ্টার টমাস, জেনারেল কানিংহাম এবং শুর এডওয়ার্ড বেলি বে অভিমত প্রকাশ করিয়া গিয়াছেন, তাহারও যৌক্তিকতা নির্দেশ প্রয়োজন। তাহা হইলেই একটা সঠিক সিদ্ধান্তের আভাস পাওয়া যাইতে পারে।

প্রত্নতবিং পশ্চিতগণের সকলেরই সিদ্ধান্ত—শুপ্ত-বংশের অব্যবহিত পরেই বহলজী-বংশের অভ্যানর হয়। তাঁহাদের আরও সিদ্ধান্ত—৩১৮ বা ৩১৯ খৃষ্টান্দে বহলভী-বংশের কোনও নৃপতি বহলভীনগর প্রতিষ্ঠিত করেন। সেই ঘটনার শ্বরণ জন্ত অপিচ শুপ্ত-শাসনের অবসান স্কুচনার, তথন হইতেই বহলভী-সংবতের প্রারম্ভ স্থুচিত হয়।

এরপ সিদ্ধান্তেও সমস্তা সমভাবেই রহিরা যায়। স্কুতরাং শেষ মীমাংসার উপনীত হইতে হইলে গুপ্ত-বংশের আদিভূত নৃপতিগণের কাহারও সময় নিরূপণের আবশ্রক হইরা পড়ে। সে পক্ষে মান্দাসোর লিপি প্রধান অবলম্বন। গুপ্ত-কাল-নিরূপণেও ঐ লিপি প্রধান সহার।

কথিত হয়,—মালবগণের জাতি-সংগঠনের সময় হইতে, ৫২৯ বংসর অতীত হইলে, মান্দাসোর লিপি কোদিত হয়। লিপিতে সামস্ত বন্ধবর্ম্মণের প্রসঙ্গের কুমার-শুপ্তের কাল—৪৯৩ গত-মালবান্দ নির্দিষ্ট আছে। কানিংহামের সিদ্ধান্তমতে এই মালবান্দ বিক্রম-সংবং বলিয়া প্রতিপন্ন হয় এবং ৫৭ পূর্ব-খৃষ্টাব্দে উহার প্রারম্ভ বলিয়া বুঝা যায়। কিন্তু অভাভ পণ্ডিতের আলোচনায় কানিংহামের এ মত্তব্যর্থ হইয়াছে। যাহা হউক, লিপির মধ্যে কুমার-শুপ্তের নাম সন্নিবিষ্ট থাকায়, সমস্তা-নিরসনে বিশেষ সহায়তা করে।

গুপ্তরাজগণের মুদ্রাদির আলোচনার কুমার-গুপ্তের বিগুমানকাল ৯৬ এবং ১৩০ গুপ্ত-সংবৎ সপ্রমাণ হয়। ভিল্সার স্বস্ত-লিপিতে প্রথমোক্ত কালের এবং জেনারেল কানিংহামের আলোচিত মুদ্রাদিতে শেষোক্ত কালের উল্লেখ আছে। মান্কুরার লিপিতে আবার ১২৯ গুপ্ত-সংবৎ পরিদৃষ্ট হয়। স্থতরাং সমস্তা সমস্তাবেই রহিয়া যায়।

গড-হিসাবে সামঞ্জ শু-সাধনের প্রয়াস।

এইরূপ অসামঞ্জস্তের মধ্যে, এইরূপ মত-বিরোধ ক্ষেত্রে, একটা মধ্যপন্থা অবলম্বনে সামঞ্জন্ত সাধন করিয়া লইতে হয়। পাশ্চাত্য পশুতগণের কেহ কেহ তাই গড়-হিসাবে কুমার-শুপ্তের ১১৩ গুপ্ত-সংবৎ ধরিয়া লইয়া আলোচনার প্রবৃত্ত হইয়াছেন।

সে হিসাবে, সেই মধ্য-পছার অবলম্বনে, মিষ্টার টমাসের মতে ১৯০-৯১ খৃষ্টাব্দে, জেনারেল কানিংহামের মতে ২৭৯-৮০ খৃষ্টাব্দে, শুর ক্লাইভ বেলির মতে ৩০৩-৩০৪ খৃষ্টাব্দে এবং ক্লিটের মতে ৪৩২-৩০ খৃষ্টাব্দে গুপ্তকালের স্কচনা নির্দিষ্ট হইতে পারে।

তার পর, বিভিন্ন পশুতের পূর্ব্বোক্ত সিদ্ধান্তের কাল-পরিমাণ হিসাবে কুমারগুপ্তের বিভ্রমানতা-জ্ঞাপক মালব-সংবৎ ৪৯৩—যথাক্রমে খৃষ্ট-পূর্ব্ব ৩০১, খৃষ্ট-পূর্ব্ব ২১৪, খৃষ্ট-পূর্ব্ব ১৯০ এবং খৃষ্ট-পূর্ব্ব ৬১-৬০ অবে নির্দিষ্ট হয়। এই ত্রিবিধ সিদ্ধান্তে সম্পূর্ণ একটী নৃতন অবের স্পূচনা করে।

২১৪ পূর্ব-খুঠাবের কতকগুলি মূলা, মালব এবং কোটার উত্তরে নাগর নামক ছানে
দৃষ্ট হয়। মিটার কাল'হিল স্ব্রঞ্জিধ্মে সেই মূলা সাধারণ্যে প্রচার করেন। মূলার

উপরিভাগে 'মালবানাং জর' বাক্য উৎকীর্ণ রহিয়াছে। সেই সকল মুদ্রার লিপির অক্ষর-সম্হ—২৫০ পূর্ব্ব-খৃষ্টাব্দ হইতে ১৫০ খৃষ্টাব্দের মধ্যে প্রচলিত অক্ষর-সমূহের অন্ত্রূপ। মালবজাতি যে মালবাক প্রতিষ্ঠার এবং জাতি-সংগঠনের বহু পূর্ব্বে বিছমান ছিল, সেই সকল মুদ্রা হইতে তাহা সপ্রমাণ হয়।

অন্ত দিকে আবার, এলাহাবাদ স্তম্ভলিপিতে তাহাদের উল্লেখ আছে। সেখানে সমূদ্র-শুপ্ত কর্ত্বক পরাজিত জাতি-সমূহের মধ্যে তাহাদের নাম দৃষ্ট হয়। স্কুতরাং সমূদ্রগুপ্তের রাজ্য-কালেও যে তাহাদের প্রাধায় অক্র ছিল, লিপি হইতে তাহা বেশ বুঝিতে পারা যায়। এইরূপে, অভিনব অন্ধের অন্তিম্ব মানিতে হইলে, ২২০ পূর্ব্ব-খুটান্বে, মোর্য্য-সমাট অশোক্ষে লোকান্তর হইতে সে অন্ধের স্কুচনা স্বীকার করিতে হয়। * সে ক্ষেত্রে ৪৯০ মালব-সংবৎ ২৭০ খুটান্বে গিয়া পড়ে। সে হিসাবে কানিংহামের মতে কুমারগুপ্তের রাজ্যের দশ বৎসরের মধ্যে পূর্ব্বোক্ত মালবান্ব (৪৯০) নির্দিষ্ট হয়।

এই প্রসঙ্গে জেনারেল কানিংহাম অশোকের লোকান্তর কাল ২২৩ পূর্ব-থৃষ্টানে নির্দেশ করিয়াছেন। বুদ্ধদেবের নির্বাণান্দ হইতে গণনা করিয়া অশোকের রাজত্বের বিশেষ বিশেষ ঘটনার কাল তিনি নিয়রূপ নির্দেশ করেন; যথা,—

পূৰ্ব্ব-খৃষ্টাৰ	ঘটনাবলি	•	বুদ্ধনিৰ্ব্বাণান্দ	রাজ্য কাল
896	বুদ্ধশাক্য মুনির নির্বাণ	•••	>	•••
976	চক্রগুপ্ত, মৌর্য্য, ২৪ বৎসর	•••	১৬৩	•••
२৯२	বিন্দুসার, ২৮ বৎসর	•••	>49	•••
२ १ १	··· অশোক, উজ্জম্বিনীর শাসনকর্তা	•••	२•७	•••
२१७	··· महिटन्त्त्र क न्म	•••	₹•8	•••
২৬ ৪	অশোক, ভ্রাভূগণের সহিত বিরোধ, ৪ বৎসর	•••	२५७	•••
২৬•	" রাজ্যাভিবেক	•••	२५२	>
269	" বৌদ্ধ র্ম্মে দীক্ষা-গ্রহণ	• • •	२२२	8
२८७	" এন্টিওকাসের সহিত সন্ধি	•••	२ २७	¢
₹€€	" महित्मत मीका	•••	२ २8	•
२৫১	" গিরিলিপির প্রাচীনতম কাল	•••	224	>•
২৪৯	" দিভীয় গিরিলিপির কাল	•••	२७•	>>
286	" পার্থিয়ায় আসে কিদিগের বিজোহ	•••	२७১	>9
२8७	" বাক্তিয়ায় ডিওডোটাদের বিদ্রোহ	•••	২৩৩	>¢
₹88	শোগলিপুত্তের অধিনায়কতে তৃতীয় বৌধ	াসভয	२७৫	>9
280	" মহিন্দের সিংহল-যাত্রা	•••	२७७	>>
૨ 8૨	" বরাবর গুহা-লিপি	•••	२७१	**

^{*} Corpus Inscriptionum Indicarum, Vol. I,

ৰ্ব-স্থৃষ্টাৰ	দ ঘটনাবলি ু,	ৰুছ	क्रिक्रां शांक	রাজ্যকাল
२७8	অশোক, স্তম্ভলিপি-প্রচার	•••	₹8¢	२१
२७১	" রাণী অসন্ধিমিন্তার পরশোকগমন		२8৮	૭•
२२৮	" দ্বিতীয়বার দারপরিগ্রহণ	•••	205	ંગ ગ
२२७	" বোধিবৃক্ষ-নাশে দ্বিতীয় রাণীর ১৮ষ্টা		२৫७	.
२२৫	" অশোকের ভিক্ষুত্ব-গ্রহণ	•••	२ ৫ 8	৩৬
२ २8	" রূপনাথ এবং সাসারাম অনুশাসন প্রবর্	र्डन∙⋯	200	৩৭
२२७	<u>,</u> পরলোকগমন	•••	२ ७ ७	૭৮
२५६	দশরথের নাগার্জুন-গুহালিপি		২৬ 8	

পূর্ব্বেই বলিয়াছি,—সেই ত্রিবিধ গণনায় দ্বিতীয় একটা অন্দের প্রতি লক্ষ্য পড়ে। কিন্তু ভারতের বিভিন্ন স্থান হইতে সংগৃহীত মুদ্রায় বা লিপি-সমূহে তাহার কোনও নিদর্শন পাওয়া যায় না। স্থতরাং সে গণনা পরিহার করিতে হয়।

এই গণনায় নির্ভর করিলে ৭৯৫ মালব-সংবতের কানাসায়া লিপির এবং ৯৩৬ মালব সংবতের প্যারসপুর লিপি যথাক্রমে ৫৭২ এবং ৭.৩ খুষ্টাব্দে যাইয়া পড়ে। কিন্তু অক্ষরাদির আলোচনায় সে কাল-নির্দেশ যুক্তিযুক্ত নহে।

অন্ত হিসাবে, বিক্রমাদিত্যের প্রতিষ্ঠিত বিক্রম-সংবৎ, গুপ্ত সংবৎ ১১৩ + ৩১৯-২০ খুঠান = ৪৩২ - ৩০ খুটান্দ এবং মালব-সংবৎ ৪৯৩ - ৫৬-৫৭ খুটান্দ = ৪৩৬ - ৩৭ খুটান্দ হয়। ইহাতে, সে কাল-নিরূপণ কুমার-গুপ্তের রাজত্বের অষ্টান্দ বর্ধের মধ্যে যাইয়া পড়ে।

যাহা হউক, এই 'মান্দাসোর' লিপির আলোচনায়, গুপ্ত কালের প্রারম্ভ ও স্চনা সম্বন্ধে আমরা আপাততঃ নিয়রপ সিদ্ধান্তে উপনীত হইতে পারি,—

৩১৯ খুষ্টাব্দে আল্বাকণি গুপ্তবংশের অবসান স্থির করিয়াছেন। কিন্তু তাহা প্রমাদপূর্ণ। এদিকে কুমার-গুপ্তের, তাঁহার পিতা দিতীয় চক্ত্র-গুপ্তের এবং কুমার-গুপ্তের পুত্র স্কন্দগুপ্তের কাল-পরিমাণ একই ক্রম অনুসারে গণনা করা হয়। সে হিসাবে, ৩১৯-২০ খুষ্টাব্দে
গুপ্তকালের স্থচনা নির্দিষ্ট হইতে পারে।

৯৪৫ বল্লভী-সংবতে উৎকীর্ণ ভারওয়াল লিপি হইতেও তাহা সপ্রমাণ হয়। সঙ্গে সঙ্গে আরও সপ্রমাণ হয়—বিক্রম-সংবৎ অন্ত কোনও নামে মালবজাতির সহিত সংশ্লিষ্ট ছিল; ৫৪৪ খুষ্টাব্দের পূর্বের সে সংবতের বিভ্নমানতা সপ্রমাণ হয়।

ফ্লিটের অলোচনার মর্ম।

১৮৮৭ খৃষ্টাব্দে গ্ররমেন্টের আমুক্ল্যে, প্রভূত পরিশ্রমে, মিষ্টার ফ্লিট গুপ্তরাজগণের শিলালিপি ও তামশাসন প্রকাশ করেন। পূর্ববর্ত্তী অমুসন্ধিৎস্থগণের মতের থণ্ডন করিয়া তিনি ৩১৯-৩২০ খৃষ্টাব্দে গুপ্ত-সংবতের স্চনা স্থির করিয়া লন।

ক্লিট-সাহেব যে ভাবে এই সিদ্ধান্তে উপস্থিত হইয়াছেন, আলোচনা প্রসঙ্গে প্রথমে ভাহার আভাস প্রদান করিতেছি। প্রথমে আল্রাকণির প্রতি তাঁহার দৃষ্টি সঞ্চালিত হয়। * আল্রাকণির গ্রন্থের আলোচনায়,
 ক্লিট প্রথমে একটা স্থচনা স্থির করিয়া লন। তাহা এই,—

আলোচনায় প্রতিপন্ন হয়,—'গুপ্ত-অন্ধ' বা 'বল্লভী-অন্ধ' নামে পরিচিত একটী অন্ধ বা সংবং ভারতে প্রচলিত ছিল। তাহার কাল পরিমাণের সহিত ২৪১ বংসর যোগে শব্দ-সংবতের কাল নির্দিষ্ট হইত। তাহা হইলে ২৪১ শক-গতান্দে সেই অন্ধের বা সংবতের স্টনা হয়। তাহাতে ২৪১ শক-গতান্দে, ৩১৯-২০ খৃষ্টান্দে, সেই 'গুপ্ত' বা 'বল্লভী' কালের প্রারম্ভ নির্ণীত হইতে পারে।

রিণাের অন্থােদে ব্ঝা যায়,—৩১৯ খৃষ্টান্দের পূর্ব্বে গুপ্ত-বংশীয় আদি-নূপতিগণ বিভ্যমান ছিলেন। লিপি এবং মুদ্রাদির আলোচনায়ও তাহা সিদ্ধান্তিত হয়।

৫২৯ মালব সংবতে উৎকীর্ণ মান্দাসোর লিপি' অনুসারে ৩১৯ খুটান্দে গুপ্ত বা বল্লন্তী কালের আরম্ভ। গুল্ত-বংশের প্রতিষ্ঠার পর হইতে কল-গুপ্তের সময় পর্যান্ত যে সকল এণনার (কালের) নির্দ্দেশ আছে, তাহা এই কাল-গণনার অনুকূল নহে। ইরান্সের লিপির গণনা-ক্রমণ্ড 'গুপ্তকাল' নির্ণয়ের অনুকূল বলিয়া মনে হয় না। মোর্কিতে প্রাপ্ত জয়ক্কদেবের, নেপালের মানদেবের এবং প্রথম শিবদেবের লিপির কালাদিও এ আলোচনার সহায়ক নহে।

বেরাবেল লিপির প্রসঙ্গ।

স্কুতরাং কি ভাবে অগ্রদর হইলে কাল-নির্দ্ধারণের প্রস্কুত পথ। অবলম্বিত ইইতে পারে, তাহাই এখন চিস্তার বিষয় হয়। সহসা বেরাবেল লিপির প্রতি ফ্লিট দৃষ্টি-সঞ্চালন করেন। বেরাবেল লিপি—৯২৭-৯৪৫ খুষ্টান্দে উৎকীর্ণ, সপ্রমাণ হয়। ঐ লিপিতে বল্লজী-সংবৎ ব্যবহৃত হইবার প্রমাণও পাওয়া যায়।

বেরাবেলের লিপি হইতে সপ্রমাণ হয়,—২৪১ শক-সংবৎ গতে অর্থাৎ ৩১৯-৩২০ খৃষ্টাব্দে বিশ্বভী' অব্দ প্রচলিত ছিল। বিবিধ আলোচনায় ৩১৯-২০ খৃষ্টাব্দের লক্ষাই স্থির থাকে।

* অধাপক রাইট আল্বারণণের প্রস্থাক আলোচ্য অংশের যে অমুবাদ মিষ্টার । মাটকে প্রদান করিয়াছিলেন, ভাহা এই, "And as regards Gupta era, they were, as is said, a people wicked and strong and so after they perished it was dated by them. And as if that Balabhi was the last of them. And behold the first of their era also posterior to Saka Era 241. And the era of astronomers is posterior to Saka era 587. And so then the years of the era of Sri-Harsha to our year that is used as an example 1488 and the year of Bikramaditya 1088 and Saka era 953 and the era of Balabhi which is also Gupta era 712." মিষ্টার রাইটের মতে উর্রিখা বিহিম' বাক্যাংশের "it was dated by them", "there was a dating by them", অথবা "people dated by them এই বিবিধ অর্থ হইতে পারে । ভাইার মতে, গুরুগণের ধ্বংস সাধনের পর হইতেই যে গুরুগালের আন্ত হয়, আল্বার্কণির উভিতে ভাহা মুক্সার্ট বুরার না। ভবে, টানিয়া বুনিয়া সে অর্থও বে পারিমহণ না কয়া বায়. তাহাও নহে। কিন্তু উহার প্রকৃত্ত আই—"The Guptas had been so powerful that, even when they were dead and gone, people still used their era to date by" হবয়াই সক্ষত।

তথন 'গুপ্তকাল' সম্বন্ধে আলোচনার পথ আর একটু প্রশন্ত হয়। ফ্লিট স্থির করেন,—'গুপ্ত'-কাল—গুপ্ত-গণের প্রবর্ত্তিত না হইলেও, ৩১৯ খুষ্টাব্দের সমসময়ে গুপ্ত-গণের অভ্যুদ্ধ হইরাছিল।

निशित्र कान-निर्फाल।

তখন বালক্লঞ্চ শঙ্কর দীক্ষিতের সহায়তার লিপি-সমূহ হইতে ক্লিট এক 'কাল' নির্দেশ করেন। ফ্লিটের সে সিদ্ধান্ত এইরূপ,—

- (১) এরণ-স্তম্ভে বৃদ্ধগুপ্তের উৎকীর্ণ শিলালিপিতে গুপ্ত-সংবৎ ১৬৫ চলিতাক = শক ৪০৬ চলিতাক।
 - (২) টডের প্রকাশিত বেরাবেল শিলালিপিতে বল্লভী-সংবৎ ১৪৫ = শক ১১৮৬ গতাব।
- (৩) পণ্ডিত ভগবান লাল ইন্দ্রাজীর প্রকাশিত বেরাবেল শিলালিপিতে ব**ল্লভী** সংবৎ ৯২৭ = শক সংবৎ ১১৬৭ গতাব্দ।
 - (৪) কয়রা হইতে আবিষ্ণত তাম্রফলকে বম্নজী-সংবৎ ৩৩০ = শক-সংবৎ ৫৭০ গতাক।
- (৫) নেপাল হইতে পণ্ডিত ভগবানলাল কর্তৃক সংগৃহীত মানদেবের শিলাফলকে *
 চলিত গুপ্ত-সংবৎ ৩৮৬ = শক-সংবৎ ৬২৭ চলিতান্দ।
- (৬) মোর্বিতে প্রাপ্ত জয়হ্বদেবের তাম্রশাসনে গুপ্ত-সংবৎ ৫৮৫ গতাব্দ = শক-সংবৎ ৮২৬ ও ৮২৭ গতাব্দ।
- (৭) পরিব্রাজক (মহারাজ হস্তিন) তাম্রফলকে ১৫৬ চলিতাক = ৪৭৫-৭৬ চলিত-খৃষ্টাক এবং ১৬৩ চলিত-গুপ্তাক = ৪৮২-৮৩ চলিত-খৃষ্টাক, ১৯১ চলিত-গুপ্তাক = ৫১০-৫১১ চলিত খুষ্টাক, ২০৯ চলিত গুপ্তাক = ৫২৮-২৯ চলিত খুষ্টাক।
- (৮) অর্জুনদেবের 'ভারওয়াল' লিপিতে ৯৪৫ চলিত-গুপ্তান্ধ = ১২৬৪-৬৫ চলিত খৃষ্টান্ধ।
 এই প্রকারে কাল-পরিমাণ-নির্দ্ধারণে একই বিষয়ের প্রতি লক্ষ্য পড়ে। বুঝা যার—গুপ্তবল্লভী-সংবৎ ০ = ৩১৯-২০ চলিত খৃষ্টান্ধ এবং শক-সংবৎ ২৪২ = গুপ্ত-সংবৎ ১। স্কুতরাং ২৪১
 গত শকান্ধে এবং ২৪২ চলিত শকান্ধে অর্থাৎ ৩১৯-২০ খৃষ্টান্দে ক্লিট সাহেব গুপ্ত-কালের
 প্রারম্ভ নির্ণর করেন।

সে হিসাবে, ৩১৯ খৃষ্টাবেদর ৯ই মার্চ্চ হইতে ৩২০ খৃষ্টাবেদর ২৫এ ফেব্রুয়ারী পর্যান্ত গুপ্ত-কালের স্টুচনা; আর ৩২০ খৃষ্টাবেদর ২৬এ ফেব্রুয়ারী হইতে ৩২১ খৃষ্টাবেদর ১৫ই মার্চ্চ পর্যান্ত ভাহার প্রথম বর্ষ নির্দ্ধারিত হয়। †

^{*} মিষ্টার ক্লিট মানবেবর শিলালিপির কাল ৬৮৬ গুপ্ত-সংবৎ বলিয়া উল্লেখ করেন। ডক্টর হর্পেক্ত উাহারই অনুষর্প্তনে পূর্ব্বোক্ত নির্দেশ সমীচীন বলিয়া গ্রহণ করিয়াছেন। (Journal of the Royal Asiatic Society of Bengal for 1889). অস্তান্ত পশ্চিতগণ ভাষাবের এ সিদ্ধান্ত বৃত্তিমূক বলিয়া সনে করেন না।

[া] বুজ্বপ্তের এরণ অভলিপির শুপ্ত-সংবৎ চলিত ১৬০=৪৮৪-৪৮৫ চলিত পৃষ্টাব্দ। শকাল হিসাবে কৈন মাসে শুরুপক্ষের ১৯ ছিলে অর্থাৎ ৪৮৪ গৃষ্টাব্দের ১৪ই মার্চ্চ হইতে ৪৮৫ গৃষ্টাব্দের ২রা মার্চ্চ। পরিবাজক ছতিদের শাসনের ১৫৬ চলিতাক=৪৭৫-৪৭৬ চলিত গৃষ্টাব্দ। পুর্বেষ্টি পক্-সংবৎ হিসাবে ৪৭৫ গৃষ্টাব্দের

এদিকে আবার কররা তামশাসনের ৩০ বংসর এবং ভারওরাল লিপির **ওপ্ত-বর্মভী** সংবৎ ৯২৭ একটু শ্বতক্রতা-স্টক। সে মতে, চলিত গুপ্ত-বর্মভী-সংবৎ ৩০ = ৬৪৮-৪৯ চলিত গুপ্তাক এবং বর্মভী-সংবৎ ৯২৭ = ১২৪৫-৪৬ চলিত গুপ্তাক।

এই যে সামান্ত ইতর-বিশেষ, গুপ্ত-কালের আদি গণনা-পদ্ধতিতে কথঞ্চিৎ পার্থক্য-সাধনই ইহার কারণ। তাই, বিরুদ্ধবাদীর অন্তুমোদিত না হইলেও, ফ্লিট সাহেব সর্ব্বিত্ত চলিতাক হিসাবে কাল-গণনা করিয়াছেন।

প্রতিবাদে বক্তবা।

কোনও কোনও পণ্ডিত তাহাতে আপত্তি তুলিয়া কহিয়াছেন,—"ফ্লিট-সাহেব কেন যে গুপ্ত-সংবৎকে গতান্দ না ধয়য়া চলিতান্দ বলিয়া গ্রহণ করিলেন, সে সম্বন্ধে তিনি কোনও কারণ নির্দেশ নাই। সেইজন্ত পরিশেষে তিনি যে সিদ্ধান্তে উপনীত হইয়াছেন, তাহা অভ্রান্ত বলিয়া গ্রহণ করা যাইতে পারে না।

আল্রাক্রণি স্পষ্ট লিখিয়াছেন,—বিক্রম-সংবৎ ১০৮৮, শক সংবৎ ৯৫৩ এবং বল্লভী বা ঋপ্তকাল ৭১২ পরস্পার অভিন্ন। তাহা হইলে গুপ্তসংবৎ ১ = শকান্দ ২৪১ = বিক্রম-সংবৎ ৩৭৬। এরপস্থলে গুপ্ত-সংবৎ ০ = শ চ-সংবৎ ২৪০।

স্থাতরাং যথন ২৪১ শক-গতান্দ তথন ১ গুপ্ত-সংবত্তও গত ধরিতে হয়। এরূপ স্থলে ক্লিটের মতে ৩১৯-২০ খুষ্টান্দ না ধরিয়া ৩১৮-১৯ খুষ্টান্দই গুপ্ত-সংবতের আরম্ভকাল বলা সঙ্গত।

এরপ মস্তব্যের কারণ এই যে,—৫৮৫ গুপ্তকাল গতে ফাল্পন মাসে শুক্ল-পঞ্চমী তিথিতে মোর্ব্বির তাদ্রফলক উৎকীর্ণ হয়। এই তাদ্রশাসন স্থ্যগ্রহণ উপলক্ষে প্রদত্ত হইয়াছিল। ক্লিট-সাহেবের মতে ৯০৫ খৃষ্টাব্দের ৭ই মে ঐ গ্রহণ সংঘটিত হইয়াছিল। উক্ত গ্রহণের ৯ মাস ৪ দিন পরে ঐ তাদ্রফলক উৎকীর্ণ হয়।

কিন্তু ৮২৫ শক গতানে কার্ত্তিক বা মার্গনীর্ধে অর্থাৎ ৯০৪ খৃষ্টান্দের ১৬ই জুন তারিখেও এক গ্রহণের প্রমাণ পাওরা যার। এই গ্রহণ উক্ত তামফলক উৎকীর্ণ হইবার ৩ মাস ৪ দিন পূর্ব্বে ঘটে। গ্রহণের অল্পকাল পরেই তামফলক উৎকীর্ণ হইবার কথা। বিশেষতঃ, পূর্ব্ববর্ত্তী স্থ্যগ্রহণের কথা উক্ত না হইরা যে ঐ গ্রহণের পূর্ববর্ত্তী গ্রহণের কথা লিখিত হইবে,

তাহা সম্ভবপর নহে। স্তরাং যখন শক ৮২৬ গতাব্দ ও গুপ্ত-সংবৎ ৫৮৫ গতাব্দ পাওয়া যাইতেছে, তথন ২৪১ শক-সংবৎ (গত)= ১ গুপ্তকাল (গত) স্থীকার করিতে ছইবে।

গুপ্তরাজগণের সমস্ত শিলালিপি আলোচনা করিলে ৩১৯ খৃষ্টাব্দেই গুপ্তকালের প্রারম্ভ স্বীকার করিতে হয়। ডাক্তার পিটার্সন, ভাগুরিকার এবং ওল্ডেনবর্গ এই মতের পরিপোষক। ভাঁহারা নানা কাবণে ফ্রিটের মত সমীচীন বলিয়া মনে করেন না।

কিন্ত বিক্লবাদীদিগের চলিত ও গত কাল সংক্রাস্ত বিক্লব যুক্তির আলোচনার ফ্লিট সাহেব তাঁহার পূর্ব্ববর্ত্তিগণের মতের খণ্ডন করিয়াছেন। তাঁহার দিন্ধাস্তে কাল-গণনা চলিতান্তের হিসাবই স্থিরীকৃত হইয়াছে। আলোচনা-প্রদঙ্গে তিনি নানা যুক্তির অবতারণা করিয়াছেন।

বিরুদ্ধমত-খণ্ডনে যুক্তি।

ফ্রিটের মতে, জ্যোতির্বিদিগণ তাঁহাদের গণনায় যে অব্দ বা কাল ব্যবহার করেন, গতান্দ হিসানেই তাহা গণনা করা হয়। ভারতের প্রদেশ-বিশেষে ব্যবহৃত অব্দ বা কাল সম্বন্ধে কোনও বিশেষ নির্দেশ না পাকিলে অর্থাৎ কাল-গণনার কোনও নির্দিষ্ট ধারার উল্লেখ না পাকিলে, সে ক্ষেত্রে তাহাকে গতাক হিসানে গণনা করাই বিধেয়।

দৃষ্টান্ত-স্বরূপ ভোজদেবের দেওগড় লিপির উল্লেখ করা যাইতে পারে। সেধানে মাত্র ৭৮৪ শকান্দ দৃষ্ট হয়। কিন্তু উহা চলিতান্দ কি গতান্দ, সেধানে তাহার কোনও নির্দেশ নাই। সে ক্ষেত্রে লিপির অনুবাদকালে তাহাকে চলিতান্দই ধরিতে হইবে। কিন্তু কাল-গণনায় তাহার স্থান—গতান্দে।

জ্যোতিষের গণনায়, বিলুপ্ত-কালের নির্দ্ধারণে, এ বিধি অবলম্বিত হয় না। বিক্রম-সংবৎ তাহার প্রকৃষ্ট দৃষ্টাস্ত। ৫২৯ গত মালব-সংবতের মান্দাসোর লিপির এবং ১২৮৩ গত বিক্রম-সংবতের জয়স্তসিংহ-প্রদত্ত কাড়ি তাত্রফলকের কাল-গণনায় গতান্দের হিসাবে ধরা হয়।

কিন্তু চলিতান্ত্র যে লিপিসমূহে ব্যবহৃত হইত, মহীপালের উৎকীর্ণ গোয়ালিয়রের 'সাস্বাছ' মন্দির-গাত্রস্থিত লিপিই তাহার প্রমাণ। এই লিপিতেই সর্ব্বপ্রথম ১১৪৯ গতান্ধ এবং ১১৫০ চলিতান্দ, অক্ষরে এবং সংখ্যায়, লিখিত আছে। পণ্ডিতগণের সিদ্ধান্ত—এই লিপির কাল—'গুপ্ত-বল্লভী' কাল। সে কাল-গণনা জ্যোতির্ব্বিদ্গণের গণনান্ধে ব্যবহৃত হয় নাই।

'গত' বা 'চলিত' হিসাবে গুপ্ত-বল্লভী কালের উল্লেখ কোথাও নাই। সে ক্ষেত্রে গণনাঙ্কের সাধারণ নিয়মানুসারে উহাকে চলিতান্দ বলিয়াই নির্দেশ করা উচিত।

বিশেষ অমুসন্ধানে মাত্র এক স্থলে গুপ্তকালের 'গতান্ধ' হিসাব দেখিতে পাওরা যায়।
দৃষ্টান্ত-স্বরূপ জয়ঙ্কের মর্ব্ধি-তামুশাসন উল্লেখ করা যাইতে পারে। সেই শাসনে ৫৮৫
খৃষ্টান্দে এক স্থ্যগ্রহণের উল্লেখ আছে। তাহাতে প্রতীত হয়, সেই স্থ্যগ্রহণ উপলক্ষে মর্ব্ধির
দানপত্র প্রদন্ত হইয়াছিল। কিন্তু কি মাসের কোন্ দিনে কোন্ সময়ে সেই স্থ্যগ্রহণ সংঘটিত
হয়, সেখানে তাহার উল্লেখ নাই।

সেই স্থ্য-গ্রহণকে ফ্লিট ৯ ০৪ খুষ্টান্দের ১০ই নবেম্বরের স্থ্যগ্রহণের সহিত অভিন্ন প্রতিপদ করেন। সে হিসাবে ৫৮৫ গতাক আর ৫৮৬ চলিতাক = ৯০৪-৯০৫ খুষ্টাক প্রতিপদ্ধ হয়। এইরপ, গতান্দ হিসাবে গণনায়, বুদ্ধগুপ্তের এরাণ স্তম্ভলিপির ১৬৫ অন্ধ সে হিসাবে ৪৮৪-৪৮৫ চলিতান্দ। অস্তান্ত কাল সম্বন্ধেও ইহাই সিদ্ধান্ত। ফলতঃ, আলোচ্য গুপ্ত-কালের আদি-কাল এবং গণনা-পদ্ধতির নির্দ্ধেশে ৩১৮-১৯ চলিতান্দ ধরা যাইতে পারে। শক-সংবৎ হিসাবে গণনায় ৩১৮ খৃষ্টান্দের ১৮ই কেব্রুয়ারী হইতে ৩১৯ খৃষ্টান্দের ১৯এ মার্চ্চ পর্যান্ত সময়ে তাহার প্রারম্ভ স্থচিত হয়।

০০০ অব্দের কয়রা তামশাসনের এবং ৯২৭ গুপ্ত-বল্লভী সংবতের ভারওয়াল লিপির কালের সহিত সামঞ্জশু-সাধনে সমসাময়িক অপরাপর কাল-নিরূপণে, ৩১৭-৩১৮ চলিতান্দের কাল-সংখ্যা অথবা বিক্রম-সংবৎ হিসাবে ৩১৭ খৃষ্টান্দের ২৩এ সেপ্টেম্বর হইতে ৩১৮ খৃষ্টান্দের ১১ই অক্টোবর পর্যান্ত কাল-নিরূপণ সূত্রে আলোচ্য অব্দের কাল-সংখ্যা গণনা করিতে হয়।

কিন্তু পূর্ব্বোক্ত আলোচনায় কথিত স্থাগ্রহণ এবং ৯০৫ খৃষ্টান্দের ৭ই মে তারিথে সংঘটিত স্থাগ্রহণ অভিন্ন প্রতিপন্ন হইতে পারে। সে ক্ষেত্রে উল্লিখিত লিপির ৫৮৫ গতান্দ এবং ৫৮৬ চলিতান্দ = ৯০৫-৯০৬ চলিত খৃষ্টান্দ ধরিতে হইবে।

এইরপে, আলোচনায় প্রতীত হয়,—গণনার বিশিষ্ট ধারা বা প্রণালীর উল্লেখ না থাকায় গুপ্ত-বল্লভী সংবতের কাল—চলিতাক হিসাবেই গণনা করিতে হইবে। লুপ্ত-কালের গণনায় এই গণনা পদ্ধতিই সঙ্গত। তদ্তির অন্ত সিদ্ধান্ত সমীচীন নহে। ৮

গুপ্ত-কালের প্রারম্ভ।

পূর্ব্বোক্ত আলোচনায়, মিষ্টার ক্লিটের সিদ্ধান্তক্রমে গুপ্ত-বল্লভী-সংবৎ ০ = ৩১৯-২০ চলিত খুষ্টাব্দে এবং গুপ্ত-বল্লভী-সংবৎ ১ = ৩২০—২১ চলিত খুষ্টাব্দে নির্দিষ্ট হইল। ক্লিটের এ সিদ্ধান্ত পণ্ডিতগণ সকলেই একবাক্যে গ্রহণ করিয়াছেন।

কিন্তু কি উপলক্ষে কোন্ নৃপত্তি কর্তৃক গুপ্তকালের স্মচনা ও প্রবর্তনা হইয়াছিল, তৎসম্বন্ধে নানা মুনি নানা মত প্রকাশ করিয়া গিয়াছেন।

পূর্ববর্ত্তী আলোচনার প্রতিপন্ন হয়,—৩১৮,৩১৯ অথবা ৩২০ খৃষ্টান্দে অথবা তাহার সমসমরে, কোনও বিশেষ ঘটনা অবলম্বনে, আলোচ্য গুপ্তকালের প্রারম্ভ ফুচনা হইয়াছিল। সে
হিসাবে, গুপ্তকালের আদি-নির্ণয়ে ৩২০ খৃষ্টান্দে অথবা তাহার সমসময়ে কোনও বিশিষ্ট
ঐতিহাসিক ঘটনার অমুসন্ধান প্রয়োজন হয়।

ঐতিহাসিক তথ্যের আলোচনার, গুপ্ত-কাল-প্রতিষ্ঠার পরবর্ত্তী নর শত বংসরের মধ্যে গুপ্তগাণের অথবা বল্লভীদিগের সহিত সম্বন্ধ-স্চক কোনও বিশিষ্ট ঘটনার চিহ্নমাত্র পাওয়া যায় না। আবার আলোচ্য গুপ্ত-বল্লভী কাল, বল্লভীদিগের কোনও নৃপতি কর্তৃক প্রতিষ্ঠিত হয় নাই, তাহাও নিঃসন্দেহ।

^{*} Indian Antiquiry, Vol. VI; Vide also the same, Vols. V. VII, VIII. IX, XV, XI, XIV and VI, & I. Archaeological Survey of Western India, Vol. III; Journal; of the Bombay Branch of the Royal Asiatic Society Vol. XI.

কারণ,—প্রায় ছয় সাত পুরুষ ধরিয়া বল্লভীগণ করদ-মিত্র রাজ মধ্যে পরিগণিত ছিলেন। তাঁহারা 'সেনাপতি' ও 'মহারাজ' উপাধিতে সময় সময় বিভূষিত হইয়াছেন মাত্র। কিছু অল-প্রতিষ্ঠার স্বাধীন ক্ষমতা তাঁহারা কখনও প্রাপ্ত হন নাই। সেনাপতি ভট্টারক, এই বল্লভী-বংশের প্রতিষ্ঠাতা। তাঁহার পূত্র মহারাজ প্রথম জন্মনের কাল—২০৭ জল। সেহিসাবে, সেনাপতি ভট্টারক কর্তৃক বল্লভী বংশ প্রতিষ্ঠার বহু পূর্ক হইতেই সে কাল-গণনা আরম্ভ হইয়াছিল, প্রতিপন্ন হয়।

এইরূপ, গুপ্তবংশের প্রতিষ্ঠাতা গুপ্ত এবং তাঁহার পুত্র ঘটোৎকচ উভরেই করদমিত্র সামস্ত-রাজ ছিলেন। তাঁহাদের অব্দ প্রতিষ্ঠার স্বাধীন ক্ষমতা ছিল না,—ভাহাও বুঝা বার।

গুপ্তবংশের প্রথম একছত্র সম্রাট—ঘটোৎকচের পূত্র প্রথম চন্দ্র-গুপ্ত। তিনি বদি এই গুপ্ত-কালের প্রতিষ্ঠাতা হন, তাহা হইলে তাঁহার রাজ্য-লাভের সঙ্গে সঙ্গেই এই কাল-গণনার স্চনা হয়। কিন্তু তাহাতে বুঝা যায়,—তাঁহার পিতামহ মহারাজ গুপ্তের সময়ে সে কাল প্রবর্ত্তিত হয় নাই।

দৃষ্টান্ত-স্বরূপ এতংপ্রসঙ্গে হর্ষান্দের উল্লেখ করা যাইতে পারে। হর্ষের অন্ধ তাঁহার রাজ্য-কাল হইতেই প্রবর্ত্তিত হয়। তিনি ঐ বংশের তৃতীয় নূপতি। কিন্তু প্রথম ও দ্বিতীয় নূপতি, তাঁহার পিতা ও পিতামহের (প্রভাকরবর্দ্ধন এবং দ্বিতীয় রাজ্যবর্দ্ধন) রাজ্যকাল হইতে ঐ কাল-গণনা আরম্ভ হয় নাই।

এইরপ, পশ্চিম চালুক্য নৃপতি ষষ্ঠ বিক্রমাদিত্য যথন 'চালুক্য-বিক্রম-কাল' প্রতিষ্ঠা করেন, তথন তাঁহার পূর্ব্ববর্ত্তী নূপতিগণ গণনাঙ্কের বহিভূতি রহিয়া যান। তথন তিনি তাঁহার রাজ্য-প্রাপ্তির সময় হইতেই উক্ত কালগণনা স্থচনা করেন।

গুপুকালের আলোচনায়ও সেই সিদ্ধান্তই মনে আসে। বলিতে হয়,—প্রথম চন্দ্র-গুপু যথন একছত্র সম্রাট হন, তথন হইতেই কালগণনা স্থাচিত হইয়াছিল। ফলতঃ, যে ভাবে যে দৃষ্টিতেই দেখি—যে ভাবে যে রূপেই আলোচনা করি, সিদ্ধান্ত এই হয় যে,—প্রথম চন্দ্র-গুপ্তের পূর্ব্ববর্ত্তী কোনও নৃপতির রাজ্যপ্রাপ্তি হইতে উহার গণনা স্থাচিত হয় নাই।

কিন্তু তাহা হইলেও, প্রথম চন্দ্র-গুপ্তের রাজ্যপ্রাপ্তিকাল হইতে গুপ্তকালের স্থচনা সপ্রমাণ করিতে গেলে, নানা সংশন্ন আসিয়া পড়ে। সে সংশন্ন সমস্তা—গুপ্তবংশের বিভিন্ন নূপতির কাল-নিরূপণ উপলক্ষেই সংস্কৃতিত হইনা থাকে।

* *

সংশয়-স্চনায়।

৯৬ হইতে ১৩০ গুপ্তান্দের মধ্যে প্রথম চক্স-গুপ্তের প্রপৌত্র কুমার-গুপ্তের বিশ্বমানকাল সাব্যস্ত হয়। পগুতগণ সে সম্বন্ধে মানকুয়ার লিপির ১২৯ অন্দই প্রামাণ্য বলিয়া গ্রহণ করেন। এ হিসাবে বিংশ বর্ষ বয়ঃক্রমকালে চক্ত-গুপ্তের রাজ্যের প্রারম্ভ ধরিয়া লইয়া, কুমার-গুপ্তের রাজ্যপ্রাপ্তি পর্যান্ত ১২৯ বৎসর প্রাপ্ত হওয়া যায়। এই ১২৯ বৎসরে চারি পুরুবের রাজ্যকাল নির্দিষ্ট হইতে পারে। ভাহাতে চারি জন নৃপতির প্রত্যেকের রাজ্যকাল গড়ে ৩৭ বৎসর ৩ মাস পাওয়া যায়।

আবার বদি আমরা চক্র-শুণ্ডের রাজ্ঞার প্রারম্ভ হইতে কুমার-শুণ্ডের রাজ্ঞান্তর শেষ পর্যান্ত ১২৯ বৎসর ধরিয়া লই; তাহা হইলে চারি পুরুষে চারি জন নূপতির প্রত্যেকের রাজ্যকাল গড়ে ৩২ বৎসর ৩ মাস নির্দিষ্ট হইতে পারে। এইরূপ গড় হিসাবে, উভয়বিধ গণনার ২০ বৎসরের পার্থকা দাঁড়ার।

এদিকে আবার, যদি কুমার-শুপ্তের রাজ্যাবসান পর্যান্ত গণনা না করা যায়, তাহা হইলে সাঞ্চী-ভূপের ৯৩ অব্দে দিতীয় চক্র-শুপ্তের রাজ্যাবসান নির্দেশ করিলেও সেই একই সিদ্ধান্তে উপনীত হইতে পারি। সে হিসাবে তিন জন নৃপতির রাজ্যকাল ৯৩ বংসর, আবার প্রথম চক্র-শুপ্ত হইতে তিন পুরুষের রাজ্যকাল ১১৩ বংসর নির্দ্ধারিত হয়।

কিন্তু পশ্চিম-চালুক্য-বংশাবলির আলোচনায় এই গড় হিসাবে বর্ষ পরিমাণ অনেক বাড়িয়া যায়।

৯৩০ শক-সংবতে চালুক্য-নূপতি পঞ্চম বিক্রমাদিতের রাজ্যকাল আরম্ভ হয়, এবং ১০৬০ শক-সংবতে তাহার পরিসমাপ্তি ঘটে। ইহা হইতে সিদ্ধান্ত হয়—তাঁহার পরবর্ত্তী তৃতীয় প্রুমে তৃতীয় সোমেশ্বর বর্ত্তমান ছিলেন। ৯৩০ শক-সংবতে পঞ্চম বিক্রমাদিত্যের বয়স যদি ২০ বৎসর ধরা যায়, তাহা হইলে গড়ে চারি জ্বন নূপতির রাজ্যকালের পরিমাণ ১৫০ বৎসর হইতে পারে। সে মতে প্রতি জনের রাজ্যকাল ৩৭॥০ সাড়ে সাঁইত্রিশ বৎসর নির্দ্ধিষ্ট হয়।

কিন্ত শক-সংবৎ ৯৩০ হইতে ১০৩০ শক-সংবতের মধ্যে ছয়টী রাজার রাজ্যকালের পরিচয় পাই। তাহাতে ১৫০ বংসর পূরণে প্রতি জনের রাজ্যকাল ২৫ বংসর নির্দিষ্ট হইতে পারে। কিন্তু এ হিসাবে গুপ্ত-বংশের প্রথম চারি জন নুগতির প্রত্যেকের রাজ্যকালের সহিত প্রায় সাত বংসরের পার্থক্য দাড়াইয়া যায়।

তার পর, ৮৯৫ শক-সংবতে দিতীয় তৈলের রাজত হইতে আরম্ভ করিয়া ১০৮৪ শক-সংবতে তৃতীয় তৈলের লোকান্তর পর্যান্ত পশ্চিম চালুক্য-রাজবংশের রাজ্যকাল—১৯০ বংসর। এই সময়ের মধ্যে পশ্চিম চালুক্য-বংশের দশ জন রাজার পরিচয় পাই। তাহা হইলে, হিসাবে প্রত্যেকের রাজ্যকাল গড়ে ১৯ বংসর হয়।

ক্লিটের সিদ্ধান্তক্রমে, পূর্ব্বোক্ত চালুক্য-বংশীয় নৃপতিগণের হিসাবে, চারি জন নৃপতির প্রত্যেকের ৩২ বৎসর রাজ্যকাল সম্ভবপর নহে। স্বতরাং প্রথম চক্র-শুপ্তের রাজ্যকাল হইতে যে শুপ্তকাল-গণনার স্কুচনা হয় নাই, পরস্ক শুপ্ত-বংশীয় আদি-নৃপতিগণ অন্ত কোনও বংশের অন্ধ বা কাল পরিগ্রহণ করিয়াছিলেন,—ক্লিটের মতে তাহাই সিদ্ধান্তিত হয়।

আভান্তরিণ প্রমাণ।

গুপ্ত-বংশের আদি-নৃপতিগণ প্রথমতঃ সামস্ত-নৃপতি ছিলেন। এই বংশের তৃতীর নৃপতি প্রথম চন্দ্র-গুপ্ত সর্বপ্রথম স্বাধীনতা অবশ্বন করেন। মহারাজ গুপ্ত হইতে কুমারগুপ্ত পর্য্যস্ত--গুপ্ত-বংশের প্রথম হাই জন সামস্ত এবং তৎপরবর্তী চারি জন নৃপতি স্বাধীন। প্রত্যেকের রাজ্যকাল গড়ে ২০ বংসর হিসাবে গণনা করিলে, ৩২০ খুটালে মহারাজ গুপ্তের রাজ্যকালের প্রারম্ভ
ছিরীকৃত হুইতে পারে।

এখন মহারাজ গুপ্তের যিনি প্রভুষ্থানীয় অর্থাৎ মহারাজ গুপ্ত যাঁহার অধীন ছিলেন, সেই ন্পতির সন্ধান পাইলেই গুপ্তকালের প্রারম্ভ নির্ণীত হয়। কারণ, তিনিই যে গুপ্ত-কালের প্রবর্ত্তক, সে ক্ষেত্রে তাহা নির্দিষ্ট হইতে পারে।

কিন্তু তাহাতে আর এক সমস্তা আসিয়া পড়ে। সে ক্ষেত্রে প্রশ্ন হয়,—প্রথম চক্স-শুপ্ত এবং তাঁহার পরবর্ত্তিগণ যথন স্বাধীনতা অবলম্বন করেন, তথন তাঁহারা নিজে কোনও অব্ব প্রবর্তিন না করিয়া অপরের অথবা তাঁহাদের পূর্বতন অধিস্বামীর প্রবর্ত্তিত অব্ব কেন ব্যবহার করিবেন ? সে অব্বের ব্যবহার যে তাঁহাদের পক্ষে গৌরবজনক নহে, তাহা তাঁহারা অবশুই বুঝিতেন। তাঁহারা ইহাও বুঝিতেন যে,—সেরপ অব্বের ব্যবহারে তাঁহাদের গৌরব নষ্ট হইয়া, অব্ব-প্রবর্ত্তকের গৌরব বুদ্ধি করিবে। এই সকল বিষয় বুঝিয়াও তাঁহারা সে গৌরবহানিকর কার্য্য কেন করিতে যাইবেন, হুদ্গম্য হওয়া স্ক্রকঠিন ? এ সমস্তার স্মাধান সহজ্যাধ্য নহে। *

যাহা হউক, গুপ্তদিগের প্রাচীন লিপি বা মুদ্রাদিতে এ সম্বন্ধে কোনও তথ্যই লিপিবদ্ধ হয় নাই। তবে আজি পর্যান্ত এনন কোনও ভারতীয় নৃপতির পরিচয় আমরা প্রাপ্ত হই নাই, ৩ ০ খুষ্টান্দে যাঁহার রাজ্যকাল আরম্ভ হইয়াছিল। ৩২০ খুষ্টান্দে এমন কোনও বিশিষ্ট ঘটনাও সংঘটিত হইতে দেখি না, যাহা অবলম্বন করিয়া এই কালের আরম্ভ হুচনা হয়! অথবা গুপ্তরাজগণের অভ্যাদয়কালে কিংবা ভাহার পূর্বে এমন কোনও নৃপতির পরিচয় পাই না—
যিনি 'গুপ্ত-কাল' ব্যবহার করিতেন। স্মৃত্রাং এ সমস্থার নিরসন কি প্রকারে হুইতে পারে ?

এ প্রদক্ষে কেই কেই মধ্য-ভারতের কলচুরি-বংশের ইতিবৃত্তের প্রতি লক্ষ্য করেন। সঙ্গে সঙ্গে তাঁহারা পরিপ্রাজক-মহারাজ হস্তিনের এবং মহারাজ উচ্ছকল্পের দলিলাদির আলোচনায় প্রবৃত্ত হন। আলোচনায় তাঁহারা স্থির করেন,—গুপ্তবংশের প্রথম আমলে কলচুরি অন্ধ এবং কলচুরি রাজবংশ বিভ্যমান ছিলেন। সম্ভবতঃ তাঁহাদেরই সেই অন্ধ, গুপ্ত-গণ গ্রহণ করিয়াছিলেন।

কিন্তু সে দিদ্ধান্তও যুক্তিমূলক নহে। কারণ, গুপ্ত-কালের আদিনির্দেশে কলচুরি অব্দের সম্বন্ধ-স্টনা কোনক্রমেই সমীচীন বলিয়া মনে করি না। সে সময় কলচুরি-রাজ্য মধ্যভারতের স্বদূর পূর্বপ্রান্তে ক্ষ্ম এক ভূমিখণ্ডে দীমাবদ্ধ ছিল। কলচুরিগণ গুপ্তদিগের অধিস্বামী উত্তর ভারতের রাজন্তগণের সমসাময়িক ছিলেন। তত্তিয়, কলচুরিদিগের প্রভূত্ব-পরিচয়ের নিদর্শম কিছুই প্রাপ্ত হওয়া যায় না।

ফার্গু সনের সিদ্ধান্ত,—৩১২-৩১০ থৃষ্টাব্দের মধ্যে অনুরাজ গোতনীপুত্র পশ্চিম ভারতের রাজধানী বহলভী-নগরের প্রতিষ্ঠা করেন। সেই সঙ্গে অন্দ প্রতিষ্ঠিত হইয়াছিল। গুপ্ত-বংশের মহারাজ গুপ্ত, অন্ধুরাজ গোতনীপুত্রের একজন অধীন সামস্ত ছিলেন। অন্ধুদিগের এই পরিচর ভিন্ন অন্ত পরিচর নাই। স্বতরাং ফার্গু সনের সিদ্ধান্ত ভিত্তিহীন প্রতিপন্ন হয়।

* বল্লভাগণ গুপ্তকাল ব্যবহার করিতেন। তাহাদের সম্বন্ধে বলিতে গেলে, তাহারা ক্থনও গুপ্তকাল ব্যবহারে আপনাদিগকে হানগোরৰ বলিয়া মনে করেন নাই। পাশ্চমভারতের বৈদেশিক আফ্রমভারিগণ গুপ্ত-প্রাথান্ত থকা করিয়াছিলেন। দেনাপতি ভটারক সেই আফ্রমণকারীণিগকে বিভাড়িভ করেন। ভিনিও সম্বন্ধ আদি গুপ্তন্পতিদিগের সামগু ছিলেন। কনেকি রাজা বিভিন্ন হইলে চ্ছুর্থ দ্পন্দেন একছন সমাট ইন। কিছু বক্ষভীদিগের কেইই কোনও সময়ে গুপ্তকালের প্রতি বিরাগ প্রদর্শন করেন নাই। ডক্টর ভাগুরকারের সিদ্ধান্ত অমুসারে, প্রায় ছই শতালী পূর্বেন, ১৩০ খুষ্টান্দ হইতে ১৫৪ খুষ্টান্দের মধ্যে, গোতমীপুত্রের বিছমানতা সপ্রমাণ হয়। ভাগুরকারের এই সিদ্ধান্তে নির্ভর করিতে গোলে, একটা বিষয়ে লক্ষ্য করিতে হয়। সে কেত্রে এমন একটা বিশিষ্ট ঘটনার সন্ধান করিতে হয়,—যাহার সহিত তিনটা বিষয়ের সন্ধন্ধ স্চিত হইতে পারে। তাহা হইলে সেঘটনার সহিত গুপ্ত-বংশের সন্ধন্ধ সংরক্ষণের আবশ্রক হইয়া পড়ে; সঙ্গে সঙ্গে সৌরাষ্ট্রের ক্ষত্রপ-বংশের অবসান এবং দাকিগাত্যের রাষ্ট্রকুট-বংশের অভ্যাদয়ের স্ক্রনা করিতে হয়।

রাষ্ট্রক্ট-বংশ যে কথনও কোনও অন্দ প্রতিষ্ঠা করিয়াছিলেন, তাহার স্থত্ত সন্ধান করিয়া পাওয়া যায় না। ক্ষত্রপ-বংশের ইতির্ত্তে, ক্ষত্রপগণ কভূক 'গুপ্ত-অন্দ' ব্যবহারেরও কোনও নিদর্শন নাই। স্কুতরাং সকল সিদ্ধান্ত উন্টাইয়া যায়।

তাই পণ্ডিতগণ স্থির করেন—উত্তর-ভারতের কোনও 'ইন্দো-সিদীয়' বা শক-মূপতি, মহারাজ গুপ্তের, ঘটোংকচের এবং প্রথম চন্দ্র-গুপ্তের অভ্যুদয়ের প্রথম ভাগে বিশেষ পরাক্রম-শালী ছিলেন। গুপ্ত, ঘটোংকচ, চন্দ্র-গুপ্ত প্রভৃতি প্রথমে তাঁহারই সামস্ত ছিলেন। সম্দ্র-গুপ্তের রাজত্বকাল পর্যান্ত সেই শক-নূপতির আধিপত্য অক্ষুগ্গ ছিল। শক-নূপতি 'শকাল' ব্যবহার করিতেন। কিন্তু অনুসন্ধানে প্রতিপন্ন হয়,—কিবা শকাল, কিবা বিক্রমাল — কানটাই ক্যোতিষ-শাল্পের গণনায় ব্যবহৃত হয় নাই। স্কৃতরাং কোনটাই বৈজ্ঞানিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত নহে। অতএব কাল-গণনায় গুপ্তগণ যে রূপান্তরে বা নামান্তরে ঐ অন্ধ-দ্বয়ের কোনও একটার ব্যবহার করিতেন, দে সিদ্ধান্ত সমীচীন নহে।

তাই প্রতিপন্ন হয়,—বিক্রমান্দ বা মালবান্দ মালব-জাতিই ব্যবহার করিতেন। মলবদিগের রাজ্যের যে যে অংশে মালবান্দের প্রচলন ছিল, তাহার কোনও অংশই সমূদ্র-গুপ্তের পূর্বেষ্ট গুপ্তাদিগের শাসনাধীনে আসে নাই। গুপ্ত-গণের প্রসঙ্গে পণ্ডিতগণ যে কলিযুগান্দের উল্লেখ করেন, সে কলিযুগান্দও গুপ্তগণ জানিতেন না। এইরূপে প্রতিপন্ন হয়,—ভারতে তৎকালে এমন কোনও অন্দ প্রচলিত ছিল না, যাহা গুপ্তকালের আদিভূত বলিয়া গ্রহণ করা যাইতে পারে।

বহিঃপ্রমাণ।

একণে দেখা কাউক, ভারতের বহিঃপ্রদেশে সেরপ কোনও অব্দ প্রচলিত ছিল কিনা। এই উপলক্ষে প্রথমে নেপালের শিবদেবের এবং অংশুবর্মণের প্রসঙ্গ উত্থাপন করা যায়। তাঁহালের কাল ভুলনায় সমালোচনা করিলে বুঝা যায়,—ভারতের উত্তর-পূর্ব্ব-সীমান্তের বহিভাগে, নেপালে, গুপ্ত-কাল প্রচলিত ছিল। ৩৮৬ খৃষ্টাব্দে প্রচলিত মানদেবের লিপি তাহার প্রকৃষ্ট প্রমাণ। মানদেব প্রভৃতি নেপালে অধিষ্ঠিত ছিলেন।

অবশু অনেকে নেপালালের সহিত গুপ্ত-কালের কোনও সম্বন্ধ স্বীকার করেন না। তাঁহারা বলেন,—নেপালে অব্দ প্রতিষ্ঠার অথবা নেপাল হইতে অব্দ গ্রহণের সহিত বল্লভী-দিগের কোনই সংশ্রব ছিল না। ভট্টারক হইতে পরবর্তী ছয় সাত পুরুষ পর্যান্ত বল্লভীগণ 'সেনাপতি মহারাজ' নামে অভিহিত হইতেন। তাহাতে বুঝা যায়,—তাঁহারা অক্স কোনও রাজার অধীন ছিলেন। বল্লভীগুণ নেপালে আধিপত্য বিস্তার করিয়াছিলেন অথবা নেপালের

প্রাস্ত-দীমা পর্যন্ত তাঁহাদের রাজ্যদীমা বিস্তৃত হইয়াছিল, সে প্রমাণেরও অসন্তাব। বল্লজীদিগের মধ্যে চতুর্থ দর্শসেনই প্রথম 'একছত্র সম্রাট'। তাঁহার উপাধি—'পরমভট্টারক', 'মহারাজাধিরাজ' ও 'পরমেশ্বর'। ৩২৬ বা ৩৩০ খুটাকে তাঁহার রাজ্যারস্ত। তাঁহার 'চক্রবর্তী' উপাধিও ছিল। তিনি বল্লভী-বংশের অক্সান্ত নৃপতি অপেক্ষা অধিকতর শক্তি-সম্পন্ন ছিলেন।

প্রদক্ষমে যদি আমরা বল্লভীদিগের প্রথম রাজ্যকাল ৩২৬ গুপ্তান্ধ—৩১৯-২০ খৃষ্টান্দ কালাবর্ত্ত হিসাবে গণনা করি, তাহা হইলে দর্শসেনের শ্রেষ্ঠছ-জ্ঞাপক উপাধিগ্রহণের কাল— ৬৪৫-৪৬ খৃষ্টান্দে আসিয়া পড়ে। 'মাতোয়ান-লিনের' মতে ঐ সময় রাজ্যে বিদ্রোহ উপস্থিত হয়। ফলে, হর্ষবর্দ্ধন লোকাস্তরিত হন। হর্ষবর্দ্ধনের লোকাস্তরে কনোজ-রাজ্য বিচ্ছিয় ও বিধ্বস্ত হয়। তথন নেপালে অংগুবর্ম্মণ এবং মগধে আদিত্যসেন 'একছ্ত্র' স্থাট। স্থযোগ বৃঝিয়া পশ্চিম ভারতের চতুর্ব দর্শসেনও স্বাধীনতা অবলম্বন করেন।

একণে ৩২৬ অন্ধ ধরিয়া গণনা করিলে পূর্ববর্তী তিন কাল যথাক্রমে ৪০৩ খৃষ্টান্দে, ৪৯২ খৃষ্টান্দে এবং ৫১৬ খৃষ্টান্দে আসিয়া পড়ে। উত্তর-ভারতের অধিকাংশ ভূভাগে দর্শসেনের অধিপতা বিস্তৃত হইয়াছিল। এমন কি, গুজরাট এবং কাথিয়াবাড় পর্যন্ত তাঁহার শাসনাধীনে আসিয়াছিল। মাতোয়ান-লিনের এই সিদ্ধান্ত অমুসারে দর্শসেনের প্রভূত্ব-বিস্তৃতির পরিচয় যথার্থ হইলে, বল্লভীদিগের সনন্দাদিতে তাহার কেন-না-কোনও নিদর্শন অবশুই পরিদৃষ্ট ইইত কিন্তু সে সম্বন্ধে কোনও প্রমাণ পাই নাই। বল্লভী-বংশের ইতিরুত্তে কোনও নূপতি কর্তৃক ভারতের এত দূরবর্তী প্রদেশে রাজ্যবিস্তারের অথবা রাজ্য-বিজয়ের দৃষ্টান্তও দেখিতে পাই না। তবে ভটারক যে মৈত্রকদিগকে বিধ্বস্ত করিয়াছিলেন, সে ঘটনার বির্বৃতি দেখি। কিন্তু মৈত্রকগণ তাদৃশ প্রসিদ্ধিসম্পন্ন নহেন; তাঁহাদের রাজ্য বল্লভী-রাজ্যের সন্ধিকটেই অবস্থিত ছিল।

তর্কচ্ছলেও যদি দর্শসেনের নেপাল-বিজয় কাহিনী যথার্থ বলিয়া গ্রহণ করি, তাহা হইলেও দর্শসেন কেন যে ৩১৯-২০ খৃষ্টাব্দে প্রচলিত নেপালান্দ রাজ্য-মধ্যে প্রবর্ত্তিত করিবেন, তাহা বুঝিতে পারি না।

তিনি নিজে গুপ্ত-কাল ব্যবহার করিতেন; তাঁহার পরবর্ত্তি-গণও সেই গুপ্ত-কালই কাল-গণনায় ব্যবহার করিয়াছিলেন;—এ সম্বন্ধে যথেষ্ট প্রমাণ বর্ত্তমান। স্বন্ধরাং সেই শুপ্ত-কালের পরিবর্ত্তে তিনি নেপালে বা তাঁহার অন্ত কোনও বিজিত রাজ্যে গুপ্ত-কাল ভিন্ন অন্ত আলের প্রবর্ত্তন কেন করিবেন?

স্তরাং নেপালে এবং তৎসন্নিহিত প্রাদেশে চতুর্থ দর্শসেন প্রভূত্ব বিস্তারে সমর্থ হন নাই, তাহা নিঃসন্দেহ। অথবা নেপালের কোনও অকও 'গুপ্ত-কাল' বা 'গুপ্তান্ধ' নামে এউদ্দেশে প্রবর্ত্তিত ছিল না, তাহাতেও সন্দেহ নাই।

ঐতিহাসিক নিদর্শন।

তার পর এতিইনিকে উপাদান হইতে এ স্বন্ধে আর কি তথ্য নির্ণীত হইতে পারে, ভাহা আলোচনা করিতেছি। পাশ্চান্তা প্রস্কৃত্তবিদ্র্গণ নেপাল হইতে যে সকল লিপি সংগ্রহ করিরাছেন, তাঁহাদের দিছাত্ত-ক্রমে, ৬৩৫ খুঁটান্দ হইতে ৮৫৪ খুঁটান্দের মধ্যে তাহাদের কাল নির্দেশ হয়। তথন যে সকল বংশের নুপতিগণ নেপালে রাজত্ব করিতেন, তাঁহাদের সন্থক্তেও কিঞ্চিৎ আভাস সেই লিপির মধ্যে প্রাপ্ত হই। বুঝিতে পারি,—তথন নেপালে ছইটা রাজবংশ একই সময়ে রাজত্ব করিতেছিলেন। তাঁহাদের পরম্পরের মধ্যে জাতিগত ও বংশগত পার্থক্য ছিল। 'নেপাল-বংশাবলীর' মতে, এক বংশের নাম—'ঠাকুরী বংশ; এবং অন্ত বংশের নাম লিচ্ছবী বংশ। ঠাকুরী বংশ হর্ষান্দ্র ব্যবহার করিতেন; কৈলাসক্তভ্বন তাঁহাদের প্রধান নগর ছিল।

'বংশবলির' মতে লিচ্ছবীগণ স্থা-বংশ সন্তত। ম্বানগৃহ—তাঁহাদের রাজধানী ছিল। তাঁহারা গুপ্তকালাবর্ত্ত সম্বলিত অন্ধ ব্যবহার কণিতেন। লিচ্ছবিদিগের প্রাচীনত্ব অবিসংবাদিত। ফা-হিয়ান এবং হিউরেনৎ-সাঙের বর্ণনায় তাঁহাদিগকে বৃদ্ধ-নির্বাণের পূর্ববর্ত্তী বলিয়া বৃথা যায়।

লিচ্ছবি-বংশের আদিছূত প্রথম জয়দেবের ঐতিহাসিক প্রতিষ্ঠার পরিচর প্রাপ্ত হই। প্রত্নতন্ত্র-বিদ্যাণের মতে ৩৩০ খৃষ্টাব্দ হইতে ৩৫৫ খৃষ্টাব্দের মধ্যে তাঁহার বিশ্বমানতা সপ্রমাণ হয়। গুপ্ত-রাজবংশের সহিত লিচ্ছবি-রাজবংশের সহিত লিচ্ছবি-রাজবহা কুমারদেবীর পরিণয় কাল হইতে। লিচ্ছবিদিগের সহিত বিবাহ-সম্বন্ধ-স্থাপনে গুপ্তগণ বিশেষ গৌরবাহিত হইয়াছিলেন, তাঁহাদের প্রবর্ত্তিত লিপি প্রভৃতি হইতে তাহা স্পষ্ট ব্যা যায়।

স্থতরাং প্রতিপন্ন হয়,—লিচ্ছবিদিগের সহিত সম্বন্ধ-সূত্রে তাঁহারা লিচ্ছবিদিগের ব্যবহৃত আব্দের স্টনাদি সম্বন্ধে সকল তথ্যই অবগত ছিলেন।

নেপালে হর্ষান্দ প্রবর্তনার ছই শতান্দীর পর পর্যান্তও প্রথম জয়দেবের বংশধরগণ, গুপ্ত-কাল ব্যবহার করিয়া আসিয়াছেন। কেবল যে তাঁহারাই এই অন্ধ ব্যবহার করিতেন, তাহা নছে। তাঁহাদের পারিপার্থিক রাজ্যে এবং ঠাকুরী-বংশের নূপতিদিগের মধ্যেও সে অন্ধের প্রচলন ছিল।

সে মতে সিদ্ধান্ত হয়,—গুপ্ত-গণ যথন লিচ্ছবিদিগের সহিত সম্বন্ধ-স্থাপনে গৌরব অফুভব করিতেন, তখন সে বংশের প্রবর্ত্তিত অল পরিগ্রহণে তাঁহারা কুঠা বোধ করেন নাই।

মিষ্টার ক্লিটের তাই অভিমত, —গুপ্তকাল বা গুপ্ত-সংবতের আদি—লিছবিদিগের প্রবর্তিত আদি করিতে পারি। প্রথম—লিছবিদিগের রাজ্য-প্রতিষ্ঠার সময় হইতে; এবং দিতীয়—প্রথম জ্বনেবের রাজ্যপ্রাপ্তি হইতে ঐ অন্তের প্রায়ম্ভ স্কান। যাহা হউক, ক্লিটের এ অনুমানও স্মীচীন নহে—সপ্রমাণ হয়।

গুপ্তগণ লিচ্ছবিদিগের সহিত সম্বন্ধ-প্রতিষ্ঠায় গৌরব অন্নত্তব করিতেন সত্য; তাঁহারা হয় তো লিচ্ছবিদিগের অব্যন্ত পরিগ্রহণ করিতে পারেন। কিন্তু লিচ্ছবি-গৌরবে গৌরবাবিত হইলে অব্যের নাম 'লিচ্ছবি' না রাধিয়া, তাঁহারা তাহার 'গুপ্ত' নামকরণ করিলেন কেন ?

এ প্রান্তের স্থানীমাংসা স্কৃতিন। পাশ্চাত্য প্রত্নতম্বিদাণও এ সম্বন্ধে একমত হইতে পারেন নাই। তবে, গুপ্ত-বংশের সংশ্লিষ্ট এই কাল বা অব গুপ্ত-দিগের প্রতিষ্ঠিত, তাহাতে কোনও সন্দেহ নাই। প্রথম চক্রগুপ্তের সিহাসনাধিরোহণের সময় হইতেই সে কালের স্ফুলা হর, আর প্রথম চক্র-গুপ্তই 'গুপ্ত-কাল' প্রবর্তক,—ইহাই আমাদিগের সিদ্ধান্ত।

ত্রব্যোবিংশ পরিচেছদ

७४-काल-गणनात अणाली ।

[সৌর ও চাক্র্য গণনা-পদ্ধতি ;—পূর্ণিমাস্ত ও অমাস্ত হিসাব ;—উত্তর ও দক্ষিণ ভারতের গণনা-পদ্ধতির তুলনা ;—বিভিন্ন অন্দের তুলনায় ;—গণনা-প্রণালীর তুলনায় ; শক-কালের গণনাক্রম-তুলনায়।]

* *

সৌর ও চাত্তা গণনা-পদ্ধতি।

গুপ্ত-কালের গণনা-পদ্ধতি—শকান্দ গণনার ক্রম-পদ্ধতি হইতে সম্পূর্ণ স্বতন্ত্র;—পাশ্চাত্য পশ্তিভগণের ইহাই অভিমত।

পণ্ডিতগণ বলেন,—সৌরদিন চান্দ্র মাসের সহিত সংশ্লিষ্ট হইলে তিথির হিসাবে কলিযুপান্দের বর্ষারম্ভ স্বীকার করিতে হয়। এই হিসাবে গণনা করিলে গুপুকাল গণনার ক্রম-পদ্ধতি নির্ণীত ছইতে পারে। শকান্দের সহিত তাহার যে পার্থক্য, সে ক্ষেত্রে তাহা নির্দারিত হয়।

এইরপে পশুতগণ বলেন,—উত্তর ভারতের এবং দক্ষিণ ভারতের শকান্ধ হৈত্র মাসের শুক্লপক্ষের প্রথম দিনে, অমাবস্থা-সংযোগের অব্যবহিত পরেই আরম্ভ হয়। কিন্তু উত্তর ও দক্ষিণ ভারতের গণনা-প্রণালীতে কিঞ্জিৎ পার্থক্য আছে।

উত্তর ভারতের গণনা-পদ্ধতি অনুসারে প্রথমে রুঞ্চপক্ষের পর শুরুপক্ষের আরম্ভ। কিন্তু দক্ষিণ-ভারতের গণনা-ক্রম সম্পূর্ণ বিপরীত—সেধানে পূর্ণিমার পর অমাবস্থার আরম্ভ। 'পঞ্চাঙ্গ' অর্থাৎ হিন্দু-পঞ্জিকায় সাধারণতঃ 'পূর্ণিমান্ত' এবং 'অমান্ত' রূপে তাহার উল্লেখ পরিদৃষ্ট হয়।

এ হিসাবে, উত্তর-ভারতের গণনা-ক্রমে চৈত্র মাসের ক্ষণগক—বৎসরের শেষে এবং পরবর্ত্তী বৎসরের প্রথমে যাইয়া পড়ে; কিন্তু দক্ষিণ-ভারতের গণনা-ক্রমে ক্ষণক্ষ মাসের প্রথমেই স্টিত হয়। স্থতরাং দক্ষিণভারতের গণনাক্রমে যাহা ক্ষমণক্ষ, উত্তর ভারতের গণনা-পদ্ধতিতে তাহাই শুক্রপক্ষ।

এই ভাবে দক্ষিণ-ভারতের বিক্রমান্দ গণনায় 'অমান্ত' হিসাবেই 'পক্ষ' ধরা হইয়া থাকে। সে হিসাবে এক একটা শকান্দের অথবা এক একটা উত্তর-ভারতীয় বিক্রম-বর্ষের প্রায় সাভটী চাক্রমানের পর এক একটা বিক্রমানের প্রায়ন্ত স্কুচনা হয়।

* *

উত্তর ও দক্ষিণ ভারতের গণনা-পদ্ধতির তুলনা।

বৌধসৌকর্য্যার্থ আমরা এতংসংলগ্ন পৃষ্ঠায় একটা তালিকা প্রদান করিতেছি। তাহাতে আলোচ্য কালাদির প্রারম্ভ ও গণনা-পদ্ধতি সম্বন্ধে নানা জটিল বিষয়ের শীমাংসা হইবে।

হিসাবেষত, দক্ষিণ ভারতের ১৩২১ বিক্রম-সংবং = শক-সংবং ১১৮৬। উভয়ত্রই চলিতাক হিসাবে গণনা করিতে হইবে। কার্ত্তিক মাসের শুক্রপক্ষের ১ হইতে ফাল্পন মাসের রুঞ্চপক্ষের ১৫ পর্যান্ত যে কোনও গণনার পূর্কোক্ত গণনার সার্থকতা সপ্রমাণ হয়। কিল্প চৈত্রমাসের শুক্র-পক্ষের ১ হইতে আখিন মাসের রুঞ্চপক্ষের ১৫ পর্যান্ত হিসাব করিয়া ১৩২১ চলিত বিক্রম-সংবং = ১১৮৭ চলিত শক-সংবং নির্দ্ধিষ্ট হয়।

স্থাতরাং গুপ্ত বল্লভী-কালকে যদি দক্ষিণ-ভারতের বিক্রম-সংবৎ হিসাবে গণনা করা যায়, তাহা হইলে ৯৪৪ গুপ্ত-সংবতের চৈত্র মাসের গুরুপক্ষের প্রথম দিবস হইতে আরম্ভ করিয়া আখিন মাসের রুঞ্চপক্ষের পঞ্চদশ দিবস পর্যান্ত যে কাল, তাহা পাশ্চাত্যদেশীয় গণনার অপেক্ষা প্রায় ছাদশ চাক্রমাস অধিক হয়।

লিপি-সমূহ হইতে পণ্ডিতগণ স্থির করেন,—গুজরাট ও কাথিয়াবাড় প্রভৃতি রাজ্যে এক সময়ে গুপ্তবল্লভী-কাল-গণনা-পদ্ধতির সহিত স্থানীয় অন্ধ্যণনা-প্রণালীর সামঞ্জন্থ-সাধনের চেষ্টা চলিয়াছিল। ডক্টর বুলারের প্রকাশিত বল্লভীরাজ চতুর্থ দর্শসেনের (কৈর বা থেড়া) লিপিতে তাহার উল্লেখ আছে। উহার কালান—৩০০। মার্গশীর মাসের শুরুপক্ষের দ্বিতীয়া তিথিতে ঐ লিপি উৎকীর্ণ হয়। ঐ বংসর —মলমাস বংসর। তাই ঐ বংসরে মার্গশীর বা মার্গশীর নামক এক মাস অতিরিক্ত ধরিয়া গণনা করা হইয়াছিল।

বিভিন্ন অন্দের তুলনায়।

বিচার-প্রসঙ্গে গুপ্তবল্পভী-কালের গণনা-প্রণালী মূলতঃ উত্তর ভারতের শকান্ধ-গণাপদ্ধতির অমুবর্ত্তী ধরিয়া লইলে, লিপি-বর্ণিত মার্গশীর্ষ—৫৭২ চলিত শক-সংবতে অর্থাৎ ৬৪৯ খৃষ্টান্দে যাইয়া পড়ে। কিন্তু পুঝান্ধপুঝ আলোচনায় প্রতিপন্ন হয়, পূর্ব্বোক্ত মলমাস বা অতিরিক্ত মাস—৬৪৮ খৃষ্টান্দ = ৫৭১ চলিত শক-সংবৎ নির্দ্দিষ্ট হইতে পারে। গুজরাটের গণনা-পদ্ধতির অমুসরণে বৈ মলমাস দক্ষিণ-ভারতের ৭০৬ চলিত-বিক্রমসংবতে নির্দ্দিষ্ট হয়। তদ্ভিন্ন অহা কোনও বৎসব্বে ভাহার স্কুচনা স্থির হয় না।

দর্শসেনের পূর্ব্বোক্ত অনুশাসনে গুজরাটের প্রদেশ-বিশেবের নাম উল্লেখ আছে। তাহাতে ৩০০ অন্ধ—কার্দ্তিক মাস হইতে আরম্ভ বুঝা যায়। তাহাতে আরও বুঝা যায়,—প্রকৃত ৩০০ গুপ্ত-সংবৎ (৫৭২ চলিত শকান্দে চৈত্র মাসের শুক্ত প্রতিপদে) উহার পরবর্ত্তী।

যাহা হউক, গুজরাটে গুপ্ত-বল্লভী সংবৎ প্রবর্তনার পর, দাক্ষিণাত্যের বিক্রম-বর্ষের হিসাবে উহার আদি গণনা পদ্ধতির পরিবর্তন সাধিত হইয়াছিল,—তিহিষয়ে কোনই সন্দেহ নাই। এ দিকে আবার ভারওয়াল লিপি প্রভৃতিতে গুপ্তকাল এবং কনৌজের হর্ষান্দ প্রভৃতির প্রয়োগ দেখিতে পাই। এ সকল লিপিতে যে সকল কালের উল্লেখ আছে, তাহা ৬৩৫ হইতে ৮৫৪ আন্দের অর্থাৎ ৬৩৯ খৃষ্টান্দ হইতে ৭৫৮ খৃষ্টান্দের মধ্যে নির্দেশ করা হয়। তাহার অব্যবহিত প্ররেই নেওয়ার অন্ধ। *

^{*} ভক্তর ভগবানল'ল ইস্তানীর মতে 'নেওয়ার' শব্দ নেণালেরই মগলংশ। 'মেণাল-বর্ধ, 'নে'।ল-মংবং' 'নেণাল অদ্ধ' প্রভৃতি নামেও ইঙার প্রয়োগ পৃথি টুই হয়। Indian Antiquary, Vol IX, P. 185.

প্রিক্ষেপের মতে নেওয়ার অব্দ অক্টোবর মাসে আরম্ভ হয়। ৮৭৯-৮০ খৃষ্টাব্দে ভাহার স্থচনা, ৮৮০-৮১ খৃষ্টাব্দে গণনারম্ভ এবং ৯৫১ অব্দে বা ১৮৩১ খৃষ্টাব্দে তাহার পরিসমান্তি। কার্ত্তিক মাসের শুক্লপ্রতিপদ তিথি হইতে সে অব্দ-গণনার আরম্ভ।

নেওয়ার অব্দের আদি অনুসন্ধানে প্রতিপন্ন হয়,—অংশুবর্মণের প্রতিষ্ঠিত বিতীয় ঠাকুরী বংশের-জন্মদেবমল্ল এই নেওয়ার অব্দের প্রতিষ্ঠা করেন। নেপালের স্থপ্রসিদ্ধ 'বংশাবলি' গ্রন্থে ইহার বিস্তৃত বিবরণ লিপিবদ্ধ আছে। 'বংশাবলীতে' আর একটা বিষয় দৃষ্ট হয়। তাহা কর্ণাটক-বংশের প্রতিষ্ঠা-মূলক।

কথিত নেওয়ার অব্দের নবম বংসরে, প্রাবণ মাসে, শুরুপক্ষের সপ্তমী তিথিতে, ৮১১ শক-সংবতে অর্থাৎ ৮৮৯-৯০ খুষ্টাব্দে, জ্বাদেবমল্ল এবং তাঁহার কনিষ্ঠ জ্রাতা আনন্দমল্লের রাজত্বকালে, দক্ষিণ দেশ হইতে নাস্তদেব আগমন করিয়া সমগ্র নেপাল অধিকার করেন। তিনি কর্ণাটক বংশের প্রতিষ্ঠা করিয়া নেপালে অধিষ্ঠিত হন।

কিন্ত অনুসন্ধানে প্রতিপন্ন হয়,—নাজ্যদেব, জন্মদেবমন্নের মন্ত্রী ছিলেন। তিনিই পরে ক্রেমণ: নেপালের সিংহাসন অধিকার করেন। তাঁহার বংশধরগণ পাঁচ পুরুষ নেপালে প্রতিষ্ঠিত ছিলেন। নাজ্যদেব সংক্রান্ত উপাথ্যান সম্বন্ধে অনেকেই অনেক সংশন্ন প্রশ্ন উত্থাপন করিয়া থাকেন। কিন্তু কর্ণাটক অব্ধ প্রতিষ্ঠার সঙ্গে অব্ধ গণনার পদ্ধতিতে পরিবর্ত্তন সাধন প্রভৃতি বিষয়ে কাহারও মতবিরোধ দৃষ্ট হয় না। কারণ, নেপালে বহুদিন পর্যান্ত সে অব্ধ গণনা প্রচলিত ছিল। অধুনা পূর্ব্বোক্ত নৃতন অব্ধের বে কালাদি প্রাপ্ত হওয়া যায়, তাহাতে কার্ত্তিক মাসের শুক্ত প্রতিপদ হইতে তাহার প্রারম্ভ প্রতিপন্ন হইয়া থাকে।

'বংশবলিতে' নিম্নোক্ত কাল-পরিচয় পরিদৃষ্ট হয়; যথা,—নাঞ্চদেবের সাময়িক নেপাল সংবৎ ৯ =৮১১ শক গতান্দ;—প্রাবণ মাসে শুক্রপক্ষের সপ্থানী তিথিতে উহার আরস্ত। আবার ভাটগাণ্ডের স্থান্থামী বংশাস্তর্গত প্রথম হরিসিংহদেবের সাময়িক নেপাল সংবৎ ৪৪৪ = ১২৪৫ শক গতান্দ। উভয়ত্রই যথেষ্ঠ পার্থক্য বিশ্বমান। তাহাতে এক স্থলে ৮০২ বৎসরের এবং দিতীয় ক্ষেত্রে ৮০১ বৎসরের ব্যবধান হয়। প্রত্নতত্ত্ববিদ্যাণ তাই কথিত অন্দের এবং শকান্দের গণনা-প্রণালীর পার্থক্যের বিষয় প্রতিপন্ন করিয়া থাকেন।

মিষ্টার প্রিক্ষেপ এবং ডক্টর ভগবান-লাল ইন্দ্রাজ্বির সিদ্ধান্ত-ক্রমে কার্ত্তিক মাসের শুক্র প্রতিপদ তিথি হইতে ঐ সকল অন্দের আরম্ভ এবং দক্ষিণ-ভারতের বিক্রম অন্দের গণনা-প্রণালীর অমুসরণে অন্দ-সমূহের গণনা স্থিরীকৃত হয়।

গণনা-প্রণালীর তুলনার।

এতংপ্রসঙ্গে পক্ষাদি গণনার প্রণালী প্রধান বিচার্য। পণ্ডিভগণ বলেন,—দক্ষিণ ভারতীয় বিক্রমান্দের অনুসরণে নেপালের অন্ধ-গণনা-প্রণালী পরিগৃহীত হইলেও, উত্তর ভারতের পূর্ণিমাস্ত গণনা-পদ্ধতি সে অন্ধ গণনায় প্রধান স্থান আধিকার করিয়াছিল।

কিন্ত প্রকৃত তথ্য অন্তরূপ। সে গণনার যে দুক্ষিণ ভারতীয় 'অমান্ত' গণনা-পদ্ধতিই সংরক্ষিত হইয়াছিল, আলোচনায় তাহাই সিদ্ধান্তিত হয়। 'সিদ্ধি-নৃসিংহ' লিপির প্রসঙ্গে এতি বিষয় সপ্তামাণ হইতে পারে। লিপির কাল ৯৫৭ নেপাল সংবতের প্রাবণ মাসের ক্ষান্তমী তিথি। লিপিতে জ্বন্নান্তমী পূজা সম্পাদনের বিষয় উল্লিখিত। জ্বন্নান্তমী—ভাদ্রমাসে ক্ষান্তমী তিথিতে সম্পাদিত হয়। স্থতরাং লিপির গণনায় বুঝা যায়,—দক্ষিণ-ভারতীয় 'জমাস্ত' গণনা-প্রকালী এবং উত্তর-ভারতীয় 'পূর্ণিমাস্ত' গণনা-প্রকৃতির অনুসরণে ভাল্র মাসের ক্ষাপক্ষীয় সেই অন্তমী তিথিকেই লক্ষ্য করে।

'ঋদ্ধিলক্ষ্মী' লিপিতেও সেই একই তিথির বিষয় উল্লিখিত। সেই লিপিতে নিয়রূপ উক্তি পরিল্ট হয় : যথা,—

"নেপালান্দে গগনধারিণীনাগযুক্তে কিলোর্জে মাসে পক্ষে বিধুবিরহিতে স্থাদিতীয়াতিথো সা ক্বতা দেবালয়মপি রবৌ ঋজিলন্দ্রী প্রসন্ন চক্রে দেবী স্থাবিধিবিদিতং শঙ্করম্ভ প্রতিষ্ঠাং।"

এই লিপি হইতে ৮১০ চলিত নেপাশান্দ, কার্ত্তিক মাস, রুক্ষপক্ষের দিতীয়া তিথি, রবিবার শহরের মন্দির প্রতিষ্ঠিত হইয়াছে, বুঝিতে পারি।

এইরূপ বিবিধ আলোচনায় প্রত্নতন্ত্ববিদ্গণ সিদ্ধান্ত করেন,—নেপাল-প্রচলিত 'নেওয়ার অব্ধ' কার্ত্তিক মাসের শুক্র প্রতিপদে আরম্ভ হয়; আর দক্ষিণ-ভারতীয় বৎসর-গণনা-পদ্ধতি সে কাল-গণনায় অমুস্ত হইয়াছিল।

যাহা হউক, এইরূপ বিবিধ আলোচনায়, লিপি প্রভৃতির প্রমাণে পণ্ডিতগণ সিদ্ধান্ত করেন,—গুপ্ত-কালের বৎসর গণনায় উত্তর-ভারতীয় 'পূর্ণিমান্ত' গণনা-প্রণালী অনুস্ত হইয়াছিল। কিন্তু দক্ষিণ-ভারতীয় 'অমান্ত' গণনা-পদ্ধতির সহিত উহার কোনই সংশ্রব ছিল না। * পণ্ডিতগণ আরও প্রতিপন্ন করেন,—গুপ্ত-বল্লভী সংবতের গণনা-প্রণালী স্ক্তিভাবে শকাক গণনা-পদ্ধতির অনুরূপ ছিল। †

আল বাক্লণির নির্দ্ধেশিত অবেদ মাস দিন প্রভৃতির উরেপ নাই। উত্তর বা দক্ষিণ ভারতীয় গণনা-প্রণালীর অনুসরণে সে অব্দ-গণনার প্রনাকি না, ভাহাও বুঝিতে পারা যায় না। গণনাকে তাই পাশ্চাভ্য পণ্ডিতগণ আল বাক্ষণির গণনা প্রকৃত করেন নাই। ভাজে মাস হইতে ভাহার থারত প্রতিভ হয়।

আনেকে মনে করেন, কাশ্মীর এবং তৎসন্থিতিত ভূতাগে পেই অবা কিছুকাল প্রচলিত থাকিবার সভাবনা।
শ্বাস প্রবায় কার্ত্তিক মানে প্রায়ত প্রচনা হয়। সে হিসাবে শ্বাস্থের সহিত তুলনার আল বাস্থানির এতছ্তি
সহজ্ঞে প্রিত্তাপ সন্ধিয়ার।

বাংশ কউক, ১৯১ অবদ সোপরাক্ষের ইয়াণ অস্তলিশি উৎকীর্ণ হইরাছিল। তাহাতে 'প্রাবণবহলপক্-সপ্তমাং' ব অর্থাৎ প্রাবণ বাসের কৃষ্ণপক্ষীর সপ্তমী তিথির উল্লেখ আছে। তাহা কইতে এস, বি, দীক্ষিত মহালার সিদ্ধান্ত করেন,—প্রাবণ মাসের কৃষ্ণপন্ধীর সপ্তমী তিথি সোমবারে শেব হয়। ইংরাজী গণনা-হিসাবে ৫১০ খুটাব্দের ১৪ই ক্লুল সোমবার পড়ে। এতংপ্রসকে আলুবাক্ষণি আর এক অব্যের উল্লেখ ক্রিয়াছেন। ভাতার উল্লেখ এ প্রসক্ষে নিজ্ঞান্তনার ।

[•] ১৯০ বল্লভী সংৰতে উৎকীৰ্ণ অৰ্জুনৰেৰের ভারওয়াল লিপি এবং আলু বাক্লণির প্রস্থ ব্যভীত, গুপ্ত-সংবতের সহিত অন্ত কোলও কালের উল্লেখ পরিষ্ট হয় না। আলু বাক্লণির মতে গুপ্ত-বল্লভী-সংবৎ ৭১২—বিক্লম- প্রবং ১০৮৮—শক-সংবৎ ৯৫০।

[†] Indian Antiquary, Vojs, VI, XVI, & XII. Indian Eras, P. 218.

শক-কালের ক্রম-গণনা।

এক্ষণে দেখা যাউক, শক-কাল-গণনায় কোন্ পদ্ধতি অবলম্বিত হইয়াছিল।

মিঃ ভজেশঙ্কর গৌরীশঙ্কর বলেন,—কাথিয়াবাড়ের পশ্চিম অঞ্চলে একটী অন্ধ প্রচলিত আছে। জাষাত্ মাসের শুক্রপক্ষের প্রতিপদ তিথি ইইতে তাহার গণনা স্থাচিত হয়।

উক্ত প্রদেশের অন্তর বিক্রমান্দ প্রচলিত। কার্ত্তিক মাসে শুরুপক্ষের প্রতিপদে তাহার প্রারম্ভ স্টিত হয়। স্থতরাং বুঝা যায়,—সে অন্ধ বিক্রম-সংবতের পূর্ববর্তী। সে অন্ধ কাথিয়াবাড় জেলার 'হালারপস্ত' মহকুমায় মাত্র প্রচলিত। সেই জন্ত অন্ধের নাম—'হালারি' অন্ধ। অমাস্ত অথবা পূর্ণিমান্ত—কোন্ হিসাবে তাহার গণনা-প্রণালী নির্দ্ধিট হয়, তাহা নির্ণ্ধ করা হরহ।

সে অব্দ স্থানবিশেষে মাত্র প্রচলিত। তাই ভারওয়াল লিপির এবং খয়রা শাসনের অসামঞ্জন্ত-নিরসনে সে অব্দের উপর নির্ভর করা যাইতে পারে না।

দক্ষিণ-ভারতেও গণনা-পদ্ধতি অনুসারে শক-কালের গণনার সহিত প্রথমে অমাস্ত পক্ষ সংশ্লিষ্ট ছিল না। পশ্চিম চালুক্যরাজ দিতীয় পুলিকেশীর হায়দ্রাবাদ দানলিপিই তাহার প্রকৃষ্ট প্রমাণ। তাহাতে শক-সংবৎ গতাক ৫০৪, ভাদ্র মাস (আগষ্ট-সেপ্টেম্বর), অমাবস্থা তিথি এবং স্ব্যগ্রহণ প্রভৃতির উল্লেখ আছে।

'ইণ্ডিয়ান এণ্টিকয়ারী' গ্রন্থে প্রিন্সেপ সাহেব এ সম্বন্ধে বিস্তৃত আলোচনা করেন। তাঁহার মতে লিপিতে বর্ণিত ক্র্যাগ্রহণ ৬১০ খুষ্টাব্দের ২৩এ জুলাই তারিথে সংঘটিত হয়। এই গণনা যে ভ্রমশৃত্ত নহে, প্রিন্সেপ নিজেই তাহা স্বাকার করিয়ছেন। কারণ, শকসংবৎ গত ৫৩৪ এবং চলিত ৫৩৫ প্রকৃতপক্ষে ৬১২-৬১৩ খুষ্টাব্দের সহিত অভিন্ন। এই সময়ে ৬১২ খুষ্টাব্দের হরা আগষ্ট স্থ্য-গ্রহণের নির্দ্দেশ আছে। উত্তর-ভারতীয় পূর্ণিমান্ত গণনায় সে দিন ভাত মাসের ভ্রমবন্তা তিথি।

মিষ্টার এস বি দীক্ষিত, 'স্থ্যাসিদ্ধান্তের' গণনা অবলম্বনে প্রতিপন্ন করেন,—৩৫ গতি ৪৬ পলে তিথির পরিসমাপ্তি বলিয়া, সন্ধ্যার প্রাক্কালে সংঘটিত সে গ্রহণ ভারতের কোথাও পরিদৃষ্ট হয় নাই। কিন্তু তাহার অনুসরণে পূর্ববর্ত্তী বৎসরের অমাবস্থায় কোনও স্থ্যগ্রহণ সংঘটনের উল্লেখ নাই। স্মৃতরাং লিপি-বর্ণিত ৬১২ খুষ্টান্দের ২রা আগন্ত তারিথে সংঘটিত স্থ্যগ্রহণ সম্বন্ধে সকলেই সন্দেহের ভাব প্রকাশ করেন। 'বাদামী' অঞ্চলে স্থ্যগ্রহণ সম্পূর্ণরূপ পরিদৃষ্ট হইয়াছিল—লিপিতে উল্লিখিত দেখি।

তাই মনে হয়,—সে স্থাপ্রহণ ৬১৩ খৃষ্টাব্দের ২৩এ জুলাই সংঘটিত হইয়াছিল। উত্তর ভারতীয় পূর্ণিমান্ত গণনা-প্রণালীক্রমে ঐ দিনে ভাত্রমার্টের অমাবস্থা তিথি আসিয়া পড়ে। এই ছই স্থাপ্রহণের মধ্যে যেটাকেই গ্রহণ করা যাউক না কেন, সকল ক্ষেত্রেই উত্তর ভারতীয় পূর্ণিমান্ত গণনা-ব্যবস্থাই চাক্র-পক্ষ-গণনায় পরিগ্রহণ করিতে হয়।

তার পর, রাষ্ট্রক্টরাজ দ্বিতীয় গোবিন্দের কেনারি-দেশীয় অরুশাসন। সেই শাসনে, ৭২৬ শক-সংবৎ, ষষ্ট্রসম্বংসরাক্ত্যক্ত স্থভাত্ন সংবংসর, রুষ্ণপক্ষ, পঞ্চমী তিথি এবং বৃহস্পতিবার প্রভৃতির উল্লেখ আছে। কিন্তু উল্লিখিত শকাক গত অথবা চলিত, তাহার কোনই নির্দেশ নাই। শক- সংবং ৭২৬ গতাক মূল ভিত্তিরূপে নির্দেশ করিলে, অমাস্ত-প্রণালীক্রমে, ৭২৭ চলিত শকাব্দের আলোচ্য তিথি, ৮০৪ থৃষ্টাব্দের এরা মে শুক্রবারে যাইয়া পড়ে। কিন্তু পূর্বিমাস্ত পদ্ধতি অমুসারে ৪ঠা আগষ্ট বৃহস্পতিবারে নির্দিষ্ট হয়।

উত্তর ভারতীয় 'ষষ্টিসম্বংসর কাশান্দ' পদ্ধতিক্রমে ৭২৬ চলিত শকান্দে (৮০৩ খৃষ্টান্দের ১৭ই জুন) 'স্থভাম সম্বংসরের' প্রারম্ভ স্বীকার করিতে হয়। তাহার পরই ৭২৭ চলিত শকান্দে (৮০৪ খৃষ্টান্দের ১২ই জুন) 'তারণ সংবংসরের' আরম্ভ। অতএব বুঝা যায়, নির্দিষ্ট দিনে পূর্ব্বোক্ত কাল-গণনা প্রচলিত ছিল। স্থতরাং চলিতান্দ-হিসাবেই গণনা সমীচীন। এদিকে, দক্ষিণ ভারতীয় সম্বংসর কালান্দ গণনা অমুসারে, স্থভামু সংবংসর = ৭২৬ চলিত শকান্দ (৮০১-৮০৪ খৃষ্টান্দ) নির্দিষ্ট হয়।

৭২৫ গত শকাক অনুসারে, অমান্ত গণনা-ক্রমে, ঐ বংসরের আলোচ্য পঞ্চমী তিথি ৮০৩ গৃষ্টাব্দের ১৫ই এপ্রিল শনিবার এবং পূর্ণিমান্ত গণনাক্রমে ১৭ই মার্চ শুক্রবার নির্দিষ্ট হইয়া থাকে। পক্ষান্তরে আবার রাষ্ট্রকূটরাজ প্রথম আমোঘবর্ষের সিরুর লিপিতে শক-সংবং ৭৮৮, ব্যায় সম্বংসর, জ্যৈষ্ঠ মাস, অমাবস্থা তিথি, আদিত্য বা রবিবার এবং প্র্যাগ্রহণের উল্লেখ আছে। এথানেও ঐ শক্সংবং চলিত কি গত, তাহা নিদ্দিষ্ট হয় নাই।

৭৮৮ চলিত শক-সংনতে (৮৬৫-৮৬৬ খৃষ্টাব্দে) অমাবস্থা তিথিতে কোনও স্থাগ্রহণ সংঘটনের প্রমাণ পাওয়া বায় না। দক্ষিণভারতীয় রীতি অনুসারে ব্যায়-সংবৎসর = ৭৮৯ চলিত শক-সংবৎ (৮৬৬-৮৬৭ খৃষ্টাব্দ)। কিন্তু উত্তর-ভারতীয় পদ্ধতিক্রমে ৭৮৮ চলিত শক-সংবতে (৮৬৫ খৃষ্টাব্দের ২৩এ সেপ্টেম্বর) ইহার প্রারম্ভ স্চিত হয়। ইহার পর ৭৮৯ চলিত শক-সংবতে (৮৬৬ খৃষ্টাব্দের ২০এ সেপ্টেম্বর) সর্ব্বজিৎ সম্বৎসরের আরম্ভ। তাহাতে, ৭৮৮ শক-গতাক অনুসারে, পূর্ণিমান্ত গণনাক্রমে কথিত অমাবস্থা তিথি ৮৬৬ খৃষ্টাব্দের ১৮ই মে শুক্রবারে পরিসমাপ্ত হয়। সে সময়ে কোনও স্থাগ্রহণ হয় নাই।

কিন্তু দক্ষিণ ভারতীয় অমান্ত গণনা-পদ্ধতি অনুসারে ঐ বংসর ১৬ই জুন রবিবার ঘাইয়া পড়ে, ঐ সময়ে স্থ্য-গ্রহণের পরিচয় পাওয়া যায়। বেলা অপরাহ্ন হই ঘটকায় তিথির পরিস্মান্তি। তাহা হইলে স্থ্যগ্রহণ ভারতের স্ক্তি পরিদুষ্ট হইয়াছিল সপ্রমাণ হয়।

স্থতরাং আলোচনায় সপ্রমাণ হয়,—৮০৪ খৃষ্টাক্ হইতে ৮৬৬ খুষ্টাক্তের মধ্যে কোনও সময়ে, দক্ষিণ ভারতে শক্কাল গণনায় চাক্রপক্ষীয় 'অমান্ত' গণনা-পদ্ধতি অহুস্ত হইয়াছিল। *

চতুর্বিবংশ পরিচ্ছে।

७७कान-गगनाय निभि।

[স্তচনার বক্তব্য ;—মান্দাসোর লিপি ;—লিপির অবস্থান ও নামকরণ ;-লিপির প্রতিপাম্ম ;—লিপির পরিচয় ;—মর্ম্ম ।]

স্থচনাম বক্তব্য।

গুপ্ত-কাল অবধারণে লিপির প্রামাণ্যই প্রধানতঃ পরিগৃহীত হয়। সেই সকল লিপির মধ্যে এলাহাবাদ স্তন্তের এবং মন্দোসোরের লিপিই প্রত্নতত্ত্ববিদ্যাণের প্রধান অবলম্বন।

তত্তিয়, জুনাগড়ের পার্ববিতগাত্রস্থিত লিপি, খাড়োয়ার প্রস্তরলিপি, এলাহাবাদের প্রস্তর-গাত্রক্ষোদিত সমুদ্রগুপ্তের প্রবর্ত্তিত লিপি, এরণের লিপি, উদয়গিরির গুহালিপি, কাহাউম স্তম্ভলিপি, মানক্রায় বুদ্ধমূর্ত্তির গাত্রে ক্ষোদিত কুমারগুপ্তের প্রবর্ত্তিত লিপি, বিথারির শুম্ভলিপি প্রভৃতিও প্রমাণ-স্বরূপ উল্লিখিত হইয়া থাকে।

নিম্নে সেই লিপির পরিচয় প্রভৃতি প্রদান করিতেছি; যথা—

यान्मात्मात्र निशि।

ডক্টর ক্লিট এই মান্দাসোর লিপির আবিষ্ঠা। ১৮৮৬ খৃষ্টান্দে তিনি মান্দাসোর লিপি প্রচার করেন। 'ইন্ডিয়ান এন্টিকোরারী' গ্রন্থের পঞ্চদশ খণ্ডে এই লিপির পরিচর আছে।

প্রথমতঃ স্থলিভান এই লিপি আবিদার করিয়াছিলেন। ১৮৭৯ খৃষ্টান্দে তিনি মান্দাসোর হইতে জেনারেল কানিংহামের নিকট ইহার এক হস্তলিপি প্রেরণ করেন।

১৮৮৩ খুটাকে সেই লিপি ডক্টর ফ্লিটের দৃষ্টিগোচর হ্র। তিনি তাঁহার সহকারীকে মান্দাসোরে প্রেরণ করেন। ফলে বর্ত্তমান লিপি এবং তৎসঙ্গে বশোধর্মের স্কভালিপি আবিদ্ধত হয়। মিটার স্থলিভান যখন সে অঞ্চলে গমন করিরাছিলেন, তখন শোবাক্ত লিপি তাঁহার দৃষ্টিগোচর হর নাই।

লিপির অবস্থান ও নামকরণ।

মান্দাসোর বা দাসোর—প্রাচীন 'দাসপুর' বলিরা সিদ্ধান্তিত হয়। সিওনা নদীর উত্তর-পশ্চিম তীরে 'দাসপুর' অবস্থিত। দাসোর অধুনা মধ্যভারতের অন্তর্গত পশ্চিম মালবে, মহারাজ সিন্ধিয়ার রাজ্যের অন্তর্ভুক্ত।

মান্দাসোর অপেকা দাসোর নামই অধুনা প্রচলিত। তত্ততা জনিনাধারণ, বিশেষতঃ ক্রমকগণ, মান্দাসোর বলিতে দালোরকেই নির্দেশ করে। দেছ শত বংসর পূর্বের সনন্দাদিতে

এবং দলিলপতে 'দাসোর' নামই প্রচলিত। তবে পারস্ত-ভাষার লিখিত দলিলাদিতে মান্দাসোর নামের-ছল প্রচলন পরিদৃষ্ট হয়। দাসোরে শিবমন্দিরের সমূখে, নদীর তীরদেশে, এই লিপি প্রথম দৃষ্ট হয়।

দাসোর বা মান্দাসোর নামের উৎপত্তি সম্বন্ধে একটা কিংবদন্তী প্রচলিত আছে। সে কিংবদন্তী—প্রাকালে দশরথ নামে এক রাজা ঐ অঞ্চলে রাজত্ব করিতেন। তাঁহারই নামান্ত্রসারে দাসপুর' নামকরণ হইরাছিল।

প্রথমে পনেরটা জনপদ নইরা দাসপুর রাজ্য সংগঠিত হয়। সেই পনেরটা পরীর মধ্যে—
কিন্চিপুর, জানকুপুরা, রামপুরিয়া, চক্রপুরা, বালাগঞ্চ প্রভৃতি প্রধান। পরবর্তিকালে ঐ
পনেরটা জনপদের পাঁচটা বিচ্ছির হইয়া পড়ে। তথন দশটা জনপদ লইয়া দাসপুর সংগঠিত হয়।

কিন্তু কি কারণে দাসপুরের 'মান্দাসোর' নাম হইয়াছিল, তাহার কোনও সন্ধান পাওয়া যার না। ডক্টর ভগবানলাল ইক্রাজির মতে এক সমরে দাসপুরের ভাগ্যবিপর্যার ঘটে। সেই মল-ভাগ্য-স্চনার দাসপুরের 'মান্দাসোর' নাম হয়। তিনি আরও বলেন,—মুসলমান-দিগের আক্রমণে যথন নগর বিধ্বন্ত এবং হিল্পুর মন্দিরাদি চূর্ণ-বিচূর্ণ হয়, তথন হইতেই দাসপুর 'মান্দাসোর' নামে অভিহিত হইতে থাকে।'

মুসলমান আক্রমণের এবং নাসপুর জনপদের ভাগ্যবিপর্যারের স্থৃতিরক্ষার্থ তত্ততা অধিবাসিবৃক্ষ তথন হইতে উহার 'মন্দ্রাসপুর' বা 'মান্দাসোর' নামকরণ করিয়াছিল। কথিত হয়,
মুসলমান আক্রমণের পর হইতে দাসপুরে আর ব্রাহ্মণের বাস নাই। এমন কি, ব্রাহ্মণেরা
সেই হইতে দাসপুরের কোনও স্থানেরই জল পান করেন না।

মিষ্টার ই এইচ গ্রাউসের মতে 'মাড়' এবং 'দাসপুর'—এতত্বভরের সমবারে 'মান্দাসোর' নাম সংগঠিত হওয়া সম্ভবপর। বর্তমান আফ্ জালপুরের অপর নাম—মাড়। মান্দাসোরের দক্ষিণপূর্বে এই 'মাড়' বা আফ জালপুর অবস্থিত। অনেকে বলেন,—'দাসপুর-মাহাত্মা' গ্রন্থে এ সম্বন্ধে প্রক্কত তথ্যের সন্ধান পা ওরা যাইতে পারে। কিন্তু সে গ্রন্থ অধুনা ছম্মাপ্য।

লিপির প্রতিপান্ত।

চক্রগুপ্তের রাজ্য-পরিচয়।

ইতিহাসে দেখিতে পাই,—চল্দ্ৰ-গুপ্ত একজন সামস্ত নৃপতি ছিলেন। লিচ্ছবিদিগের সহিত বিবাহ সত্তে আবদ্ধ হইয়া তিনি প্রতিষ্ঠান্বিত হন। লিচ্ছবি-জাতির সহিত সম্বন্ধ স্থাপনে গুপ্ত-মাজগণ যে বিশেষ গৌরবান্বিত হইয়াছিলেন, সমূদ্ৰ-গুপ্ত প্রভৃতির লিপিতে সে পরিচয় বিভাষান।

তাঁছাদের প্রবর্ত্তির মুদ্রার একদিকে চন্দ্র-গুপ্তের এবং কুমারদেবীর প্রতিমূর্ত্তি এবং অন্ত দিকে লক্ষ্মীর প্রতিমূর্ত্তি অন্ধিত আছে। দেখানে লক্ষ্মী সিংহ্বাহিনী এবং তাঁহার পদতলে 'লিচ্ছবি' শব্দ সন্নিবিষ্ট। কুমারদেবীর এবং চন্দ্র-গুপ্তের প্রতিমূর্ত্তির নিম্নভাগেও তাঁহাদিগের নামোল্লেথ আছে। ৮ চন্দ্র-গুপ্তের পরবর্ত্তী নূপতিগণ তাঁহাদের প্রবর্ত্তি লিপিতে বিশেষ গর্কের সহিত এই লিচ্ছবি-সম্বন্ধের পরিচয় প্রদান করিয়াছেন। তাহাতে বুঝা যায়,—লিচ্ছবিদিগের সহিত সম্বন্ধ-স্বত্রে আবন্ধ হইবার পর হইতেই গুপ্ত-বংশের ভাগ্যাকাশে সোভাগ্য-রবির বিমল জ্যোতিঃ বিছ্বিত হইতে থাকে।

রাজ্য-প্রাপ্তির পর চক্র-গুপ্ত 'মহারাজাধিরাজ্ব' উপাধি গ্রহণ করেন; আর কুমারদেবী 'মহাদেবী' বিলয়া অভিহিত হন। চক্র-গুপ্ত নিজ নামে মুদ্রা প্রস্তুত করেন; সেই মুদ্রার তাঁহার নামের সহিত 'মহাদেবী' কুমারদেবীর নামও সংযোজিত হয়।

চক্রগুপ্তের প্রবর্ত্তিত লিপি অথবা মূদ্রা এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। স্নতরাং তাঁহার রাজ্য-সীমা নির্দেশ করা একরূপ অসম্ভব বলিয়াই প্রত্নতন্ত্ববিদ্যাণ নির্দেশ করেন। তবে সমূদ্র-গুপ্তের

* 'ইভিরান মিউলিরনে' মুদ্রা সংগৃহীত হউরাছে। রিভেট এবং কার্ণাক সেই মুদ্রা সংগ্রহ করিয়াছিলেন। নেই জন্ত নেই মুদ্রাগমূহ 'রিভেট কার্ণাক কলেকলন' ('Rivett-Carnac Collection) নামে অভিহিত। উক্ত সংগ্রহের মধ্যে 'লিচছবি'-নামাজিত একটা মুদ্রা পাওয়া গিলাছে।—Catalogue of Coins in Indian Museum, Vol. I.

নিপি প্রভৃতি হইতে তাঁহার রাজ্যের কতক পরিচয় পাওয়া যায়। তাহাতে বুঝিতে পারি,—
গঙ্গা ও ষমুনার সঙ্গমন্থল বর্তমান এলাহাবাদ (প্রয়াগ) পর্যান্ত সমগ্র গালেয় উপত্যকা চল্ল-গুণ্ডের
রাজ্যের অন্তভূক্ত হইয়াছিল। সে মতে ত্রিহুত, দক্ষিণ বিহার, অযোধ্যা এবং পার্যবর্ত্তী
জনপদসমূহ চল্ল-গুণ্ডের রাজ্যের অন্তর্গত হয়। ফলতঃ, অল্লকাল সিংহাসনে অধিষ্ঠিত থাকিলেও
চল্ল-গুণ্ড তাঁহার রাজ্যসীমা যথেষ্ঠ বৃদ্ধি করিতে সমর্থ হইয়াছিলেন।

'গুপ্ত-কাল।

প্রাত্বত বিদ্যাণের সিদ্ধান্ত চক্র-শুপ্তের সময় হইতেই শুপ্ত-কালের প্রবর্তনা। তাঁহারা বলেন,—এই 'অন্ধ' প্রবর্তনায়ই ইতিহাসে চক্র-শুপ্তের প্রতিষ্ঠা। ৩২০ খুষ্টান্দের ২৬এ ক্রেক্সারী হইতে ৩২১ খুষ্টান্দের ১৩ই মার্চ্চ পর্যান্ত ঐ অন্দের প্রথম বৎসর নির্মাপিত হয়।

মহারাজ্ঞাধিরাজ্ঞ চক্র-গুপ্তের রাজ্যারস্তের বংসর হইতে গুপ্তান্দ গণনার স্ক্রপাত হয়,— প্রত্নতত্ত্ববিশারদ্গণ তাহা স্বীকার করেন। চক্র-গুপ্ত ২০৫ খৃষ্টান্দে পরলোকগমন করেন। তিনি প্রায় পনের বংসর সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। ৮ গুপ্তবংশের বংশলতায় একাধিক চক্রগুপ্তের পরিচয় আছে। তাই তিনি প্রথম চক্রগুপ্ত নামে ইতিহাসে প্রসিদ্ধি লাভ করিয়াছেন।

বিবিধ বক্তব্য।

গন্ধ জেলার প্রাপ্ত সমুদ্র-গুপ্তের এক তাম্রশাসনের অঙ্কাদি দৃষ্টে অনেকে সমুদ্র-গুপ্তকেই গুপ্ত-বংশের প্রথম সম্রাট বলিয়া নির্দেশ করেন। ঐ তাম্রশাসনে ১ সংবৎ লিখিত আছে।

কিন্তু কেহ কেহ ঐ পাঠ ভ্রমপূর্ণ বিশিয়া মনে করেন। তাঁহাদের মতে,—৯ অক্ষের পরিবর্ত্তে উহা ১৯ অথবা ১৯ হওয়াই সমীচীন। তাম্রশাসনে লিখিত আছে,—মহারাজাধিরাজ সমূদ্র-গুপ্ত বছদিনের অপ্রচলিত অশ্বমেধ যজ্ঞ সম্পান করিয়াছিলেন।

ডক্টর ফ্লিট এই তাম্রণাসনের মৌলিকত্ব স্বীকার করেন না। তাঁহার মতে তাম্রণাসনখানি খৃষ্টীয় অষ্টম শতান্দীতে উৎকীর্ণ হইয়াছিল। সে সম্বন্ধে ফ্লিট নিম্নন্ধ যুক্তির অবতারণা করেন। যথা,—ভারতের অভাভ প্রদেশে সমুদ্র-গুপ্তের যে সকল লিপি এবং তাম্রণাসন আবিষ্ণৃত হইয়াছে, তাহার অক্ষর—এই লিপির অক্ষর হইতে সম্পূর্ণ স্বতন্ত্র। অধিকন্ত গ্রার লিপির রচনা এবং অক্ষর অত্যন্ত আধুনিক।

কিন্তু ফুটের এ মত সমীচীন বলিয়া মনে হয় না। স্থান-ভেদে ভাষা এবং অক্ষরের প্রার্থক্য-সর্ব্বত্তই দেখিতে পাই। স্কৃতরাং লিপির আধুনিকত্ব এবং সমুদ্র-গুপ্তের অব্দ প্রবর্তনা-মূলক ও গুপ্তবংশের আদি-নৃপতি-প্রতিপাদক যুক্তি-সমূহ কদাচ অনুমোদন করা যায় না।

* চক্র-শুথের হাজাপ্রাক্তিকাল ৭২০ খৃষ্টাব্দে নির্দিষ্ট কটলে, ওাগার পিডা ঘটোৎকচের রাজাকাল ২৯০ –০১০ খুটাব্দ এবং গুপ্ত-বংশের প্রতিঠাতা মহারাজ গুপ্তের রাজাকাল ২৭০ —২৯০ খুটাব্দ বির হয়। ২৯০ খৃষ্টাব্দ বহিলে প্রান্ত চক্রগুপ্ত 'মহাবাজ' নামে অভিহিত ক্ইরাছিলেন। ১২০ খুটাব্দে রাজ্য-লাব্দের প্র মহারাজ্যাধিরাজ উপাধি-ভূষণে ভূষিত হবেন।

একোনতিংশ পরিচ্ছেদ

मगूज-७७।

ইতিহাসে প্রতিষ্ঠা—সমুদ্র-গুপ্তের রাজ্যপ্রাপ্তি; —সমুদ্র-গুপ্তের দিখিজ্বর, —দিখিজ্বরের পরিচয়, —লিপিতে দিখিজ্বরের বর্ণনা; —বিজ্ঞিত রাজা ও রাজ্যের পরিচয়; — বিজ্ঞিত পার্মব্য-জাতি; —বিজ্ঞিত সীমাস্ত-রাজ্য; —অক্সান্ত নৃপতিবৃদ্দ ; — বৈদেশিক নৃপতির পরিচয়; —অক্সাম্য-গুপ্তের রাজ্যকাল; —বিবিধ জ্ঞাতব্য; —সমুদ্রগুপ্ত ও কাচ; —সমুদ্রগুপ্ত সমহরাজ মেঘবর্ণের দৌতা; —গরায় বৌদ্ধ-বিহার।

ইতিহাসে প্রতিষ্ঠা।

প্রাচ্যে সম্দ্র-গুপ্ত, আর প্রতীচ্যে নেপোলিয়ন ;—ইতিহাসে উভয়েই সমপদবীতে সমাসীন। উভয়েই উচ্চাভিলাষী, উভয়েই বিজয়-লিঙ্গু। প্রভেদ এই য়ে,—নেপোলিয়ন স্বার্থসাধন-পথের পথিক; আর সমূদ্র-গুপ্ত বিশ্বপ্রেমের প্রেমিক।

নেপোলিয়নের প্রভাবে প্রতীচ্যে থেমন নবজীবনের সঞ্চার হইরাছিল; সম্ত্রগুপ্তের প্রতিষ্ঠার, উন্মাদনার নবোদ্দমে, প্রাচ্য তেমনি উন্মন্ত হইরা উঠিয়ছিল;—নবজাগরণে মৃত করদেহে নবজীবনের সাড়া পড়িয়া গিয়াছিল।

এক হিসাবে, সমুদ্র-গুপ্তের প্রতিষ্ঠারই গুপ্ত-বংশের প্রতিষ্ঠা;—এক হিসাবে সমুদ্র-গুপ্তের প্রতিষ্ঠারই গুপ্ত-সাম্রাজ্য ইতিহাসের প্রতিষ্ঠা-সম্পন্ন। সমুদ্র-গুপ্তের অভ্যাদর ভারতের ইতিহাসের এক যুগাস্তর বলিলেও অভ্যক্তি হয় না।

বেমন মৌর্য্য-বংশের ইতিহাসে, তেমনই গুপ্ত-বংশের ইতিহাসে—সেই একই শক্তির ক্রিরা প্রান্তক করি। জৈন ও বৌদ্ধর্শের উন্মাদনায় মৌর্য্য-নূপতিগণ বেমন বিচ্ছিন্ন ভারত-সাম্রাজ্যকে একস্থত্রে গ্রথিত করিতে সমর্থ হইয়াছিলেন;—ব্রাহ্মণ্য-ধর্শের প্রতিষ্ঠা-সাধনে গুপ্ত-বংশও তেমনই বিক্লিপ্ত সাম্রাজ্যকে কেন্দ্রীভূত করিয়াছিলেন। ধর্শ্মবল—শ্রেষ্ঠবল; সেই বলে বলীয়ান হইতে পারিয়াছিলেন বলিয়াই ইতিহাসে গুপ্ত-বংশের প্রতিষ্ঠা।

সমুদ্র-গুপ্তের রাজ্যপ্রাপ্তি।

পুত্রগণের মধ্যে পিতা সমুদ্র-শুপ্তকেই সিংহাসনের উত্তরাধিকারী মনোনীত করিয়াছিলেন। জার্চ-ক্রমে নির্মাচন না হইলেও সে নির্মাচন আশাস্থ্যপ্তই হইয়াছিল। সিংহীর উদরে সিংহ-শাবক ই জন্মগ্রহণ করিয়া থাকে। চক্র-শুপ্ত তাহা জানিয়াই, লিচ্ছবী রাজছহিতা কুমার-দেবীর গর্জজাত পুত্র সমৃদ্র-শুপ্তকে সিংহাসনে প্রতিষ্ঠিত করিয়াছিলেন।

নির্ব্বাচন সার্থক হইয়াছিল। সমুদ্র-গুপ্ত পিতৃত্যন্ত বিশ্বাসের অপলাপ করেন নাই। পরস্ক আকরে অকরে তাহার সার্থকতা সম্পাদন করিয়াছিলেন। রাজনৈতিক, সমাজনৈতিক, অর্থ নৈতিক—বিবিধ উন্নতি-সাধনে সমুদ্র-গুপ্ত ভারত-সাম্রাজ্যকে যে শ্রেষ্ঠ পদবীতে প্রতিষ্ঠিত করিয়াছিলেন, তাহার তুলনা নাই। ভারতের ইতিহাসে তাই সমুদ্র-গুপ্ত শ্রেষ্ঠ আসন লাভ করিয়া আছেন। সমুদ্র-গুপ্ত যে রাজ্যের অধিপতি হইয়াছিলেন, তেমন সমৃদ্ধি-সম্পন্ন বিশাল সাম্রাজ্য তাহার পূর্বে ভারত বছদিন প্রত্যক্ষ করে নাই বলিলেও অত্যুক্তি হয় না।

সমুদ্র-গুপ্তের দিখিজয়।

সিংহাসনে অধিয়োহণ করিয়া সমুদ্র-গুপ্তের বিজয়লিপা বলবতী হইয়া উঠিল। বহুকালের সঞ্চিত আশা-আকাজ্ঞা। পিতার বর্ত্তমানে সে আকাজ্ঞা-পূরণের স্থযোগ ঘটে নাই। তাই সিংহাসন-লাভ করিয়াই সমুদ্র-গুপ্ত দিখিজয়ে মনোনিবেশ করিলেন।

রাজ্য-জয়েই রাজশক্তির পরীক্ষা। দেশ-বিজয়েই শক্তির শ্রেষ্ঠত্ব নিরূপিও হয়। সমুদ্র-গুপ্ত বুঝিয়াছিলেন,—দিখিজয়ী না হইলে, রাজ-সম্মান প্রতিষ্ঠিত হয় না। তাই তিনি সিংহাসন লাভ করিয়াই দিখিজয়ে মনোনিবেশ করিয়াছিলেন। ফলে, পারিপাশ্বিক নূপতিগণ তাঁহার অধীনতা পাশে আবদ্ধ হইয়াছিল। সিংহাসনাধিরোহণের পর বহুদিন পর্যান্ত তিনি যুদ্ধ-বিগ্রহে লিপ্ত ছিলেন। সেই উপলক্ষে সমগ্র উত্তর ভারত তাঁহার বশ্রতা স্বীকার করিয়াছিল।

দিখিজয়ের পরিচয়।

সমুদ্র-গুপ্তের দিখিজয়ের বিশদ চিত্র—এশাহাবাদের স্তম্ভ-গাত্রে অন্ধিত দেখি। প্রায়; ছয় শত বৎসর পূর্বের, মৌর্যা-শুমাট অশোক ঐ স্তম্ভ নির্মাণ করাইয়াছিলেন। স্তম্ভ-গাত্রে তাহার অমুশাসন-সমূহ ক্লোদিত ছিল। এলাহাবাদের সেই স্তম্ভ-গাত্রেই সমুদ্র-গুপ্তের দিখিজয়ের লিপি উৎকীর্ণ হইয়াছিল।

যুদ্ধের অবসানে, দিখিজয়ের স্থৃতি-সংরক্ষণে, সমুদ্র-গুপ্ত বিশেষ উদ্বিগ্ন হইয়া পড়েন। সংস্কৃত-ভাষাভিজ্ঞ একজন পশ্চিতের উপর সেই দিখিজয়-কাহিনী-বর্ণনের ভার অর্পিত হয়। সমুদ্র-গুপ্ত খাঁটি হিন্দু ছিলেন; ধর্ম্ম-শাস্ত্রে তাঁহার অন্যেষ পারদর্শিতা ছিল।

ধর্ম্মে সমদর্শন-নীতি—তাঁহার রাজনীতির মূল হত্ত হইলেও, তিনি অশোকের প্রতিষ্ঠিত ক্ত-গাত্রেই সে দিখিজয়-কাহিনী—সে নরশোণিত-প্রবাহের চিত্র—সন্নিবিষ্ট করিয়াছিলেন। তত্তের এক দিকে অশোকের লিপি—'অহিংসা পরমোধর্মা বিঘোষিত করিতেছিল; অন্ত দিকে সমূদ্র-গুপ্তের লিপিতে জীঘাংসা-নীতির বিজয়োচ্ছােস ব্যক্ত করিতে লাগিল।

সমূত্র-গুপ্তের উন্তম ব্যর্থ হয় নাই। তাঁহার পরিপ্রম সার্থক হইয়াছিল। তাই আজি আমরা তাঁহার রাজ্য-বিজয়ের প্রকৃত আলেখ্যের সন্ধান পাইয়াছি। এলাহাবাদের সে স্তম্ভ সমূত্র-গুপ্তের বিজয়-মৃতি বক্ষে ধারণ করিয়া, আজ পৃথিবীর প্রতি কেন্দ্রে ভারতের প্রেষ্ঠত্ব বিশোষিত করিতেছে।

कान-পরিমাণ নির্দিষ্ট না থাকিলেও খুট-জন্মের ৩৬২ বৎসর পরে সে নিপি উৎকীর্ণ

হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই। লিপিতে দিখিজ্ঞারের পৌর্বাপোর্য্য নির্দেশ হয় নাই বটে; কিন্তু লিপির ভৌগোলিক বিবরণ-সমূহ বিশেষ মূল্যবান, প্রতিপন্ন হয়।

লিপিতে দিখিজয়-বর্ণন।

এলাহাবাদ লিপির প্রারম্ভেই সমুদ্র-গুপ্তের রাজ্য-লাভের এবং তাঁহার যুবরাজ্ব-পদপ্রাপ্তির বিস্তৃত বিবরণ দেখিতে পাই। লিপির লেথক তিলভট্টক সমুদ্র-গুপ্তের দিখিজয় চারি ভাগে বিভক্ত করিয়াছেন। তাহাতে বুঝা যায়,—(১) দাক্ষিণাত্যের এগারটী জনপদ, (২) আর্যাবর্তের নয়টী রাজ্য, (৩) সীমাস্ত-প্রদেশের সম্দায় নুপতি এবং (৪) যাবতীয় পার্কতা জাতি সমুদ্র-গুপ্তের পদানত হইয়াছিলেন। ফলতঃ, ভারতের প্রায়্ম সকল প্রদেশই সমুদ্র-গুপ্তের বঞ্চতা স্বীকার করিয়াছিল—সকল প্রদেশেই তাঁহার প্রভুত্ব-প্রতিপত্তি বিস্তৃত হইয়াছিল। ফলতঃ, তিনিই এক হিসাসে ভারতের 'একছত্র স্মাট্র।'

এলাহাবাদের লিপিতে যে ভাবে সে পরিচয় পরিবর্ণিত, ক্রমে তাহা প্রদর্শন করিতেছি ! আর্য্যাবর্ত্ত 'বিজয়'-প্রসঙ্গে লিপিকার বলিয়াছেন,—-

"রুদ্রদেব-মতিল-নাগদত্ত-চন্দ্রবর্ম্ম-গণপতিনাগ-নাগ-দেনাচ্যুত-নন্দী-বলবর্ম্মান্তনেকার্য্যাবর্ত্তরাজপ্রসভো-দ্ধরণোদ্ধ ওপ্রভাবমহতাঃ পরিচারকক্কত্যসর্কাটবিকরাজস্ত ।"

লিপির উদ্ধৃত অংশ হইতে ব্ঝিতে পারি,—তখন আগ্যাবর্ত্তে নয়টী বিভিন্ন স্বাধীন রাজ্য ছিল। সেই নয়টী রাজ্যে তখন বাঁহারা রাজ্য করিতেন, তাঁহারা যথাক্রমে—রুদ্রদেব, মতিল, নাগদভ্ত, চল্লবর্ম্ম, গণপতিনাগ, নাগদেন, অচ্যুত, নলী, বলবর্ম্ম প্রভৃতি নামে অভিহিত ছিলেন। আর্যাবর্ত্তের নূপতিগণের মধ্যে তখন তাঁহারাই প্রধান—'রুদ্রদেব-বলবর্ম্মান্তনেকার্যবর্ত্তরাজ' বাক্যে তাহাই বুঝিতে পারি।

ঐ নয় জন ব্যতীত আরও বহু রাজা ও নগর-জনপদ সমূদ্র-গুপ্তের বশুতা স্বীকার করিয়াছিল,—লিপির পূর্ব্বোক্ত উক্তি হইতেই তাহাও বুঝা যায়। ফলতঃ, আর্য্যাবর্ত্ত বলিতে তখন যে ভূভাগ নির্দিষ্ট হইত, সেই ভূভাগের স্ব্বিত্ত সমৃদ্র-গুপ্ত একছত্র সমাট বলিয়া স্বীকৃত হইয়াছিলেন।

তার পর করদ-রাজগণের উল্লেখ দেখি। তাঁহাদের কেহ বা যুদ্ধে নিহত, কেহ বা যুদ্ধে বন্দী হইয়াছিলেন, কাহাকেও বা হতরাজ্য প্রত্যপণি করা হইয়াছিল। লিপিতে সেই সকল রাজার নিমন্ত্রপ পরিচয় প্রাপ্ত হই; যথা,—

''কৌশলক-মহেন্দ্র-মহাকাস্তারক-ব্যান্তরাজ-কৌবাডক-মস্তরাজ-পৈষ্টপুরক-মহেন্দ্রগিরি-কৌটুরক-স্বামি-দত্তৈরন্দপল্লক-দমন-কাঞ্চেয়ক-বিষ্ণুগোপাবমুক্তক॥''

এখানে কোশলরাজ মহেন্দ্রের পরিচয় পাই। আর পরিচয় পাই—মহাকান্তাররাজ ব্যাদ্রের, পিষ্টপুররাজ মহেন্দ্রের, কেরলরাজ মন্টের, কোটুররাজ স্বামিদন্তের, কাঞ্চিরাজ বিষ্ণু-গোপের এবং অবমুক্তপতি নীলরাজের।

সীমান্ত-প্রদেশের নৃপতিগণের এবং তাঁহাদের রাজ্যের নিম্নরপ পরিচয় প্রাপ্ত হই; যথা,—
"সমতট-ডবাক-কামরূপ-নেপাল-ক্ত্রিপুরাদিপ্রত্যন্ত-নৃপতিভিম্মালবাজ্জ্নায়ন-নেটাধেয়-মূদ্রকাভির-প্রার্জ্ন-সনকানিক-কক-থারাপরিকাদিভিশ্চ সর্ব্রক্রদানাজ্ঞাকরণপ্রণামাগমন।"

ফলতঃ, সমতট, ডবাক, কামরূপ, নেপাল, কত্রীপুর, মালব, অর্জুনায়ন, যৌধেয়, মদুক, আভীর, প্রার্জুন, সনকানিক, কক, ধরপারিক, সিংহল প্রভৃতি সীমান্ত নূপতিগণকে জয় করিয়া ভাহাদের রাজ্য আপন সায়াজ্যের অন্তর্ভুক্তি করিয়া লইয়াছিলেন।

বৈদেশিক যে সকল রাজ্য সমুদ-শুপ্তের পতাকা-মূলে মন্তক অবনত করিয়াছিল, তাহাদের মধ্যে দৈবপুত্র, সাতি, সাহান্ত্যাহি, শক, মুক্তন, সিংহলক প্রভৃতি বিশেষভাবে উল্লিখিত হয়। লিপিতে তদ্বিয়ে নিমর্কণ বর্ণনা দৃষ্ট হ্র; নথা,—

পেরিতোবিত-প্রচণ্ড-শাসনস্য জনেকজ্ঠ-রাজ্যোৎসন্ন রাজবংশ-প্রতিষ্ঠাপনোছুত-নিথিল-দ্বনবিচরণ-শাস্ত্যশুস্থ দৈবপুত্র-সাহি-সাহাহ্য-সাহি-শক-মুক্টেলঃ সৈংহলক।দিভিশ্চ ॥

স্ক্তরাং বেশ বুঝা যাইতেছে,—তথন ভারতের এনন কোনও নগর-জনপদ ছিল্লা, নগর-জনপদ সমূদ-গুপ্তের প্রাধাস্ত-স্বীকারে তাহার অধীনতা-পাশে আবৃদ্ধ হয় নাই।

বি**ত্রিত** রাজা ও রাজ্যের পরিচয়।

সমুদ্র-গুপ্তের বিজিত রাজ্যের ও রাজার পরিচয় লিপি হওতে বিশেষ উপলান হয় না। সমুদ্র-গুপ্তের পর অথবা বত্তমানে লিপিবণিত রাজ্য কি নামে পরিচিত হয়, তাহার অভুসন্ধানে যাহা অবগত হট, নিয়ে তাহা প্রকটিত করিতেছি।

দে উপলক্ষে পাশ্চাত্য-পণ্ডিতগণের গবেষণা অধিকাংশ-ক্ষেত্রে পর্যুদন্ত হইয়াছে। আয্যা-বর্ত্তের নূপতি-গণের মধ্যে গণপতিনাগ---পদ্মাবতীর বা নারোয়ারের অধিপতি ছিলেন। তাহার মূদ্রা আজিও ভারতের অনেক স্থানে পরিদৃষ্ট হয়।

নাগদেনের সম্বন্ধে নানা গবেষণা দেখিতে পাই। কেহ কেহ তাহাকে 'নাগ'-বংশেরই এক রাজা বলিয়া অভিহিত করিয়াছেন। 'হ্যচরিতে' এই নাগদেনের নামই উল্লিখিত। কিন্তু এ সিদ্ধান্তও সমীচীন নহে। পলাবতীর নাগবংশ-সভূত হইলে, নাগদেনের নাম, গণপতিনাগের সঙ্গে সঙ্গে উল্লিখিত হইবার কোনও কারণ দেখি না। পলাবতীর সিংহাসনে একই সময়ে একই বংশের হুই জন নুপতি সমাসীন থাকিবার উক্তি অসামঞ্জ্যমূলক বলিয়াই মনে হয়।

তবে সমুদ্র-গুপ্তের দিখিজয়ে বহু বৎসর অতীত হইয়াছিল। তাই মনে হয়,—গণপতিনাগের পর যথন নাগসেন সিংহাসন লাভ করেন, তথন সমুদ্র-গুপ্ত পুনরায় তাঁহাকেও পরাজিত ও পদানত করিয়াছিলেন। অথবা নাগসেন স্বতম ব্যক্তি। তাঁহার রাজ্যও স্বতম ছিল। গণপতিনাগের সমসময়ে তিনি সে রাজ্যের সিংহাসনে অধিরাছ ছিলেন।

রাজা অচ্যুতের প্রবর্তিত মুদ্রার সহিত নাগগণের মুদ্রার সাদৃশু-দৃষ্টে র্যাপ্সন সিদ্ধান্ত করেন,—
নাগদত্ত এবং নাগদেন এই বংশ সন্ত্ত। লিপিতে যে নয় জন রাজার নাম উল্লিখিত, তাঁহারা
সকলেই নাগবংশ-সন্ত্ত। নাগবংশের সেই নয় জন নৃপতির নয়টী বিভিন্ন রাজ্য তথন একস্ত্রে গ্রথিত ছিল। সেই রাজ্য-সমবায় তথন 'নবনাগ-রাজ্য' নামে অভিহিত হইত।
প্রাণে আর্য্যবার্তের এই নয় জন নৃপতি 'নব-নাগ' নামে উল্লিখিত হইয়াছেন। 'পদ্মাবতী'
তাঁহাদের রাজধানী ছিল।

শিপিতে পার্বত্য-প্রদেশের রাজ্ঞার উল্লেখ আছে। তাঁহারা আর্য্যাবর্ত্তের পূর্ব্বোক্ত নয় জন নৃপতির সমসাময়িক। নরোয়ারে তাঁহাদের পাঁচ জনের মূদ্রা পাওয়া গিয়াছে। সেই মুদ্রার প্রমাণে সকলেই নাগবংশীয় প্রতিপন্ন হন। »

বাণের কাব্যগ্রন্থে পদাবিতীতে এক নাগ-বংশের পরিচয় আছে। সেখানে 'নাগ-কুল' শব্দ দেখিতে পাই। কবি বাণ লিথিয়াছেন,—"নাগকুলজন্মানঃ নাগসেনস্থ।" ঐ বাক্যের অর্থ যদি "নাগবংশের উত্তরাধিকারী" হয়; তাহা হইলে, এলাহাবাদ লিপির নাগসেন আর বাণের কাব্য-গ্রন্থোক্ত নাগসেন এক ব্যক্তি হইতে পারেন না। সামঞ্জম্ম রক্ষা করিতে গেলে, তাঁহাকে গণপতিনাগের পূর্ব্ববর্ত্তী অথবা পরবর্ত্তী বিশ্বয়া নির্দেশ করিতে হয়।

কিন্ত লিপির বর্ণনা অনুসারে তিনি গণপতিনাগের সমসাময়িক। স্থতরাং সিদ্ধান্ত হয়,— নাগবংশ-সমূত হইলেও তিনি গণপতিনাগের সমসময়ে আর্যাবর্ত্তেরই স্বতন্ত্র এক ভূভাগের অধিপতি ছিলেন।

অহিচ্ছত্রার সন্ধিকটে যে মুদ্রা আবিঙ্গত হইয়াছে, তাহাতে 'অচু' শব্দ দৃষ্ট হয়। 'অচু' হইতে 'অচ্যত' নামের পরিকল্পনা। সাদৃশু-দৃষ্টে পাশ্চাত্য পণ্ডিতগণ সিদ্ধান্ত করেন,—সমুদ্র-গুপ্ত কর্তৃক পরাজিত আ্যাবর্ত্তের নৃপতি অচ্যুত 'অহিচ্ছত্রা' নগরে রাজত্ব করিতেন। এতন্তিম আর্যাবর্ত্তের অস্তান্ত বিজ্ঞিত নুপতির কোনও পরিচয় নির্দিষ্ট হয় নাই।

* *

বিজিত পাৰ্ক্বত্য-জাতি।

দিখিজয়-প্রসঙ্গে যে পার্কাত্য-জাতির উল্লেখ দৃষ্ট হয়, প্রত্নতত্ত্ববিদ্যাণের সিদ্ধান্ত—তাঁহারা সকলেই মধ্য-ভারতের অধিবাসী। তথন মধ্যভারত বনজঙ্গলসমাকুল ছিল,—পূর্কোক্ত সিদ্ধান্ত হইতে তাহা প্রতিপন্ন হয়। মধ্যভারতের পার্কাত্য ও আরণ্য জাতি-সমূহকে বিধবন্ত করিয়াই সম্ভবতঃ সমূত্র-গুপ্ত দাক্ষিণাত্য-বিজয়ে অগ্রসর হইয়াছিলেন।

বাঁহারা সিংহ্যসন্চাত ও বন্দী হইয়াছিলেন,—তাঁহাদের বিজ্ञরে সমূদ্র-গুপ্তের গৌরব-বৃদ্ধি হইয়াছিল বটে; কিন্তু সেই নৃপতি-দিগের মুক্তি দান করিয়া সমূদ্র-গুপ্ত উন্নত স্থাদর্যার এবং দ্যাদাক্ষিণ্যের আদর্শ প্রকটন করিয়াছিলেন।

দক্ষিণ দিকে অগ্রসর হইতেই প্রথমে কোশল-দেশ তাঁহার পদানত হয়। তথন মছেন্দ্র সেই

* মহারাজ সিকিয়ার রাজ্যে গোরালিয়র নগর—প্রাচীন নারোয়ার নগরের স্থৃতি প্রকৃটিত করিতেছে।
এখনও উহা নারোয়ার নামেই পরিচিত।

দেশের শাসনকর্তা ছিলেন। পার্ক্ত্য এবং আরণ্যকদিগের মধ্যে কেবলমাত্র মহাকাস্তারের ব্যাম্বরাজ্যের উল্লেখ লিপি-মধ্যে দেখিতে পাই।

কিন্ত এই ব্যাদ্ররাজ্বই বা কে, আর মহাকাস্তারই বা কোথায় অবস্থিত, লিপিতে তাহার কোনও নির্দেশ নাই। অনেকে আরণ্য-রাজাদিগকে বর্ত্তমান উড়িয়ার অন্তর্ভুক্ত করেন। কিন্তু তাহার কোনও বিশিষ্ট প্রমাণ নাই। তথন ওড়ু-দেশ বলিতে উড়িয়াকে ব্যাইত। ওড়ু-দেশ অরণ্য-সমাকুল বন্ত-প্রদেশ কিনা, তাহার নির্দেশ নাই। উড়িয়াই যদি পাশ্চাত্য পগুতগণের আরণ্য-রাজ্য হইবে, তাহা হইলে লিপিতে স্পষ্টতঃ 'ওড়ু' নাম অন্তর্জ্ঞের কোনও হেতু দেখি না।

যাহা হউক, সমুদ্র-গুপ্তের বিপুল বাহিনী গোদাবরী থণ্ডের অন্তর্গত পিষ্টপুরের মহেক্সকে সিংহাসন-চ্যুত করিয়া, অগ্রসর হইতে হইতে যথাক্রমে বর্ত্তমান কোল্লেফ ব্রুদের সমীপবর্ত্তী কাউরালার মন্টরাজকে, অব্যুক্তার নীলরাজকে এবং ভেঙ্গীর হস্তিবর্দ্মণকে পরাভূত করেন।

অতঃপর দক্ষিণ দিকে অগ্রসর হইয়া সমূদ্র-গুপ্ত কাঞ্চীরাজ বিষ্ণুগোপের রাজ্যে উপস্থিত হন। কথিত হয়—বিষ্ণুগোপ পহলন বংশোদ্রব ছিলেন। সমূদ্র-গুপ্তের নিকট পরাজিত হইয়া তিনি তাঁহার বশ্যতা স্বীকারে বাস্য হন।

তার পর, সমুদ্র-গুপ্ত পশ্চিন দিকে অগ্রসর হইতে আরম্ভ করেন। পথে পলকরাজ উগ্রসেন বশীভূত হইলে সমুদ্রগুপ্ত স্থাদেশভিমুখে প্রত্যাবৃত্ত হন। প্রত্যাবর্তনকালে দেবরাষ্ট্রের কুবের এবং এরগুপল্লের রাজা দমনকে পরাজিত করেন।

'দেবরাষ্ট্র' এবং 'এরগুপল্ল' দক্ষিণ-ভারতে অবস্থিত। পল্লকের স্থান—নেলোর জেলার নির্দিষ্ট হয়; মহারাষ্ট্র-দেশ—'দৈবরাষ্ট্র' নামে এবং এরগুপল্ল—থান্দেশ নামে অভিহিত হইয়া থাকে। বুঝা যায়,—ফদেশে প্রত্যাবর্ত্তনকালে সমৃদ্র-গুপ্ত দাক্ষিণাতে র পশ্চিমের পথ অবলম্বন করিয়াছিলেন।

যে লিপিতে দিগ্নিজয় পরিবর্ণিত, এলাহাবাদের সেই স্কুজলিপি হইতে আরও বুঝা যায়,—
পার্ব্বত্য এবং আরণ্য নৃপতিগণের রাজ্য, সমুদ্র-গুপ্তের বিশাল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয় নাই।
আনেকেরই রাজ্য তিনি প্রত্যর্পণ করিয়াছিলেন। তবে সেই সকল রাজ্যের অধিপতিবৃন্দ
করদরাজ্যরপে সমুদ্র-গুপ্তকে প্রতি বংসর প্রভুত অর্থ প্রদান করিতেন।

বিজিত সীমান্ত-রাজ্য।

সীমান্ত-রাজ্যের পরিচয়ে সমুদ্র-গুপ্তের মহত্ত্বে আর এক চিত্র প্রকটিত দেখি। পূর্ব্ব-সীমান্তের সমতট, ডবাক, কামরূপ, নেপাল এবং কর্ত্রীপুর তাঁহার বশুতা স্বীকার করে। এই সকল রাজ্যও সমুদ্র-গুপ্তের রাজের অন্তর্ভুক্ত হয় নাই বটে; তবে সকলেই তাঁহার প্রাধান্ত স্বীকার ক্রিয়া কর-প্রদানে বাধ্য হইরাছিল।

পূর্ব্বোক্ত রাজ্য-সমূহের অবস্থান-নির্দ্দেশে প্রধানতঃ অমুমানের উপর নির্ভর করিতে হয়। গঙ্গা এবং ব্রহ্মপুত্রের মধ্যবর্ত্তী ভূভাগ—সমতট বলিয়া অভিহিত। সে হিসাবে বর্ত্তমান বঙ্গ এবং কলিকাতা সহর পর্যান্ত তাহার অক্তর্ভুক্ত হইয়া পড়ে।

সমতি এবং কামনপের মধাব র্ত্তী ভানে ডবাকের অবস্থান নির্দিষ্ট হয়। সে মতে, বগুড়া, দিনাজপুর এবং রাজসাহী উহার অন্তর্গত বনিয়া বৃধা যায়। নেপাল এবং কামরূপের অবস্থান বিষয়ে কোনও মতান্তর নাই। হিমালয়-শৈলশ্রেণীর পাদদেশে পশ্চিম দিকের ভূভার ক্রিপুর নামে অভিহিত হইত। কুমায়ন, আলেনোরা, গাড়োয়াল এবং কাঙ্গড়া প্রভৃতি ঐ অংশের অন্তর্ভত। এ হিসাবে সমুদ্ধ গুপুর রাজ্যের উত্তর-পশ্চিমের সীমানা যয়না-নদী নির্দিষ্ট হয়।

উত্তর-পশ্চিম অঞ্চলে, পাঞ্জাবে, যৌধেয় এবং মদ্রকগণ, দক্ষিণে মালব, অজ্পুনায়ন এবং আভিনগণ, সমুদ্র-গুপ্তের প্রাধান্ত স্বীকার করিয়াছিল। প্রার্জন, সনকানিক, কক, থরপারিক প্রভৃতি রাজ্যও ঠাতাব অধিকারে আসিয়াছিল। স্ত্রা সিন্ধ নদের চক্রভাগা পর্যান্ত সমুদ্র-প্রপ্রের রাজ্যসীমা বিস্তৃত হইয়াছিল, বুঝা যায়।

প্রাত্তরবিদ্যাণের নির্দেশে যৌধেয় রাজ্য শতক্ষর উভয় পার্শে অবস্থিত। পাঞ্জাবের মধ্যভাগ —নদক নামে অভিভিত। তার্জনায়ন, মালব এবং আভীরগণ রাজপ্রতানা এবং মালবের অধিধার্মী। এ হিমাবে চম্বল বা শহব নদী গুপ্ত-সামাজ্যের দক্ষিণ দিকের সীমানা নিশিষ্ট হয়।

অঞাগ নুপতিবৃক্।

সম্দ্র গুপ্তের রাজ্য-সীমা এইকপে বহুদ্র পর্যান্ত বিস্তৃত হইয়াছিল। পূর্বে গঙ্গার ব দীপ, পশ্চিমে সম্লা ও চম্বল শেষর), উ ব্বে হিমালয় এবং দক্ষিণে নর্যাদা—এই সীমাবেষ্টনের অন্তবর্ত্তী উষর ভূমিগগু সমুদ্র-প্রপ্রেব নিজ শাসনাধীনে ছিল।

তে দ্বির, সীমান্তবারী আসাম ও গজার ব-দীপ, হিমালয়ের অন্তর্বারী সমতবাভূমি তাঁহার রাজ্যের অন্তর্কার ছিল। মালব ও রাজপুতানাব স্বাধীন জাতি এবং দক্ষিণ-ভারতের দাবতীয় নগরজনপদ, সমদ্র-শুপের প্রাধান্ত-স্বীকারে রাজকর প্রদানে বাধ্য হট্যাছিল।

কেবল ভারতে নহে; ভারতের বহির্ভাগেও সমুদ্ব-গুপের প্রভাব বিস্তৃত হয়। সীমান্তের বহির্ভাগে গাঁচারা অবস্থিত ছিলেন, সেই দৈবপুত্র, সাহী, সাহান্ত্রসাহী, শক, মুরুও এবং সিংহলের অধিবাসিগণ সমৃদ্রগুপের প্রভুত্ব সীকার করিয়াছিলেন এবং তাঁহার তুষ্টি-সম্পাদনে কেহ বা স্থান্ত্রায় তৃপ্তি-বিধান করিয়াছিলেন। সমুদ্ব-শুপ্ত রাজনীতি-বিশারদ ছিলেন। বৈদেশিক নূপতির সহিত রাজনৈতিক সম্বর্জ শাবিদ্ধ হিয়া তাই সামাজ্যের ভিক্তি-ভূমি স্থাতিষ্ঠিত করিয়াছিলেন।

কিন্তু লিপিবর্ণিত বৈদেশিক নুপতিগণকে সমুদ্র-গুপ্ত পরাজিত ও রাজ্যচ্যুত করিয়াছিলেন কিনা, লিপিতে তাহার স্পষ্ঠ উল্লেখ নাই। চীনাদিগের গ্রন্থপতে সিংহল-দেশের রাজার সহিত মিত্রতা-স্থাপনের পরিচয়ই প্রাপ্ত হই। লিপিতে সিংহলরাজ কর্তৃক উপঢৌকন প্রেরণের বিষয় লিপিবদ্ধ আছে।

চীনাদিগের গ্রন্থতে দেখিতে পাই—বুদ্ধগয়ায় বৌদ্ধমন্দির নির্মাণ জন্ম সিংহলরাজ সম্দ্র-গুপ্তের নিকট দৃত প্রেরণ করিয়াছিলেন; অনুরোধ জানাইয়াছিলেন,—সিংহলদেশীয় বাত্রীর স্পবিধার জন্ম তিনি খেন বুদ্ধগয়ায় একটা বৌদ্ধধর্মনন্দির প্রতিষ্ঠা করেন। সমুদ্র-গুপ্তা, সিংহল-্রের সে অনুরোধ রক্ষা করিয়াছিলেন। লিপিতে সেই বিষয়ই সমিবিষ্ট আছে! সমূদ্রগুপ্তের রাজ্যসীমা ক্ষত্রপদিগের রাজ্য পর্যান্ত বিস্তৃত হইয়াছিল। তাঁহাদের কেহ কেহ সমূদ্র-গুপ্তের প্রাধান্ত সহসা স্বীকার না করার সমূদ্রগুপ্ত তাঁহাদের রাজ্য আক্রমণে বাধ্য হইয়া-ছিলেন। সমূদ্রগুপ্তের মূদ্রায় ক্ষত্রপ প্রভাবের পরিচয় পাইয়া কেহ কেহ এইকপ অন্তুমান করেন।

লিপির অন্তর্গত 'শক'-শব্দে দিবিধ মত দেখিতে পাই। কেহ সৌরাষ্ট্রের শকলিগকে, কেহ আবার গান্ধার এবং কাবুলের কুশন-নূপতিকে ঐ শক শব্দে নির্দেশ করেন। যাহা হউক, ঐরপ নির্দেশে ভারতের বহির্ভাগেও সমূদ্র-গুপ্তের রাজ্য বিস্তৃতির পরিচয় প্রাপ্ত হই।

বৈদেশিক নুপতির পরিচয়।

বৈদেশিক জাতির পরিচয়ে এক অভিনৰ তথ্যের সন্ধান পাই। লিপিতে বৈদেশিক নৃপতি-গণের নামের মধ্যে "দৈবপুত্র-শাহি-শাহামুসাহি-শক-মক্লৈঃ" পরিদৃষ্ট হয়। অবশ্য ঐ সকল শক্তে তথন কাহাদিগকে লক্ষ্য করা হইত, তাহা নির্দেশ করা কঠিন।

আনেকের সিদ্ধান্ত—চারি শত বংসর পূর্বে যে শক বা কুশনগণ ভারত আক্রমণ করিয়া-ছিলেন, 'দৈবপুত্র' বলিতে তাঁহাদিগকেই বুঝাইয়া থাকে। এক সময়ে সমগ্র উত্তর ভারত তাঁহাদের অধীন ছিল; এমন কি, ২৫০ খুগ্রান্দ প্রয়ন্তও তাঁহারা ভারতে প্রতিষ্ঠিত ছিলেন। সেই হৃতরাজ্য পুনরুদ্ধার জ্ঞাই তাহাদের বিক্রমে সম্দ্র-গুপের এই অভিযান।

প্রত্তত্ত্ববিদ্রণ বলেন,—'দৈনপুত্র' শক উপাধিনাচক। চীনা ভাষায় 'দৈনপুত্র' শক ট্রিয়েন-ট্জু' রূপে পবিব্যক্ত। চীনাদিগের অফুকরণে কুশনগণ ঐ উপাধি গ্রহণ করেন। 'সাহাফুসাহী'—ইরাণ-দেশের উপাধি। উহার স্মর্থ—'সমাটের সম্রাট।' সকলের প্রভু বা স্বামী অর্থে ইরাণ দেশে ঐ পদ প্রযক্ত হয়।

প্রত্নতন্ত্রনিদ্গণ বলেন,—বাক্তিয়ার শকদিগের সেই উপাধি ভারতীয় শকনুপতিগণ গ্রহণ করিয়াছিলেন। তাঁহাদিগের মতে, 'দাহামুদাহী' উপাধি ভারতীয় 'মহারাজাধিরাজ' উপাধির সমতুল। আরা-জেলার লিপিতে ইহার প্রমাণ বর্ত্ত্যান। সেথানে দিতীয় কাডফাইসেদ এবং কনিক্ষ 'মহারাজাধিরাজ দাহী' উপাধিযুক্ত। আর বাস্তদেবেব উপাধি—'রাজাধিরাজ দাহী।'

'দেবপুত্র' উপাধি প্রথমতঃ প্রাচীন রাজগণের সাগারণ উপাধি ছিল বটে; কিন্তু পরিশেষে সে উপাধিতে কোনও এক নির্দিষ্ট স্থানের অধিপতিকে বুঝাইত। কুশন বা শকরাজ্য ছিন্ন-বিচ্ছিন্ন হইলে, 'দেবপুত্র' স্থানীয় রাজার উপাধি রূপে পরিকল্লিত হয়। অবশু তখন চীনাগণ ভারতের নুপতি বুঝাইতে 'টি-পৌও-কো-টান-লো' (te-pouo-co-tan-lo) অর্থাৎ 'দেবপুত্র' শব্দে প্রয়োগ করিত। 'সমাট' বুঝাইতে চীনারা 'ট্ইয়েন-জু' (t'ien-tzu) বলে। স্থতরাং 'দেবপুত্র' শব্দ ভারতের কোনও প্রদেশ-বিশেষের শক-নুপতিকেই লক্ষ্য করে।

'কিদার'-কুশনগণ এক সময়ে 'শাহি' উপাধি গ্রহণ করে। সমুদ্র-গুপ্তের বহু পরবর্ত্তী কালে তাহারা ভারতে প্রবেশ করিয়াছিল। গান্ধার-প্রদেশের শকনৃপতিগণের অন্তকরণে, ভারতীয় শকজাতি 'শাহী' উপাধি গ্রহণ করিয়াছিল,—প্রত্নতন্ত্ববিদ্গণের ইহাই ধারণা। কিন্তু 'শাহী শাহামুশাহী' উপাধি দৃষ্টে ভারত-সমাটের দমকক্ষ কোনও বৈদেশিক নৃপতির বিষয়ই মনে হয়। ইরাণ-দেশের অথবা তরিকটবর্তী কোনও রাজ্যের তিনি অধিপতি ছিলেন।

কোনও কোনও ঐতিহাসিক 'শাহী শাহামুসাহী' উপাধি দৃষ্টে, সেই উপাধির সহিত্ত সাসানীয় নৃপতি দিতীয় সাপোর সম্বন্ধ থ্যাপন করেন। কেহ কেহ আবার অক্সাস-নদীর তীরবর্ত্তী নৃপতিকে লক্ষ্য করেন। অধিকাংশের মতে, দিতীয় সাপোর অপেক্ষা অক্সাস-তীরবর্ত্তী কুশন-নৃপতিই লক্ষ্য-স্থ নীয়। 'শক' বলিতে এখানে কাবুলের এবং গান্ধারের শক-নৃপতিদিগের কশন-প্রসঙ্গত উভাপিত হুট্যা থাকে।

মৃকল্-জাতি লইয়াও নানা বিতর্কের স্ত্রপাত হয়। শক্দিগের সহিত তাহাদের নামের উল্লেখ দেখিয়া পাশ্চাতা পণ্ডিতগণ তাহাদিগকে 'সিদীয়' বা কুশন বলিয়া সিদ্ধান্ত করেন।

খৃষ্ণিয় চূতীয় শতাক্ষীতে 'ক্-নান' অর্থাৎ শ্রামরাজ্যে চীনাগণ দৃত প্রেরণ করেন। চীনাদের বিপোর্টে ভারতের রাজা 'মেও-লোন' (Meon-loun) নামে অভিহিত। টলেমির গ্রন্থে মুরুগুগণের পরিচয় পাওয়া যায়। তাহারা তথন গঙ্গানদীর পশ্চিমে ব-বীপের উত্তরাংশে অবস্থিত ছিল। জৈন গ্রন্থে মুরুগুগণ কান্তকুজের অধিপতি বলিয়া উল্লিখিত হইয়াছে।

চীনাদিগের বর্ণনার সহিত টলেমির মস্তব্যের সামঞ্জ্য-দর্শনে এবং জৈনগ্রন্থের উল্লিডে তাহার সমর্থন দক্তে, পাশ্চাত্যের সিদ্ধান্ত হয়—মুক্ত-জাতি পাট্লিপুত্র-নগরেই বস্বাস করিত।

পদিকে প্রাণে বৈদেশিক জাতির মধ্যে মুক্ত-গণের নাম দেখিতে পাই। তাহারা শক, মনন এবং তুপারদিগের আয় এক সময়ে ভারতে প্রতিষ্ঠাসম্পন্ন ছিল, পুরাণে সেই উক্তি দেখি। মংস্তপুরাণে তাহারা 'মেছ্দেষ্ডব' এবং বায়পুরাণে তাহারা 'আর্যুমেছ্ বিলয়া অভিহিত। শক্তরাং বৃঝা আয়,—খৃষ্ট-শতাকীর প্রারম্ভে মুক্ত-জাতি গালেয় উপত্যকায় বিশেষ শক্তিশালী হইয়াছিল। তপন তাহাদের রাজদীমা বহু দূর বিশ্বুত ছিল।

সন্থবতঃ মক ও-জাতির অধংপতনের পরই গুপ্ত-বংশের প্রদার বিস্তৃত হয়। এ হিসাবে, সমদ গুপ্তের রাজহকালে, মকগুজাতি আরও পশ্চিমে সরিয়া যায়। অধ্যাপক লাগেনের মতে, মকগু-জাতি ল্লাকের অধিবাসী ছিল। সে মতে কাবুল—নদীর উত্তরে আলিয়াল এবং কুমার নদীব মধ্যবর্ত্তী ভূভাগে তাহাদের স্থান নির্দেশ করা যাইতে পারে। কণিত হয়, ভারত হইতে বিভাড়িত হইয়া তুথার-জাতি পরিশেষে ঐ অঞ্চলে আশ্রয় গ্রহণ করিয়াছিল।

যাহা হউক, সমুদ্র-গুপের দিগ্নিজয়-প্র**সঙ্গে এলাহাবাদ স্তম্ভ-লিপিতে বৈদেশিক যে পাঁচ জন** নুপতির উল্লেখ আছে, তাঁহাদের রাজ্যের **অবস্থান নিম্নেপ নিদিই হইতে পারে**; যথা,—

(১) গঙ্গা-নদীর মোহানায় হিমালয়ের পাদদেশে মুক্তা-জাতির রাজ্য; (২) মুক্তা-রাজ্যের উত্তর-পশ্চিমে শকগণ নর্ত্তমান উত্তর-পশ্চিম সীমান্তে, কাশ্মীরের কতকাংশে এবং পাঞ্চাবের উত্তরাংশে; (৩) দেবপুত্রগণ পাঞ্জাবের অবশিষ্ট অংশে অবস্থিত ছিল। (৪-৫) 'শাহামুশাহী' এবং 'শাহী' ভারত-সীমান্তের বহির্ভাগে গান্ধার প্রেদেশে 'শাহী' এবং কাবুলে 'শাহামুশাহী'। সন্থবতঃ ভারত-সীমান্ত হইতে আরম্ভ করিয়া অক্ষাস নদীর তীর পর্যান্ত শাহামুশাহী-রাজ্য বিস্তৃত হট্যাছিল।

ফলতঃ, সমুদ্র-গুপ্ত 'পৃথিবীর যাবতীয় নুপতিকে পরাজিত করিয়া' তাঁহাদের রাজ্য জয় করিয়া

^{*} বায়ুপ্রাণে সফও ও মুক্ত, মংজ্পুরাণে পুক্ত ও পুরত, তগবতে ফুক্ত ও ভক্ত, বক্ষাভপুরাণে পরভ এবং বিকৃপ্রাণে মৃত গ্রন্থ কিন্দু হম।

শইরাছিলেন, —লিপিতে সেই উল্লেখ দেখিতে পাই। এই দিখিজয় উপলক্ষে সমুদ্রগুপ্ত বহু ধনরত্ব প্রাপ্ত হইয়াছিলেন। দক্ষিণ ভারতের বহুমূল্য রত্বভাণ্ডার লুঠনে সমুদ্র-গুপ্ত বে ধনসম্পদ প্রাপ্ত হন, ঐতিহাসিকগণের মতে, তাহার তুলনা হয় না। দিখিজয়ে সমুদ্র-গুপ্ত বে মূল্যবান ধনরত্ব লাভ করিয়াছিলেন, তাহার অধিকাংশই তিনি তাঁহার ধর্মপ্রাণা সহধর্মিণীকে উপহার দিয়া-ছিলেন। এলাহাবাদের স্কন্তগাত্রে সে পরিচয়্বও বিছমান আছে। সেখানে কবি বলিয়াছেন,—

> "তোষোভ কৈ: ক্তবাহুরসম্বেহফুল্লৈর্মনোভি পশ্চান্তপং ব···মংসাদসন্তম্ ··· উদ্বেলোদিতবাহুবীধ্যরভসাদেকেন যেন ক্ষণাত্ন ল্যাচ্যত নাগ্সেন্-গ ···

••• •••

ত্স্য বিবিধ্সমরশতাবতারণদক্ষ্স্য স্বভূজ্বলপরাক্রমৈকবদ্যো: পরাক্রমান্ধ্স্য · ·

লিচ্ছবি-দৌহিত্রস্য মহাদেব্যাং কুমারদেব্যামুংপল্লস্য মহারাজাধিরাজ-জ্ঞী-সমূদ্র গুপ্তস্য সর্বপৃথিবীবিজয়জনিতোদয়ব্যাপ্তনিথিলাবনিতলাম্ কীর্ত্তিমিতল্লিদশপতি

অশ্বমেধ-যজ্ঞ।

দিখিজয়ের পর রাজচক্রবর্ত্তী সমুদ্র-গুপ্ত **অখনেধ**-যজ্ঞ উদ্বাপন করেন।

পুশমিত্রের পর উত্তর-ভারতে অশ্বমেধ যক্ত এ পর্যান্ত সম্পন্ন হয় নাই। সন্দ্র-গুপ্ত সেই আশ্বমেধ-যক্ত সম্পন্ন করেন। সে যক্তে বিজিত রাজ্যের নৃপতিগণ সকলেই উপস্থিত ছিলেন। করদ ও মিত্র-রাজ্যের নৃপতিবৃদ্ধ, ভারতের বহির্ভাগস্থ বৈদেশিক নৃপতি—সকলেই সে যজ্যে উপস্থিত হইয়া সমুদ্রগুপ্তের প্রাধান্ত স্বীকার করিয়াছিলেন।

সশ্বনেধ-যজ্ঞ উপলক্ষে সমূদ্ৰ-গুপ্তের দানের অবধি ছিল না। তিনি ব্রাহ্মণদিগকে বহু লক্ষ্
স্থান্দা, স্বৰ্ণালঙ্কার এবং গো-ভূমি-গ্রামাদি দান করিয়াছিলেন। এই উপলক্ষে তিনি যে স্থান্দ্র্যা প্রস্তুত করাইয়াছিলেন, অনুসন্ধানে তাহার কতকগুলি পাওয়া গিয়াছে। ঐ মূদ্রার উপরিভাগে অধ্বের প্রতিমূর্ত্তি অন্ধিত রহিয়াছে।

অশ্বনেধ-যজ্ঞের শ্বরণার্থ সমূদ্র-গুপ্ত যজ্ঞাশ্বের একটা প্রস্তুর মূর্ত্তি নিশ্মাণ করাইয়াছিলেন। *
কিন্তু এলাহাবাদের স্তম্ভলিপিতে অশ্বনেধের কোনও উল্লেখ নাই। তাই মনে হয়, অশ্বনেধযজ্ঞারস্তের পূর্বেই এলাহাবাদ-স্তম্ভের ঐ লিপি উৎকীর্ণ হইয়াছিল।

দানশীলতার পরিচয়।

সমুদ্র-গুপ্তের দানের পরিসীমা ছিল না। কেবল অশ্বমেধ উপলক্ষে নহে; তাঁহার ধর্মা-প্রাণতাগুণে তিনি সময় সময় দেবতা-ব্রাহ্মণে বহু অর্থ দান করিতেন। তদ্ভিন্ন জনহিতকর

* লক্ষ্যে-এর যাত্র্যরে অধ্যের প্রতিমূর্ত্তি রক্ষিত্র আছে। সেই প্রতিমূর্ত্তির গাতে যে লিগে অধ্যেও ছিল, তাহা নষ্ট ইইয়া গিরাছে গাভিডগণের দিল্লান্ত – সে লিপি প্রাকৃত ভাষার উৎকীর্ণ। কিন্তু সে সময় সংস্কৃত ভাষার প্রাথান্ত। তাই কাহারও কাহারও সে সম্বন্ধে সন্দেহের উদ্বন্ধর। লিপির একটা বাক্য---"গুডত সে স্বর্ধর্ম।" অনুষ্ঠানেও তাহার অজ্ঞ দানের পরিচয় প্রাপ্ত হই। এরণ দিপিতে তাহার দানের এবং বীরত্বের পরিচয় দেদীপামান দেথি। * নিম্নে সেই লিপি যথাযথ উদ্ধৃত হইল; যথা,—

এরণ লিপি।

91	•••		•		স্থবর্ণদানে।		
b 1	•••	রিতা নৃগ	তিয়ঃ পৃঞ্	গুরাঘবাভা			
ا ہ	•••	বভূব ধন	দান্তক তুর্	ষ্ট কোপতৃ	न्ताः		
>01	•••	মানয়েন	;	সমৃদ্ গুপ্তঃ			
>> 1	• • •	পা পা	র্থিবগণস্	শকলাঃ পৃ	থিব্যাম্		
> 1	•••	স্থারাজ্য	বিভবদঙ	ণতম াষ্টিতে	া ২ভূ ং		
2.01	. 1 +				তোষিতেন		
561		(থো)	রাজশ	দবিভবৈর	ভ্রেচনাকৈ:		
501		নীতাঃ	প্রম	ভূষ্টিপুরস্কৃত	তন		
:01	.,.	ভো	নৃপতির	প্ৰতিবাৰ্য্য	वीर्याः		
391	,	ય	পোরুষপ	রাক্রমদন্তং	941		
161		<i>হ্</i> স্ত্রধর	ৰ্ধ ন্ধান্ত	ন্ যৃদ্ধিযুক্তা			
1 66	• • •	ণ-গৃহেশ্ব্	মুদি	নতা -	ব্ছপুত্রপো ত্র		
২০। (স)ংক্রামিণী কুশবধৃঃ ব্রতিনী নিবিষ্টা							
২ ১। বভোজ্জিতন্ সমরক শ্য পরাক্রমেদ্ম্							
		য শা:	•				
२०।	()	নি য	গু রিপ	বিশ্চ র	ণাজিতানি		
২৪। স্বপ্নান্তরেস্বপি বিচিন্ত্য পরিত্রাসন্তি							
401	•••				গনগর অরিকিণপ্রদেশে		
२७ ।	• • •	•••	•••	সংস্থাপি	তস্ত স্বয াসঃ পরিবৃহুণ্		
2,91	••	•••	•••	ভো নৃপা	তরাহ যদা…		

* ১৮৭৪-৭৫ অধ্বা ১৮৭৬-৭৭ খুষ্টাব্দে জেনাবেল কানিংহাম কর্তৃক সমুমাঞ্জের এরণ লিপি আবিকৃত হয়। ১৮৮৩ খুষ্টাব্দে তিনি ঐ লিপি 'আর্কিরলজিক্যাল সার্ভে' গ্রন্থে (Archæological Survey of India, Vol. X.) প্রকাশ করেন।

খাণা নদীর পশ্চিম তীরে এরণের জনস্থান নির্দিষ্ট হয়। এরণের প্রাচীন নাম—এরিকিনা। সধ্য-প্রাদেশের সাগব-জেলার পূড়াই তহশিলের পুড়াই' নগরের এগার মাইল দুরে পশ্চিমোত্তর কোণে এই লিপি খালুকাময় প্রথম্ভর (Sand stone) গাত্তে কোণিত।

রক্তবর্ণ বালুকামর প্রস্তর-পাত্রে সমাট সমূদ্র-গুপ্তের রাজস্কালে এই লিপি উৎকীর্ণ হয়। লিপিতে সমূদ্র-শুপ্তের দানমাংশারা এবং শক্তিসামর্থোর পরিচয় আছে। লিপির প্রথম ভাগের হয় হত্র এবং শেষ ভাগ নট্ট ইবা সিয়াছে। পশ্চিত্রণ নানা গবেষণায়ত ভাষা ত্বির করিতে পারেন নাই।

মর্মাভাস।

লিপির আবশ্রক অংশ-সমূহের মর্ম্ম নিম্নে প্রদান করিতেছি; যথা,—

- (৭) স্থবর্ণাদি এত বহুল পরিমাণে দান করিতেন যে, পৃথু, রাঘব এবং অপরাপর প্রাসিদ্ধ নুপতিগণের খ্যাতিও পরিমান হইয়াছিল।
- (৯) সমুদ্র-গুপ্ত ধনদ এবং অন্তকের সমকক্ষ ছিলেন। পৃথিবীর তাৎকালিক সমস্ত মুপতিকে তিনি পরাজিত করিয়া তাঁহাদের সমস্ত বিত্ত-সম্পত্তি তিনি হরণ করিয়াছিলেন।
- (১৩) তিনি সাহসে অতুলনীয়, রাজনীতিতে বিশারদ এবং অশেষ ধর্মপরায়ণ ছিলেন। তিনি রাজোচিত বিবিধ অনুষ্ঠানে যশস্বী হইয়াছিলেন, তাঁহার অপ্রতিহত শক্তি প্রতিহত করিবার সামর্থ্য কাহারও ছিল না।
- (১৭) তাঁহার পত্নী ধর্মপ্রাণা পতিপরায়ণা ছিলেন। তাহাতে মনুষ্টার এবং মহন্ত মূর্তিমান ছিল। তিনি বহু হয় হত্তী রত্ন ধন ধান্ত প্রভৃতিতে সমৃদ্ধিয়ত ছিলেন; বহু প্রপৌত্রাদির কলকতে তাঁহার রাজপ্রাদাদ স্ক্রিণ মুগ্রিত থাকিত।
- (২১) তাঁহার সমরকর্ম পরাক্রমমণ্ডিত এবং তাহার যশঃ-জ্যোতিতে দিমণ্ডল উদ্ভাগিত ছিল। ভাঁহার বৈরিগণ স্বথ্যেও তাঁহার পরাক্রমের বিষয় চিতা করিয়া ভয়ে অভিভূত হইত।
- (২৫) তাঁহার প্রমোদ নগর 'এরিকিণ' নগবে, তাহার গৌরবচিহুস্বরূপ এই শিলালিপি প্রতিষ্ঠিত হইল।

সমূদ্র-গুপ্তের রাজ্য-কাল।

সমূদ্ৰ-গুপ্তের রাজ্যকাল নির্দেশে সমস্তায় পড়িতে হয়। সে সম্বন্ধে কোনও বিশিষ্ট প্রমাণ বক্তমান না থাকায় নানা বিতর্কের হত্রপাত দেখিতে পাই।

প্রথম চক্র-গুপ্তের রাজ্যকাল ২৫ বংসর ধরিলে, তাঁহার মৃত্যুর পর সন্ত্-গুপ্তের রাজ্য-প্রাপ্তি ১০৫ খুষ্টান্দে নির্দ্দিষ্ট হইতে পারে। চীনা-ভাষার গ্রন্থ-পত্রের আলোচনায় সিলভেন লেভি সপ্রমাণ করেন—সন্ত্র-গুপ্ত সিংহলরাজ মেঘবর্ণের সমসাময়িক ছিলেন। কিন্তু ভিন্দেণ্ট শ্মিথের মতে সমৃত্র-গুপ্ত ৩২৬ খুটান্দে রাজ্য লাভ করেন। উজেসিংহের গণনার অনুসরণে ভিন্দেণ্ট শ্মিথ ৩২২ খুষ্টান্দে মেঘবর্ণের লোকাস্তরকাল নির্দ্দেশ করিয়াছেন।

ডক্টর ফ্লিট, নানা বিতর্কের পর মেঘবর্ণের রাজত্বলাল ৩৫১-৭৯ খৃষ্টান্দ স্থির করিয়াছেন। তাহাতে সমুদ্র-গুপ্তের রাজ্যপ্রাপ্তি ৩৩৫ খৃষ্টান্দে নির্দিষ্ট হয়। কিন্তু এলাহাবাদের লিপি হইতে বুঝিতে পান্নি,—দিগিজ্বের পর সিংহল-রাজের দৃত মগধের রাজধানীতে আগমন করিয়াছিলেন। তাহাতে ৩৩০ খৃষ্টান্দে দৃতের আগমন প্রতিপন্ন হয়। কিন্তু ফ্লিটের গণমান্ন, সমুদ্র-গুপ্তের রাজ্য-কালের শেষভাগে দৃতের আগমন স্থির হইয়া যায়।

স্কুতরাং সর্বামঞ্জন্ম রক্ষা করিতে হইলে, সমূদ্ৰ-শুপ্তের সিংহাসনাধিরোহণ-কাল ৩৩৫ বা ৩৪০ খুষ্টাব্দে এবং লোকান্তর কাল ৩৮০ অথবা ৩৮৫ খুষ্টাব্দে নির্দেশ করিতে হয়। কিন্তু কেহু কেহু সমূদ্ৰ-শুপ্তের লোকান্তর-কাল ৩৭৫ খুষ্টাব্দে নির্দেশ করেন।

চক্র-গুপ্ত যেমন সমূদ্র-গুপ্তকে তাঁহার উত্তরাধিকারী নির্বাচিত করিয়াছিলেন; সমূদ্র-গুপ্ত পুঃ—ই।৮৭—৩৩ সেরপ কোনও নির্বাচন করেন নাই। স্নতরাং তাঁহার প্রধানা মহিষী দত্তদেবীর গর্ভসম্ভূত চন্দ্র-গুপ্ত পিতৃত্যক্ত সিংহাসন প্রাপ্ত হন। চন্দ্রগুপ্ত—ইতিহাসে 'দিতীয় চন্দ্রগুপ্ত' নামে প্রসিদ্ধ। তিনি 'বিক্রমাদিত্য' বশিয়াও অভিহিত হইতেন।

* *

বিবিধ জ্ঞাতব্য।

সমূদ-গুপ্তের রাজত্বকালে মুদ্রান্ধন জন্ম ভারতে 'টাকশাল' প্রতিষ্ঠিত ছিল,—সমূদ-গুপ্তের মুদ্রাদির আলোচনায় তাহা প্রতিপন্ন হয়। সমূদ-গুপ্তের প্রবর্ত্তিত কোনও মূদ্রায় তাঁহার দিগ্রিজয়ের নিদর্শন বর্ত্তমান নাই। আনেকের তাই সিদ্ধান্ত—দিগ্রিজয়ের পরবর্ত্তিকালে সমূদ্র-গুপ্ত মূদ্রার প্রবর্ত্তন করেন এবং তত্দেশ্যে মূদ্রাযন্ত্র 'টাকশাল' হাপিত হয়। কিন্তু এ মতও স্থপ্রতিষ্ঠিত নহে। ভারতের টাকশালে থুই-জন্মের আনেক পূর্ব্ব হইতেই মূদ্রা প্রস্তুত হইতেছিল, পূর্ব্ববর্ত্তী আলোচনায় সে প্রমাণ প্রদর্শিত হইয়াছে।

সমুদ্র-গুপ্তের পাণ্ডিত্যের অবধি ছিল না। তাঁহার প্রতিভারও তুলনা নাই। তিনি যেমন অসাধারণ-শক্তি-সম্পন্ন ছিলেন, তেমনি জ্ঞানে গুণে এবং বিভাবত্তায় তাহার মলোকিক প্রতিভার সমকক্ষ অতি অল্পই দেখিতে পাওয়া শায়।

সঙ্গীত-বিস্থার আলোচনায় কংনও তিনি গীতবাতে নিমগ্ন রহিয়াছেন, কখনও তিনি কবির কল্পনা-রাজ্যে বিচরণ করিতেছেন, কখনও বা তিনি গভীর শাস্ত্র-তত্ত্বের মীমাংসায় পণ্ডিতগণের সহিত বিতর্কে নিরত আছেন; কখনও বা ক্ট-রাজ-নৈতিক সমস্তার সমাধানে সমূদ্র-গুপ্ত অলোকিক প্রতিভার পরিচয় দিতেছেন। ফলতঃ, সমূদ্র-গুপ্ত কেবল বিজিগীয় নূপতি ছিলেন না। পরস্তু তিনি কবি, দার্শনিক, রাজনীতিক—একাধারে তাঁহাতে সকলই বর্ত্তমান ছিল। গ্রাণ্ডিত্যের বিকাশ এবং পণ্ডিত-স্থিকানী—সমূদ্র-গুপ্তের রাজত্বের একটী প্রধান বিশেষ্ত্ব।

সমুদ্ৰ-গুপ্ত সাহিত্যের জন্মরাগী এবং সাহিত্যিকের পৃষ্ঠপোষক ছিলেন। অনেকের মতে, বৌদ্ধ-গ্রন্থকার বস্থবন্ধর পৃষ্ঠপোষকতাই তাহার প্রকৃষ্ট নিদর্শন। এ ঘটনা তাঁহার ধর্ম-বিষয়ে সমদর্শিতারও প্রকৃষ্ট পরিচয়। ফলতঃ, আদর্শ-নৃপতি এবং আদর্শ রাজ্য বলিতে যাহা উপলব্ধ হয়, সমুদ্র-গুপ্ত দেই আদর্শ নৃপতি এবং তাঁহার রাজ্য সেই আদর্শ রাজ্য।

চতুর্থ শতাব্দীতে উৎকীর্ণ গির্ণারের এক লিপিতে সমুদ্র-গুপ্তের সাহিত্য-সেবার পরিচয় প্রাপ্ত হই। সমুদ্র-গুপ্ত শ্রেষ্ঠ কাব্য-রচনায় পারদশা ছিলেন, সেখানে সেই উক্তিই দেখিতে পাই। সেই কবি-প্রতিভার জন্ম সমুদ্রগুপ্ত 'কবিরাজ' উপাধি-ভূষণে ভূষিত হইয়াছিলেন। সেই একই লিপিতে সমুদ্র-গুপ্তের বিমল যশংক্ষ্যোতিঃ পুণ্যতোয়া ভাগীরথী-সলিলের সহিত উপমিত হইয়াছে। শঙ্করের জটাজাল বিমৃক্ত হইয়া পুণ্যতোয়া স্থরধুনীর শুল্ত-সলিল-

^{*} এরণ, এলাহারাদ, গর। প্রভৃতি স্থানে উৎকীর্ণ লিপিতে এই সকল প্রমাণ প্রাপ্ত হই। এরণ-লিপিতে "ফ্বর্ণদান' দৃষ্টে সমৃত্র-শুপ্তের দানশীলতার পরিচরের সঙ্গে সংক্ষা তৎকর্ত্তক মৃত্রাহণের ও ভারতে টাকশাল বিজ্ঞাননভার পরিচর প্রাপ্ত হই। গরার লিপিতে আছে—"স্থারাজুগতানেকগোছিরণাকোটীপ্রদত্ত।" এতথাকো সমৃত্র শুপ্তের স্থারণর বার এবং দানশীলতার নিদর্শন দেখিতে পাই। আবার এলাহাবাদ লিপির "গকর্জনলিতৈঃ" ব্যক্তে ক্রিয়ার সন্মতিপ্রেরতা স্থানাশ হয়।

রাশি বেমন বিভিন্ন মূথে প্রধাবিত হইয়াছিল, সমূদ্র-গুপ্তের যশ:জ্যোতিও সেইরূপ দিনিগত্তে বিচ্ছুরিত হইয়াছিল। গিণার লিপির সেই বর্ণনা নিম্নে উদ্ধৃত করিতেছি; যথা—

"বিদ্বজ্জনোপজীব্যানেক-কাব্য-ক্রিয়াভি: প্রতিষ্ঠিত-কবিরাজ-শব্দস্ত ।" "যশ:। পুণাতি ভূবনত্রয়ং পশুপতের্জ্জটান্তরগুহানিরোধ-পরিমোক্ষণীঘ্রমিব পাস্ত গাঙ্গাং পয়:॥" *

ভারতের এই যে একছত্র সমাট, বাঁহার রাজ্য-সীমা—করদ ও মিত্রতা স্বত্রে এক হিসাবে সিংহল হইতে অক্সাস নদী পর্যান্ত বিভৃত হইরাছিল, শত বংসর পূর্ব্বে তাঁহার কোনও সন্ধানই আমরা অবগত হইতে পারি নাই। বিগত আশী বংসরের চেষ্টার ও অধ্যবসারে, লিপি এবং মুদ্রাদি হইতে যে প্রমাণ-পরম্পরা সংগৃহীত হইরাছে এবং হইভেছে, ভাহাতে গুপ্ত-বংশের অশেষ কীর্ত্তির নিদর্শন প্রাপ্ত হইতেছি। আর তাহাতে ভারতের ইতিহাসের গৌরবময় এক অঙ্কের যবনিকা উন্মোচিত হইতেছে।

* **

সমদ-গ্রেপ্ত 'ও কাচ।

সমূদ্ৰ-গুপ্তের মুদ্রাদিতে 'কাচ' নাম দেখিতে পাই। লিপি প্রভৃতিতে ষেমন সমুদ্র-গুপ্তের 'সর্ক্রাজোচ্ছেতা', কতাস্তপ শু, অপ্রতিরথ, অখনেধপরাক্রম প্রভৃতি উপাধি পরিদৃষ্ট হয়; সমুদ্র-গুপ্তের 'কাচ' উপাধি বা নাম ও তদ্ধপ বালয়া মনে করি। কেহ কেহ বলেন,—সমুদ্র-গুপ্তের আদি নাম—কাচ। দিখিজারেব পর, শক্তিমত্তা-প্রকাশক 'সমুদ্র-গুপ্ত' নাম পরিগৃহীত হইয়াছিল।

'কাচ'-নামান্ধিত মুদ্রা দৃষ্টে অভিজ্ঞগণ পূর্ব্বোক্ত সিদ্ধান্তে উপনীত হন। সমূদ্ৰ-গুপ্তের মুদ্রার সহিত ঐ সকল মৃদ্রা বিশেষ সাদৃশ্র-সম্পন্ন। তাই অনেকে 'কাচ' ও সমূদ্র-গুপ্ত অভিন্ন বিশিরা প্রতিপন্ন করেন। কেহ আবার কাচকে সমূদ্র-গুপ্তের ল্রাতা বিশিয়া নির্দ্ধেশ করিরা থাকেন।

যাহা হউক, 'কাচ' ও সমদ-গুপু যদি ভিন্ন হন, তাহা হইলে, তাঁহার রাজ্য-কাল অর দিন মাত্র (কয়েক মাস মাত্র স্বায়ী হইয়াছিল, বলিতে হইবে। এতদ্ভিন্ন 'কাচের' সম্বন্ধে অন্ত কোনও দিদ্ধান্তে উপনীত হওয়া যায় না। এ সিদ্ধান্তও তাঁহার প্রবর্ত্তিত কয়েকটী স্বর্ণ-মুদ্রা অবলম্বনে করিতে হয়। নচেৎ, সমুদ্র-গুপুই যে তাঁহার পিতার নির্বাচিত এবং সিংহাসনের একমাত্র অধিকারী,—এলাহাবাদের লিপিতেই সে পরিচয় বর্ত্তমান। যথা,—

"আর্ঘ্যো হিত্যপগুরো ভারপিশূনৈরংকর্ণিতৈঃ রোমভিঃ সভ্যেষ্ চহু সিতেষ্ তুলাকুলজন্নানানোদ্বিক্ষিতঃ সেহব্যালুড়িতেন বাষ্পগুরুণা তত্ত্বেকীণা চকুষা যঃ পিত্রাভিহিতো নিরীক্ষ্য নিথিবং পাহেবমুর্বীমিতি দৃষ্টা কর্মাণ্যনেকান্ত-মনুজ্বদৃশান্তভূতোভিন্নহ্র্যাভাবৈরাস্বাদ্য · · · · · কেচিং ।" †

^{*} Cf Indian Antiquary, Vol. XLI., P. 126.

[†] অর্মাণ পভিত বুলার এই অংশের নিম্প্রকার অনুনাদ প্রদান করিয়াতেন ; ব্ধা, -

^{&#}x27;Here is a noble man!' With these words the father embraced him, with shivers of joy that spoke of his affection and looked at him, with eyes heavy with tears and overcome with love—the courtiers breathing freely with joy and the kinsmen of equal grade looking up with sad faces—and said to him:—"Protect then this whole earth."—Buhler in Indian Antiquary, 1913, P. 176.

সিংহল-রাজ্যের দৌতা।

সমুদ্র-গুপ্তের দিখিজয়-স্থতে, বছ দিনের পর, পুনরায় ভারতের সহিত সিংহলের নৈকটা স্থাপিত হয়। ৩৬০ খৃষ্টাব্দে সিংহলের বৌদ্ধ-নূপতি শ্রী-মেঘবর (মেঘবর্ণ) ভারতে হুই জনবৌদ্ধ-ভিক্স্ প্রেরণ করেন। কথিত হয়, ভিক্স্ছয়ের এক জন সিংহল-রাজের ভ্রাতা ছিলেন। বুদ্ধ-গয়ায় বোধি-ক্রমের পূর্ব্ব দিকে অশোক যে বৌদ্ধ-বিহার নির্মাণ করিয়াছিলেন, সেই বৌদ্ধ-বিহার পরিদর্শন, তাঁহাদের ভারতে আগমনের উদ্দেশ্য ছিল।

তথন সাম্প্রদায়িক বিদ্বেষ-বশতঃ, আগস্কুক্ষয় ভারতে তাদৃশ সমাদর প্রাপ্ত হন নাই। দিংহলে প্রত্যাবর্ত্তনের পর হাঁহারা সিংহল-রাজকে তদ্বিষয় বিজ্ঞাপিত করেন। 'বৌদ্ধদিগের ভারতে আর স্থান নাই'—তখন তাঁহারা এই ভাব প্রকাশ করিয়াছিলেন। পরস্ক রাজাকে বলিয়াছিলেন,—'তাঁহারা ভারতে এমন কোনও স্থান পান নাই, যেথানে তাঁহারা স্বচ্ছন্দে বাস করিতে পারেন।'

রাজা মেঘবর্ণ এই অভিযোগে মর্দ্মাহত হন এবং ভিক্ষ্পরের প্রতি ভারত-বাসীর হ্ব্যবহারের প্রতিকারের সঙ্কল্প করেন। ভারতে, বৌদ্ধদিগের তীর্থ-স্থানে বিহার-নির্দ্মাণে যাত্রীদিগের স্থা-স্থাচ্ছন্দ্য-বিধানে সিংহলরাজ মেঘবর্ণ বদ্ধপরিকর হন। সেই উদ্দেশ্য-সাধন জন্ম সমৃদ্র-শুপ্তের দরবারে সিংহল-রাজ মেঘবর্ণ দৃত প্রেরণ করেন। সেই উপলক্ষে সিংহল-দেশীয় প্রসিদ্ধ বহুমূল্য মণি-মাণিক্য উপঢৌকন প্রেরণে সিংহলরাজ মেঘবর্ণ বৌদ্ধদিগের জন্ম ভারতে বিহার-নির্দ্মাণের জন্মতি প্রার্থনা করেন।

ঐতিহাসিকগণ নলেন,—সিংহল-গ্রাজের উপঢ়ৌকনে পরিতুষ্ট ইয়া এবং সেই উপঢ়ৌকনকে রাজকর স্বরূপ গ্রহণ করিয়া, সমুদ্র-গুপ্ত ভারতে বৌদ্ধ-মন্দির-নির্দ্ধাণের অনুমতি প্রদান করেন। দূতগণ স্বদেশে প্রত্যাবৃত্ত হটয়া সিংহল-রাজ মেন্বর্গকে তদ্বিষ বিজ্ঞাপিত করেন। নানা জন্ননা-কল্পনার পর বোধিক্রমের সন্নিকটেট বিহার-নির্দ্ধাণ সাব্যন্ত হয়।

কিছুদিন পরে বোধিদ্রমের উত্তরে, স্থান্ত একটা ত্রিতল হর্ম্যা নির্মিত হইয়াছিল। মেখ-বর্ণের তাম্র-শাসনে প্রকাশ—ত্রিতল সেই বিহারে ছয়টা স্থাবৃহৎ গৃহ ছিল। বিহারের তিনটা চূড়া বহুমূল্য রত্মাদিতে থচিত হইয়াছিল। আর বিহারের চারি দিক ত্রিশ বা চল্লিশ ফিট উচ্চ প্রাচীরে বেষ্টিত ছিল।

খুসীয় সপ্তম শতান্দীতে হয়েনং-সাং যখন ভারতে আগমন করেন, তথনও সে বিহার বিশ্বমান ছিল। 'মহাযান' শাখার স্থবির-সম্প্রদায়ের প্রায় সহস্রাধিক ভিক্ষু তখন সে বিহারে বাস করিতেন। সিংহল হইতে যে সকল যাত্রী আগমন করিতেন, বিহারে মহাসমাদরে তাঁহাদের আতিথ্য-সংকার করা হইত।

সিংহল-রাজ কর্ত্ব ভারতে বৌদ্ধ-বিহার নির্মাণ—ভারতে গুপ্ত-নৃপতিগণের শ্রেষ্ঠ রাজ-নীতির শ্রেষ্ঠ আদর্শ। ধর্মে সমদর্শনই ইহার মূলীভূত। এই সমদর্শন-নীতিই গুপ্ত-দিগের প্রতিষ্ঠার মেরুদণ্ড-স্থানীয়। *

^{*} বৃদ্ধগয়ার পৌদ্ধবিধার প্রতিষ্ঠা-সম্বল্ধ নিম্নলিখিত প্রস্থ-পাত্র জ্ঞার ব্যা,--- 'মহাবংশ' (সান্ধান); গ্রা Judian Antiquary, 1 902, p. 192,

ত্রিংশ পরিচ্ছেদ

চন্দ্ৰ-গুপ্ত বিক্ৰমাদিতা।

[প্রতিষ্ঠার মূল ;—মালব-বিজয় ;—ক্ষত্রপদিগের পরিচয় ;—কাল-সম্বন্ধে বিতণ্ডা ;—
চরিত্রের বিবিধ আদর্শ ;—চন্দ্র ও চন্দ্রগুপ্ত ;—পরিব্রাজক ফা-হিয়ান ;—
মুদ্রার পরিচয় ;—মহাকবি কালিদাসের প্রসঙ্গ ;—উপসংহার।]

প্রতিষ্ঠার মূল।

পিতৃ-নির্বাচনে দ্বিতীয় চক্র-শুপু সিংহাসনে অধিরোহণ করিলেন। শৌর্য্যে, বুদ্ধিন মন্তায়, বিভাবতায় দ্বিতীয় চক্র-শুপু পিতার অপেক্ষা নিতান্ত হীন ছিলেন না। উপযুক্ত পিতার উপযুক্ত সন্তান—চক্রপুপু! তাই পিতৃ-কীর্ত্তি বংশ-কীর্ত্তি অকু
নির্বাচন সার্থক হইয়াছিল!

বে শক্তির প্রেরণা হাদয়ে বরেণ করিয়া সম্দ্র-গুপ্ত গুপ্ত-সাম্রাজ্যের গৌরব-প্রতিষ্ঠা অক্ষ্র রাখিতে সমর্থ হইয়াছিলেন; সেই শক্তির সেই প্রেরণায়ই দিতীয় চক্র-গুপ্ত রাজনদণ্ড ধারণ করিলেন। তাই সামাজ্য-গৌরব, বংশ-গৌরব, পিতৃ-গৌরব পরিবৃদ্ধির পক্ষে চক্র-গুপ্ত সকল শক্তি নিয়োগ করিতে পারিয়াছিলেন।

স্থানের বর্মাননা লইয়া চক্র-গুপ সিংহাসনে অধিরোহণ করেন; ধর্মের পবিত্র আলোক স্থানের ধারণ করিয়া কর্ম-ক্ষেত্রে অবতীর্ণ হন। াই চক্র-গুপ্তের গৌরব স্থপ্রতিষ্ঠিত হয়,—গুপ্ত-বংশের যশোগৌরব দিগস্থে বিস্তৃত হইয়া পড়ে ফলতঃ, দর্মপ্রাণতাই চক্র-গুপ্তের প্রতিষ্ঠার মূলীভূত,—স্বধর্মপালনেই তিনি প্রতিষ্ঠারিত

गानव-निजय ।

সমূদ্ৰ-গুপ্তের বহু সম্ভানের পরিচয় পাই। তন্মধ্যে প্রধানা মহিষী দন্তাদেধীর গর্ভজাত দিতীয় চক্স-গুপ্তই শ্রেষ্ঠ স্থান অধিকার করিয়া আছেন। কথিত হয়, কিছু কাল যুবরাজ্ঞ-পদে প্রতিষ্ঠিত থাকিয়া, চক্স-গুপ্ত পিতার পর্নিচালনাধীনে রাজ-কার্য্যে পারদর্শিতা লাভ করিয়া-ছিলেন। তার পর, সমূদ্ৰ-গুপ্তের লোকান্তরে চক্স-গুপ্ত সিংহাসনে অধিষ্ঠিত হন।

সিংহাসনে অধিরোহণ করিয়া বিতীর চক্র-গুপ্ত 'বিক্রমাদিত্য' উপাধি গ্রহণ করেন। তাঁহার পিতামহ চক্র-গুপ্ত। স্নতরাং তথন হইতে তিনি 'বিতীয় চক্র-গুপ্ত' নামে অভিহিত হন।

সিংহাসনে আরোহণ করিয়াই চক্স-গুপ্তের রাজ্য-বিজয়-লিপ্সা বলবতী হইয়া উঠে। সমুদ্র-গুপ্ত ভারতের দক্ষিণ ভূভাগ দাক্ষিণাত্য-বিজয়ে অগ্রসর হইয়াছিলেন। কিন্তু চক্স-গুপ্ত পিতার সে অভিযান পরিত্যাগ করিয়া, দক্ষিণ-পশ্চিমে সৌরাই্ই-বিজয়ে মনোনিবেশ করিলেন। এই উপলক্ষে তিনি আরব-সাগরের উপকৃষ পর্যস্ত অগ্রসর হন। মালব, গুজরাট, এবং সৌরাষ্ট্র দেশ তাঁহার পদানত হয়। তখন সৌরাষ্ট্রে ক্ষত্রপ-বংশের নূপতিগণ প্রতিষ্ঠান্থিত ছিলেন। পাশ্চাত্য পণ্ডিত-গণের ভাষায় তাঁহারা 'পশ্চিম-দেশীয় ক্ষত্রপ' (Western Satraps) নামে অভিহিত হইয়া থাকেন।

মালব এবং সৌরাষ্ট্র সমুদ্র-শুপ্তের রাজ্যান্তর্ভুক্ত হয় নাই। কিন্তু এইবার দ্বিতীয় চন্দ্র-শুপ্ত ভাহা শুপ্ত-সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করিয়া লইলেন। তথন সৌরাষ্ট্র, মালব প্রভৃতি ধন-সম্পদ্ জন্মের সমৃদ্ধি-সম্পন্ন ছিল। তথন সৌরাষ্ট্র-দেশ বাণিজ্য-ব্যবসায়ে যথেষ্ট্র সমৃদ্ধ হইয়াছিল।

সৌরাষ্ট্র এবং মালব-বিজ্ঞয়—গুপ্ত-গণের ইতিহাসে এক প্রসিদ্ধ ঘটনা। এই গুই রাজ্য অধিকৃত হওয়ায় বৈদেশিক বাণিজ্যের পথ প্রশস্ত হয়। তথন সৌরাষ্ট্রের পথে বৈদেশিক বাণিজ্য চলিতেছিল। মিশরের 'আলেকজান্ত্রিয়া' বন্দরের মধ্য দিয়া প্রতীচোর সর্ব্বে ভারতীয় পণ্য রপ্তানি হইতেছিল। সৌরাষ্ট্র প্রভৃতি গুপ্ত-সমাজ্যের অন্তর্ভুক্ত হওয়ায় ভারতের অন্তান্ত সকল প্রদেশই সে বাণিজ্যের স্ক্রিধা প্রাপ্ত হইল।

মালব এবং সৌরাষ্ট্রের শক-নূপতিগণকে পরাঞ্জিত করিয়া চন্দ্র-গুপ্ত (দিতীয়) সেই প্রদেশে রৌপ্য-মূদ্রা প্রবর্ত্তন করেন। সেই মূদ্রার এক দিকে তাঁহার প্রতিমূর্ত্তি অন্ধিত হয়। প্রত্নতন্ত্ব-বিদ্যাণের মতে, ক্ষত্রপদিগের অফুকরণে চন্দ্র-শুপ্ত সেই মূদ্রা প্রবর্ত্তিত করিয়াছিলেন।

ক্ষত্রপদিগের পরিচয়।

ভারতের দক্ষিণ-পশ্চিমে, সৌরাষ্ট্রেও মালবে, ছইটী ক্ষত্রপ-বংশের পরিচয় পাই। তাঁহাদের একটা শাখা মহারাষ্ট্র-দেশে প্রতিষ্ঠিত হয়। পশ্চিম-নাট-পর্বাত্ত-সংলগ্ন নাসিকে তাঁহাদের রাজধানী ছিল; গৃষ্টায় প্রথম শতাব্দীতে অন্ধ্রাজ গৌতমীপুত্র কর্তৃক মহারাষ্ট্রের ক্ষত্রপর্গণ পরাজিত হন। ১২৬ খুষ্টাব্দে তাঁহাদের রাজ্য অন্ধ্-রাজ্যের অন্তর্ভুক্ত হইয়া যায়।

দ্বিতীয় ক্ষত্রপ-বংশ চল্ল প্রতিষ্ঠিত করেন। নালবের অন্তর্গত উজ্জ্মিনীতে, খৃষ্টার প্রথম শতাব্দীতে, তাঁহাদের প্রতিষ্ঠার পরিচয় পাই। চলার পৌত্র প্রথম রুদ্রদমন, ১২৬ খৃষ্টাদ হইতে ১৫০ খৃষ্টাদ্বের মধ্যে, গৌতমী-পুত্রের পুত্র দ্বিতীয় পুলমায়ীকে পরাজিত করিয়া, অন্ধুরাজ্য অধিকার করিয়া লন।

তথন ভারতের দক্ষিণ পশ্চিম উপক্ল সোরাষ্ট্র হইতে আরম্ভ করিয়া, মালব, কছে, সিন্ধুদেশ, কোঙ্কণ এবং অস্থান্ত জনপদে ক্ষত্রপ প্রথম রুদ্রদমনের আধিপত্য বিস্তৃত হয়। উজ্জিমিনীতে চশ্মের এবং তাঁহার বংশধরগণের রাজ্বধানী ছিল। তথন উজ্জিমিনী হইতে ভারতের সর্ব্বতি, এমন কি বিদেশে পর্য্যস্ত, ভারতের বাণিজ্য চলিতেছিল।

কেবল বাণিজ্যের কেন্দ্র বলিয়া নহে ;—উজ্জিয়িনী তথন শিক্ষা-দীকার—জ্ঞান-বিজ্ঞানের এবং শ্রেষ্ঠ-সভ্যতার উৎসন্থানীয় ছিল। তথন উজ্জিমিনীর যশোগৌরব এমনই প্রতিষ্ঠিত হইয়াছিল যে, এথনও পাশ্চাত্যের নিকট উজ্জিমিনী 'ভারতের গ্রীণউইচ' বলিয়া অভিহিত হইয়া থাকে।

বাহা হউক, সমুদ্ৰ-গুপ্ত দিখিজনী হইলেও দক্ষিণ-পশ্চিম অঞ্চল বিজয়ে তথন অগ্রসর হন নাই। দাক্ষিণাত্তাই তখন তাঁহার প্রধান লক্ষ্যস্থল ছিল। তথন ক্ষ্যপ-নুপতি রুদ্রদমনের বিংশধর এক রুদ্রদমনের পুত্র ক্ষত্রপ রুদ্রসেন, সমুদ্র-গুপ্তের বিজ্ঞোল্লাসে সমুস্ত হইরা, তাঁহার নিকট দূতপ্রেরণে বশুতা স্বীকার করিয়াছিলেন।

কিন্তু সিংহাসনে অধিরোহণ করিয়াই দ্বিতীয় চক্রগুপ্ত ক্ষত্রপ-রাজ্য-বিজ্ঞরে সঙ্কল্পন্ধ হইলেন।
চক্রগুপ্ত বিক্রমাদিত্য একজন 'গোঁড়া' হিন্দু ছিলেন। হিন্দু-ধর্ম্মের প্রগাঢ় অন্তরাগী হইলেও
তিনি বৌদ্ধ বা জৈনধর্মের প্রতি কখনও অবজ্ঞা প্রকাশ করেন নাই। আনুষ্ঠানিক পার্থক্য
থাকিলেও বৌদ্ধ এবং জৈন ধর্মা—হিন্দু-ধর্মেরই অঙ্গীভূত ছিল।

কিন্তু ক্ষত্রপগণ বৈদেশিক, ভিন্ন জাতীয় এবং ভিন্নমতাবলম্বী; চক্রপ্তথ্য তাই ভারত হইতে অহিন্দুকে বহিস্কারের জন্ম দৃঢ়সঙ্কল্প করিবেন। উদ্দেশ্য যাহাই হউক, চক্রপ্তথ্য বিক্রমাদিত্য— সৌরাষ্ট্র এবং নালবের ক্ষত্রপরাজ্য আক্রমণ করিয়া, ক্ষত্রপ সত্যসিংহের পুত্র ক্রদ্রসিংহকে রাজ্যচ্যত এবং নিহত করিলেন। এইরূপে ক্ষত্রপ-রাজ্য গুপ্ত-সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হইয়া পড়িল। ভারতে 'শক' নামের চিত্র পর্যান্তর রহিল না। *

৩৮৮ খৃষ্টান্দের পর ভারতে ক্ষত্রপদিগের আর কোনও পরিচয় পাওয়া যায় না।

কাল সম্বন্ধে বিতণ্ডা।

বেমন গুপ্তকাল লইয়া, তেমনি চক্ত্র-গুপ্তের রাজ্যকাল লইয়াও অনেক মতান্তর দেখিতে পাই। ভিন্সেণ্ট শ্মিথের মতে চক্ত্র-গুপ্ত বিক্রুমাদিত্য ৩৭৫ খৃষ্টান্দে রাজ্য প্রাপ্ত হন। কিন্তু অন্ত মতে আবার তাঁহার রাজপ্রাপ্তিকাল ৩৮০ খৃষ্টান্দে নির্দিষ্ট হয়। সে মতে তিনি ৪১৩ বা ৪১৪ খুষ্টান্দে লোকান্তর গমন করেন।

উদয়িগিরির গুহা-লিপি অনুসারে ৮২ গুপ্তান্ধ = ৪০১-২ খুষ্টান্দের ঐ বৎসর আষাঢ় মাসের গুরুপক্ষের একাদশ দিবস। শশাঙ্কের বংশধর কোনও গুপ্ত-নূপতির উৎসর্গ পত্র ঐ লিপিতে দেখিতে পাই। দানপত্রে সেই রাজা মহারাজ ছাগলগের পৌত্র এবং বিফুদাসের পূত্র বলিয়া অভিহিত। রাজা নিজেকে 'শ্রী-চন্দ্রগুপ্ত-পদামুখ্যাত' বলিতেছেন। বুঝা যায়—সে রাজা চন্দ্র-গুপ্ত বিক্রমাদিত্যের একজন সামস্ত বা করদ ছিলেন। আরও বুঝিতে পারি,—তিনি যেমন চক্রপ্তপ্তের অধীন ছিলেন, তাঁহার পিতৃপিতামহও তেমনি সমুদ্র-গুপ্তের অধীনতা স্বীকার করিয়াছিলেন।

মথুরার লিপিতে চক্রগুপ্তের নামটা পর্যান্ত নাই। কিন্তু সে লিপি যে চক্রগুপ্তের রাজ্ব-কালেই উৎকীর্ণ হইয়াছিল, লিপির অন্তর্গত 'সমুদ্র-গুপ্তত্ম পুত্রেণ' বাক্যে তাহা উপলব্ধ হয়।

চরিত্রের বিবিধ আদর্শ।

সাঞ্চীর লিপি হইতেও একটা কালের নির্দেশ হয়। ১০ গুপ্তান্দে অর্থাৎ ৪১২-১০ খুষ্টান্দে ভাদ্র মাদের (আগষ্ট-সেপ্টেম্বর)চতুর্থ দিবসে ঐ লিপি উৎকীর্ণ হইয়াছিল। লিপিতে উদানের

^{*} কিন্ত হৰ্ষচারতে চল্রপ্তথ্য কর্তৃক ক্ষত্রপ-বিশাসের ইতিবৃত্ত ভিন্নরপে চিত্রিত হইরাছে। সেধানে দেখিতে পাই,—চল্রপ্তথ্য ক্ষত্রপ-নৃপতি রাজসিংহের রক্ষিতার বেশ ধারণ করিয়া তাহাকে নিহত করেন। স্বাসেন তথ্য গরন্ত্রীর সহিত বিহারে প্রমন্ত হিলেন। কিন্তু চল্ল-শুগুরে একপ চরিত্র-চিত্র ইতিহাস অনুমোদন করে না।

পূত্র আমকাদ বের দানের পরিচয় আছে। আমকাদ ব ঐ দান-পত্তে ২৫ দিনার এবং 'ঈশার-বাসক' নামত গ্রাম দান করিয়াছেন। তথন 'কাকনাবোটায়' 'আর্য্য-সজ্ল' প্রতিষ্ঠিত ছিল। সেই সজ্জের ভিকুদিগের ভরণ-পোষণ জন্ম এবং বিহারের আলোর ব্যয় নির্বাহ করে রাজা পূর্ব্বোক্ত ২৫ দিনার দান করিয়াছিলেন, প্রতিপন্ন হয়।

পণ্ডিতগণের অন্নমান—আমকাদর্ব, চন্দ্র-গুপ্তের একজন কর্ম্মচারী ছিলেন। কাহারও কাহারও কাহারও মতে তিনি চন্দ্র-গুপ্তের অন্ততম মন্ত্রী।

সাঞ্চীর এই লিপিতে 'অনেকসমরাবাপ্তবিজয়য়শম্পতাকং' বাক্য দেখিতে পাই। তাহাতে মনে হয়,—চন্দ্রপ্তথ যুদ্ধ-বিভাগ বিশেষ পারদর্শী ছিলেন; আর চন্দ্রপ্তপ্তের নিকট বিবিধ অন্তগ্রহ লাভে সমন্ধ্রিত হইয়াছিলেন বলিয়া ক্বতজ্ঞতার নিদর্শন-স্বরূপ তিনি চন্দ্র-গুপ্তের নামে এই দান ক্রিয়াছিলেন।

উদয়-গিরির এক লিপিতে পাটলিপুত্র নগরে গুপ্তসামাজ্যের রাজধানীর পরিচয় পাই। সেথানে পর্বত-গাত্রে শিবের উদ্দেশ্যে একটী গুহা ক্ষোদিত হয়। চক্রগুপ্তের বৈদেশিক বিভাগের মন্ত্রী বীরসেন ঐ গুহা প্রতিষ্ঠিত করেন। গুহাগাত্রাঙ্কিত লিপিতে দেখিতে পাই,—চক্রগুপ্ত পথিবী-বিজ্ঞয়ে অভিলাষী হইয়া মন্ত্রী সমভিব্যাহারে উদয়গিরিতে গমন করিয়াছিলেন।

লিপির বর্ণনায় বুঝা যায়,—চক্রগুপু যথন দিখিজ্যে বহির্গত হইয়াছিলেন, তথন সেই গুহা এবং লিপি ক্ষোদিত হইয়াছিল। লিপিতে পাটলিপুত্র—গুপ্ত নুপতিগণের রাজধানী বলিয়া উক্ত হইয়াছে: আর সে স্থান তথন পাটলিপুত্রের অধীন বলিয়া বর্ণিত আছে।

ঘাঢ়োয়া লিপির প্রমাণে চক্রগুপ্তের দানের নিদর্শন বিজ্ঞমান। সেখানে চক্রগুপ্ত 'পরম-ভাগবতমহারাজাধিরাজ' বলিয়া অভিহিত। কোনও ধর্ম্মকম্মে দশ দিনার দানের পরিচয় সে লিপিতে প্রাপ্ত হই। লিপি ৮৮ গুপ্তান্দে অর্থাৎ ৪০৭-৮ খৃষ্টান্দে ক্ষোদিত বলিয়া প্রকাশ আছে।

এইরপে, বিবিধ প্রমাণে চক্রপ্তপ্তের অশেষশক্তিমন্তার এবং দানশীলতার পরিচয় প্রাপ্ত হই। ফলতঃ, তথনকার রাজা প্রজাদিগের মঙ্গলের জ্বস্থ—তাহাদিগের বিবিধ কল্যাণ-সাধনে রাজকোষ শৃত্য করিতেন; পরস্ক বিলাস-বাসনে অন্তরাগী ছিলেন না,—প্রাচীন ভারতের নৃপতিবৃদ্দের চরিত্র-চিত্র অঙ্কনে দেই আদর্শই দেখিতে পাই।

পরার্থে উৎস্প্রপ্রাণ ছিলেন তাঁহারা;—তাঁহাদের রাজধন্মের প্রধান অঙ্গ ছিল—
প্রজারঞ্জন; তাই তাঁহাদের প্রতিষ্ঠা ইতিহাসে অঙ্কুগ্গ দেখিতে পাই। তেমন রাজা—তেমন
রাজধর্ম—তেমন আদর্শ—বৃঝি বা কোনও দেশ কথনও দেখে নাই অথবা দেখিবে না।

চক্র ও চক্রপ্তথ্য।

কোনও কোনও লিপিতে কেবলমাত্র 'চক্র' নামের উল্লেখ দেখিতে পাই। কেহ কেহ 'চক্র' এবং চক্রগুপ্ত অভিন্ন সপ্রমাণ করেন; * কেহ আবার উভয়ের স্বাতত্ত্ব সংরক্ষণে প্রয়াসী হন। এই বিরোধের মূল—'মেহারোল' লিপি। 'চক্র' নামক কোনও নূপতির রাজ্য-বিজয়-শ্ররণার্থ ঐ লিপি উৎকীর্ণ হইয়াছিল। তাহা হইতে রাজা চক্র দক্ষিণ-পশ্চিম ভারত বিজয়

[#] ভিজেট মিধ প্রমুধ পণ্ডিতগণ এই মতের পরিপোষক। ভাষারা বলেন,—চক্র-ভণ্ড এবং চক্র অভিন।

উপলক্ষে সিঞ্-নদ অতিক্রম করিয়াছিলেন, বুকিতে পারি। সেই সময় যাহারা চক্রের প্রতিদন্দী হুইয়াছিল,—তাহারা ভিন্ন' জাতি বলিয়া উল্লিখিত।

সিদ্ধানদের সপ্ত-মোহানায় চল্ল বহলাকদিগকে প্রাজিত করিয়াছিলেন। বুহৎ-সংহিতায় এই বহলাক' জাতি উত্তব ভারতের আগবাসা বাল্যা আভাহত। 'বৃহ্ৎ-সংহিতার' মতে তাহারা 'বাল্য' প্রদেশের অধিবাসা। এই বহলাক-ভাতি যদি বিল্য' প্রদেশের অধিবাসা। হয়, তাহা হইলে, চল্ল বাল্য-দেশ জয় করিয়াছিলেন, বুঝা সায়। কয় উদ্ধৃত লিপিতে চল্লের বাল্থ-প্রদেশ গ্রহন্ব কোন্ত নিদ্দান বিভ্যান নাই। প্রভ্রাবশ্যণের তাহ্ সিদ্ধান ভারত প্রদেশে গ্রহন্ব কোন্ত বিদ্ধান কোন্ত আছিল। ভারত আজ্মলে এল্যা ইব্লে, চল্লের নিদ্ধা তাহারা প্রাজ্যত হত্যাছেল।

যাল হটক, বিপিটা প্ৰতক্ষেব লোক থিৱের প্ৰ ক্ষোদত বাল্যা মনে হয়। ভাষাও ওপৰ লিপির ভাষা: অন্যুপ নতে। মেন লিপিতে কয়েকটা জ্ঞাত্য তথ্যের সমাবেশ আছে। লিপিতে কোনও ফশ্লাতা প্রদত্ত হয় নাই। লিপিতে চন্দ্রের নাম স্পষ্টতঃ উল্লোখত আছে। লিপিতে চিন্তাভিন সম্প্রতক্ষ-সন্ধাম্ বাক্য সালাবত আছে। কেবল ভাষাই নহে; লিপে হটতে ব্রিত্র প্রিত্তি ব্যাহিত্ব বাল প্রম্ভাগ্রত; 'তিন বিষুব ধ্যানে নিম্ম ।'

কিন্ত চল- েপের প্রির পিবমভাগ্রত' বাকোব উলোধ না থাকার অনেকে চলের সাহত চল- ওপের অভিয়ল পাচপাদনে প্রায়ুপ হন। আরও, লিপিতে চলের শোলা বাল্য বগনে বলা হতলছে,— 'তাহার বার্যের প্রাপে দক্ষিণ সভ্তের বালু প্রাণ্যত হতত।' চল-ওপ্রের প্রাপে দক্ষিণ সভ্তের বালু প্রাণ্যত হতত।' চল-ওপ্রের প্রাপ্ত বলং মন্দ্-ভপ্তের সম্বন্ধে এই ছালুর সাধিকতা দোখতে পাহা। এবে 'বিজ্ঞান', 'প্রাঞ্জন' প্রভাত শক্ষ সমুদ্ধ ওপ্রের আর্থানত বাল্য ছিল। বিষয় লিপিতে 'ব্যায়' প্রের প্রোণ আছে। হলাও চল ওপ্রের বাল্য-ওপ্রের সহিত চল্লের আভ্যাতা-প্রাত্রান্তর গ্রিপ্রাণ

চলে মেলার নিশ্ব কাল বিচারে বে নিশ্ব কাল—সুখ্য প্রথম শতাধার আরিছেই নিদিট হয়। নিশ্ব স্থাপ তাহারই আবারত বাল্যা সিদ্ধান্তিত হয়। তাপত, চক্রপ্ত অবং চক্র বে আভয়, সে কেরে সে সিদ্ধান্ত অসকত নাই। লিপির আক্ষারক প্রতির তি প্রপ্রকালের অক্ষরানির প্রতির তি ইইতে কিঞ্চিং অতম্ব ইইনেও, উহা ওপ্ত-রাজ্যণের রাজ্বকালের যে উৎকার্ব হয়।ছেল, সে নিদ্ধান্ত উপনাত ইইতে পানি।

কারণ, শুপ্তানগের অক্যান্ত কোপির মধ্যে কোজ-প্রভাবের যে পারচয় প্রাপ্ত হত, জার সে প্রভাবের ফলে, সেত সকল লোপতে বোদ্ধপ্রভাবেনুলক ভাষা ও বর্ণের যে সমাধেশ দোখতে পার্হ, তাহাতে জালোচ্য লোপতে সেই বোদ্ধপ্রভাবের ফলে, সক্ষরের প্রাতিকাত এবং লোপর প্রস্তৃতি যে কথাঞ্চং পারবৃত্তি হয় নাহ, তাহা বলা যায় না।

যাহা হউক, পুৰোক্ত আলোচনায়, আমাদের মতে, ালাপর অন্তর্গত চন্দ্র এবং গুপ্ত-নূপতি চন্দ্র-গুপ্ত বিক্রমাদিতা আভিন্ন ৰাল্যাহ দিন্ধান্তত হন।

* উটার জন্ম এটা ক্রেম এই ক্রিপ্ত ক্ষম শতাক্ষা লোগ বাল্যা উল্লেখ করিয়াকেন। ভাষাদের গবেষণা নিয়ালাখত প্র একে প্রিচুট হ্বৈ। য্থা,— Indian Antiquacy, Vol. XXI, pp. 43-44; Early History of India, p. 275.

চৈনিক পরিব্রাজক ফা-ছিয়েন।

৪০৫-১১ খৃষ্টাব্দে চৈনিক পরিপ্রাক্ষক ফা-হিয়েন ভারত-ভ্রমণে আগমন করেন। প্রাত্মতন্ত্র-বিদ্যাণ বলেন,—তথন দ্বিতীয় চক্র-গুপ্ত ভারতের সিংহাসনে অধিষ্টিত ছিলেন। ফা-হিয়েন তাৎ-কালিক ভারতের নৃপতির নাম উল্লেখ করেন নাই সত্য; তিনি বৌদ্ধধর্মশাস্ত্র আলোচনায় মনো নবেশ করিয়াছিলেন। তিনি ধর্ম্মালোচনায় এমনই নিবিষ্ট ছিলেন যে, সাংসারিক ব্যাপারে আদৌ তিনি মনোনিবেশ করিতে পারেন নাই।

তবে তাঁহার ভ্রমণ-বৃত্তান্তে তাৎকালিক ভারতের সমৃদ্ধি-প্রতিষ্ঠার যথেষ্ট পরিচয় প্রাপ্ত হই। তথনকার বৌদ্ধধর্মের অবস্থাদির বিষয় পরিব্রাজকের বর্ণনা হইতে কিছুই পাওয়া যায় না। তাঁহার সমসাময়িক মূলা এবং লিপি হইতে বৃথিতে পারি,—ভারতের তাৎকালিক সমাট হিন্দু ছিলেন এবং তথন বৌদ্ধ-ধর্মের প্রতিষ্ঠা ক্ষুণ্ণ হইয়াছিল।

তথনও পাটলিপুত্রই গুপ্ত-গণের রাজধানী ছিল। তথনও পাটলিপুত্রের সমৃদ্ধি গৌরবের পরিসীমা ছিল; আর মগণ তথন ঐশ্বর্যা-গৌরবে প্রতিষ্ঠার উচ্চ-চূড়ায় সমাসীন হইয়াছিল। কিন্তু সমৃদ্র-গুপ্তের দিগ্রিজয়ের পর, সামাজ্য-বৃদ্ধির সঙ্গে সঙ্গে, রাজধানী পরিবর্তনেরও আবিশ্রুক হইয়াছিল।

পূর্ব-সীমান্তে পাটিলিপুত্র। এত দূর সীমান্ত হইতে বিশাল সামাজ্যের স্থাসন-স্থপালন স্পূজালায় সম্পন্ন হওয়া সম্থবপর নহে; তাই গুপ্ত-সাম্রাজ্যের রাজ্ঞগানী অযোধ্যায় স্থানান্তরিত হয় । সমুদ্র-গুপ্তর সময় হইতেই রাজ্ঞ্যানী স্থানান্তরিত হইয়াছিল। সমুদ্র-গুপ্ত অযোধ্যায় 'টাকশাল' স্থাপন করিয়াছিলেন,—মৃদ্রাদি হইতে সপ্রমাণ হয়। প্রত্নতত্ববিদ্যাণ বলেন,— সেই টাকশালে রৌপ্য-মুদ্রা প্রস্তুত হইত।

রাজধানী স্থানাস্তরিত হইলেও তথনও পাটলিপুত্র ঐশ্বর্য-সম্পাদে গরীয়ান ছিল। তথনও গুপ্ত-সম্রাট সময় সময় সে রাজধানীতে অবস্থান করিতেন। সমুদ্র-গুপ্ত এবং চন্দ্র-গুপ্ত বিক্রমাদিত্য অণিকাংশ সময় অযোধ্যায় থাকিতেন বটে; কিন্তু পাটলিপুত্র রাজধানীর শ্রেষ্ঠিত তথনও অক্ষুধ্ন ছিল। পরবর্ত্তিকালে, পরিব্রাজক হয়েন সাং (৬৪০ খৃষ্টান্দে) পাটলিপুত্রের ভগ্নাবশেষ মাত্র দর্শন করিয়াছিলেন। তখন পাটলিপুত্র অতি ক্ষুদ্র গণ্ডীতে সীমাবদ্ধ। তথন লোক-সংখ্যা এক সহস্রের অধিক নহে।

হর্ষবর্দ্ধনের রাজস্বকালেও পাটলিপুত্রের পূর্ববগৌরব প্রতিষ্ঠার কোনও প্রয়াস হয় নাই। তাঁহার রাজস্বকালে অযোধ্যাও পরিত্যক্ত হইয়াছিল। তিনি কনৌজে রাজধানী স্থাপন করিয়াছিলেন। পাল-বংশের রাজ্বা-ধর্মপালের রাজস্বকালে পাটলিপুত্র-নগরের সংস্কার-সাধনের প্রয়াস হইয়াছিল বটে; কিন্তু তাহাও অধিক দিন স্থায়ী হয় নাই।

যাহা হউক, ফা-হিয়ান প্রায় ছয় বৎসর ভারতে অবস্থান করিয়াছিলেন। সেই সময় তাঁহার ভ্রমণ-বৃত্তান্তে চক্র-গুপ্তের সাজত্ব-কালের কিছু কিছু পরিচয় প্রাপ্ত হওয়া যায়। চক্র-গুপ্ত বিক্রমাদিত্য প্রকারঞ্জক ছিলেন, তিনি প্রক্রাপ্তকের ধন-সমৃদ্ধির সহায়তা করিতেন,—পরিব্রাজকের গ্রন্থে সে নিদর্শন বিভ্রমান।

প্রথম বার ফা-হিয়ান যথন ভারতে আগমন করেন, তথন অশোকের প্রাসাদ প্রভৃতি দর্শনে

পরিব্রাজক বিশ্বর-বিমুগ্ধ হইয়াছিলেন। তথন নগরীর নির্ম্মাণ-কৌশল দর্শনে ফা-হিয়ানের মনে এক অস্তৃত ধারণা জন্মিয়াছিল। সে নগর যে মাসুষের নির্ম্মিত নহে—তথন তিনি তাহাই ব্রিতে পারিয়াছিলেন। তাঁহার বিশ্বাস—সে নগর দেবতার নির্মিত।

তথন পাটলিপুত্র ছইটা স্থবৃহৎ বিহার ছিল। তাহার একটাতে 'মহাযান' এবং অপরটাতে 'হীনযান' সম্প্রদায়ের বৌদ্ধগণ বাস করিতেন। ফা-হিয়ান সেখানে তিন বৎসর অতিবাহিত করেন। তিন বৎসরে সংস্কৃত শিক্ষায় পারদর্শিতা লাভ করিয়া, তিনি বৌদ্ধগ্রন্থ-সমূহ অধ্যয়নে এবং বৌদ্ধগ্রন্থশান্ত-সংগ্রহে প্রবৃত্ত হন। তখন প্রতি বৎসর গীত-বাত্ত সহযোগে শোভাযাত্রা বাহির হইত। ফা-হিয়ান সে সকল শোভাযাত্রা-দর্শনে বিশেষ পরিতৃপ্ত ইইয়াছিলেন। স্থদেশে প্রত্যাবৃত্ত হইয়া ফা-হিয়ান তদ্বিয় আপনার ভ্রমণ-বৃত্তান্ত সম্মিবিষ্ট করেন।

কা-হিয়ানের বর্ণনায় মগণ-সামাজ্যের অশেষ শ্রীসম্পাদের পরিচয় লিপিবদ্ধ আছে। ফা-হিয়ান তথন মগ্রধকে 'মধ্য-ভারত' বা 'মধ্য-রাজ্য' বলিয়া অভিহিত করিয়াছিলেন। তাঁহার বর্ণনায় প্রকাশ,—তথন জনহিতকর প্রতিষ্ঠান-সমূহে মগধ-রাজ্য পূর্ণ ছিল। কোথাও ধর্মাশালা বিভামান,—সেথানে পরিব্রাক্ত কলিগেব বাসস্থানাদির ব্যবস্থা ছিল; কোথাও দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠিত,—অসংখ্য পীড়িলের ঔষধদাদির ও চিকিৎসার ব্যবস্থা হইত। ৯ কোথাও অল্লসত্র, কোথাও জলসত্র প্রভৃতি—ত্যার্ত্তর আর্থি-নিবারণে নিযুক্ত ছিল।

সিন্ধ-নদীর তীর হইতে সথ্রাভিমুখে গমনকালে, প্রায় পাঁচ শত মাইল পরিমিত পথে, ফা-হিয়ান প্রায় কৃড়িটী বৌদ্ধ-বিহার দর্শন করিয়াছিলেন। তথনও সেই অঞ্চলে বৌদ্ধ-ধর্মের প্রভাব পূর্ণক্রে বিশ্বমান ছিল।

মথুরার দক্ষিণ দিকে মালব-রাজ্য। মালব-রাজ্যে প্রবেশ করিলে পরিব্রাজকের কৌতূহল অধিকতর বৃদ্ধি-প্রাপ্ত হয়। জনসাধারণের পরিমিতব্যয়িতায় তিনি চমৎকৃত হন। মালবের জলবায়ু মনোরম। মালবের অনিবাসিগণ সকলেই স্থণী এবং সমৃদ্ধ।

পরিপ্রাক্তক ফা-হিয়ান মালনের শাসন-তন্ত্র সম্বন্ধে যে ভাব ব্যক্ত করিয়াছেন, তাহা এক আদর্শ সভ্যতার নিদর্শন। চীনদেশের শাসন-প্রণালীর সহিত তুলনায় তিনি বলিয়াছেন,—মালবের অধিবাসীদিগকে তাহাদের ঘরবাড়ী রেজেষ্টারী করিতে হয় না অথবা বিচারকের নিক্টও তাহারা বিরোধ-মীমাংসার জভ্য গমন করে না। তীর্থবাত্রীদিগকে ছাড়পত্র (Passport) লইয়া গমনাগমন করিবার আবশ্যক হয় না। স্বাধীন ইচ্ছামত তাহারা গমন করিতে পারে। চীন-দেশের প্রথার অপেক্ষা ভারতের ফৌজনারী বিধি তাদৃশ কঠোর নহে। ফাঁসী দেওয়া

* ফা-ভিয়ানের অন্ধ-বৃদ্ধান্তের যে ইংরেজী অনুবাদ প্রচলিত আছে, ভাষাতে এই দাভবা চিকিৎসালয় সংক্রাক্ত নিয়লিখিত উজি দেখিতে পাই. —

"Hither come". We are told, "all poor and helpless patients suffering from all kinds of infirmities. They are well taken care of and a doctor attends them; food and medicine being supplied according to their wants. Thus they are made quite comfortable, and when they are well, they may go away."—Travels, Chapter XXVII, Giles's version.

ভারতবাসী জানে না। রাজদ্রোহীর দক্ষিণ হস্ত কর্ত্তন করা হয় বটে; কিন্তু সে দৃষ্টান্তও অতি বিরল। স্বল্ল অপবাধের জবিমানাই প্রধান দণ্ড।

বাজার থাসমহল হইতেই কেবল রাজ্য সংগৃহীত হয়। রাজকীয় কর্মচারিগণ রাজকোষ হতে নির্দিষ্ট হারে বেতন প্রাপ্ত হন। কিন্তু সেজন্ম সাধারণকে করজাবে প্রাপ্তিত হইতে হয় না। গাঁহাবা রাজকীয় ভূমি কর্মণ করে, তাহারা উৎপদ-শন্তের নির্দিষ্ট অংশ রাজকর স্থানপ্তিদান করিয়া থাকে। ক্ষাণগণ ইচ্ছা কবিলেই সে রাজকীয় ভূমি পরিত্যাগ করিয়া অন্যত্র নিলিয় যাইতে পারে। সে জন্ম তাহাদেন কোনও বাধ্যবাধকতা নাই।

তকৈ হিসাবে রাজা জনসাধাবণের কিয়াকর্মে হস্তক্ষেপ করেন না। রাজ্যের স্থিতিই খোঁছাৰ সভন। নগৰ বা প্লীর প্রধানগণ রাজ্কর সংগ্রহ করিয়া রাজ্কোমে প্রদান করেন। তক্তির বাজাৰ বিশেষ কোনও ব্যবস্থার প্রয়োজন হয় না। কর স্থানায়ে শৈথিজ্য করিলেই লাফানতে দণ্ডিক হসতে হয়। এক হিসাবে আয়হশাস্ন ক্রিটে আছা ক্রায়, তথ্ন ভাবতে স্থেতিকপ্রশাসন-প্রথালীই প্রেলিড।

ভথন ভারতে প্রাণিহতা ছিল না। অভ্যা প্রিবাজকের তাহা চ্প্রিগ্রির হয় নাই। কসাই ছিল না, শকর বা মোরগ ক্ষ-বিক্রা হলত না। তথন হাদক লগা বা হজ-বাবসা্ধী ভাসতের কোনত প্রেমেট প্রিবাজকের ন্যন্ত্রে প্রিক্তিয় হয় নাই। গ্রহণ্লিত প্রথন জ্যু-বিক্যুত ত্থন প্রেমিজ ছিল না। চঙাল গণ তথন শ্রাক্রায়-ব্যাসায়ী ছিল। মংগোদি তাহারাই বিক্রু করিত।

পরিবাজকের বর্ণায় প্রকাশ, তথ্য ভাবতে দ্যোভয় ছিল মা। বাজা জনতিকর জন্ধানে সর্কলা মনোযোগী থাকিতেন। সাধাবণের উর্তিকর স্থাসন্দ্যিগাদক সকল ব্যবস্থাই জনসাধাবণের উপর লক্ষ ছিল। পরিবাজকের বর্ণায় প্রকাশ,—চকুওও বিক্রমাদিতোর রাজত্বকালে ভারতে যেমন স্থাসন-স্থালনের ব্যবসা ছিল, তেমন আন্দ্র শাসন-প্রালী কল্পায়ও জান পায় মা। বৌদ্ধ এবং জৈন প্রের্থার সমৃদ্ধির দিনে, সৌদ্ধ ও জিন-প্র্যাবল্যীর রাজা যেমন ভিল প্র্যাবল্যীর প্রতি আন্যাবল উৎপীত্র কবিছেন: বাংলা চক্তপ্রথ বিক্রমাদিক ক্ষোন্ত্রণ প্রভাবপ্রথ বিক্রমাদিক ক্ষোন্ত্রণ বাংলাক প্রতিবাস্থিত বিক্রমাদের প্রতিবাসক হিল্প ভারতির স্মদর্শন ওবে ভিন্নপ্রাবল্যীকে ক্ষোন্ত্রপ্র বিক্রমাদিক স্থানিক স্থ

তখন কয়-বিক্রমে কে ড়ি বাবজন হলৈ। পরিরাজক স্বর্থিন দেখন নাই। তাহাতে জাং কে মনে করেন.—তখন কোনকপ ম্দার প্রচলন ছিল না। কিন্তু বক্সতঃ তাহা নহে। স্থা পরিমাণ দেবা ক্রম্বিক্রে স্বর্থিনার আবশ্যক হয় নাই বলিয়াই পরিরাজকের এই সিদ্ধান। নচেৎ, সম্দ-ভংপের সময় হইতেই আরতে মুদ্রালয় 'টাকশাল' প্রভৃতি প্রতিফিত ছিল। তাহাব বক পুর্বেও—প্রথম কাড্ফাইসেস ও কনিক্ষাদির রাজ্য-কাল হইতেই টাকশালে মৃদ্রান্থনের বাব্তা হইয়াছিল।

* এ সম্পদ্ধ ইতিহাসিক বলেন - "It is abundantly proved by the literature of the Hindus, and by the testimony of Greek and Chinese travellers that the system of acticultural slavery, which prevalled in Europe in the Middle Ages, was never known in India,"—R. C. Dutt, Civilisation in Ancient India, II, P. 56,

বৌদ্ধ-বিহারাদিতে এবং হিন্দ্র প্রতিষ্ঠান-সমূহে রাজার দানের অবধি ছিল না—পরিব্রাজকের বর্ণনায় সে দৃষ্টাস্তও দেখিতে পাই। প্রতি রাজার বাজ ফকালে ক্যোদিত দলিলাদি প্রদান করা ছইত। পরবর্ণিণ তাহার বিক্দাচরণে সাহসী হইতেন না।

পাজকর্মাচারীর পরিচয়।

ভারত-সমাজ্যের শাসন-সংরক্ষণ-বাবস্থায় যে সকল উপায়-পরম্পরা নির্দিষ্ট হইয়াছিল, মুদ্রাদিতে তাহার কিঞ্চিং আভাস প্রাপ্ত হই। 'বসাড়' বা বৈশালীব খনন-কালে ডক্টর ব্লক চক্র-গুপের রাজস্বকালের কতকগুলি মৃংনির্দ্মিত শিলমোহর প্রাপ্ত হইয়াছিলেন। তন্মধ্যে 'মহারাজাধিরাজ শ্রী-চক্র-গুপের' সহধর্মিনী 'মহাদেনী-শ্রী-গুরুস্থামিনীর' নামান্ধিত কতকগুলি মুদার সন্ধান পাওয়া যায়। *

্রী সকল মূদার শুপ্র-ন্পতিগণের কতকগুলি কর্মানারীর পরিচয় প্রাপ্ত হই। সে পরিচয়ে বুকিতে পারি—তথন স্থাসন-স্থপালন জন্য বিশিষ্ট বিজ্ঞ কর্মানারী দায়িত্র পূর্ণ বিশেষ বিশেষ পদে ভাষিষ্ঠিত ছিলেন।

ত্মাপো একজন কর্মচারীব নাম—'কুমারামাতাাধিকরণ।' তিনি গ্ররাজের মন্তিগণের মধ্যে প্রধান। তিনি 'গ্ররাজ' নামেও 'ঘভিহিত হুইতেন। স্তত্ত্বাং বঝা যায়,—রাজ্যের উত্তবাধিকাৰী—সচরাচর 'গ্ররাজ' নামে 'অভিহিত হন নাই। তিনি আবার কখনও কখনও 'ভটারক' বলিয়াও অভিহিত হুইয়াছেন।

ভার একজন কর্ম্মচানীর 'বলাধিকবণ' উপাধি ছিল। তিনি সৈন্তাধাক্ষগণের প্রধান স্থানীয়। এক হিসাবে তাঁহাকে 'প্রধান সেনাপতি' বলা বাইতে পারে। তাঁহারও 'যুবরাজ' এবং 'ভটারক' উপাধির পরিদয় পাই।

'রণলা গুরাধিকরণ' নামে আব একজন কর্মাচাবীর পরিচয় সেই শিলমোহর হইতে প্রাপ্ত হই। তিনি সমন-বিভাগের বাজকোষের প্রধান অধ্যক। তদ্বির 'দণ্ডপাশাধিকরণ'—পুলিশের প্রধান অধ্যক। বিনয়াস্ত্রব (মহাপ্রতিহাব) এবং তরভর প্রভৃতির কোনও পরিচয় নাই। 'মহাদণ্ডনায়ক'—প্রধান বিচারপতি প্রভৃতি। এতদ্বি যুবরাজের প্রধান মন্ত্রী, বৈশালীর প্রধান কর্মাচারী, তিরাভৃত্তির প্রধান দণ্ডনায়ক প্রভৃতি বিনিধ কর্মাচারীর পরিচয় প্রাপ্ত হই। মুদাদিতে আর সে সকল কর্মাচারীব নামোল্লেখ আছে, তাঁহাদের কোনও পরিচয় পাওয়া যায় না।

উদনকৃপ নামক জনপদের শাসন-প্রণালী অত্যক্ষপ ছিল। সেই জনপদ পরিষদ' কর্তৃক শাসিত হইত। এখন যেমন পিঞ্চায়ত ইউনিয়ন', উদন-কৃপ জনপদের শাসক-সম্প্রদায় তাহারই অনুক্রপ। ইহাতে স্বায়ত্ত-শাসনের ভাব মনে আসে। সাধারণের নির্বাচিত প্রতিনিধিগণ

* অনেকে গোবিন্দ-শুপু এব কুমার শুপু অভিন প্রকিপন্ন করেন। কিন্ত ভাচা সমীচীন নচে। বংশলভার গোবিন্দ-শুপু — কুমার-শুপ্তেব ভাতৃত্বানীর। তিনি বৈশালীর শাসনকর্তা ছিলেন। ভাচার নামের সহিত্ত 'মহারাজা' উপাধি সংযুক্ত দেখি। তিনি রাজপুর ছিলেন। সম্ভবতঃ 'রাজপুর' তথন 'মহারাজা' এবং রাজা
'সহারাজাখিবাজা' ব্লিয়া অভিহিত হইতেন।

ঐ জনপদ শাসন করিতেন;—গুণ্ড-সম্রাট দে শাসন-পরিষদের কার্য্য-কলাপে কোনপ্রকার হস্তক্ষেপ করিতেন না;—পরিব্রাজ্ঞকের বর্ণনায় তাহা স্পষ্টতঃ উল্লিখিত হইয়াছে। •

পরিব্রাজক ফা-হিয়ান কিছু কাল সিংহলে অবস্থান করিয়া, যবদ্বীপে গমন করেন। সেখানে তথন রাহ্মণ্য-প্রভাব পূর্ণ-প্রতিষ্ঠিত। হিন্দু-ধর্মের 'গোঁড়ামিতে' তখন সেই দ্বীপ পরিপূর্ণ। পাচ মাদ যব-দ্বীপে অবস্থান করিয়া পরিব্রাজক স্বদেশাভিমুথে যাত্রা করেন।

পরিব্রাজকের স্বদেশ-গমনকালে এক তর্ঘটনা সংঘটিত হয়। যে পোতে তিনি গমন করিতেছিলেন, সেই পোতের অধ্যক্ষ তাঁহার প্রাণবধের প্রয়াস পান। সে উপাধ্যান এই.—

নব-দীপে পাঁচ মাস অবস্থানের পর ফা-হিয়ান স্বদেশে যাত্রা করেন। তিনি যে অর্ণবিপোতে গমন করিছেছিলেন, সেই পোতে প্রায় ছই শত চালক ছিল। তাহারা পঞ্চাশ দিনের উপযোগী আহার্য্য সঙ্গে লইয়াছিল। এক মাস সমুদ্র পথে চলিবার পর বিষম ঝটিকাবর্ত্তে পোত বিপর্যন্ত হয়। তথন জাহাজের কোনও এক ব্রাহ্মণ যাত্রী পরিরাজককে উদ্দেশ করিয়া কাপ্তেনকে ব্র্থাইলেন,—'জাহাজে ঐ যে একজন শ্রমণ রহিয়াছে, ঐ শ্রমণই আমাদের যত ছুর্ভাগ্যের মল। স্মত্রাং এই শ্রমণকৈ নিকটবর্ত্ত্রী কোনও দ্বীপে নামাইয়া দেওয়া হউক। এই শ্রমণের সঙ্গ পরিহার করিছে পারিলেই আমাদের সৌভাগ্যের উদয় হইবে। একজনের জন্ম আমরা সকলে মরিব কেন ?'

কাপেন বনিলেন। শ্রমণকে নামাইয়া দিবার ব্যবস্থা হইতে লাগিল। কিন্তু সেই অবস্থায় জ্যাহাজের কয়েকজন যাত্রী তাহার প্রতিবাদ করিলেন। তাঁহারা বিশেষভাবে বাধা দিতে লাগিলেন এবং পরিব্রাজকের রক্ষা-কার্য্যে নিযুক্ত হইলেন। প্রায় বিরাণী দিন পরে পোতখানি চীনের দক্ষিণ উপকূলে যাইয়া পৌছিল। এইরূপে পরিবাজকের জীবন রক্ষা হইল।

নদার পরিচয়।

চন্দ্ৰ-গুপ বিক্রমাদিত্যের রাজস্বকালে বহু প্রকারের মুদা প্রচলিত হইয়াছিল। তাহার জ্বনেকগুলিতে মৌলিকতার আভাদ পাওয়া যায়। তাঁহার রাজস্ব-কালে যে সকল মুদা প্রবর্ত্তিত হইয়াছিল, তাহার এক দিকে পদ্মোপরি উপবিষ্ট দেবী-মূর্ত্তি অঙ্কিত ছিল। তৎপূর্ব্বে সিংহাসনো-পরি অধিষ্ঠিত দেবীমূর্ত্তি অঙ্কিত হইত।

এতদ্বিন কোনটার উপরিভাগে পালস্ক, কোনটায় উপরিভাগে ছত্র অন্ধিত ছিল। অনুসন্ধিৎ-স্তগণ এই চুই শ্রেণীকেই মৌলিক বলিয়া গ্রহণ করেন। চন্দ্র-গুপ্ত আর এক শ্রেণীর মূলা প্রবির্ত্তন করিয়াছিলেন। তাহার এক দিকে 'ঘোড়শোয়ার' অন্ধিত ছিল।

সমৃদ্-গুপ্তের অধিকাংশ মূদ্রায় তাঁহার প্রতিমৃর্ত্তির সহিত ব্যাদ্রমূর্ত্তি অন্ধিত হয়। তিনি ষেন সেই ব্যাদ্রের সহিত ফুদ্ধে প্রবৃত্ত, মূর্ত্তি-দৃষ্টে তাহাই উপলব্ধি হইত। সেই ভাবেই তাহার নিমদেশে গাণা উৎকীর্ণ ছিল।

চন্দ্র-গুপ্ত, পিতার এই আদর্শের পরিবর্ত্তন-সাধন করেন। তাঁহার মূদ্রার ব্যাছের পরিবর্ত্তে

* Cf. Vogel's account of the State officials of Chamba in the Antiquities of Chamba State, Vol. I. pp. 120-136.

সিংহের মূর্ত্তি স্থানলাভ করে; আর তত্ত্পযোগী গাথা তাহাতে উৎকীর্ণ হয়। চক্রপ্তপ্ত যেন সেই সিংহের সহিত যুদ্ধে প্রবৃত্ত—সিংহমূর্ত্তি এমনিভাবে অন্ধিত হইয়াছিল।

এইরপে আমরা চক্রগুপ্তেম রাজতে চতুর্বিধ মূদ্রার পরিচয় পাই। (১) পালঙ্ক অঙ্কিত মূদ্রা, (২) ছত্র অঙ্কিত মূদ্রা, (৩) বোড়শোয়ার অঙ্কিত মূদ্রা, এবং (৪) সিংহের সহিত যুদ্ধমূলক মূর্ত্তি অঙ্কিত মূদ্রা। এই চতুর্বিধ মূদ্রাই দিতীয় চক্র-গুপ্তের রাজত্ব-কালে প্রচলিত ছিল।

পঞ্চিতগণ বলেন,— চক্রগুপ্তের রাজত্ব-কালেই তাম এবং রৌপ্য-মূদ্রা প্রস্তুত হইতে আরস্ত হয়। তাঁহার লোকাস্করের পর প্রথম কুমার-গুপ্তের এবং স্কন্দ-গুপ্তের রাজত্ব-কালে বাহুল্য-রূপে পূর্ব্বোক্ত দ্বিবিধ মূদ্রা প্রবর্ত্তিত হইয়াছিল।

চন্দ্র-গুপ্ত বিক্রমাদিত্যের পর তাঁহার পুত্র কুমার-গুপ্ত সিংহাসনে অধিরোহণ করেন। কুমার-গুপ্তের সিংহাসন-প্রাপ্তির কাল ৪১৩ অথবা ৪১১ খুটান্দে নির্দিষ্ট হয়। স্ক্তরাং চন্দ্র-গুপ্ত বিক্রমাদিত্য ঐ সময়েই লোকাস্তর গমন করিয়াছিলেন।

চক্রপ্তপ্ত বিক্রমাদিত্যের রাজ্য-কালেও প্তপ্ত সামাজ্যের যশোগৌরবে দিগস্থ মুথরিত হুইয়াছিল। তথনও বিভিন্নমুখী উন্নতিতে ভারতের প্রতিষ্ঠার অবধি ছিল না।

মহাকবি কালিদাস।

চন্দ্র-গুপ্তের প্রসঙ্গে ক। নিদাসের প্রসঙ্গ আসিয়া পড়ে। কালিদাস বিক্রমাদিত্যের 'নবরত্নের' একতম ছিলেন, সর্বাত্র দেখিতে পাই। কিন্তু এই কালিদাসই বা কে আর বিক্রমাদিত্য বা কে, তৎসম্বন্ধে নানা মতভেদ আছে।

বিক্রমাদিত্য নামে ভারতে একাধিক নূপতির পরিচয় পাই। কাশ্মারে এক বিক্রমাদিত্য রাজত করিতেন,—'রাজতরঙ্গিণীতে' তাহার উদ্ধেথ দেখি। আবার উজ্জয়িনীতে এক বিক্রমাদিত্য রাজত্ব করিতেন, তিনি কারুরের মুদ্ধে শক্দিগকে বিত্যাভূত করেন,—দে পরিচয়ও ইতিহাসের অঙ্কে স্থান পাইয়া আছে। এদিকে আবার গুপ্ত-বংশেও একাধিক বিক্রমাদিত্যের পরিচয় পাই। দিতীয় চক্র-শুপ্ত 'বিক্রমাদিত্য' উপাধি লাভ করিয়াছিলেন; আবার পুর-গুপ্তও 'বিক্রমাদিত্য' বলিয়া অভিহিত হইতেন।

এইরূপে ভারতের ইতিহাসে আমরা চারি জন বিক্রমাদিত্যের পরিচয় পাইলাম। 'নবরত্ন' ইহাদের কোন্ বিক্রমাদিভ্যের রাজ্যভা সমলস্কৃত করিতেন,—ইহাই প্রধান বিচার্য্য।

পুরাবৃত্তের আলোচনায় প্রতিপন্ন হয়,—কাশ্মারের বিক্রমাদিত্য এবং শকারি বিক্রমাদিত্য খুষ্টার শতাকার প্রথম ভাগে বিশ্বমান ছিলেন। আর গুপ্ত-বংশে থাহারা 'বিক্রমাদিত্য' নামে প্রথমাত হইয়াছিলেন, তাঁছাদের বিশ্বমান-কাল—খুষ্টায় চতুর্থ ও পঞ্চন শতাকা। স্থতরাং কোন্ বিক্রমাদিত্যের রাজ্ত্ব-কালে, কোন্ সময়ে কালিদাস কোন্ রাজার সভাসদ ছিলেন,—তাহা নির্গি করা ছংসাধ্য।

এ ক্ষেত্রে যদি আমরা কালিদাদের বিজ্ঞমান-কাল স্থির কবিতে পারি, তাহা হইলে সমস্তা-সমাধানের পথ কতকটা প্রশস্ত হইতে পারে। তাই প্রথমে কালিদাদের কাল-নিদ্দেশ-ক্রমে এই বিরোধীয় বিষয়ের মীমাংসায় অগ্রসর হওয়াই প্রয়োজন মনে করি। কালিদাসের কাল-নিরপণে নানা সমস্থার অবতারণা দেখিতে পাই। সে সমস্থা-জাল উদ্ভিন্ন করিয়া প্রকৃত তথ্য-নির্ণয়ে সমর্থ হওয়া প্রথম-দৃষ্টিতে বিশেষ আয়াস-সাধ্য বলিয়াই প্রতীত হয়। সেই জন্ত অন্ত-কালের তুলনায় জগ্রসর হওয়াই সমীচীন বলিয়া মনে করি।

বাণের 'হর্ষচরিতে' এবং আইহোড় লিপিতে 'কালিদাসের' নাম দেখিয়া এক শ্রেণীর পণ্ডিত খৃষ্টীয় সপ্তম শতান্দীতে কালিদাসের সময় নির্দেশ করেন। কিন্তু কালিদাস এবং কামন্দকীর তুলনায় কালিদাসের কাল খৃষ্টীয় পঞ্চম শতান্দীতে নির্দিষ্ট হয়।

রঘুবংশের নবম সর্গে কালিদাস শিকারের বিষয় বর্ণন করিয়াছেন। গতিনিশিষ্ট সামগ্রী শিকারের স্থবিধার বিষয় বর্ণন-ব্যপ্রদেশে কালিদাস কহিতেছেন,—

"পরিচয়ং চললক্ষ্যনিপাতনে ভয়ক্রযোশ্চ তদিঙ্গিতভেদনম্। শ্রমজয়ং প্রাপ্তণং চ করোত্যসৌ তর্মতোংগ্লমতঃ স্চিবৈযয়ে।" অভিজ্ঞান-শকুস্তলের দ্বিতীয় অন্ধ্রেও অন্ধুরূপ উক্তি দেখিতে পার্চ। সে উক্তি; যথা,—

"মেদক্ষেদক্ষশোদরং লঘু ভবত্বাথানযোগ্যং বথ্ঃ।
সন্ত্রানামপিলক্ষ্যতে বিক্রতিমচ্ছিত্তং' ভরক্রোপর্যাঃ।
উৎকর্ষঃ স চ ধরিনাং যদিববঃ সিদ্ধন্তি লক্ষ্যে চলে
মিথ্যা হি ব্যসনং বদন্তি মৃগয়ামীদুগ্বিনোদঃ কৃতঃ হি॥'

উদ্ধৃত শ্লোকষয় ইইতে বুনিতে পারি,—কালিদাস ধমুনিবভার এবং লক্ষ্যভেদের ও মৃগয়ান পক্ষপাতী ছিলেন। ম্যাদি-সংহিতা-শাস্ত্রে মৃগয়া প্রভৃতি পাপকাষ্য মধ্যে পরিগণিত। কিজ্ ভাহা হুইলেও কালিদাস ম্যাদির বিরুদ্ধ-মতই পরিগ্রহণ ক্রিয়াছেন।

এদিকে 'কামন্দকীয় নীতিসারে' ভিন্ন মত দেখিতে পাই। কামন্দকী শিকারের গুণবর্ণন করিয়াছেন বটে; কিন্তু প্রাণিহত্যা কে পাপজনক এবং নিধিদ্ধ, সে ভাবও তিনি প্রকাশ করিয়াছেন। গতিশাল বস্তুর শিকারে ব্যায়াম হয়, অজীব নষ্ট হয়, শরীরের স্থলতা কমিয়া বায়, এবং পরিশ্রমে অবসাদ জন্মে না। এতংসম্বন্ধে 'কামন্দকীয় নীতিসার' হইতে নিমে কয়েক ছত্র উদ্ধৃত করিতেছি; বথা,—

''জিতশ্রমত্বং ব্যায়াম আমমেদককক্ষয়ঃ। চরান্থরেষু লক্ষ্যেষু বাণসিজিরন্থত্তমা ॥

মৃগয়ায়াং গুণানেতানাছরত্তে ন তৎ ক্ষম্। দোষাঃ প্রাণহরাঃ প্রায়ত্তমাত্ত্বসনম্ মহৎ।''
কালিদাসের এবং কামন্দকীর তুলনায় একই সিদ্ধান্তে উপনীত হঠ। উভয়ে একই ভাবে
শিকারের গুণবর্গন করিয়াছেন। কিন্তু কালিদাসের মন্তব্যের সমালোচনার ভাব নীতিসারে
উপলব্ধ হয়। কামন্দকীর উক্তি হইতে বুঝিতে পারি,—তাহার সময়ে কালিদাসের শিকারসম্পর্কীয় মন্তব্য আবালবৃদ্ধবনিতা সকলেই বিশেষ সমাদরে গ্রহণ করিয়াছিল; আর কামন্দকী,
কালিদাসের প্রতিবাদে সাধারণকে নিরস্ত করিবার প্রয়াস পাইয়াছিলেন।

যদি তাহাই হয়, তাহা হইলে কালিদাসের বিজ্ঞমান-কাল-নির্ণয়ের একটা স্ত্র পাওয়া যাইতে পারে। কামন্দকীর কাল যদি স্থিন নির্ণয় হয়, তাহা হইলে কালিদাসের কাল-নির্ণয়ের পথও স্থান হইয়া আসে। কামন্দকীর কাল সম্বন্ধে হুইটা স্ত্রের সন্ধান পাই। সেই হুইটা স্ত্র,—প্রথম—'উৎপলের টাকা' এবং দ্বিতীয়—'বামনের কাব্যালঙ্কারস্ত্রবৃত্তি।'

উৎপল—বৃহৎ-সংহিতার টীকা রচনা করিয়াছিলেন। সেই টীকার কাল—৮৮৮ শকাল অর্থাৎ ৯৬৬-৬৭ খৃষ্টাল নির্দিষ্ট হয়। সেই টীকায় উৎপল, কামলকীয় নীতিসার হইতে কয়েকটা শ্লোক উন্ধত করিয়াছিলেন।

'কাব্যালন্ধারস্ত্রবৃত্তি' গ্রন্থে বামন 'কামন্দকীয় নীতিসার' হইতে ''কামং কামন্দকী নীতিরস্তা রস্তা দিবানিশম্' বাক্য উদ্ধার করিয়াছিলেন। বামন ৮০০ খৃষ্টাব্দে বর্ত্তমান ছিলেন সিদ্ধান্তিত হয়। *

এতদ্বিন, ভবভূতি তাঁহার 'মালতীমাধবে' কামন্দকী নামে এক কুটরাজনীতিক রমণীর উল্লেখ করিয়াছেন। ভবভূতি যে মহিলার বিষয় লিপিবদ্ধ করিয়াছেন, সে মহিলা তাঁহার সমসময়ে থিজমান ছিলেন, অহুমান করা অসঙ্গত নহে। তথন কামন্দকীয় রাজনীতি, রাজনৈতিক ধ্যবস্থায় বিশেষ সমাদৃত ছিল। ভবভূতি তাহার নাম অবশুই অবগত ছিলেন। ৭০০ খুই।ক্ষে ভবভূতির বিজ্ঞমানতা তিরীক্ষত হয়।

জিদিকে জাবার কামন্দকীয় নীতিসারে কতকগুলি রাজার নাম প্রাপ্ত হই। তাঁহাদের কেহ ষড়বপ্রের ফলে, কেছ বা বিষপ্রয়োগে নিহত হন (৫১-৫৪ শ্লোক)। 'বরাহমিহির' নে সকল রাজার নাম করিয়াছেন, নীতিসারেও তাঁহাদের নাম দেখিতে পাই; যথা,—

''শস্ত্রেণ বেণী বিনিশুহিতেন বিদূর্থং স্বমহিষী জ্বান।''—বরাহমিহির।

''বেণ্টাং শস্ত্রং সমাধায় তথা চাপি বিদূরথম্ণ।''—কামলকীয় নীতিসার।

তাই মনে হয়, বরাহমিহির 'কামন্দকীয় নীতিসার' হইতেই পূর্ব্বোক্ত নূপতিগণের নাম খ্রাপ্ত হইয়াছিলেন। কারণ, বরাহমিহিরের গ্রন্থে 'নীতিসার' উদ্ধৃত হইয়াছে; কিন্তু নীতিসারে 'বরাহমিহিরের' বৃহৎসংহিতার বা বরাহমিহিরের নাম-মাত্র পরিদৃষ্ট হয় না। তাই কামন্দকী বরাহমিহিরের পূর্ববন্তী বলিয়াই সিদ্ধান্ত হন। স্ক্তরাং 'কামন্দকীয় নীতিসার' যে বৃহৎসংহিতা অপেকা অনেক প্রাচীন, তাহাতে সন্দেহ নাই।

সে হিসাবে সপ্তম শতাব্দীরও পূর্বেক কামন্দকীর কাল নির্দেশ করিতে পারি। আর কামন্দকীর কাল সপ্তম শতাব্দীর পূর্বে ষষ্ঠ শতাব্দীতে নির্দিষ্ট হইলে, কালিদাসের কাল সে হিসাবে গঞ্চম শতাব্দীর প্রথম ভাগে নির্দেশ করা অসঙ্গত বলিয়া মনে করি না।

এখন পঞ্চম শতান্ধার প্রথমে যদি এখন কোনও রাজার পরিচয় পাই, যিনি 'বিক্রমাদিত্য' নামে অভিহিত হইতেন এবং যিনি শকদিগের উচ্ছেদ-সাধন করিয়াছিলেন, তাহা হইলেই সকল সমস্থার সমাধান হইতে পারে।

খুঠীয় পঞ্চম শতাকীর প্রথমে ভারতে যে রাজার পরিচয় পাই, তিনি গুপ্তবংশাবতংস মহারাজাধিরাজ দ্বিতীয় চন্দ্র-গুপ্ত। দ্বিতীয় চন্দ্র-গুপ্ত, 'বিক্রমাদিত্য' নামে অভিহিত হইতেন। তিনি পাশ্চম-দেশীয় সাত্রাপ' অভিধেয় শক্দিগকে উন্ম লিত করিয়াছিলেন। ভারতে তৎকর্তৃক শক্দিগের আধিপত্য উচ্ছিন্ন হয়। এ হিসাবে, তাঁহাকেই 'শকারি' বলা যাইতে পারে। কেন-না, তাঁহার পরে অনেক দিন পর্যান্ত আর ভারতে শক্দিগের নাম শুনা যার নাই।

^{*} Journals of the Bombay Branch of Royal Asiatic Society for 1909, and Indian Antiquary, Vol. XL.

এদিকে আবার কনৌজে গুপ্তদিগের রাজধানী প্রতিষ্ঠারও পরিচয় প্রাপ্ত হই। সমুদ্র-গুপ্তের লিপিতে 'পুষ্পপুর' রাজধানীর উল্লেখ আছে। প্রত্নতত্ত্বিৎ ক্লিটের মতে, 'পুষ্পপুর'— 'কুম্মপুর' নামে অভিহিত হয়। পরিব্রাজক হুয়েনৎ-সাঙের বর্ণনায় প্রকাশ,—কনৌজে (কাম্যকুজে) গুপ্ত-নূপতিগণের রাজধানী ছিল। ঐতিহাসিকগণের কেহ কেহ তাই গুপ্তদিগকে 'কনৌজের গুপ্ত' বলিয়া অভিহিত করিতেন।

হর্ষচরিতে আবার কুমার-গুপ্ত প্রভৃতি 'মালবরাজপুত্র' বলিয়া ভাভিন্তি হইয়াছেন। হর্ষচরিতের চতুর্থ উল্লাসে আছে,—"মালবরাজপুত্রে কুমারগুপ্তমাধবগুপ্তনামানৌ।" অর্থাৎ, কুমার-গুপ্ত এবং মাধব-গুপ্ত নামক মালবাজপুত্রদয়। এ হিসাবে দিতীয় চল্ল-গুপ্তই মালবরাজ বলিয়া সিদ্ধান্তিত হন। কুমার-গুপ্ত তাঁহারই পুত্র। উজ্জন্মিনা নগরে তাঁহাদের রাজধানী ছিল।

পূর্ব্বেক্তি আলোচনায়, কালিদাদের পৃষ্ঠপোষক বিক্রমাদিতোর আর্মিক্স প্রায় সকল ঘটনাই দিতীয় চক্রগুপের সহিত মিলিয়া যায়। দিতীয় চক্র-গুপ্থ—মালবের অধিপতি ছিলেন, তিনি শকদিগের উচ্চেদ সাধন করিয়াছিলেন এবং তাঁহার নামন্ত 'বিক্রমাদিতা' ছিল। এ ক্ষেত্রে (দিতীয়) চক্রপ্রপ্র বিক্রমাদিতাকেই কালিদাদের পৃষ্ঠপোষক বলিয়া সিদ্ধান্ত করা যাইতে পারে। ৪১৪ খুঠাকের মধ্যে দিতীন চক্র-গুপ্রের রাজহ্বকালে কালিদাদের বিজ্ঞানতা স্থিরীকৃত হয়।

কিন্তু এ সম্বন্ধে কয়েকটা আপত্তির কথা উঠিতে পারে। প্রথম—শকদিগের ধ্বংসের সময় হইতে যে বিজ্ঞম-সংবতের প্রবর্তনা, দিতীয় চক্র-গুপ্তের রাজফলালে শকদিগের উচ্ছেদের সঙ্গে সঙ্গে সেরপ কোনও অফ বা সংবৎ প্রবর্ত্তিত হয় নাই। দিতীয়—শ্রীহ্র্য, বংস প্রভৃতির সমসাময়িক রাজ-কবিগণ যেমন ভাঁহাদের গ্রন্থে ভাঁহাদের পৃষ্ঠপোষক সেই সেই রাজার গুণাফুকার্তন করিয়াছেন, কালিদাসের গ্রন্থের কোথাও বিজ্ঞমাদিত্যের গুণাফুকীন্তন পরিদুষ্ট হয় না।

সেই জন্ম আপত্তিকারিগণ কা**লিদাসকে একজন সতন্ত্র** ব্যক্তি ব্লিয়া মনে করেন। অবশ্র এ স্কল বিশেষ জ্**টিল সমস্থা।** এ সমস্থার মীমাংসা হুরুহ।

এদিকে আবার বরাহনিহির যাদ 'নবরত্বের' অস্তর্ভু হন, আর যদি খৃষ্টায় নবম শতান্দীতে তাঁহার বিজ্ঞমানতা সপ্রমাণ হয়, তাহা হইলে সকল সিদ্ধাস্ত উণ্টাইয়া যায়। এইরূপ বিতর্ক-স্থলে অনেকে কালিদাসের অস্তিত্বই স্বীকার করিতে চাহেন না। তাঁহারা বলেন,—কালিদাস নামে কোনও কবি জন্মগ্রহণ করেন নাই। রঘুবংশ প্রভৃতি স্বতন্ত্র ব্যক্তির রচনা। *

কিন্তু এরপ সিদ্ধান্তও সমীচীন নহে। একাধিক বিক্রমাণিত্যের বিভ্যমানতা এবং নানা মূনির নানা মত—এই গগুগোলের স্থাষ্ট করিয়াছে। বিক্রমসংবৎ হয় তো অন্ত কোনও বিক্রমাণিত্য কর্তৃক অন্ত কোনও প্রসিদ্ধ ঘটনা অবলম্বনে প্রবর্ত্তিত হইছিল। সে বিক্রমাণিত্য ইহার অনেক পরবর্ত্তী সিদ্ধান্ত হয়।

স্থতরাং কালিদাস এবং বরাহমিহির খৃষ্টায় পঞ্চম শতান্দীর প্রারম্ভে গুপ্ত-সমাট মহা-রাজাধিরাজ (দিতীয়) চন্দ্র-গুপ্ত বিক্রমাদিত্যের রাজ্যসভা সমলঙ্কৃত করিতেছিলেন,—পূর্ব্বোক্ত আলোচনায় তাহাই সপ্রমাণ হয়।

* .

সমর্থক পাশ্চাতা-মত।

বিক্রম-সংবতের প্রতিষ্ঠাতা বিক্রমাদিত্যের বিগ্রমান-কাল খৃষ্ট-পূর্ব্ব শতাব্দীতে নির্দিষ্ট হইরা থাকে। ৫৮ পূর্ব-খৃষ্টাব্দে বিক্রম-সংবতের প্রবর্তনা। প্রত্মতত্ত্ববিদ্যাণের অধিকাংশের মতে সেই বিক্রমাদিত্য এবং চক্রগুপ্ত বিক্রমাদিত্য অভিন্ন প্রতিপন্ন হন। তাঁহারা বলেন,—কাল-নির্নার বিক্রমাদিত্য প্রবিদ্যাদিত্য প্রবিক্রমাদিত্য এবং চক্রগুপ্ত বিক্রমাদিত্য প্রতিন্ন। হইরাছে। নচেৎ, উজ্জারনীর বিক্রমাদিত্য এবং চক্রগুপ্ত বিক্রমাদিত্য অভিন্ন। খৃষ্ঠীয় চতুর্থ শতাব্দীর শেষ ভাগে চক্র-গুপ্ত-বিক্রমাদিত্য যে উজ্জারনী জন্ম কবিয়াছিলেন, তাহাতে কোনই সন্দেহ নাই।

অধ্যাপক মাকিডোনেল, কালিদাসকে খৃষ্টার পঞ্চম শতানীতেই নির্দ্ধেশ করিয়াছেন। *
কিন্তু কিথ তাহাতে সভ্ট হন নাই। তিনি স্পষ্টতঃ বলিয়াছেন,—কালিদাস দ্বিতীয় চন্দ্রগুপ্তের
সভায় বিঅমান ছিলেন। † 'রঘুবংশের' চতুর্থ সর্গে হুনদিগের পরাজয়মূলক শ্লোকাদি লিপিবদ্ধ
আছে। চন্দ্র-গুপু বিক্রমাদিতা হুনদিগকে পরাজিত করিয়াছিলেন।

ডক্টর হর্নেল অবশ্য কালিদাসকে আরও পরবর্ত্তী অর্থাৎ থৃষ্টীয় মন্ত্র শতান্দীর বলিয়া প্রমাণ করিবার প্রয়াস পান। ‡ কিন্তু প্রকৃতপক্ষে সে প্রমাণের একাস্ত অভাব। কালিদাসের 'ঋতু-সংহার', 'মেঘ-দৃত' প্রাফতি চন্দ্র-গুপের রাজত্ব-কালেট রচিত হটয়াছিল।

কিন্তু কাহারও কাহারও মতে, চল্ল-গুপ্তের সময় হইতে আরম্ভ কবিয়া কুমার-গুপ্তের সময় পর্যান্ত, কবি গুপ্ত-রাজ্পানীতে বিশ্বমান ছিলেন, সপ্রমাণ হয়। সে মতে, চল্ল-গুপ্তের সময় হইতে কালিদাসের প্রতিষ্ঠার হুলনা, আর কুমাব-গুপ্তের বাজত্ত-কালে তাঁহার কবি-প্রতিভার পূর্ণ-বিকাশ ঘটে। তবে স্কল-গুপ্তের রাজত্ত-কাল পর্যান্ত কবি জীবিত ছিলেন কি না, তাহা নির্গ্ত করা ক্রক্তিন। এই কপে পাশ্চাতা-পশ্তিহগণের মতে সিদ্ধান্ত হয়,—যথন গুপ্ত-ন্পতিগণ প্রতিষ্ঠা-গৌরবের উচ্চ সভায় সমাসীন, কালিদাস সেই সময়েই ভারতে আবিভূতি হাইয়াছিলেন। নির্ভ্ত-স্মাইদিগেনই গৌরব-গাণা বিযোষিত করিতেছে।

ফলতঃ, তথন ভারত জ্ঞান-বিজ্ঞানে সম্মন-গোরবের উচ্চ-চড়ায় সমাসীন হইয়াছিল। পাশ্চাত্য-পণ্ডিতগণ তাই গুপ্ত-কালকে, রাণী এলিজাবেথের এবং ষ্ট্রাট-বংশের রাজ্য-কালের সহিত তলনা করিয়া থাকেন। ভাবতে যেমন কালিদাস, ইংলণ্ডে তেমনই সেক্সপিয়ার।

"ধরস্তরিক্ষপণকামরসিংহশস্কুবেতালভটুঘটকর্পরকালিদাসাঃ। খ্যাতো বরাহনিহিরো খ্যাতো নূপতে: সভায়াং রত্নানি বৈ বরক্চিন্ব বিক্রমস্ত"—গুপ্ত-রাজ্বেরই গৌরব বলিয়া মনে করি। আর্য্যভট্ট এবং বরাহনিহিবের গণিত ও জ্যোতিষ, কালিদাসাদির কাব্য—গুপ্ত-গণের অশেষ গৌরবের পরিচায়ক, তদ্বিষয়ে সন্দেহ নাই। §

- * Mc. Donnell History of Sanskrit Literature. 1900, p. 124.
- † Journal of the Royal Asiatic Society. 1909. p 433-39. প্ৰছে মিষ্টাৰ কিৰেয় সম্ভবা জইবা: ‡ Ibid, 1909. P. 112.
 - § এ সম্বন্ধে মিষ্টার কে (Kay) যে মন্তব্য প্রকাশ করিরাছেন, নিম্নে ডাই। উদ্ধৃত চইল ; ৰখা,—

"The period when mathematics flourished in India commenced about A. D. 400 and ended about 650, after which deterioration set in."

একত্রিংশ পরিচ্ছেদ

কুমার-গুপ্ত মহেন্দ্রাদিত্য।

[রাজ্য-কাল সম্বন্ধে মন্তব্য ;—মুদ্রায় ও লিপিতে পরিচয় ;—কুমার গুপ্ত ও বস্তবন্ধু ;—বিরুদ্ধ মতের আলোচনা।]

*

রাজ্য-কাল সম্বন্ধে মন্তব্য।

চন্দ্র-গুপ্তের লোকান্তরে পুত্র কুমার-গুপ্ত 'সংহাসনে অধিরোহণ করিলেন। কুমার-গুপ্ত চন্দ্র-গুপ্তের প্রধানা মহিষী জ্বাদেবীর গর্ভসঞ্জাত। কুমার-গুপ্ত 'মহেল্রাদিত্য' নামেও অভিহিত হইতেন। ইতিহাসে তিনি 'প্রথম কুমার-গুপ্ত' নামে পরিচিত।

কুমার গুণ্ডের রাজত্ব-কালের বিস্তৃত বিবরণ লিপিবদ্ধ হয় নাই। সে পক্ষে ঐতিহাসিক উপাদানের একাস্ত অসদ্ভাব। তবে সমসাময়িক লিপি ও মুদাদি হইতে প্রতিপন্ন হয়, কুমার-গুণ্ডের রাজত্ব কালেও গুপ্ত-বংশের গৌরব বিশেষ কুল্ল হয় নাই। পরস্ত তাঁহার সময়েও রাজোর সীমা-পরিমাণ বিস্তৃত হইয়াছিল। তবে তাঁহার রাজত্বের শেষ ভাগে কথঞিৎ বিশুদ্ধালা ঘটিয়াছিল,—সে পরিচয় প্রাপ্ত হই।

পিতামহের পদাকাম্পদরণে কুমার-গুপ্ত অশ্বমেধ যক্ত সম্পান করিয়াছিলেন। এই অশ্বমেধ যক্তর স্থানা তোঁহার বুথা-গর্কের পরিচায়ক নহে, পরস্ক তাহা যে কুমার-গুপ্তের শ্রেষ্ঠ-রাজশক্তিরই পরিচায়ক, তাহার নিদর্শন লিপি প্রভৃতির প্রমাণে বস্তমান।

কুমার-গুপ্তের রাজন্ব-কালেই চীনে দৃত প্রেরিত হইয়াছিল। চীনাদিগের গ্রন্থে ভারতের তাৎকালিক সমাটের নাম 'ইরে-আই' (Yue-ai) দেখিতে পাই। ইাহার রাজ্যের নাম—'ক-পি-লি' (Ka-pi-li) রাজা। ক-পি-লি রাজ্য তথন কি নামে অভিহিত হইত, অবশ্র তাহা আজি পর্যান্ত নিদ্ধারিত হয় নাই। ৬

কুমার-গুপ্তের রাজত্বের শেষ ভাগে ভারতে 'খেত ছন'-গণ প্রবেশ করে। তাহাতে শেষ জীবনে কুমার-গুপ্ত বিশেষ অশাস্তি ভোগ করিয়াছিলেন।

মূদ্রায় ও লিপিতে পরিচয়।

লিপি-সমূহে কুমার-গুপ্তের বিবিধ গুণের নিদর্শন পাই। ঘাঢ়োয়ার লিপিতে প্রকাশ,— ধর্মকর্ম্মোদেশ্যে কুমার-গুপ্ত বহু অর্থ দান করিয়াছিলেন। ভিল্সার (৯৮ গুপ্তাক = ৪১৫-১৬ খুষ্টাক) লিপি, একটা 'প্রতোলি' (সিংহছার) এবং একটা সত্র নির্মাণের স্মৃতি বক্ষে ধারণ

^{*} Watters, Journal of the Royal Asiatic Society, 1898. P. 540.

করিয়া আছে। কুমার-গুপ্তের এই বদান্মতার স্তি-রূপে গ্রন্মহাসেম-প্রতিষ্ঠিত 'স্বামি-মহাসেনেব' (কার্ত্তিকেয়ের) মন্দিরাভ্যন্তরে প্রাচীর-গাত্রে এক দিপি উৎকীর্ণ হইয়াছিল। ভাহাতে কুমার গুপ্তের রাজ্যের ক্রমোন্নতির পরিচয় প্রাপ্ত হই।

ঘাঢ়োয়ার আর একটা লিপিতে সত্রেব সংরক্ষণে দাদশ দিনার দানের বিষয়, উদয়-গিরির (১০৬ গুপ্তান্দ = ৪২৫-২৬ খৃষ্টান্দ) এক (৯৮ গুপ্থ-সংবং) লিপিতে কুমার-গুপ্তের স্থশাসনের নিদর্শন বিশ্বমান দেখি।

ক্ষমজাবাদ জেলায় করমদণ্ডে একটা লিঙ্গ-মূর্ত্তি আবিষ্ণত হটয়াছে। ঐ লিঙ্গ-মূর্ত্তির সহিত্ত একটা লিপি আছে। প্রকাশ,—১১৭ গুপ্তাব্দে = ৪৩৬ খুটাব্দে ঐ লিপি উৎকীর্ণ হইয়াছিল। লিপির মধ্যে পৃথী-সেনের নাম পরিদৃষ্ট হয়। প্রকাশ—পৃথি-সেন 'মন্ত্রী' এবং 'কুমারামাত্য' ছিলেন। পরিশেষে তিনি কুমার-গুপ্তের 'মহাবলাধিকত্ত' অর্থাৎ প্রধান সেনাপতি পদে প্রতিষ্ঠিত হটয়াছিলেন,—লিপিতে সে উল্লেখও দেখিতে পাই।

লিপিতে আরও দেখি,—পৃথ্বীদেনের পিতা শিথরস্থামিন্, দিতীয় চক্র-শুপ্তের রাজত্ব-কালে, 'মদ্বী' এবং 'কুমারামাত্য' ছিলেন। তিনিও পরিশেষে 'মহাবলাধিকর্ত' অর্থাৎ প্রধান সেনাপতির পদ লাভ করিয়াছিলেন। এইরূপে বৃধিতে পারি,—তাঁহারা ওপ্ত-নৃপতিগণের অধীনে পুরুষাত্ব ক্রমাত্ব কার্যাত্ব তা ছিলেন।

কুমার-গুপ্তের রাজ হকাবে বহুল পরিমাণে মুদার প্রবন্তন হইয়াছিল। অখনেধ উপলক্ষে ভিনি স্থান্-মুদা প্রস্তুত করাইয়াছিলেন, প্রমাণ পাওয়া যায়। কুমার-গুপ্তের মুদার বহু প্রকারের আদর্শের পরিচয় পাই। তাহাতে বুঝিতে পারি,—তাঁহার কোনও মুদ্রায় অখনেধ-যজ্ঞের স্থচক অখাদি অক্কিত ছিল, কোনটাতে অধারোহীর, কোনটাতে সিংহবধের, কোনটাতে ধফুকধারীর প্রতিকৃতি সন্নিবিষ্ঠ হইয়াছি।

আধার ময়রের, হস্তীর ও হস্তিচালকের, তরবারি সহিত যোদ্ধার এবং প্রতাপচিছ-যুক্ত প্রতিমৃষ্টি সম্বলিত মুদার প্রবর্তনাও কুমার-গুপ্তের রাজ্য-কালের ঘটনা। এইরপে আমরা ষড়বিধ আদর্শ-সম্বলিত মুদার পরিচয় কুমার-গুপ্তের রাজ্য-কালে প্রাপ্ত হই।

কুমার-গুপ্ত বস্থবন্।

কুমার-গুপ্তের প্রদঙ্গে বস্থবন্ধর নাম উল্লিখিত হয়। বস্থবন্ধ—একজন প্রসিদ্ধ বৌদ্ধগ্রন্থ নাম উল্লিখিত হয়। বস্থবন্ধ—একজন প্রসিদ্ধ বৌদ্ধগ্রন্থ কাহার অংশন পাণ্ডিত্যের পরিচয় প্রাপ্ত হই। কুমার-গুপ্ত কাঁহার পৃষ্ঠপোষক ছিলেন, কুমার-গুপ্তের পৃষ্ঠপোষণে এবং সহায়তায় বস্থবন্ধ প্রতিষ্ঠা লাভে সমর্থ হইয়াছিলেন,—এক শ্রেণীর পণ্ডিত প্রতিবাদ করিয়া বলেন,—বস্থবন্ধ সমৃদ্-গুপ্তের পৃষ্ঠপোষকতায় সাহিত্যজগতে প্রতিষ্ঠা-লাভে সমর্থ হইয়াছিলেন। এইরূপ, নানা জনে নানা মত প্রকাশ করিয়াছেন। পণ্ডিতগণের মতের আলোচনায় যে সিদ্ধান্ত হয়, নিমে তাহা প্রকৃতিত করিতেছি। *

. Journal of the Royal Asiatic Society of Great Britain and Ireland for 1905.

বামনের 'কাব্যালঙ্কার-স্তার্ত্তি' গ্রন্থে একটা শ্লোক পরিদৃষ্ট হয়। সে শ্লোকটা এই,—
"সোহয়ং সংপ্রতি চন্দ্রগুপ্তনয়শ্চন্দ্রপ্রকাশো যুবা
জাতো ভূপতিরাশ্রয়: কৃতধিয়াং দিইয়া কৃতার্থশ্রমঃ॥

আশ্রয়: ক্রতধিয়ামিতাস্থ বস্থবন্ধনাচিব্যোপক্ষেপপরত্বাৎ স্থাভিপ্রারত্বন্ ।''
উদ্ধৃত শ্লোকের অর্থ,—যুবা, চন্দ্রের ন্থার দীপ্রিমান ও প্রতিভাশালী, সাহিত্যিকগণের পৃষ্ঠপোষক,
চন্দ্রগুপ্তের পূত্র যুবা 'চন্দ্রপ্রকাশ' এক্ষণে সমাটিপদে সমাসীন হইয়াছেন। তাঁহার ক্রতকার্য্যতার জন্ম তাঁহাকে অভিনদন করা কর্ত্ব্য।' এখানে 'আশ্রয়: ক্রতধিয়াং' অর্থাৎ 'সাহিত্যিকদিগের পৃষ্ঠপোষক' পদ লক্ষ্য করিবার বিষয়। পণ্ডিতগণ বলেন,—বস্তবন্ধ মন্ত্রির পদ লাভ করিয়াছিলেন, এখানে 'সাচিব্যঃ' পদে তাহারই ইঙ্গিত রহিয়াছে। 'চন্দ্রপ্রতন্মশ্রন্দ্র-প্রকাশং' বাক্যে এখানে চন্দ্রগুপ্তের পূত্র কুমার-গুপ্তকে ব্রাইতেছে। কুমার-গুপুত এখানে 'চন্দ্রপ্রকাশ' নামে পরিচিত।

দিদ্ধান্ত এইকপই হইয়া থাকে। বামনের উক্তিতে কৃমার-গুপ্তই যে বস্থবন্ধর পৃষ্ঠপোষক ছিলেন, ভাষা কেশ উপলব্ধ হয়।

স্থাসিদ্ধ বৌদ্ধগ্রন্থকার প্রমার্থও সেই একই অভিমত প্রকাশ ক্রিয়াছেন। অধিকন্ত তিনি বিলিয়াছেন,—মাশী বংসর ব্যাসে, বালাদিত্যের (নরসিংহ-গুপ্থের) রাজত্বকালে, নস্থবদ লোকাস্তরগমন করেন। বালাদিত্যের অপর নাম—নরসিংহ-গুপ্থ। নরসিংহ-গুপ্থ—ক্মারপ্রপ্রের পৌত্র। স্থতরাং বুঝা যাইতেছে,—নস্তবদ্ধ গুপ্থ-বংশের কুমার-গুপ্থ, স্কন্দ-গুপ্থ এবং নরসিংহ-গুপ্থ বালাদিত্য—তিন জনেবই সমসাময়িক ছিলেন।

বস্থবন্ধব জীবনী প্রমার্থ সঙ্গলন করিয়াছিলেন। গরেমার্থও একজন সাহিত্যিক এবং স্থালেখক। তাঁহার গ্রান্থে পেখিতে পাঁই,—আযোগ্যার বিজনাদিত্য এবং বালাদিত্য—বস্থবন্দর পৃষ্ঠপোষকতা করিয়াছিলেন। পণ্ডিতগণ বলেন,—প্রমার্থেন উক্তি হইতে বেশ ব্যা যায়,— স্কল-গুপ্তই আযোগ্যান সেই বিজ্ঞাদিত্য ছিলেন। স্কল-গুপ্তই আযোগ্যান সেই বিজ্ঞাদিত্য ছিলেন। স্কল-গুপ্তেবই 'বিজ্ঞাদিত্য' উপাধি ছিল। কিন্তু স্কল-গুপ্তেব্ব 'বিজ্ঞাদিত্য' উপাধির পরিচয় পাই না।

ডক্টর টাকাকুস্থরও অভিমত-স্কল-শুপুই বস্থবন্ধর পৃষ্ঠপোষক ছিলেন এবং তিনিই বিক্মাদিতা নামে অভিহিত হইতেন। প্রমার্থের উক্তির উপর নির্ভর করিয়া টাকাকুস্থ[†], ৪২০-৫০০ খুষ্টান্দে বস্থবন্ধর বিশ্বমান কাল নির্দ্ধেশ করিয়াছেন।

এই সকল প্রমাণে এবং পরমার্থের সিদ্ধান্তক্রমে প্রাত্নতন্ত্রবিদ্রগণ বস্তবন্ধুকে স্কল-গুপ্তের সমকালান বলিয়া সিদ্ধান্ত করিয়া লন এবং স্কল-গুপ্তের 'বিক্রমাদিত্য' উপাধির বিষয়ও তাঁহারা স্বীকার করিয়া থাকেন।

বস্ত্বন্ধুর প্রাণিদ্ধ গ্রন্থ—'অভিধর্মকোর'। সঙ্গবদ্ধ এক সময় সই 'কোর' গ্রন্থ সম্বন্ধের বস্ত্বন্ধুর সহিত তর্ক মীমাংসায় প্রবৃত্ত হইবার অভিলাষ করেন। বস্তবন্ধুর উত্তরে জানান,— যদি তিনি প্রাজিত্ত হন, তাহাতে 'চাঁহার কোষ-গ্রন্থের কোনই ক্ষতি হইবে না।

বাণ আর এক স্থলে বলিয়াছেন,—"ত্রিসরণপরৈঃ পরমোপাসকৈঃ ভুকৈরপি শাক্যশাসনকৃপলৈঃ কোশং সমুপদিশত্তিঃ।" এখানে 'কোশ' শব্দের ব্যাখ্যায় শঙ্কর ব্লিয়াছেন,—"কোণো

-

বৌদ্ধসিদ্ধান্তো বস্থবন্ধুকতঃ।'' বাণের এতছ্কিতে বস্থবন্ধুর জনপ্রিয়তারই পরিচয় প্রাপ্ত হই। 'গুপ্তবংশ নহাবাক্য' নামক বস্থবন্ধুর রচিত গ্রন্থে সিংহাসন-প্রাপ্তি উপলক্ষে কুমার-গুপ্তের অভিনন্দন লিপিবদ্ধ আছে। তাহাতে প্রত্যক্ষভাবে কুমার-গুপ্ত প্রভৃতির সহিত বস্থবন্ধুর সম্বন্ধ-স্থানার পরিচয় পাত্রা যায়। বস্থবন্ধু তাঁহাদেরই সময়ে বিছমান ছিলেন, সপ্রমাণ হয়।

বৈরুদ্ধ-মতের আলোচন।।

পণ্ডিতগণের কেহ কেহ আবার বিরুদ্ধ যুক্তির অবতারণা করেন। তাহাদের মতে সমুদ্রগুপ্তের রাজ্য-প্রাপ্তির পূর্ব্ধ হইতেই বস্কুবন্ধ গুপ্ত-নূপতিগণের সহিত সম্বন্ধ-যুক্ত ছিলেন।
কৈশোরে পিতা চক্রগুপ্তের অনুমতিক্রমে সমুদ্র-গুপ্ত বস্কুবন্ধর পৃষ্ঠপোষণ এবং সহায়তা আরম্ভ
করেন। ব্রাহ্মণ্য-প্রভাব-সমন্বিত হিন্দু-ধর্মাব্যামা হংলেও বোদ্ধর্মের প্রতি সমুদ্র-গুপ্তের যথেষ্ট
অনুরাগ ছিল। বস্কুবন্ধুর সাহচর্য্যে তিনি বৌদ্ধব্যাশাস্ত্র প্রভৃতি অধ্যয়ন করিয়াছিলেন। সে
সময় সমুদ্র-গুপ্ত—চক্রপ্রকাশ, চক্রপ্রভ, বালাদিত্য, প্রাদিত্য প্রভৃতি নামেও অভিহিত ইইতেন।*

* কোনও কোনও মতে প্রস্ত-বংশের নূপতিগণ বয়দেশবাসা ব স্থানী প্রতিগন্ন হন। শুর গণের আদিবাস বয়দেশ, বস্থান হটতেই ভারতে তাহাদের আদিপতা।বস্তুত হয়,—ইহাই তাহাদের সিদ্ধান্ত।

এই সভের পরিপোষক বাঁহারা, উল্লায় আগেনাদের মতের সমর্থক কতক্তাল যুক্তিও প্রদর্শন করিয়া থাকেন। তন্মধ্যে কালেপাসের রচনা এবং সমুদ্ধ গুরের রাজধানার অবস্থান প্রভাতর বর্ণনাই প্রধান।

কালিদানের রচনার যে ভাব এবং উপনা প্রভাত সমাবিষ্ট আছে, তাহার মূল বঙ্গদেশার ভাষা ভাব এবং নৈতিক ও সামাজিক অবস্থা প্রভাত। কালিদানের সংস্কৃতও বঙ্গদেশ-প্রচালত সংস্কৃত-ভাবার অনুকাশ। তাইর, কালিদানের গ্রন্থ-পত্তে, রঘুর দিয়েজার উপলক্ষে যে সকল নগর জনপদের বণনা আছে, বঙ্গদেশের বিশেষ বিশেষ নগর জনশংদর উদ্দেশের সে সকল বর্ণনা গ্রন্থ পত্তে সাম্বিত হইরাছে। সমুদ্র গুপ্তের দিংগ্রন্থ-বণনই কালিদানের লক্ষা। রঘুকে উপলক্ষ করিয়া কালিদাস সমুদ্র-গুপ্তের দিয়েজার বর্ণন করিয়াছেল।

ভার পর কালিদাসের গ্রন্থ-পত্তে শালে ধাঞ্চের' উল্লেখ আছে। বস্পদেশ ভিন্ন দেশালি ধালা অকা কোথাও জানোনা। তাহিল ভারতব্বের মধ্যে বস্ত্দেশই নদা-বহুল। কালিদাসের বর্ণনাম যে সকল নদ-নদীর উল্লেখ আছে, সে সকল এই বস্তদেশেরই নদ-নদীসমূহ। কালিদাসও বাজালার বাজালা। কালিদাস' নামেই ভাষা সম্মাণ হয়। অপিচ, সমুদ্র, চন্ত্র, কুমার, অন্ধ প্রভৃতিও বাংলা দেশেরই নাম।

মেঘদুতে যে প্র্কাদের এবং নদা হুদের বর্ণন। দৃষ্ট হয়. ভাষারও মূল বঙ্গদেশ। উপমা প্রভৃতিও বঙ্গদেশকেই লক্ষ্য করে। বঙ্গদেশের সমাজ, বাঙ্গালার আচার-ব্যবহার ও চাল-চলন প্রভৃতি কালিগানের লকাভূত।

ভবে যে ঠাহার ভাষায় প্রাকৃত ভাষার সমাবেশ দেখে, তাহার মূল - বোদ্ধ শুলাব। সমূদ-ছবের বিধিজয়কালে কালিগাল উহার সমাভবাহারে গ্রান কবেন। সমূদ্রগুত বে সকল দেশে জার কার্যাছিলেন এবং যে সকল বৈদোশক নগৰ জানপালের মধা দিয়া গ্রান করেয়াছিলেন, সে সকল দেশের প্রাকৃতিক এবং সমাজনৈতিক চিত্রও ভাই প্রাজ্ঞানমত উহার গ্রহণ্ডে দারাবিত গোক্ত পাই!

সমুম-শুপ্ত যে বাজালী ছিলেন এবং ভাছার রাজধানী যে বসলেশং ছিল, ভাছার এক অধান নির্দান—সমুম্পড় পানী। নবছাপের সালকতে ই আহ-রেজের পার্থে, সমুদ্রগড় কবংশুড। এই মতের পরিপোষক বাংবারা, ঐ সমুম্রগড়কেই ভাছারা সমুম্র-গুপ্তের রাজধানী বাল্যা সিদ্ধান্ত করেন। ভাছারা বলেন,—সমুম্র-গুপ্তের নামানুসারে সমুম্রগড়ের নামানুর ইরাছিল।

কিন্তু এ মত সমীচীন বলিয়া মনে হয় না। কারণ, লিপি বা মুদ্রাদিতে তাঁহার সে পরিচয় প্রাপ্ত হই নাই। বস্ত্বন্ধুর গ্রন্থেও অথবা পরমার্থ প্রভৃতি সমসাময়িক সাহিত্যিকদিগের গ্রন্থ-পত্তেও সমৃদ্র-গুপ্তের সেরূপ কোনও নাম-পরিচয় দেখিতে পাই নাই। অপিচ, গুপ্ত-বংশে যখন বালাদিত্য, পরাদিত্য প্রভৃতি নাম পরিদৃষ্ট হয়; সে ক্ষেত্রে, অহ্ন কোনও বিশিষ্ট প্রমাণের অবর্তমানে, সমুদ্র-গুপ্তের বালাদিত্য, পরাদিত্য প্রভৃতি নামের পরিক্রনা যুক্তিযুক্ত মনে করি না।

স্তরাং সিদ্ধান্ত হয়,—বৌদ্ধ-গ্রন্থকার বস্তবন্ধ, সমুদ্র-গুণ্ডের সমসাময়িক নহেন। পরস্থ তিনি কুমার গুণ্ড, স্বন্দ-গুণ্ড প্রভৃতির পৃষ্ঠপোষণে পুরিপৃষ্ট হট্যাছিলেন এবং তাঁহাদেরট সচীব মধ্যে গণ্য ছিলেন। পূর্বোক্ত প্রমাণ-প্রস্পরায় তাহাট সিদ্ধান্তিত হয়।

এতৎসক্ষে আমাদিগের মন্তব্য 'পৃথিবীর ইতিগাদের' সপ্তম ও ষঠ থপ্তে প্রকাশ করিয়াছি। এই প্রসঙ্গে তাহার বিশেষ মালোচনা নিপ্রয়েজন। বিক্রমাদিতা নামধের একাধিক রাজার পরিচয় প্রস্থাতে প্রাপ্ত হই। এই গুপ্ত-বংশেই 'বিক্রমাদিতা' উপাধিযুক্ত একাধিক রাজার পরিচয় পাই তিজিল্ল, উজ্জ্বিনীতে এক বিক্রমাদিতা ছিলেন; কাশ্মীরেও এক বিক্রমাদিতা ছিলেন। ইংলাদের কোন্ বিক্রমাদিতাের রাজত্ব-কালে কালিদাদ আবিভূতি হইয়ছিলেন, তাহা নির্গয় ক্রম প্রস্তিন। আবার, এহর্ণের রাজ-ক্রি হ্র্তিবিত', বংস্তের রাজ ক্রিব 'বংস্ট্রিত' রচনা করিয়া, বেমন তাহাদেব পৃষ্ঠপােষক নূপতিগণের গুণগান করিয়াছেন, কালিদাদের এছেই বা কালিদানের পৃষ্ঠপােষকের নাম গাল নাই কেন ?

তার পর এখন যেমন প্রীম্মাবাদ, শীতাবাদ প্রভৃতির দৃষ্টান্ত দেখিতে পাই, তগনও বে দে বাব্যা ছিল না, তাহাই বা কি করিয়া বলিতে পারি। সমুদ্রগড়ে সমুদ্র-গুপ্তের রাজধানী বা এরপ কোনও 'বাদের' বাব্যা থাকার অনন্তব নহে। বঙ্গদেশ—সমুদ্র-গুপ্তের রাজোর অন্তর্ভুক্ত ইইমাছিল, এলাহাবাদ অপ্তের গাত্রিতি লিশি ইউতে তাহা সপ্রমাণ হয়। আরও নাটোরে এবং ফ্রিদপুরে সমুদ্র গুপ্তের লিশি আবিকৃত ইইমাছে। ততির স্বৃহৎ সাম্রাজোর স্থাসন স্পালন জন্ম রাজধানী স্থানাত্তর করণের দৃষ্টান্তও দেখিতে পাই। স্তরাং পশ্তিত-দিগের সিদ্ধান্ত একেবারে অব্যোক্তক মনে করিতে পারি মা। তবে তাহা প্রমাণ-সাপেক, ত্রিবরে সন্দেহ নাই।

কিন্ত লিপি এবং মুদুাদির প্রমাণে নিদ্ধান্ত ভিন্নরগ পরিগ্রহ করে। লিপির ও মুদুার আলোচনায় বুঝিতে গারি,—গুপ্ত-বংশের লৃপতিগণের উৎকীণ এবং প্রবৃত্তি প্রায় অধিকাংশ লিপি এবং মুদুাই উত্তর ভারতে এবং উত্তর-পশ্চিমাঞ্চল পরিদৃষ্ট হয়। কিন্ত একটী মুদুাও, বংকর কোথাও এ পর্যান্ত আবিষ্কৃত হইরাছে বলিয়া প্রমাণ পাই নাই।

দিখিজনের সারক লিপি এলাহাবাদ স্তম্ভ-গাতে, দানের এবং স্ত্রাদি প্রতিষ্ঠার পরিচারক লিপি প্রভৃতি কাহাউন, বিধারি, মানকুষা, ঘাঢ়োয়া প্রভৃতি স্থান হউতেই জাবিকুত হইয়াছে। মৃত্যাদিও ঐ সকল অঞ্জেই সংগৃহীত হয়৷ ভাই মনে অভ ভাবের উদয় হইয়া থাকে। মনে ভাই বত্ত প্রশ্ন উঠে, -বলি ওপ্ত স্ফাটগণ বঙ্গদেশ-বামী বাঙ্গালীই হইবেন, ভাহা হইলে, বঙ্গদেশে ভাহাবের বিশিষ্ট কোনও স্মৃতি-চিজ্ না থাকিবার কারণ কি ?

মুদলদানগণ যথন এদেশে আগমন করেন, ওপন নবাব বালসাছলিগের নামানুদারে নগর জানপদ এতিপ্তিত হুইরাজিল, মদজিদ প্রভৃতি স্থাপিত ছুইরাজিল। কিন্তু গুপ্ত-বংশের নুপতিগণ বঙ্গের অধিবাসী হুইংশ্ বঙ্গাদেশ তালাদের তেমন কোনও কীর্ত্তি-মুভি না থাকিবার কারণ কি ? জাম-ভূমি বঙ্গভূমি পরিভাগি করিলা, বিদেশে বিদেশীর মধ্যে মৃদুটি বা ভাহারা কেন প্রবৃত্তিত করিলেন, আর লিপি প্রভৃতিই বা কেন উৎকীণ হুইলা ?

এ সকল প্রশ্ন অবস্থা বিশেষ সমস্থা-সমাকুল। এই জটিল প্রশ্নের অমীমাংসা দা হওরা প্রান্ত, গুপু রাজগণ যে বালালী এবং বল্পেশ্বাসী ছিলেন,—সে সিদ্ধান্ত অনেকের মিকট উপহাসের সামগ্রী হইবে, সন্দেহ নাই।

* Indian Antiquary, Vol. XLII and V. A. Smith, Early History of India,

দাত্রিংশ পরিচ্ছেদ।

গুপ্ত-বংশের অন্যান্য নৃপতি।

[পতনের স্টনার ;—কল-গুপ্ত ;—বিজিত শত্রুগণ ;—ক্ষন্দ-গুপ্তের স্থাসনের নিদর্শন ;— লোকান্তরে ; —পুর-গুপ্ত প্রকাশাদিতা ;—পুর-গুপ্তের অন্তিত্ব সম্বন্ধে বিত্তা ;—নরসিংহ-গুপ্ত বালাদিতা ;—দ্বিতীয় কুমার-গুপ্ত ;—গুপ্ত-বংশের শেষ নৃপতি ;—গুপ্ত-বংশের সংক্ষিপ্ত পরিচয় ;—মালবের গুপ্ত-গণ ;—বহলবী রাজ-বংশ ; ভারতে শ্বেত ভ্নগণ ;—গুজারগণ ;—উপসংহার বিবিধ বক্তব্য।]

পতনের হুচনায়।

কুমার গুপ্তের রাজত্বের শেষভাগ হইতেই গুপ্ত-বংশের অধংপতনের স্ত্রপাত হয়। তথক বৌদ্ধ-প্রভাবের স্তনা হইয়াছে। মানকুয়ার লিপিই তাহার প্রকৃষ্ট নিদর্শন। শেষ জীবনে কুমার-গুপ্ত তাই স্মশেষ উদ্বেগ প্রাপ্ত হইয়াছিলেন।

তিনি যদি লক্ষ্য স্থির রাখিতে পারিতেন ;—তিনি যদি সম্পূর্ণরূপে স্বধর্মে মতিমান থাকিতে সমর্থ হউতেন ;—তাহা হইলে বোধ হয়, গুপ্ত-বংশের সে প্রতিষ্ঠার পতন হইত না! তাঁহারই রাজ ব-কালে রাজ্ঞলক্ষ্মী চঞ্চলা হইয়াছিলেন, গুপ্ত-বংশের গর্ব্ধ হইয়া আসিয়াছিল, আর সেই নষ্ট-শ্রী পুনক্ষারে তাঁহার বংশধরদিগকে অশেষ আয়াস-স্থাকার করিতে হইয়াছিল,—ফল্ফপ্রের 'বিথারি স্তম্ভলিপি' তাহার উজ্জ্ল আলেথ্য বক্ষে ধারণ করিয়া আছে। লিপিতে তাই দেখিতে পাই,—"পিতরি দিবমুপেতে বিপ্লুতম্ বংশলক্ষ্মীম্।"

সন্দ-গুপ্ত।

াই অবস্থায় স্থনগুণু, পিতার পরিত্যক্ত সিংহাসন প্রাণ্ড হইলেন। স্কুতরাং সেই নষ্ট-শ্রী প্রকল্পারে তাঁহাকে যে অশেষ আয়াস স্থীকার করিতে হইয়াছিল, তদ্বিষয়ে সন্দেহ নাই। 'বিচলিত-কুললক্ষীকে' অবিচলিত করিতে স্থন-শুণু কথনও ভূমি-শুণায়, কথনও অনিদ্রায়, কথনও অনিদ্রায়, কথনও অনাহারে দিন কাটাইয়াছেন। বিথারির লিপিতে সে পরিচয় যে ভাষায় পরিব্যক্ত, ভাহা পাঠ করিলে অন্তরে স্থতঃই করুণার সঞ্চার হয়। সে গাথা,—

"বিচলিতকুললক্ষীস্তম্ভনায়োগ্যতেন ক্ষিতিতলশয়নায়ে যেন নাতা ত্রিযামা সমুদিতবলকোষানু পুয়ামিত্রাংশ্চ ব্রুত্বা ক্ষিতিপচরণপীঠে স্থাগিতো বামপাদঃ।

কিন্ত তাহাতেও স্বন্দ-গুপ্ত বিচলিত হন নাই। তিনি আপনার ভূজবলে পুয়ামত্রাদি বিবিধ শক্রকে পরাজিত করিয়া, বংশের গৌরব অকুন্ন রাখিতে সমর্থ হইয়াছিলেন। লিপি হইডে বুবিতে পারি,—কুমার-গুপ্তের জাবিতকালেই এই অবস্থা সংঘটিত হইয়াছিল। কিন্তু তিনি পুত্রের বিজয়-লাভ দেখিয়া মাইতে পারেন নাই। বিজয়-লাভের সংবাদ পাইবার পূর্বেই তি নি লোকান্তর গমন করেন। ১৩৬ গুপ্তাব্দ = ৪৫৫ খুষ্টাব্দে স্কন্দ-গুপ্ত রাজ্য-প্রাপ্ত হন।

বিজিত শক্ৰগণ ।

স্কল-গুপ্ত যে সকল শক্রর সহিত যুদ্ধে ব্যাপৃত হইয়াছিলেন, তাহাদের মধ্যে পু্যামিত্রগণ এবং ছনগণই প্রধান। পু্যামিত্র-গণের পরিচয় লিপিতে পাই না। বিষ্ণু-পুরাণে পুষ্পমিত্র দিগের নাম দেখিতে পাই। তাই মনে হয়,—তাহারই লিপিতে উক্ত - পু্যামিত্র। সম্ভব্তঃ তাহারা করদ ছিল। কুমার-গুপ্তের রাজত্বের শেষভাগে তাহারা স্বাধীনতা অবলম্বনে প্রয়াস পায়।

হর্ণেলের মতে পুষ্মনিত্রগণ—মৈত্রকদিগের সহিত অভিন্ন হয়। তাহাদের প্রধানস্থানীয় ভট্টারক বল্লভী-বংশ প্রতিষ্ঠিত করিয়াছিলেন। জুনাগড় লিপিতে যাহারা 'ম্লেচ্ড' নামে অভিহিত, হর্ণেলের মতে তাহাদেরও 'পুষ্মামত্র' নামে পরিচিত হওয়ার সম্ভাবনা।

ছন-গণ হয় তো 'মৈত্রক' নামে অভিহিত হইত। যাহা হউক, হুন এবং স্লেচ্ছ এক জাতির মধ্যে গণ্য হইলে, ৪৫৫ হইতে ৪৮৮ খৃষ্টান্দের মধ্যে তাহাদের ভারত-প্রবেশ সপ্রমাণ হয়।

স্থাসনের নিদশন।

জুনাগড় লিপিতে নষ্টরাজ্য পুনক্ষারের এবং স্কন্-গুপ্তের প্রজা-বাৎসল্যের পরিচয় পাই। ওাঁহার আদেশে স্কর্ণন-হদের সংস্কার-কার্য্য সাধিত হয়। চক্রপালিতের ভন্ধাবানে স্কদের বাব সংস্কৃত হইয়াছিল। স্কল-গুপ্তের অধীনে চক্রপালিত সৌরাষ্ট্রের শাসনকর্ত্তা নিয়ক্ত হইয়াছিলেন। স্কল-গুপ্তের যশোভাতি শ্লেছ-দেশেও বিস্তৃত হইয়াছিল।

লিপিতে প্রকাশ,—স্থল-গুপ্ত সমগ্র পৃথিবা জয় করিয়াছিলেন। তথন বৈদেশিক জাতির উপদ্রব এত অধিক ইইয়াছিল যে, রাজ্য-দীমা সংরক্ষণের জন্ত স্থল-গুপ্ত বিশেষ চিস্তাকৃল হইয়া পড়িয়াছিলেন,—জ্নাগড় লিপির "সর্ব্বেষু দেশেষু বিধায় গোপ্তৃন্' বাক্যে তাহা বেশ উপলব্ধ হয়। স্থল-শুপ্ত প্রজারঞ্জক ছিলেন, ভাহার রাজ্যত্ব প্রজাগণ স্থ-শাস্তিতে বাস করিত—'কাহাউম লিপি' তাহার নিদর্শন। সেথানে স্থল-গুপ্ত ইন্দের সহিত উপমিত ইইয়াছেন। য়থা,—

"গুপ্তানাং বংশ যস্ত প্রবিস্থত যশসন্তস্ত সর্ব্বোত্তমার্দ্ধেঃ রাজ্যে শক্রোপমস্ত ক্ষিত্তিপশতপতেঃ ত্বন্দ-গুপ্তস্ত শান্তে রাজ্যে।"

লোকান্তরে।

প্রার দেড় শত বৎসর গুপ্ত-নৃপতি-গণের প্রতিষ্ঠা-গৌরব তুঙ্গ-শৃঙ্গে আরোহণ করিয়া ছিল। এই সময়ের মধ্যে ভারতের বিবিধ-বিষয়িণী উন্নতির পরিচয় প্রাপ্ত হই।

প্রথম কুমার-গুপ্তের লোকাস্তরের পর হইতেই গুপ্ত-বংশের গৌরব-রবি অন্তমিত হইতে থাকে;—ভারতের ভাগ্যাকাশে অন্ধকারের স্কুচনা হয়। কুমার-গুপ্তের রাজত্বের শেষভাগে পুয়ুমিত্রগণ গুপ্ত-সাম্রাজ্য আক্রমণ করে। সেই আক্রমণের ফলে গুপ্ত-বংশের ভিত্তি ট্লায়মান হয়। ক্ল-শুপ্তের বিপুল প্রয়াসে শত্রু পরাজিত হয়। বংশের প্রতিষ্ঠা অক্ষুণ্ণ থাকে।

৪৫৫ খৃষ্ঠান্দে, স্কল-শুপ্তের সিংহাসন-প্রাপ্তির সঙ্গে সঙ্গে, ছন-গণ ভারত আক্রমণ করে। মধ্য-এসিয়ার বন্ধর পার্কত্য-প্রদেশ হইতে আগমন কবিয়া ভনগণ—শুপ্ত-সাম্রাজ্ঞ্য বিধ্বস্ত করিতে প্রবৃত্ত হয়। কিন্তু স্কল-শুপ্তের শ্রেষ্ঠ-বাতবলে তাগাণ প্রবাজিত হয়।

কিন্তু পুনবায় ৪৬৫ খুণালে তাব একদল তাক্ষণকারী গান্ধার অধিকার করে। তথন গান্ধারে কুশন-বংশীয়-গণ রাজত্ব করিতেন। নবাগত ভন-সন্দার তাঁহাকে নিত্ত কবিয়া গান্ধার-রাজ্য আধিকার করে এবং দেখান চন্তে ভারতে প্রবেশ করিয়া গুপ্ত-সাম্রাজ্য বিধবস্ত করিতে প্রবৃত্ত হয়। তাহাদিগের প্নঃপৌনিক আক্রমণে ক্ষল-গুপ্ত বিধবস্ত হন। যৌবনের সেউছাছা তথন চলিয়া গিরাছে। বার্দ্ধকোর অবসাদে শক্তি-সামর্থ্য হরণ করিয়াছে। ক্ষল-গুপ্ত ভন-দিগের আক্রমণ প্রতিরোধে সমর্থ হুইলেন না। তাহাদের সহিত যুদ্ধে ক্ষল-গুপ্ত পরাক্ষিত ও নিত্ত হুইলেন।

বছদিন-ব্যাপী যদ্ধে বন্ধ তার্থ ব্যয় হট্য়াছিল। স্কল-গুপু অর্থাভাবে প্রপীড়িত হট্যা, নিরুষ্ট মুদ্রা প্রবর্ত্তনে বাধা হট্যাছিলেন। এট্রনপে মুদ্রায় ক্রিমতা স্থান প্রাথ হটল।

১৮০ খুষ্টান্দে স্কল-গুপ্ত প্রশোকগমন করেন। পিতপিতামতের পদাস্ক অমুসরণে তিনি কির্মাদিতা' উপাধি এহণ করিয়াছিলেন। স্কল-গুপ্তের পুত্র-সন্তান ছিল না। তাঁহার লোকান্তরে তাঁহাব ভ্রাতা প্র-গুপ্ত সিংহাসনে অধিরোহণ করেন। প্রভ্রত্ত্বানুসরণে পূর-মুগ্পের সিংহাসন-প্রাপ্তিকাল ৪৮০ খুষ্টান্দে নির্দিষ্ট হয়।

পুর-গুপ্ত প্রকাশাদিতা।

পুর-গুপু যথন সিংহাসনে তানিরোচণ কবিলেন, তথন গুপ্ত-সামাজ্যের দক্ষিণ পশ্চিম অংশ— সৌরাই প্রান্ত প্রথ-রাজ্য হটাতে বিচ্ছিন হটয়া পড়িয়াছে। ফলভঃ, পুর-গুপ্তের সিংহাসন-প্রাপ্তির সমসময়ে গুপ্ত-বংশের গৌরে অনেকাংশে ক্ষুণ্ণ হটয়াছে,—তিদ্বিয়ে সন্দেহ নাই।

পুর-গুপের রাজস্বর প্রধান ঘটনা মুদ্রার পুনঃ-সংস্কার। স্কল-গুপ্তের রাজস্ব-কালে, যুদ্ধের বায়-নির্ব্বাহার্থ, যে নিরুষ্ট মুদ্রার প্রচলন হইয়াছিল, পুর-গুপ্ত সেই সকল মুদ্রার প্রচলন বন্ধ করিয়া, পুনরায় স্থবর্ণ মুদ্রা প্রবর্ত্তিত করিয়াছিলেন।

পুরগুপ্ত মাত্র পাঁচ বৎসর সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। তাঁহার লোকাস্তরের পর ৪৮৫ খুষ্টান্দে, পুত্র নরসিংহ-গুপ্ত বালাদিত্য সিংহাসন প্রাপ্ত হন।

অস্তিত্ব সম্বন্ধে বিতণ্ডা।

কেহ কেহ পুর-গুপ্তের অস্তিত্ব স্বীকার করেন না। তাঁহারা বলেন,—শেষজীবনে স্কল-শুপ্তই 'পুর-গুপ্ত' নামে অভিহিত হট্যাছিলেন। কিন্তু প্রত্নতন্ত্ববিদ্যাণের এ সিদ্ধান্ত যে সমীচীন নহে, সামান্ত আলোচনায়ই তাহা সপ্রমাণ হয়।

বিথারিতে তাবিদ্ধৃত মোহরে পুব-গুপ্ত মহারাজাদিরাজ শ্রী-পুরগুপ্ত' বলিয়া অভিহিত হইয়াছেন। সেখানে তিনি প্রথম কুমার-গুপ্তের পুত্র এবং মহাদেবী অনস্তদেবীর গর্ভ-সম্ভূত। প্রথম কুমার-গুপ্তের উত্তরাধিকারী বলিয়াও পুর-গুপ্ত সেধানে উল্লিখিত ইইয়াছেন। এদিকে পুর-শুপ্তের পরও গুপ্ত-বংশের তুই পুরুষের নাম বংশ-লতার পরিদৃষ্ট হয়। বথা,— পুব-শুপ্তের পুত্র নরসিংহ-শুপ্ত বিতীয় কুমার-শুপ্ত। স্থতরাং প্রশ্ন উঠি—স্কল-শুপ্তের সহিত পুর-শুপ্ত কি সম্বন্ধে সম্বন্ধি উত্তরে ঐতিহাসিকগণ তাঁহাদিগকে পরম্পর বৈমাত্র ভাতা বলিয়া সিদ্ধান্ত ক্রিয়া লইয়াছেন।

এতদ্বির আরও এক সমস্তামূলক প্রশ্নের অবতারণা হইরা থাকে। বস্থবন্ধ্র জীবনীতে পরমার্থ বলিরাছেন,—অযোধ্যাপতি বিক্রমাদিত্য বৌদ্ধ-গ্রন্থকার বস্থবন্ধ্র পৃষ্ঠপোষক ছিলেন। তিনি তাঁহার মহিষীকে এবং যুবরাক্স বালাদিত্যকে বস্থবন্ধ্র নিকট শাস্ত্র-শিক্ষার জন্ত প্রেরণ করেন। বালাদিত্য সিংহাসন প্রাপ্ত হইলে বস্থবন্ধ্ অযোধ্যায় নীত হন।

পবমার্থের পূর্ব্বোক্ত উক্তি হইতে পুর-গুপ্তকেই 'বিক্রমাদিতা' বলিতে হয়। তাঁহার পুত্র মরসিংহ-গুপ্ত—'বালাদিতা' নামেও অভিহিত হইতেন। কিন্তু হর্ণেল প্রমুথ পাশ্চাত্য পণ্ডিত-গণের সিদ্ধান্ত জন্মকপ। তাঁহাদের মতে স্বন্দ-গুপ্তই বিক্রমাদিতা। তিনিই আবার পুর-গুপ্ত।

কিন্তু স্কল-গুপ্ত যে পুর-গুপ্ত নহেন. পরস্ক উভয়েই যে স্বতন্ত্র,—তাহার যথেষ্ট প্রমাণ বর্ত্তমান। পুর গুপ্তের মূদ্রার এক জংশে 'শ্রী-বিক্রমঃ' পদ পরিদৃষ্ট হয়। জাবার কোনও কোনও মুদ্রায় 'আদিত্য' পদ সন্নিনিষ্ট জাছে। স্বতরাং পুর-গুপ্তই যে 'বিক্রমাদিত্য' উপাধিযুক্ত ছিলেন, ভাহা নি:সন্দেহে সপ্রমাণ হয়।

দ্লাস্ত্রবন্ত জনতার নাই। দিনীয় চন্দ্রগুপ্তের প্রবর্ত্তি 'ধন্তর্মর-মূর্ত্তি' অঙ্কিত মুদ্রার একদিকে 'শ্রী-নিক্রমঃ' শব্দ এবং 'ছত্রাব্দিত' মৃদ্রার একদিকে 'বিক্রমাদিত্য' শব্দ অঙ্কিত রহিয়াছে। যাহা ছত্ত্বক, পুর-গুপুর 'বিক্রমাদিত্য' সংজ্ঞায় প্রমার্থের উক্তির সহিত্ত সামঞ্জ্ঞ সংরক্ষিত হয়।

পুর-গুপ্ত, স্কল-গুপ্তের বৈমাত্র কি সহোদৰ ভ্রাতা—তাহা নির্ণয় করা স্থকঠিন। তবে. ঠোহারা উভরে যে স্বতন্ত্র ব্যক্তি, তদ্বিষয়ে সন্দেহ নাই।

নরসিংহ-গুপ্ত বালাদিত্য।

বালাদিত্যের রাজত্বকালে এক অভাবনীয় পরিবর্তনের স্ত্রপাত হয়। প্রথম কুমার-শুপ্তের রাজত্বকালে যে বিষ-বীজ উপ্ত হইয়াছিল, বালাদিত্যের রাজত্ব-কালে তাহার অঙ্কুরোদাম হইতে লাগিল। ধর্ম্মে সমদর্শন-নীতি এবং স্বধর্মনিষ্ঠা গুপ্ত-নৃপতিগণে স্থপ্রতিষ্ঠার মূলীভূত। তাঁহারা হিন্দু ছিলেন। ব্রাহ্মণ্য-প্রভাবে তাঁহারা প্রভাবান্থিত হইয়াছিলেন। কিন্তু যুখন তাঁহারা স্বধর্মে আস্থাহীন হইলেন, অপিচ যখন তাঁহাদের সমদর্শন-নীতির অভাব ঘটিল; তখনই তাঁহাদের অধংপতনের স্ত্রপাত হইল।

কুমার-গুপ্তের বেজিধর্মে অনুরাগ জন্ম,—মানকুরার লিপিই তাহার সাক্ষ্য। ক্রমে সেই
বীজ পরবর্ত্তী নৃপতিদিগের মধ্যেও সংক্রামিত হয়। তথন স্বধর্মে—হিন্দুধর্মে ক্রমশঃ তাঁহাদের
অনুরাগ কমিরা আসে। নরসিংহ-গুপ্ত বালাদিত্যের রাজত্বকালে, তাহার পূর্ণ প্রভাব প্রত্যক্ষ
হয়। বালাদিত্য বৌদ্ধ-ধর্মের অনুরাগী হন। তাঁহারই প্রচেষ্টার মগধের নালান্দার বৌদ্ধবিহার
নির্মিত্ত হয়। কুলধর্মের প্রত্য-সাধনে বালাদিত্য পরধর্মের পৃষ্ঠপোষ্ক হন।

এই অদ্রদর্শিতাই পরিশেষে গুপ্ত সামাজ্য প্রংসের গ্রহণ করায় ক্রমশঃ গুপ্ত-সামাজ্যের অধঃপতন সংঘটিত হয়। নরসিংহ-গুপ্তের রাজত্বকালে চন্গণ পুনঃপুনঃ ভারত-সামাজ্য আক্রমণ করে। হন-সন্দার যিহিরকুল তাঁহার নিকট পরাজিত ও বন্দী হয়। কিন্তু বালাদিত্য তথন বৌদ্ধধর্মের উন্মাদনায় মিহিরকুলের প্রতি দয়াপরবশ হইয়া তাঁহাকে মৃত্তিদান করেন। মিহিরকুল তখন পঞ্জাবে গমন করিয়া কাশ্মীরে সামাজ্য প্রতিষ্ঠা করে। অভিজ্ঞগণের মতে,—বালাদিত্যের এই অদ্রদর্শিতাই পরিশেষে গুপ্ত সামাজ্য ধ্বংসের মূলীভূত হইয়াছিল।

দিতীয় কুমার-গুপ্ত।

বলাদিতোর লোকান্তরে তাহার পুত্র দিতীয় কুমার-গুপ্ত সামাজ্য লাভ করেন। প্রত্নতন্ত্র-বিদ্যণ বলেন,—দিতীয় কুমার-গুপ্তের সঙ্গে সংস্কেই গুপ্ত-বংশের অবসান হয়। দিতীয় কুমার-গুপ্তের পর মগধে যে ছই এক জন গুপ্ত-বংশীয় নুপতির পরিচয় পাওয়া যায়, তাঁহারা নামে মাত্র রাজা ছিলেন। তাঁহাদের কেইই তাদৃশ প্রতিষ্ঠাসম্পন্ন ইইতে পারেন নাই।

দিতীয় কুমার-শুপ্তের রাজ্য-কালের বিশেষ কোনও বিবরণ প্রাপ্ত হওয়া যায় না। তাঁচাতেই শুপ্ত-বংশের অবসান স্থির হয়। তথন শুপ্ত-গণ পশ্চিম-প্রদেশের আধিপত্য হইতে বিচ্যুত হইয়াছেন। সৌরাই প্রভৃতি তাঁহাদিগের হস্তচ্যুত হইয়াছে। তথন কেবলমাত্র গাঙ্গের উপতাকার পূর্ব্বদিকে শুপ্ত-সামাজ্য সীমাবদ্ধ রহিয়াছে।

দিতীয় কুমার গুপ্তের পর বাঁহারা গুপ্ত-নৃপতি বলিয়া পরিচিত, ভাঁহাদের রাজ্য মগধেই সীমাবদ্ধ ছিল। গুপ্ত-বংশে সেইরপ এগার জন বিভিন্ন নৃপতির পরিচয় প্রাপ্ত হই। গুপ্ত-গণের শেষ নৃপতিগণের সঙ্গে সমাথারিগণ মগধে আধিপত্য বিস্তার করে। কিন্তু উভয়ের মধ্যে সে রাজ্য কি ভাবে বিভক্ত হইয়াছিল, তাহার কোনও নিদর্শন নাই। তবে বুঝা যায়,—ক্থনও উভয়ের মধ্যে মিত্রতা-বন্ধন প্রতিষ্ঠিত হইয়াছিল, আবার ক্থনও তাঁহারা পরম্পর শার্ভাচরণে নিযুক্ত ছিলেন। পরম্পর বৃদ্ধ-বিগ্রহে হীনবল হইয়া পড়িয়াছিলেন!

শেষ গু**প্ত-**নূপতি।

পরবর্ত্তী গুপ্ত-নৃপতিগণের মধ্যে আদিত্য-সেন বিশেষ প্রসিদ্ধি-সম্পন্ন। কথিত হয়,—তিনি স্বাধীনতা অবলম্বনে অশ্বমেধ-যক্ত সম্পন্ন করিয়াছিলেন। হর্ষবর্দ্ধনের লোকাস্তরের পর ৬৪৭ খুষ্টাব্দে তাঁহার বিভ্যমানতা সপ্রমাণ হয়। এতদ্ভিন আদিতা-সেনের অন্ত কোনও পরিচয় পাওয়া যায় না।

দিতীয় জীবিত-গুপ্ত গুপ্ত-বংশের শেষ নূপতি বলিয়া উক্ত হন। অষ্টম শতাব্দীর প্রারম্ভে তাঁহার রাজ্য-কালের নিদর্শন প্রাপ্ত হই। তাহার পর মগধে 'গুপ্ত' নাম বিলুপ্ত হয়।

অতঃপর খৃষ্টীয় অন্তম শতান্দীর শেষভাগে অথবা নবম শতান্দীর প্রারম্ভে মগধে পাল-বংশ প্রতিষ্ঠান্বিত হন। তথন আবার একবার নির্বাণোন্মথ দীপ-শিখা সহসা প্রজ্ঞানিত হইয়া উঠে। ভারতের গৌরব-রবি শেষ-রশ্মি বিকীরণ করিয়া চিরতরে অস্তমিত হয়।

গুপ্ত-বংশের সংক্ষিপ্ত পরিচয়।

লিচ্ছবি-রাজকস্থার সহিত বিবাহ-সম্বন্ধই—গুপু-বংশেণ গৌরব-প্রতিষ্ঠার মূলীভূত। প্রত্নতন্ত্ব-বিদ্যাণের অমুসরণে, লিছ্কবি-রাজগহিতার পরিণয়-কাল হইতে আরম্ভ করিয়া গুপ্তবংশের অবসান পর্যান্ত, প্রধান প্রধান ঘটনাবলির নির্ঘণ্ট এবং কাল প্রভৃতি নিম্নে প্রদত্ত হইল; যথা,—

থৃষ্টাব্দ। ৩০৮	প্রধান ঘটনা। লিচ্চবি-রাক্তকস্থার সহিত প্রথম চন্দ্র-গুপ্তের পরিণ স্বাধীনতা অবলম্বনে প্রথম চন্দ্র-গুপ্তের	ায়	मञ्जदा ।			
J06						
	স্বাধীনতা অবলম্বনে প্রথম চন্দ্র-গুপ্তের		লিচ্ছবি-রাজক্সার সহিত প্রথম চন্দ্র-শুপ্তের পরিণয়			
৩২৽		33	- কাল প্রবর্তন।			
	সিংহাসনাধিরোহণ	ী য়ারী	ł-কাল প্রবর্ত্তন। • খৃষ্ঠান্দের ২৬এ কেব্রু- ী ১ গুপ্তাব্দের স্থচনা।			
990	সম্দ্র-গুপ্তের সিংহাসনাধিরোহণ					
<u> </u>	উত্তর-ভারতে অভিযান					
089-6.	দক্ষিণ-ভারতে অভিযান					
.62	তাশ্মেধ যক্ত					
৩৬۰	সিংচলরাজ-কর্তৃক উপঢ়ৌকনাদি সহ দৃত প্রেরণ					
৩৭৫	দ্বিতীয় চন্দ্র-গুপ্তের সিংহাদন-প্রাপ্তি					
৩৯৬	পশ্চিম-ভারত-বিজয়					
8•>	উদয়-গিরি লিপি	४२	গুপ্তাব			
8 • 4 —>>>	পরিব্রাজক ফা-হিয়ানের ভারতে আগমন	৮৬-৯২	,,			
8 • 9	ঘাঢ়োয়া লিপি	bb	,,,			
8•8	কৌপা-মৃদ্ৰা প্ৰবৰ্ত্তন (পশ্চিম-ভারতের আদর্শে)	৽৽	,,			
8>5	সাঁচীর লিপি	৯৩	,,			
8>0	প্রথম কুমার-গুপ্তের সিংহাদন-লাভ	86	> 1			
8>¢	ভিল্সার লিপি	৯৬	,,			
859	ঘাঢ়োয়া লিপি	94	,,			
8७३	মথ্রা এবং বঙ্গের অন্তর্গত নাটোরের লিপি *	220	,,			
80%	মান্দাসোর বিপি	>>9 '	গুপ্তাদ = ৪৯৩			
		বহন	বহুলভী-সংবৎ			
,, 3	বারাদি লিপি	>>9	গুপ্তাব্দ			
88•	রৌপ্য-মূদ্রা প্রবর্ত্তন	>5>	,,			
889	<u>ত্র</u>	>28	33			
889	ঠ	५ २४				

[•] বঙ্গালনৰ অন্তৰ্গ • কৰিবপূৰ এবং ৰাজনাত কোলাৰ নাজেশতে গুপৰাশনৰ জুটখানি লিপি প্ৰাপ্ত ছঙ্কা পিয়াকে। ভাষ্কসনে উৎকীৰ্ণ নাটোবের লিপিও কাল ৪০২ পৃষ্টাকোনিদিয় চয়। ফরিলপুরের লিপি যশো-প্রপ্রে শ্ববিভিত্ত বিদ্যানিভাৱিত হয়। কিন্তু অধিকাংশের মতে ঐ লিপি সমুদ্র-শুপ্ত কর্তুক উৎকাৰ্গ চ্ট্যাহিল।

গুপ্ত-বংশের অম্মান্য নৃপতি।

খৃষ্টাব্দ	প্রধান ঘটনা।		wart I
•			मखरा ।
885	রোপ্য-মুদ্রা প্রবর্ত্তন এবং মানকুয়ার নিপি	>55	ख शांक
888	রৌপ্য-মূলা প্রবর্ত্তন	200))
800	পুয়মিত্রদিগের সহিত যুদ্ধ	202	,,
8 ¢ 8	রৌপামুজা প্রবর্ত্তন	20¢	99
8¢¢	B	১৩৬	39
998	স্কন্দ-গুপ্তের সিংহাদন লাভ ; হুনদিগের		
	সহিত প্ৰথম যুদ্ধ	১৩৬	"
৪৫৬	গিণার হলের বাঁধ সংস্কার	५०१	20
849	গিণারে মন্দির নির্মাণ	:04	30
8%•	কাহাউম স্তম্ভলিপি (গোরকপুর জেলা)	>85	39
৪৬৩	রৌপ্যমূদ্রা প্রবর্ত্তন	>88	39
898	ે લ	>8¢	
8 %¢	ইন্দোরের লিপি (বুলন্দসহর জেলা)	>8%	39
৪৬৭	রৌপ্য-মুদ্রা প্রবর্ত্তন	>84	29
890	দ্বিতীয় হুন-যুদ্ধ ১৫১	<u></u> ७:	a)
८१७	মান্দাসোর লিপি	(00	চলিত মালবান্দ
899	পালি নিপি	264	গুগু-সংবৎ
8b.o	পুরগুপ্তের (প্রকাশাদিত্য) সিংহাসন-লাভ		
844	নরসিংহ-গুপ্ত বালাদিত্যের সিংহাসন-লাভ		
820-620	তোরামন		
850-990	বহলবী-বংশের প্রতিষ্ঠা		
6 >•—68•	মিহিরগুল (মিহিরকুল)	६२४	খুষ্টাব্দে পরাব্দিত হয়।
८२ •	গান্ধারের খেত-হুনরাজের সহিত স্থং-উনের সাক্ষাৎ		
৫२৮	বালাদিত্য এবং যশোধর্মণ কর্তৃক মিহিরকুলের পরাজ্য		
৫৩০	দ্বিতীয় কুমার-গুপ্তের সিংহাসন-লাভ		
¢७६—१२•	মগধের পরবর্ত্তী গুপ্ত-নূপতিগণ		
८३ ९—७२६	বহলভীর এবং 'মা-লো-পো' রাজ্যের শিলাদিত্য		

মালবের গুপ্ত-গণ।

মালব-দেশের পশ্চিম সীমায় গুপ্ত-বংশের আর ত্ই জন নুপতি প্রসিদ্ধি-সম্পন্ন হইয়াছিলেন। তাঁহারা যথাক্রমে বৃদ্ধগুপ্ত এবং ভামুগুপ্ত নামে পরিচিত। ৫৮৪ খুটাক হইতে ৫১০ খুটাক

পর্যান্ত তাঁহার! প্রতিষ্ঠিত ছিলেন। পাশ্চাত্য-মতে তাঁহারা স্কন্দ-গুপ্তের বংশধর। তাঁহার। হুন্দিগের অধীনতা স্বীকার করিয়াছিলেন, প্রতিপন্ন হয়।

वस्तवी-त्राजवः॥।

গুপ্ত-বংশের সহিত বহলবী-বংশের নৈকটা সপ্রমাণ হয়। গুপ্তকাল আলোচনা-প্রসঙ্গে ইতিপূর্ব্বে তাহার কিঞ্চিৎ আভাস প্রদান করিয়াছি। খুষ্টীয় পঞ্চম শতালীর শেষভাগে, নৈত্রক-বংশীয় ভট্টারক কর্তৃক বহলভী-বংশ স্থাপিত হয়। সৌরাষ্ট্রের পূর্ব্ব-সীমানায় বহলবী নগরে তাহার রাজধানী প্রতিষ্ঠিত। সম্ভবতঃ 'বহলভী'-নগরের নাম অনুসারেই ভট্টারকের প্রতিষ্ঠিত রাজবংশ 'বহলভী' সংজ্ঞা প্রাপ্ত হইয়াছিল।

৭৭০ খৃষ্টাব্দ পর্যান্ত এই বংশের প্রতিষ্ঠার পরিচয় প্রাপ্ত হই। পরে আরবগণ কর্তৃক বহলভী-বংশের উচ্ছেদ সাধিত হয়। বহলভী-বংশের আদি-নৃপতিগণ সামস্ত শ্রেণীভুক্ত ছিলেন। তাঁহারা হুনদিগের নিকট পরাজিত হইয়া কর-প্রদানে বাধ্য হন। তার পর হুনদিগের উচ্ছেদ-সাধনের সঙ্গে সাহার স্বাধীনতা অবলম্বন করেন।

চৈনিক পরিব্রাজক হুয়েনৎ-সাং যথন ভারতে আগমন করিয়াছিলেন, তথন সৌরার্দ্ধ-প্রদেশে বহলভীগণ বিশেষ প্রতিষ্ঠান্থিত ছিলেন। তথন সৌরাব্দ্ধে বৌদ্ধধর্মের প্রভাব পূর্ণ প্রতিষ্ঠিত। শুণমতি এবং স্থিরমতি—বৌদ্ধভিকুদ্ধয় তখন উপদেষ্টার পদে সমাসীন।

ইৎ-সিং এবং হ্য়েনৎ-সাং উভয়েই দক্ষিণ-বিহারের নালান্দার এবং পশ্চিম ভারতের বহলভীর স্বাতয়্যের বিষয় উল্লেখ করিয়াছেন। মালব-দেশও তথন বিশেষ সমৃদ্ধি-সম্পন্ন ছিল। মালব (সো-লা-পো) তথন শিক্ষা-দাক্ষায় গরীয়ান হইয়াছিল। উভয় রাজ্য স্বতয় হইলেও, রাজনৈতিক বিধানে উভয়ই তথন অভিন ছিল। রাজা হর্ষের জামাতা গ্রুবদত্ত তথন ঐ ছই রাজ্য শাসন ক্রিতেছিলেন।

অতঃপর বল্লবী-রাজ্যের অধংপতনে বিভিন্ন খণ্ড রাজ্যের উৎপত্তি ঘটে। প্রথমে বল্লভী গুপ্ত-সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়। পরে তাহা বিচ্ছিন্ন হইয়া পড়ে। পরিশেষে বল্লভী-দিগের প্রভাব-প্রতিপত্তি-লোপের সঙ্গে সঙ্গে, বল্লভী-রাজ্য হইতেও বিভিন্ন খণ্ড-রাজ্যের উৎপত্তি হয়। এইরূপে বিশাল গুপ্ত-সাম্রাজ্য ক্রমে ক্রমে ক্র্মে ক্ষুদ্র নগর জনপদে বিভক্ত হইয়া বিভিন্ন স্বাধীন সামস্তের অধীন হইয়া পড়ে। গুপ্ত-সাম্রাজ্যের অস্তিত্ব বিলুপ্ত হয়।

ভারতে খেত-হনগণ।

গুপ্ত-বংশের ইতিহাস আলোচনার 'হুন'দিগের ইতিবৃত্ত প্রধান স্থান অধিকার করিয়া আছে। চক্র-শুপ্ত বিক্রমাদিত্য অশেষ আয়াসে ভারত হইতে যে হুনদিগের উচ্ছেদ-সাধন করিয়াছিলেন, সেই হুন-জাতায় লুপ্ঠন-ব্যবসায়ীগণ গুপ্ত-বংশেরই রাজত্ব-কালে ভারতে প্রবেশ করিতে আরম্ভ করে। কুনার-শুপ্তের নাজত্বের শেষ ভাগ হইতেই তাহারা ভারত আক্রমণে অগ্রসর হয়। পরিশেষে এমন অবস্থা ঘটে যে,—যে গুপ্ত-গণ ছুনদিগের মুলোচ্ছেদ করিয়া-ছিলেন, সেই ছুনগণই আবার গুপ্ত-সাম্রাজ্যের মুলোপোটন করে।

মধ্য এসিয়ার পার্বত্য প্রদেশে হন-জাতি ব্রীপ করিত। পুঠনাদি তাহাদের প্রধান অবলম্বন ছিল। সংখ্যা-বৃদ্ধির সঙ্গে সঙ্গেদি-বাস-ভূমি পরিত্যাগ করিয়া ক্রমশঃ তাহারা পশ্চিমাভিমুথে অগ্রসর হইতে থাকে। এই সময় তাহারা ছই দলে বিভক্ত হইয়া পড়ে। এক দল অক্সাস নদীর উপত্যকা-প্রদেশের অভিমুখে অগ্রসর হয়; অন্ত দল ইউরোপে বল্লা-নদীর দিকে অগ্রসর হইতে থাকে।

৩৭৫ খুষ্টান্দে হনগণ ইউরোপের পূর্ব্ব সীমায় উপস্থিত হয়। গণ-দিগকে দানিয়ুব নদীর দক্ষিণে বিতাড়িত করিয়া, হনগণ তথায় প্রতিষ্ঠিত হয়। এই উপলক্ষে গণ-রাজ ভলেন্দের সহিত হনদিগের ঘোরতর যুদ্ধ হইয়াছিল। ৩৭৮ খুষ্টান্দে হনদিগের সহিত যুদ্ধে গণরাজ পরাজিত ও নিহত হন। বল্লা এবং দানিয়ুব নদীর মধ্যবর্ত্তী ভূতাগ হনগণ অধিকার করে। ইউরোপে তাহাদের অত্যাচার-স্রোত প্রবাহিত হয়।

তথন হন-সন্দার সাটিলা এমনই পরাক্রমশালী ইইয়াছিল যে, রোমের প্রভুত্ব পর্যান্ত সে তথন গ্রাহ্য করিত না। বাহা ইউক, ৪৭০ খুষ্টাব্দে আটিলার মৃত্যু হয়। আটিলার মৃত্যুর পর বিংশ বর্ষের মধ্যেই ইউরোপ হইতে হুনদিগের নাম পর্যান্ত বিলুপ্ত হহয়া যায়।

ইউরোপে হুনদিগের আধিপত্য বিলুপ্ত হহলেও এসিয়ায় তাহাদের প্রতিষ্ঠা অকুণ্ণ ছিল। তখন তাহারা অক্যাস নদীর তীরবর্তী ভূভাগে বসতি স্থাপন করে। তাহাদের বিভিন্ন জাতির সমবায় তখন 'শ্বেত হুন' নামে পরিচিত হয়।

ক্রমে তাহারা পূর্ব্বিভিমুখে অগ্রসর হইয়া পারস্তের তাৎকালিক সম্রাট ফিরোজকে নিহত করে। ৪৮৪ খুটাদে পারস্ত তাহাদের পদানত হয়। কাবুলের কুশন নুপতিগণ তাহাদের আক্রমণে উমূলিত হন। ৪৫৫ খুটাদে, কুমার-গুপ্তের রাজত্বের শেষভাগে, যথন তাহারা ভারত আক্রমণে মুগ্রসর হয়, স্কল-গুপ্ত বাধা প্রদান করেন। ছনগণ পরাজিত হহয়া ভারত পরিত্যাগ করিতে বাধ্য হয়।

প্রায় দশ বংসর পরে, হন-সর্দার ভোরামনের অধিনায়কত্বে পুনরায় তাহারা গান্ধার-রাজ্য বিধ্বস্ত করে। পরে তাহারা পেশোয়ার অতিক্রমে গাঙ্গেয় উপত্যকায় প্রবেশ কারয়। গুপ্ত-সাত্রাজ্যের উচ্ছেদসাধনে প্রয়াস পায়। ৫০০ খৃষ্টাব্দে তোরামন মালব-রাজ্য আধিকার করিয়া তথায় রাজ্য প্রতিষ্ঠা করে। সেই সময় ভামু-গুপ্ত, বহলভীরাজ এবং অক্সান্থ ভারতীয় নৃপতিগণ তাহার অধীনতাপাশে আবদ্ধ হন। ৩

- ৫> খৃষ্টান্দে তোরামনের লোকান্তরের পর, তাঁহার পুত্র মিহিরকুল রাজ্যলাভ করেন।
- * তোরামনের নামে তিনটী লিপির স্থানে পাওলা যায়। ম্যাভারতের সাগ্রজেলায় এরণ লেপে, লবণ-প্রত্থেশীয় অন্তর্গত কুবা নামক স্থানে একটা এবং ম্যাভারতে গোলালিয়রে একটা। শেবাক্ত লিপি নিছেরকুলের রাজ্বের পঞ্চল বর্ধে উৎকীর্ণ হইয়াছিল। কোরামনের মুলায় ২২ সংখ্যা আছে। তাহাতে পতিত্যপা শ্রাক্ত ক্রেন, —১৪৮ প্রীক্তে হ্ন-লিগের প্রতিষ্ঠিত কোনও অন্ত হইতে ঐ বংসর গণনা করা হইয়াছিল। ভোলামনের মুলায় কতক সৌরাষ্ট্র লেশের শ্রাক্তর মুলায় অনুকরণে প্রভত্ত ইয়াছিল। দিহেল, লিজেলার মুলায় অনুকরণে প্রভত্ত ইয়াছিল। Fleet, Gupta Insorsptsons, Epigraphika Indika Vol. I, and I A. S. B, Vol. LXIII, Part I.

· 75-3154-09

শাকলে তাঁহার রাজধানী প্রতিষ্ঠিত হয়। * "এইর্রিপে অক্সাস নদীর তীর পর্যাস্ত হুনদিগের আধিপত্য বিষ্কৃত হইয়াছিল। বাল্থ নগরে তাহাদের আর এক রাজধানী প্রতিষ্ঠিত হয়।

মিহিরকুলের নৃশংসতার অবধি ছিল না। মিহিরফুলের দৌরাত্মো তথন ভারত প্রাপীড়িত হইয়া পড়িয়াছিল। প্রায় অর্দ্ধ শতাব্দীর অধিককাল মিহিরকুলের অত্যাচারে ভারত মর্মন্দ্র হইয়া পড়ে। অবিরল নর-শোণিত-প্রবাহে ভারতভূমি প্লাবিত হয়। হনগণ জীবস্ত মামুষকে অগ্নিতে নিকেপ করিয়া পুড়াইয়া মারে। শস্তক্ষেত্র অগ্নিদানে ভত্মীভূত হয়। ফলতঃ, তখন হুনদিগের অত্যাচার-উৎপীড়নে ভারতের হুর্দ্ধশার অবধি ছিল না।

অত্যাচার অসহ হইয়া উঠিল। রাজশক্তি জাগরিত হটল। নগনরাজ বালাদিত্য এবং মধ্য-ভারতের তাৎকালিক সম্রাট যশোধর্মণ উভয়ে একযোগে হুন-সন্দারকে আক্রমণ করিলেন। ৫২৮ খুষ্টাব্দে মিহিরকুল সম্পূর্ণরূপে পরাজিত এবং বিধ্বস্ত হটল।

মিহিরকুলের এই পরাজয়ে তাহার ভ্রাতা শাকলে স্বাধীনতা অবলম্বন করে। যাহা ইউক, পরাজিত হইয়া মিহিরকুল কিছুদিন নিজদেশ হয় এবং কাশ্মীরে আশ্রয় গ্রহণ করে। কাশ্মীর-রাজ তাহাকে একটা ক্ষুদ্র রাজ্যের শাসনকর্তৃপদে নিয়ৃক্ত করেন। কিন্তু ক্রুর-প্রকৃতি মিহিরকুল, সম্বরুই কাশ্মীরে এক বিদ্রোহের স্ত্রপাত করে। সেই বিদ্রোহের ফলে মিহিরকুল তাহার উপকারককে নিহত করিয়া কাশ্মীরের সিংহাসন ভাধিকার কর্মা বসে। কিন্তু মিহিরকুলের ভাগ্যে সে রাজ্যভোগ অধিক দিন ঘটে নাই। এক বংসরের মধ্যেই নিহিরকুল পরলোক গমন করে। ৫৪০ খুষ্টান্দে অথবা তাহার সমসময়ে মিহিরকুলের লোকান্তর হয়।

মিহিরকুলের পরাজ্যের ফলে হুনদিগকে শীঘট ভারত পরিত্যাগ করিয়া যাটতে হয়।
ষষ্ঠ শতাকীর মধ্যভাগে তুরস্কদিগের অভ্যুদয়ের সঙ্গে দারে ভারতে হুনদিগের অস্তিত্ব বিলুপ্ত
ইইয়াছিল। পারস্থের সমাট থদ্ক অনুশিরভানের সহিত মিলিত ইইয়া তুরস্কগণ ৫৬০ ইইতে
৫৬৭ খৃষ্টাব্দের মধ্যে খেত-হুনদিগকে বিধ্বস্ত করে। তখন কপিশা পর্যাস্ত তুর্কিদিগের আধিপত্য
বিশ্বত হয়। এইরপে হুনদিগের অধঃপতন সাধিত ইইয়াছিল।

গুক্তারগণ !

অতঃপর ভারতে গুজার ও রাজপুত প্রভৃতির অভ্যাদয় হইতে থাকে। পঞ্জিতগণের মতে গুজারগণ বৈদেশিক। কেহ কেহ তাহাদিগকে হুনদিগেরই সংশ্রবযুক্ত বলিয়া মনে করেন। প্রথমতঃ রাজপুতানায় তাহাদের রাজ্য প্রতিষ্ঠিত হয়।

আবু-পর্বতের ৫০ মাইল উত্তর-পশ্চিমে ভিনমাল নামক স্থানে অথবা শ্রীমলে তাহাদের রাজধানী ছিল। কিছুকাল পরে ভিনমালের গুজার-প্রতিহাররাজ কনৌজ অধিকার করিয়া উত্তর-ভারতে বিশেষ প্রতিষ্ঠাসম্পন্ন হন।

* *

মিৰিরকুল, মেৰিরগুল—ছুই লামই লেখিতে পাওয়া যায়। লিয়ালকোট এবং চিনিরটে মিছিরকুলের মূজা প্রজ্বাধিন পাওয়া যায়। পঞ্জাবের ঝঙ এবং গুলরাপভয়ালা জেলায়ও মূজা দৃষ্ট হয়। Journal of the Royal Asiatic Society of Bengal, 1898, part I.

ত্রয়স্তিংশ পরিচ্ছেদ

থানেশ্বর রাজ্য।

• [প্রভাকরবর্দ্ধন ;—রাজ্যবর্দ্ধন ;—হর্ষবর্দ্ধন ;—শশাস্ক-বিজয় ;—রাজ্য-বিস্তার ;—
দক্ষিণাত্যে পরাজয় ;—বহলভী-বিজয় ;—রাজ্য-শাসন^{বি}ধি ;—ধর্মবিশ্বাস
ও ধর্ম্ম-সজ্ম ;—চীনে দৌত্য ;—উপসংহারে বিবিধ বক্তব্য ।]

প্রভাকর-বর্দ্ধন।

খৃষ্টীয় সপ্তম শতান্দীতে থানেশ্বর রাজ্য প্রতিষ্ঠা-সম্পন্ন হয়। ধর্মক্ষেত্র কুরুক্ষেত্রে তথন রাজা প্রভাকরবর্দ্ধনের অভাদের ঘটিয়াছিল। মালবের নূপতিগণ তাঁহার নিকট পরাজিত হন, পাঞ্জাবের উত্তর-পশ্চিম-সীমান্তবর্ত্তী হন-গণ বিধ্বন্ত হয় এবং গুরুদ্ধেরর গুজারগণ তাঁহার বশুতা স্বীকার করে। এইরপে পারিপার্থিক জাতি-সমূহকে বশীভূত করিয়া, রাজা প্রভাকরবর্দ্ধন রাজশক্তি দ্যু করিতে সমর্থ হায়াছিলেন।

প্রভাকরবর্দ্ধনের ছই পুর্ত্তী—রাজ্ঞাবর্দ্ধন ও হর্ষবর্দ্ধন। উভয়েই ছনদিগের সহিত যুদ্ধে ব্যাপৃত ছিলেন। যুদ্ধ যথন ঘোরতরভাবে চলিতেছিল, সেই সময় প্রভাকর-বর্দ্ধনের পীড়ার সংবাদ পৌছিল। সংবাদ পাইয়া হর্ষবর্দ্ধন রাজ্যে প্রত্যাবৃত্ত হইলেন। কিন্তু রাজ্যবর্দ্ধনের প্রত্যাবর্ত্তনে বিলম্ব ঘটিল। তথনও হুনগণের প্রভাব থকা হয় নাই। তাই রাজ্যবর্দ্ধন, পিতার পীড়ার সংবাদেও, যুদ্ধ পরিত্যাগ ক্রিয়া রাজ্ধানীতে ফিরিতে সমর্থ হুইলেন না।

রাজা-বর্দ্ধন।

ভবিতব্য সংঘটিত হইল। যথাসময়ে প্রভাকরবর্দ্ধন পরলোক গমন করিলেন। তথন কে সিংহাসনে উপবিষ্ট হটবেন,—ইহা লইয়া বিতণ্ডা চলিল। রাজ্যবর্দ্ধন যুদ্ধক্ষেত্রে। তিনি হয় তো না ফিরিতেও পারেন। এই অবস্থায় রাজ-সংসারে ছইটী দল সৃষ্টি হইল। হর্ষ-বর্দ্ধনকেই সিংহাসনে প্রতিষ্ঠিত করিবার আয়োজন চলিতে লাগিল।

এমন সময়ে রাজ্যবর্দ্ধন বিজয় লাভ করিয়া প্রত্যাবৃত্ত হইলেন। ষড়বন্ধ বিফল হইল। রাজ্যবন্ধন সিংহাসনে অধিষ্ঠিত হইলেন।

কিন্তু অতি অব্নকাল মধ্যেই পুনরায় তাঁহাকে রণক্ষেত্রে অবভীর্ণ হইতে হইল। তিনি সংবাদ পাইলেন,—মালব-রাজ, রাজ্যবর্দ্ধনের ভগ্নীপতি গ্রহবর্দ্মণ মৌথারিকে নিহত করিয়া ভাগিনী রাজ্যশ্রীকে বন্দী করিয়াছে এবং লোহ-শৃঞ্জলে আবন্ধ করিয়া ভাহাকে অশেষ বন্ধা দিতেছে।

প্রায় দশ সহস্র পদাতিক সৈত্ত সমভিন্যাহারে রাজ্যবর্দ্ধন মালব অভিমুখে বাত্রা করিলেন।

জন্নারাদেই মালব-রাজ পরাজিত হইলেন। কিন্তু ইতিমধ্যে এক ছুর্বটনা ঘটিল। মালব-রাজের মিত্রভূত গৌড়ের রাজা শশাকের বিশাস্বাতক তার রাজ্যবর্জন নিহত হইলেন।

এই জংসংবাদ শর্ষপ্রকারে নিকার পৌছিল। তিনি জারও সংবাদ পাইলেন,—তাঁহার জন্মী পলায়ন কবিয়া বিদ্যা-পর্কানর কবিণা নিয়া প্রকাশিক কবিণা নিয়া প্রকাশিক জানের কোনই সন্ধান মিলিল না। যাহা হউক, এই সকল সংবাদে রাজ-মধ্যে বিধাদ-কালিমার ছায়াপাত হইল। হর্ষবর্জন একটু বিচলিত হইয়া পড়িলেন।

হর্ষবর্দ্ধন।

রাজ্য-বর্দ্ধনের আকস্মিক লোকান্তরে রাজ্যে বিশৃঙ্খলা উপস্থিত হইল। রাজ্যবর্দ্ধন নিঃসন্তান ছিলেন। স্বতরাং হর্ষবর্দ্ধনই সিংহাসন প্রাথ হইলেন।

হর্ষণদিন প্রথমে সিংহাসন গ্রহণে ইতস্ততঃ করেন। সিংহাসনারোহণের পরও তিনি রাজ্যোপাধি গ্রহণ করেন না। তথনও তিনি 'যুবরাজ্ঞ' নামেই আপনাকে পরিচিত করিতেন। 'ফাং চি' নামক চীনাদিগের গ্রাস্থ, গ্রন্থকার লিথিয়াছেন,—হর্ষ তাঁহার বিধবা ভাতৃবধূর অভিভাবকর্মপে রাজ্যশাসন করিতেন। রাজ্য-লাভের প্রায় পাঁচ ছয় বৎসর পরে হর্ষবর্দ্ধন 'রাজ্ঞা' উপাণি গ্রহণ করেন। হর্ষের সিংহাসন আরোহণের বৎসর হইতেই একটী অক্পপ্রচলিত হয়। সেই অক্সের নাম—'শ্রীহর্ষাক্র'। ৬০৬-৭ খুষ্টাক্র হুইতে তাহার সূচনা।

শশান্ধ-বিজয়।

রাজ্যে স্থ্রতিষ্ঠিত হটয়া হর্ব, রাজা শশাক্ষকে দমন করিতে সকল্লবদ্ধ হন। সঙ্গে সঙ্গে বিধবা ভগ্নীর উদ্ধারের জন্মও চেষ্টা হটল । যুদ্ধে শশাক্ষ পরাজিত হইলেন। বিদ্ধা-পর্বতের অরণ্য মধ্যে ভগ্নীর সন্ধান পাটয়া হর্ষবর্দ্ধন তাঁহার উদ্ধার-সাধন করিলেন।

রাজ্য-বিস্তার ।

গৌড়রাজ শশাস্ককে বিধবস্ত করিয়া, হর্ষ রাজ্যবিজয়ে রাজ্যবিস্তারে মনোনিবেশ করেন। সমগ্র ভারত-বিজয়ে চেষ্টা চলিতে লাগিল। যুদ্ধের সাঞ্জসরঞ্জাম প্রস্তুত হইল। যুদ্ধের নিয়মাদির বহুবিধ সংস্কার সাধন করিয়া হর্ষ নববিধানে সৈন্তদিগকে প্রস্তুত করিতে লাগিলেন।

হর্ষবর্দ্ধনের সৈন্তাদলে ৫০০০ হস্তী, ২০,০০০ অশ্বারোহী সৈত্য ও ৫০,০০০ পদাতিক সৈত্য ছিল। এই ছর্দ্দমনীয় সৈত্যের সাহায্যে হর্ষবর্দ্ধন আর্য্যাবর্ত্ত জন্ম করিলেন।

চীন-পরিপ্রাক্তক হিউরেনৎ-সাং, হর্ষের দিশ্বিজয়ের এক স্থানর বর্ণনা প্রদান করিয়াছেন। তাহাতে প্রকাশ, — "হর্ষ পূর্ব্ব হইতে পশ্চিম পর্যাস্ত সকল রাজাকে পরাজিত করিলেন। তাঁহার হস্তী কোনদিন সাজসজ্জা ত্যাগ করে নাই; — পদাতিকগণও উষ্ণীয় খুলে নাই।" প্রায় সাড়ে পাঁচ বৎসরের মধ্যেই উত্তর-পশ্চিম-প্রদেশ এবং বঙ্গদেশের অধিকাংশ হর্ষবর্দ্ধনের রাজ্যভুক্ত হয়। হর্ষবর্দ্ধন প্রায় ৩৫ বৎসর রাজ্যভ করিয়াছিলেন।

দাকিণাতো পরাজয়।

বিজয়দৃগু হর্ষবর্দ্ধন জীবনে একবারমাত্র পরাজ্ঞরের কলঙ্ক বহন করিয়াছিলেন। চালুক্য-বংশের নুপতি দিতীয় পুলকেশী তখন দাক্ষিণাতোর একছত্র নুপতি বলিয়া বিঘোষিত হন।

হর্ষবর্দ্ধন এই প্রবল প্রতিদ্বন্দীর দর্প থর্ব্ধ করিবার জন্ম প্রভূত সৈন্ম ও সেনাপতি সংগ্রন্থ করিতে লাগিলেন। কিন্তু তাঁহার কোনও চেষ্টাই ফলবতী হইল না। নর্ম্মদা-তীরে হর্ষবর্দ্ধন প্রবল বাধাপ্রাপ্ত হইলেন। স্থতরাং সেখান হইতেই তাঁহাকে প্রত্যাবৃত্ত হইতে হইল। নর্ম্মদাতীর পর্যাপ্তই তথন তাঁহার রাজ্যসীমা নিবদ্ধ রহিল। ৩২০ খৃষ্টান্দে এই ঘটনা সংঘটিত হয়।

वस्त्रवी विषय ।

অতঃপর হর্ষবর্জন বহলভীদিগের বিরুদ্ধে অভিযান করেন। তথন দ্বিতীয় ধ্রুবসেন (ধ্রুবব্রত — দ্বিতীয়) বহলবীর রাজসিংহাসনে অধিষ্ঠিত। ধ্রুবসেন ৬৪২ খৃষ্টান্দে পরাজিত ও বিধবস্ত হইয়া বরোচের রাজার শরণাপর হন। যাহা হউক, পরিশেষে ধ্রুবসেন সন্ধি-স্থাপনে বাধ্য হইয়াছিলেন। হর্ষবর্জনের কন্তার সহিত তাহার বিবাহ হয়। এই অভিযানে আনন্দপুর, কিচা (কচ্ছ), সোর্থ এবং পশ্চিম মাল্ব (মো-লা-পো) হর্ষবর্জনের রাজ্যের অন্তর্ভুক্ত হয়।

রাজ্য-শাসন-বিধি।

হর্ষবর্দ্ধনের রাজ্য—হিমাশর হইতে নশ্মণা পর্যান্ত বিস্তৃত হইয়াছিল। তন্মধ্যে মালব গুজরাট ও সৌরাষ্ট্র প্রদেশ তাঁহার নিজ শাসনাধীন ছিল। দূরবর্ত্তী প্রদেশসমূহের শাসনের ভার সেই সেই দেশের সামস্ত নৃপতির উপর হাস্ত হইয়াছিল।

হর্ষবর্জন রাজ্যশাসনে আমলাতন্ত্রের উপর নির্ভর করিতেন না। তিনি স্বয়ং রাজকার্য্য পর্য্যবেক্ষণ করিতেন। তিনি রাজ্যের সর্বত্র পরিভ্রমণ করিতেন। বর্ধাকালে যথন দেশভ্রমণ অসম্ভব হইয়া উঠিত, — তথন তিনি রাজধানীতে থাকিয়া, রাজধানীর সর্ব্বত্র গতিবিধি করিতেন। তাঁহার ভায়-বিচারে অপরাধীর দণ্ড হইত। সাধু-সজ্জন পুরস্কার লাভ করিত।

পরিব্রাজক হিউরেনং-সাং ভারতের তাংকালিক শাসন-শৃষ্ণলা দেখিয়া অত্যন্ত সন্তুষ্ট হইয়াছিলেন। তথন উৎপন্ন-দ্রব্যের এক ষষ্টাংশ রাজকর নির্দ্ধারিত ছিল। কর্মচারীদিগকে জায়গীর দেওয়া হইত; রাজকর বা ট্যায় অতি অল ছিল। রাজকীয় কার্য্যের জন্ত প্রজাকে উপযুক্ত পারিশ্রমিক প্রদান করা হইত। ধর্ম এবং ধর্ম-সম্প্রদায়ের ব্যবস্থায় হর্মবর্জনের দানের অবধি ছিল না।

অশোকের পদান্ধামুসরণে হর্ষবর্জন দরিজ এবং রোগীদিগের জন্ম স্থানে স্থানে দাতব্য চিকিৎসালয় স্থাপন করিয়াছিলেন। সহরে এবং রাজ্যের বিভিন্ন পদ্লীতে ধর্মালা প্রতিষ্ঠিত হইয়াছিল। ধর্মালয় প্রতিষ্ঠা, জনহিতকর প্রতিষ্ঠান-স্থাপন, হর্ষবর্জন প্রধান কর্ত্তব্য বলিয়া বৃথিয়াছিলেন;—দেই লক্ষ্য পথে গমন করিয়া, জনহিতকর বিবিধ অমুষ্ঠানের প্রবর্ত্তনে হর্ষ আদর্শ নৃপতি মধ্যে গণ্য হইয়াছিলেন।

রাজকীর কাগজপত্র-সংরক্ষণের ভার প্রভাক প্রদেশে বিশিষ্ট কর্মচারীর উপর গুন্ত ছিল।

প্রকার শিক্ষোরতির জ্বন্ত হর্ষবর্জন বিশেষ ব্যবস্থা করিয়াছিলেন। তথন ব্রাহ্মণ ও বৌদ্ধ-সন্মাসিগণই বিভার অধিক চর্চা করিতেন।

হর্ষবন্ধন গুণগ্রাহী ছিলেন। তিনি কবি ও স্থলেথক। তিনি ব্যাকরণে অশেষ ব্যুৎপন্ন ছিলেন। তিনখানি সংস্কৃত নাটক তিনি রচনা করিয়াছিলেন। সেই তিনখানি নাটক—
নাগানন্দ, রত্নাবলী ও প্রিয়দর্শিকা—তাঁহার রচনার শ্রেষ্ঠ নিদর্শন। কথিত হয়,—'কাদম্বরী'প্রাণেতা বাণভট্ট হর্ষবন্ধনের সভাপণ্ডিত ছিলেন।

ধর্ম্ম-বিশ্বাস।

বৌদ্ধর্মের প্রতি হর্ষবর্দ্ধনের প্রগাঢ় অনুরাগ ছিল। প্রথমে তিনি হীন্যান বা হীনায়ন সম্প্রদায়ের অন্তর্ভুক্ত ছিলেন। পরিশেষে তিনি 'মহাযান' বা মহায়ন সম্প্রদায়ে দীক্ষা গ্রহণ করেন। তাঁহার রাজত্বকালে প্রাণিহত্যা একেবারে নিষিদ্ধ হয়। কথিত হয়,—'বোধিদ্রুম' প্রতিষ্ঠা-কল্লে হর্ষবর্দ্ধন আহার-নিজা পরিত্যাগ করিয়াছিলেন।

সপ্তম শতাকীতে ধর্মবিশ্বাস কোনও নির্দিষ্ট বিধিনিষেশের মধ্যে প্রতিষ্টিত ছিল না। যে বংশে হর্ষ জন্মগ্রহণ করিয়াভিলেন, সে বংশের যাহার যেকপ ইচ্ছা—তিনি সেই ধর্মতি পালন করিতেন। হর্ষের পিতা স্থ্যের উপাসক ছিলেন। হর্ষের ভ্রাতা ও প্রাত্বধু বৌদ্ধ ছিলেন। কিছু হর্ষ—শিব, স্থ্য ও বৃদ্ধ—তিনেরই উপাসনা করিতেন।

শেষজীবনে হর্ষবর্জন বৌদ্ধধর্মকেই একমাত্র অবলম্বন বলিয়া গ্রহণ করিয়াছিলেন। জনসাধারণ আপনাপন ইচ্ছামত কেহ বা হিন্দু-ধর্মা, কেহ বা বৌদ্ধধর্ম গ্রহণ করিত। রাজ্বদরবারে বৌদ্ধদিগকে প্রতিপত্তিশালী দেখিয়া হিন্দুগণ ক্ষুগ্ন হইলেও, তথন জনসাধারণের
মধ্যে কোনও ধর্ম-বিদ্বেষের ভাব প্রকাশ পায় নাই।

ধর্ম্ম-সঙ্গ্র।

হিউরেনৎ-সাণ্ডের সহিত ধর্ম্ম-বিষয়ে বিচার-মীমাংসার নিমিত্ত ৬৪৩ খৃষ্টাকে হর্ষবর্জন কান্তক্ত্ম একটা সভা আহ্বান করেন। সেই সভায় বছ রাজা এবং বৌদ্ধ, হিন্দু ও জৈন সমবেত হন। এই উৎসব বছ দিন ধরিয়া চলিয়াছিল। উৎসবের পরিসমাপ্তি কালে এক ছর্ঘটনা ঘটে। বছবায়ে সেই সন্মিলন-ক্ষেত্রে হর্ষ এক অস্থায়া বিহার নির্মাণ করাইয়াছিলেন। সহসা তাহাতে আগুন লাগিয়া যায়। বিহারের অধিকাংশ ভন্মসাৎ হয়। কথিত হয়,—সেই সময় হর্ষ সেখানে উপস্থিত হইবা মাত্র আগুন নিবিয়া যায়। তখন হর্মের পরিত্র-ছারের জয়জয়য়লার পড়ে।

এই উপলক্ষে হর্ষ যথন ভূপের উপরিভাগে দণ্ডায়মান হইয়া সেই ধ্বংসাবশেষ পর্যাবেক্ষণ করিতেছিলেন, সেই সময়ে এক ব্যক্তি ছুরিকাঘাতে তাঁহার প্রাণ-সংহারের প্রয়াস পায়। হর্ষবর্জন তথন ভূপ হইতে অবতরণ করিতেছিলেন। যাহা হউক, সেই গুপুঘাতক বন্দী হয়।

প্রশ্নের উত্তরে ঘাতক বলে,—'বৌদ্ধধর্মের প্রতি রাজার বিশেষ অমুরাগ দেখিরা, ত্রাহ্মণগণ স্বর্গাধিত হইরাছেন। তাঁহাদেরই প্ররোচনার সে রাজাকে হত্যা করিতে আসিয়াছে।'

তৎক্ষণাৎ সন্মিলনে সমাগত ব্রাহ্মণাগণ বন্দী হন। তাঁহাদিগকে নানা প্রশ্ন করা হয়। পরিশেষে ব্রাহ্মণাগণ তাঁহাদের অপরাধ স্বীকার করেন। তাঁহারা বলেন,—বৌদ্ধধর্মের প্রতি রাজার পক্ষপাতিতার জন্ম তাঁহারাই বিহারে অগ্নিদান করিয়াছেন এবং রাজাকে হত্যা করিবার জন্ম তাঁহাদেরই পরামর্শে গুপ্তঘাতক নিযুক্ত হইয়াছে।

ব্রাহ্মণদিগের এই উত্তর শুনিয়া, হর্ষবর্দ্ধন তাঁহাদিগকে নির্ম্বাসন-দণ্ডে দণ্ডিত করেন।
যাহা হউক, গঙ্গা ও যমুনার সঙ্গমন্থলে পুনরায় শ্রীহর্ষ সভা আহ্বান করেন। সেথানে বছ্ ব্রাহ্মণ ও বৌদ্ধ-সন্মাসীর সমাগম হয়। সেই উৎসব প্রায় ৭৫ দিন পর্যাস্ত চলিতে থাকে। ব্রাহ্মণ ও বৌদ্ধদিগকে হর্ষবর্দ্ধন প্রচুর ধনরত্ব প্রদান করেন।

চীনে দৌত্য।

হর্ষবর্দ্ধনের রাজত্ব-কালে চীনের সহিত ভারতের রাজনৈতিক সম্বন্ধ প্রতিষ্ঠিত হইয়াছিল। হর্ষবর্দ্ধন একজন ব্রাহ্মণকে দূত-রূপে চীনে প্রেরণ করিয়াছিলেন। তার পর থানেশ্বর রাজ্যের অস্তিত্ব বিলুপ্ত হয়।

৬৪৭ খৃষ্টাব্দে হর্ষ বর্দ্ধনের লোকাস্তর হয়। তাঁহার কোনও পুত্র সস্তান ছিল না। মন্ত্রী অর্জ্জুন বা অরুণাসব সিংহাসন অণিকার করেন। কিন্তু তাঁহাকে অধিক দিন রাজ্যভোগ করিতে হয় নাই। তিনি চীনদেশীয় লুগ্ঠনকারীদিগের সহিত যুদ্ধে পরাজিত ও নিহত হন।

হর্ষবর্দ্ধনের মৃত্যুর পর ভারতবর্ষ, বিশেষতঃ আর্য্যাবর্ত্ত, বিভিন্ন বিভাগে বিভক্ত হইয়া পড়ে।
মুসলমান-প্রাধান্তের পূর্ব্ব পর্যান্ত ভারতের অবস্থার বিশেষ কোনও পরিবর্ত্তন সাধিত হয় না।
তথনকার ইতিহাস বিচ্ছিন্ন বিক্ষিপ্ত। খণ্ড-রাজ্যের থণ্ড ইতিহাসই তখনকার ভারতের ইতিহাস।

সপ্তম শতাকীর বিশিষ্ট ঘটনা।

খৃষ্টীয় সপ্তম শতান্দীতে ভারতেতিহাসে যে সকল বিশিষ্ট ঘটনা সংঘটিত হইয়াছিল, পাশ্চাত্য পণ্ডিতগণের গ্রন্থে তাহার বিবরণ লিপিবদ্ধ আছে। তাঁহ।দের অন্সরণে নিমে সেই সকল ঘটনা নির্ঘণ্ট প্রদান করিতেছি,—

৬০০ খৃষ্টাক চৈনিক পরিব্রাক্তক হিউয়েনৎ-সাঙের জন্ম।

৬০০ ,, শশান্ধ কর্তৃক বৌদ্ধদিগের উৎপীড়ন।

৬০৫ ,, থানেশ্বরে রাজ্য-বর্দ্ধনের সিংহাসন-প্রাপ্তি।

৬০৬ ,, হর্ষবর্দ্ধনের রাজ্য-লাভ।

৬.৬—৬১২ ,, হর্ষ কর্ত্তক উত্তর-ভারত বিজয়।

৬০৮ ,, চালুক্য-রাজ দ্বিতীয় পুলিকেশীর রাজ্য-লাভ।

৬০৯ ,, দ্বিতীয় পুলিকেশীর যুবরাজ-পদে অভিরেক।

৬১২ , হর্ষের রাজোপাধিগ্রহণ, হর্ষান্দের প্রবর্ত্তন, ৬০৬ খুষ্টান্দ হইতে গণনারম্ভ।

৬১৫ ,, কুজ বিষ্ণুবৰ্দ্ধন (ভীম্মসিদ্ধি) ভেন্দীয় শাসন-কণ্ঠা।

৬১৮ ,, চীনের প্রথম সম্রাট কাওটুস্কর সিংহাসনাধিরোহণ।

```
শশক্তির গঞ্জাম-লিপি।
652-65°
                   দ্বিতীয় পুলিকেশীর নিকট হর্ষের পরাজয়।
      ७२०
                  মুসলমান অব্দ হিজ্রা প্রবর্তন।
      ७२२
                   চীন-সমাট 'টাই-স্লঙের' রাজ্য-লাভ।
      ७२ १
                   হর্ষের বাশথেরা লিপি।
 ৬২৮---২৯
                   লয়েনং-সাঙের ভ্রমণ আরম্ভ।
      ৬২৯
                   শ্রোং-ট্রসন-গাম্পোর তিব্বত-সিংহাসন প্রাপ্তি।
      ৬৩০
                   হর্ষবর্দ্ধনের মধুবন লিপি।
 60---07
                   হর্ষ কর্ত্তক বহলবী-বিজয়।
      ৬৩৫
                   আলোপেন কর্ত্তক চীনে নেষ্টোর-সম্প্রদায়ের খুইংশ্ম প্রচার।
      ৬৩৬
                   হর্ষ কর্তৃক চানে দূত প্রেরণ; তিব্বতরাজ গাম্পোর সহিত চীন-রাজ-
       680
                    গ্রহতা ওয়েন-চেঙের পরিণয়; নাহাভেন্দ নামক স্থানে আরবদিগের
                    নিকট সাসানীয় নুপতি জেজ্বজির্দের পরাজয়; আরবগণ কর্তৃক মিশর
                    রাজা অধিকার।
                   চালুক্য-রাজ দ্বিতীয় পুলিকেশার লোকান্তর।
       688
                    হর্ষ কর্ত্তক গঞ্জামে অভিযান; হয়েনৎ-সাঙের সহিত তাঁহার সাক্ষাৎ;
       680
                    চীনরাজ-দূত 'লি-ই-পিয়াও এবং ওয়ান-হিউয়েনৎ-সি'; কনৌজে এবং
                    প্রয়াগে হর্ষের বৌদ্ধ-সাম্মলন; হুয়েনৎ-সাঙের প্রত্যাবর্তন।
                    হুয়েনৎ-সাঙের চানে উপস্থিতি।
       886
                   ওয়াং-হিউয়েনৎ-সির দ্বিতীয় দৌত্য।
       686
                    হর্ষবর্দ্ধনের লোকান্তর।
       689
                   অর্জুন কর্ত্তক সিংহাদন অধিকার। চীনা, নেপালী ও তিব্বতীয় দিগের
  ७89──8৮
                    নিকট তাঁহার পরাজয়। হিউয়েনৎ-সাঙের ভ্রমণ-বুতান্ত প্রকাশ।
                    চীন-সম্রাট টাই-টু-স্লঙের পরলোকগমন। কাওৎ-স্লঙের সিংহাসন-প্রাপ্তি।
       680
                    ওয়াং-হিউয়েনৎ-সির তৃতীয় বার দৌত্য।
       600
                    চীন-সাম্রাজ্যের সীমা-রুদ্ধি।
  BB---62
                    ভূষেনৎ-সাঙের লোকান্তর।
       666
                    তিব্বতীয়-দিগের যুদ্ধে চীনের পরাজয়।
       890
                    পরিব্রাঞ্চক ইৎ-সিঙের ভ্রমণ আরম্ভ।
       693
                    নালান্দায় ইৎ-সিঙের অবস্থিতি।
  696-66
                    रें ९-निष्डब स्रमन-ब्रुखां ख निथन ।
       660
                    ইৎ-সিঙের চীনে প্রত্যাবর্তন।
       かるせ
                    তিব্বত-রাজ গাম্পোর পরলোকগমন।
       484
```

উৎসবে দান।

হর্ষবর্দ্ধনের দানশীলতার তুলনা হয় না। তিনি সম্মিলন উৎসবে প্রভূত অর্থ দান করিতেন। পরিব্রাজক হিউয়েনৎ-সাঙের বর্ণনায় প্রকাশ,—

পাঁচ বংসরে রাজকোষে যে ধনরত্ব সঞ্চিত হইত, হর্ষবর্দ্ধন উৎসব উপলক্ষে সে সকলই দান করিতেন। তাঁহার স্থায় দানবীর অতি অল্পই পরিদৃষ্ট হয়। দান করিতে করিতে তিনি এমনই প্রমন্ত হইতেন যে,—হয়, হস্তা এবং সৈনিকের সাজসজ্জা প্রভৃতি রাজ্যরক্ষার সরঞ্জাম ব্যতীত আর যাহা কিছু থাকিত, সকলই তিনি বিলাইয়া দিতেন।

মূল্যবান রত্নরাজি, পোষক পরিচ্ছেদ, স্বর্ণালন্ধার—হার, হুল, বলয়, মুক্তার মালা, মাণিক্য, রাজপোষাক, শিরস্থান প্রভৃতি কিছুই বাকি থাকিত না। এইরূপে সর্বস্থ দান কার্য়া রাজা হর্ষবর্জন ভিক্ষুকের বেশে ভগ্নী রাজ্যশ্রীর নিকট গমন কারতেন এবং তাহার প্রদত্ত ভিক্ষালন সামান্ত পরিচ্ছেদ পরিধান করিয়া মান্দর-প্রবেশে বুদ্ধদেবের উপাসনা কারতেন। ধ্যাক্তের স্বস্থ দান করিতে পারিয়াছেন বলিয়া হর্ষবন্ধনের আয়হাপ্তর অবাধ থাকিত না।

উৎসবে যে প্রক্রিয়া-পদ্ধতি অবলাম্বত হহত, পরিব্রাজকের গ্রন্থে তাহারাও আভাস আছে। উৎসবের প্রথম দিন বৃদ্ধদেবের মূর্ত্তি স্থাপন করিয়া, বহু দান-ধ্যান হইত। াদ্বতায় ও তৃতায় দিনে স্থ্যের এবং শিবের পূজা আরাধনা। তহুপশক্ষেও হর্ষবদ্ধন প্রচুর দান কারতেন। তবে প্রথম দিনের দানের তুলনায় এই হুই দিন তাহার অদ্ধেক পরিমাণ দান হহত।

চতুর্থ দিনে দশ সহস্র বৌদ্ধভিক্ষ্কে বিবেধ সামগ্রা দান করা হহত। তন্মধ্যে স্বর্ণমূজা, মণিমাণিক্য, পোষক-পরিজ্ঞদ এবং খাছ-পানীয় পুস্প এবং গন্ধদ্রব্য প্রধান স্থান আধকার করিত। পরবর্ত্তী বিংশ দিবস ব্রাহ্মণগণ রাজান্ত্রগ্রহ লাভ কারতেন। তাঁহারাও পুরোক্ত প্রকারে বিবিধ সামগ্রী দান প্রাপ্ত হইতেন। তার পর দশ দিন জ্যাভধন্মানাকশেষে দান করা হহত। অবশিষ্ঠ কয়েক দিন রাজা হর্ষবৃদ্ধন দরিজনারায়ণের সেবায় অভিবাহিত করিতেন।

বহুসংখ্যক অনাথ আতুর ভোজ্য পেয় এবং বিদায়াদির দারা পরিভূপ্ত হইত। এইরূপে উৎসবে প্রায় এক মাস অতিবাহিত হইত। উৎসব উপলক্ষে রাজা হর্ষবর্দ্ধন ষ্থাসর্বাস্থা দান করিয়া ফ্কিরের বেশে ভিক্ষা মাগিতেন।

উপদংহারে বিবিধ বক্তব্য।

হন প্রভৃতি বৈদেশিক আক্রমণক।রার উপদ্রবে ভারত এমনই বিপন্ন বিপর্যন্ত হয় যে, তথন হর্ষবর্ধনের কঠোর শাসনও ভারতের পক্ষে বিশেষ শান্তিপ্রদ বালয়া বিবোচত হইয়াছিল। হর্ষবর্ধনের রাজ্যকালে হন-দন্মার উৎপীড়নাশন্ধা তিরোহিত হহয়াছে,—ভারতে বহিঃশক্রর আক্রমণের বিভাষিকা অন্তহিত হহয়াছে;—হর্ষবর্ধনের এক।ধিপত্য ভারতের পূর্ব-গৌরব কতকাংশে প্রতিষ্ঠিত করিয়ছে।

তথনও সিন্ধ-দেশে এবং গুজরাটে আরবগণের অত্যাচার প্রশমিত হয় নাহ সত্য; কিন্তু ভারতের আভ্যস্তরাণ প্রদেশে সে অত্যাচারের কণা-নাত্র প্রবেশ লাভ করিতে পারে নাই। ৫২৮ খুটাব্দে হন-সদার মাহরকুলের পরাজ্ঞরে পর, প্রায় পাচ শতাকা কাল, ভারতের অভ্যস্তরে বৈদেশিকগণ প্রবেশ করিতে সমর্থ হয় নাই। পরে একাদশ শতালীর প্রথম ভাগে, গজনীর মামুদের আক্রমণে, ভারতের সেই সাম্যে বৈষম্য আন্যান করে।

পাঁচ শতাকীকাল ভারত নিরাপদে তাহার বিভিন্নমুখী উন্নতি সাধনে যত্নবান হয়। এই পাঁচ শত বংসরের মধ্যে, মৌর্যা-সমাট চক্রপ্তপ্ত বা অশোকের স্থায় অথবা গুপ্ত-নূপতিগণের বা হর্ষের স্থায়ু পরাক্রমশালী এনন কোনও রাজার পরিচয় প্রাপ্ত হই না, ভারতের একছত্র সমাট বলিয়া থাহার নাম উল্লেখ করিতে পারি।

এই স্থণীর্ঘ সময়ের মধ্যে, ৮৪০—৮৯০ খৃষ্টাব্দের মধ্যে, কনৌজের মিহিরভোজ একবার উত্তর ভারত আয়ত্ত করিয়াছিলেন, শুনিতে পাই। কিন্তু তাঁহার রাজত্বের বা তাঁহার পরিচায়ক কোনও ঐতিহাসিক সাক্ষাের সন্ধান পাই না।

তথন ভারত ক্ষুদ্র ক্ষুদ্র থণ্ড-রাজ্যে বিভক্ত হইয়া পড়িয়াছিল। সেই সকল থণ্ড-রাজ্য স্বাধীনতা অবলম্বনে স্ব প্রাধান্ত প্রতিষ্ঠায় পরস্পার দক্ষে নির্ক্ত ছিল। তথন কলিঙ্গ, কামরূপ, কাম্মার, নেপাল, উজ্জয়িনা, মধ্যভারত, দির্দ্ধ, পাঞ্জাব প্রভৃতি বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্ধ জনপদের পরিচয় পাই। আর দেই সকল জনপদ প্রাধান্ত-প্রতিষ্ঠার অন্তর্নিপ্রবে ছিন্ন বিচ্ছিন্ন প্রতীন-বল হইয়া পড়ে।

ত্রকতাই যে শক্তি—সজ্অ-শক্তিই যে প্রতিষ্ঠার মূল-ক্ত্র, তথন ভাষারা সে নীতি-ক্ত্র হারাইয়া ফেলিয়াছিলেন। তাঁহারা ভূলিয়া গিয়াছিলেন যে,—নগণ্য হইলেও বহু তৃণের সমবায়ে যে রজ্জু নিশ্বিত হয়, সে রজ্জুর দ্বারা মত্তহস্তাকেও বন্ধন করা ঘাইতে পারে।

সজ্ম-শক্তির অভাবেই ভারত শক্রর পদানত হয়। অসংখ্য ক্ষ্দ্র ক্ষ্দ্র হিন্দু-রাজ্যের বিচ্ছিন্নতা নিবন্ধন আরব, তুরস্ক, আফগান প্রভৃতি জাতি অনায়াদে বা অলায়াদে তাহাকে পুনংপুনং বিপর্যান্ত করিতে থাকে।

সাহিত্য-সম্পদই দেশের উন্নতির নিদর্শন। গুপ্তগণের রাজত্ব-কালে যে আদর্শ-সাহিত্যের সৃষ্টি হইয়াছিল;—এ সময় সে আদর্শ-সাহিত্যের সম্পূর্ণ অভাব দেখিতে পাই। বিভিন্ন খণ্ড-রাজ্যে সাহিত্যের উন্নতি-কল্পে উৎসাহ-দানের ক্রটি ছিল না সত্য; কিন্তু কালিদাস প্রভৃতির আদর্শ, সে সময় অল্পই পরিলক্ষিত হয়। এইরূপে ক্রমে সাহিত্যের অবনতি হইতে থাকে।

ধর্ম-সম্পর্কেও সেই একই ভাব প্রত্যক্ষ করি। বৌদ্ধর্মের প্রসার তথন ক্রমেই খর্ম হইয়া আসিতেছিল। কেবলমাত্র মগণে পাল-বংশের ধর্ম্মপালের এবং তাঁহার বংশধরগণের পৃষ্ঠপোষকতায় বৌদ্ধ-ধর্ম দাদশ শতালী পর্যান্ত আপনার অন্তিত্ব বজায় রাখিতে সমর্থ হইয়া-ছিল। পরিশেষে বৌদ্ধর্ম বিলুপ্ত হইয়া হিলুধর্মের সঙ্গে মিশিয়া গেল। আর হিলুধর্মের সহিত অঙ্গে অঙ্গ মিশাইয়া, হিলুধর্মের অসংখ্য শাখা-প্রশাথার স্কৃষ্টি করিল।

সাহিত্যে এবং ধর্মে অবনতির সঙ্গে সঙ্গে সমাজ-নীতির, শিল্প-সৌন্দর্য্যের এবং কার্য-চাতুর্য্যেরও অবনতি সজ্ঘটিত হইল। ফলতঃ, হর্ষবর্দ্ধনের লোকাস্তরে খুষ্টায় সপ্তম শতাব্দী হইতে দ্বাদশ শতাব্দার মধ্যে, ভারতের অর্থ নৈতিক, রাজনৈতিক এবং সমাজনৈতিক বিবিধ পরিবর্ত্তন সংঘটিত হইল। ভারত ক্রমশঃ অবনতির পথে অগ্রসর হইতে লাগিল।

চতুস্ত্রিংশ পরিচ্ছেদ।

স্বাধীন বঙ্গের স্বাধীন নৃপতি।

[স্বাধীন বঙ্গের শাসন-তন্ত্র ;—স্বাধীন বঙ্গের স্বাধীন নৃপতি ;—গোপালদেব ;—ধর্ম্মপাল-দেব ;—দেবপাল-দেব ;—প্রথম বিগ্রহপাল-দেব ;—নারায়ণপাল ;—রাজ্যপাল ;—
দিতীয় বিগ্রহপাল ;—মহীপাল-দেব ;—নরপাল ও তৃতীয় বিগ্রহপাল ;—
দিতীয় মহীপাল ;—পাল-বংশের অন্তান্ত নৃপতি ;—বিবিধ
প্রসঙ্গ ;—পাল-বংশের বংশ-লতা ;—উপসংহার।]

* *

স্বাধীন বঙ্গের শাসনতন্ত্র।

বঙ্গদেশ যে চিরদিনই পরাধীন ছিল না,—বঙ্গের বিজয়-বৈজয়ন্তী এক সময়ে যে প্রাচ্যে ও প্রতীচ্যে বিভিন্ন জনপদে উদ্দীন হইয়াছিল;—"পৃথিবীর ইতিহাসে" * 'প্রাচীন বঙ্গের গৌরব বিভব' প্রসঙ্গে তাহা প্রথাত হইয়াছে।

স্থৃতির অস্তরালভূত দূর অতীতের দে আলেখ্যের আবরণ উন্মোচনের জন্ত বিশেষ প্রয়াদের আবগ্যক নাই। ইতিহাসের নিত্য-প্রত্যক্ষ পৃষ্ঠায় যাহা জাজন্যমান্ রহিয়াছে, তাহারই এক অঙ্ক উদ্যাটন করিতেছি।

এই সেদিনও—মুসলমানগণের ভারত-আক্রমণের পূর্ব্বেও—বঙ্গের কি অবস্থা ছিল, প্র্যাবেক্ষণ করুন দেখি ? হইতে পারে—নির্ব্বাণোল্থ দীপের শেষ জ্বলন !—হইতে পারে—মুম্ব ধার্ম্বিকের অন্তিমকালীন শ্বিতমুথ ! কিন্তু সে শ্বতি কথনই বিশ্বত হইবার নহে।

অধুনা এই বিংশ শতান্দীর সাধীনতা-প্রয়াসী শিক্ষা-ম্পর্দাবিত সমাজ যে আকাশ-কুস্থম ক্লনার আবেশে মোহগ্রস্ত হইয়া পড়িয়াছে, বঙ্গের ইতিহাসে সেই আকাজ্ঞার সার্থকতা লক্ষ্য করন। বৈদেশিকগণের পুনঃপুনঃ আক্রমণে ভারতবর্ষ যথন বিব্রত হইয়াছিল, সেই সময় বঙ্গদেশে স্বাধীনতা বিরাজ করিতেছিল এবং প্রজাগণই আপনাদের প্রতিভূস্বরূপ রাজা নির্বাচন করিয়াছিলেন। এখন যাহার জন্ম বঙ্গবানী লালায়িত, তখন বঙ্গে তাহাই প্রবর্ত্তিত ছিল।

কেন্দ্রীভূত রাজশক্তি বিচ্ছিন্ন হইনা পড়িলে বঙ্গের বিভিন্ন প্রদেশে ক্ষুদ্র কুদ্র বিভিন্ন শক্তি ক্রিমাশীল হয়। সে ক্ষেত্রে যাহা স্বাভাবিক, পরস্পর পরস্পরের প্রতি ঈর্ষা দ্বেষ এবং সেই অবসরে দস্ত্রতা প্রভৃতির প্রাহ্রভাব, অরাজক বঙ্গে তাহারই লীলাথেলা চলিতে থাকে। সেই সময়ের অবস্থা তিববং-দেশীয় লামা তারানাথ, তাঁহার বৌদ্ধ-ধর্মের ইতিহাস গ্রন্থে লিপিবদ্ধ করিন্না গিয়াছেন। সে সময়ে উড়িয়ান্ন, বঙ্গে ও পূর্বদেশের পাঁচটা বিভাগে, আপনাপন গণ্ডীর মধ্যে ক্ষত্রিয়, ব্রাহ্মণ ও বৈশ্রগণ এক একটা ক্ষুদ্র রাজা হইন্না উঠিয়াছিলেন।

^{ं #} পूबनोत्र अपूक्त पूर्वावात ना(रुप) महानात्त्र अविक 'शृथियोत देखिहान' अहेरा।

নথন সমগ বৃদ্ধাদশেব কেন্ত শাণিপতি ছিলেন না। স্থানাং তুর্বালের উপর প্রাবলের স্কানাচার, লগন ও দস্যাতা প্রভাৱ শানাত ক্লানে চলিয়াছিল। এই অবস্থায় বঙ্গের প্রজাগণ সজ্যাসদ্ধ হন:—সমগ বিদ্ধাব জন্ম একজন উপসক বাজিকে রাজ পদে প্রতিষ্ঠিত করিতে সঙ্কল করেন। তখন, প্রজাগণের নির্দ্ধাবণক্রমে বঙ্গের নূপতি নির্ব্ধাচিত হয়েন।

স্বাধীন বঙ্গেব স্বাধীন নূপতি।

বঙ্গেব প্রজাগণের নির্বাচিত বঙ্গেব সেই স্বাধীন নূপতির নাম—গোপালদেব। যে পাল-বংশের নাম বিশ্ববিশ্রত হইয়া আছে, গোপালদেব সেই পাল-বংশের প্রথম নূপতি। বজের প্রজাগণই গোপালদেবকে বজের সিংহাসনে প্রতিষ্ঠিত করিয়াছিল।

গোপালদেবেন পিতা যোদ্ধা নলিয়া প্রাসিদ্ধ ছিলেন। তাঁহার পিতামহের নাম—দয়িতবিষ্ণ।
ভিনি দর্মনিছানিশানদ বলিয়া প্রথাত। দয়িতবিক্ষর নংশানবর্গন, প্রজা কর্ত্তক নির্বাচিত
ছইয়া, প্রায় সাড়ে চাবি শত বর্ষ কাল বঙ্গদেশে শাজত্ব করেন। সন্ধ্যাকর নন্দীর বিরচিত
রোমচবিক্তে এবং ঘনরাম-প্রণীত শ্রীদর্মক্ষলে এই পাল-বংশার বংশ-পরিচয় দ্র্ভ হয়।

কমারপালের দেনাপতি কামকপবাজ বৈজ্ঞানের কমৌলি তামশাসনে পাল-বাজগণের বংশ-পবিচয় প্রদত্ত তাচে। 'রামচ্বিত' খৃষ্টীয় একাদশ শতাকীব শেষভাগে লিখিত হয়। বৈজ্ঞানেরের তোমশাসন ৭ ঐ সময়ে বা দ্বাদশ শতাকীর প্রথম ভাগে প্রদত্ত হইয়াছিল। ঘ্রনামের 'দর্মাজ্ঞল' ইতার প্রবৃহিকালের রচনা।

গোপাল-দেনের পন পর্মপোল-দেনের বাজতকালে, হবিন্দ 'অষ্ট্রসাহস্রিকা প্রজ্ঞাপারমিতার'
টীকাষ নলিয়া গিয়াচ্চন যে,—'হর্ম্মপাল বাজতটাদি বংশপতি হরিতদ্র ধর্মপাল-দেনের সমসাময়িক
ব্যক্তি। স্কতরাং তাঁহাব কথা—নামচরিত, ধর্ম্মস্থল ও বৈভাদেনের কমৌলী তাম-শাসন
ভাপেক্ষা অধিক প্রামাণিক হওয়া উদ্ভিত। *

দয়িতবিক্ষব প্র—বাপাই। তাঁচাব প্র গোপাল। তিনি প্রজাদিগের দারা নির্দাচিত চন্দ্রা বলের সিংচাসনে আবোহণ কবিয়াচিলেন। ইতিহাসে ইনি প্রথম গোপালদেব বলিয়া বিখ্যাত। খালিমপুরে আবিষ্কত গোপাল-দেবের পুত্র ধর্মপাল-দেবের তাম-শাসনে দেখিতে পাওয়া যায়,—"মাৎস্ত-স্তায় দর করিবাব অভিপ্রায়ে প্রজাপুঞ্জ যাঁচাকে রাজ্যলক্ষীর কর গ্রহণ করাইয়াছিল, পূর্ণিমা-রাত্রির জ্যোৎস্লারাশির অত্তমাত্র ধ্বলতাই যাঁহার স্থায়ী যশোরাশির অত্তকরণ করিতে পারিত, নরপাল-চূড়ামণি গোপাল সেই প্রসিদ্ধ রাজা বাপ্যট হইতে জন্মগ্রহণ করিয়াছিলেন।"

এই তাম-শাসনের অন্তর্গত "মাৎশুলার" বাক্যে অরাজকতা বুঝার। মৌর্য্য-বংশের চন্দ্র-শুপ্তের মন্ত্রী—চাণক্য তাঁহার 'অর্থশান্ত্র' গ্রন্থে 'মাৎশুলায়ের'এইরূপ ব্যাথ্যাই করিয়া গিয়াছেন ;—

> "অপ্রণীতা হি মাৎশুক্তায়মূদ্ভাবয়তি বলীয়ান বলং হি গ্রাসেতে দগুধরাভাবে তেন গুপ্তঃ প্রভবতীতি।"

শীর্ক হরপ্রদান শাল্রী মহাশব প্রমুধ পশ্ভিতরণ উক্ত মত অবসন্থন করিয়া ব্লেন বে, —ব্লের পালগণ্
রার্ভটের বংশ্লাক। বিজ্ঞু ইহার বিশ্রুভ্ধ স্তিও পরিসুই হয়।

অর্থাৎ,—যথন রাজশক্তি অপ্রণীত থাকে, তথন মাংশু-গ্রায়ের প্রভাব হয়,—উপযুক্ত দণ্ড-ধরের অভাবে প্রবল ত্রর্কলকে গ্রাস কবিয়া থাকে। সেই কারণেই গুপ্ত-গণের প্রভাবের তিৎপত্তি স্ইয়াছে।' এথানে 'গুপ্ত' শক্তে মের্যা-সম্যাট চক্তুপ্রথকে লক্ষ্য করা হইমাছে।

মগণের গুপ্ত-বংশীয় সমাট দিতীয় জীনিত-গুপের মৃত্যর পর, বঙ্গে মোংশুলায়' বা অরাজকতা উপস্থিত হইয়াছিল, সে বিষয়ে কোনও সন্দেহ নাই। কালুকুকের রাজা যশোবর্মা, কামকপের রাজা হর্ষদের, গুর্জ্জরাজ বংসরাজ ও রাইকৃই-বংশীয় সমাট গ্রনধাবার্ম কর্তৃক আক্রান্ত হইয়া, গৌড়ের প্রজাবন্দ একজন রাজা নির্বাচন করিতে বাধ্য হইয়াছিলেন।

গোপালদেন।

গোপালদেব সিংহাসনে আবোহণ করিয়া সর্ক্রপ্রথমে আয়রক্ষায় ব্যস্ত হইলেন। এ পর্যান্থ তাঁহার কোনও শিলালিপি, তামশাসন বা প্রাচীন মুদ্রা আবিস্কৃত হয় নাই। তাঁহার পৌত্র দেবপালদেবের প্রদৃত্ত (মুঙ্গেরে আবিস্কৃত) তামশাসন হইতে জানা যায় যে,—"তাঁহার প্রচুর সৈন্ত্রবাহিনী ছিল … এবং সম্ভ পর্যান্থ পৃথিবী জয় কবিবাব পর, আর যুদ্ধোজমের প্রয়োজন নাই বলিয়া হস্তীদিগকে স্বচ্ছন্ত-গমনের আদেশ দিলেন।" সম্ভ পর্যান্ত জয়েয়র' অর্থ বোধ হয় দক্ষিণ রাচ ও বি'-দ্বীপের শেষ-সীমা পর্যান্ত।

ধর্মপালদেবের থালিমপুর + তামণাসন চইতে বনিতে পারা যায়,—গোপালদেবের পত্নীর নাম—'নৈদ্দেবী' ছিল। প্রসিদ্ধ ঐতিহাসিক ভিজেণ্ট ত্মিথ অন্তমান করেন—গোপালদেব ৭৩০ হইতে ৭৪০ খুপ্পান্দের মধ্যে কোনও সময়ে সিংহাসনে আরোচণ করিয়াছিলেন এবং ৮০০ খুপ্তান্দে তাঁহার মৃত্যু হইয়াছিল।

কেছ নলেন,—'বখন গৌড়মগ্ধবাসিগণ রাইকৃতি ও গুর্জ্ব প্রভৃতি রাজাদিগেব আক্রমণে বাতিবান্ত, তখন গোপালদেব সিংহাসনে প্রতিষ্ঠিত ছিলেন বলিয়া বোধ হয় না। গুর্জ্বের রাজা দিনীয় নাগভট এবং রাইকৃটের রাজা ধ্বনধারাবর্ষের ভীষণ ক্যাক্রমণ সহা কবিতে হইলে, নব-প্রতিষ্ঠিত পাল-বংশের অধিকার বোধ হয় গোপালদেবের সন্তে সক্ষেই শেষ হইত। তাহা হইলে গোপালদেবের পুত্র ধর্ম্মপাল কখনই আর্গাবর্ত্ত জয় করিয়া চক্রান্থকে কান্সকক্ষের সিংহাসন দিতে পারিতেন না। শক্তব দাবা গিলাল করিতে সমর্গ হইতেন না।'

এই হেতৃবাদে প্রাত্তত্ত্ববিং অক্সমান করেন শে,—চীনদেশীয়দিগের আক্ষমণ শেষ হইলে, গোপালদেব গৌড়, মগধ ও বঙ্গের সিংহাসনে অধিষ্ঠিত হন। অক্সমান হয়,—গোপালদেব ৭৮৫ খুষ্টান্দ হইতে ৭৯০ খুষ্টান্দের মধ্যে রাজা নির্বাচিত হইয়াছিলেন।

ধর্ম্মপাল।

গোপালদেবের মৃত্যুর পর দৈদদেবীর গর্ভজাত পুত্র ধর্ম্মপালদেব গৌড় ও বঙ্গের সিংহাসন লাভ করিয়াছিলেন। পাল-রাজগণের মধ্যে ধর্ম্মপালদেবই উত্তরাপথে পাল-বংশের অন্কারের

[&]quot;The Inscription of Khallmpur.

প্রথম দ্বাপরিতা। খৃষ্টীয় অষ্টম শতাব্দীর শেষ ভাগে এবং নবম শতাব্দীর প্রথম ভাগে গৌড়েশ্বর ধর্মপানদেবই আর্যাবর্ত্তের রাষ্ট্র ইতিহাসের একজন প্রধান নায়ক।

এই ধর্মপালের কালনির্ণয় সম্বন্ধে অনেক বিভিন্ন মত প্রচলিত আছে। প্রত্নতত্ত্ববিৎ আলেকজাপ্তার কানিংহাম স্থির করিয়াছিলেন—ধর্মপাল ৮৩১ খুষ্টান্দে সিংহাসনে আরোহণ করেন।

কাম্বে-নগরে আবিষ্ণত রাষ্ট্রকৃট-বংশীয় তৃতীয় গোবিন্দের তামশাসন প্রকাশ-কালে শ্রীযুক্ত দেবদন্ত রামকৃষ্ণ ভাণ্ডারকর স্থির করিয়াছিলেন —ধর্মপাল দশম শতাকীতে জীবিত ছিলেন। কিন্তু কতকগুলি নৃতন গোদিত লিশি আবিষ্ণত হওয়ায় গৌড়েশ্বর ধর্মপালদেবের প্রকৃত কাল-নির্ণয়ে অনেক সহায়তা করিয়াছে।

১৯০৮ খুপ্টান্দে প্রসিদ্ধ ঐতিহাসিক ভিন্দেণ্ট স্মিথ স্বীকার করিয়াছেন,—ধর্মপাল্যদ্ব খুষ্টায় অষ্টম শতান্দীতে জীবিত ছিলেন। কিন্ত ১৯০৯ খুষ্টান্দে শ্রীযুক্ত দেবদত্ত রামক্রফ ভাগুরকর বলেন,—ধর্মপাল, গুর্জর প্রতীহাররাজ দিতীয় নাগভট ও রাষ্ট্রক্টরাজ তৃতীয় গোবিন্দের সমসাময়িক ব্যক্তি ছিলেন। কেহ কেহ আবার বলেন,—ধর্মপাল্দেব ৮১৫-৮১৭ খুষ্টান্দের মধ্যে সিংহাসনে আরোহণ করিয়াছিলেন।

বিতর্ক যাহাই হউক, প্রস্নতত্বনিশাণের অনুসরণে, আমরঃ ৭৯০-৭৯৫ পৃষ্টান্দের মধ্যে ধর্ম-পালের রাজ্যাভিষ্কে-কাল নির্দেশ করিলাম। কারণ, ৮০৮ পৃষ্টান্দের পূর্বেক তৃতীয় গোবিন্দ, দিতীয় নাগভট্কে পরাজিত করিয়াছিলেন। তংপূর্বেক দিতীয় নাগভট, চক্রায়্ধকে পরাজিত করিয়া চক্রায়্ধকে কান্তক্রকের সিংহাদন প্রাদান করেন: এইকপ তুলনায় দিদ্ধান্ত হয়,—তাহারও পূর্বেক ধর্মপাল গৌড়ের সিংহাদনে আরোহণ কবিয়াছিলেন। ধর্মপালদেবের রাজহক্রালে শান্তিল্যবংশীর গর্গদেব ভাঁহার প্রধান অমাত্য ছিলেন।

দেবপালদেব।

ধর্মপোলদেবের লোকান্তরে তাঁহার দিতীয় পুত্র দেবপালদেব সিংহাসনে আরোহণ করেন। রাইক্টরাজ তৃতীয় গোবিন্দ কর্ত্ব পরাজিত হইয়া গুর্জ্জরগণ বহুদিন উত্তরাপথ আক্রমণ করিতে ভ্রমা করে নাই। বিদ্ধা-পর্বতের কোনও স্থানে বোধ হয়, দেবপালদেবের সহিত রাষ্ট্রক্ট অথবা গুর্জের রাজগণের যুদ্ধ হইয়াছিল। কারণ, মুঙ্গেরে আবিদ্ধৃত দেবপালের তামশাসনে এবং ভট্টগুরব মিশ্রের শিলান্তম্ব-লিপিতে দেবপালের বিদ্ধা-পর্বতে গমনের উল্লেখ আছে।

মুঙ্গেরের তামুশাসনে ও বাদালের স্বস্তুলিপি প্রভৃতিতে যাহা অবগত হওয়া যায়, তাহা এই,—দেবপালদেব যুদ্ধ অভিযানের সময় বিদ্ধা-পর্বত পর্যান্ত গমন করিয়াছিলেন। সম্ভবতঃ এই স্থান তাঁহার সহিত দক্ষিণাপথেশ্বর প্রথম অমোঘবর্ষের মৃদ্ধ হইয়াছিল। এই যুদ্ধে উভয় পক্ষই জয় ঘোষণা করিয়াছিলেন। যুদ্ধাভিযানকালে দেবপাল সদৈতে হিমালয় পর্বতে গিয়াছিলেন এবং কম্বোজ্জাতিকে পরাজ্ঞিত করিয়াছিলেন।

ভট্পপ্তরবমিশ্রের স্তম্ভলিপির ১৩শ শ্লোক হ'চতে অবগত হওয়া যায়,—দেবপালদেব উৎকল-গণকে, হ্নগণকে, জনিড়েশ্বর ও গুর্জারনাথকে পরাজিত করিয়াছিলেন। মুঙ্গেরে আবিষ্কৃত তাম্রশাসনে দেখিতে পাই,—'দেবপাল এক দিকে হিমালয় অন্ত দিকে শ্রীরামচন্দ্রের কীর্ত্তিশ্বতি

সেতৃবন্ধ, এক দিকে বরণনিকেতন মহামমুদ্র, অন্ত দিকে শক্ষীর জন্ম-নিকেতন (ক্ষীরোদ সমুদ্র)—এই চতুঃসীমান্তর্বর্ত্তী সমগ্র ভূমগুল নিঃসপত্মভাবে উপভোগ করিয়াছেন।' অত্যাবধি দেবপালের রাজত্বকালের একথানি শিলালিপি এবং একথানি তাম্রশাসন আবিষ্কৃত হইয়াছে।

সুঙ্গেরের তাত্রশাসন দেবপালদেবের রাজ্ঞত্বের ত্রয়ন্ত্রিংশ বর্ষে সম্পাদিত হইয়াছিল। প্রকাশ—দেবপালদেব প্রায় চত্বারিংশৎ বর্ষ কাল রাজত্ব করিয়াছিলেন।

ধর্মপালদেবের রাজত্বের শেষভাগে গর্গদেবের পুত্র দর্ভপানি গৌড়েশ্বরের প্রধান অমাত্য পদে প্রতিষ্ঠিত হন।

কথিত হয়,—"দর্ভপাণির নীতিকোশলে শ্রীদেবপাল (নামক) নূপতি মন্তগজমণাভিষিক্তশিলাসংহতিপূর্ণ রেবা নদীর (উৎপত্তিস্থান বিদ্ধা-পর্বত) হইতে (আরম্ভা করিয়া
মহেশললাট-শোভিইন্ক্কিরণখেতায়মান গৌরীজনক পর্বত পর্যান্ত, স্ব্যোদয়ান্তকালে অরুণরাগরঞ্জিত উভয় জলরাশির আধার পূর্বে সমুদ্র এবং পশ্চিম সমৃদ্র পর্যান্ত সমগ্র ভূভাগ
করপ্রদ করিতে সমর্থ হইয়াছিলেন।"

আরও কথিত হয়,—কেদারমিশ্রের "বৃদ্ধিবলের উপাসনা করিয়া গৌড়েশ্বর (দেবপালদেব) উৎকলকুল উৎকীলিত করিয়া, ছন-গর্ব্ব থব্বীকৃত করিয়া এবং দ্রবিড়গুর্জরনাথের দর্শ চুর্নীকৃত করিয়া, দীর্ঘকাল পর্যান্ত সমুদ্রমেথলাবরণা বস্তুদ্ধরা উপভোগ করিতে সমর্থ হইয়াছিলেন।"

দর্ভপাণি, সোমেশ্বর এবং কেদারমিশ্র যথন দেবপালদেবের সমসাময়িক ছিলেন, তথন দেবপালদেব দীর্ঘকাল গৌড়বঙ্গমগধের সিংহাসনে সমাসীন ছিলেন, অবগ্রহ স্বীকার করিতে হয়।

প্রথম বিগ্রহপাল।

দেবপালদেবের মৃত্যুর পর ধর্মপালের বংশে কেহ উত্তবাধিকারী না থাকায় প্রথম গোপাল-দেবের দ্বিতীয় পুত্র বাক্পালের পৌত্র প্রথম বিগ্রহপাল বা প্রথম শূরপাল সিংহাসন লাভ করেন।

এইরপে প্রতিপন্ন হয়, বঙ্গের প্রজাগণ কর্তৃক বঙ্গের স্বাধান নৃপতি ভারতে একছত্র আধিপত্য বিস্তার করিতে সমর্থ হইয়াছিলেন; এবং বঙ্গদেশ প্রায় সাড়ে চারি শত বংসর কাল হিন্দু-নূপতির শাসনাধীনে স্বাধীন রাজ্য-মধ্যে পরিগণিত ছিল।

मयक-निर्णस्य ।

দেবপালের সহিত বিগ্রহপালের সম্বন্ধ নির্ণয় লইয়া পণ্ডিতগণের মধ্যে মতভেদ আছে। ডাঃ হর্ণেল প্রমুথ পণ্ডিতগণ বলেন,—বিগ্রহপাল দেবপালের ভ্রাতৃম্পুত্র নহেন। তিনি দেবপালের পুত্র। কিন্তু মতাস্তরে বিগ্রহপাল বা শ্রপাল—প্রথম গোপালদেবের দিতীয় পুত্র বাক্পালের পৌত্র এবং জয়পালের পুত্র বলিয়া সিদ্ধান্তিত হন।

প্রথম বিগ্রহপালদেব যে সময়ে বঙ্গের সিংহাদনে আরোহণ করিয়াছিলেন, তথন গুর্জের-জাতি প্রথম ভোজদেবের অধীনে আর্যাবর্ত্ত-জয়ে ব্যাপ্ত ছিল।

ভোজদেব ভিন্ন ভোন থোদিত লিপিমালায় ভিন্ন ভিন্ন নামে পরিচিত। তিনি প্রায় পঞ্চাশ বৎসবের অধিক কাল কান্তকুজের সিংহাসনে অধিষ্টিত ছিলেন। প্রথম বিগ্রহপাল ও নারায়ণপাল ভোজদেবের সহিত যুদ্ধে পরাজিত হইয়াছিলেন। নারায়ণপালের রাজ্যকালে পালরাজগণ মগধ ও তীরাভুক্তির অধিকাংশ ভোজদেবকে প্রদান করিতে বাধ্য হইয়াছিলেন।

প্রথম বিগ্রহপালের রাজস্বকালে সাম্রাজ্যের কি অবস্থা হইয়াছিল, তাহা জানিবার কোনও উপায় আাজ পর্যান্ত আবিষ্কৃত হয় নাই। বিগ্রহপাল হৈহয়-রাজবংশের ক্তা লজ্জাদেবীকে বিবাহ করিয়াছিলেন। লজ্জাদেবীর গর্ভে নারায়ণপালের জন্ম হয়।

* * " নারায়ণপাল।

প্রথম বিগ্রহপালের পর হৈহয়বংশায়া লজ্জাদেবার গর্ভজাত নারায়ণপালদেব বাংলার সিংহাসন লাভ করেন। তিনি প্রায় পঞ্চাশ বংসর গৌড়ের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। তান্তার স্মায়ে তাহার পূক্রপুক্ষবের অবিক্ত অনেক স্থান অন্তা রাজা অনিকার করিয়া লইয়াছিল।

এই সময় শুক্তর-রাজ প্রথম ভোজরাজ বারাণদা অধিকার করিয়া মগধ আক্রমণ করেন। সাগরতালে আবিশ্বত ভোজদেবের শিলালিপি হইতে জানিতে পারা যায়,—ভোজদেব তাঁহার প্রবশ শক্র বঙ্গদেশায়দিগকে কোপানলে দগ্ধ করিয়াছিলেন।

রাজ্যপাল।

নারায়ণপালের মৃত্যুর পর তাহার পুত্র রাজ্যপাল বঙ্গের সিংহাসন লাভ করেন। দিনাজপুর জেলার অন্তর্গত রামগড়ে আবিষ্কৃত প্রথম মহাপালদেবের তামশাসন পাঠে জানা বায়,— রাজ্যপাল বহু গভার জলাশয় ও উচ্চ দেবালয় নির্মাণ করিয়া কীর্ত্তিলাভ করিয়াছিলেন। রাজ্যপাল রাষ্ট্রকুটবংশায় তুম্ব নামক জনৈক রাজার ক্সা ভাগ্যদেবীকে বিবাহ করেন। *

হিতায় গোপা**ল**।

রাজ্যপালদেবের মৃত্যুর পর, তাহার পুত্র দিতীয় গোপাল গোড়ের সিংহাসনে আধিষ্ঠত হন। দ্বিতায় গোপালদেব যথন গোড়ের রাজা, তথন মহাপালদেব গুজ্জর সাম্রাজ্যের অধিপাত ছিলেন।

দিতার গোপালদেবের রাজত্বের প্রথম বংসরে নালন্দ নগরে একটা বাগেশ্বরী মূর্ত্তি প্রতিষ্ঠিত ২ইয়াছিল। তাঁহার রাজ্যকালে শক্রসেন নামক এক ব্যক্তি বুদ্ধগন্ধায় একটা বুদ্ধ-প্রতিমা প্রতিষ্ঠা করিয়াছিলেন। এইরূপে তাঁহার রাজত্বকালে বৌদ্ধধর্মের প্রদার বৃদ্ধি হয়।

দিতীয় বিগ্রহপাল।

দিতায় গোপালদেবের মৃত্যুর পর তাহার পুত্র দিতায় বিগ্রহপাল গৌড়ের সিংহাসনে জারোহণ করেন। দিতায় গোপালদেবের রাজ্যের শেষভাগে অথবা দিতায় বিগ্রহপালের রাজত্বপালে চান্দেলবংশায় যশোবর্দ্মা গোড়দেশ আক্রমণ করিয়াছেলেন। থজুরাহো গ্রামে আবিষ্কৃত যশোবন্দ্মদেবের শিলালিপি হইতে অবগত হই,—যশোবর্দ্ম ১০১১ বিক্রমান্দের

* '(शीकृत्म्थमाना' अत्य वह शान-वःत्मत्र वित्मव काल्ताहना कात् ।

(৯৫৪ খুষ্টান্দে) পূর্ব্বে গৌড়, কোশল, কাশ্মীর, মিথিলা, মালব, চেদী, কুরু ও গুর্জ্জর রাজগণকে পরাজিত করিয়াছিলেন। বোধ হয়, দ্বিতীয় বিগ্রহপালের রাজ্যকালেই পালবংশীয় রাজগণ গৌড়দেশের অধিকারচ্যুত হন। দ্বিতীয় বিগ্রহপাল গৌড়দেশ হইতে বিতাড়িত হইয়া রাঢ় প্রভৃতি দেশে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন।

ধর্ম্মপালদেব ও দেবপালদেবের রাজ্যকালে বঙ্গদেশে শিল্পের চরম উৎকর্ষ সাধিত হইয়াছিল। মগধ ও গৌড় প্রস্তরশিল্পের জন্ম বিখ্যাত হইয়া উঠিয়াছিল।

বছবিধ ধাতু ও প্রস্তর নির্ম্মিত হিন্দু ও বৌদ্ধ মূর্ত্তি এই সময়ে অনেক প্রতিষ্ঠিত হইরাছিল। নারায়ণপালের পর পালরাজবংশের অবনতির সহিত গৌড়ীয় শিল্লেরও অবনতি ঘটে। সঙ্গে সঙ্গে পাল বংশের নূপতিগণ হীনবল হইয়া পড়েন। পরবর্ত্তী ইতিহাসে তাহার নিদর্শন বিভ্যমান।

मशैशानदम्य ।

দিতীয় বিগ্রহপালদেবের মৃত্যুর পর তাঁহার পুত্র প্রথম মহীপালদেব পিতৃসিংহাসন প্রাপ্ত হন। দিনাজপুর জেলায় বানগড়ে আবিস্তৃত মহীপালদেবের তারশাসন হইতে জানিতে পারি,—"শ্রীমহীপাল রণক্ষেত্রে বহুদর্শ-প্রকাশে সকল বিপক্ষপক্ষ নিহত করিয়া ক্রনিব্রুত বিলুপ্ত পিতৃরাজ্যের উদ্ধার সাধন করিয়া, রাজগণের মন্তকে চরণপত্ম সংস্থাপিত করিয়া, অবনীপাল হইয়াছিলেন।"

মহীপাল পালবংশের একজন শ্রেষ্ঠ রাজা। 'অনধিক্ষত বিলুপ্ত' অর্থে পিতৃরাজ্য উদ্ধার বেশ বুঝা যায়। মহীপাল, সিংহাদন আরোহণের সময় উত্তরাধিকারস্থ্রে মাত্র রাঢ় ও বঙ্গদেশের সামান্ত কিয়দংশ প্রাপ্ত হন। শেষে মহীপাল প্রায় সমগ্র বঙ্গদেশে অধিকার করিয়া বারাণদী পর্যান্ত স্বীয় বিজয়ধ্বজা উত্তোলন করেন। সারনাথে আবিক্ষত একটা বুদ্ধমূর্ত্তির পাদপীঠে উৎকীণ লিপির রচনা-পদ্ধতি দৃষ্টে মনে হয়,—এক সময়ে মহীপালবেব কর্তৃক বারাণদী অধিকৃত হইয়াছিল।

খুষ্টীয় দশম শতান্দীর শেষার্দ্ধের প্রথমে মহীপালদেব যথন সিংহাদনে আরোহণ করেন, তথন কান্তকুজ রাজ্যের, রাষ্ট্রকৃট রাজ্যের ও গুর্জ্জর রাজ্যের বিশেষ অবনতি ঘটে। মহীপালদেব তথন পিতৃরাজ্য উদ্ধার করিয়া উত্তরাপথে এক নৃতন সাম্রাজ্য স্থাপিত করিয়াছিলেন।

মহীপাল আসামান্ত প্রতিভাশালী ও পালবংশের গৌরবমণি। প্রথম মহীপালদেবের রাজ্যকালে গৌড়রাজ্য তিন বার বহিঃশক কর্তৃক আক্রাস্ত হইয়াছিল। প্রথমে চোলয়াজ রাজেক্রচোল, কল্যাণের চালুক্যরাজ দ্বিতীয় জয়িসিংহ ও পরে চেদি কলচুরি বা হৈহয়বংশীয় গাঙ্গেয়দেব পালসামাজ্য আক্রমণ করিয়াছিলেন।

প্রথম মহীপালের রাজত্বকানে এক সময়ে কণাট-দেশীয় কোনও রাজা গোড়রাজ্য আক্রমণ করিয়াছিলেন। ক্রেমীশ্বর রচিত 'চগুকৌশিক' নামক নাটকে এই ঘটনার উল্লেখ দেখি। 'চগুকৌশিক' নাটকের বর্ণনায় দেখিতে পাই,—প্রথম মহীপাল চক্রগুপ্তের সহিত ও কর্ণাটগণ নবনন্দের সহিত তুলিত হইয়াছেন।

তিব্বতীয় ঐতিহাসিক লামা তারানাথ বলেন,—মহীপালদেব ৫২ বৎসর রাজত্ব করিয়াপঃ—ই। ৮৭—৩৯

ছিলেন। ১০২৫ খুষ্টাব্দে প্রথম মহীপালদেবের মৃত্যু হয়। বাণগড়ে আবিষ্কৃত মহীপালদেবের তামশাসন হইতে জানা যায়,—বামনভট্ট মহীপালদেবের প্রধান মন্ত্রী ছিলেন।

নয়পাল ও তৃতীয় বিগ্রহপাল।

মহীপালের মৃত্যুর পর নয়পাল সিংহাসনে আরোহণ করেন। নয়পালদেবের রাজ্যকালে প্রভূতপরাক্রমশালী বীর কর্ণদেব গৌড়রাজ্য আক্রমণ করিয়াছিলেন।

নরপালের মৃত্যুর পর তাঁহার পুত্র তৃতীয় বিগ্রহপাল রাজা হন। তৃতীয় বিগ্রহপালদেবের রাজ্যকাল হইতেই পাল-শান্তাজ্যের অধংপতন আরম্ভ হইয়াছিল। খুইার একাদশ শতালীর শেষভাগে উত্তরাপথে প্রবল রাজ্যশক্তির একাস্ত অভাব হয়। অস্তবিক্ষেত্রিদমন ও বহিঃ-শানুর আক্রমণ হইতে রাজ্যরক্ষা কার্য্যে তৃতীয় বিগ্রহপালের রাজ্যকাল অতিবাহিত হইয়াছিল। চেদীবংশীয় কর্ণদেব ও কল্যাণের চালুক্যংশীয় আহ্বয়ন্নের পুত্র বিক্রমাদিত্য—ভৃতীয় বিগ্রহপালের রাজ্য-কালে গৌড়রাজ্য আক্রমণ করেন।

কর্ণদেব পরাজিত হইয়া তাঁহার যৌবনশ্রী নামী কন্তার সহিত বিগ্রহপালদেবের বিবাহ দেন। তৃতীয় বিগ্রহপালদেবের তাশ্রশাসন ও একথানি শিলালিপি আবিদ্নত হইয়াছে।

দ্বতীয় মহীপাল।

তৃতীয় বিগ্রহপালদেবের মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠপুত্র দিতীয় মহীপাল পাল-দায়াজ্যের অবশিষ্টাংশের অধিকার প্রাপ্ত হন। মহীপাল রাজ্যাধিকার লাভ করিয়া শ্রপাল ও রামপাল নামক প্রাতৃষয়কে কারাগারে আবদ্ধ করিয়াছিলেন। মহীপাল রামপালকে বধ করিবার জন্ত ও চেষ্টা করেন। রামপাল যে সময়ে কারারুদ্ধ হন, সেই সময়ে মহীপাল সামান্ত সৈত্ত লইয়া তাঁহার প্রতার প্রকাবলম্বা বিজ্যোহিগণের সন্মিলিত সেনা-সমূহের সহিত যুদ্ধে পরাজিত ও নিহত হন।

অন্তান্ত পালরাজগণ।

মহীপালদেবের পর দ্বিতীয় শূরপালদেব পাল-সামাজ্যের অধীশ্বর হইলেন। দ্বিতীয় শূর-পালদেব কোন্ সময়ে সিংহাসন লাভ করিয়াছিলেন, কতদিন রাজত্ব করিয়াছিলেন, কিরূপে তাঁহার রাজ্যের শেষ হইয়াছিল—তাহার সঠিক বিবরণ জানিবার উপায় নাই। সন্ধ্যাকর-নন্দী এ বিষয়ে কোনও কথা বলেন নাই।

শূরপালের পর রামপাল গৌড়রাজ্যের রাজা হন। সে সময়ে বঙ্গণেশের সমস্ত রাজ্য তাঁহার অধিকারে ছিল না। উত্তরবঙ্গ-প্রদেশ অধিকারের জন্ম তিনি ভাগারথার উপর নৌসেতু নির্মাণ করিয়াছিলেন এবং বছ অমাত্য ও বন্ধুরাজগণের সহিত যুদ্ধাভিযান করিয়া বিজোহাদিগকে দমন করিয়াছিলেন।

বিদ্রোহ-দমনান্তে রামপালদেব গঙ্গা ও করতোয়ার মধ্যে 'রামাবতী' নামে একটী নৃতন
নগর স্থাপন করেন। রামপাল এই নগরে 'জগদ্দলমহাল বিহার' নামে একটী বিহার
নির্মাণ করাইয়াছিলেন।

রামাবতী—পালরাজবংশের শেষ রাজধানী। রামপালের কনিষ্ঠ পুত্র মদনপালের রাজ্যকালেও রামাবতী গোড়রাজ্যেব রাজধানী ছিল। খুষ্টায় যোড়শ শতাকীতে রামাবতী নগরী বিভ্যমান ছিল—আবুল ফজলের 'আইনি আকবরিতেও' তাহার উল্লেখ আছে। রামাবতী স্থাপনের পর রামপালদেব উৎকল ও কলিঙ্গ জয় করিয়াছিলেন। প্রকাশ,—রামপালের একজন সেনাপতি কামরূপ জয় করিয়াছিল।

বৃদ্ধবয়সে রামপালদেব জ্যেষ্ঠপুত্র রাজ্যপালদেবের হস্তে রাজ্যভার অর্পণ করিয়া রামাবতীতে বাস করিয়াছিলেন। রামপাল ৬৪ বৎসর গৌড়ের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন।

রামপালের তিন পুত্রের মধ্যে জ্যেষ্ঠপুত্র রাজ্যপাল পিতার জীবিতকালেই লোকান্তরগমন করেন। রামপালের দ্বিতীয় ও তৃতীয় পুত্র কুমারপাল ও মদনপাল যথাক্রমে গৌড়ের সিংহাদনে সমসীন হন।

কুমারপালের রাজা হইবার কিছু পরেই নববিজ্ঞিত কামরূপ বাজ্যে সামস্তরাজ তিঙ্গদেব বিদ্রোহী হইয়াছিলেন। উৎকলরাজ অনস্তবর্মা চোড়গঙ্গ গৌড়রাজ্য আক্রমণ করিয়াছিলেন। কমৌলিতে আবিস্কৃত বৈহুদেশের তান্ত্রশাসন হইতে অবগত হওয়া যায় যে,—রামপালদেবের মন্ত্রী বোধিদেবের পুত্র বৈহুদেব কুমারপালের মন্ত্রী ছিলেন।

বৈজ্ঞদেশের তাম্রশাসনে কুমারপালের রাজ্যকালের ঘটনাবলির মধ্যে সর্ব্ধপ্রথমে দক্ষিণ-বঙ্গে নৌ-যুদ্ধের উল্লেখ দেখিতে পাওয়া যায়। এই সময়েই বোধ হয় অনস্তবর্ম্মা চোড়গঙ্গের সাহায্যে বিজ্ঞয়সেন দক্ষিণ-বঙ্গ অধিকার করিয়া লন। কুমারপালদেব তল্পকাল রাজ্ঞ্ব করিবার প্রস্থাপরলোক গমন করেন।

কুমারপালের মৃত্যুর পর গোপালদেব গোড়ের সিংহাসনে অধিরোহণ করিয়াছিলেন। তিনি শৈশবেই গুপ্ত-ঘাতকের হস্তে নিহত হন।

কুমারপালদেবের স্থ্রী বা অন্ত কোনও পুত্রের নাম এ পর্যান্ত জানা যায় নাই। তাঁহার কোনও শিলালিপি বা তাত্র-শাসনও আজি পর্যান্ত পাওয়া যায় নাই।

তৃতীয় গোপালদেবের মৃত্যুর পর রামপালদেবের কনিষ্ঠ পুত্র মদনপাল গোড়-সিংহাসন লাভ করেন। মদনপাল বোধ হয় শিশু ল্রাতুপ্ত্রকে হত্যা করিয়া সিংহাসন-লাভের পথ প্রশস্ত করিয়াছিলেন। তৃতীয় গোপালদেবের রাজন্ব-কালের একথানি শিলালিপি রাজসাহী জেলায় আবিষ্কৃত হইয়াছে। কিন্তু তাহা নানামপ ভূল-ল্রান্তিতে পূর্ণ বিলয়া এবং একরূপ হর্বোধ্য হওয়ায় তাহার অনুবাদ একেবারে অসম্ভব হইয়া পড়িয়াছে।

* বিবিধ প্রসঙ্গ ।

মদনপালের রাজত্ব-কালে পাল-সামাজ্যের সীমা অত্যন্ত কুদ্র হইয়া পড়িয়াছিল। মাত্র
মগধের পূর্বাংশ তথন পালরাজগণের অধীন ছিল। তৃতীয় গোপালদেবের লোকান্তরের পরই
বৈছদেব কামরূপের স্বাধীন রাজা বলিয়া ঘোষিত হন। রাঢ় এবং বঙ্গের অন্তান্ত অনেক অংশ
পূর্বেই বিজয়সেনের হন্তগত হইয়াছিল। একণে বিজয়সেন ক্রমে গঙ্গা পার হইয়া বরেক্ত-ভূমির
দক্ষিণাংশ অধিকার করিলেন।

রাজ্ঞসাহী জেলার দেবপাড়া গ্রামে আবিষ্কৃত উমাপতি ধর রচিত বিজয়সেনের প্রশন্তিতে বিজয়সেন কর্তৃক গোড়েশ্বর পরাজ্ঞেব বিষয় লিখিত আছে। বিজয়সেন বোধ হয় মদনপালদেবের রাজত্ব-কালে সমগ্র ব্যবন্দ্র ভূমি অধিকার করিয়া পালদিগকে তাহাদের পিতৃ-ভূমি হইতে বিতাড়িত করেন। মদনপালদেবই বোধ হয় পাল-বংশের শেষ রাজা।

খুটীয় দাদশ শতান্দীর শেষ ভাগে গোবিন্দপাল নামক একজন রাজা কিছু সময়ের জন্ত মগধের সিংহাসন লাভ করিয়াছিলেন। কিন্তু সেনরাজগণের আক্রমণে তিনি রাজ্যচ্যুত হন। পালরাজ-বংশের সহিত এই গোবিন্দপালের কোনও সম্বন্ধ আছে কিনা, তৎসম্বন্ধে নানা মতান্তর দেখি।

নালন্দায় লিখিত 'অন্তুদাহত্রিকা প্রজ্ঞাপার্মিতা' পুঁথি হইতে অবগত হওয়া যায় যে, নালন্দা নগর তাঁহার অধিকারভুক্ত ছিল। ১১৭৫ খুষ্টান্দেও তিনি জীবিত ছিলেন। তাঁহার উপাধি 'মহারাজাবিরাজ্ঞ' ও বৌদ্ধ ধর্মে অনুরাগ-স্চক উপাধি 'পরমসৌগত' প্রভৃতি দেখিয়া পণ্ডিতগণ তাঁহাকে পাল বংশীয় বলিঙা অনুমান করেন। অনেক প্রাচীন গ্রন্থে ও বৌদ্ধ পুথিতে তাঁহার সন্থং প্রচলিত আছে। তিনি নানা হান হইতে তাড়িত হইয়া অবশেষে মুসলমানগণের হস্তে জীবন বিসর্জন দিয়াছিলেন। কাহারও কাহারও মতে, গোবিন্দপালদেব ১৯৬০ খুষ্টান্দে রাজাচাত হইয়াছিলেন। কিন্তু তাহার প্রমাণাভাব।

পাল-বংশ ভারতবর্ষের একটা শ্রেষ্ঠ রাজবংশ। এক অন্ত-বংশ ভিন্ন অন্ত কেহ বোধ হয় এত অধিক দিন রাজত্ব করে নাই। ধর্মপাল ও দেবপালের সময় বাংলা দেশট ভারতবর্ষের মধ্যে সর্কাপেক্ষা ক্ষমতাশালী ছিল। কম্বোজদিগের অন্তায় অধিকারে ও কৈবর্ত্ত-বিদ্রোহে পাল-বংশের অনেক শক্তি ক্ষয় হইয়াছিল এবং সেই জন্ত সেন-বংশ অতি সহজে রাজ-শক্তি হস্তগত করিতে পারিয়াছিল।

পাল-রাজাদিগের সময়ে বঙ্গদেশ শিল্পোন্ধতির পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছিল। ধীমান ও তাঁহার পুত্র বিত্তপাল প্রস্তর-শিল্প ও চিত্র-বিভায় সে সময়ে অত্যন্ত খ্যাতি লাভ করিয়াছিলেন। সে সময়ের কোনও বিশেষ চিত্র বর্তমানে পাওয়া যায় না। তবে পালরাজ্ঞগণ স্থশাসক ও স্থপালক ছিলেন,—প্রজারঞ্জনে তাঁহারা পরাল্প্য ছিলেন না,—তাহার নিদর্শন প্রাপ্ত হওয়া যায়। উত্তর-বস্তুর স্তুর্হৎ দীবি পুশ্রবিণী প্রভৃতি পালরাজগণের সৎকার্যাের ও প্রজা-বাৎসলাের দৃষ্টান্ত।


পাল-বংশার রাজারা প্রত্যেকেই নৌদ্ধ-ধর্মের প্রতি বিশেষ অনুরাগী ছিলেন। তাঁহারা অকাতরে বৌদ্ধ-ভিক্ষু ও ধর্ম-প্রচারকদিগকে অর্থ-সাহায্য করিতেন। ধর্মপাল বৌদ্ধ-ধর্মের একজন সংস্কারক বলিয়া ইতিহাসে প্রসিদ্ধ। ধর্ম্ম-পালের বংশধরগণ বৌদ্ধ-ধর্মের তান্ত্রিক মতাবদ্ধী হইলেও তাঁহারা ভিন্ন-প্রদেশের অনেক বৌদ্ধ-গুরুর সহামুভূতি হইতে বঞ্চিত হয় নাই।


পাল-বংশের সঙ্গে সঙ্গে স্বাধীন বঙ্গের স্বাধীন নৃপতি-গণের স্থৃতি ক্রমে বিলুপ্ত হইতে থাকে।
পরিশেষে তাঁহারা বিস্থৃতির অন্ধতম গর্ভে নিমজ্জিত হন। বঙ্গের স্বাধীনতার গর্কাও চূর্ণ হইয়া
যায়। বঙ্গ তখন আবার অধীনতার শৃদ্ধলে আবদ্ধ হইয়া পড়ে। অন্ধকারে বিহ্যাদ্ধিকাশের
। ভায় স্বাধীনতার বিজ্ঞালচমক একবার বিকাশ পাইয়াই চিরতরে নির্কাপিত হইল।


ইন্দ্রগুয়।

পালবংশের বংশতালিকা।

স্বাধীন বঙ্গের স্বাধীন নূপতি—পালবংশে যাঁহার। প্রতিষ্ঠাসম্পন্ন হইয়াছিলেন, বঙ্গের গোরব সেই পালরাজগণের ইতিবৃত্ত পূর্ব্বেই সন্নিবিষ্ট হইয়াছে। এক্ষণে নিম্নে তাঁহাদের বংশ-পরিচয় প্রদত্ত হইল; যথা,—









পঞ্জিংশ পরিচ্ছেদ।

ভারতের বিভিন্ন খণ্ড-রাজ্য।

[নেপাল-রাজ্য ;—কামরপ রাজ্য ;—কাশ্মীর রাজ্য ; – কান্যকুজ, পাঞ্চাল প্রভৃতি ;—যেজাভুক্তির চান্দেল বংশ এবং চেদির কলচুরি বংশ ;— চেদিরাজ্য ;—মালব-রাজ্য ;—বিবিধ।

* *

পূর্ব্বেই বলিয়াছি,—খুষ্টায় সপ্তম সতাকী হইতে দ্বাদশ শতাকী পর্যান্ত ভারতের ইতিহাস, বিভিন্ন খণ্ড রাজোর ইতিহাসে নিবদ্ধ। সেই খণ্ড-রাজ্যের ইতির্ত্তে ভারতের ইতিহাসের কিত্ত্ব নিহিত আছে, পরবর্ত্তী অংশে তাহাই প্রদর্শনের প্রয়াস পাইতেছি।

নেপাল।

ভারতবর্ষের উত্তরে নেপাল একটা সর্বজনবিদিত রাজ্য। নেপালের অধিকাংশ স্থান পর্বত সন্ধুল। বর্তনানে নেপাল-রাজ্য পূর্বে সিকিন হইতে পশ্চিনে কুমায়্ন পর্যান্ত এবং অযোধ্যা, তিহুত ও আগ্রা এদেশ পর্যান্ত প্রায় ৫০০ মাইল বিস্তৃত একটা প্রকাণ্ড রাজ্য। কিন্তু মুদলমান বিজ্ঞের প্রাক্ত নেপাল-রাজ্য দৈর্ঘ্যে ২০ মাইল ও প্রান্ত ১৫ মাইলের অধিক ছিল না।

নেপাল সম্বন্ধে সর্বাপেকা প্রামাণ্য প্রাচীন ইতিহাস বোধ হয় সমূদ্গুপ্তের এলাহাবাদ শিলালিপিতেই পরিদৃষ্ট হয়। সে শিলালিপি খুইয়ে চতুর্থ শতান্দীতে লিখিত। তাহাতে দেখা যায়,—কামকপের মত নেপালও একটী স্বাধীন করদরাজ্য ছিল। নেপাল—গুপ্তসমাটদিগকে কর নিত ও তাহাদের বশুতা স্বাকার করিত। কিন্তু অভ্যন্তরীণ রাজ্যশাসন ইত্যাদিতে তাহাদের সম্পূর্ণ কমতা ছিল।

শুনা যায়,—সমুদ্রগুপ্তের পূর্বের, তৃতীয় শতাদীতে—অশোকের সময়ে, নেপাল তাঁহার রাজ্যের অধীন ছিল। পাটন নগরে একটী কীর্ত্তিস্তত্তের খোদিত লিপিতে প্রমাণ পাওয়া যায় যে,—পর্বতের নিমের সমস্ত সমতলপ্রদেশ মোর্য্যসাফ্রাঞ্যের অধীন ছিল।

মৃষ্ঠ ও সপ্তম শতান্দীর প্রথমে লিচ্ছবি-বংশ নেপালের সিংহাসনে প্রতিষ্ঠিত ছিলেন। হিউ-য়েন্ৎ-সাং কর্তৃক নেপালের লিচ্ছবিগণ ক্ষত্রিয় বলিয়া অভিহিত হইয়াছেন।

খৃষ্টার সপ্তম শতাকাতে ঠাকুরা-বংশের প্রতিষ্ঠাতা অংশুবর্দ্মা তিববতরাজকে তাঁহার কন্তা দান করিয়া সম্বন্ধ স্থাপন করেন। তিববতরাজ দে সময় অত্যন্ত ক্ষমতাশালী ছিলেন। তিনি চীন-সমাটিকে পর্যান্ত কন্তা দিতে বাধ্য করাইয়াছিলেন। হর্ষবর্দ্ধন নেপাল-রাজ্যে কিয়ৎপরিমাণে হস্তক্ষেপ করিয়াছিলেন; কিন্তু সিলভ্যান লেভি প্রভৃতি প্রত্নতাত্ত্বিকগণ বলেন,—নেপাল কথনও হর্ষবর্দ্ধনের অধীনতা স্বীকার করে নাই।

হর্ষবর্জনের মৃত্যুর পর তিব্বতীয় ও নেপাল দৈত্য চীনদূতের পক্ষাবলম্বনে হর্ষবর্জনের উত্তরাধি-

কারীর বিক্রছে যুদ্ধ করিয়াছিল এবং অষ্টম শতান্দীর প্রথমে নেপাল তিব্বতের অধীন ছিল বটে; কিন্তু খৃষ্টীয় ৮৭৯ অন্দে নেপালী অন্দের প্রচলন দেখিয়া মনে হয়,—এ বংসরই বোধ হয় নেপাল তিব্বতের অধীনতাপাশ হইতে মুক্তিলাভ করে। কিন্তু তাহার কোনও বিশিষ্ট প্রমাণ বিশ্বমান নাই।

অশোকই নেপালে প্রথমে বৌদ্ধর্গ প্রচার করেন। বৌদ্ধর্শের পবিত্র আদি-মত্ট্র নেপালে প্রচলিত হয়। সপ্তম শতাদ্ধীতে তান্ত্রিকভাবাপর বৌদ্ধর্শে নেপালে প্রচলিত হইয়াছিল। তান্ত্রিক-ভাবাপর বৌদ্ধরত প্রায়শঃ হিন্দুদিরের শৈবমতের অন্তর্কপ ছিল। ক্রমে ক্রমে নেপালে বৌদ্ধর্শের নানারূপ বিক্তি আরম্ভ হয়। পরে কয়েক শতাদীর মধ্যে নানারূপ নৈতিক দোষভ্ট বিবাহিত সন্ন্যাসীরা মঠে ও বিহারে অবস্থান করে। তার পর গুর্থাশাসনের অধীনে, নেপালে বৌদ্ধর্শে একটা পরিবর্জনের মধ্য দিয়া অগ্রসর হয়। গুর্থারা বৌদ্ধনতকে রুণার চক্ষেদেখিত। বর্তুমান নেপালা বৌদ্ধর্শ্—হিন্দুব্দা ও বৌদ্ধর্শের এক অন্তর্তু সংমিশ্রণ।

নেপাল সম্বন্ধে বর্ত্তমানে ঐতিহাসিকগণ নানাত্রপ প্রত্নতত্ত্বে আলোচনায় অনেক তথ্য আবিষ্ণার করিতে চেষ্টা করিতেছেন। তন্মধ্যে ফরাসা প্রত্নতাত্ত্বিক দিলভাবন লৈভির চেষ্টাই সর্ব্বপ্রেষ্ঠ। তাঁহার প্রণীত 'লা নেপালা' গ্রন্থ অতি মূল্যবান এবং নেপাল সম্বন্ধে বিবিধ তথ্যে পূর্ণ। মুসলমান-বিজ্ঞার পূর্ব্বে নেপালের অবহা বিশেষভাবে কিছুই জানা যায় না।

* কামরূপ (আসাম) রাজা।

প্রাচীন কামরূপ রাজ্য বস্তমান আসাম ২ইতে আয়তনে অনেক বড় ছিল। এই রাজ্য সম্বন্ধে প্রথম ঐতিহাসিক বিবরণ খৃষ্টায় ৩৬০-৭০ জন্দে এলাহাবাদ-স্তন্তে সমুদ্র-গুপ্তেব খোদিত লিপিতে পাওয়া যায়। কামরূপ রাজ্য তথন গুপ্তসাফ্রাজ্যের বাহিরে ছিল। কিন্তু স্ফ্রাটকে কর দিতে হইত এবং তাঁহার বশুতা স্বাকার করিত।

চৈনিক পরিব্রাজক হিউয়েন্ং-সাঙের ভ্রমণ-রুত্তান্তে কামরূপ রাজ্যের বিবরণ প্রাপ্ত হই। ৬৪৩ খুষ্টান্দে যথন হিউয়েন্ং-সাং দ্বিতীয় বার নালন্দা বিহারে অবস্থান করিতেছিলেন, তথন তিনি তাঁহার নিজের ইচ্ছার বিরুদ্ধেই কামরূপ রাজ্যে ঘাইতে বাধ্য হইয়াছিলেন। কামরূপ-রাজ্য বিখ্যাত চান-পরিব্রাজকের সহিত আলাপ করিতে অতিমাত্রায় উৎস্কুক হন।

কিছুদিন কামরূপ-রাজ্যে থাকার পর কান্তর্ক্তরাজ হর্ষ শিলাদিত্য হিউয়েন্ৎ-সাঙকে পাঠাইবার জন্ম আদেশ করেন। কামরূপের রাজ। উত্তরে জানান,—তিনি তাঁহার নিজের মস্তক পর্যাস্ত দিতে স্বাকার, তথাপি তিনি চৈনিক আতিথিকে যাইতে দিবেন না। প্রত্যুত্তরে হর্ষ তাঁহার রাজ্য আক্রমণের ভয় দেখাইলেন। তখন রাজা পরিব্রাজককে শইয়া সমাটের সহিত সাক্ষাৎ করিলেন।

কামরপের সেই রাজা ভয়ন্ধর বা কুমার নামে বিখ্যাত। পরিব্রাজক তাঁহাকে ব্রাহ্মণ বলিয়া অভিহিত করিয়াছেন। কিন্তু তাঁহার নাম দেখিয় বুঝা যায়,—তিনি ক্ষত্রিয়-বংশসম্ভূত।

করেক শতাধ্বী পর্য্যন্ত কামরূপের কোনও বিশদ ইতিহাস পাওয়া যায় না। এই রাজ্য পাল-দ্বাজ্ববংশের সময়ে তাঁহাদের দ্বারা অধিষ্কত হয় এবং দ্বাদশ শতাব্দাতে কুমারপাল তাঁহার মন্ত্রী বৈচ্চদেবকে ঐ রাজ্য শাসনের জন্ম নিযুক্ত করেন। ত্রয়োদশ শতাব্দীর প্রথমে ঐ দেশ অহোম-জাতির দ্বারা আক্রান্ত হয়। অহম দলপতি অনেক দিন পর্যান্ত কামরূপ রাজ্য আহোম জাতির শাসনাধীনে রাথিয়াছিলেন।

আসাম রাজ্যই মঙ্গোলিয়ান জাতির ভারতবর্ষের আসিবার পথ। ঐ প্রদেশের অনেক অধিবাসী সম্পূর্ণ মঙ্গলীয়-বংশসন্থত। এই স্থানই তান্ত্রিকতার আবাস-ভূমি। বৌদ্ধতান্ত্রিকতা ও হিন্দুতান্ত্রিকতা—উভয়বিধ তান্ত্রিকতাই এথানে দেশবাসীর মধ্যে গভীরভাবে নিবদ্ধ। গৌহাটীর নিকট কামাখ্যা দেবীর শাক্ত উপাসকদিগের একটী পবিত্র মন্দির আছে।

কামরপরাজ্য অনেক দিন পর্যান্ত স্বতন্ত্রতা বজার রাখিতে পারিয়াছিল। ১২ ও পূর্বাদে বগ্তিয়ারের পুত্র বঙ্গবিহার-বিজয়ী মহম্মদ কামরূপ আক্রমণ করেন। কামরূপের পশ্চিম পার্শ্বে করোতোয়া নদীর ধার দিয়া মহম্মদ বরাবর দক্ষিণ দিকে অগ্রসর হন। এইরূপে তিনি দার্জিলিঙ্গের উত্তরে পর্বতিমালা অতিক্রম করিয়াছিলেন। কিন্তু তিনি আর অধিক দূর অগ্রসর হইতে পারিলেন না।

তাঁহার প্রত্যাবর্ত্তন ভয়ানক বিপজ্জনক হইল। কামর্মপের অবিবাসীরা প্রস্তর-নির্মিত সেতু ভাঙ্গিয়া কেলিয়াছিল। সেই সেতুই মহম্মদের সৈন্তদিগের আদিবার একমাত্র পণ ছিল। অধিকাংশ সৈন্ত জলমগ্ন হইয়াছিল। কেবলমাত্র সেনাপতি এক শত অশ্বারোহী সৈন্ত সহ প্রাণরক্ষা করিয়া কোনমতে নিস্তার পাইয়াছিলেন। কামর্মপে তাহার পর পরবৃত্তী যত মূসলমান আক্রমণ হইয়াছিল, তাহার অধিকাংশই ঐর্পে ব্যর্থ হইয়াছিল।

* কাশ্যার-রাজ্য।

কাশ্মীর সম্বন্ধে বিস্তৃত ইতিহাস পাওয়া যায়। কাশ্মীরের ইতিহাস 'রাজতরঙ্গিণী' গ্রন্থে প্রাচীন কাশ্মীর সম্বন্ধে বহু তথ্য লিপিবদ্ধ আছে। অশোকের সময় এই উপত্যকা মৌর্য্য-সামাজ্যের অস্তর্ভুক্ত হয়। কনিক্ষের সময়ও কাশ্মীর কুশন সামাজ্যভুক্ত হইয়াছিল।

হর্ষবর্জন কাশ্মীরকে সম্পূর্ণ পরাজিত করিতে পারেন নাই। কিন্তু তিনি একটা উপহার পাইয়াছিলেন। সেটা বুজের একটা দাত। হর্ষবর্জন সেই চিহুটি কান্তবুজে শইয়া যান।

কর্ক ট-বংশের সময় হইতেই কাশ্মীরের প্রকৃত ইতিহাস পাওয়া যায়। এই বংশ গুর্নভবর্দ্ধনের দ্বারা হর্ষবর্দ্ধনের জীবিতকালে প্রতিষ্টিত হয়। ৬৩১ হইতে ৬৩৩ খৃষ্টান্দ পর্যন্ত হিউয়েনৎ-সাং কাশ্মীরে ছিলেন। তিনি রাজার আতিথ্যে সুগ্ধ হইয়াছিলেন। রাজপুত্র গুল ভক কাশ্মীরে অনেক দিন রাজত্ব করেন।

তুল ভকের পরে তাঁহার তিন পুত্র সিংহাসন প্রাপ্ত হন। জ্যেষ্ঠ চক্রাপীড় ৭২০ খুঠানে চীন-স্মাটের দ্বারা অভিষিক্ত হইয়াছিলেন।

তার পর ৭৩০ খৃষ্টাবেদ মূক্তাপীড় ললিতাদিত্য নামে অভিহিত হইয়া চীনসমাট কর্তৃক কাশ্মীর-রাজ্যে অভিষিক্ত ইইয়াছিলেন। ললিতাদিত্য প্রায় ৩৬ বৎসর রাজত্ব করেন। তিনি অত্যস্ত ক্ষমতাশালী ছিলেন। তাঁহার সময়ে রাজ্যের বিস্তৃতি পার্বত্য সীমা অতিক্রম করিয়া বহু দূর পর্যান্ত গিয়াছিল। তিনি কাশ্যকুজ্বরাজ যশোবর্মাকে সম্পূর্ণরূপ পরাজিত করেন। তিনি তিব্বতের ও ভোটানের অধিবাদীকে পরাজিত করিয়া দিন্দুনদক্লে তুর্কীদিগকে পরাজিত করেন। তাঁহার স্মৃতিচিহ্নস্বরূপ মার্ত্তগদন্দির এখনও দগর্বে মস্তক উন্নত করিয়া তাঁহার শৌর্য্য-বীর্য্য প্রকাশ করিতেছে। ললিতা-দিত্যের রাজ্যের বিস্তৃত ইতিহাদ কহলণের 'রাজতরঙ্গিণী' গ্রন্থে দম্পূর্ণরূপে লিখিত আছে।

মুক্তাপীড়ের পৌত্র জয়াপীড় বা বিনয়াদিত্য সম্বন্ধে অনেক অলৌকিক ও অমান্থবিক কার্যা-বিলর উল্লেখ আছে। সম্ভবতঃ তিনি কান্তকুক্ত-রাজ বজায়ুধকে পরাজিত ও সিংহাসনচ্যত করেন। কিন্তু তিনি যে ছন্মবেশে বাংলার রাজা জয়ন্তের রাজধানী পৌণ্ডু বর্দ্ধন নগরে আসিয়া-ছিলেন—রাজরান্ধণীর এই উক্তিতে ঐতিহাসিকগণ আস্থা স্থাপন করেন না। নেপাল-রাজ্যের বিক্রেদ্ধি তাঁহার অভিযান, প্রস্তর-নির্মিত ত্র্ণে অবক্রদ্ধ হওয়া এবং পরে তথা হইতে পলায়ন করা প্রভৃতিও কবি-কল্পনা বলিয়াই মনে হয়। তাঁহার রাজত্বের শেষ ভাগে যে অত্যাচারের ও অবিচারের কথা লিখিত আছে, তাহা অনেকে সত্য বলিয়া মনে করেন।

কহলণ লিথিয়াছেন,—'এইরপে এই প্রসিদ্ধ রাজার রাজত্বের একত্রিশ বংদর অতাত হইল। রাজা তাঁহার প্রবৃত্তি-দমনে নিতান্ত অপারগ ছিলেন। নুপতিরাও মংস্তেরা প্রায় এক প্রকার। রাজার ভোগ-লালদা উত্তেজিত হইলে যেনন তাহারা বিপথে গমন করে, মংস্তেরাও দেইরপ কদেয়া জলের লালদায় বিপথে গমন করে। রাজা ক্রমে ক্রমে মৃত্যুমুথে পাতত হয়, মংস্তও ক্রমে ধীবর দ্বারা ধৃত হয়।' এইরপে রাজতর জিণাকার জয়াপীড়ের ইক্রিয়-লালদা ও ভোগ-বাদনার কথা বর্ণন করিয়াছেন। জয়াপীড়ের প্রবৃত্তি অনেক মুদ্রা আবিষ্কৃত হইয়াছে। মুদ্রাগুলি অতি প্রাচীন। তাহাতে জয়াপীড়ের 'বিনয়াদিতা' উপাধি মুদ্রিত আছে।

নবম শতান্দীর শেষভাগে অবস্তীবন্দা কাশ্মারের সিংহাসনে অধিষ্ঠিত হন। তাঁহার রাজ ফ কাল সাধারণের উন্নতিকর বিবিধ অনুষ্ঠানের জন্ম বিখ্যাত। তাঁহার সময়ে সাহিত্য ও শিক্ষার বিশেষ উন্নতি সাধিত হইয়াছিল।

পরবর্ত্তী রাজা শঙ্করবর্দ্মা বিখ্যাত যোদ্ধা বলিয়া খ্যাতি লাভ করিয়াছিলেন। কিন্তু তিনি প্রজাদের নিকট হইতে অত্যাচার করিয়া অর্থ শোষণ করিতেন ও দেবনন্দিরের অর্থ আত্মসাং করিতেন। তাঁহার রাজত্ব-সময়ে কনিক্ষের বংশধর তুর্কীসাহী রাজগণ ৪৭০ খুষ্টান্দে লাল্লীর নিকট পরাজিত হন। আরব সেনাপতি ইয়াকুব ইলিয়াস কর্তৃক কাবুলে আক্রান্ত হইবার পূর্ব্ব পর্যান্ত তুর্কীসাহী রাজারা কাবুলে রাজত্ব করিতেন।

৯১৭ খৃষ্টাব্দে বালক রাজা পার্থের সময়ে কাশীরে এক ভীষণ ছভিক্ষ হয়। রাজতরঙ্গিণীতে এই ছভিক্ষের এক ছানয়-বিদারক বর্ণনা আছে। াশশু রাজা ও তাঁহার অভিভাবক কি ভাবে প্রজাদিগকে কষ্ট পাইতে দোখিয়া নারবে রাজপ্রাদাদে স্বচ্ছন্দে দিনাতিপাত করিয়াছিলেন, তাহারও বিশেষ উল্লেখ দেখানে দেখিতে পাই।

পার্থের পুত্র উন্মন্তবন্তী অত্যন্ত নিগুর ছিলেন। তিনি প্রজাদিগকে বৃশ্চিকদংশনে যন্ত্রণা দিতেন। তিনি পিতৃ-হত্যা পাপে পর্যান্ত লিপ্ত হইয়াছিলেন। সৌভাগ্যের বিষয়, তিনি অতি অন্ন দিন রাজত্ব করেন। ৯৩৯ খুটাকে উন্মন্তবন্তা এক যন্ত্রণাদায়ক ব্যাধিতে আক্রান্ত হইয়া মৃত্যুমুখে পতিত হন।

ग्रः—है। ४५-३०

খৃষ্টীয় দশম শতাব্দীর শেষভাগে রাণী দিদাদেবীর হস্তে রাজ্যভার নিপতিত হয়। রাণী একেবারে হিতাহিতবিবেচনাশৃত্ত ছিলেন। তিনি প্রথমে নাবালক রাজার অভিভাবিকা হন, পরে শ্বয়ং রাণীর তায় রাজ-কার্য্য পরিচালন করেন।

তাঁহার প্রাতৃষ্পুত্র সংগ্রাম, খুষ্টায় ১০০০ অব্দে রাজা হন। তাঁহার সময় গজনীর স্থলতান মামুদ কাশ্মীর রাজ্য আক্রমণ করে। যদিও সংগ্রামে সৈত্যগণ পরাজিত হইয়াছিল, তথাপি পার্বিত্য প্রদেশের ছুর্গমতার জন্ত স্থলতান মামুদ একেবারে কাশ্মীরের স্বাধীনতা হরণ করিতে পারেন নাই।

একাদশ শতাব্দীর মধ্যভাগে, কাশ্মীরের ছর্দ্ধশার একশেষ হয়। কলস ও হর্ষের রাজত্বকালে দেশের রাজ-শক্তি অত্যস্ত ছর্ব্বল হইয়া পড়ে এবং প্রজাগণ নিরতিশয় উৎপীড়ন ভোগ করে।

১৩৩৯ খৃষ্টাব্দে স্থানীয় এক মুসলমান-বংশ রাজ-ক্ষমতা লাভ করে এবং চতুর্দিশ শতান্ধীতে রাজ্যের সর্বব্রেই মুসলমান-প্রাধান্ত স্থাপিত হয়। সর্বশেষে ১৫৮৭ খৃষ্টাব্দে মোগল বাদসাহ আকবর কাশ্মীর রাজ্য জয় করিয়া মোগল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করিয়া লন।

* 4

কাগুকুৰ, পাঞ্চাল প্ৰভৃতি।

কাশ্যকুক্ত অতি প্রাচীন রাজা। মহাভারতের অনেক স্থলে ইহার উল্লেখ আছে। খুইপূর্ব্ব হুই শত বৎসর পূর্ব্বে পতঞ্জলির পাণিনি-ব্যাকরণের টীকা মহাভায়ে এই দেনের নামোল্লেখ
করা হুইয়াছে। এই রাজ্য এরপভাবে ধ্বংম প্রাপ্ত হুইয়াছে যে, বর্ত্তমানে কেবল ভগ্ন ভূপ
ভিন্ন পূর্ব্ব-গৌরবের ও অট্টালিকাদির কোনও চিচ্ন বর্ত্তমান নাই।

8০৫ খৃষ্ঠান্দে দিতীয় চক্র-শুপ্ত (বিক্রমাদিত্যের) রাজ্য-কালে, চীন পরিব্রাহন ফা-হিয়ান যথন কান্তকুজ পরিদর্শন করেন, তথন হইতেই কান্তকুজর প্রকৃত ইতিহাস আরম্ভ হয়। ফা-হিয়ান তাঁহার ভ্রমণ-বৃত্তাস্তে কান্তকুজ সম্বন্ধে অনেক কথা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। চীন-পরিব্রাহ্মকের ভ্রমণ-বৃত্তাস্তে দেখিতে পাওয়া যায়,—পঞ্চম শতান্দীর প্রথম ভাগে নগরে মাত্র ছইটী বৌদ্ধমন্দির ছিল। বোধ হয়, এই ছইটী মন্দির গুপ্ত-বংশের রাজ্য্ত-কালে নির্ম্মিত হইয়াছিল।

কান্তকুরে সর্বাঙ্গীণ উন্নতি হয়—হর্ষবর্দ্ধনের রাজত্ব-কালে। হর্ষবর্দ্ধন কান্তকুরুকে তাঁহার রাজধানীতে পরিবর্ত্তিত করেন। ৬৩৬ খুষ্টান্দে ও ৬৪৩ খুষ্টান্দে যথন হিউয়েনাৎ-সাং কান্তকুরু অবস্থান করিতেছিলেন, সে সময়ে ফাহিয়ান বর্ণিত অবস্থার অনেক পরিবর্ত্তন হইয়াছে। হিউয়েনৎ-সাং ছইটা বৌদ্ধ-মঠের পরিবর্ত্তে ছুই শতেরও অধিক মঠ দেখিরাছিলেন।

বৌদ্ধ-ধর্মের সঙ্গে সঙ্গে হিন্দুরর্মেরও উন্নতি চলিতেছিল। কান্তকুজে হিন্দুদেরও অনেক মন্দির বর্তনান। রাজধানী স্থরকিত—গঙ্গার পূর্ব্ব উপকূলে চাার মাইল প্রশন্ত ছিল। রাজধানী নানাবিধ স্থরম্য অট্টালিকায় ও রম্যোদ্খানে অলম্কত হইয়াছিল। নগরবাদা সমৃদ্ধিশালী ছিল।

৬৪৭ খৃষ্টাব্দে হর্ষবৰ্দ্ধনের মৃত্যুর পর তাঁহার বিশাল রাজ্যমধ্যে বিশৃষ্খলা ও বিপ্লব উপস্থিত হইয়াছিল। তৃৎপর যশোবর্দ্ধা অষ্টম শতাব্দীতে কান্তকুজের রাজ্যভার প্রাপ্ত হন। যশোবর্দ্ধা ৭০১ খৃষ্টাবেদ চীনদেশে দৃত প্রেরণ করেন এবং কয়েক বংসর পরে কাশ্মীররাজ্ব ললিতাদিত্য কর্তৃক পরাজিত হন। উত্তররামচরিত ও মালতীমাধব রচয়িতা ভবভূতি যশোবর্দ্ধার সভাকবি ছিলেন।

যশোবর্শার পর বজায়্ধ কান্তকুলের রাজা হন। 'রাজতরঙ্গিণীতে' লিখিত আছে,—
এই বজায়ুধ কাশ্মীররাজ জয়াপীড় কর্ত্বক পরাজিত হইয়াছিলেন।

বজায়ুধের পরবর্ত্তী রাজ। ইন্দ্রায়ুধ ৮০০ খুষ্টান্দে বঙ্গবিহাররাজ ধর্ম্মপাল কর্তৃক পরাজিত ও রাজাচ্যত হন। ধর্মপাল নিজে কান্তকুজের রাজ্যভার গ্রহণ করেন নাই। তিনি রাজবংশের এক আত্মীয় বজায়ুধকে সিংহাসনে প্রতিষ্ঠিত করেন। ৮১৬ খুষ্টান্দে রাজপুতানার গুর্জের-প্রতিহার রাজ্যের রাজা নাগভট্ট চক্রায়ুধকে পরাজিত ও সিংহাসনচ্যুত করিয়াছিলেন।

নাগভট কান্তকুক্তকে তাঁহার রাজধানীতে পরিণত করেন। সেই হইতে আনেক দিন পর্যান্ত কান্তকুক্ত উত্তর-ভারতেব প্রধান রাজ্য-মধ্যে পরিগণিত হয়। নাগভট্টের রাজ্যকালে গুর্জের বংশীয়দিগের সহিত দক্ষিণাত্যের রাষ্ট্রকূট-বংশের যুদ্ধবিগ্রহ আরম্ভ হয়। নবন শতান্দীর প্রথম-ভাগে দক্ষিণাত্যের রাজা ভৃতীয় গোবিন্দ উত্তর-ভারতের প্রতিদ্বন্দীকে সম্পূর্ণরূপে পরাজিত করেন।

নাগভট্রে পরবর্ত্তী রাজা রামভজ সম্বন্ধে বিশেষ কোনও বিবরণ জানা যায় না। তিনি ৮২৫ হইতে ৮৪০ খুঠাক পর্য্যন্ত রাজত্ব করিয়াছিলেন।

রামভদ্রের প্ত মিহির অত্যন্ত ক্ষমতাশালী রাজা ছিলেন। তিনি প্রায় অর্দ্ধশতাকী রাজত্ব করিয়াছিলেন (৮৪০—৮৯০ খুষ্টাক)। পাঞ্জাবের শতক্র-নদীর তীরবর্ত্তী জ্ঞনপদসমূহ, রাজ্ব-পুতনার অধিকাংশ, এবং বর্ত্তমান আগ্রা, অবোধ্যা ও গোয়ালিয়র দেশ তাঁহার সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। রামভদ্রের রাজ্যের পূর্বাদিকে দেবপালের রাজ্য। রামভদ্র সে রাজ্য আক্রমণ করেন। তাহার রাজ্যের দক্ষিণ-পশ্চিমে প্রবলপরাক্রান্ত রাষ্ট্রকূটবংশীয় নূপতিগণ মুসলমানদিগের সহিত সন্ধিস্থাপন করিয়াছিল। সেই রাষ্ট্রকূটবংশীয়দের জন্ম তিনি সর্বাদা সন্তন্ত্ব থাকিতেন।

ভোজরাজ নিজেকে বিষ্ণুর অবতার বলিয়া ঘোষণা করিয়া আদিবরাহ উপাধি গ্রহণ করিয়াছিলেন। 'আদিবরাহ' নামে মুদ্রিত অনেক রৌপ্য-মুদ্রা উত্তর ভারতবর্ষে প্রচুর প্রচলিত ছিল।

ভোজের পুত্র এবং উত্তরাধিকারী মহেন্দ্রপাল (মহেন্দ্রায়ুধ) পিতৃরাজ্য প্রাপ্ত হইয়া পিতার বিশাল সাম্রাজ্যের গৌরব সম্পূর্ণকপে রক্ষা করিয়াছিলেন। মগধ্রে সীমা হইতে আরম্ভ করিয়া (কেবল পাঞ্জাব ভিন্ন) আরবসাগরের তীর পর্যাস্ত সমস্ত ভারতবর্ষ তিনি করায়ত্ত করিয়াছিলেন। তাঁহার রাজত্বের অষ্টম বর্ষে প্রবর্ত্তিত গয়ার খোদিত লিপিতে দেখিতে পাই,—মগধ, প্রতীহার বংশীয়দের অধীন ছিল।

কপূর্মঞ্জরী নাটকের রচয়িতা প্রসিদ্ধ কবি রাজশেথর তাঁহার গুরু ছিলেন। মহেল্রপালের জ্যেষ্ঠপুত্র দ্বিতীয় ভোজ হুই তিন বংগর রাজত্ব করিলে তাঁহার বৈমাত্রেয় ভ্রাতা মহীপাল (৯১০—৯৪০ খৃষ্টান্ধ) কন্তকুজের সিংহাসনে আরোহন করেন। তাঁহার রাজত্ব হইতেই কান্তকুজের অধংপতন আরম্ভ হয়। রাষ্ট্রকূটরাজ তৃতীয় ইল্রের বিপুল বাহিনী কান্তকুজ্ব আরুমণ করে। ফলে প্রতীহারবংশ ধ্বংসের পথে অগ্রস্র হয়। রাষ্ট্রকূট-রাজের নিকট

পরাঞ্জিত হওয়ায় পর সৌরাষ্ট্র এবং দ্রবর্তী অনেক রাজ্য মহীপালের হস্তচ্যুত হইয়াছিল। তৃতীয় ইন্দ্রের দারা কান্তক্ত রাজ্য রক্ষা করা অসম্ভব হওয়ায় পরে চান্দেলরাজার সাহায্যে মহীপাল কান্তক্ত অধিকার করেন।

পারবর্ত্তী রাজা দেবপাল (৯৪০—৯৫৫ খৃষ্টান্দ) চান্দেলরাজ মণোবর্মাকে বিস্থুমূর্ত্তি দান করিতে বাধ্য হইয়াছিলেন। যশোবর্মা! কলিঞ্জর দূর্গ অধিকার করিয়া কাত্তকুজের অধীনতা-পাশ হইতে সম্পূর্ণরূপে মুক্ত হন। দেবপালের পর তাহার লাতা কাত্তকুজের রাজা হন। তাহার নাম – বিজয়পাল (৯৫৫—৯৯০ খৃষ্টান্দ)।

ইহার পর ক্রমে উত্তর ভারতের রাজ্যসমূহ মুদলমান-আক্রমণে বিধ্বস্ত হয়। সেই সকল রাজ্যের পরবর্ত্তী ইতিহাস, মুদলমান আধিপত্যের ইতিহাসের সহিত বিজড়িত। ৭১২ খুষ্টান্দে সিন্ধ্-প্রদেশ আরবদিগের হারা বিজিত হললেও মুদলমানগণ তথন ভারতের অভ্যন্তরে প্রবেশ করিতে সমর্থ হয় নাই।

বিজয়পালের পুত্র রাজ্যপাল তৎপরে কান্তকুকের সিংহাসনে আরোহণ করেন। ১০১৯ খৃষ্টান্দে গজনীর স্থলতান মামুদ কান্তকুক আক্রণ করিয়াছিলেন। রাজ্যপাল নগর রক্ষা করিতে বিশেষ কোনও উদ্যোগ করেন নাই। মামুদ মন্দিরাদি নই করিয়া প্রভূত ধনরত্ব লইয়া গজনীতে প্রত্যাবর্ত্তন করেন।

রাজাপালের এইরপ ব্যবহার অস্তান্ত হিন্দুরাজার নিকটে বড়ই বিসদৃশ বোধ হইতে লাগিল। পাঞ্জাবরাজ জরপালের রাজ্য যথন সবক্তগীন আক্রমণ করেন, তথন পার্শ্ববর্তী হিন্দুরাজগণ জয়-পালের সহিত সজ্যবদ্ধ হইয়া সবক্তগীনকে বাধা দিবার প্রতীক্ষা করে। কিন্তু রাজ্যপাল মামুদকে বাধা দিতে নিরস্ত ছিল দেখিয়া চান্দেলরাজ গণু, গোয়ালিয়র অধিপতির সাহায়ে, রাজ্যপালকে প্রাজিত ও নিহত করেন।

স্থলতান মামুদ রাজ্যপালের হত্যার সংবাদ পাইয়া অত্যন্ত রাগান্থিত হন। কারণ রাজ্য-পালকে বণীভূত করার পর তাঁহার রাজ্য মুদলমানদিগের নিত্র-রাজ্য বলিয়াই গণ্য হইয়াছিল। মামুদ প্রতীহাররাজধানী বারি আক্রমণ করেন ও ক্রমে চান্দেলরাজ্যের দিকে অগ্রাসর হন। চান্দেল-রাজা গণ্ড যুদ্ধ না করিয়াই পলায়ন করেন।

রাজ্যপালের পর তাঁহার পুত্র ত্রিলোচনপাল কান্তকুক্তের রাজা হন। ত্রিলোচনপালের একখানি তাত্রশাসন আবিষ্কৃত হইয়াছে। তাহাতে এলাহাবাদের নিকট এক খণ্ড ভূমি দানের কথা উল্লিখিত আছে।

ত্রিলোচনপালের পরবর্ত্তী একজন রাজার নামে একথানি তাম্রশাসনে পাওয়া যায়। শাসনে ১০৩৬ খৃষ্টাব্দ লিখিত আছে। সে রাজার নাম—যশোপাল। ঐতিহাসিকগণ অমুমান করিয়াছেন,—ত্রিলোচনপালের পরই যশোপাল কান্তকুক্তের রাজা হন। তাঁহার পর আর যাঁহারা কান্তকুক্তে রাজত্ব করিয়াছিলেন, তাঁহানের অনেকেরই কোনও পরিচয় পাওয়া যায় না। তৎপর ১০৯০ খৃষ্টাব্দে ঘাড়োয়ার-বংশীয় চক্রদেব কর্ত্বক কান্তকুক্ত অধিকৃত হয়। সেই সময়ে কিছুদিনের জন্ম কান্তকুক্তের পূর্ব্বঞ্জী ফিরিয়া আসে।

চন্দ্রদেবের প্রতিষ্ঠিত ঘাড়োয়ার-বংশ পরে রাঠোব বংশ বিলয়া বিখ্যাত হইয়াছিল। ঘাড়োয়ার

বংশ ১১৯৪ খৃষ্টান্দ পর্যান্ত কাশুকুজে রাজত্ব করে। তার পর সাহাবৃদ্দিন কাশুকুজ অধিকার করেন। ১১০৪ খৃষ্টান্দ হইতে ১১৫৫ খৃষ্টান্দ পর্যান্ত চক্রদেবের পৌত্র রাজত্ব করেন। গোলিন্দ-চক্রের রাজত্বকালের প্রায় ৬০ থানা ভাষ্যশাসন পাওয়া গিয়াছে। অসংখ্য মূজাও সংগৃহীত হইরাছে। তাহাতে বুঝা যায়,—কাশুকুজ অত্যন্ত সমৃদ্ধিশালী ছিল এবং গোবিন্দচক্রের রাজত্বের সীমা বহুদূর পর্যান্ত বিস্তৃত হইয়াছিল।

গোবিন্দচন্দ্রের পৌত্রই বিখ্যাত—জয়চন্দ্র বা জয়চাঁদ। তাঁহার কন্যা সংফুক্তাকে আজমীরপতি পূণীরাজ হরণ করিয়া লইয়া গিয়াছিলেন। সাহাবুদ্ধিন মহম্মদ ঘোরী তাঁহার রাজ্য আক্রমণ করেন। জয়চন্দ্র পরাজিত হইলে ঘোরী প্রচুর ধনরত্ব লুঠন করিয়া লইয়া ধান। দেখান হইতেই কান্তকুক্তের স্বাধীনতার লোপ হয়।

বত খোদিত লিপিতে দেখা যান,—চৌহানবংশীয় বত রাজা রাজপুতানার মধ্যে শাকস্বরীতে ও আজনীরে রাজত্ব করিয়াছেন। তাহাদের মধ্যে ত্ই জন উল্লেখযোগ্য। বিগ্রহরাজ্ব (বিশালদেব)—দাদশ শতান্দীর মধ্যভাগে পিতৃরাজ্য বহুদূর পর্যন্ত বিস্তৃত করেন এবং তোমার বংশীয় এক রাজার নিকট হুইতে দিল্লী অধিকার করিয়াছিলেন।

কয়েক বৎসর পূর্বের, আজমীরের প্রধান মদজির সংস্থারের সময় ছয় থানি ক্লঞ্জপ্রতার খোদিত সংস্কৃত ও প্রাকৃত ভাষার কতক ওলি শ্লোক পাওরা গিয়াছিল। প্রত্নতাত্ত্বিকগণ নির্ণয় করিয়াছেন, —এ শ্লোক-কয়টী কতকগুলি অপ্রকাশিত নাটক হইতে উদ্ধৃত। এ সমস্ত নাটকের মধ্যে শিলিত-বিগ্রহ-রাজ নাটক' নামে একথানা নাটক, বিগ্রহরাজের সন্মানের জন্ম রচিত হইয়াছিল; এবং অপর থানি হরকালী নামক একজন রাজার রচিত বলিয়া ঐতিহাসিকগণ স্থির করিয়াছেন।

পৃথীরাজ এই বংশের দিতীয় ক্ষমতাশালী রাজা। তিনি সম্বর ও আজনীর রাজ্যের অধীশ্বর হুইয়াছিলেন। পৃথীরাজ সম্বন্ধে নানাবিধ গল্প ও গাগা হিন্দি ভাষায় প্রচলিত আছে। কনোজ-কুমারী সংযুক্তা-হরণেই পৃথিরাজের যশংজ্যোতি চারিদিকে ছড়াইয়া পড়ে। চান্দেল্লরাজ পরমালকে জয় করিয়া এবং মুসলমানদিগের কয়েকটা আক্রমণ প্রতিরোধ করিয়া, তিনি বীর বলিয়া খ্যাতি লাভ করেন।

পৃথীরাজ 'রায় শিথোরা' নামে অভিহিত হইতেন। ১১৮২ খৃষ্টান্দে তিনি চান্দেলরাজ্ব পরমালকে পরাজিত করিয়া 'মহোব' অধিকার করেন। ১১৯১ খৃষ্টান্দে মহম্মদ গোরী 'তরাইন' বা 'তলাওয়ারি' আক্রমণ করে। কিন্তু তাহারা পৃথীরাজের নিকট পরাজিত হয়।

১১৯২ খুষ্টাব্দে পৃথীরাজ সাহাবৃদ্ধিন্ মহম্মদ ঘোরীর নিকট সম্পূর্ণরূপে পরাজিত হন।
মুসলমানেরা তাঁহাকে বন্দী করিয়া হত্যা করে এবং তাঁহার রাজ্য অধিকার করিয়া লয়।
এইরূপে মালবের গৌরব-রবি অস্তমিত হয়।

খৃষ্ঠীর ১১৯৩—১১৯৪ অব পর্যন্ত মুসলমানগণ দিল্লী, কান্তকুজ প্রভৃতি অধিকার করে।
ক্রেমে কানীও মুসনমানের পদানত হয়। ১১৯৬ খৃষ্টাব্দে গোয়ালিয়রের পতন হইলে, এবঃ
১১৯৭ খৃষ্টাব্দে গুটরাজ অধিকার ও ১২০৩ খৃষ্টাব্দে কালিঞ্জর বশ্যতা স্বীকার করিলে,
সমস্ত উদ্ভর ভারত মুসলমানের পদানত হয়।

যেজাক্ভুক্তির চান্দেল্লবংশ ও চেদির কলচুরি বংশ।

পূর্ব্বকালে নর্মাণ ও যমুনার মধ্যবর্ত্তী স্থানকে যেজাক্ভুক্তি বলিয়া ঐতিহাসিকগণ নির্দেশ করিতেন। বর্ত্তমানে ঐ দেশ বুন্দেলগণ্ড ও আগ্রা অযোধ্যা প্রদেশের মধ্যে পড়ে। বর্ত্তমান মধ্য-প্রদেশের এক বিস্তৃত সংশকে পূর্ব্বকালে চেদিরাজা নামে অভিহিত করা হুইত।

মধ্য-যুগের ভারতবর্ষের ইতিহাদে এই ছুইটী বংশের রাজাদের বিস্তর উল্লেখ পাওয়া যায়। তাঁহারা কথনও পরম্পার মিত্রতা-স্থানে আবদ্ধ ছিলেন কথনও বা শত্রুতাচরণে প্রবৃত্ত হইতেন।

চান্দেল্লবংশ খৃষ্টীয় নবম শতাকীতে বিশেষ প্রতিষ্ঠা-সম্পন্ন হইয়া উঠে। ৮৩১ খৃষ্টান্দে নানক চান্দেল জনৈক প্রতিহার নরপতিকে পরাজিত করিয়া যেজাভূক্তির দক্ষিণ অংশ অধিকার করেন। বুন্দেল-খণ্ডের প্রতিহার-বংশীয়েরা গুর্জার-বংশের একটা শাখা-বিশেষ।

চালের-বংশের পূর্ববর্তী রাজগণ, পঞ্চালের প্রবলপরাক্রান্ত রাজা ভোজ ও মহেল্রপালের অধীনতা স্বীকার করিয়াছিলেন। শেষে দশম শতালীর প্রথমে তাঁহারা অত্যন্ত বলণালী হঠিয়া উঠেন। রাইুক্টরাজ তৃতার ইল্লের সহিত যথন সিংহাসন পুনক্ষারের যুদ্ধ হয়, তথন হর্ষ চালের মহাপালকে সাহায্য করেন। হর্মের পুত্র বশোবর্দ্ধা কলিঞ্জর হর্ম অধিকার করিয়া অত্যন্ত প্রতাপশালী হন এবং দেবপালকে একটা বিফুম্র্ভি ফিরাইয়া দিতে বাধ্য করেন।

যনোবর্দার প্র ধঙ্গ (৯৫০-৯৯ খুষ্টাক)—চান্দেরবংশের সর্বশ্রেষ্ঠ নৃপতি। খাজুরাতের প্রসিদ্ধ কয়েকটা মন্দির তাঁহার অর্থে নিম্মিত। তিনি তাঁহার সময়ের রাজনীতিক আন্দোলনে নোগ দিতেন। ৯৮৯ খুটাদে পাঞ্জাব্যাজ জরপাল ব্যন স্বক্তসানের আক্রমণে বাধা দিবার জন্ত সমস্ত রাজাদের লইরা একটা সজ্য সংগঠন করেন, তথ্ন ভঙ্গও সেই সজ্যে যোগ দিয়াছিলেন।

যথন গন্ধনীর মামুদ ভারতবর্ষ সাক্রমণের উত্তোগ করেন, তথন ধন্দের পুত্র গণ্ড (৯৯৯-১০২৫ খৃটাদ) সজ্যে যোগ দেন। দশ বংসর পরে গণ্ডের পুত্র কান্তকুক্ত আক্রমণ করিয়া রাজ্যপালকে নিহত করেন। কিন্তু ভাগ্য-বিপ্র্যায়ে ১০২০ খৃটাদে মামুদের নিকট তিনি কাশিজর তুর্গ অর্পণ করিতে বাধ্য হইয়াছিল।

চেদি-রাজ্য।

চেদী-রাজ্যের গাঙ্গেয়দেব কলচুরি, গণ্ডের সমসাময়িক। গাঙ্গেয়দেব অত্যস্ত স্থাক্ষ রাজা ছিলেন। আর্য্যাবর্ত্তের নূপতিগণের মধ্যে তিনি সর্কাপেক্ষা ক্ষমতাশালী হইবার জন্ত সর্কাদা চেষ্টা করিতেন। ১০১৯ খৃষ্টাব্দে ত্রিত্ত পর্যাস্ত তাঁহার আধিপত্য বিস্তৃত হয়।

গাঙ্গেরদেবের পুত্র কর্ণদেব ১০৪০ খুষ্টান্দে চেদী-রাজ্যেশ্বর হন। ১০৬০ খুষ্টান্দে তিনি মালব-রাজ ভোজের বিরুদ্ধে অস্ত্র ধারণ করেন। তত্বপলক্ষে তিনি গুজ্পরাটরাজ ভীমের সহিত সম্মিলিত হইয়াছিলেন। তিনি ১০৩৫ খুষ্টান্দে মগুধের পাল-রাজগণকে আক্রমণ করেন।

কিছু দিন পরে কর্ণের ভাগ্য-বিপর্যায় ঘটে। চান্দেল-বংশীয় কীর্ভিবর্মা (১০৩৯—১১০০ খুষ্টান্দ) কর্ণকে পরাজিত করিয়া রাজ্য অধিকার করিয়া লন।

চান্দেল-বংশায়দিগের কয়টা প্রাচীন মূলা পাওয়া যায়। চেদীখর গাঙ্গেয়দেবের অত্করণে কীর্ত্তি-বর্মা মূলা প্রস্তুত করিয়াছিলেন। সাহিত্যের ইতিহাসেও কীর্ত্তিবর্মার নাম বিশেষ স্কুপরিচিত। তাঁহারই উৎসাহে প্রবোধচন্দ্রোদয়' নাটক রচিত হয়। অনুমান ১০৬৫ খৃষ্টাব্দের সমসময়ে ঐ নাটক তাঁহার রাজ-সভায় প্রথম অভিনীত হইয়াছিল। প্রবোধচক্রোদয়'—দার্শনিক নাটক।

শেষ শ্বৃতি।

চান্দেল্ল-বংশের শেষ ক্ষমতাশালী নৃপতির নাম—পরমর্দ্ধ। তিনি ১১৮২ খৃষ্টাব্দে পৃথীরাজ কর্তুক পরাজিত হন। সম্প্রতি পরমর্দ্ধ সম্বন্ধে একখানি খোদিত লিপি পাওয়া গিয়াছে।

পাশ্চাত্য পণ্ডিতগণের মতে,—চেদীর কলচুরি বা হৈহয়-বংশায়গণের শেষ বিবরণ ১১৮১ খুষ্টান্দের এক তাম্র-শাসনে লিপিবদ্ধ আছে। কিন্তু কি কারণে এবং কিন্তুপ অবস্থায় ঐ বংশের উচ্ছেদ সাধিত হয়, তাহাতে তাহার বিশেষ প্রমাণ পাওয়া যায় না। কলচুরি-বংশ সম্বন্ধে এখনও পণ্ডিতগণের গবেষণার অন্ত নাই। বিভিন্ন শাসনে এবং লিপিতে বিভিন্ন রূপ উল্লেখ দৃষ্টে আজি পর্যান্ত প্রত্নতত্ত্ববিদ্যাণ কোনও স্থির-সিদ্ধান্তে উপনীত হইতে সমর্থ হন নাই।

মালব-রাজ্য।

সংস্কৃত সাহিত্যের ইতিহাসে মালবের পরামর-বংশীয়দিগের নাম চিরস্থরণীয় হইয়া রহিয়াছে। মালব-রাজ্য নশ্বদার উত্তর তারে অবস্থিত। মালবের পূক্র প্রান্ত— অবস্তা বা উজ্জায়নী নানে প্রথাত। খৃষ্টায় নবম শতান্দীতে প্রথম উপেক্র বা ক্রফরাজ মালবে প্রতিষ্ঠান্থিত হন। তাঁহার বংশ মালবেই স্প্রতিষ্ঠিত। কথিত হয়,—চক্রাবতী বা অচল গৃহ ইইতে উপেক্র আগমন করিয়াছিলেন।

রাজামুঞ।

পরামর-বংশের সপ্তম নৃগতি—মুঞ্জ (৯৭৪—৯৯৫ খুটান্দে) বিশেষ ক্ষমতাশালী ও প্রাসিদ্ধিন সম্পন্ন। তিনি স্বয়ং কবি-প্রতিভা-সম্পন্ন ছিলেন। প্রগাঢ় পাণ্ডিত্যের এবং বাগ্মিতার জন্ম মুঞ্জ ইতিহাসে প্রতিষ্ঠা-সম্পন্ন। তিনি কবি-গণের পৃষ্ঠপোষক ছিলেন। প্রাসিদ্ধ পণ্ডিত ধনঞ্জয় ও তাঁহার ভ্রাতা ধানিক মুঞ্জের সভা অলম্কৃত করিতেন।

মুঞ্জের নিকট চালুক্যরাজ দ্বিতীয় তৈল ছয় বার পরাজিত হন। ষষ্ঠ বারে মুঞ্জ গোদাবরী অতিক্রম করিয়া, তৈলের রাজ্যের সীমানায় উপস্থিত হইলেন। কিন্তু ভাগ্যচক্র পরিবর্ত্তিত হইলে। মুঞ্জদেব পরাজিত ও বন্দী হইলেন। চালুক্য-রাজের আদেশে, ১৯৫ খুটান্দে, তাঁহাকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়। রাজা মুঞ্জের এই শোচনীয় পরিণতি চলুক্য-বংশের কলন্ধ-স্বরূপ।

ভোজরাজ বা ভোজদেব।

মুঞ্জের লোকান্তরের পর ১০১৪ খৃষ্টান্দে তাঁহার ভ্রাতুস্থা ভোজরাজ মালব-রাজ্যের সিংহাসনে আরোহণ করেন। তথন মালব-রাজ্যের রাজধানী ছিল—ধারা নগরী। ভোজরাজ চল্লিশ বৎসর সগোরবে রাজত্ব করেন। যুদ্ধ-বিগ্রহের জন্ম ইতিহাসে ভোজ-রাজেল তাদৃশ প্রতিষ্ঠার পরিচয় পাই না। তাঁহার গৌরব-প্রতিষ্ঠা—শিল্পের ও সাহিত্যের উন্নতির জন্ম। তাঁহার স্থায় সাহিত্যামুরাগী এবং সাহিত্যের পূষ্ঠপোষক অতি অন্নই গরিদৃষ্ট হয়। শিল্প-কলায় তাঁহার পার-

দর্শিতার তুলনা হয় না। ফলতঃ, ভোজদেবের রাজত্বে, সাহিত্যের এবং শিল্প-সম্ভারের উৎকর্ষ-সাধনে ভারত আর একবার গৌরবের শ্রেষ্ঠ পদবীতে সমাসীন হইয়াছিল।

ভোজদেব আদর্শ নূপতি ছিলেন। গণিত, জ্যোতিষ, কাব্য, অলঙ্কার, শিল্ল, কলা,— ভোজদেব সর্ববিষয়েই পারদর্শী ছিলেন। সংস্কৃত-শিক্ষার জন্ত ভোজরাজ স্কুরুহৎ এক প্রতিষ্ঠান নির্মাণ করিয়াছিলেন। সেখানে বহু ছাত্র সংস্কৃত অধ্যয়ন করিত। মুসলমানদিগের আক্রমণে সে প্রতিষ্ঠানের অন্তিম্ব এখন বিল্পু। কথিত হয়,—মুসলমানগণ ভোজ-রাজের সে কীর্ভি-মৃতি বিধ্বস্ত করিয়া তথায় এক মসজিদ প্রতিষ্ঠা করিয়াছিল।

ভোজপুর-হ্রদ, ভোজদেবের কীর্ত্তির নিদর্শন। ঐ হ্রদের আয়তন ছিল—২৫০ বর্গ মাইল। প্রকাশ,—শৈল-শ্রেণীর জল-নির্গমন পথ গ্রোচীর-বেষ্টনে নিরুদ্ধ করিয়া, ঐ ক্রতিম হদ নির্দ্ধিত হইয়াছিল। অধুনা ভূপালে উহার স্থান-নির্দেশ হয়।

খৃষ্টায় পঞ্চদশ শতাব্দীতে মুস্লমান নূপতি সেই হ্রদের প্রাচীর চূর্ণ করিয়া জল-নিকাশের পথ উন্মুক্ত করিয়া দেন। অধুনা সে হ্রদ উষর-ক্ষেত্রে পরিণত।

১০৬০ খুষ্টান্দে গুজরাট এবং চেদীর মৃপতি-দ্বয় ভোজ-রাজ্য আক্রমণ করেন। ভোজ-রাজ নিহত হইলে তাঁহার রাজ্য-গোরব চিরতরে বিল্পু হয়। খুষ্টায় এয়োদশ শতালী পর্যান্ত ভোজ-দেবের বংশ বর্তুমান ছিল। তথন তাঁহারা স্থানীয় সামন্ত মধ্যে পরিগণিত। ভোজ-বংশের পর যথাক্রমে 'তোমার' ও চোহান রাজগণ সে রাজ্য অধিকার করিয়া লন। ১৫৬৯ খুষ্টান্দে মোগল বাদসাহ আকবর মালব জয় করিয়া মালবকে তাঁহার সামাজ্যের অন্তর্ভুক্ত করেন।

বিবিধ বক্তব্য

মালবের পূর্ব্বোক্ত নৃপতিগণ 'প্রমার' বংশের রাজপুত বলিয়া অভিহিত হত্যা থাকেন।

চীনা-ভাষায় মালব-রাজ্য 'মো-লা-পো' নামে অভিহিত। পরিব্রাজক হিউয়েনৎ-সাং ৬৪০ গৃষ্টাব্দে যথন ভারতে আগমন করেন, তথন তিনি মালব-রাজ্যকে 'মো-লা-পো' নামে অভিহিত করিয়াছিলেন। পরিব্রাজক 'মো-লা-পো' রাজ্যের যে সীমা প্রদান করিয়াছিলেন, তাহা এই,—উত্তরে ভিনমালের গুজার-রাজ্য, উত্তর-পশ্চিমে আনন্দপুর (ভবনগর) প্রদেশ স্বরমতীর পশ্চিমে অবস্থিত, পূর্ব্ব দিকে অবস্থী বা পূর্ব্ব-মালব। তখন আনন্দপুর এবং 'স্ক-লা-চা' বা স্ক-লা-থা—মালবের অধীন ছিল। পারিব্রাজক যথন দাক্ষিণাত্যে গমন করেন, সে সময়ে 'কি-টা' বা 'কি-তা'—এ মো-লা-পো-রাজ্যের অস্তর্ভুক্ত ছিল। 'কি-টা' অধুনা কয়রা নামে পরিচিত।

তথন গ্রুবভট বল্লভার সিংহাসনে অধিষ্টিত। পরিব্রাজক অবগত হইয়াছিলেন,—যাট বৎসর পূর্বে, গ্রুব-ভটের পিতৃন্য শিলাদিত্য 'মো-লা-পো' রাজ্যে প্রভিষ্টিত ছিলেন, শিলাদিত্য বৌদ্ধ-ধর্মাবলম্বী। রাজধানীর পার্শ্বে তিনি এক বৌদ্ধ বিহার প্রভিষ্টিত করিয়াছিলেন। তার পর 'মো-লা-পো' রাজ্য বল্লভী-রাজ্বের অন্তর্ভুক্ত হইয়া যায়।

কেহ কেহ মালব এবং 'মো-লা-পো' অভিন্ন প্রতিপন্ন করিবার প্রশাস পান। কিন্তু পরি-ব্রাজক উহাকে স্বতন্ত্র একটা রাজ্য বলিয়া নির্দেশ করিয়াছিলেন।

ষট ত্রিংশ পরিচ্ছেদ।

দক্ষিণ-ভারতের বিভিন্ন রাজবংশ।

[বাতাপীর চালুক্য-বংশ ;—রাষ্ট্রক্ট-বংশ ;—কল্যাণের চালুক্য-বংশ ;—হৈশল-বংশ ;— যাদবগণ ;—দাক্ষিণাত্যের প্রধান প্রধান রাজবংশ-সমূহ ;—পাণ্ড্য-রাজ ;—
চোল রাজ্যণ ;—কেরল-রাজ্য ;—বিবিধ।]

* *

খৃষ্টীয় ভৃতীয় শতাকীতে অন্ধ্ৰ-বংশের অবসানে পরবর্ত্তী তিন শতাকী পর্যান্ত দাক্ষিণাত্যের কোনও ধারবাহিক ইতিবৃত্ত প্রাপ্ত হই না। খৃষ্টায় ষষ্ঠ শতাকীর মধ্যভাগে চালুক্য-বংশের অভ্যুদ্র হয়। এক হিসাবে চালুক্য-গণের ইতিহাসকেই দাক্ষিণাত্যের তাৎকালিক ইতিহাসের স্ত্রেরপে গ্রহণ করা যাইতে পারে। পাশ্চাত্য মতে,—চালুক্য-বংশের অভ্যুদ্যের সঙ্গে সঙ্গেই দাক্ষিণাত্যের ধারাবাহিক ইতিহাসের প্রচনা।

বাতাপীর চালুক্য-বংশ।

[প্রথম পুলিকেশি ;—দ্বিতীয় পুলিকেশি ;—প্রথম বিক্রমাদিত্য ;—প্রবর্ত্তী রাজ্পণ ;—ধর্মের পরিবর্ত্তন ;—বংশ-তালিকা।]

• . •

চালুক্যগণ আর্য্যাবর্ত্তেরই অধিবাসী। তাঁহারা রাজপুতদিগের কোনও এক শাখার অস্তর্ভুক্ত। তথন দাক্ষিণাত্যে দুবিড় জাতির বাস ছিল। তাহারা অনেকাংশে আর্য্যভাবাপর হইয়াছিল। চালুক্য-দিগের আগমনের পূর্ব্ব পর্যান্ত তাহারা সেই ভাবেই তাহাদের সমাজ-ধর্মের ব্যবহা করিয়া লইয়াছিল।

যাহা হউক, চালুকাগণ উত্তর ভারত হইতে আগমন করিয়া, দাক্ষিণাতো দ্রবিড় জাতির উপর আধিপত্য বিস্তার করিয়া বদেন। সেই অবধি চালুকাগণ দক্ষিণ-ভারতের অন্তর্গত হন। চালুক্য-দিগের লিপিতে, তাঁহারা অযোধ্যার স্থা-বংশোদ্ভব বলিয়া উল্লিখিত। কিন্তু প্রত্নতন্ত্ব-বিদ্যাণের বিশাস—তাঁহারা শোলাক্ষিণ বংশের প্রতিষ্ঠাতা। রাজপুতানা হইতে তাঁহারা দক্ষিণ ভারতে গমন করিয়াছিলেন। পরবর্ত্তিকালে দক্ষিণ-ভারত তাঁহাদের কর্মক্ষেত্রে পরিণত হয়।

প্রথম পুলিকেশী।

৫৫০ খৃষ্টাব্দে প্রথম পুলকেনী কর্তৃক চালুক্য-বংশ প্রতিষ্ঠিত হয়। বাতাবী নগরে তিনি মাজধানী স্থাপন করেন। প্রত্নতত্ত্ববিদ্গণের সিদ্ধান্ত—বিজ্ঞাপুর জেলার বাদামী নগর অধুনা বাতাবির' স্থান অধিকার করিয়াছে। প্রথম পুলিকেনী বিশাল সাম্রাজ্ঞ্য প্রতিষ্ঠার প্রয়াসী ছইয়া অধ্যমেধ যজ্ঞ সম্পন্ন করেন।

गुः-दे । ४५-३>

প্রথম পুলিকেশার পুত্র, কার্ত্তিবর্মণ এবং মঙ্গলেশ, পূর্ব্ব ও পশ্চিমে রাজ্য জয় করেন। তাঁহাদের প্রচেষ্টায় রাজ-সামা অধিক দূর বিস্থৃত হয়। এই ফুত্রে কোঙ্কণের মৌর্যারাজগণ তাহাদের অধানতা-পাশে আবদ্ধ হন। কথিত হয়, কোঙ্কণের মৌর্যাগণ—মগধের মৌর্যাবংশের বংশধর,—তাঁহারাই মৌর্যাবংশের শেষ পরিচয়-চিহ্ন।

দ্বতীয় প্রলিকেশী।

মঙ্গলেশের লোকান্তরের পর, এক অন্তর্কিপ্লবের স্ত্রপাত হয়। তথন সিংহাসন লইয়া, মঙ্গলেশের এবং কার্ত্তিবর্মণের পুত্রের মধ্যে বিবাদ বাধিয়া উঠে। এই বিবাদ-স্ত্রে যে যুদ্ধ হয়, তাহাতে কীর্ত্তি-বর্মণের পুত্রই জয় লাভ করেন। ৬০৮ খৃষ্টাব্দে, দিতীয় পুলিকেশি বাতাপির (বাতাবী, বাদামি) সিংহাসনে প্রতিষ্ঠিত হন।

ছিতীয় পুলিকেশি প্রায় বিংশ বর্ষ সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। এই সময়ের মধ্যে তিনি পারিপার্শ্বিক প্রায় সকল রাজ্যই আক্রমণ করিয়াছিলেন। উত্তরে এবং পশ্চিমে লাটের নূপতি-গণ—গুজরাট, রাজপুতানা, মালব এবং কোন্ধণের মৌর্য্যণা—সকলেই পুলিকেশির (পুলকেশা) প্রভাবে বিপর্যান্ত হন।

পূর্ব্বাভিমুখে অগ্রসর হইয়া পুলকেশি ভেঙ্গী অধিকার করেন। ৬০১ খৃষ্টান্দে তাহার লাতা কুজ বিষ্ণুবর্দ্ধন সেই প্রদেশের শাসনকতা ান্যুক্ত হন। পিষ্টপুরে তাহার রাজধানা প্রতিষ্ঠিত হয়। পিষ্টপুর অধুনা গোদাবরা জেলায় পিথাপুরম নামে অভিহিত। কয়েক বংসর পরে, ৬১৫ খুষ্টান্দে, কুজ বিষ্ণুবর্দ্ধন স্বাধীনতা অনলম্বন করেন। সেই স্ক্রে তংকর্ভ্ক পূর্ব্ব-চালুক্য-বংশ প্রতিষ্ঠিত হয়। ১০৭০ খৃষ্টান্দে এই বংশের বিভ্যানতার পরিচয় প্রাপ্ত হই। পরে পূর্ব্ব-চালুক্য-বংশ চোল-বংশের অস্কর্ভ কি হইয়া পড়ে।

এইরপে কিছুকাল গত হইলে দিতায় পুলিকেনা দাক্ষিণাত্যের প্রায় সকল নূপতির সহিত যুদ্ধ-বিগ্রহে লিপ্ত হন। চোল, কেরল, পাণ্ডা, পহলব প্রভৃতি রাজগণ পুলিকেশির বশতাপর হন। ৬০০ খুষ্টান্দ পর্যান্ত নর্মানা নদীর দক্ষিণে তাঁহার প্রভাব অক্ষুগ্ন থাকে।

এই ঘটনার প্রায় দশ বৎসর পূর্বের, ৬২০ খৃষ্টান্দে, কনোজ-রাজ হর্ষবর্দ্ধন, সমগ্র ভারতের প্রভূত্ব-প্রয়াসী হইয়া দাক্ষিণাত্যে অভিযান করেন। প্র্লিকেশি কর্ভৃক বাধা প্রাপ্ত হইয়া তাঁহাকে প্রত্যাবৃত্ত হইতে হয়।

ক্রমে পুলিকেশির যশংখ্যাতি ভারত-সীমান্তের বহির্ভাগে, বৈদেশিক রাজ্যে, বিস্তৃত হইয়া পড়ে। তথন দ্বিতীয় থসক পারস্তের সিংহাসনে অধিষ্ঠিত। ৬২৫-২৬ খৃষ্টাব্দে পুলিকেশি, পারস্ত-সম্রাট দ্বিতীয় থসকর দ্রবারে দৃত প্রেরণ করেন। পারস্ত-রাজ বিশেষ সম্মান প্রদর্শন করেন, এবং সৌজন্ত প্রদর্শন জন্ত পুলিকেশির দ্রবারে পুনরায় দৃত প্রেরণ করেন। অজন্তার গুহালিপিতে পরস্ত-সম্রাটের এই সৌজন্ততার বিষয় চিত্রিত রহিয়াছে। *

পারস্তের সহিত এই মিত্রতা-সম্বন্ধ স্থাপনে ভারতের কলা-বিছায় এক পরিবর্তন সাধিত হয়।

^{*} Tabari translated and quoted in Mr. Ferguson's paper in J. R A, S, in 1876 and Burgess, Notes on the Buddha Rock temples of Ajaunta.

পণ্ডিতগণ বলেন,—অজস্তার গিরিগুহার কারুশিল্পে পারস্থের শিল্পকলার নিদর্শন বর্ত্তমান। তাঁহারা আরও বলেন,—পারস্থাই এই শিল্পকলার উৎসস্থানীয়। পারস্থের শিল্পের মূল—গ্রীস। *

৬৪১ খৃষ্টান্দে চৈনিক পরিরাজক হিউয়েনং-সাং ভারতে আগমন করেন। তথন দিতীয় পুলিকেশির প্রতিষ্ঠা-প্রতিপত্তির অবধি ছিল না। পরিব্রাজকের বর্ণনায় প্রকাশ,—ভারতে তথন সৈন্তবলে পুলিকেশির সমকক্ষ অন্ত কেহ ছিলেন না।

হিউয়েনৎ-সাং যখন দাক্ষিণাত্যে গমন করেন, তথন বাতাপি রাজধানী পরিত্যক্ত হইয়াছে। প্রত্তত্ত্ববিদ্যাণের সিদ্ধান্ত—তথন যেথানে দিতীয় প্রিকিশির রাজধানী ছিল, সে স্থান অধুনা 'নাসিক' নামে অভিহিত হয়।

যাহা হউক, পুলিকেশির সে প্রতিষ্ঠা-গৌরব অধিক দিন স্থায়ী হয় নাই। ৬০৯ খুষ্টাব্দে কাঞ্চীর পহলবগণের সহিত পুলিকেশির যে যুদ্ধ আরম্ভ হয়, দীর্ঘদিন-ব্যাপী সেই যুদ্ধই পুলিকেশির কাল হটয়াছিল। ৬৪২ খুষ্টাব্দে পহলবরাজ নরসিংহবাহন পুলিকেশির রাজধানী অবরোধ এবং লুঠন করিয়া পুলিকেশীকে নিহত করেন। তার পর প্রায় তের বৎসর কাল চালুক্য-বংশের আর কোনও সন্ধান পাওয়া যায় না। তথ্ন পহলবগণ দাক্ষিণাত্যে প্রতিষ্ঠা লাভ করে।

প্রথম-বিক্রমাদিত্য।

৬৫৫ খৃষ্টাব্দে, পুলিকেশির পুত্র প্রথম বিক্রমাদিত্য, পহলবরাজকে পরাজিত করিয়া হতরাজ্য পুনকদ্ধার করেন। তিনি কাঞ্চী রাজধানীকে স্কর্মিত করিয়াছিলেন।

প্রথম বিক্রমানিত্যের রাজত্বকালে চালুক্যানিগের একটা শাখা গুজরাটে প্রতিষ্ঠিত হয়। পরবর্তী শতাক্ষীতে, আরবগণ যথন ভারত আক্রমণে অগ্রদর হইয়াছিল, তথন তাহারাই পোরতর বাধা প্রদানে আরবনিগকে বিপর্যান্ত করে।

পরবর্ত্তী রাজগণ।

বিক্রমাদিত্যের পর চালুক্য-বংশে থাহারা রাজত্ব করেন, তাঁহাদের সকলকেই পহলবদিগের সহিত যুদ্ধ-বিগ্রহে লিপ্ত থাকিতে হয়। পরিশেষে দ্বিতীয় বিক্রমাদিত্য ৭৪০ খৃষ্টাব্দে পহলব-দিগকে পরাজিত করিয়া প্রতিষ্ঠাসম্পন্ন হন।

দিতীর বিক্রমাদিত্যের পর তাঁহার পুত্র দিতীয় কীর্ত্তিবর্মণের পরিচয় প্রাপ্ত হই। রাষ্ট্রকুটদিগের সর্দার দণ্ডিত্র্ন, খুষ্টায় অষ্টম শতান্দীর মধ্যভাগে, কীর্ত্তিবর্মণকে দিংহাসনচ্যুত করেন।
অতঃপর চালুক্যদিগের প্রধান শাথা বিলুপ্ত হয়। দাক্ষিণাত্যের রাজ্ঞশক্তি রাষ্ট্রকুটগণ অধিগত
করিয়া লয়। তার পর ত্ই শতানীর অধিককাল রাষ্ট্রকুটগণ প্রতিষ্ঠাপর থাকে।

ধর্ম্মের পরিবর্ত্তন।

বাতাপীর চালুক্য-বংশের প্রায় হই শতান্দী ব্যাপী রাজত্বকালে ভারতের ধর্ম্মে পরিবর্ত্তনের স্থ্যপাত হয়। বৌদ্ধর্মের পরিপোষকের সংখ্যা তখন অধিক ছিল বটে; কিন্তু তাহার

^{*} History of Fine Arts of India & Ceylon, P. 388.

প্রসার-প্রতিপত্তি ক্রমে হ্রাস ইইতেছিল। তখন জৈন ও হিন্দু ধর্ম ক্রমশঃ উন্নতির পথে অগ্রসর হইতে থাকে। যাগযজ্ঞের প্রতি সাধারণের অফুরাগ বৃদ্ধি হয়। তখন পুরাণোক্ত হিন্দুধর্ম সাধারণের ভক্তি-শ্রদ্ধা আকর্ষণ করে।

রাজ্যের প্রায় সর্ব্বত্রই বিষ্ণু, শিব, ছর্গা প্রভৃতির মন্দির প্রতিষ্ঠিত হয়। হিন্দুগণ—কৈন ও বৌদ্ধগণের অনুসরণে, গুহামন্দির প্রভৃতি নির্ম্মাণ করেন। দৃষ্টাস্ত-স্বরূপ মঙ্গলেশ চালুক্য কর্ভৃক বিষ্ণু-মন্দিরের বিষয় উল্লেখ করা যাইতে পারে। খৃষ্টায় ষষ্ঠ শতাব্দীর শেষভাগে বাদামী নগরে সেই মন্দির নির্মিত হয়।

মহারাষ্ট্র দেশের দক্ষিণ ভাগে তথনও জৈন ধর্ম্মের প্রভাব থর্ক হয় নাই। অষ্ট্রম শতাব্দীর শেষ ভাগে ভারতে জোরওয়াষ্ট্রার ধর্ম্মের প্রবর্তনা হইয়াছিল। ৭০৫ খৃষ্টান্দে, থোরাশান হইতে একদল পাশা আগমন করিয়া সঞ্জানে উপনিবিষ্ট হয়। বোম্বাই প্রেসিডেস্সীর অন্তর্গত থানা জেশায় অধুনা সঞ্জানের স্থান নির্দিষ্ট হইয়া থাকে।

রাষ্ট্রকুট বংশ।

বিংশের পরিচয়;—দণ্ডিত্বর্গ;—দিতীয় গোবিন্দ ও অস্তান্ত দুপতি;— অমোঘবর্ষ;—অস্তান্ত রাজগণ;—রাষ্ট্রকৃট সম্বন্ধে বক্তব্য।

চালুক্য-বংশের সঙ্গে সঙ্গেই রাষ্ট্রক্ট-বংশের নাম উল্লিখিত হয়। দণ্ডিত্র্গ এই রাষ্ট্রক্ট-বংশের প্রতিষ্ঠাতা। বাতাপী অধিকার করিয়া দণ্ডিত্র্গ চালুক্য-রাজ্যে প্রতিষ্ঠিত হন। রাজ্য-প্রতিষ্ঠার পর দণ্ডিত্র্গ অভ্য দেশ-বিজয়ে মনোনিবেশ করেন। কিন্তু তিনি জনপ্রিয় ছিলেন না। তাই তাঁহার খুল্লতাত প্রথম ক্রন্থ দণ্ডিত্র্গকে সিংহাসন্চ্যুত করিয়া স্বয়ং রাজ্য অধিকার করিয়া লন।

সিংহাদনে অধিরোহণ করিয়া ক্লফ চালুক্যগণের অন্তান্ত রাজ্য অধিকার করেন। তাঁহার বংশের একটী শাথা গুজরাটে প্রতিষ্ঠিত হয়।

ক্লঞ্চের রাজ্য-কাল ইতিহাসে বিশেষ প্রতিষ্ঠাসম্পন্ন। তাঁহারই রাজত্বকালে ইলোরার গুহা-মন্দির প্রতিষ্ঠিত হয়। কৈলাস-পর্বতের সে বিচিত্র কারুশিল্লের তুলনা এ জগতে মিলে না।

দিতীয় গোবিন্দ ও অন্তান্ত নৃপতি।

কৃষ্ণের লোকান্তরের পর ভাঁহার পুত্র দিতীয় গোবিন্দ রাজ্যলাভ করেন। তিনি অতি অল্প দিন মাত্র সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন।

তাঁহার লোকাস্তরে, ৭৭০-৭৭৯ খুষ্টাব্দে, তাঁহার ভ্রাতা ধ্রুব সিংহাসন প্রাপ্ত হন। ধ্রুব ক্ষমতাশালী, মহাপরাক্রাস্ত এবং বীরপুরুষ ছিলেন। সিংহাসন-প্রাপ্তির পর তিনি প্রতিদ্বন্ধী রাজ্যুবর্গের সহিত যুদ্ধে প্রবৃত্ত হন। প্রতিদ্বন্ধিগণের অনেকেই পরাজিত হইয়াছিলেন। ভীননলের শুর্জাররাজ বংসরাজকে তিনি সম্পূর্ণরূপে পরাজিত করেন। ভোজরাজ-বিজ্বরে তিনি আপুনাকে বিশেষ গৌরবাধিত বলিয়া ননে করিয়াছিলেন।

^{*} Indian Antiquary, P. 174.

বংসরাজ, গৌড়েশ্বরকে পরাজিত করিয়া ইতিপূর্ব্বে রাজচিছ-স্বরূপ ছুইটা শ্বেত ছত্র আনম্বন করিয়াছিলেন। বংশু-রাজ্য জয়ের পর, ধ্রুব সেই ছত্র ছুইটা লইয়া আসেন। *

ধ্বের পুত্র তৃতীয় গোবিদকে (৭৯৩—৮১৫ খুষ্টান্দে) রাষ্ট্রক্ট-বংশের সর্বশ্রেষ্ঠ নূপতি বলা যায়। বিদ্যাপর্বত এবং মালব হইতে দক্ষিণে কাঞ্চী পর্যান্ত তাঁহার রাজ্য বিস্তৃত হইয়াছিল। পরস্ক তুলভদ্রা পর্যান্ত তিনি আধিপত্য-বিস্তারে সমর্থ হইয়াছিলেন। তাঁহার রাজ্যকালে, তিনি তাঁহার ভ্রাতা ইক্ররাজকে 'লাট' প্রদেশের বা গুজরাটের শাসনকর্তা নিযুক্ত করিয়াছিলেন।

অমোগবর্ষ।

তৃতীয় গোবিনের পর অমোঘবর্ষ রাজ্য লাভ করেন। তাঁহার রাজ্য বছদিন স্থায়ী হইয়াছিল। প্রায় বাষ্টি বৎসর তিনি রাজ্য করিয়াছিলেন। অমোঘবর্ষের রাজ্যকালের অধিকাংশ সময় যুদ্ধবিগ্রহে অতিবাহিত হয়।

পূর্ব্বেই বলিয়াছি,—চালুক্য-বংশের এক শাখা পশ্চিম গুজরাটে যাইয়া প্রতিষ্ঠিত হয়। চালুক্যদিগের সেই বংশ 'পশ্চিম চালুক্য' নামে অভিহিত হইত। গাঁহারা দাক্ষিণাত্যে অবস্থিতি ক্ষরিতেছিলেন, তাঁহারা 'পূর্ব্ব-চালুক্য' নামে অভিহিত হইয়াছিলেন।

পূর্বাচালকাগণ ভেঙ্গীতে প্রতিষ্ঠিত। ভেঙ্গীর সেই পূর্ব-চালুকাদিগের সহিত অমোঘবর্ষের যুদ্ধ চলিতে থাকে। এই উপলক্ষে নাসিক হইতে মাভাথেতে তাঁহার রাজ্ঞধানী পরিবর্ত্তিত হয়। আরবগণ মাভাথেতকে মানকির বলিত। নিজাম-রাজ্যের যে স্থান অধুনা 'মালথেড়' নামে অভিহিত হয়, প্রেত্ত্ববিদ্গণ তাহাকেই 'মাভাথেত' নামে পরিচিত করেন। বৃদ্ধাবস্থায় পুত্র দ্বিতীয় ক্লফকে রাজ্যভার অর্পন করিয়া অমোঘবর্ষ সন্ন্যাস-ধর্ম গ্রহণ করিয়াছিলেন। †

অমোঘবর্ষ কৈনদিগের 'দিগম্বর' শাখার পৃষ্ঠপোষক ছিলেন। অমোঘবর্ষের সময় হইতে আরম্ভ করিয়া দশম শতাব্দীর প্রথম ভাগ পর্য্যস্ত জৈনধর্ম্ম দিন দিন উন্নতির পথে অগ্রসর হয়। জিনসেন এবং গুণভদ্র প্রভৃতির অধিনায়কত্বে এবং রাজার পৃষ্ঠপোষকতায় জৈনধর্ম উন্নতির তুঙ্গ শৃঙ্গে আরোহণ করে। এদিকে বৌদ্ধার্মের প্রসার ক্রমশঃ থর্ক হইয়া আসে। তার পর দাদশ শতাব্দীতে দাক্ষিণাত্যে বৌদ্ধ-ধর্মের অন্তিত্ব একেবারে বিলপ্ত হয়।

অন্যান্ত রাজগণ।

তৃতীয় ইন্দ্র অল্প দিন মাত্র সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। এই অল্প সময়ের মধ্যেই তিনি বিশেষ প্রতিষ্ঠান্বিত হইয়াছিলেন। তাঁহার রাজত্বকালে কনৌজ-রাজ্য বিধ্বস্ত হয়। পাঞ্চাল-রাজ্যের রাজা মহীপাল সিংহাসনচ্যুত হন। এই যুদ্ধে মহীপালের অধিকৃত সৌরাষ্ট্র-রাজ্য এবং পশ্চিম প্রদেশ-সমূহ ইন্দ্রের অধিকারভূক হইয়া পড়ে। ‡

- * See Introduction to Buhler's edition of the Vikramankdevicharita, Bombay Sanskrit Series, 1875.
 - † Journal of the Royal Asiatic Society, 1900, P. 255.
 - † দেয়ানী ভাষ্ণাগন, Epigraphica Indica V 193, 1. 18.

রাষ্ট্রক্ট-রাজ তৃতীয় রুঞ্চের রাজস্বকালে চোল-রাজ্যের সহিত যুদ্ধ সংঘটিত হয়। সেই যুদ্ধে, ১৪৯ খৃষ্টান্দে, চোলরাজ বালাদিত্য নিহত হন। * এই সময়ে জৈন ও হিন্দু ধর্মের বিরোধে উভয় সম্প্রদায়ের মধ্যে সাম্প্রদায়িক বিদ্বেষ-বহ্নি জ্বলিয়া উঠে। ফলে, বহু লোক সেই বহ্নিতে প্রাণ বিস্ক্রন দেয়।

দিতীয় করু—রাষ্ট্রক্ট-বংশের শেষ নূপতি। ১৭৩ খৃষ্টাব্দে চালুক্য-বংশের প্রসিদ্ধ নেতা তৈল বা দিতীয় তৈলপ—করুকে সিংহাসনচ্যুত করেন। তাঁহার প্রচেষ্টায় চালুক্য-বংশের পূর্ব্ধ-গৌরব পুনঃ প্রতিষ্ঠিত হয়। কল্যাণীর চালুক্য-বংশ তৈল কর্ত্বক প্রতিষ্ঠিত হয়।

কল্যাণীর এই চালুক্য নৃপতিগণ প্রায় আড়াই শত বৎসর দাক্ষিণাত্যে বিশেষ প্রতিষ্ঠান্বিত ছিলেন। তাঁহাদের রাজহ-কালে বাণিজ্য-প্রাথার বুদ্ধি হইয়াছিল।

রাষ্ট্রকৃট সম্বন্ধে বক্তব্য।

দাক্ষিণাত্যের গাঁষ্ট্রক্ট-বংশ বিশেষ প্রসিদ্ধিসম্পান। ভারতের ইতিহাসে দাক্ষিণাত্যের রাজ-নৈতিক, সমাজনৈতিক, ধর্মনৈতিক, অর্থ নৈতিক—স্ক্রবিধ উন্নতি, এই রাষ্ট্রক্ট-বংশের রাজ্য-কালেই সংসাধিত হইয়াছিল। শিল্ল-কলার সেরূপ উন্নতি ও ক্র্রিইতিপুর্কে দক্ষিণ ভারতে কথনও হইয়াছিল বলিয়া বিখাস হয় না।

অষ্ট্রম শতাকীর প্রথমভাগে সিন্ধুদেশ জয় করিয়া মুসলমানগণ প্রতিষ্ঠা-গৌরবে গৌরবাঘিত হন। তথন ইসলাম-ধর্মের বিজয়-বৈজয়তী সিকপ্রদেশে উড্টান হইয়াছিল। 'ওয়াহিন্দা' বা 'হকরা' নদীর পরপারে মুসলমানদিগের আধিপতা বিস্তৃত হইয়া পড়ে।

খুইয় নবম শতান্দীর প্রারম্ভে ভিননালের গুজার-রাজ, কনৌজের সহিত নিত্রতা-স্ত্রে আবদ্ধ হয়। মুসলমানদিগের প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে 'ওয়াহিন্দার' পশ্চিম তীরে গুজার ও কনোজ রাজ্যের স্থিলিত শক্তির সহিত, মুসলমান্দিগের পুনংপুনং সংঘ্র চলিতে থাকে।

কিন্তু রাষ্ট্রক্ট-নৃপতিগণ কুটর।জনীতি অবলম্বনে ভিন্ন পথে প্রধাবিত হন। তাঁহারা আরব-দিগের সহিত মিত্রতা-বন্ধনে আবদ্ধ হইয়া, গুজারদিগের সহিত মুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন।

রাজকৃট-নৃপতিদিগের এই নীতি পরে ভারতের ভাগ্যচক্র বিপরীত দিকে ফিরাইয়া দিয়াছিল। স্বজাতির বিরোধী হইয়া, রাষ্ট্রকৃটগণ বৈদেশিক বিধর্মীর সহিত সংগ্যতা-স্ত্রে আপনাদের ধ্বংদের পথও প্রশস্ত করিয়া তুলিয়াছিলেন। স্বদেশ ও স্বজাতি দোহীর যে পরিণাম অবগ্যস্থাবী. ভাঁহাদের সেই পরিণামই স্বজাতিত ইইয়াছিল।

যাহা হউক, রাষ্ট্রকূটদিগের স্থাদেশ ও স্বজাতিদ্রোহিতা নীতির ফলে, মুসলমান স্ওদাগর এবং প্রিব্রাজকগণ ভারতের পশ্চিম প্রাদেশে অবাধে গতিবিধি করিবার স্ক্রিধা পাইয়াছিল।

খৃষ্টায় নবম শতান্দীর মধ্যভাগে স্থলেমান নামক জনৈক মুসলমান সওদাগর পশ্চিম ভারতে আগমন করেন। তিনি ভারতের তাংকালিক অবস্থাদির বিষয়ে তাঁহার মন্তব্য লিপিবদ্ধ করিয়া বান। মুসলমান বণিকগণের মন্তব্যে প্রকাশ,—তখন ভারতে রাষ্ট্রকূটবংশীয় 'বল্হার' নৃপতি বিশেষ প্রতিষ্ঠান্বিত ছিলেন। ঐ বংশের রাজপুত্রগণ 'বল্লভ' উপাধি গ্রহণে গৌরবান্বিত হইতেন।

^{*} কাৰে ভাষণাদন এবং Epigraphica Indica, VII. 36. Listus 91.

থাহা হউক, মুদলমান লেখকগণ রাষ্ট্রক্টদিগের যে পরিচয় লিপিবদ্ধ করিয়াছেন, রাষ্ট্রক্টদিগের রাজত্বকালে ভারতের বিভিন্নমুখী উন্নতিতে তাহার দার্থকতা উপলব্ধি হয়। 'কৈলাদের' কারুশিল্প যাঁহাদের কার্ত্তি-শৃতি বিঘোদিত করিতেছে, এলোরার গুহা-মন্দির যাহাদের শ্রেষ্ঠ কলা-শিল্পের আদর্শের নিদর্শন, ভারতের ইতিহাস তাঁহাদের গৌরব-গাথা প্রচার করিবে, তাহা আর আশ্চর্যা কি পূ

রাষ্ট্রক্ট-নূপতিগণের গৌরবের আর নিদর্শন—সংস্কৃত-ভাষার এবং সংস্কৃত-সাহিত্যের উরতি পরিপৃষ্টি। ফলতঃ, রাষ্ট্রক্টদিগের রাজত্বকালে ভারতের বিভিন্নমূখী উরতি—রাজ-নৈতিক, সমাজ-নৈতিক ও অর্থ-নৈতক উৎকর্ষ—তাহার শ্রেষ্ঠণেহর বিষয় বিঘোষিত করিতেছে।

কল্যাণের চালুক্য-বংশ।

িতেল কর্তৃক প্রতিষ্ঠা;—সত্যাশ্রর প্রভৃতি;—বিক্রমাদিত্য;— প্রবভী ঘটনা;—ধ্র্মে প্রিব্ভন।]

চালুক্য-বংশের প্রতিষ্ঠাতা তৈল চনিবশ বংসর রাজন্ব করেন। এই সময়ের মধ্যে চালুক্য-বংশের পূর্বাধিকত প্রায় সকল অংশেই তিনি অধিকার করিয়াছিলেন। কেবলমাত্র ওজরাট তাঁহার অধিকারে আসে নাই।

তৈলের রাজত্বের অধিকাংশ সময় প্রমাররাজ মুঞ্জের সহিত যুদ্ধে অবিবাহিত হয়। মুঞ্জ ছয় বার ঠাহার রাজ্য অক্রেমণ করেন। কিন্তু সপ্তম বারে মুঞ্জ পরাজিত ও বন্দী হন।

কিছুদিন বন্দা মূঞ্রাজের সহিত তৈল সদ্যবহার করিয়াছিলেন। কিন্তু যথন তিনি জানিতে পারিলেন,—মূঞ্জ গোপনে পলায়নের চেষ্টা করিতেছেন, তথন তৈল বিশেষ রোষান্তিত হন এবং নৃশংসের স্থায় মূঞ্রাজকে নিহত করেন। এই ঘটনার ছই বংসর পরে রাজা তৈলের লোকান্তর হয়। ইতিহাসে তৈল বিশেষ প্রতিষ্ঠাসম্পন্ন।

সত্যাশ্রয় প্রভৃতি।

রাজা তৈলের লোকান্তরে পূত্র সত্যাশ্রয় সিংহাসন লাভ করেন। তাঁহার রাজত্বকালে ১০০০ খুষ্টাব্দে চোলরাজ রাজ্রাজ চালুক্য-রাজ্য আক্রমণ করেন।

রাজরাজের বিপুল বাহিনী চালুক্য-রাজের সকল প্রদেশ বিধ্বস্ত করে। নরশোণিত-স্রোতে দেশ প্লাবিত হয়। নগর-গ্রাম লুওন করিয়া রাজরাজের ছয় লক্ষ সৈত্য নারীহত্যা, শিশুহত্যা এবং ব্রন্ধহত্যার তাওব অভিনয় করে।

১০৫২ খুষ্টান্দে, তুঙ্গভদ্রা নদীতীরে, কোপ্পমের যুদ্দে, চোলরাজ রাজরাজ পরাজিত ও নিহত হন। তথন চাল্ক্য-বংশের প্রথম সোমেশ্বর সিংহাসনে অধিষ্ঠিত। তাঁহার অপর নাম——
আসবমন্ত্র। মালবের ধার এবং দাক্ষিণাত্যের কাঞ্চী তাঁহার অধিগত হয়। তিনি
চেদিরাজ কর্ণকে পরাজিত করেন।

১০৬৮ খুষ্টাব্দে সোমেশ্বর কঠিন পীড়ায় আক্রাস্ত হন। ব্যাধি-যন্ত্রণা এমনই অসহ হইয়া

উঠে যে, পরিশেষে তিনি আত্মহত্যা করিতে বাধ্য হন। কথিত হয়, সোমেশ্বর একদিন লুক্কায়িত ভাবে তুঙ্গভদ্রায় ঝম্প প্রদান করিয়া জীবন বিসর্জ্জন দেন।

বিক্রমাদিত্য।

বিক্রমাদিত্য—সোমেশ্বরের ত্যক্ত সিংহাসন প্রাপ্ত হন। তিনি 'ষষ্ঠ বিক্রমাদিত্য', 'বিক্রমার্ক' প্রভৃতি নামেও অভিহিত হইতেন। ১০৭৬ খৃষ্টাব্দে ভ্রাতা দিতীয় সোমেশ্বরকে সিংহাসনচ্যুত করিয়া বিক্রমাদিত্য সিংহাসন অধিকার করেন।

কথিত হয়,—বিক্রমাদিত্য কাঞ্চী অধিকার করিয়াছিলেন। মহীশ্রের অন্তর্গত ধরসমূদের 'হৈশল' নূপতি বিষ্ণুর সহিত তিনি যুদ্ধে নিযুক্ত হইয়াছিলেন। প্রকাশ—বিষ্ণু এই যুদ্ধে পরাজিত হন। তথন বিক্রমাদিত্য আপনাকে শ্রেষ্ঠ-শক্তি-সম্পন্ন বলিয়া মনে করেন; এবং তাঁহার বিজয়-কাহিনীর অরণার্থ ১০৭৬ খুটান্দে নিজ নামে এক অন্ধ প্রবর্তিত করেন। কিন্তু সে অন্ধের ব্যবহারের বিষয় গ্রন্থ-পত্রে পরিদৃষ্ট হয় না।

কল্যাণী বিক্রমাদিত্যের রাজধানী ছিল। নিজাম-রাজ্যের বস্তমান কল্যাণ—প্রেই কল্যাণীর শ্বতি বিঘোষিত করিতেছে। প্রথম সোনেশ্বর এই কল্যাণী প্রতিষ্ঠিত করিয়াছিলেন। প্রকাশ,—'মিতাক্ষরার' প্রণেতা বিজ্ঞানেশ্বর এই কল্যাণী রাজধানীতেই অবস্থিতি করিতেন।

শ পরবর্ত্তী ঘটনা।

বিক্রমাঙ্কের লোকান্তরের পর চালুক্য-বংশের পতনের স্ট্রচনা হয়। ১১৫৬—৬২ খৃষ্টান্দে, তৃতীয় তৈলের রাজত্ব-কালে, তাঁহার প্রধান সেনাপতি 'কলচুরি' জাতীয় বিজ্জল বা বিজ্জন বিদ্যোহাচরণ করেন এবং রাজ্য অধিকার করিয়া বসেন।

বিজ্জল এবং তাঁহার পুত্র ১১৮০ খৃষ্টান্দ পর্য্যস্ত রাজ্যভোগ করেন। পরে চালুক্য-বংশীয় চতুর্থ সোমেশ্বর নষ্ট-রাজ্যের কিয়দংশ উদ্ধার করিতে সমর্থ হন।

কিন্ত চতুর্থ সোমেশ্বর পারিপাশ্বিক শক্তির আক্রমণ প্রতিহত করিতে সমর্থ হইলেন না।
পশ্চিমে দেবগিরির যাদবগণের এবং দক্ষিণে ধরসমূদ্তের হৈশলগণের পুনঃপুনঃ আক্রমণে চতুর্থ
সোমেশ্বর বিধ্বস্ত হইলেন। চালুক্য-রাজ্যের কতকাংশ যাদব-রাজ্যের এবং কতকাংশ হৈশলরাজ্যের অন্তর্ভুক্ত হইল। এইরূপে ১১৯০ খুষ্টান্দে কল্যাণীর চালুক্য-বংশের অবসান হয়।
তথন হইতে তাহারা কুড্-কুড্র সামস্ত মধ্যে পরিগণিত হন।

ধর্মে পরিবর্ত্তন।

১১৫৬-৬২ খৃষ্টাব্দে চালুক্য সেনাপতি বিজ্জল চালুক্য-রাজ্য অধিকার করিলেও তাঁহার প্রভুত্ব অধিক দিন স্থায়ী হয় নাই। ১১৬৭ খৃষ্টাব্দে বিজ্জল স্বেচ্ছায় সিংহাসন পরিত্যাগ করেন।

কিন্তু এই অল সময়ের মধ্যেই ভারতের ধর্ম-নৈতিক গগনে এক অভাবনীয় পরিবর্ত্তন সংসাধিত হইয়াছিল। এই কয়েক বৎসরের মধ্যে শৈব-ধর্ম স্প্রতিষ্ঠিত হইল;—'বীর শৈব' অর্থাৎ 'লিঙ্গায়ৎ' শৈব-সম্প্রদায়ের উদ্ভব ঘটন।

বিজ্জল স্বরং জৈনধর্ম্মাবলম্বী ছিলেন। শৈব ধর্ম্মের প্রসার বৃদ্ধি হওয়ায় তিনি ১১৬৭ খুষ্টাব্দে 'লিলায়ৎ' সম্প্রদায়ের তৃই জন প্রধান যোগীর চক্ষ্ কংপাটন করেন। কথিত হয়, বোগি-পুরুষদ্মের ব্রহ্মারক্তই 'লিলায়ৎ' শৈব-সম্প্রদায়ের স্থায়িছের স্ত্রপাত করিয়া দেয়। বিজ্জলের মন্ত্রী বাদক, রাজার এই অত্যাচারে ক্ষ্ম হন। তাঁহারই প্রচেষ্টায় সেই স্থানে 'লিলায়ৎ' সম্প্রদায়ের একটী মন্দির প্রতিষ্ঠিত হয়।

এ বিষয়ে মতান্তর থাকিলেও বিজ্ঞালের শাসন-কালেই যে 'লিঙ্গায়ং' সম্প্রদায়ের উদ্ভব ও প্রতিষ্ঠা হইয়াছিল, তদ্বিয়ে সন্দেহ নাই। গিলায়ং সম্প্রদায়ের বিশেষত্ব এই যে,— এই সম্প্রদায় বেদের প্রামাণ্য স্বীকার করেন না। পুনর্জ্জন্ম তাঁহাদের বিশ্বাস নাই। তাঁহারা ব্যল্যবিবাহের ঘোর বিরোধী; তাঁহারা বিধবা-বিবাহ অন্ধ্যমাদন করেন। অপিচ, সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা ব্রাহ্মণ হইলেও লিঞ্চায়ংগণ ব্রাহ্মণের প্রতি বিশেষ বিদ্বেষপরায়ণ। অধুনা কেনারি জেলা সমূহে লিঞ্চায়ং সম্প্রদায়ের প্রাচ্গ্য অধিক পরিমাণে দৃষ্ট হয়।

যাহা হউক, লিঙ্গারৎ সম্প্রদারের উৎপত্তিতে বৌদ্ধ এবং জৈন-ধর্ম বিশেষ থর্ক হটয়া আসে। প্রথম প্রথম উভয় ধর্ম্মের প্রতিঘাতে লিঙ্গারৎদিগের একটু অস্ত্রবিধা হয়। কিন্তু ক্রমে অধিকাংশ ব্যক্তি সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হওয়ায় সে বাধা অপসারিত হয়। ফলে, ঘাদশ শতাব্দীর প্রথম ভাগে, লিঙ্গারৎ সম্প্রদায়ের প্রভাবে ঐ সকল স্থানে বৌদ্ধ-ধর্মের প্রভিষ্ঠা লোপ প্রাপ্ত হয়।

হৈশল-বংশ।

[আদি-কথা ;—রাজা বিস্তিদেব বা বিষ্ণুবৰ্দ্ধন ;—দ্বিতীয় নরসিংহ ;—অভ্যান্ত পরিচয়।]

খুষ্টীয় দ্বাদশ এবং ত্রয়োদশ শতাব্দীতে মহীশূর রাজ্যে হৈশলগণ প্রতিষ্ঠারিত হইয়া উঠেন। হৈশল—পৈশন নামেও অভিহিত হইয়া থাকে।

এই বংশের প্রথম স্বাধীন রাজা—বিভিন্নের অথবা বিভিগ। ১১৪১ খুটাক হইতে ১১৪১ খুটাক্বের মধ্যে বিভিন্নের দোরসমূদ্রে রাজধানী স্থাপন করেন। রাজত্বের প্রথম ভাগে তিনি জৈন-ধর্মের পৃষ্ঠপোষকতা করিয়াছিলেন। তখন বিভিন্নেরের মন্ত্রী ছিলেন,—গঙ্গারাজ। তিনিও একজন জৈন-ধর্মাবলম্বী ছিলেন। চোলদিগের আক্রমণে ইতিপূর্ব্বে যে জৈন-মন্দির বিধ্বন্ত হইয়াছিল, রাজা বিভিন্নের ও মন্ত্রী গঙ্গারাজ উভয়ে তাহার সংস্কার-সাধন করেন।

কিন্ত কিছুদিন পরে রাজা বিত্তিদেব বিষ্ণু-মন্ত্রে দীক্ষিত হইরা বিষ্ণুর উপাসনায় নিবিষ্ট হন। রাজা বিত্তিদেব এই উপলক্ষে পরম বৈষ্ণুব রামায়জের শিশুত গ্রহণ করেন। রাজা বিত্তিদেবের তত্বাবধানে রাজধানী দোরসমূত্রে (অধুনা হালেবিদ নামে অভিহিত) এবং বেপুড়ে তুইটী বিষ্ণুমন্দির নির্ণিত হইরাছিল।

বিষ্ণু-মত্তে দীক্ষিত হইরা বিভিনেব বিষ্ণুবর্দ্ধন নাম পরিগ্রহণ করেন। বিষ্ণুবর্দ্ধনের রাজস্ব-কালে চোল পাঞ্চা এবং চেরা রাজ্য তাঁহার প্রাধান্ত স্বীকার করে। ১২২৩ খুটাবেদ, বিষ্ণু বর্দ্ধনের বংশধর দিতীয় নরসিংহ, চোলবিগের সহায়তার তিচিনোপলি অধিকার করিয়।ছিলেন।

অক্তান্ত পরিচয়।

বিশ্বর্দ্ধনের পৌত্র বীর বল্লাল অনেক দিন সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। তাঁহার রাজ্বকালে মহীশুরের উত্তর বিভাগ হৈশল-রাজ্যের অন্তর্ভুক্ত হয়। প্রকাশ,—তিনি দেবগিরির যাদবদিগকেও পরাজিত করিয়াছিলেন। এই সকল রাজ্য বিজয়ের পর হৈশল-রাজ্য দাক্ষিণাত্যে শ্রেষ্ঠ পদবীতে সমাসীন হয়। তথন দাক্ষিণাত্যের দক্ষিণ উপত্যকার সমস্ত অংশ হৈশল-রাজ্যের অন্তর্ভুক্ত হইয়াছিল।

১৩১০ খৃষ্টাব্দ পর্যান্ত হৈশল-বংশের প্রতিষ্ঠা গৌরবের পরিচয় প্রাপ্ত হই। তার পর, মুসল-মান বীর মালিক কাফুর এবং থাজা হাজি হৈশল-রাজ্যে প্রবেশ করিয়া তাহার ধ্বংস-সাধন করেন। রাজা বন্দী হন এবং রাজধানী লুক্তিত হয়। কথিত হয়,—হৈশল-বংশীয় কোনও নৃপতি তার পর অনেক দিন পর্যান্ত সেখানে প্রতিষ্ঠিত ছিলেন। তবে তাঁহার বিশেষ প্রভূত্ব-প্রতিপত্তির কোনও পরিচয় পাওয়া যায় না। তিনি সন্তবতঃ মুস্লমানদিগের অধীন ছিলেন।

যাদবগণ।

[রাজা সিজ্বন ;—রাজা রামচক্র ;—বিবিধ প্রসঙ্গ I]

দেবগিরির যাদবগণ প্রথমতঃ চালুক্য-রাজ্যের করদ ছিলেন। দেবগিরি এবং নাসিকের অভ্যস্তরে তাঁহারা যে রাজ্য অধিকার করিয়াছিলেন, সেই রাজ্য তথন 'সেভানা' বা 'সিউনা' নামে পরিচিত ছিল।

যাদবগণের মধ্যে ভিল্লম-ই প্রথম প্রতিষ্ঠা লাভ করেন। ১১৯১ খৃষ্টাব্দে হৈশল-দিগের সহিত যুদ্ধে তিনি নিহত হন। কিছু দিন আর যাদবগণের প্রতিষ্ঠার পরিচয় পাওয়া যায় না।

রাজা সিজ্যন।

এই বংশের সর্বপ্রধান রাজার নাম—সিজ্যন। শৌর্য্য-বীর্য্যে তিনি অতুলনীয় ছিলেন। গুজরাট এবং অন্তান্ত রাজ্য তাঁহার অধিকারে আসিয়াছিল। তাঁহার প্রচেষ্টায় যাদব-রাজ্যের প্রতিষ্ঠা গৌরবের অবধি ছিল না। এক সময়ে যাদব-রাজ্য—চালুক্য-রাজ্যের এবং রাষ্ট্রক্ট রাজ্যের সমকক্ষতা লাভ করিয়াছিল,—সে প্রমাণ পাওয়া যায়।

রাজা রামচক্র।

হৈশল-বংশের ভায় যাদববংশও মুসলমানগণ কর্তৃক উন্মূলিত হয়। দিলীর স্থলতান আলাউদ্দিন থিলিজি ১২৯৪ খৃষ্টাকে যখন নর্মাদা অতিক্রম করিতোছলেন, সেই সময় যাদব-বংশের শেষ নৃপতি রামচক্র তাঁহার নিকট আত্মসমর্পণ করেন। কথিত হয়,—রাজা রামচক্র আত্মসমর্পার জভ জীবনের বিনিমরে আলাউদ্দিনকে ছয় মণ মুক্তা, ছই মণ হীরক, ছই মণ পদ্মরাগ, ছই মণ বৈহুৰ্য্য-মণি এবং ছই মণ মকরত বা পারা প্রদান করিয়াছিলেন।

তার পর, ১৩০৯ খৃষ্টাব্দে, মালিক কাফুর যথন দাক্ষিণাত্য লুঠনে গমন করেন; তথনও রাম-চক্র তাঁহার নিকট আত্মসমর্পন ক্রিয়া প্রভূত ধনরত্ব প্রদান করিয়াছিলেন। কথিত হয়,— রামচক্রই দাক্ষিণাত্যের শেষ স্বাধীন হিন্দু নূপতি। ১৫৬৫ খুষ্টান্দ পর্যন্ত বিজয়নগরে-রাজ্যে হিন্দু প্রাধান্ত অক্ষুণ্ণ ছিল। কিন্ত তাহার পর মুসলমানদিগের আক্রমণে ঐ রাজ্য বিধবন্ত হয়।

ৰ বিবিধ।

রামচন্দ্রের লোকাস্তরে তাঁহার জামাতা হরপাল যাদবরাজ্য প্রাপ্ত হন। ১৩১৮ খৃষ্টাব্দে তিনি বৈদেশিকের বিরুদ্ধে এক বিজ্ঞোহের স্বষ্টি করেন। তাঁহার চেষ্টা বিফল হয়। হরপাল নিহত হন। যাদব-রাজ্য এবং যাদবরাজ-বংশের অন্তিত্ব চিরতরে বিলুপ্ত হয়। *

রামচন্দ্রের রাজত্বকালে সংস্কৃত কবি হেমাদ্রি বা হেমাদপত্তের গৌরব প্রতিষ্ঠিত হয়। তিনি হিন্দুধর্ম্মের পবিত্র নীতি-সমূহ সঙ্গলন করিয়া যশস্বী হন।

দাফিণাত্যের প্রধান প্রধান রাজবংশ। [বাতাপির চালুক্য-বংশ ;—মান্তথেতের রাষ্ট্রকৃট বংশ ;— কল্যাণীর চালুক্য-বংশ।]

দাক্ষিণাত্যের বিভিন্ন জনপদে যে সকল রাজবংশ প্রতিষ্ঠান্থিত হইন্নাছিলেন, পূর্ববর্ত্ত্তী অংশে তাহাদের পরিচয় প্রদত্ত হইন্নাছে। সেই সকল বংশে ঘাঁহারা প্রতিষ্ঠাসম্পন্ন ইইন্নাছিলেন, নিমে তাঁহাদের নাম ও রাজ্য-প্রাপ্তিকাল প্রদত্ত হইল; যথা,—

বাতাপির চালুক্য-বংশ। (৫৫০ খৃষ্টান্স—৭৫৩ খৃষ্টান্দ।)

	রাজার নাম		वाकाळााख-कान।					
51	প্রথম পুলিকেশী (রণবিক্রম, বল্লভ, সত্যাশ্রয়)	•••	००० भृष्टीक ।					
२।	প্রথম কীর্ত্তবর্ম্মণ (বল্লভ, রণপরাক্রম)	•••	৫৬৬—৫৬৭ "					
०।	মঙ্গলেশ (বল্লভ, রণবিক্রাস্ত)	•••	৫৯৭—৫৯৮ "					
8 1	দ্বিতীয় পুলিকেশী (বল্লভ, সত্যাশ্রয়)	•••	400					
(৬৪২ খৃষ্টান্দ হইতে ৬৫৫ খৃষ্টান্দ পর্যান্ত তের বৎদর								
এই বংশের কেহ প্রতিষ্ঠাপর হন নাই)								
¢ 1	প্রথম বিক্রমাদিত্য (বল্লভ, সত্যাশ্রয়)	•••	৬cc—৬cə "					
७।	বিনয়াদিত্য (সত্যাশ্রয়, বন্ধত)	•••	9F.0 "					
91	বিজয়াদিত্য (সত্যাশ্রয়)	•••						
41	দিতীয় বিক্রমাদিত্য (অনিবারিত)	•••	৭৩৩ 💂					
9	দ্বিতীয় কী র্ত্তি বর্ম্মণ (নৃপসিংহরাজ)	•••	98% 🍃					

মিষ্টার রাইনের এছে হৈশল এবং বাছবগণের বিস্তৃত বিবরণ প্রবৃত্ত হইয়াছে। Rice, Mysore and Coorg from the Inscriptions, 1909.

এই সমর রাষ্ট্রক্ট-রাজগণের আক্রমণে কীর্ত্তিবর্মণ পরাজিত ও বিধ্বস্ত হন। তাঁহার প্রভূত্ব বিলুপ্ত হয়। কীর্ত্তিবর্মণ দামান্ত দামান্তরাজ মধ্যে পরিগণিত হন।

মান্তথেতের রাষ্ট্রকূট বংশ।

	माळाटचटलम माहपूर परना							
	(৭৫৩ খৃষ্টাব্দ—৯৭৮ খৃষ্টাব্দ	l)						
রা	জার নাম।			প্ত-কাল।				
১। দণ্ডিছৰ্গ	(খড়গাবলোক)	•••	৭৫৩ ধ	वृष्टीय ।				
২। প্রথম ক্	क्ष (ञकानवर्ष)	•••	ঀ৾৾৾	29				
৩। দ্বিতীয় (গোবিন্দ (প্ৰভৃতবৰ্ষ)	• • •	998					
८। धन (नि	নরুপম, শ্রীবল্লন্ত)	•••	96.	23				
(জৈন হরিবংশের মতে ৭৮৩ খৃষ্টাবে রাজ্যকাল নির্দিষ্ট হয়)								
ে। তৃতীয়	গোবিন্দ (প্ৰভূতবৰ্ষ)	•••	৭৯৩ ই	थृष्टोक ।				
৬। প্রথম ব	মমোঘবৰ্ষ (নৃপ ূজ)	•••	PZC	ມ				
৭। দ্বিতীয়	কৃষ্ণ (কৃষ্ণবন্নভ)	•••	bb •	פע				
৮। তৃতীয়	ইক্স (নিত্যবর্ষ)	•••	इ रह	**				
৯। দ্বিতীয়	অমোঘবৰ্ষ	. • •	P<					
১०। ठजूर्थ ८	গাবিন্দ (স্থবৰ্ণবৰ্ষ)		966					
১১। তৃতীয়	অমোঘবৰ্ষ (বন্দিগ)	•••	306					
১২। তৃতীয়	क्रुख (क्यत)		.86	, s				
১৩। থোতি	গ (নিভ্যবৰ্ষ)	•••	৯৬৫	w				
১৪। দ্বিতীয়	क्क (क्कन)	• • •	३ १२	w				
কশ্যাণীর চালুক্য-বংশ।								
,	(৯৭৩ খৃষ্টাব্দ—১১৯০ খৃষ্টাব	₹1)		,				
	তৈল (তৈলপ, আহবমল্ল ইত্যাদি)	•••	5.6 ピ	थृष्टीम ।				
	গ্রম (সন্তিগ)		१८६	"				
	বিক্রমাদিত্য (ত্রিভুবনমল্ল)	• • •	2009	ود				
	জয়সিংহ (প্রথম জয়দেবমল্ল)	• • •	>.>6	,,				
	সোমেশ্বর (আহ্বমল্ল)	• • •	>०8२	"				
	বোমেশ্বর (ভূবনৈকমল্ল)	•••	> 9 4	3)				
	ক্রমাদিত্য (বিক্রমার্ক, বিক্রমাঙ্ক)	•••	>•9898	,,				
৮। তৃতীয়	লোমেশ্বর (ভূলোকম্ল)	•••	>> ><>	,,				

٠, ١٥٥٥

११७२ %

৯। পরম জগদেবমল্ল—দ্বিতীর

১>। পঞ্ম সোমেশ্বর (ত্রিভূবনমন্ন)

১•। তৃতীয় তৈল (তৈলপ, ত্রেলোক্যমল্ল)

[কলচুরীর বিজ্জল ১১৫৫—১১৬২ খৃষ্টান্দে প্রতিষ্ঠা লাভ করেন। তিনি প্রথমে চালুক্য-দিগের সেনাপতি ছিলেন। ১১৬৭ খৃষ্টান্দে বিজ্জল স্বেচ্ছার সিংহাসন পরিত্যাগ করেন। তাঁহার বংশধরগণ, সোমেশ্বরের প্রতিদ্দিরূপে, ১১৮৩ খৃষ্টান্দ পর্যান্ত রাজত্ব করিয়াছিলেন।

পাণ্ড্য-রাজগণ।

[পরিচয় ;—পাণ্ডা রাজ্যের বাণিজ্য-বন্দর ;—পাণ্ডিয়ার উপাথান ;—পল্লভরাজ্য নরসিংহবর্ম্মণ ;—পরিত্রাজকের মস্তব্য ;—চোল রাজগণ ;—বিবিধ বক্তব্য।]

প্রাচীন পাণ্ড্য-রাজ্য—উত্তরে ভেল্লারু নদী হইতে দক্ষিণে কুমারিকা অন্তরীপ পর্যান্ত এবং পূর্বাদিকে করমণ্ডল উপকৃল হইতে পশ্চিমে অচ্ছাল্লোভিল গিরিপথ পর্যান্ত বিস্তৃত ছিল। এখন দক্ষিণ ভারতের যে অংশ মাহরা এবং তিল্লেভেলি জেলা বলিয়া অভিহিত হয়। পূর্ব্বে সেই অংশই সাধারণতঃ পাণ্ড্য-রাজ্য নামে অভিহিত হইত। কখনও কখনও ত্রিবাস্ক্রের দক্ষিণাংশও পাণ্ড-রাজ্যের অন্তর্নিবিষ্ট ছিল। কখনও বা তিল্লেভেলীর কিয়দংশ পাণ্ড্য-রাজ্যের অন্তর্ভুক্ত হইত।

এইরপে, পাণ্ডা-রাজ্যের পাঁচটা বিভাগ কলিত হয়। সেই পাঁচটা বিভাগে যাঁহারা আধিপত্য বিস্তার করিয়াছিলেন, তাঁহার। সে সময়ে একযোগে 'পঞ্চপাণ্ডা' নামে অভিহিত হইতেন।

পৃষ্ঠীয় প্রথম শতাকীতে মাহরা বা কুড়াল—পাণ্ডা-রাজ্যের রাজধানী ছিল। কথিত হর,—তাহারও পূর্বের রাজধানী 'কোরকাই' নামে অভিহিত হইত। পাশ্চাতামতে যাহা ঐতিহাসিক যুগ বলিয়া অভিহিত হয়, তাহারও পূর্বে, 'দক্ষিণ মানালুর' পাণ্ডারাজ্যের এক প্রসিদ্ধ স্থান ছিল। কেহ কেহ বলেন,—দক্ষিণ মানালুর তথন মাহরা জেলারই প্রবাংশে নির্দিষ্ট হইত।

প্রবাদ এই,—পুরাণোক্ত ভাতৃত্রর পাণ্ডা, চোল এবং কেরল নামে তিনটী স্বতন্ত্র রাজ্যা প্রতিষ্ঠা করেন। পণ্ডিতগণের মতে, কোরকাই বা কেরলই দক্ষিণ-ভারতীয় সভ্যতার আদি-ক্ষেত্র। তামপর্ণি নদীর তীরবর্তী এই 'কোরকাই' নগর এক সময়ে দক্ষিণ-ভারতের বাণিজ্যের কেন্দ্রন্থল ছিল। কিন্তু এখন তাহার সমস্ত গৌরব নন্ত ইইয়াছে। মাত্রায় যথন পাণ্ড্য-গণের রাজধানী স্থাপিত হয়, তখনও যুবরাজ কোরকাই নগরেই অবস্থিতি করিতেন।

তার পর, কালের আবর্ত্তনে যখন নদীগর্ভ পূর্ণ হইয়া উঠিল, বাণিজ্যপোত-সমূহ যখন আর কোরকাই বন্দরে পৌছিতে পারিল না; তখন 'কয়াল' বাণিজ্যের প্রধান কেন্দ্র-মধ্যে পরিণত হইল। কথিত হয়,—খৃষ্টীয় ত্রয়োদশ শতাকীতে মার্কো পোলো এই কয়াল বন্দরে অবতরণ করিয়াছিলেন।

কিন্তু কিছুকাল পরে কয়াল বন্দরও পরিতাক্ত হয়। নদীগর্ভ ক্রমে পূর্ণ হইয়া উঠে।
অগত্যা টিউটকোরিণে বাণিজ্য-কেন্দ্র স্থানাস্তরিত হয়।

ঐতিহাসিক প্লিনির সমসময়ে মাত্রাই পাণ্ডা-রাজ্যের প্রধান নগর ছিল। খৃষ্ট-পূর্ব্ব চতুর্থ শতাব্দীতে মেগান্থিনীস, মৌর্যা-সমাট চক্রগুপ্তের দরবারে কিছুদিন অবস্থিতি করিয়া-ছিলেন। তিনি শুনিয়াছিলেন,—তথন হিরাক্লেসের কন্তা পাণ্ডিয়া পাণ্ডা-রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন। তখন ঐ রাজ্যে স্ত্রী-প্রাধান্ত বর্তমান। পাণ্ডিয়ার অধীনে ৩৬৫ খানি পল্লী ছিল। পাণ্ডিয়া আদেশ দিয়াছিলেন,—প্রতি পল্লী হইতে প্রতিদিন রাজকোষে অর্থ সরবরাহ হইবে। যে পল্লীর অধিবাসী পাণ্ডিয়ার আদেশ অমান্ত করিবে, তাহারা দণ্ডিত হইবে। কথিত হয়, —পাণ্ডিয়ার পিতা তাঁহাকে পাঁচ শত হস্তী, চারি সহস্র অখারোহী এবং এক লক্ষ ত্রিশ হাজার পদাতিক সৈত্র প্রদান করিয়াছিলেন। পাণ্ডিয়ার রাজ্যে মণি-মুক্তার অভাব ছিল না।

প্রকাশ—২০ পূর্ব্ব-খৃষ্টাব্দে পাণ্ড্য-রাজ্ব পাণ্ডিয়ান, অগাষ্টাস সিজারের দরবারে রোমে দৃত প্রেরণ করিয়াছিলেন। তখন রোমের সহিত দক্ষিণ-ভারতের বাণিজ্যও প্রবলভাবে চলিতেছিল। কিন্তু ২১৫ খৃষ্টাব্দে আলেকজান্দ্রিয়া বন্দরে কারাকালার হত্যার সঙ্গে দক্ষিণ ভারতের সহিত রোমের বাণিজ্য একেবারে বন্ধ হইয়া যায়। সেই সময় হইতে পরবর্তী কিছুকাল পর্যান্ত পাণ্ডা-রাজ্যের বিষয় কিছুই জানা যায় না।

তামিল-গ্রন্থে পাণ্ড্য-রাজ্যের বছ নূপতির পরিচয় প্রাপ্ত হই। তাঁহাদের অনেকেই অতি প্রাচীন। কিন্তু প্রত্নতান্থিকের মতে, পাণ্ড-রাজ্যের ধারাবাহিক ইতিবৃত্ত-সঙ্কলনে তাঁহাদের বিবরণ আদৌ কার্য্যকরী নহে।

যাহা হউক, খুষ্টার দিতীর শতাদীতে পাণ্ডা-রাজ্যে 'নিদাম চেলিয়ান' নামক রাজার পরিচয় অবগত হই। তিনি সিংহলের প্রথম গজবাছর এবং কারিকল চোলের পৌত্র নেছ্মুদিকিল্লির সমসাময়িক বলিয়া উক্ত হন। পণ্ডিতগণের মতে সিংহলের প্রথম গজবাছ ১৭৩ খুষ্টাব্দ হইতে ১৯১ খুষ্টাব্দের মধ্যে বর্তুমান ছিলেন।

তথন পাণ্ডারাজ্যে সাহিত্যের বিশেষ উন্নতি-সাধন হইয়াছিল। 'সাহিত্যসঙ্গ' সভার সভ্যগণ তথন উচ্চশ্রেণীর সাহিত্য রচনা করিতেন। তিরুবলভের 'কুরল' প্রভৃতি গ্রন্থ এতৎপ্রসঙ্গে স্বিশেষ উল্লেখযোগ্য।

৬৮০ খুটাকে চৈনিক পরিব্রাজক হিউয়েনং-সাং দাক্ষিণাত্যে গমন করিয়াছিলেন। তথন পফলভরাজ নরসিংহবর্মণের রাজধানী কাঞীতে (বর্ত্তমান কঞ্জেভরম) হিউয়েনং-সাং কিছুকাল অবস্থিতি করেন। তথন দক্ষিণ ভারতে পল্লভরাজ নরসিংহবর্মণ বিশেষ প্রতিষ্ঠায়িত ছিলেন।

পরিব্রাজক স্বয়ং পাণ্ডারাজ্যে গমন করেন নাই। তথন কাঞ্চীর বৌদ্ধগণ পাণ্ডা-রাজ্য সম্বন্ধে তাঁহাকে যে সকল তথা প্রদান করিয়াছিলেন, ছ্যেনৎ-সাং তাহাই লিপিবদ্ধ করেন।

হিউরেনং-সাঙের বর্ণনায় পাণ্ড্য-রাজ্য—'মলকুত' বা 'মলকোট্যা' নামে অভিহিত। কিন্তু ঐ রাজের রাজধানীর নাম তাঁহার গ্রন্থে উলিখিত নাই। তখন পাণ্ড্যরাজ্ব একজন সামন্ত মধ্যে পরিগণিত। সেই জন্তই বােধ হয় পরিপ্রাজক তাঁহার বর্ণনায় পাণ্ড্য-রাজ্যের বিশেষ বিবরণ লিপিবদ্ধ করেন নাই। তখন মলকুতার বােদ্ধ-ধর্মের প্রভাব ধর্ম এবং প্রাচীন বিহার-সমূহ ধ্বংসমূধে নিপতিত হইয়াছে। তখন সেথানে হিন্দুধর্মের প্রাধান্ত প্রতিষ্ঠিত। পাণ্ডারাজ্য তখন হিন্দুর দেবমন্দিরে স্থানাভিত। তখন দিগম্বর-সম্প্রদায়ের জৈনগণেরও অভাব ছিল না। তখন তত্রত্য অধিবাসির্ন্দ ব্যবসা-বাণিজ্যে নিমগ্প; শিকা দীক্ষার প্রতি তাহাদের তাদুশ অন্তরাগের পরিচয় পাণ্ডয়া যায় না।

পাণ্ড্য-রাজ্যের একথানি লিপিতে পাণ্ড্য-রাজগণের এক তালিকা প্রাপ্ত হই। তাঁহারা প্র্যায় অষ্টম শতাব্দীর মধ্যভাগ হইতে দশম শতাব্দী পর্যান্ত রাজত্ব করিয়াছিলেন

পাশুরাজ অরিকেশরী খুষীয় অষ্টম শতাকীতে পল্লবদিগকে পরাভূত করিয়া রাজ্য অবিকার করেন। তার পর ৮৬২-৬৩ খুষ্টান্দে ভরগুণাভরণ সিংহাসন প্রাপ্ত হন। কিন্তু তিনি গঙ্গা পহলভ অপরাজি ের নিকট শ্রীপুরন্ধিয়ার যুদ্ধে পরাজিত হন। এই সময়ে চোল রাজ্য হীনবল হইয়া পড়িয়াছিল। তথন পাশুগণই পল্লভদিগের আক্রমণ প্রতিরোধ করিয়া গৌরব অক্ন্যু রাখিতে বাধ্য হইয়াছিলেন।

কিন্ত ৭৪০ খুষ্টান্দে পহলবদিগের ক্ষমতা অধিকাংশ হ্রাস হয়। ঐ বংসর বিক্রমাদিত্য চালুক্য, পহলবরাজ নন্দীবর্মণকে পরাজিত করেন। তার পর নবম শতান্দীর শেযভাগে আদিত্য চোল পহলবদিগকে বিধবস্ত করিলে, দশম শতান্দী হইতে পাণ্ড্য-রাজগণ চোলদিগের প্রভুত্ব স্বীকারে বাধ্য হন। এই সময় হইতে পাণ্ড্যরাজ্য কথনও পরাধীন হয়, আবার কথনও স্বাধীনতা অবলম্বন করে। এইরূপে বহুদিন পর্যান্ত পাণ্ড্যগণ দক্ষিণ ভারতে আপনাদের অস্তিত্ব অকুগ্র রাথিতে সমর্থ হইয়াছিলেন।

্চ**াল**-রাজগণ।

বাহা হউক, ৯৯৪ খুষ্টান্দে চোলরাজ্ব রাজরাজ পাগুরাজ্য অধিকার করিয়া লন। প্রায় ছই শত বৎসর পাগু-রাজ্য চোলদিগের অধীন ছিল। তথন স্থানীয় সামস্তগণ পাগু-রাজ্যের বিভিন্ন অংশ শাসন করিতেন। পরে ত্রেয়োদশ শতান্দীর প্রথমার্দ্ধে দক্ষিণ ভারতে পাগুগণ পুনরায় প্রতিষ্ঠাপন্ন হয়।

৬৪০ খৃষ্টাদে হিউয়েনং-সাং দক্ষিণ-ভারতে গমন করেন। তথন দাক্ষিণাত্যে দিগম্বর জৈন সম্প্রাদায়ের প্রবল প্রভাব। অসংখ্য জৈনমন্দির তথন পহলভ (দ্রবিড়) রাজ্যে এবং পাণ্ড্য (মলকুত) রাজ্যে বিভ্যমান ছিল। তথন ধর্ম্ম বিষয়ে কোনপ্রকার অত্যাচার উৎপীড়নের ভাব তিনি প্রকাশ করেন নাই। স্ক্তরাং মনে হয়,—পরিব্রাঙ্গক প্রত্যাবৃত্ত হইলে, জৈন-দিগের প্রতি অত্যাচার ইইয়াছিল।

রাজা কুন, স্থন্দর অথবা নেহরান পাণ্ডা, বাল্যকাল হইতেই জৈনমতাবলম্বী ছিলেন। কিন্তু চোল-রাজবংশে বিবাহ করিবার পর খুষ্টায় সপ্তম শতাব্দীর মধ্যভাগে তাঁহারা শৈব-ধর্ম গ্রহণ করেন। কথিত হয়, রাজা স্থন্দর, মহিষীর প্রতি অসাধারণ অনুরাগ বশতঃ তাঁহার মনস্কৃতির জ্বল্য জৈনদিগকে বিশেষ উৎপীড়িত করিয়াছিলেন। কেন-না, জৈনগণ ধর্মাস্তর-গ্রহণে প্রস্তুত ছিল না। এইরূপে বিবিধপ্রকারে উৎপীড়িত হওয়ায় জৈন-ধর্মের অবনতি ঘটে।

পাণ্ড্য এবং সিংহল-রাজ এই সময়ে পরম্পার দ্বন্দে প্রবৃত্ত হন। বহুদিন সে দ্বন্দ চলিতেছিল। ১১৬৬ খুষ্টাব্দে সিংহলরাজ পাণ্ড্য-রাজ্য আক্রমণ করেন। তথন পরাক্রমবাহু সিংহলের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন।

` মহাবংশের বর্ণনায় বুঝিতে পারি,—সিংহলরাজ একবারও পরাজিত হন নাই। কিছ কাঞ্চীর নিকটবর্ত্তী অর্পক্তমের লিপিতে প্রকাশ,—প্রথমে ক্বতকার্য্য হইলেও, পরিশেষে সিংহলরাজকে পরাজয় স্বীকার করিতে হয়। তিনি সসৈত্তে পলায়ন করেন। তথন দক্ষিণ ভারতের সকল রাজাই একস্ত্রে আবদ্ধ হইয়াছিলেন। সেই একতার ফলেই পাগ্ডা-রাজ সিংহল-রাজকে বিতাডিত করিতে সমর্থ হইয়াছিলেন।

এই দৃষ্টাস্তে জগৎ দেখিল,—একতাই শক্তি। একতাতেই মানুষ পৃথিবীবিজ্ঞান্ত সমর্থ হয়। একতা ভিন্ন কোনও কার্য্যই সম্ভব নহে। সামাগ্র তৃণমুষ্টি যদি সজ্মবদ্ধ হয়, অসাধ্য-সাধন ছইতে পারে। কিন্তু বিচ্ছিন্ন বিশিপ্ত ভাবে, তাহার কোনই কার্য্যকারিতা নাই।

পাণ্ড্য-রাজ দাক্ষিণাত্যের অস্থাস্থ শক্তির সহিত একতা-স্ত্রে আবদ্ধ হইয়াছিলেন, তাই দিংহলরাজের আক্রমণ প্রতিহত করিতে সমর্থ হন। নচেৎ, তাঁহার যে পরিশাম সজ্যটিত হইত, তাহা সহজেই অসুমান করা যাইতে পারে। হয় তো তিনি সিংহল-বাহিনীর প্রবল বেগে বিপর্যাস্ত হইতেন।

সিংহল ও পাণ্ড্যের এই দক্তে ইতিহাস শিথাইল—যদি আয়রক্ষা করিতে চাও, একতাবদ্ধ হও। যদি অন্তিত্ব বজায় রাণিবার বাসনা থাকে, সভ্যবদ্ধ হও। একতাই জাতীয় শক্তি বিকাশের একমাত্র উপায়।

পরবর্ত্তিকালে ভারত যে বৈদেশিক আক্রমণের গতিরোধ করিতে সমর্থ হয় নাই, তাহার একমাত্র কারণ—এই সজ্বশক্তির অভাব;—স্ব স্থ প্রাধান্ত পরিরক্ষণে স্বতন্ত্রতা প্রতিষ্ঠা। ভারতীয় নূপতিগণ যদি একস্ত্রে আবদ্ধ হইয়া বৈদেশিককে বাধা প্রদান করিতেন, পাণ্ডা-রাজ্যের স্থায় সগর্ব্বে মস্তক উত্তোলনে দণ্ডায়মান হইতে সমর্থ হইতেন। কিন্তু পরবত্ত্বী ইতিহাস সে সাক্ষ্য প্রদান করে না।

যাহা হউক, কিলহর্ণের সংগৃহীত তালিকা হইতে বুঝিতে পারি,—পাণ্ডারাজগণ ১১০০ খুষ্টান্দ হইতে ১৫৬৭ খুষ্টান্দ পর্যান্ত প্রায় চারি শত বৎসর প্রতিষ্ঠাসম্পন্ন ছিলেন।

তথন পাণ্ডাদিগের এক রাজার পরিচয় পাই। সে রাজার নাম—প্রথম জ্ঞটাবর্দ্মণ স্থানর। ১২৫১ খৃষ্টান্দ হইতে ১২৭১ খৃষ্টান্দ পর্যান্ত—কুড়ি বৎসর তাঁহার রাজ্যকাল নির্দিষ্ট হয়। নেলোর হুইতে কুমারিকা অন্তরীপ পর্যান্ত তাঁহার রাজ্য বিস্তৃত হুইয়াছিল।

তার পর ১৩১০ খৃষ্টাব্দে মালিক কাফুরের আক্রমণে পাণ্ডারাজ্য হীনবল হইয়া পড়ে।

কেরল রাজা।

কেরল রাজ্যের প্রথম উল্লেখ—অশোকের লিপিতে দেখিতে পাই। অশোকের লিপিতে কেরল—কেরলপুত্র নামে উল্লিখিত। প্লিনির ইতিহাসে এবং 'পেরিপ্লাস' গ্রন্থেও কেরলের ঐ একই পরিচয় প্রাপ্ত হই।

তামিল গ্রন্থে চেরা রাজ্যের পাঁচটা বিভাগ পরিকল্লিত দেখি। এক একটা বিভাগ নাড়ু' নামে অভিহিত। পাশ্চাত্যমতে নাড়ু' শব্দে জেলা বুঝার। তামিল-গ্রন্থাক্ত সেই পাঁচটা নাড়ু বা বিভাগ; যথা –(>) পুলিনাড়,—আগলপুলা হইতে পোনানি নদী পর্যান্ত বিশ্বত; (২) কুদমনাড়,—পশ্চিমদিকে অবস্থিত এবং পোনানি হইতে এরনাকুলামের সন্নিকটে পেরিরার নদী পর্যন্ত বিশ্বত, (৩) কুড্ডমনাড়—কোট্টমের এবং কুইনলনের অন্তর্গত ক্লবন্তল প্রদেশ;

(8) ডেন-নাডু—কুইনলন হইতে কুমারিকা অন্তরীপ পর্যন্ত বিস্তৃত; এবং (৫) করকা-নাডু,—পূর্বাদিকের পার্বত্য-প্রদেশ। মুজিরিস—আধুনিক ক্রাঙ্গানোর।

যাহা হউক, দশম শতান্দীতে কেরল রাজ্য—চোল-রাজ্যের অন্তর্ভুক্ত হইয়া পড়ে। তথন হইতেই কেরলের ঐতিহাসিক তথ্য কিয়ৎপরিমাণে নির্ণীত হয়।

চের-রাজ্যের অতি প্রাচীন রাজধানীর নাম—ভঞ্জী, ভঞ্চী অথবা কারুর। অধুনা তিরু-কারুর নামক পরিত্যক্ত পল্লীতে তাহার স্থান-নির্দেশ হয়। তার পর, পেরিয়ার নদীর মোহানায় তিরুভঞ্জীকলমে চের-রাজ্যের রাজধানী স্থানাস্তরিত হইয়াছিল।

কৈম্বাট্র এবং সালেম—কোস্থু নামে পরিচিত ছিল। কেরল ও কোস্থু পরস্পার স্বতন্ত্র। কিন্তু পরিশেষে কেরল এবং কোস্থু পরস্পার মিলিত হইয়া যায়। কিছু দিন পরে কোস্থু পুনরায় স্বাতন্ত্র্য অবলম্বন করে এবং চের রাজ্য নামে অভিহিত হয়। কেরল-রাজ্য স্বতন্ত্র থাকে।

তামিল এন্থে প্রবলপরাক্রান্ত এক চেররাজের পরিচয় পাই। তাঁহার নাম—চেরকুট্বন।
তিনি পাণ্ডারাজ নেছম-চেলিয়ানের এবং কারিকালার পৌত্র নেছ্মুদ্দিকিল্লি চোলের এবং
সিংহলরাজ প্রথম গজবাত্র সম্পাময়িক ছিলেন।

খুষ্টায় দাদশ শতাক্ষীর প্রারম্ভে ত্রিবাস্কুর রাজ্য চোল-সামাজ্যের অন্তর্ভুক্ত হয়। তথন রাজেক চোল কল্ডুফ চোল-রাজ্যে বিশেষ প্রতিষ্ঠাসম্পন্ন হইয়াছিলেন। •

দান্দিণাত্যে সতীয়পুত্র রাজ্য নামে আর একটা রাজ্যের পরিচয় প্রাপ্ত হই। অশোকের লিপিতেই মাত্র তাহার উল্লেখ দেখি। কিন্তু তাহার অন্ত কোনও বিশেষ বিবরণ দৃষ্ট হয় না। †

পরলোকগত মিপ্তার ফ্লবমে পিলে ত্রিবাজারের অধিনাসী। তিনি বিশেষ অধাবসায়ের সহিত্ত তিবাজােরের পুরাতত্ব অসুনদ্ধানে প্রবৃত্ত হন। তাহার মতে তিবাজাের—পৃথিবীর সভাতার আদিকেন্দ্র। ভারতীয় সভাতাবত আদি—তিবাজাের। তিবাজােরে মুসলমানগণ কখনও প্রবেশ করেন নাউ। মিপ্তার পিলের মতে তিবাজােরে এখনও প্রাচীন ভারতের আদি-ধর্ম আদি সভাতা, আচার বাবহার, বিধি নিংমের আদেশিন্দর্শন বর্ত্তমান। তাহার মতে, ভারতের ইতিহাসকে বৈজ্ঞানিক ভিত্তির উপর প্রতিপ্তিত করিতে হইলে, প্রথম দাকিশাতাের, বিশেষতঃ তিবাজাের রাজাের প্রভৃত্তমুদ্দান আবিশ্রক।

ত্রিবালোরে প্রায় শতাধিত নিপি আনিকৃত হুটুরাছে। ভাগাব অধিকাশেই 'ভটেলুটু' অক্ষরে নিবিত।
মিঃ পিলে সেই সকল নিশি হইতে ১১২৫ গুষ্টাব্দে বর্তমান ত্রিবালোর রাজ-বংশের পূর্বপুরুষগণের অভিত্ সন্ধান
ক্রিয়া পাইরাছেন। Vida Hints to Coin Collector in Southern India (Magnas 1889)

- † দক্ষিণ-ভারতের বিভিন্ন থণ্ড-রাজোর বিশরণ দম্পান আমার। অধানতঃ নিয়াল্মিত এছ সমূহের উপর নির্ভার ক্রিয়াছি। সেই সকল এছেও নাম অধান কালোম ; যথা,—
- (1) Tamil, Eighteen Hundred Vears Ago; Indian Antiquary, different volumes viz. II, VIII, XXIV, XXVI etc. South Indian Inscriptions, Vol. III; Elliot, Coins of Southern India (1885); Bhandarkar, Early History of the Fekkan; Tamilian Antiquary; An Account of the Primitive tribes and Monuments of the Nilagirla etc. etc.; V. A. Smith, Early History of India,

সপ্ততিংশ পরিচ্ছেদ

স্বাধীনতার শেষ-স্মৃতি।

[স্কনায় ;—পূর্বাহ্নস্তি ;—স্বাধীনতা প্রতিষ্ঠায় ;—পূর্ব্ব-পরিচয় ;—বিজয়-সেন ;—
বল্লালসেন ;—কোলীন্ত প্রথা ;—কোলীন্ত-প্রথার প্রবর্ত্তক কে ;—সেন-বংশ
কোন্ জাতায় ;—লক্ষণসেন ;—লক্ষণান্দ বা 'ল-সং' ;—মুসলমান
আক্রমণ ;—বৌদ্ধর্মের পরিণতি ;—মুসলমানের বঙ্গদেশ জয় ;—
মিন্হাজের বর্ণনা ;—বঙ্গ-বিজয়ের সত্যতা নিরূপণ ;—লিপির
প্রমাণ ;—বিক্দ্ধ-যুক্তির আলোচনা ;—সিদ্ধান্ত ;—
পরিপোষক যুক্তি-সমূহ ;—অন্দ-গণনায়
প্রামাণ্য ;—উপসংহার।]

স্থচনায়।

অন্ধকারে আবার একবার বিহাদিকাশ হটল।—বঙ্গের ভাগ্যাকাশে আবার একবার সৌভাগ্য-রবির উদয় ঘটিল। স্বাধীন বঙ্গের স্বাধীনতা আবার একবার ফিরিয়া আসিল।

পাল-বংশের শাসনাধানে বঙ্গদেশ যে স্বাধীনতা-গৌরবে গরীয়ান হইয়াছিল; পরেও আর একবার সে বঙ্গ-গৌরবে গৌরবায়িত হয়।

তবে এবার সে পদ্ধতির একটু পার্থক্য পরিলক্ষিত হইয়াছিল। 'নাংশুভায়' বিদ্রণে বঙ্গের জনসাধারণ গোপাল-দেবকে রাজা নির্বাচন করিয়াছিল।—এজাশক্তির পূর্ণ বিকাশ তথন প্রত্যক্ষীভূত হইয়াছিল। কিন্তু এবার সে শক্তির সে ক্রিয়া পরিলক্ষিত হইল না। যাহা হউক, নির্বাচন-পদ্ধতি বিভিন্ন হইলেও—রাজশক্তির পূর্ণ ক্রিয়া প্রত্যক্ষীভূত হইলেও,—বঙ্গের স্বাধীনতা অটুট ছিল,—তাহাতে কোনও সন্দেহ নাই।

পূর্কান্থপতি।

স্বাধীন বঙ্গের স্বাধীন নৃপতি গোপালদেবের বংশ বহুদিন বঙ্গে প্রতিষ্ঠিত ছিলেন। তাঁহাদের শাসনাধীনে বঙ্গের প্রজাতন্ত্র দ্বাদশ শতাকার শেষ ভাগ পর্যান্ত অক্ষুণ্ণ ছিল।

কিন্তু তাহার পর শাসন-তন্ত্রে পারবর্ত্তন ঘটিশ। তথন প্রজা-তন্তের পরিবর্ত্তে রাজতন্ত্র-শাসন বঙ্গদেশে প্রবর্ত্তিত হইল। কিন্তু তাহা হইলেও তথনও বঙ্গদেশ স্বাধীন!—তথনও বঙ্গদেশ স্বাধীনতা-গর্ব্বে গরীয়ান!

পাল-বংশের শেষ স্বাধীন নুপতি-মহেল্রপাল। তাঁহান্নই রাজত্বকালে বঙ্গদেশ পাল-

বংশের হস্তচ্যত হয়। পালবংশের হস্তচ্যত হইলেও বঙ্গদেশ তথনও স্বাধীনতা হারায় নাই। তথনও তাহার পূর্ব্ব-গৌরব অক্ষ ছিল,—তখনও সে স্বাধীনতা-গৌরবে গৌরবান্বিত!

১০৮০ খুষ্টাব্দে পালবংশের তৃতীয় বিগ্রহপাল, চেদিরাজ কর্ণকে বিধ্বস্ত করেন। ঐ বৎসরই বিগ্রহপালের লোকান্তর হয়। তাঁহার তিন পুত্র। সেই তিন পুত্রের নাম—দ্বিতীয় মহীপাল, দ্বিতীয় শূরপাল এবং রামপাল।

বিগ্রহপালের মৃত্যুর পর দিতীয় মহীপাল সিংহাসন প্রাপ্ত হন। কিন্ত ঈর্ষাপরবশ হইয়া তিনি ভাত্ত্বয়কে কারাগারে বন্দী করেন।

তথন উত্তর-বঙ্গে চাধী কৈবর্ত্তদিগের অত্যস্ত প্রভাব। তাহারা তথন বিশেষ ক্ষমতাশালী হইয়া উঠিয়াছিল। মহাপালের এই অস্থায়াচরণে কৈবর্ত্তগণ বিশেষ ক্রোধান্বিত হয়। দিব্য বা দিব্যাক নামক সন্ধারের অধিনায়কত্ত্বে কৈবর্ত্তগণ বিদ্যোহী হইয়া উঠে।

রাজা মহীপাল নিহত হন এবং কৈবর্ত্তগণ রাজ্য অধিকার করিয়া বসে। দিব্যোকের পর তাঁহার ভ্রাতৃপ্ত্র ভাম কৈবর্তগণের নেতৃতান অধিকার করিয়া বরেক্স-ভূমে প্রতিষ্ঠান্বিত হন। বঙ্গের সিংহাসন কৈবর্ত্তগণের কর্তৃলগত হয়।

মহীপালের অন্তায়াচরণে প্রজাশক্তি জাগরিত হইয়া উঠে। প্রজাগণের সজ্অ-শক্তির নিকট রাজশক্তি যে তিটিতে পারে না, কৈবর্ত্ত-বিদ্রোহ তাহারই জ্বলস্ত দৃষ্টাস্ত বলিয়া মনে করি। প্রজাশক্তির নিকট রাজশক্তি বিপর্যাস্ত হইল। জগৎ দেখিল,—স্বাধীন বঙ্গের প্রজাশক্তি কত ক্ষতাশালী। আর তাহার নিকট রাজশক্তি কত হীন। জগৎ আরও দেখিল,—যে প্রজাশক্তি একদিন মহীপালের পূর্ব্ব-পুরুষকে দিংহাসনে বসাইয়াছিল, সেই প্রজাশক্তিই আবার তাহার বংশধরকে সিংহাসনচ্যত করিল।

যাহা হউক, ভীম কর্ত্ক বরেন্দ্র ভূমি অধিকৃত হইলে মহীপালের প্রাভ্রম্ব কারাগার হইতে পলায়ন করিলেন। রাজপুত্র রামপাল পলায়ন করিয়া বহু আয়াসে সৈত্ত-সংগ্রহে প্রবৃত্ত হইলেন। পরে সেই সৈতের সহায়তায় কৈবর্ত্ত ভীমকে পরাজিত করিয়া রামপাল বঙ্গের সিংহাদন পুনর্বিকার করিলেন। ক্থিত হয়,—এই য়ুদ্ধে রাষ্ট্রক্ট-সৈত্ত রামপালকে সহায়তা করিয়াছিল। ভীম মুদ্ধে পরাজিত ও নিহত হইলেন। *

স্বাধীনতা-প্রতিষ্ঠায়।

১০৮০ খৃষ্টাব্দে কৈবর্ত্ত-বিদ্রোহের কয়েক বৎসর পর, কলিঙ্গ-রাজ্যের অশেষ শক্তিশালী রাজা চোরগঙ্গা উড়িয়ার উত্তর ভূভাগ পর্যান্ত আপনার আধিপত্য বিস্তার করেন। ১০৭৬ খুষ্টাব্দে চোরগঙ্গা কলিঙ্গের সিংহাসনে অধিষ্ঠিত হন।

কলিঙ্গ-রাজ্বের সামস্তদের নামক জনৈক কন্মচারী এই সময় দান্ধিণাতা হইতে আগ্ৰন

* বৈভাগেবের ককোঁলি দ'লপত্তে ভাষের পরাজার এবং মিখলা জানের ইভিছাস বিবৃত আছে।
সন্ধানের নদ্দী প্রনীত 'রামচরিত' নামক সমসামায়ক ঐতিহাসিক প্রন্তেও ইছার বিভ্ত বিবরণ প্রাপ্ত
ইই। নেপালে ঐ গ্রন্থ আবিকৃত হয়। Vide A. S. B. Memoirs. Vol. III. and
Epigraphika Indika, Vol. II.

যাহা হউক, সামস্তসেন অথবা হেমস্তসেন—যিনিই সে রাজ্য প্রতিষ্ঠা করুন; তাঁহারা কেহই বিশেষ ক্ষমতা পরিচালনে সমর্থ হন নাই। তাঁহাদের রাজ্যদীমা কাশীপুরীর' গণ্ডীর মধ্যেই সামাবদ্ধ ছিল। তাঁহারা সামস্ত বলিয়াই কিছুদিন পর্যান্ত পরিচিত ছিলেন।

সামস্তদেনের (সামস্ত দেবের) পৌত্র বিজয়সেন বিশেষ ক্ষমতাপন্ন হন। খৃষ্টীয় দ্বাদশ শতাব্দীর প্রারম্ভে বিজয়সেন স্বাধীনতা অবলম্বন করেন এবং পাল-বংশীয়দিগের নিকট হইতে বঙ্গের অবিকাংশ কাড়িয়া লন। স্বাধীন বিজয়-সেনের অধীন স্বাধীন বঙ্গে স্বাধীনতা প্রতিষ্ঠিত হয়।

এই বিজয়সেনই বঙ্গে দেন-বংশের প্রতিষ্ঠাতা। বিজয়সেন কর্ত্ব প্রতিষ্ঠিত রাজবংশই বাঙ্গালার ইতিহাসে 'দেন-বংশ' বলিয়া অভিহিত হয়।

> ু । প্রবর্গ প্রভিন্ন ।

সেন-বংশের যিনি প্রতিষ্ঠাতা, তাঁহার পূর্কাপুক্ষ ঠিক কোন্ সময়ে বঙ্গদেশে আগমন করেন, তাহার প্রকৃত তথ্য নির্ণয় করা স্লক্ঠিন। সেন-বংশের প্রবৃত্তিত তাম্রশাসনে এ সম্বন্ধে বেবিরণ প্রাপ্ত হই,—নিমে তাহা প্রকৃতিত করিতেছি।

তাত্রশাসনে সক্ষেপ্রথম সামস্তদেনের নাম দেখিতে পাই। তাঁহাদের ক্ষোদিত লিপিতে প্রকাশ,—সেনবংশীয়গণ ক্ষতিয়বংশসভ্ত। তৎসন্ধন্ধে যে উপাখ্যান প্রচলিত আছে, তাহা এই,— পূর্বকালে চন্দ্রবংশে নীর্দেন নামে রাজা ছিলেন। তাঁহার বংশে সামস্তদেন জন্মগ্রহণ করেন। সামস্তদেনের পূর্বে বাঁহারা সেনবংশে জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহারা রাঢ়দেশে বসতি করিতেন। † সামস্তদেনের পুত্রের নাম—হেমস্তদেন।

রাজসাহী জেলার 'দেবপাড়া' নামক স্থানে হেমস্তমেনের এক শিলালিপি আবিষ্কৃত হইয়াছে। সেই শিলালিপিতে দেখিতে পাই,—হেমস্তসেন 'নিজ ভুজবলে মদমত অরাতি-গণকে' নিহত করিয়াছিলেন। তাঁহার পত্নীর নাম—যশোদেবী।

ি * বিজয়সেন।

যাহা হউক, বিজয়দেন হইতেই যে দেনবংশের প্রতিষ্ঠা, তদ্বিষয়ে সন্দেহ নাই। পণ্ডিতগণ অমুমান করেন,—বিজয়দেন প্রথমে রাচ্দেশের সামান্ত এক অংশে আধিপত্য স্থাপন করিয়াছিলেন। পরিশেষে সমস্ত রাচ্ দেশ তাঁহার অধীনে আসিয়াছিল।

বিজয়সেনের রাজ্যকাল চল্লিশ বৎসর নির্দিষ্ট হয়। এই সময়ের মধ্যে বিজয়সেন কলিলের চোরগঙ্গার সহিত বন্ধুত্ব-বন্ধনে আবদ্ধ হন। কথিত হয়,—চোরগঙ্গা প্রায় সত্তর বৎসর কলিঙ্গ-রাজ্যে রাজত্ব করিয়াছিলেন। রাঢ়ও বঙ্গ অধিকার করিয়া, পরে বিজয়সেন পাল-সাম্রাজ্যের

- * কবিত ংয"— ময়ুবভঞ্ল রাজোর অভগত কেশিহারী অধুনা কাশীপুরীয় স্থান অধিকার করিয়াছে।
- † শামস্তাদনের অথবা কেমস্তাননের কোনও ভাত্রশাদন আবি পর্যান্ত আবিছ্বত হর নাই । তাবে দেবপাডার শিলালিপিতে এবং বলাল্দেনের ছাত্রশাননে পুর্বান্ধপ গবিচয় লিংপবদ্ধ আছে।

প্রতি দৃষ্টি সঞ্চালন করেন। দেবপাড়ার শিলালিপিতে প্রকাশ,—বিজয়সেন গৌড়ের অধিপতিকে পরাজিত করেন। পারিপার্থিক জনপদ-সমূত্রও তাঁহার আধিপত্য বিস্তৃত হয়।

পূর্ব্বোক্ত দেবপাড়ার লিপিতে আরও প্রকাশ—বিজয়সেন পরবর্ত্তিকালে ক**লিঙ্গ-রাজ্য** ও কামরূপ রাজ্য জয় করিয়াছিলেন। বঙ্গের প্রভুত্ব প্রতিপত্তি স্থদূর দক্ষিণাপথে পর্যান্ত বিস্তৃত হইয়া পড়িয়াছিল। অতঃপর নান্ত, বীর, রাগন ও বর্দ্ধন প্রভৃতি নূপতিগণ পরাজিত হন। বিজয়সেনের বীরদর্পে বঙ্গের গৌরৰ দিগিদত্তে বিস্তৃত হই মা পড়ে।

পরাজিত পূর্ব্বোক্ত চারি জন নূপতির মধ্যে নাজদেব মিথিলায় প্রতিষ্ঠিত ছিলেন। তদ্তির অন্ত কাহারও প্রকৃত পরিচয় পাওয়া বায় না। কথিত হয়,—এই নাজদেবই মিথিলার কর্ণাটক রাজবংশের প্রতিষ্ঠাতা। নেপাল-রাজবংশাবলিতে কর্ণাটক রাজবংশের তালিকায় সর্ব্বপ্রথম নাজদেবের নামই দেথিতে পাওয়া যায়। নাজদেবের রাজহ-কালে, ১০১৯ শকাবেশ (১০৯৭ খৃটাকে), লিথিত একগানি গ্রন্থ, বার্লিনের 'ওরিয়েন্টাল সোসাইটীর' পুস্তকাগারে সংরক্ষিত আছে। পণ্ডিতগণ বলেন,—সেই গ্রন্থে নিথিলার অধিপতি নাজদেব, বঙ্গেশ্বর বিজ্ঞানের সমসাম্থিক বলিয়া উল্লিখিত হইয়াছেন।

বল্লালমেন।

১১৫৮ খুটান্দে বিজয়সেনের লোকাস্তরে তৎপুত্র বল্লালসেন স্বাধীন বঙ্গের রাজসিংহাসন সনলম্বত করেন। উপযুক্ত পিতার উপযুক্ত সস্তান—বল্লালসেন বংশগৌরব পিতৃগৌরব অক্র রাজিতে সমর্থ হইয়াছিলেন। বল্লালসেন পিতৃতান্ত বিশ্বাসের অপলাপ করেন নাই;—বরং তাঁহার রাজত্বে বঙ্গের সেনরাজগণের মুথ অধিকতব উজ্জ্বল হইয়াছিল।

বঙ্গের সিংহাসনে অবিষ্ঠিত হইয়া বল্লালসেন সমাজ-সংস্থারে মনোনিবেশ করেন। বঙ্গের কৌলীত্য-এথা তাঁহার রাজন্বকালেই প্রবৃত্তিত হয়। বল্লালসেনই এই প্রথা প্রবর্তন করেন। কৃথিত হয়,—তিনি ব্রাহ্মণ বৈত্য এবং কায়স্থ—তিন জাতির মধ্যে সেই কেণিীত্য-প্রথা প্রবর্তন করিয়াছিলেন। ঐ তিন শেণীর মধ্যেই কৌলীত্য প্রবর্ত্তিত হইয়াছিল।

কৌলিত্যের প্রবর্তক কে ?

বল্লালসেন কর্তৃক বঙ্গদেশে কৌলীন্য-প্রথা প্রবর্ত্তন বিষয়ে নানা নতান্তর দেখিতে পাই। এক শ্রেণীর আপত্তিকারী আপত্তি তুলেন,—কৌলীন্য-প্রথ: প্রবর্ত্তন বিষয়ে বঙ্গে নানাবিধ প্রবাদের বিষয় শুনিতে পাই। কিন্তু তৎসন্থরে কোনও ঐতিহাসিক প্রমাণ পাওয়া যায় না।

কুলশাস্ত্র প্রভৃতিতে বল্লাল কর্ত্ব কোলীন্য প্রবর্তনের সমর্থন আছে বটে; কিন্তু তাঁহার শাসন বা দান-লিপিতে তাহার কোনই উল্লেখ নাই। এমন কি, বল্লালের পুত্র লক্ষ্ণসেন এবং তাঁহার পুত্র কেশবসেন ও বিশ্বরূপদেন যে সকল তামশাসনাদি প্রবর্তন করিয়াছিলেন, তাহাতেও তাহার নাম-গন্ধ পর্যন্ত নাই।

'সেনবংশের ঐ সকল নৃপতির বিবিধ দানের পবিচয় পাওয়া যায়। কিন্তু তাঁহারা যে সকল শাসনাদি বা দানপ্রাদি প্রদান করিয়াছিলেন, তাহাতে শাসন বা দানগ্রহণকারীর নাম ধাম

প্রভৃতি উল্লেখের সঙ্গে সঙ্গে তাঁহাদের নৃতন পদমর্যাদার কোনও উল্লেখই দৃষ্ট হয় না। * বলালসেন কর্তৃকই যদি সে প্রথা প্রবর্ত্তিত হইয়া থাকিত, তাহা হইলে অস্ততঃ তাঁহার নিজ প্রদত্ত শানুনাদিতে তাঁহার নবপ্রবর্ত্তিত প্রথার উল্লেখ অবশ্রুই থাকিত।

এইরপে পণ্ডিতগণ সিদ্ধান্ত করেন,—কৌলিন্য-প্রথা বল্লালদেনের প্রবর্ত্তিত নহে। অন্য কোনও নৃপতি কর্ত্ত্বক প্রবর্ত্তিত বলিয়াই োনবংশীয় নূপতিগণ তাহার প্রাধান্য দেন নাই। আর মেই জন্যই তাঁহাদের শাসনাদিতে উহার কোনও বৈশিষ্ট্য সংরক্ষিত হয় নাই।

পণ্ডিতগণের সিদ্ধান্ত প্রথম দৃষ্টিতে অব্যোক্তিক বলিয়া মনে হয় না। তবে এ সম্বন্ধে একটা সিদ্ধান্তে উপনীত হওয়া বাইতে পারে। কৌলান্য-প্রথার সহিত এ পর্যান্ত বল্লালসেন ব্যতীত অন্য কোনও নৃপতির নাম সংযোজিত হয় নাই। প্রাচীন পুঁথিপত্রে বা লিপি ও শাসনাদিতেও তাহার আভাস পাই না। তাই মনে হয়,—রাজনৈতিক কোনও বৈশিষ্ট্য ছিল না বলিয়াই, লিপি এবং শাসনাদিতে তাহার উল্লেখ কেহ আবশ্যক মনে করেন নাই। নচেৎ, কৌলিন্য-প্রথা যে বল্লালসেনেরই প্রবর্তিত, তাহাতে অবিশাসের কোনই কারণ দেখি না।

কথিত হয়, নলাল 'গৌড় বা লক্ষণাবতী' নগর প্রতিষ্ঠিত করিয়াজিলেন। কিন্তু ঐ নগর উাহার অনেক গুর্দ্ধ হইতেই বিছমান জিল, অনেকে সেই অভিমত প্রকাশ করেন। রামপালে—
বল্লালসেনের রাজ্থানী ছিল। * কেহ কেহ বলেন,—কৈবর্তগণের সহায়তায় বল্লালসেন উত্তর
বল্ল অবিকার করিয়াজিলেন। এইরুপে তিনি সম্প্র বিদেব অধীখর হন।

সেন-বংশ---কোন জাতি গ

সেন-বংশীয় নুপতিগণ কোন্ জাতীয় ছিলেন, তংগস্বন্ধে নানা বিতপ্তা দেখিতে পাই। কোনও কোনও মতে তাঁহারা চলুবংশোলৰ বলিয়া সিদ্ধান্তিত হন। সে মতে এই বংশের আদিভূত বীর্মেন চলুবংশে জন্মগ্রহণ ক্রিয়াছিলেন। স্ত্তবাং তাঁহারা ক্রিয় ছিলেন।

অন্য নতে আবার সেনগণ আজাণ্যপ্রভাষায়িত হিন্দুৰ মধ্যে গণ্য হন। পালদিগের সহিত তাহাদের বিরোধের ইহাই কারণ বলিয়া অনেকে সিদ্ধান্ত করেন। কারণ, পালবংশের নূপতি-গণ বৌদ্ধধানিল্ফী ছিলেন; আর সেন-বংশীয়েরা হিন্দু।

তথন সাম্প্রদায়িক দ্বন্দ বিশেষভাবে চলিতেছিল। আর সেই দ্বন্দের ফলে বৌদ্ধর্মের প্রভাব ধর্ম্ব হইয়া আসিতেছিল। সেনগণ জাতিভেদ-প্রথা অক্ষুণ্ণ রাখিবার প্রয়াসী; আর পাল-বংশীয়েরা ে দ্বন্দের পতাকাম্লে সে প্রথার মুলোক্ডেদে বদ্ধপরিকর। সেই জন্তই সেন-বংশীয় রাজগণ পাল-রাজনিগের প্রতিদ্বলী এবং তাঁহাদের প্রতি বিদ্ধেপরায়ণ ইইয়াছিলেন।

নাহা হউক, কথিত হয়,—বলালদেন তান্ত্রিক ছিলেন। হিন্দুধর্ম প্রচারের উদ্দেশ্যে— বিশেষতঃ তান্ত্রিকোপাদনার প্রাধান্ত-খ্যাপন জন্ত —বল্লালদেন, মগধে, ভোটরাজ্যে, চট্টগ্রামে, আরাকানে, উড়িয়ায় এবং নেপালে প্রচারক প্রেরণ করিয়াছিলেন। সেই প্রচারকদিগের সকলেই ব্রাক্তণ ছিলেন। †

* ঢাকা জেলার অন্তৰ্গত বিক্রমপুর পরগণার রামপালের স্থান নিন্দিষ্ট হয়। † Vide Archæological Survey of Mayurbhanja, Vol. I. এবং Proceedings, A natic Society of Bengal, 1902.

বল্লালসেন ক্টরাজনীতি-বিশারদ ছিলেন। তাঁহার পাণ্ডিত্যের অবধি ছিল না। সাহিত্যে তাঁহার যেমন অমুরাগ ছিল, তেমনি তিনি বিছোৎসাহী ছিলেন।

लक्ष्मग्रम्म ।

১১৭০ খৃষ্টাব্দে বল্লালসেনের লোকাস্তরে লক্ষ্মণদেন সিংহাসনে অধিরোহণ করেন। মুদল-মান ঐতিহাসিকগণের গ্রন্থে তিনি 'রায় লক্ষ্মণীয়া' নামে পরিচিত। কথিত হয়,—তিনি ৫১ একাল বৎসর রাজত্ব করিয়াছিলেন।

রাজ্যাহী জেলার অন্তর্গত মাধাইনগরে আবিস্কৃত রায় লক্ষণসেনের তামশাসন হইতে নিম্নলিখিত বিবরণ প্রাপ্ত হই ; যথা,—

১১১৯ খৃষ্টাব্দে শক্ষণসেন সিংহাসন লাভ করেন। তাঁহার মাতা চালুক্য-রাজ-কুনারী। তাঁহার নাম—রামদেবী। বৌধনে লক্ষণসেন "কলিঙ্গদেশের অঙ্গনাগণের সহিত কেলি করিয়াছিলেন।" লিপির এই উক্তি হঠতে বুঝিতে পারি,—লক্ষণসেন কলিঙ্গদেশ জয় করিয়াছিলেন। বঙ্গের আধিপতা দক্ষিণ-ভারতে বিস্তৃত হটয়াছিল। অধিকন্ত চালুক্যরাজগণ বঙ্গেশ্বর লক্ষণসেনের মিত্র মধ্যে পরিগণিত ছিলেন।

শক্ষণস্থেনর রাজ্যকালে কান্তকুজের থাড়োয়ার বংশীর রাজা মগধ অধিকার করেন। তথন গোবিন্দপাল নামক জনৈক রাজা মগধে প্রতিষ্ঠিত ছিলেন। পণ্ডিতগণের অনুমান,—বঙ্গদেশ হইতে বিতাড়িত হইয়া পালবংশীয়গণ তথন মগধে আধিপত্য স্থাপন করিয়াছিল। *

লক্ষণসেনের পুত্র কেশবসেন এবং বিজয়সেনের তাম্রশাসনে বারাণসীতে এবং প্রয়াগে লক্ষণ-সেনের বিজয়-স্তম্ভ প্রতিষ্ঠার পরিচয় পাই। অমুমান হয়,—মগধ-জয়ে অগ্রসর হইয়া লক্ষণসেন ঐ ছই রাজ্য অধিকার করিয়াছিলেন এবং সেথানে উত্তার বিজয়ের স্মতিচিহ্ন-স্বরূপ স্তম্ভদ্ম প্রতিষ্ঠিত হইয়াছিল।

লক্ষণসেনের প্রধানা মহিষী—তন্দ্রাদেবী বা তারাদেবী। তারাদেবীর গভজাত পুত্রদ্বয়ের নাম—বিশ্বরূপসেন এবং কেশবসেন।

দিনাজপুরের তপ্ণদীঘি গ্রামে লক্ষ্ণসেনের চারিথানি তাম্রশাসন আবিষ্কৃত হইয়াছে। নদীয়া জেলার আকুলিয়া গ্রামেও আর একথানি তাম্রশাসন পাওয়া গিয়াছে।

ঐ সকল তামশাসনে প্রকাশ,—লক্ষণসেন—বঙ্গ বিহার ও উড়িয়ার সকলেরই বরণীয় ছিলেন। মুস্লমান-গণের নিকট কালিফের যেমন সন্মান, ছিল্পাধারণের নিকট লক্ষণসেন ঠিক অনুরূপ সন্মান প্রাপ্ত হইতেন। হিল্পোনের আপামরসাধারণ—জাতিধর্ম-নির্বিশেষে সকলেই লক্ষণসেনের প্রতি প্রগাঢ় অনুরক্ত ছিল। সকলেই তাহাকে ভক্তি-শ্রদ্ধা করিত। তিনি দেশের ও সমাজের প্রধান ছিলেন।

ঐতিহাসিকগণ বলেন,—লক্ষণসেনের নিকট কদাচ সত্যের অপলাপ হয় নাই। তিনি

• Cunnigham's Archæological Reports, Vol. III. and Journal and Picceedings of the Asiatic Society of Bengal, Vol. V.

তুলাদণ্ডে বিচার করিতেন। অস্থায় অবৈধ তাঁহার দারা কদাচ সম্ভব হয় নাই। তাঁহার দানের অবধি ছিল ন'। লক্ষণসেনের দান-কাহিনী প্রবাদ-মধ্যে গণ্য হয়। হিউয়েনৎ-সাঙের গ্রন্থে রাজা হর্ষের দানের যে দৃষ্টাস্ত দেখিয়াছি, কথিত হয়, লক্ষণসেনের দান তদ্মুরূপই ছিল।

নদীয়ায় তাঁহার রাজধানী ছিল। লক্ষণসেনের রাজত্বকালে সেন-বংশের গোরব-রবি তুঙ্গ-স্থানে অবস্থিত হইয়াছিলেন। কিবা সাহিত্যে, কিবা শল্ল-বাণিজ্যে, কিবা কার্কচিত্রে— সেনবংশের গোরবের অবধি ছিল না।

শক্ষণসেনের শ্রেষ্ঠ কবি-প্রতিভার তুলনা নাই। তাঁহারই রাজত্ব-কালে, তাঁহারই উৎসাহ-বারিনিষেকে, 'গীতগোবিন্দের' কবি জয়দেব-প্রতিভার বিকাশ হইয়াছিল; তাঁবারই পূর্চ-পোষকতায় কবি ধোই বা গোইক—কালিনাসের 'মেঘদূতের' অনুকরণে কাবা-রচনায় সমর্থ হইয়াছিলেন। লক্ষণদেন যেমন গুণী তেমনি গুণগ্রাহী ছিলেন। যথার্থ পণ্ডিত তাঁহার নিকট স্কান সমাদ্র প্রাপ্ত হইত।

পিতার ন্যায় লক্ষণসেন ও একজন স্কর্ম ছিলেন। তাঁহার রচিত কবিতা প্রস্থৃতি—সাহিত্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার করে। মন্ত্রী বট্টকদাসের পুত্র শ্রীধর দাস কর্তৃক সংগৃহীত 'সছক্তি-কর্ণামৃত' নামক কাব্য-গ্রন্থে মহারাজ লক্ষণসেনের এবং তাহার সমসাময়িক কবিগণের কবিতা বিল সার্লিষ্ঠ রহিয়াছে। তন্মধ্যে লক্ষণসেনের কবিতা শ্রেষ্ঠস্থান অধিকার করে।

লক্ষণান্দ বা 'ল-সং'।

লক্ষণসেনের রজ্যারশ্বের সময় হইতে একটা অন্ধ-গণনার স্কানা হয়। সেই অন্ধের নাম— 'লক্ষণ সংবং', 'লক্ষণান্ধ' বা 'ল-সং'। বঙ্গদেশে সেন-বংশের উচ্ছেদের পরও বছনিন পর্যান্ত ঐ অন্ধের গণনা চলিয়াছিল। মিথিলার এবং বঙ্গের কোনও কোনও স্থানে এথনও ঐ লক্ষণান্ধ ব্যবস্থাত হইয়া থাকে।

লক্ষণসেনের এই অক্ সম্বন্ধে নানা মতাস্তর আছে। কাহারও কাহারও মৃত্ ঐ অক্ লক্ষণসেনের রাজ্য প্রাপ্তির বহু পূর্কা হইতেই চলিয়া আসিতেছিল। উহা লক্ষণসেনের প্রবৃতিত নহে। কিন্তু এ সিদ্ধান্ত বে অমূলক, তাহা সাধারণ-দৃষ্টিতেই বুঝিতে পারা যায়।

সেনবংশের সেই অন্দের নাম—'লক্ষণান্ধ'। লক্ষণসেনের পূর্ববর্ত্তী কোনও নৃপতি কর্তৃক প্রবৃত্তিত হইয়া থাকিলে, তিনি আপনার নামে ঐ অন্দের নামকরণ না করিয়া, অন্দের নাম লক্ষণান্ধ' 'লক্ষণ-সংবং', 'ল-সং' প্রভৃতি রাখিলেন কেন ? যদি বলা যায়,—সেনবংশের সে নৃপতির নামও লক্ষ্মসেন ছিল; কিন্তু হাঁহার নাম বংশলতায় সন্নিবিষ্ট না হইবার কারণ কি ? অপিচ, তিনিই যদি অন্ধ-প্রবৃত্তিক হন, তাহা হইলে তাঁহার তদম্বরূপ শক্তি-সামর্থ্য ছিল বুনিতে হইবে। স্কুরাং সেরপ প্রভুত্তমক্ষ্মন নৃপতির নাম বংশতালিকা হইতে বা ইতিহাস হইতে পরিত্যক্ত ইইবার বিশেষ কোনও কারণ অমুমান করিতে পারি না।

অতএব আমাদের মতে 'লক্ষণান্ধের' প্রবর্ত্তক বঙ্গাধিপতি রায় লক্ষণসেন বলিয়াই নির্দ্দেশিত ইন। তিনিই ঐ অন্ধের প্রবর্ত্তক। তাঁহারই রাজ্যারম্ভ হইতে অন্ধ-গণনার স্থচনা হয়।

বঙ্গে মুসলমান।

খুটীর দাদশ শতাব্দীর শেষ ভাগে মুসলমান আক্রমণের স্থ্রপাত হয়। সেই আক্রমণেই বঙ্গে পাল-বংশের ও সেন-বংশের উচ্ছেদ সাধিত হইয়াছিল। স্বাধীন বঙ্গের স্বাধীনতা সেই আক্রমণে চিরতরে বিলুপ্ত হয়।

যে প্রজ্ঞাশক্তি এক সময়ে বঙ্গকে স্বাধীন করিয়া তুলিয়াছিল, যে প্রজ্ঞাশক্তি বলৈ স্বাধীনতার স্বর্ণ-সিংহাসন প্রতিষ্ঠিত করিয়া, স্বাধীন রাজা নির্ব্বাচনে সে সিংহাসনে প্রতিষ্ঠা করিয়াছিল; সে শক্তি তথন বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছিল! তাই সোণার বাংলার স্বাধীনতার সে স্বর্ণ-সিংহাসন মুসলমান-আক্রমণে চূর্ণ-বিচূর্ণ ইইল। বজের গৌরব-রবি পশ্চিম-সাগরে চলিয়া পড়িল।

তখন দাসবংশীর কুতবৃদ্দিন দিল্লীর সিংহাসনে অধিষ্ঠিত। কুতবৃদ্দিনের প্রধান সেনাপতি বক্তিয়ারের পুত্র মহম্মদ, বিপুল বাহিনী সমভিব্যাহারে বঙ্গ বিহার ও উড়িয়া জয়ে অগ্রসর। ঐতিহাসিকগণ বলেন,—১১৯৭ খৃষ্ঠান্সের হই এক বৎসর পরে বক্তিয়ারের পুত্র মহম্মদ সহসা নদীয়া রাজধানীর সিংহলারে আসিয়া উপস্থিত হন। বিহার পূঠনের বিভীষণ চিত্রের প্রতিচ্ছবি তখন বন্ধবাসীর হৃদয়ে ভ্রদয়ে অন্ধিত। মুসলমান সেনাপতির আকম্মিক আগমনে সকলেই সম্প্রতাং অল্লায়াসেই মহম্মদ নদীয়া অধিকারে সমর্থ হইলেন।

সমসাময়িক মুসলমান ঐতিহাসিক মিন্হাজুদ্দীন সিরাজী, মহম্মদ কর্ভ্রক বন্ধ-বিহার বিজ্ঞরের চিত্র অন্ধিত করিয়াছেন। মুসলমান ঐতিহাসিকের সেই গ্রন্থের নাম—'তবকাং-ই-নাসিরি'। মিন্হাজুদ্দীনের সেই গ্রন্থে সে চিত্র যে ভাবে অন্ধিত হইয়াছে, আমরা ভাহার মন্মাভাস নিমে প্রদান করিতেছি। ঐতিহাসিক কহিতেছেন,—

১১৯৭ খুষ্টাব্দে মহম্মদ, মাত্র ছই শত (অশ্বারোহী) সৈন্ত লইয়া বিপুল বিক্রমে বিহারের ছুর্গ আক্রমণ করেন। সে আক্রমণের বেগ অসহ হওয়ায় ছুর্গস্বামী আত্মসমর্পণ করিতে বাধ্য হন। মুসলমানগণ ছুর্গ অধিকার করিয়া লয়।

বৌদ্ধ-ধর্ম্মের পরিণতি।

ছুর্গের অভ্যন্তরে বহুমূল্য ধনরত্ব ছিল। সকলই তাহারা পূঠন করিয়া লইল। বিহারে ভাহারা যে সকল 'মুণ্ডিত মন্তক' ব্রাহ্মণকে দেখিয়াছিল, তাহাদের সকলকেই মুসলমানগণ নৃশংসভাবে হত্যা করিল।' ঐতিহাসিক বলেন,—এমনই নৃশংসভাবে হত্যাকাণ্ড চলিয়াছিল বে, বিজ্ঞরী মুসলমান বীর পরে যথন 'বিহার' অভ্যন্তরত্ব পুন্তকাগারে প্রবেশ করিয়া, সংরক্ষিত গ্রন্থাদির বিষয় জানিতে চাহেন; তথন এমন একটা লোক জাবিত ছিল না যে, ভাহা ঐ গ্রন্থাদির বিষয় তাহাকে বুঝাইয়া দিতে পারে!—এমনই ভাবে বিহারের বৌদ্ধগণকে মুসলমানেরা হত্যা করিয়াছিল। *

मूननमानिएशत व्यक्ताहारत वोक्षरत्वत जिल्लि हुर्ग इरेन । विशासके वोक्षरत्वत जै०शिख ;

[•] Raverty, translation Tabakat-s-Nassrs. P. 552- বৌদ্ধাণ মতক মুখন করেন। মুভিত-মন্তক বৌদ্ধান্থকৈই মুন্দ্রবাদ ইভিন্তিক বুভিত বন্ধক প্রাহ্মণ বালয়াছেন। ইংয়েজী ভাষার পারত ভাষার অনুবাদ নাড়াইরাজে, - "Shaven headed Brahmans,"

সেখানেই তাহার উন্নতি-পরিপুষ্ট। সেই বিহার হইতে, মুসলমান আক্রমণে বৌদ্ধ-ধর্ম্মের উচ্ছেদ সাধিত হইল।

এই অত্যাচারের এবং হত্যাকাণ্ডের পরও বাঁহারা অবশিষ্ট ছিলেন, তাঁহারা অতি অল্পকালের জন্ত, মুসলমান কর্তৃক অপবিত্র বিহারাদিতে অবস্থান করিলেন। কিন্তু বৌদ্ধান্দ্রের সে প্রভাব বিহারে আর রহিল না। বৌদ্ধাতিগণের মধ্যে বাঁহারা মুসলমানের হস্ত ইইতে উদ্ধার পাইলেন, তাঁহারা পলায়ন করিয়া, কেহ তিব্বতে, কেহ নেপালে, কেহ দক্ষিণ-ভারতে গমন করিলেন।

তথন তিব্বতে, কুবলাই খাঁ, বুটনকে প্রধান লামার পদে প্রতিষ্ঠিত করিয়াছিলেন।
পলায়িত ভারতীয় বৌদ্ধের সহায়তায় বুটন সংস্কৃত ভাষার বৌদ্ধগ্রন্থ তিব্বতীয় ভাষায় অমুবাদ
করাইবার স্থাবিধা পাইলেন। ত্রয়োদশ শতাব্দীর শেষভাগে এইরূপে ভারতীয় পণ্ডিত
এবং তিব্বতীয় লামাগণ একযোগে বৌদ্ধ-ধর্ম-শাস্ত্র সঙ্কলন করিলেন। সপ্তদশ শতাব্দীতে
চীনদেশ হইতে তিব্বতে মুদ্রণ-পদ্ধতি প্রথপ্তিত হইয়াছিল। সেই পদ্ধতির সহায়তায়
ভারতীয় সমস্ত বৌদ্ধগ্রন্থ তিব্বতে সংরক্ষণের ব্যবস্থা হইল।

मूमलमात्नत तक्रविकय ।

বিহার মুসলমানদিগের করতলগত হইল। তখন তাঁহারা বঙ্গদেশের প্রতি লোলুপ-দৃষ্টি সঞ্চালন করিলেন।

তখন লক্ষণসেন বঙ্গের সিংহাসনে অধিষ্ঠিত। মুস্লমান ঐতিহাসিক মিন্হাজুদ্দিনের বর্ণনায় প্রকাশ,—লক্ষণসেন তখন অনীতিপর বৃদ্ধ হইয়াছেন। পলিতকেশ লোলিতচর্ম লক্ষণসেন অত্যস্ত ধর্মজীক ছিলেন। তাঁহার জন্মকালে পণ্ডিতগণ ভবিষ্যদ্বাণী কহিয়াছিলেন। সেই ভবিষ্যদ্বাণী শ্বরণ করিয়া, লক্ষ্ণসেন মুস্লমানের হস্তে বঙ্গদেশ অর্পণ করিলেন।

১১৯৯ খৃষ্টাব্দে বিহার জন্ম করিয়া বক্তিয়ারের পুত্র মহম্মদ, নদীয়া রাজধানীতে উপস্থিত হ্ইলেন। প্রথমে নদীয়ার অধিবাসীরা তাঁহাকে অশ্বব্যবসায়ী বলিয়া মনে করে। কিন্তু মহম্মদ যখন লন্মণসেনের রাজধানীর সিংহল্পারে যাইয়া উপস্থিত হন, তথন তিনি তরবারি নিক্ষাশিত করিয়া রাজপ্রাসাদের রক্ষকদিগকে আক্রমণ করেন। *

তথন মধ্যাহকাল। রাজা লক্ষণসেন আহারে বসিয়াছেন। সেই সময়ে তিনি মুসলমান আক্রমণের এই সংবাদ প্রাপ্ত হুইলেন।

তাহার পরবর্ত্তী ঘটনা মুসলমান ঐতিহাসিকের গ্রন্থে নিয়রপ বর্ণিত হইয়াছে,—
'লক্ষণসেন তথন আহার পরিত্যাগ করিয়া থিড়কি দিয়া পলায়ন করিলেন। তাঁহার
জ্ञা-পুত্র-পরিজন, বিবিধ মণিমাণিক্য পূর্ণ রাজভাণ্ডার, পরিচারক পরিচারিক।—সকলই
পড়িয়া রহিল। মুসলমান আক্রমণকারী তাহাদিগের সকলকে বন্দী করিয়া লইলেন।
বহুসংখ্যক হয়, হস্তী এবং অসংখ্য ধন রত্ব আক্রমণকারী লুঠন করিয়া লন। তার পর
যখন মহুমদের কৌজ আসিয়া পৌছিল, তখন তিনি নদীয়ায় আছ্ডা স্থাপন করিলেন।

[†] Elliot, History of India, Vol. II.

রোজা লক্ষণসেন বিক্রমপুরে পলায়ন করেন। সেধানেই তাঁহার লোকান্তর হয়। এদিকে মুসলমানগণ নদীয়া রাজধানী ধবংস করিল। পরে গৌড়ের রাজধানী লক্ষণাবতীতে তাহাদিগের আড্ডা স্থাপিত হইল। নদীয়া রাজধানী লুগ্ঠন করিয়া মহক্ষদ লুক্তিত সামগ্রীর কিয়দংশ দিল্লীতে তাঁহার প্রভু কুতবুদ্দিনের নিকট উপঢোকন স্বরূপ প্রেরণ করিলেন।

এইরূপে স্বাধীন বঙ্গের স্বাধীনতা নষ্ট হইরা মুসলমানের স্বধীনতা-শৃঙ্খলে আবদ্ধ হইল।

লক্ষণসেনের বংশধরগণ।

যাহা হউক, ১১৭০ খৃষ্টাব্দের পর ১২০০ খৃষ্টাব্দের মধ্যে লক্ষণসেনের তিন পুত্র যথাক্রমে গৌড়ের সিংহাসনে আরোহণ করিয়াছিলেন,—প্রমাণ পাওয়া যায়। তাঁহাদের প্রদন্ত তাশ্রশাসনে প্রকাশ,—কেশবসেন ও বিশ্বরূপসেন মুসলমানদিগের সহিত যুদ্ধে লিপ্ত ছিলেন।

পরবর্ত্তিকালে, পূর্ব্ববঙ্গে এই দেনবংশীয় নূপতিগণ মুসলমানদিগের অধীনে অনেকদিন পর্যান্ত বর্ত্তমান ছিলেন। নদীয়া রাজধানী বিধ্বন্ত হইবার পর তাঁহারা পূর্ব্ব-বঙ্গে পলায়ন করেন। সেখানে তাঁহাদের চারি পুরুষের পরিচয় পাওয়া যায়। *

সেন-বংশের বংশশত।

প্রত্নতামুসন্ধানে সেন-বংশের স্বাধীন নৃপতিগণের বংশ তালিকা যেরূপভাবে নির্দিষ্ট হয়, তাহার আদর্শ নিম্নে প্রকটিত করিতেছি; যথা,—

বীরসেন

সামস্তদেন

হেমন্তদেন = যশোদেবী

विकारमन = विनामामवी (भूतताक-वः भत क्छा)

वहांगरमन = तांगरमती (हांगुका-तरामत क्या)

লক্ষণসেন = তক্সাদেবী বা তারাদেবী

মাধ্বদেন

কেশবসেন

বিশ্বরূপদেন

বন্ধ-বিশ্বয়ের সত্যতা নিরূপণ।

যাল্যকাল হইতেই আমরা শুনিরা আসিতেছি, মুসলমান ঐতিহাসিকও বলিরাছেন,—মাত্র সপ্তদশ জন অখারোহী সৈপ্ত লইরা বক্তিয়ার থিলিজি বালালা দেশ জর করিরাছিলেন। তথন লক্ষণসেন নদীয়ার সিংহাসনে অধিষ্ঠিত। তিনি মুসলমানের আগমনে প্রাণ্ডয়ে পলায়ন করেন, বক্তিয়ার নদীয়া অধিকার করে।

কিন্তু মুসলমান ঐতিহাসিকের উক্তিতে এবং জ্বনপ্রবাদে কি সত্য নিহিত আছে, তাহা নির্ণয় করিবার তল্প প্রয়াসই হইরাছে। আধুনিক প্রত্মতবিদ্যাণ এতছক্তির যাথার্থ্য নির্ণয়ের কভকটা প্রয়াস পাইরাছেন এবং একটা সিদ্ধান্তও উপনীত হইরাছেন।

মুসলমান ঐতিহাসিকের বর্ণনায় এবং জনপ্রবাদ মূলে নদীয়া রাজধানীর বিষয় উল্লিখিত আছে। কিন্তু নদীয়ায় বে সেনবংশের রাজধানী ছিল, ঐতিহাসিক সত্যতামূলক তাহার কোনও বিশিষ্ট প্রমাণ আজি পর্য্যস্ত পাওয়া যায় নাই। বক্তিয়ার বা তাঁহার পুত্র কোন পথে নদীয়ার রাজধানীতে আগমন করেন, তাহারও কোনও নির্মণ্ট আজি পর্য্যস্ত নির্মণিত হয় নাই।

এক শ্রেণীর পণ্ডিতগণ তাই বলিয়া থাকেন,—'নদীয়াই যদি লক্ষণসেনের রাজধানী হয়, তাহা হইলে মহম্মদ বজিয়ারকে বিহার হইতে নদীয়ায় আসিতে হয়। স্থতরাং নদীয়ায় আসিতে তাঁহাকে নিশ্চরই গোড়-রাজধানী অধিকার করিতে হইয়াছিল। রাজমহলের পথেই বদি তিনি আসিয়া থাকেন, তাহা হইলে সেই পথে গোড় অভিক্রম করিতে তাঁহার বহুসংখ্যক সৈপ্তের আবশ্রক হইয়াছিল। ঝাড়থণ্ডের বদ্ধুর পার্ক্ত্য-পথ অভিক্রম করা, সপ্তদশ জন অধারোহীয় পক্ষে কথনই সম্ভবপর হয় নাই।'

তার পর, আক্রমণ-কারীর নাম শইয়াও গোল দেখিতে পাই। সপ্তদশ অশ্বারোহী শইয়া বিজিয়ারের নদীয়া দথলের বিষয়ই জ্বনপ্রবাদ মূলে প্রচারিত; কিন্তু মূললমান ঐতিহাসিকের মত অক্তরপ। তিনি বলেন,—বিজিয়ারের পুত্র মহম্মদই সেই অভিযানের নেতা। 'এইরপ বিরোধ-ক্ষেত্রে, ঐতিহাসিক প্রমাণে কি প্রতিপন্ন হয়, তাহাই অনুসন্ধান করা প্রয়োজন।

প্রকৃতপক্ষে লক্ষণসেনের জীবিতকালে মুসলমানগণ তাঁহার রাজধানী অধিকার করিয়াছিলেন কিনা,—প্রথমে তাহাই নির্ণয় করিতে হয়। এ সম্বন্ধে নানা মতান্তর আছে। প্রথম মতান্তর—কাল নির্দেশ লইয়া। বল্লালসেনের কালনির্ণয়েই প্রক্রমন্ত্রন্ত্রন্তর্ভাগনের গবেবণা পর্যাদন্ত হয়। যদি তাঁহার কালেরই কোনও নির্যণ্ট না মিলিল, পরবর্ত্তী নূপতিগণের কাল যে নিশ্চররূপে নির্ণীত হওয়া সম্ভব নহে,—সাধারণ-দৃষ্টিতেই তাহা উপলব্ধ হয়।

লক্ষণসেন একজন বীরপুরুষ ছিলেন। কলিল এবং মগধ প্রভৃতি বিজয়ী লক্ষণসেন, মুষ্টিমের মুসলমান-সেনার ভরে সর্বস্থা পরিত্যাগ করিরা পলারন করিবেন,—কোনক্রমেই তাহা বিশ্বাস করিতে পারি না। স্থভরাং মনে হয়,—মুসলমান ঐতিহাসিকের উজির মধ্যে কোনও গুঢ় রহস্থ নিহিত আছে।

বালাণীকে ভীর প্রতিপন্ন করিবার বস্তু সকলেই প্রেরাস পাইরা থাকেন। ভাই বন্ধসেনের চ্রিত্র মসীমপ্তিত করিরা বন্ধবাসীকে জগতের নিকট হের প্রতিপন্ন করিবার প্ররাস ভিন্ন ইহাকে আর কি বলিতে পারি ? সীতারাম, প্রতাপাদিতা, মোহনলাল প্রভৃতি বালালী-বীরছের শ্রেষ্ঠ নিদর্শন বর্ত্তমান থাকিতে বাঙ্গালী-চরিত্রকে হীন করিবার এ প্ররাস, ইত্তর্ভুত্ত বলিয়া মনে করি। নচেৎ, বঙ্গবিজয়মূলক প্রচলিত গাথার কোনও সভ্য নিহিত নাই।

লিপির প্রমাণ।

যাহা হউক, সভ্য তথ্য কি, এক্ষণে তাহাই নির্ণয়ের প্রয়াস পাইতেছি। প্রক্বতপক্ষে মহমাদ বক্তিয়ারের আগমনের অনেক পূর্কেই লক্ষণসেনের রাজ্যকাল পরিসমাপ্ত হয়। বিবিধ লিপি হইতে এই মত সমর্থিত হইরা থাকে।

লন্ধানের কাল-নিরূপক চারিটা লিপির উল্লেখ পঞ্জিতগণ করিয়া থাকেন। সে চারিটা লিপির বিষয় নিয়ে প্রদর্শন করিভেছি; যথা,—

- (১) গরার লিপিতে অশোকবল্লের নাম দেখিতে পাই। ঐ লিপি ১৮১৩ বৃদ্ধ-নির্ব্বাণাব্দে উৎকীর্ণ হইয়াছিল সপ্রমাণ হয়।
- (২) অশোকবল্পের প্রবর্ত্তিত গয়া-লিপিতে আছে,—"শ্রীমল লন্ধণসেনতা হৈছে। সং ৫১ ভারুদিনে ২৯।
- (৩) অশোকবল্লের আর একটা নিপি বৃদ্ধগরার দৃষ্ট হর। সেই নিপিতে আছে,—
 "শ্রীমন লক্ষ্ণদেবপাদানামতীতরাজ্যে সং ৭৪ বৈশাখবদি ১২ গুরৌ।"
- (৪) বৃদ্ধগরার অশোকবল্লের আর একটা লিপি পরিদৃষ্ট হর। সে লিপিতেও লক্ষণসেনের নামের উল্লেখ আছে, এবং সেখানেও একই প্রকার কালের নিদর্শন প্রাপ্ত হই। অপিচ, লিপি-সমূহে উল্লিখিত লক্ষণসেন যে একই ব্যক্তি সেখানে তাহাও বলিতে পারি।

এই চতুর্বিধ লিপির প্রমাণে কেহ কেহ লক্ষণসেনের রাজ্যকাল অতীত হইলে বঙ্গে মুদলমান আগমনের বিষয় সপ্রমাণের প্রয়াস পান। তাঁহাদের মতে বুদ্ধনির্বাণান্ধ ১৮১৩ সর্ববাদিসম্মত নহে বলিয়া, ঐ লিপির উল্লিখিত কাল গণনাঙ্কে পরিবর্জ্জিত হয়। তাঁহারা দিতীয় এবং তৃতীয় লিপির প্রামাণ্যই অধিকতর প্রবল বলিয়া স্থির করেন। সেই নির্দ্ধারণের অনুসরণে তাঁহারা আলোচনায় অগ্রসর হন।

ডক্টর কিলহর্ণের মতে,—লিপিতে উল্লিখিত লক্ষণান্দ ১১১৯-২০ খৃষ্টাব্দে স্টিত হয়। লক্ষণসেনের রাজ্যপ্রাপ্তিকাল হইতেই ঐ অব্দের স্টনা,—তিনি সিদ্ধান্ত করেন। ডক্টর কিলহর্ণ্
বলেন,—লক্ষণসেনের রাজত্ব-কালে, তাঁহার রাজ্য-সত্ত্বর "গ্রীল লক্ষণসেনদেবপাদানামতীতরাজ্যে" অথবা 'প্রবর্দ্ধনানা নিম্নার্টনের' নামে অভিহিত হইত। এই সংস্কৃতাংশের মর্ম্ম হয়,—তথন
লক্ষণসেনের রাজ্যের স্টনা হইতে কালগণনা আরম্ভ হইলেও, লক্ষণসেনের রাজত্ব বহু পূর্বেই
অতীত হইরাছিল। 'রাজ্যে' শব্দের সহিত 'অতীত' শব্দের সংযোগে এই ভাবই প্রকাশ হয়।
কাল-গণনার অতীত সত্ত্বেরই ধরিতে হইবে।

বিতীর লিপিতে আছে,—'৫১ তিন্তিন্তির।' এই বাক্যে সিদ্ধান্ত হর,—লক্ষণসেন ৫১ বংসরের অধিককাল রাজ্য ভোগ করেন নাই। লক্ষণসেনের লক্ষণাল ১১১৯-২০ খৃষ্টান্দে আরম্ভ হয়। তাঁহার অভিবেক-কাল হইতে সে অন্দের গণনারম্ভ। স্বভরাং প্রতিপন্ন হয়,—
১১১৯ + ৫১ = ১১৭০ খৃষ্টান্দের পর লক্ষ্ণসেন সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন না। মহক্ষদ বক্তিয়ার

১২০০ খৃষ্টাব্দে নদীয়া লুঠন করেন। স্থতরাং প্রতিপন্ন হয়,—লক্ষণসেনের রাজ্যাবসানের প্রায় ত্রিশ বৎসর পরে বক্তিয়ার নদীয়া-লুঠনে অগ্রসর হইয়াছিলেন।

এ হিসাবে মুসলমান ঐতিহাসিকের উক্তি সম্পূর্ণ অমূলক সপ্রমাণ হয়।

বিরুদ্ধ যুক্তির আলোচনা।

কিন্তু আর এক শ্রেণীর পণ্ডিত প্রতিবাদে মিন্হাজের উক্তির যাথার্থ্য-সপ্রমাণে অগ্রসর হন। এই মতের প্রতিষ্ঠা কল্পে তাঁহারা যে যুক্তিজালের অবতারণা করেন, এস্থলে তাহার কিঞ্চিৎ মর্মাভাস প্রদান করিতেছি।

তাঁহারা স্টনায় মিন্হাজের উক্তি বিশ্বাস্থােগ্য বলিয়া গ্রহণ করিয়াছেন; বলিয়াছেন,—
আধুনিক প্রত্নতাত্ত্বিকদিগের প্রকৃতি—মিন্হাজের উক্তির অসারত্ব প্রতিপন্ন করা। মিন্হাজ
সমসাম্যিক ঐতিহাসিক। তিনি স্বয়ং যাহা প্রত্যক্ষ করিয়াছিলেন, তাহাই লিপিবদ্ধ
করিয়াছেন। জনশ্রতির উপর তিনি আদৌ নির্ভর করেন নাই। ঐতিহাসিককে বিশ্বাস
করিবার আর এক কারণ,—ডক্টর কিলহর্ণ বিবিধ গবেষণায় যে তথা উদ্লাটনের প্রয়াস
পাইয়াছেন, মিন্হাজের গ্রন্থে তাহা পুর্বে হইতেই বিভাষান আছে।

নিন্হাজের মতে,—লক্ষণদেন আশী বংসর জীবিত ছিলেন। আর সেই আশী বংসরই তিনি রাজ্যভোগ করিয়াছিলেন। ১২০০ খৃষ্টান্দে মহম্মদ বক্তিয়ার নদীয়া লুঠন করেন।
ডক্টর কিলহর্ণের মতে, ১১১৯-২০ খৃষ্টান্দে লক্ষণদেনের রাজ্যারম্ভ হয়। ১২০০ খৃষ্টান্দে মহম্মদ
কর্ত্ত্ব নদীয়া আক্রমণ এবং ১১১৯-২০ খৃষ্টান্দে লক্ষণসেনের রাজ্যপ্রাপ্তি—এতহভয়ের ব্যবধান
সে ক্ষেত্রে ৮০ বংসর দাঁড়ার। স্কুতরাং লক্ষণান্দ লক্ষণসেনের জন্মকাল হইতেই আরম্ভ ইয়াছিল, সপ্রমাণ হয়।

মিন্হাজের গ্রন্থ হইতে নিম্নোক্ত কয়েকটী প্রাণান এবং আবশ্যক বিষয় অবগত হওয় যায়,—
(২) লক্ষাণসেন যথন মাতৃগর্ভে, বল্লাল তথন লোকান্তরে; (২) সন্তান প্রসবকালে লক্ষাণসেনের
মাতা পরলোকগমন করেন। (৩) জন্মমুহর্ত হইতেই লক্ষ্ণসেন সিংহাসনে প্রতিষ্ঠিত হন।
(৪) লক্ষ্ণসেন আশী বংসর জীবিত ছিলেন। (৫) মহম্মদ বক্তিয়ার যথন নদীয়া লুঠন করেন,
লক্ষ্ণসেন তথন অশীতিপর বৃদ্ধ হইয়ছিলেন।

কিন্তু 'লঘুভারত' ঐতিহাসিক গ্রন্থ হইতে এতদ্ভিন্ন আর ছইটী তথ্য সংগৃহীত হয়; যথা,—
(১) বিক্রমপুরে যথন লক্ষণসেনের জন্ম হয়, বল্লালসেন তখন রাজধানীতে উপস্থিত ছিলেন না।
তথন মিথিলায় য়ুদ্ধ চলিতেছিল। বল্লালসেন তখন মিথিলায় মিথিলাধিপতির সহিত য়ুদ্ধে ব্যাপৃত।
(২) মিথিলার য়ুদ্ধে বল্লালসেনের মৃত্যুমূলক মিথ্যা জনয়ব রাটয়াছিল। বস্তুতঃ য়ুদ্ধে তিনি
বিজয়লাভ করিয়া প্রত্যার্ত্ত হইয়াছিলেন।

মিন্হাজের এবং 'লঘুভারতের' পূর্ব্বোক্ত উক্তি-সমূহ তুলনায় সমালোচনা করিলে বুঝা যায়,
—() বিক্রমপুরে লক্ষণসেঁন যথন জন্মগ্রহণ করেন, বল্লাল তথন জীবিত ছিলেন; মিথিলায়
তথন যুদ্ধ চলিতেছিল। বল্লালের মৃত্যুর মিথ্যা সংবাদ শুনিয়া রাজমন্ত্রী এবং রাজ-পারিষদগণ
লক্ষণসেনকেই সিংহাসনে প্রতিষ্ঠিত করেন।

(২) রাণী সম্ভান-প্রস্বের সময় পরলোকগমন করেন। এই সকল ঘটনার স্থৃতিমূলে 'লক্ষণান্ধ' স্টনা-বিষয়ক সিদ্ধান্ত তাই অযৌক্তিক বলিয়া মনে হয় না।

এ হিসাবে জ্বোৎসব এবং অভিষেকোৎসব একই সময়ে একযোগে সম্পন্ন হয়,—
বিক্লবাদীর ইহাই সিদ্ধান্ত। তাঁহারা আরও বলেন,—মুসলমান কর্তৃক ১২০০ খুষ্টাবেদ
নদীয়া লুন্টিত হয়। মিন্হাজ বলেন,—তথন লক্ষণসেনের বয়স ৮০ আশী বৎসর। স্থতরাং
১২০০—৮০=১১২০ খুষ্টাবেদ লক্ষণসেনের জন্ম নির্দিষ্ট হইতে পারে। এ সময় হইতেই
'লক্ষণান্দ' গণনা আরম্ভ হয়। এ হিসাবে, ডক্টর কিলহর্ণের গণনার সহিত বেশ মিলিয়া যায়।

তার পর অশোকবল্লের শিপির কথা। বিরুদ্ধবাদী বলেন,—অশোকবল্লের তিনটী শিপির একটী ১৮১৩ বৌদ্ধ-নির্ব্বাণান্দে এবং দ্বিতায়টা ৫১ অতাত রাজ্য বংসরে এবং ভৃতীয়টী ৭৪ অতীত-রাজ্য বৎসরে উৎকীর্ণ হইয়াছিল।

প্রথমোক্ত কাল 'মহাপরিনির্বাণ' নামক স্থপ্রসিদ্ধ বৌদ্ধ-গ্রন্থে নির্দিষ্ট আছে। লিপির সমর্থক বাহারা, তাঁহারা 'মহাপরিনির্বাণোক্ত' ১৮১০ বুদ্ধনির্বাণান্দ উপেক্ষা করিয়াছেন। তাঁহাদের হেতু—যথন চীনপরিব্রাজক হুয়েনং-সাং ভারত-ভ্রমণে আগমন করেন, তাংকালিক বৌদ্ধগণ 'মহাপরিনির্বাণোক্ত' কাল-পরিচ্যাদি সম্বন্ধে নানা বিরুদ্ধ মত পোষ্ণ করিয়াছিলেন। স্থতরাং মতাস্তর-ক্ষেত্রে সে অন্ধ গ্রহণ করা বায় না।

কিন্ত বিশ্বদ্ধবাদীর যুক্তি—দে সময় মতান্তর থাকিলেও পরে তাহার মীমাংসা হইয়াছিল।
সিদ্ধান্ত হয়। কারণ, ত্রমোদশ শতাকীতে বোদ্ধগণ বুদ্ধনির্ব্ধাণান্দকে একটা নিদ্দিষ্ট গণ্ডীর মধ্যে
ছির করিয়া লইয়া তাঁহারা ঐ অন্ধ ব্যবহার করিতোছলেন। *

ভারতীয় বৌদ্ধদিগের নিকট অবগত হই, — বর্তুমান ১৯২৬ খৃষ্টাব্দ = ২৪৭০ বুদ্ধনির্ব্বাণাব্দ, সে হিসাবে লিপির ১৮১৩ বৌদ্ধনির্ব্বাণাব্দ—১২৬৯ খৃষ্টাব্দে যাইয়া পড়ে। স্থতরাং প্রতিপর হয়,—১৮১৯ নির্বাণাব্দ এবং ৫১ ও ৭৪ অতীতরাজ্য বংসর, রাজা অশোকবদ্ধের রাজ্যকালের মধ্যে প্রায় কাছকাছি মিলিয়া যায়।

এ হিসাবে একটা অসামঞ্জন্ম দাঁড়াইয়া যায়। পুনের এক মতে সিদ্ধান্ত ইইয়াছে,—৫১
আতীত রাজ্য বৎসর = ১১৭০ খুটান্ধ। কিন্তু এ হিসাবে ঐ ৫১ অতীত রাজ্য বৎসর = ১২৬৯
খুটান্ধ হয়। স্বতরাং প্রায় এক শত বৎসরের গোল দাঁড়াইয়া যাইতেছে। এ বৈষন্যে কিরূপে
সাম্য সাধন সম্ভবপর। স্বতরাং 'অতীত রাজ্যে' বাক্যের অন্ত কোনরূপ তাৎপর্য্য বাকা
সম্ভবপর। কিলহর্ণ প্রমুথ পণ্ডিতগণ 'অতীত রাজ্যে' পদ্বয়ের যে অর্থ নিদ্ধানন করিয়াছেন, তাহা তাহার প্রকৃত তাৎপর্য্য নহে। 'অতীত রাজ্যে' পদ্বয়ের অর্থ তাই বিকল্পবাদী
পণ্ডিতগণ ছির করেন,—'রাজ্যে অতীতে সতি' অর্থাৎ 'রাজ্যকাল গত ইইলো।' এ হিসাবে
১২০০ খুটান্দে লক্ষ্মণ্যনের লোকান্তর ধরিলে, ১২৬৯ খুটান্দ = ১৮১৩ বুদ্ধ-নির্ব্ধাণান্দ =

শ বিশেষ মতে সংগ্রাণ হয়,—এক সময়ে বুদ্ধের নির্বাণান্দ ভারতে. সিংহলে এবং জন্ধানে বিশেষভাবে আচলিত ছিল। ৫০০ পূর্ব-গৃত্তীক হইতে উহার আরম্ভ প্চনা (Prinsep's Useful Tables)। কবিত হয়.—এ৪(৫৩ অতীত রাজ্য ব্বসরে দেন-বংলের ক্তক্তাল লিপি উৎকীণ হইরাছিল। বিশ্ব সে সকল দিশির সন্থান আজি প্রতি মিলে নাই।

৬৯ 'বাতীতরাজ্য' বংসর। এই হিসাবে, বাতীতরাজ্য বংসর ৫১ ও ৭৪ 'বাতীতরাজ্য' বর্বের মাঝামাঝি পড়ে। হুতরাং মিন্হাজের উক্তি অমূলক বলিয়া বিশাস হয় না। তিনি সমসাময়িক। তাঁহার উক্তি সম্পূর্ণ বিশাস্যোগ্য বলিয়া সিদ্ধান্ত হয়।

.

এক্ষণে প্রকৃত সিদ্ধান্ত কি, তাহাই দেখা যাউক। (১) মিন্হাজ বলিয়াছেন,—লক্ষণসেনের জন্মকালে তাঁহার পিতা বলালসেন জীবিত ছিলেন না। লক্ষণসেন মাতৃগর্ভে থাকিতেই বলালসেন পরলাকগমন করিয়াছিলেন। মিন্হাজ মিথিলার যুদ্ধের বিষয় উল্লেখ করেন নাই। (২) 'লল্ভারত' বলিয়াছেন,—লক্ষণসেন যথন জন্মগ্রহণ করেন, তথন বলালসেন মিথিলার যুদ্ধে নিযুক্ত ছিলেন; রাজধানীতে উপস্থিত ছিলেন না। তথন তাঁহার লোকান্তর হয় নাই।

এখানে ছইটা বিকল্প মত দেখিতে পাইলাম। একজন বলিলেন,—লক্ষণসেন জন্মিবার পূর্বেই বল্লালের লোকাস্তর হয়; আর একজন কহিলেন,—সে কথা ঠিক নহে। সে সময় বল্লাল জীবিত ছিলেন; তিনি রাজধানীতে ছিলেন না—মিথিলায় যুদ্ধ করিতেছিলেন। এই অসামঞ্জন্ম মত-প্রতিষ্ঠার পরিপন্থী দেবিয়া বিক্রমবাদী একটা মধ্য-পন্থা অবলম্বন করিলেন। তিনি উভরকেই বাঁচাইয়া বলিলেন,—'মিন্হাজ এবং 'লঘুভারত' উভয়েই সত্য কহিয়াছেন। বল্লালসেন তথন জীবিত থাকিলেও লোকে রটনা করিয়াছিল যে, তিনি যুদ্ধে নিহত হইয়াছেন। এইরূপে, 'হত ইতি গল্পঃ'—একটা সিদ্ধান্ত করিয়া, মুসলমান হত্তে লক্ষণসেনের পরাজয় সাব্যস্ত করিবার প্রয়াস, বিরুদ্ধবাদী করিয়াছেন। স্বতরাং এ সিদ্ধান্ত বিচারে তিষ্ঠিতে পারে না।

তার পর, লক্ষণসেন ভূমিষ্ঠ হইবামাত্র তাঁহাকে সিংহাসনে প্রতিষ্ঠিত করিয়া, তথন হইতেই অন্ধ-গণনা আরম্ভ হইল—এতছক্তিও সমীচীন বলিয়া গ্রহণ করিলাম না। বিরুদ্ধবাদীর সিদ্ধান্তক্রমে বল্লালের মৃত্যু-রটনা হইলেও বল্লাল তথন জীবিত ছিলেন। তিনি মিথিলা জয় করিয়া রাজধানীতেও প্রত্যাবৃত্ত হইয়াছিলেন, সন্দেহ নাই। কিন্তু সে সম্বন্ধে বিরুদ্ধবাদী কোনও মন্তব্য প্রকাশ করেন নাই।

রাজধানীতে প্রত্যাবৃত্ত হইয়া বল্লাল কি করিলেন, তাহা জানিবার উপায় নাই। তিনি লীবিত থাকিতে লক্ষণসেন রাজ্যে অভিবিক্ত হইলেন, তাঁহার নামে অব্দ প্রবর্ত্তিত হইল, আর প্রত্যাবর্ত্তনে বল্লাল সেই অবস্থাই বাহাল রাখিলেন;—অসামঞ্জত্ত-বৃলক এবং অলৌকিক এই সকল যুক্তির প্রামাণ্যও কোনমতে স্বীকার করা যায় না।

তার পর 'ত্তিত্তিত্ত' পদধরের অর্থনিকাশনে, স্বমত-প্রতিষ্ঠায় বিরুদ্ধবাদী টানিয়া বুনিয়া যে একটা মধ্য-পছা অবলম্বন করিয়াছেন,—৬৯ অতীভরাজ্য বংসর বলিয়াছেন—ভাছাও গ্রহণবোগ্য নহে। বখন নির্দিষ্ট কালের সদ্ধান পাই, ভখন সে ক্ষেত্রে টানিয়া-বুনিয়া একটা মধ্য-পছা অবভারণার কোনও আবশ্রক অমুভব করি না। ওপ্ত-বংশের কাল-গণনায় বেমন অতীভাল হিসাবে গণনা-পদ্ধতি নির্ণীত হয়, এ ক্ষেত্রেও আমরা সেই পদ্ধতিরই অমুবর্জন করি;—এথানেও অতীভাল হিসাবেই কাল-গণনা সলত মদে করি।

এইরপে, আমাদের সিদ্ধান্ত হয়,—ভক্টর কিলহর্ণ সম্ভেন্তার, বাক্সের বে অর্থ নিশার

করিয়াছেন, তাছাই সমীচীন। লক্ষ্ণসেনের লোকাস্তরের পরই মুসলমানগণ কর্ত্তক নদীয়া অধিকার সম্ভব। তথন লক্ষ্ণসেন পরলোকগত। সেনবংশে শক্তিশালী নৃপতি কেহ ছিলেন না। তাই মহম্মদ বক্তিয়ার সহক্ষেই প্রতারণা-পূর্ব্বক নদীয়া অধিকার করিতে সমর্থ হইয়াছিলেন।

*

পরিপোষক বৃক্তিসমূহ।

আমাদের পূর্বোক্ত সিদ্ধান্তের পরিপোষণে অন্তান্ত যে সকল মৃক্তির অবতারণা হইতে পারে, নিমে তাহা প্রদর্শন করিতেছি।

কোনও মতে শিপির লক্ষণসেন এবং 'রায় লক্ষণসেন' (রায় শক্ষাণীয়া) স্বতন্ত্র প্রতিপন্ন হন। কিন্তু প্রস্নতত্ত্বের অনুসন্ধানে সে নত তিঠিতে পাবে না। 'রায় শক্ষণসেন' এবং শিপির শক্ষণসেন সন্ধানিশ্যতিক্রমে অভিন্ন প্রতিপন্ন হঠয়া পাকেন।

ডক্টর কিল্হর্ণের মতে, লক্ষণান্দ—১১১৯ খৃষ্টান্দের ৭ই অক্টোবর হুচনা হয়, ১১১৯-২০ খৃষ্টান্দ হইতে অক্তাণনা প্রচলিত হইয়াছিল। কিলহর্ণের এই সিদ্ধান্তও সকলেই একবাক্যে স্মর্থন করেন।

তার পর, হিজ্রি ৫৮% করে মুসলমানগা কর্তৃক দিল্লী অধিকারে পর বক্তিয়ারের প্র মহাদা, লালাণ্যেনকে নদীয়া হইতে বিতাড়িত করেন,—এ সিদ্ধান্তও সর্ববাদিধান্ত। হিজ্রি ৫৮৯ = ১১৯০ খৃষ্টান্দ। তিন্তে অভিযানের পূর্কেই বক্তিয়ার মহামদ নদীয়া অধিকার করেন, মিন্হাজ তাহা লিপিবদ্ধ করিয়াছেন। ৬০১ হিজ্রি অন্দে (১২০৪-১২০৫ খৃষ্টান্দের আগষ্ট নাদে) বক্তিয়ার তিব্বত অভিমুখে অগ্রসর হইয়াছিলেন, তারিখি গুছুই সে পরিচয় প্রাপ্ত হই।

সুতরাং মুসলমানদিগের দিল্লী অধিকার এবং বক্তিয়ার মহম্মদের তিব্বত অভিযান—
এই উভয় ঘটনার মধ্যবর্ত্তী সময়ে মহম্মদ নদীয়া অধিকার করেন, বেশ বৃঝা যায়। দিল্লীঅধিকার কাল—হিজ্ রি ৫৮৯ অফ; আর তিবেত অভিযান কাল—হিজ্ রি ৬০১ অফ।
স্কুরাং ৫৮৯ হিজ্ রি অফের পরে এবং ৬০১ হিজ্ রী অফের পূর্ব্বে বক্তিয়ারের নদীয়া বিজয়
অফুমান করা যাইতে পারে।

কিন্তু এই নদীয়া অধিকারের কাল লইয়াও মতান্তর হয়। 'তনকং' ঐতিহাসিক গ্রন্থই এ সম্বন্ধে আমাদিগের একমাত্র অবলম্বন। হিজ্বি ৬৫৮ অক = ১২৬০ খৃষ্টান্দে সিরাজির গ্রন্থ সম্পূর্ণ হয়। গ্রন্থে প্রকাশ,—হিজ্বি ৬৪১ অন্দে (১২৪৩ খুষ্টান্দের জুন হইতে ১২৪৪ খুষ্টান্দের জুন পর্যান্ত) মহম্মদের ছই জন সৈনিকের নিকট মহম্মদ কর্তৃক বিহার-বিজ্ঞারের ইতিবৃত্ত মিন্হাজ অবগত হইয়াছিলেন। ইহাতেও বুঝিতে পারি,—সিরাজি নদীয়া বিজ্ঞার সম্বন্ধে সৈনিক পুরুষদ্বারের নিকট কিছুই অবগত হন নাই। মিন্হাজ 'তারিথি' গ্রন্থে মহম্মদ কর্তৃক নদীয়া-বিজ্ঞারের যে চিত্র প্রকটন করিয়াছেন, ইতিপুর্বেই তাহা প্রদর্শন করিয়াছি। স্কতরাং তাহার পুনরাজ্লেথ নিপ্রাঞ্জন। তবে মিন্হাজ যে তারিথাদির বিষয় উল্লেখ করিয়া-ছেন, সেই সকল বিশেষ বিবেচনার বিষয়।

Raverty Tabakat-i-Nasiri, Translations, P. 552,

